হে দ্বৈপায়ন! আপনার সুখে আগমন হইয়াছে ত? আপনাকে দেখিয়া আমার পুরুষার্থ সকল চরিতার্থ হইল। আমাদিগের সকল প্রকার পুরুষার্থের সম্পাদকতার ভার আপনাতেই উপযুক্ত। কারণ, আপনি চিরকালই পরোপকারে দীক্ষিত। ২৩।

হে মুনিবর! আপনি পরোপকারে ব্রতী হইয়া

কৃতানি পদ্যদ্বয়মত্র কর্ত্তুং কো নাম শক্নোতি সুসঙ্গতার্থং ॥ ২৪ ॥ বেদার্ণবং ব্যতিযুতং ব্যধধাশ্চতুর্ধা শাখাপ্রভেদনবশাদপি তান্ বিভক্তান্। মন্দাঃ কলৌ ক্ষিতিসুরা জনিতার এতে বেদান্ গ্রহীতুমলসা ইতি চিন্তয়িত্বা ॥২৫॥ এষ্যদ্ বিজানাসি

ণ্ডাখ্যমিতি ত্রিষড়িত্যুক্তান্যষ্টাদশ পুরাণানি সাক্ষাচ্ছ্রুত্যর্থগর্ভাণ্যন্যৈঃ সুদুষ্করাণি ত্বয়া কৃতানি। তত্রাস্মিন্ লোকে সুসঙ্গতার্থং শ্লোকদ্বয়মপি কর্ত্তুং কঃ শক্নোতি বিষ০ ॥ ২৪ ॥ কিঞ্চ ব্যতিযুতং ব্যামিশ্রিতং বেদসমুদ্রং ঋগ্‌যজুঃসামাথর্ব্বলক্ষণৈশ্চতুর্ভিঃ প্রকারৈর্যুক্তং ত্বং ব্যধধাঃ কৃতবানসি। কলৌ মন্দপ্রজ্ঞা এতে ব্রাহ্মণা বেদান্ গ্রহীতুমলসা জনিতার উৎপৎস্যন্ত ইতি চিন্তয়িত্বা শাখাপ্রভেদনবশাদপি তান্ বেদান্ বিভক্তান্ ব্যধাঃ বিহিতবানসি বসন্ততিলকা ॥ ২৫ ॥ এষ্যৎ ভবিষ্যৎ বিজানাসি। তথা ভবন্তং বর্ত্তমানং গতমতীতঞ্চ সর্ব্বং জানাসি।

যে সকল কার্য্য করিয়াছেন অপরে তাহার কণামাত্র করিতেও সমর্থ নহে। আপনি ব্রাহ্ম, পাদ্ম, বৈষ্ণব, শৈব, লৈঙ্গ, গারুড়, নারদীয়, ভাগবত, আগ্নেয়, স্কান্দ, ভবিষ্য, ব্রহ্মবৈবর্ত্ত, মার্কণ্ডেয়, বামন, বারাহ, মাৎস্য, কৌর্ম্ম্য, এবং ব্রহ্মাণ্ড এই বেদার্থগর্ভ, অপরের একান্ত দুষ্কর অষ্টাদশ খানি পুরাণ করিয়াছেন। কিন্তু এই জগতে পরস্পর অর্থ সঙ্গত দুইটী শ্লোক করিতেও কেহ সক্ষম হয় না। ।২৪।

বিশেষরূপে মিশ্রিত এই বেদসমুদ্র আপনি ঋক্, যজু, সাম ও অথর্ব্ব এই চারিভাগে বিভক্ত করিয়াছেন। "এবং কলিকালে মূঢ়মতি ব্রাহ্মণগণ বেদ গ্রহণ করিতে অলস ও অক্ষম হইয়া উৎপন্ন হইবে" এইরূপ চিন্তা করিয়া আপনি শাখাভেদপূর্ব্বক পুনরায় ঐ সকল বেদ বিভক্ত করিয়াছেন। ২৫।

ভবন্তমর্থং গতঞ্চ সর্ব্বং ন ন বেৎসি যত্তৎ। নো-চেৎ কথং ভূতভবন্তবিষ্যৎকথাপ্রবন্ধান্ রচয়েরজানন্ ॥২৬॥ আভাসযন্নন্তরমঙ্গমাঙ্কাং স্থূলঞ্চ সূক্ষ্মং বহিরন্তরঞ্চ। অপানুদন্ ভারতশীতরশ্মি রভূদপূর্ব্বো ভগবৎপয়োধেঃ ॥২৭॥ বেদাঃ ষড়ঙ্গং নিখিলঞ্চ শাস্ত্রং মহান্ মহাভারতবারিরাশিঃ। ত্বত্তঃ পুরাণানি চ সম্বভূবুঃ সর্ব্বং ত্বদীয়ং খলু বাঙ্ময়াখ্যং ॥২৮॥ দ্বীপে কচিৎ সমুদয়ন্ তমেব ধাম শাখাসহস্রসচিবং শুকসেব্যমানঃ। উল্লাসয়ত্যহহ যস্তিলকো মুনীনামুচ্চৈঃফলানি সুদৃশাং নিজপাদভাজাম্ ॥২৯॥ ধৎসে

যত্ত্বং ন বেৎসি ন জানাসি তন্নাস্তোব। নো চেৎ যদি নৈবজানাসি তর্হ্যজানম্ ভূতভবদ্ভবিষ্যৎকথাপ্রবন্ধান্ কথং রচয়েঃ কথং রচিতবানসি আখ্যানকীবৃত্তম্ ॥ ২৬ ॥ অন্তরমঙ্গং সর্ব্বান্তরমাত্মানমষ্টমূর্ত্তিশিবাবয়বং তচ্ছরীরং বা ভাসয়ন্ স্থূলং কার্য্যং সূক্ষ্মং কারণং বহি র্জগন্মিথ্যাত্মাজ্ঞানমন্তরং প্রত্যগভিন্নপরমাত্মাজ্ঞানমাঙ্কাং তমোহপানুদন্ ভারতলক্ষণোহপূর্ব্বশ্চন্দ্রো ভগবৎপয়োধেস্তত্তঃ ক্ষীরসমুদ্রাদভূৎ। প্রসিদ্ধচন্দ্রস্ত বাহ্যং শিবশরীরং-তচ্ছিরোলক্ষণাবয়বং বা প্রকাশয়ন্ স্থূলং বাহ্যং তমো নাশযতি যদ্বা বহিঃ স্থূলং কার্য্যরূপমন্তরং সূক্ষ্মং কারণরূপং। অথবা স্থূলমর্থাজ্ঞানং সূক্ষ্মং ধর্ম্মাজ্ঞানং বহিঃ কামাজ্ঞানমন্তরং মোক্ষাজ্ঞানমিত্যর্থঃ উং ॥ ২৭ ॥ ২৮ ॥ দ্বৈপায়ননিরুক্তিং বৃক্ষরূপকেণাহ। তমেব ধাম সত্যস্বপ্রকাশরূপং পরব্রহ্মৈব কচিদ্দ্বীপে সমুদয়ন্ বেদশাখানাং সহস্রং সচিবো যস্ত। শুকেন সেব্যমানঃ কল্পবৃক্ষরূপী যো মুনীনাং তিলকঃ সুদৃষ্টীনাং স্বীয়চরণভাজামুচ্চৈঃফলানি উৎকৃষ্টানি মোক্ষাদিরূপাণি ফলান্যুল্লাসয়তি। অহহেত্যত্যাশ্চর্য্যেতি প্রসিদ্ধৌ বা সত্যং তদ্ তংধামৈবেতি

আপনি ভূত, ভবিষ্যৎ এবং বর্ত্তমান এই সমুদয়ই অবগত আছেন। আপনি যাহা অবগত নহেন তাহা জগতে কিছুই নাই। আপনি যদি না জানিবেন, তবে কিরূপে এইরূপ ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান কথার প্রবন্ধ সকল রচনা করিলেন। ২৬।

সকলের অন্তরাত্মা, অষ্টমূর্ত্তিধারী শিবের অঙ্গ প্রত্যঙ্গ প্রদীপ্ত করিয়া স্থূল (কার্য্য) সূক্ষ্ম (কারণ) বাহ্য জগৎ মিথ্যা বা নয়নন্তর,জগৎ (প্রত্যেক পদার্থ স্থিত পরমাত্মাকে না জানা) তম (অজ্ঞান) এই সমস্ত অপনোদন করিয়া ক্ষীরসমুদ্রের তুল্য আপনার দেহ হইতে মহাভারতরূপ সুধাংশু উৎপন্ন হইয়াছে। কিন্তু জগতের প্রসিদ্ধ চন্দ্রমা বাহ্য শিবশরীর ও তাঁহার মস্তক প্রকাশিত করিয়া কেবল স্থূল ও বাহ্য তমোনাশ করিয়া থাকে মাত্র। ২৭।

বেদ সকল, শিক্ষাকল্পাদি বেদাঙ্গ সকল, অন্যান্য অখিল শাস্ত্র সকল এবং মহাভারতরূপ মহৎ সমুদ্র, এবং ব্রহ্মপুরাণ, শিবপুরাণ প্রভৃতি অষ্টাদশ পুরাণ সকল এই সমস্তই আপনা হইতে প্রাদুর্ভূত হইয়াছে। এক্ষণে ইহা দ্বারা এইরূপ নিশ্চয় করা হইয়াছে যে, এই জগতে সমস্তই আপনার বাক্যমাত্র বিদ্যমান। ২৮।

আহা! ইহা সামান্য আশ্চর্য্যের বিষয় নহে। যেরূপ কোন এক দ্বীপজাত বিবিধ শাখাপল্লবশোভিত,শুকপক্ষি-সেবিত বৃক্ষ,মূলদেশাগত লোকদিগকে ফলদানে উল্লাসিত করিয়া থাকে, সেইরূপ কোন এক দ্বীপে সত্য ও স্বপ্রকাশ পরব্রহ্ম প্রকাশিত করাতে আপনিও দ্বৈপায়ন। এবং সহস্র সহস্র বেদশাখা আপনার অমাত্য, ও স্বীয় পুত্র শুকদেব সর্ব্বদা সেই বৃক্ষকে (আপনাকে) সেবা করিয়া

সদার্ত্তিশমনায় হৃদা গিরীশং গোপায়সেঽধিবদনঞ্চ চিরন্তনী র্গাঃ। দূরীকরোষি নরকঞ্চ দয়ার্দ্রদৃষ্ট্যা কস্তে গুণান্ গদিতুমদ্ভুতকৃষ্ণ শক্তঃ ॥৩০॥ যমামনন্তি শ্রুতয়ঃ পদার্থং ন সন্ন বা সন্ন বহির্ন চান্তঃ। স সচ্চিদানন্দ ঘনঃ পরাত্মা নারায়ণস্ত্বং পুরুষঃ পুরাণঃ ॥ ॥ ৩১ ॥ ইতি স্তুতস্তেন যথাবিধানমাসেদিবান্ বিষ্ট-

বা ইত্র্য॰ ॥ ২৯ ॥ হে অদ্ভুতকৃষ্ণ! তে গুণান্ বক্তুং কঃ শক্তো ন কোঽপি সমর্থঃ। অদ্ভুতত্বমাহ সর্ব্বেষামার্ত্তিশমনায় গিরীশং মহাদেবং সদৈব হৃদা ধৎসে স তু গোপাদীনামেবার্ত্তিশান্তয়ে গোবর্দ্ধনসংজ্ঞং পর্ব্বতং সপ্তদিনং হস্তেন ধৃতবান্। পুনশ্চ চিরন্তনী র্গাঃ শ্রুতীরধিবদনং মুখে পালয়সি। স তু প্রসিদ্ধাঃ নবীনা গা বনে পালিতবান্ পুনশ্চ দয়ার্দ্র দৃষ্ট্যৈব নরকং দূরীকরোষি। স তু যুদ্ধে নরকাসুরং দূরীকৃতবান্। অতস্ত্বমদ্ভুতকৃষ্ণস্ত্বমিত্যর্থঃ ॥ ৩০ ॥ কিং বহুনা সর্ব্বশ্রুতিপ্রতিপাদ্যঃ পরমাত্মা ত্বমেবেত্যাহ। যমিতি। নাসদসীন্নো সদাসীৎ। অনন্তরমবাহ্যং সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্ম বিজ্ঞানমানন্দং ব্রহ্ম প্রজ্ঞানঘন ইত্যাদি শ্রুতয়ো যং তত্ত্বংপদয়ো র্লক্ষ্যার্থমামনন্তি স কারণাদিবিলক্ষণঃ সচ্চিদানন্দঘনঃ পুরাণঃ পুরুষঃ পরমাত্মা নারায়ণস্ত্বমেব। নরশব্দেন স্থাবরজঙ্গমাত্মকং শরীরজাতমুচ্যতে তত্র নিত্যসন্নিহিতাশ্চিদাভাসা জীবা নরা ইতি নিরুচ্য তেষাময়নমাশ্রয়োঽধিষ্ঠানং নারায়ণঃ পূর্ণত্বাৎ পুরুষোঽভিব্রহ্ম্যাদিবিকারশূন্যত্বেন নির্ব্বিকারত্বাৎ পুরাণঃ। যদ্বা যং তত্ত্বংপদয়ো র্বাচ্যার্থং লক্ষ্যার্থঞ্চামনন্তীত্যর্থঃ। তত্র পরমাত্মেত্যন্তং লক্ষ্যার্থপ্রতিপাদনং নারায়ণঃ সর্ব্বান্তর্যামী তৎপদবাচ্যার্থঃ। পুরি শয়নাৎ পুরুষস্ত্বংপদবাচ্যঃ পুরাণত্বমনাদিত্বমুভয়ো র্বিশেষণং উ॰ ॥ ৩১ ॥ ইত্যেবং প্রকা-

থাকেন। অপিচ যাহাদিগের জ্ঞান চক্ষু উন্মীলিত, যাঁহারা আপনার চরণতলে আশ্রয় গ্রহণ করিয়াছে, তাহাদিগকে আপনি উৎকৃষ্ট মোক্ষাদিরূপ ফলদানে উল্লাসিত করিয়া থাকেন। ২৯।

হে অদ্ভুতকৃষ্ণ! আপনার গুণ সকল প্রকাশ করিতে কেহই সক্ষম নহে। অদ্ভুতের কার্য্য এই— আপনি সকলের মানসিক পীড়া দমন করিবার নিমিত্ত সর্ব্বদাই হৃদয়দ্বারা (গিরীশ) মহাদেবকে ধারণ করিয়া রহিয়াছেন, দেবকীপুত্র শ্রীকৃষ্ণ কেবল গোপীদিগের দুঃখ নিবারণের জন্য সাতদিন (গিরীশ) গোবর্দ্ধন পর্ব্বত ধারণ করিয়াছিলেন। আপনি পুরাতন গো (বাক্য অর্থাৎ বেদ সকল) মুখে পালন করিতেছেন, শ্রীকৃষ্ণ নব্য গাভি সকল বনে পালন করিতেন মাত্র। আপনি দয়ার্দ্র চক্ষে দর্শন করিবামাত্র নরক যাতনা দূর করিয়া দেন, কিন্তু কৃষ্ণ ঘোর যুদ্ধ করিয়া নরকাসুরকে দূর করিয়া দিয়া ছিলেন। অতএব এই সমস্ত কারণে ও লক্ষণে আপনি কৃষ্ণদ্বৈপায়ন হইয়াও কৃষ্ণ অপেক্ষা অদ্ভুত কার্য্য সকল সম্পন্ন করিয়া থাকেন। ৩০।

অধিক আর কি বলিব, আপনিই সকল শ্রুতির প্রতিপাদ্য ও একমাত্র পরমাত্মা। "নাসদাসীৎ নো সদাসীৎ অনন্তরমবাহ্যং সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্ম বিজ্ঞানমানন্দং ব্রহ্ম প্রজ্ঞানঘনঃ" ইত্যাদি শ্রুতি সকল যাঁহাকে তৎ ও ত্বং পদার্থের লক্ষ্যার্থ বলিয়া নির্দ্দেশ করিয়া থাকেন, সেই কার্য্যকারণ হইতে অতিরিক্ত, সৎ, চিৎ ও আনন্দঘন, পুরাতন পুরুষ, পরমাত্মা এবং আপনিই সেই নারায়ণ। এইস্থলে স্থাবর জঙ্গমাত্মক সমস্ত শরীর নরশব্দ দ্বারা উক্ত হইয়াছে। ঐ শরীরে নিত্য সন্নিহিত চিৎপদার্থের

রমাত্মনিষ্ঠঃ। দ্বৈপায়নঃ প্রশ্রয়নম্রপূর্ব্বকায়ং যতী-শানমিদং বভাষে॥৩২॥ ত্বমস্মদাদেঃ পদবীং গতোঽভূরখণ্ডপাণ্ডিত্যমবোধয়ং তে শুকার্ভবৎ প্রীতিকরোঽসি বিদ্বন্ পুরেব শিষ্যৈঃ সহ মা ভ্রমীস্ত্বম্॥ ৩৩॥ কৃতং ত্বয়া ভাষ্যমিতীন্দুমৌলেঃ সভাঙ্কনেঃসিদ্ধমুখান্নিশম্য হৃদা প্রহৃষ্টেন দিদৃক্ষয়া তে দৃগধ্বনীনঃ প্রশমিন্নভূবম্॥ ৩৪॥ ইত্থং মুনীন্দুবচনশ্রবণোত্থহর্ষং রোমাঞ্চপূরমিষতো বহিরুৎপ্লবন্তম্। বিভ্রন্ত-

রেণ তেন শ্রীশঙ্করেণ স্তুতঃ আত্মনিষ্ঠো দ্বৈপায়নো বেদব্যাসো যথাবিধানমাসন আসেদিবান্ উপবিষ্টবান্। বিভাষায়াং সদস্বস্রুব ইতি কসুঃ। প্রশ্রয়েণ নম্রঃ পূর্ব্বকার্য্যোঽগ্রভাগো যস্য তং যতী-শমিদং বক্ষ্যমাণমুবাচ॥৩২॥ যদুবাচ তদাহ অস্মদাদেঃ পদবীং ত্বং গতোঽভূঃ পূর্ব্বমেব প্রাপ্তঃ। তেঽখণ্ডপাণ্ডিত্যমবোধমং জ্ঞাতবানস্মি। স্বপুত্রবৎ প্রীতিকরোঽসি যতো বিদ্বন্ তস্মাদক্কং বা দায়াগত ইতি শিষ্যৈঃ সহ ত্বং পূর্ব্বং যথা ভ্রমং প্রাপ্তস্তথা মাভ্রমীঃ ভ্রমং মা গাঃ উ০॥৩৩॥ ত্বয়া ভাষ্যংকৃতমিতি শিবস্য সবন্ধী সভাঙ্কনেসংজ্ঞঃ সিদ্ধস্তস্য মুখাচ্ছ্রুত্বা প্রহৃষ্টেন হৃদা তব দর্শনেচ্ছয়া হে প্রশমিন্ তে নেত্রপথচরোঽহং জাতোঽস্মি॥ ৩৪॥ এবম্ভূতস্য মুনীন্দ্রস্য বেদব্যাস্য বচনস্য শ্রবণাদুত্থিতরোমাঞ্চপূরব্যা-

আভাসস্বরূপ জীবের অয়ন, আশ্রয় অর্থাৎ অধিষ্ঠানকে নারায়ণ কহে। আপনি পূর্ণ বলিয়া পুরুষ, বৃদ্ধিক্ষয় ইত্যাদি শারীরিক যাবতীয় বিকারশূন্য বলিয়া নির্ব্বিকার বা পুরাণ। অথবা যাঁহাকে তৎ পদার্থ ও ত্বং পদার্থের বাচ্যার্থ ও লক্ষ্যার্থ বলিয়া নির্দেশ করিয়া থাকেন, তন্মধ্যে সেই পরমাত্মাই লক্ষ্যার্থের প্রতিপাদ্য অর্থাৎ সর্ব্বান্তর্যামী নারায়ণ তৎপদার্থের বাচ্যার্থ। পুরি অর্থাৎ শরীরে যিনি শয়ন করেন তাঁহার নাম পুরুষ, তিনিই এইস্থানে ত্বংপদার্থের বাচ্যার্থ। ৩১।

এই প্রকার শঙ্করাচার্য্য কর্ত্তৃক স্তুত হইয়া আত্মনিষ্ঠ দ্বৈপায়ন বেদব্যাস যথাবিধানে আসনে উপবেশন করিলেন এবং বিনয়াবনত যতীশ্বরকে বলিতে লাগিলেন। ৩২।

তুমি আমাদের পথ প্রাপ্ত হইয়াছ, এবং তোমার অখণ্ডিত পাণ্ডিত্য আমি জানিতে পারিয়াছি। তুমি আমার পুত্র শুকের তুল্য প্রীতিজনক হইয়াছ। হে বিজ্ঞ! "এই ব্যক্তি আমার সহিত বিবাদ করিবার নিমিত্ত এস্থানে আগমন করিয়াছে" তুমি পূর্ব্বে যেরূপ শিষ্যগণ সমভিব্যাহারে এইরূপ ভ্রমে পতিত হইয়াছিলে, সেই ভ্রমে আর কদাচ পতিত হইওনা। ৩৩।

"তুমি ভাষ্য নির্ম্মাণ করিয়াছ" ইহা আমি শিবের পারিষদ সভাঙ্কনেনামক এক ব্যক্তি সিদ্ধপুরুষের মুখে শ্রবণ করিয়া প্রমোদিত মানসে তোমাকে দর্শন করিতে ইচ্ছা করিয়া হে শমগুণাবলম্বিন্! তোমার নেত্রপথে পতিত হইয়াছি। ৩৪।

এইরূপে মুনিবর বেদব্যাসের বচন শ্রবণে রোমাঞ্চচ্ছলে যেন লম্ফন দিয়া হৃদয় হইতে বহিরাগত হর্ষ ধারণ করিয়া শুকাচার্য্যের মতরূপ সাগর বৃদ্ধি করিতে পূর্ণচন্দ্রের তুল্য শ্রীশঙ্করাচার্য্য, তৎকালে

মভ্রকচিমাখাদদভ্রশক্তিং শ্রীশঙ্করঃ শুকমতার্ণব-পূর্ণচন্দ্রঃ ॥ ৩৫ ॥ সুমন্তুপৈলপ্রথমা মুনীন্দ্রা মহানুভাবা ননু যস্য শিষ্যাঃ। তৃণাল্লঘীয়ানপি তত্র কোঽহং তথাপি কারুণ্যমদর্শি দীনে ॥৩৬॥ সোঽহং সমস্তার্থ বিবেচকস্য কৃত্বা ভবৎসূত্রসহস্ররশ্মেঃ। ভাষ্যপ্রদীপেণ মহর্ষিমান্য! নীরাজনং ধৃষ্টতয়া ন

প্রেম বহিরুৎপ্লুতা গচ্ছন্তং হর্ষং ধারয়ন্ শুকাচার্যমতলক্ষণসমুদ্রপ্রবর্দ্ধনে পূর্ণচন্দ্রঃ শ্রীশঙ্করো নবমেঘকান্তিমনল্পশক্তিং তং শ্রীব্যাসমাখ্যাৎ প্রোক্তবান্ ব০ ॥৩৫॥ তদ্বাক্যমুদাহরতি ত্রিভিঃ। সুমন্তুপৈলবৈশম্পায়নাদ্যা মুনীন্দ্রা মহানুভাবঃ প্রভাবো যেষাং তে। ননু যস্য তে শিষ্যাস্তস্মিং ত্বয়ি তৃণাদপ্যতিশয়েন লঘুভূতোঽহং কঃ যদ্যপ্যেবং তথাপি দীনে ময়ি কারুণ্যং দর্শিতবানসি উপে০ ॥ ৩৬ ॥ সোঽহং লঘীয়ানপি তব কারুণ্যপাত্রত্বাৎ গতঃ সর্বেষামুপনিষদ্গতানামর্থানাং বিবেচকস্যায়মত্রা-

নবমেঘকান্তি ও অনল্প শক্তি সম্পন্ন শ্রীবেদব্যাসকে বলিতে লাগিলেন। ৩৫।

সুমন্তু, পৈল ও বৈশম্পায়ন প্রভৃতি মহানুভাব মুনিগণ আপনার শিষ্য তাহাদের সহিত তুলনা করিলে আপনার পক্ষে তৃণ অপেক্ষাও লঘুচেতা এই শঙ্কর অতি সামান্য মাত্র। তথাপি দীন ও অভাজন এই শঙ্করের উপর আপনি করুণা প্রদর্শন করিয়াছেন। ৩৬।

কারণ, আমি তৃণ অপেক্ষা লঘু হইয়াও আপনার অনুকম্পার পাত্র হইয়াছি। সমস্ত উপনিষদের মধ্যস্থিত অর্থ সমূহের "এই অর্থ এই স্থানে অভিপ্রেত, এই অর্থ অভিপ্রেত নহে" এইরূপে বিবেচনা পূর্ব্বক পথ প্রদর্শক, ভবদীয় সূত্ররূপ সূর্য্যদেবের আমার ভাষ্যরূপ প্রদীপদ্বারা আরাত্রিক (আরতি)

লজ্জে ॥ ৩৭ ॥ অকারি যৎ সাহসমাত্মবুদ্ধ্যা ভবৎপ্রশিষ্যব্যপদেশভাজা। বিচার্য্য তৎ সূক্তিচুরুক্তিজাল মর্হঃ সমীকর্ত্তুমিদং কৃপালুঃ ॥ ৩৮ ॥ ইত্থং নিগদ্যোপরতস্য হস্তে হস্তদ্বয়েনাদরতঃ স ভাষ্যং।

ভিপ্রেতোঽয়ং নেতি বিবিচ্য প্রদর্শকস্য ভবদীয়সূত্রলক্ষণস্য সহস্রকিরণস্য সূর্য্যস্য ভাষ্যলক্ষণেন প্রদীপেন নীরাজনমারার্ত্তিকং কৃত্বা হে মহর্ষি! মান্য ধার্ষ্ট্যেন ন লজ্জে ইন্দ্র০ ॥৩৭॥ যদ্যপ্যেবং তথা সবিতা স্বীকরোতি তথা ভবৎ সূত্রেণ স্বীকৃতত্বাম্মৎকৃতং ভাষ্যং ত্বং শোধয়িতুমর্হসীত্যাশয়েনাহ। ভবৎপ্রশিষ্যব্যপদেশপাত্রেণ ময়া যৎ সাহসং স্ববুদ্ধ্যা কৃতং তদ্বিচার্য্য সূক্তিজালমিদং সমং কর্ত্তুং কৃপালুস্ত্বং যোগ্যোঽসি উ০ ॥ ৩৮ ॥ ইত্থমুক্তোপরতস্য শ্রীশঙ্করস্য হস্তাৎ স বেদব্যাস আদরেণ হস্তদ্বয়েন ভাষ্যমাদাসৌ ব্যাসঃ প্রদাদগাম্ভীর্য্যগুণৈ রভি রামং

করিয়া হে মহর্ষি জনের মাননীয়! ধৃষ্টতাবশতঃ এখন আমি লজ্জিত হই নাই। ৩৭।

যেরূপ ভক্তিযোগে সূর্য্যের উদ্দেশে নীরাজনা (আরতি) করিলে সূর্য্যদেব তাহা গ্রহণ করিয়া থাকেন, সেইরূপ আপনার সূত্র যখন স্বীকার করিয়া লইয়াছি তখন, আপনি মৎকৃত ভাষ্য শোধন করিবার উপযুক্ত পাত্র। আপনার প্রশিষ্য ছলে আমি নিজ বুদ্ধি অনুসারে যাহা সাহস করিয়াছি, আপনি দয়ালু সুতরাং আপনি বিচার করিয়া সেই সমস্ত ভাষ্য বচন সমান করিয়া দিলে আমি কৃতার্থ হই। ৩৮।

এই কথা বলিয়া শঙ্করাচার্য্য মৌনাবলম্বন করিলে বেদব্যাস শঙ্করের হস্ত হইতে আদরপূর্ব্বক দুই হস্ত দিয়া ভাষ্য গ্রহণ করিয়া লইলেন। এবং

আদায় সর্ব্বত্র নিরৈক্ষতাসৌ প্রসাদগাম্ভীর্য্যগুণাভিরামং ॥ ৩৯ ॥ সূত্রানুকারিমৃদুবাক্যনিবেদিতার্থং স্বীয়ৈঃ পদৈঃ সহ নিরাকৃতপূর্ব্বপক্ষম্। সিদ্ধান্তযুক্তবিনিবেশিততৎস্বরূপং দৃষ্ট্বাভিনন্দ্য পরিতোষবশাদবোচৎ ॥ ৪০ ॥ ন সাহসং তাত! ভবানকার্ষীদ্ যৎ সূত্রভাষ্যং গুরুণা বিনীতঃ। বিচার্য্যতাং সূক্তদুরুক্তমত্রেত্যেতন্মহৎ সাহসমিত্যবৈমি ॥ ॥ ৪১ ॥ মীমাংসকানামপি মুখ্যভূতো বেথাখিলব্যাকরণানি বিদ্বন্! । বিনিঃসরেত্তে বদনাদ যতীন্দ্রো গোবিন্দশিষ্যস্য কথং দুরুক্তং ॥ ৪২॥ ন প্রাকৃতস্ত্বং সকলার্থদর্শী মহানুভাবঃ পুরুষোঽসি কশ্চিৎ। যো ব্রহ্মচর্য্যাদ্ বিষয়ান্নিবার্য্য পর্য্যব্রজঃ সূর্য্য ইবান্ধকারান্ ॥ ৪৩ ॥ বহ্বর্থগর্ভাণি লঘূণি যানি নিগূঢ়-

সর্ব্বত্র সম্যক্ বিচারপূর্ব্বকং দৃষ্টবান্ ॥ ৩৯ ॥ পুনস্তদ্বিশিনষ্টি সূত্রানুসারিভির্মৃদুবাক্যৈ নির্বেদিতোঽর্থো যেন স্বীয়ৈঃ পদৈঃ নিরাকৃতাঃ পূর্ব্বপক্ষা যেন সিদ্ধান্তযুক্তিভির্ব্বিনিবেশিতং তস্য সিদ্ধান্তস্য স্বরূপং যত্র তথাভূতং ভাষ্যং স দেবব্যাসো দৃষ্ট্বাঽভিনন্দ্য পরিতোষবশাদবোচদুক্তবান্ ৷৪০॥ ৪০॥ গুরুণা বিনীতো ভবান্ যৎ সূত্রভাষ্যমকৃত তৎ সাহসং ন কৃতবান্। সূক্তদুরুক্তমত্র বিচার্য্যতামিত্যেতন্মহৎ সাহসমিত্যবৈমি জানামি বিপ০ ॥৪১॥ তত্র হেতুমাহ মীমাংসকানামপীতি বেথ জানাসি উ০ ॥ ৪২ ॥ কিঞ্চ ন প্রাকৃতস্ত্বং কিন্তু সর্ব্বার্থদর্শী কশ্চিন্মহানুভাবঃ পুরুষোঽসি তত্র হেতুমাহ য ইতি। পর্য্যব্রজঃ সংন্যাসং কৃতবান্ অনায়াসেন বিষয়নিবারণে দৃষ্টান্তো যথা সূর্য্যোঽন্ধকারান্নিবার্য্য গচ্ছতি তদ্বৎ ॥ ৪৩ ॥ মৎসূত্রভাষ্যকরণাদপি ত্বং

প্রসাদ ও গাম্ভীর্য্য গুণযুক্ত ও রমণীয় ভাষ্যের সম্যক্ রূপে বিচার করিয়া সমালোচন করিতে লাগিলেন। ৩৯।

সূত্রানুযায়ী মৃদুমধুর বচনদ্বারা যাহার অর্থ সকল প্রকাশিত হইয়া রহিয়াছে; যে ভাষ্য স্বকীয় পদদ্বারা পূর্ব্ব পক্ষ সকল নিরাকরণ করিয়াছে; যে ভাষ্য সিদ্ধান্ত যুক্তিদ্বারা সিদ্ধান্তের প্রকৃত স্বরূপ সন্নিবেশিত করিয়াছে, বেদব্যাস সেই ভাষ্য দেখিয়া তাঁহাকে অভিনন্দন করিয়া পরিতুষ্ট হইলেন এবং বলিতে লাগিলেন। ৪০।

তুমি উৎকৃষ্ট গুরুর নিকটে শিক্ষিত হইয়া যে সূত্রের ভাষ্য নির্ম্মাণ করিয়াছ তাহাতে তুমি সাহস প্রকাশ কর নাই। "ভাষ্যের সূক্ত অর্থাৎ সুবচনের দুরুক্ত অর্থাৎ কষ্টকর কঠিন বাক্য সকল বিচার কর" ইহাই যে তোমার মহৎ সাহস, তাহা জানিতে পারিয়াছি। ৪১।

জগতে যত প্রকার মীমাংসক আছে তন্মধ্যে তুমি সকলের প্রধান। অতএব হে বিজ্ঞ! তুমি সকল ব্যাখ্যাই জানিতে পারিয়াছ। অধিক কি গোবিন্দনাথের শিষ্যমুখ হইতে যাহা বিনিঃসৃত হয় তাহা কি করিয়া দুরুক্ত অর্থাৎ ভাষ্যের বিপরীত অর্থ প্রকাশ করিয়া দুর্ব্বাক্য হইবে। ৪২।

তুমি কখনই হরি কিম্বা গোপালের তুল্য প্রাকৃত মনুষ্য নও। কিন্তু তুমি যে সর্ব্বার্থদর্শী কোন এক মহানুভাব পুরুষ তাহাতে সংশয় নাই। দিবাকর যেরূপ অন্ধকার দলন করিয়া ভ্রমণ করিয়া

ভাবানি চ মৎকৃতানি। তান্যেব নিপুণং বিরহয্য নাস্তি যস্তানি সম্যগ্ বিবরীতুমীষ্টে ॥ ৪৪ ॥ নিসর্গদুর্জ্ঞা-নতমানি কো বা সূত্রাণ্যলং বেদিতুমর্থতঃ সন্। ক্লেশস্তু তাবান্ বিবরীতুরেষাং যাবান্ প্রণেতু র্বিবুধ বদন্তি ॥ ৪৫ ॥ ভাবং মদীয়মববুদ্ধ্য যথাবদেবং

প্রাকৃতো ন ভবসীত্যাশয়েনাহ। বহবোঽর্থা গর্ভে যেষাং নিগূঢ়ো ভাবো যেষাং পুনশ্চ লঘূনি মৎকৃতানি যানি সূত্রাণি তানি ত্বাং বিহায় এবংপ্রকারেণ সম্যক্ যো বিবরীতুং বিবরণং কর্ত্তুং সমর্থঃ নাস্তি ॥ ৪৪ ॥ কিঞ্চ সূত্রকৃৎপরিশ্রমতুল্য এবৈষাং ব্যাখ্যাতুঃ পরিশ্রম ইতি দেবাঃ পণ্ডিতাশ্চ বদন্তীত্যাহ। নিসর্গাৎ স্বভাবাদেবাতিশয়েন দুর্জ্ঞানানি সূত্রাণি যথাভূতার্থতো জ্ঞাতুং কো বাঽলং ন কোঽপি সমর্থঃ। হে সন্ বক্ত এষাং সূত্রাণাং প্রণেতু র্যাবান্ ক্লেশস্তাবানেবৈষাং বিবরণকর্ত্তুঃ ক্লেশ ইতি বিশেষজ্ঞা দেবাশ্চ বদন্তি ॥ ৪৫ ॥ এবং যথা ত্বয়া

থাকে, সেইরূপ তুমি অনায়াসে বিষয় সকল পরি-ত্যাগ করিয়া ব্রহ্মচর্য্য বশতঃ সন্ন্যাস ধর্ম্ম অবলম্বন করিয়াছ। ৪৩।

তুমি আমার সূত্রভাষ্য করিয়াছ বলিয়া যে অসা-ধারণ হইয়াছ তাহা নহে। কারণ—যাহার গর্ভে বহু অর্থ বিদ্যমান; যাহাদের ভাব সকল নিগূঢ় এবং লঘু, ঈদৃশ মৎকৃত সূত্র সকলের তুমি ব্যতীত এইরূপ ভাষ্য করিতে সমর্থ হয় এরূপ লোক আর কেহই বিদ্যমান নাই। ৪৪।

আমার রচিত সূত্র সকল স্বভাবতই অত্যন্ত দুর্জ্ঞেয়। সুতরাং যথার্থরূপে সেই সকল সূত্রের তাৎপর্য্য জানিতে কেহই সমর্থ নহে। হে পণ্ডিত-বর! গ্রন্থকারের এই সমস্ত সূত্র নির্ম্মাণ করিতে যে

ভাষ্যং প্রণেতুমনলং ভগবানপীশঃ। সাংখ্যাদিনা-মথয়িতুং শ্রুতিমূর্দ্ধবর্ত্মোদ্ধর্তুং কথং পরশিবাংশ-মৃতে প্রভুঃ স্যাৎ ॥ ৪৬ ॥ রোষানুষঙ্গকলয়াপি সুদূরমুক্তো ধ্বংসেঽধিমানসমহো সকলাঃ কলাশ্চ।

মদীয়ো ভাবো বুদ্ধস্তথা তং যথাবদবিজ্ঞায় ঐশ্বর্য্যযুক্তোঽপি কর্ত্তুমকর্ত্তুমন্যথা কর্ত্তুং সমর্থোঽপি কশ্চিদ্ভাষ্যং প্রণেতুমলং সমর্থো ন ভবতি যথাবদেবং ভাষ্যমিতি বা। যত্ত এবমতঃ পর-শিবাংশং বিনা সাংখ্যাদিনা বিপরীতভাবং প্রাপিতং বেদান্তমা-র্গমুদ্ধর্ত্তুং কথং প্রভুঃ সমর্থঃ স্যাদিত্যর্থঃ। বস° ॥৪৬॥ যত্তু ধ্বংস ইত্যাদ্যুক্তং তত্রাহ অদ্ভুতশঙ্করস্ত্বং বর্ণয়িতুং ন শক্যোঽদ্ভুতত্বং দর্শয়তি। রোষস্য সম্বন্ধক্লেশেনাপি রহিতঃ স তু রোষানুষ-ঙ্গেণ মুক্তো ন ভবতি। এবম্ভূতোঽপ্যধিমানসং মনসি সকলা অপি কলা ধ্বংসে স তু শিরস্যেকামেব শশিকলাং বিভর্ত্তি। পুনশ্চ

পরিমাণে ক্লেশ হইয়াছে, এই সমস্ত সূত্রের বিবরণ কর্ত্তা অর্থাৎ ভাষ্যকারেরও যে সেই পরিমাণে পরি শ্রম হইয়াছে, ইহা দেবতা ও পণ্ডিতেরা বলিয়া থাকেন। ৪৫।

যেরূপে তুমি আমার আশয় জানিতে পারিয়া এইরূপ ভাষ্য নির্ম্মাণ করিয়াছ, তদ্রূপ ভগবান্ ঈশ্বরও যথার্থ রূপে আমার ভাব না জানিয়া ভাষ্য করিতে পারিতেন কিনা সন্দেহ। সাংখ্যাদি দর্শন শাস্ত্র দ্বারা বৈপরীত্য প্রাপ্ত বেদান্ত শাস্ত্রের উদ্ধার করিতে পরম শিবের অংশ ব্যতীত আর কেহই সক্ষম নহে। ৪৬।

"তুমি যে পূর্ব্বে আমাকে বলিয়াছ" হৃদয়দ্বারা মহাদেবকে ধারণ করিয়া রহিয়াছ তাহার উত্তর এই—সকলে সেই শঙ্করের বর্ণনা করিতে পারে কিন্তু অদ্ভুত শঙ্করের (তোমার) বর্ণনা করিতে কিছুতেই পারা যায় না। কারণ (তোমাতে) রোষের

সর্ব্বাত্মনা গিরিজয়োপহিতস্বরূপঃ শক্যো ন বর্ণয়িতুমদ্ভুতশঙ্করস্তং ॥ ৪৭ ॥ ব্যাখ্যাত্‌হ্যসংখ্যৈঃ কবিভিঃ পুরৈতদ্ ব্যাখ্যাস্যতে কৈশ্চিদিতঃ পরঞ্চ। ভবানিবাস্মদ্ধৃদয়ং কিমেতে সর্ব্বজ্ঞ! বিজ্ঞাতুমলং

সর্ব্বাত্মনা সর্ব্বাত্মভাবেন গিরিজয়া বেদান্তবাচি জাতয়া ব্রহ্মবিদ্যালক্ষণয়া পার্ব্বত্যা যুক্তং স্বরূপং যস্য। স তুর্দ্ধশরীরেণ পার্ব্বত্যা যুক্তস্বরূপ ইত্যর্থঃ ॥ ৪৭ ॥ যদুক্তং লজ্জাসম্পাদকং কর্ম্ম কৃত্বাপি ধৃষ্টতয়া অহং ন লজ্জে ইতি তত্রাহ পূর্ব্বমেতস্মদীয়ং সূত্রজাতমসংখ্যাতৈঃ কবিভি র্ব্যাখ্যাতং ইতঃ পরঞ্চ কৈশ্চিৎ কবিভিরেতদ্ ব্যাখ্যাস্যতে পরন্তু ভবানিব নিগূঢ়মস্মদভিপ্রায়ং বিজ্ঞাতুং কিমেতে ব্যাখ্যাতারোঽলং সমর্থা নৈব শক্তাঃ সর্ব্বজ্ঞস্য

সম্বন্ধ মাত্র দেখা যায় না। কিন্তু যথার্থ শঙ্কর কোপ ত্যাগ পর্য্যন্ত করিতে পারেন নাই। তথাপি তুমি একমাত্র মনে সকল কলা (শাস্ত্র) ধারণ করিতেছ; তিনি কেবল (মস্তকে) এক শশিকলা ধারণ করিয়া থাকেন। এবং সর্ব্ব প্রকার গিরি (অর্থাৎ বেদান্ত বাক্যে) জয়া অর্থাৎ জাত ব্রহ্মবিদ্যারূপ পার্ব্বতী কর্ত্তৃক তোমার স্বরূপ যুক্ত হইয়াছে, কিন্তু যথার্থ মহাদেব অর্দ্ধ শরীর দ্বারা কেবল গিরিজা অর্থাৎ পার্ব্বতী কর্ত্তৃক যুক্ত হইয়া থাকেন। এইরূপ প্রসিদ্ধ মহাদেব হইতে তোমার চরিত্র ও শক্তি অদ্ভুত। ৪৭।

"তুমি যে পূর্ব্বে বলিয়াছ, আমি লজ্জাজনক কার্য্য করিয়া ও ধৃষ্টতা বশতঃ লজ্জিত হই না কেন?" তাহার উত্তর এই—পূর্ব্বে অসংখ্য পণ্ডিতগণ আমার এই সূত্র সকল ব্যাখ্যা করিয়া-

নিগূঢ়ং ॥৪৮॥ ব্যাখ্যাহি ভূয়ো নিগমান্তবিদ্যাং বিভেদবাদান্ বিদুষো বিজিত্য। গ্রন্থান্ ভুবি খ্যাপয় সানুবন্ধানহং গমিষ্যামি যথাভিলাষম্ ॥ ৪৯ ॥ ইত্যুক্তবন্তং তমসাববোচৎ কৃতানি ভাষ্যাণ্যপি

তবৈবৈতদ্বিজ্ঞানে শক্তি র্ন ত্বন্যস্যাল্পজ্ঞস্যেত্যাশয়বানাহ। হে সর্ব্বজ্ঞেতি উ০ ॥ ৪৮ ॥ এবং সূত্রভাষ্যং স্তুত্বা শ্রুতিভাষ্যকরণাদৌ প্রেরয়ন্ স্বগমনমামন্ত্রয়তি ব্যাখ্যাহীতি। বেদান্তবিদ্যামুপনিষদং বিভেদ বাদান্ পণ্ডিতান্ বিজিত্য বিষয়সম্বন্ধপ্রয়োজনাধিকার্য্যাখ্যানুবন্ধযুক্তান্ আখ্যাপয় উ০ ॥৪৯॥ ইত্যুক্তবন্তং তং শ্রীব্যাসমুনৌ শ্রীশঙ্করোঽবোচৎ অবদৎ। তদাজ্ঞা ময়া

ছিলেন। এবং ইহার পর ও অসংখ্য পণ্ডিতগণ এই সমস্ত সূত্রের ব্যাখ্যা করিবেন। কিন্তু হে সর্ব্বজ্ঞ! আমার নিগূঢ় অভিপ্রায় জানিতে তোমার তুল্য কি এই সমস্ত ভাষ্যকারগণ সমর্থ হইবে? তুমি সর্ব্বজ্ঞ সুতরাং তোমারই এই বিষয় জানিতে শক্তি আছে, অন্য কোন অল্পজ্ঞানীর শক্তি নাই। ৪৮।

এইরূপে সূত্রভাষ্যের স্তব করিয়া শ্রুতিভাষ্য করিতে শঙ্করকে অনুরোধ করিতে লাগিলেন এবং আপনার গমনের কথা বলিয়া দিলেন। তুমি পুনর্ব্বার বেদান্তবিদ্যার ব্যাখ্যা কর। পণ্ডিতদিগকে জয় করিয়া তর্করাদ সকল খণ্ডন করিতে পারিবে। বিষয়, সম্বন্ধ, প্রয়োজন ও অধিকারী নামক অনুবন্ধযুক্ত গ্রন্থ সকল পৃথিবীতলে প্রকাশ কর। আমার এক্ষণে যথায় অভিলাষ তথায় গমন করিব। ৷ ৪৯।

বেদব্যাস এই কথা বলিলে শঙ্করাচার্য্য পুন-

পাঠিতানি। ধ্বস্তানি সম্যক্ কুমতানি ধৈর্য্যাদিতঃ পরং কিং করণীয়মস্তি ॥ ৫০ ॥ মুহূর্ত্তমাত্রং মণিকর্ণিকায়াং বিধেহি সদ্ বৎসলসন্নিধানম্। চিরাদ্ যতেঽহং পরমায়ুষোঽন্তে ত্যজামি যাবদ্বপুরদ্যহেয়ম্ ॥ ॥ ৫১ ॥ ইতীদমাকর্ণ্য বচো বিচিন্ত্য স শঙ্করং প্রাহ কুরুষ্ব মৈবং। অনির্জ্জিতাঃ সন্তি বসুন্ধরায়াং ত্বয়া বুধাঃ কেচিদুদারবিদ্যাঃ ॥ ৫২ ॥ জয়ায় তেষাং কতি হায়নানি বস্তব্যমেব স্থিরধীস্ত্বয়াপি।নো চেন্

পূর্ব্বমেব সম্পাদিতেতি দর্শয়তি। নিগমান্তভাষ্যাণি কৃতানি পাঠিতানি চ। পুনশ্চ কুমতানি ধৈর্য্যাৎ সম্যক্ নাশিতানি তস্মাদিতঃ পর কিঞ্চিদপি কর্ত্তব্যং নাস্তি ॥ ৫০ ॥ যত এবমতো হে বৎসল! ঘটিকাদ্বয়ং মণিকর্ণিকায়াং সামীপ্যং বিধেহি এতদর্থমহং চিরাদ্ যত্নং করোমি। পরমায়ুষ স্তব সমীপেঽদ্য যাবদ্ধেয়ং বপুঃ শরীরং ত্যজামি তাবদিত্যর্থঃ। হে পরম! আয়ুষোঽন্তে সমাপ্তাবিতি বা উপে° ॥ ৫১ ॥ ৫২ ॥ তেষামুদারবিদ্যানা জয়ায়

র্ব্বার বেদব্যাসকে বলিতে লাগিলেন। আমি আপনার অনুজ্ঞা পূর্ব্বেই সম্পন্ন করিয়া রাখিয়াছি। দেখুন—বেদান্ত ভাষ্য করিয়াছি। এবং ধৈর্য্যবলে কুৎসিত মত সকল বিনাশ করিয়াছি, অতএব ইহার পর আর কিছুই কর্ত্তব্য নাই। ৫০।

হে পণ্ডিতবৎসল! এই সমস্ত কারণে কিয়ৎক্ষণ আপনি মনিকর্ণিকার সমীপে উপস্থিত থাকুন। ইহার নিমিত্ত আমি বহুদিন হইতে যত্ন করিয়া আসিতেছি। অদ্য আমি আপনার সমীপে এই ক্ষণভঙ্গুর শরীর পরিত্যাগ করিব। ৫১।

এই কথা শ্রবণ করিয়া ও ঐরূপ চিন্তা করিয়া বেদব্যাস পুনরায় শঙ্করকে বলিলেন। তুমি কদাচ এরূপ কার্য্য করিও না। কারণ, ভূতলে কতক-

মুমুক্ষা ভুবি দুর্লভা স্যাৎ স্থিতি র্যথা মাতৃধৃতস্য বাল্যে ॥ ৫৩ ॥ প্রসন্নগম্ভীরভবৎপ্রণীতপ্রবন্ধসন্দর্ভভবঃ প্রহর্ষঃ। প্রোৎসাহযত্যাত্মবিদামৃষীণাং বরেণ্য বিশ্রাণয়িতুং বরং তে ॥ ৫৪ ॥ অস্থৌ বয়াংসি

হে স্থিরধী! যদ্যপি তৎপরাভবহেতুভূতাঃ গ্রন্থাস্ত্বয়া রচিতাস্তথাপি কতি বর্ষাণি ত্বয়াপি বস্তব্যমেব বিপক্ষে দোষমাহ। নো চেদিতি যথা বাল্যে মাতৃরহিতস্য স্থিতি দুর্লভা তদ্বন্মাতৃবদ্রক্ষকেণ ত্বয়া রহিতা মোক্ষেচ্ছা দুর্লভা স্যাৎ উ° ॥ ৫৩ ॥ আয়ুষঃ সমাপ্তিং বিচার্য্য বরদানায়াহ। হে আত্মবিদাং ঋষীণাং বরেণ্য! প্রসন্নগম্ভীরাণাং ভবৎপ্রণীতানাং প্রবন্ধানাং সন্দর্ভে ভবো জন্ম যস্য স প্রহর্ষঃ তুভ্যং বরং প্রদাতুং মাং প্রোৎসাহয়তি ॥ ৫৪ ॥ বয়াংসি বর্ষাণি ভবস্য শিব-

গুলি কৃতবিদ্য পণ্ডিত দিগকে অদ্যাপি জয় করা হয় নাই। ৫২।

হে পণ্ডিতবর। যদিচ সেই সকল কৃতবিদ্য পণ্ডিতগণকে পরাভব করিবার পুস্তক সকল তুমিই রচনা করিয়াছ, তথাপি সেই সকল কৃতবিদ্য পণ্ডিতগণকে জয় করিতে কিছুকাল তুমি এই জগতে বাস করিবে। তাহার কারণ এই—যেরূপ বাল্যকালে মাতার মৃত্যু হইলে বালকের দেহরক্ষা কঠিন হইয়া উঠে, সেইরূপ মাতার মতন রক্ষকস্বরূপ তুমি অন্তর্দ্ধান হইলে জগতে মোক্ষের ইচ্ছা লোকের দুর্লভ হইবে, অর্থাৎ কাহারও মোক্ষের নিমিত্ত ইচ্ছা জন্মিবে না। ৫৩।

হে আত্মতত্ত্বজ্ঞ! হে ঋষিগণের বরণীয় শঙ্কর! তোমার প্রণীত প্রসন্ন অথচ গম্ভীর প্রবন্ধ রচনাদ্বারা আমার যে হর্ষ উৎপন্ন হইয়াছে, সেই হর্ষ অদ্য তোমাকে বরদান করিবার নিমিত্ত আমাকে উৎসাহিত করিতেছে। ৫৪।

বিধিনা তব বৎস ! দত্তান্যন্যানি চাষ্ট ভবতা সুধিয়া-
র্জ্জিতানি । ভূয়োঽপি ষোড়শ ভবন্তু ভবাজ্ঞয়া তে
ভূয়াচ্চ ভাষ্যমিদমারবিচন্দ্রতারম্ ॥ ৫৫ ॥ ত্বমায়ু-
ষানেন বিরোধিবাদিগর্ব্বাঙ্কুরোন্মূলনজাগরূকৈঃ ।
বাক্যৈঃ কুরুষ্বোজ্ঝিতভেদবুদ্ধীনদ্বৈতবিদ্যাপরি-
পন্থিনোঽন্যান্ ॥ ৫৬ ॥ ইতীরয়ন্তং প্রতিবাচমূচে স
শঙ্করঃ পাবিতসর্ব্বলোকঃ । ত্বৎসূত্রসম্বন্ধবশান্ম-
দীয়ং ভাষ্যং প্রচারং ভুবি যাতু বিদ্বন্ ! ॥ ৫৭ ॥
ইতীরয়িত্বা চরণৌ ববন্দে যতি র্ম্মুনেঃ সর্ব্ববিদো
মহাত্মা । প্রদায় সম্ভাব্যবরং মুনীশো দ্বৈপায়নঃ
সোঽন্তরধাদ্ যতাত্মা ॥ ৫৮ ॥ ইত্থং নিগদ্য ঋষিবুঙ্গি
তিরোহিতেঽস্মিংস্ত র্ব্বিবেকনিধিরপ্যথ বিব্যথে

স্বাজ্ঞয়া বরান্তরং দদাতি চ পুনরিদং ভাষ্যমারবিচন্দ্রতারং ভূয়াৎ। যাবৎ সূর্য্যাদিস্থিতিস্তাবদবস্থিতার্থঃ ॥ ৫৫ ॥ অষ্ট ষোড়শবর্ষপরিমিতায়ুষা ময়া কিং কর্ত্তব্যমিত্যাকাঙ্ক্ষায়ামাহ । ত্বমনেনায়ুষাঽন্যানদ্বৈতবিদ্যাপরিপন্থিনঃ স্ববাক্যৈস্ত্যক্তভেদমতীন্ কুরুষ্ব। বাক্যানি বিশিনষ্টি বিরোধিবাদিনাং গর্বস্য সমূলোচ্ছেদনে জাগরূকৈঃ সাবধানৈঃ উঃ ॥ ৫৬ ॥ ইত্যেবং কথনং কুর্ব্বন্তং বেদব্যাসং পবিত্রলোকঃ স শঙ্করঃ প্রবচনমুবাচ। যদ্যপি মদীয়ং ভাষ্যং প্রচারং গন্তুং যোগ্যং ন ভবতি। তথাপি ত্বৎসূত্রসম্বন্ধবশাৎ হে বিদ্বন্ ! ভুবি প্রচারং গচ্ছতু স্বলাভোক্তিরিয়ম্ ॥ ॥ ৫৭ ॥ সম্ভাব্যবরমবশ্যম্ভাবিবরং সংপূজ্য বরং প্রদায়েতি বা ॥ ৫৮ ॥ ইত্থং সম্ভাষ্যাস্মিন্ ঋষিশ্রেষ্ঠে বেদব্যাসেঽন্তর্দ্ধানং গতে অথানন্তরমস্ত র্ব্বিবেকনিধিরপি সঃ শ্রীশঙ্করো বিব্যথে ব্যথাং প্রাপ। তত্র হেতুঃ হৃত্তাপস্য স্থায়ী নিরুপাধিকৃপারসো যেষাং

বৎস ! বিধাতা তোমাকে অষ্টবর্ষ পরিমিত বয়ঃক্রম প্রথমে দান করিয়া ছিলেন। তদনন্তর তুমি পণ্ডিত হইয়া অন্য অষ্ট বৎসর পরমায়ু উপার্জ্জন করিয়াছ। এক্ষণে তোমার পুনরায় মহাদেবের আজ্ঞানুসারে ষোড়শবৎসর পরমায়ু হউক। তাহা হইলে সর্ব্বশুদ্ধ দ্বাত্রিংশ বৎসর পর্য্যন্ত তোমার জীবিতকাল গণনা করা হইল। এবং যতকাল পৃথিবীতে এই চন্দ্র সূর্য্য ও নক্ষত্র সকল অবস্থান করিবে, ততকাল তোমার ভাষ্য অবস্থিতি করিবে। ।৫৫।

তুমি এই বয়সে বিরোধী বাদীগণের গর্বাঙ্কুরের সমূলে উন্মূলনকার্য্যে একান্ত জাগরূক। এবং এক্ষণে ঐ তেজস্বী স্বকীয় বচনদ্বারা অদ্বৈত মতের পরিপন্থীদিগকে ভেদবাদ হইতে বিরহিত কর। ৫৬।

মহামুনি বেদব্যাস এই সমস্ত কথা বলিবার পর সর্ব্বজনের পবিত্রতা-কারী শঙ্কর পুনর্ব্বার প্রতিবাক্য বলিতে লাগিলেন। যদ্যপি আমার ভাষ্য জগতে প্রচার হইবার যোগ্য না হয় তথাপি আপনার সূত্র সম্পর্কে হে সর্ব্বজ্ঞ! যেন আমার ভাষ্য জগতে প্রচারিত হয়। ৫৭।

এই কথা বলিয়া মহাত্মা যতীন্দ্র, সর্ব্বজ্ঞ মুনি বেদব্যাসের চরণ যুগল বন্দনা করিলেন। সংযতচিত্ত মুনীন্দ্র দ্বৈপায়ন, পূজনীয় ও অবশ্যম্ভাবী বর প্রদান করিয়া তৎক্ষণাৎ তথা হইতে অন্তর্হিত হইলেন। ৫৮।

এই কথা বলিয়া ঋষিবর বেদব্যাস অন্তর্দ্ধান হইলে শঙ্করাচার্য্য বিবেকী হইলেও তখন ব্যথিত

সঃ । হৃত্তাপহারিনিরুপাধিকৃপারসানাং তত্তাদৃশাং কথমহো বিরহো বিষহ্যঃ ॥ ৫৯ ॥ তৎপাদপদ্মে নিজচিত্তপদ্মে পশ্যন্ কথঞ্চিদ বিরহং বিষহ্য। যতিক্ষিতীশোঽপি গুরো র্নিযোগান্মনো দধে দিগ্বিজয়ে মনীষী ॥ ৬০ ॥ ভাষ্যস্য বার্ত্তিকমথৈষ কুমারিলেন ভট্টেন কারয়িতুমাদরবান্মুনীন্দ্রঃ। বন্ধ্যায়মানদরবিন্ধ্যমহীধরেণ বাচংযমেন চরিতাং হরিতং

তত্তাদৃশাং ব্যাসপ্রভৃতীনাং বিরহঃ কথমপি বিষহ্যো ন ভবতীত্যর্থঃ ব০ ॥ ৫৯ ॥ তর্হি কথং তদ্বিরহং বিষহ্য দিগ্বিজয়ে মনো দধে ইত্যাকাঙ্ক্ষায়ামাহ তদিতি। গুরো র্বেদব্যাসস্য নিয়োগাদনুশাসনাৎ। উ০ ॥ ৬০ ॥ অথ দিগ্বিজয়ে মনসঃ স্থাপনানন্তরং কুমারিলেন ভট্টেন ভাষ্যস্য বার্ত্তিকমাদরাৎ কারয়িতুমেষ মুনীন্দ্রঃ বন্ধ্যাবদাচরন্তো নিষ্ফলাদরা গর্ত্তা যস্মিংস্তথাভূতো বিন্ধ্যাচলো যেন তেন বাচংযমেন অগস্ত্যেন মুনিনা চরিতাং দক্ষিণাং

হইলেন। ব্যথা পাইবার কারণ এই—যাঁহারা হৃদয়ের তাপ হরণ করিয়া থাকেন; যাঁহাদের অকারণ কৃপারসের সঞ্চার হইয়া থাকে, সেই সমস্ত বেদব্যাস প্রভৃতি মহাত্মাগণের বিরহ কখনই সহ্য হইতে পারে না। ৫৯।

মনীষাসম্পন্ন এবং যতীন্দ্র হইয়াও অদ্য শঙ্করাচার্য্য স্বকীয় হৃদয়কমলে তাঁহার পদারবিন্দযুগল দর্শন করিয়া অতিকষ্টে বিরহ ব্যথা সহ্য করিয়া গুরুদেব বেদব্যাসের অনুশাসন-হেতু দিগ্‌বিজয়ে মন অর্পন করিলেন। ৬০।

দিগ্‌বিজয়ে মনঃস্থাপন করিবার পর ভট্টপাদদ্বারা ভাষ্যের বার্ত্তিক নির্ম্মাণ করাইবার নিমিত্ত মুনি-

প্রতস্থে ॥ ৬১ ॥ ততঃ স বেদান্তরহস্যবেত্তা ভেত্তা মতানামন্তরসম্মতানাং। প্রয়াগমাগাৎ প্রথমং জিগীষুঃ কুমারিলং সাধিতকর্ম্মজালং ॥ ৬২ ॥ আমজ্জতাং কিল তনূর্মসিতাং সিতাঞ্চ কর্ত্তুং কলিন্দসুতয়া কলিতানুষঙ্গাম্। অহ্নায় জহ্নুতনয়ামথ নিহ্নু-

হরিতং দিশং প্রতি প্রতস্থে প্রস্থানং কৃতবান্ ব০ ॥ ৬১ ॥ ততঃ প্রস্থানানন্তরং বেদান্তরহস্যবেত্তাঽমতানামনভিমতানাং প্রসহ্য ঝটিতি বা ভেদনকর্ত্তা স শ্রীশঙ্করঃ সাধিতকর্ম্মকাণ্ডং কুমারিলং প্রথমং জেতুমিচ্ছুঃ প্রয়াগতীর্থরাজমাগচ্ছৎ প্রয়াগমিতি বা সম্বন্ধঃ উ০ ॥ ৬২ ॥ অথানন্তরং আমজ্জতাং পুংসাং তনূং শরীরমসিতাং কৃষ্ণাং বিষ্ণুসরূপাঞ্চ কর্ত্তুং কলিন্দাখ্যগিরিপুত্র্যা কালিন্দ্যা যমুনয়া সম্পাদিতোঽনুষঙ্গঃ সম্বন্ধো যয়া নিহ্নুতানি নাশিতান্যঘানি যয়া তাং জাহ্নবীমহ্নায় অঞ্জসাঽর্থানাং চতুর্ব্বিধ-

বর শঙ্করাচার্য্য, (যিনি বিন্ধ্যাচলকে নিষ্ফল ও গর্ত্তবিশিষ্ট করিয়া ছিলেন) সেই অগস্ত্য মুনির আশ্রিত দক্ষিণদিকে প্রথম প্রস্থান করিলেন। ৬১।

শঙ্কর প্রস্থান করিবার পর বেদান্ত শাস্ত্রের রহস্যবেত্তা এবং যিনি নিজের অনভিমত মত সমূহের ছেদন কর্ত্তা শ্রীশঙ্কর, (যিনি কর্ম্মকাণ্ড সকল সম্পন্ন করিয়া নিরস্ত হইয়াছিলেন) সেই ভট্টপাদকে প্রথমে জয় করিবার নিমিত্ত ইচ্ছা করিয়া প্রয়াগতীর্থে আগমন করিলেন। ৬২।

অনন্তর প্রয়াগতীর্থ মধ্যে যে সকল পুরুষ বেণীমাধব সঙ্গমে নিমগ্ন হইতে ইচ্ছা করিয়া তাহাদিগের শরীর কৃষ্ণবর্ণ অর্থাৎ বিষ্ণুস্বরূপও তাহাদিগকে শ্বেতবর্ণ অর্থাৎ মহাদের তুল্য করিবার

তাষাং মধ্যেপ্রয়াগমগমমুনির্ধর্মার্গম্ ॥ ৬৩ ॥ গঙ্গা-প্রবাহৈরুপরুদ্ধবেগা কলিন্দকন্যা স্তিমিতপ্রবাহা। অপূর্ব্বসখ্যা গতলজ্জয়েব যত্রাধিকং ভাতি বিচিত্র-পাথাঃ ॥ ৬৪ ॥ অস্মেবসন্তিরমলচ্ছবিসম্প্রদায়মধ্যে-ভুমাশ্রিতজলাং কুহচিন্ মরালৈঃ। চক্রদ্বয়েন রজ-নীসহবাসসৌখ্যসংশীলনায় কিল সম্বলিতাং পরত্র ॥ ৬৫ ॥ যত্রাপ্লুতা দিব্যশরীরভাজ আচন্দ্রতারং দিবি ভোগজাতম্। সংভুঞ্জতে ব্যাধিকথানভিজ্ঞাঃ প্রাহেমমর্থং শ্রুতিরেব সাক্ষাৎ ॥ ৬৬ ॥ অজ্ঞাত-সম্ভবতিরোধিকথাপি বাণী যস্যাঃ সিতাসিততয়ৈব

পুরুষার্থানাং মার্গং মধ্যেপ্রয়াণং প্রয়াগস্য মধ্যমগমৎ পারে-মধ্যে ষষ্ঠ্যাবেতি সমাস এদন্তত্বনিপাতশ্চ বস০ ॥ ৬৩ ॥ গঙ্গা-প্রবাহৈরুপরুদ্ধো বেগো যস্যাঃ সা বিচিত্রজলা কলিন্দকন্যা যমুনা যত্র প্রয়াগমধ্যেঽপূর্ব্বসখ্যা আগতা যা লজ্জা তয়া স্তিমি-তোঽচঞ্চলঃ প্রবাহঃ প্রবৃত্তি র্যস্যাস্তথাভূতা ইবাধিকং ভাতি। প্রবাহস্তু প্রবৃত্তৌ স্যাদপি স্রোতসি বারিণীতি মেদিনী উ০ ॥৬৪॥ কুহচিৎ কচিদমলকান্তিলক্ষণঃ সম্প্রদায়মধ্যেতুং সমীপে বসদ্ভিঃ শিষ্যৈ র্মরালৈ র্হংসৈরাশ্রিতং জলং যস্যাস্তাং পরত্রান্যত্র নলিনী-সহবাসলক্ষণসৌখ্যসংশীলনায় চক্রদ্বয়েন সংব্যাপ্তাং ভাগীরথীং বিগাহেতি ব্যবহিতেনান্বয়ঃ। রজনী নলিনীরাত্রিহরিদ্রাজতু-কাস্বচেতি মেদিনী ব০ ॥ ৬৫ ॥ তামেব বর্ণয়তি ॥ যত্র যস্যাং যমুনয়া সঙ্গতায়াং গঙ্গায়ামাপ্লুতা দিব্যশরীরভাজঃ। পুনশ্চ ব্যাধিকথানভিজ্ঞাঃ সন্তঃ দিবি স্বর্গে ভোগসমুদায়ং সম্যগ্ ভুঞ্জতে। নম্বত্র কিং প্রমাণমিতি চেত্তত্রাহ। ইমমর্থং সাক্ষাচ্ছ্রু-তিরেব প্রাহ। তথা চ শ্রুতিঃ সিতাসিতে সরিতে যত্র সঙ্গতে তত্রাপ্লুতাসো দিবমুৎপতন্তীত্যাদ্যা ইন্দ্র০ ॥ ৬৬ ॥ কিঞ্চ বাণী শ্রুতিরপি অজ্ঞাতসম্ভবস্য জন্মনস্তিরোধেস্তিরোধানস্য চ কথা

নিমিত্ত কলিন্দদুহিতা যমুনানদী যাঁহার সহিত সম্বন্ধ হইয়া রহিয়াছে—যিনি পাপ রাশি বিনাশিত করিয়া থাকেন এবং যিনি ধর্ম্মার্থ কাম মোক্ষ এই চতুর্ব্বিধ পুরুষার্থের সরণিস্বরূপ জাহ্নবীকে দর্শন করিলেন। ৬৩।

যেরূপ কোন এক প্রিয়সখী লজ্জা পরিত্যাগ করিয়া প্রিয়সখীর মনের প্রবৃত্তি স্থির করিয়া থাকে, সেইরূপ প্রয়াগতীর্থমধ্যে ভাগীরথীর প্রবাহদ্বারা কলিন্দকন্যা যমুনানদীর বেগ রোধ করিয়াও তাহার প্রবাহ স্তিমিত করিবার পর বিচিত্র জলে যমুনানদী শোভা পাইতে লাগিল। ৬৪।

কোন স্থানে বিমল কান্তিরূপ বিদ্যা অধ্যয়ন করিবার নিমিত্ত সমীপবর্ত্তী শিষ্য সদৃশ মরালকুল জল-সেবা করিতেছে; অন্যস্থানে নলিনীর সহবাসরূপ সুখভোগ করিবার নিমিত্ত চক্রবাক যুগল ভাগীরথী ব্যাপ্ত করিয়াছে। যে স্থানে ভাগীরথী যমুনার সহিত মিলিত হইয়াছে তথায় স্নান করিয়া লোকে দিব্য শরীর প্রাপ্ত হইয়া থাকে। এবং যেস্থানে ব্যাধির কথা পর্য্যন্ত জানিতে না পারিয়া লোকে স্বর্গীয় ভোগ সকল সম্যক্‌রূপে প্রাপ্ত হইয়া থাকে। 'সিতাসিতে সরিতে যত্র সঙ্গতে তত্রাপ্লুতাসো দিব-মুৎপতন্তি" যেস্থলে কৃষ্ণ ও শুক্ল নদীদ্বয় মিলিত হইয়াছে তথায় স্নান করিলে স্বর্গে গমন করিয়া থাকে। ইত্যাদি শ্রুতি বচনই এই বিষয়ে প্রমাণ। যাহাতে জন্ম এবং লয়ের কথা জ্ঞাত হয় নাই, সেই

গৃণাতি রূপম্। ভাগীরথীং যমুনয়া পরিচর্য্যমাণামেতাং বিগাহ্য মুদিতো মুনিরিত্যভণীৎ ॥৬৭॥ সিদ্ধাপগে! পুরবিরোধিজটোপরোধক্রুদ্ধা কুতঃ শতমদঃসদৃশান্ বিধৎসে। বদ্ধা ন কিং নু ভবিতাসি জটাভিরেষামদ্ধা জডপ্রকৃতয়ো ন বিদন্তি ভাবি ॥৬৮॥ সন্মার্গবর্ত্তনপরাপি সুরাপগে! ত্বমস্থীনি নিত্যমশু-

যথা সা যুক্তা যমুনয়া সঙ্গতায়া গঙ্গায়াঃ সিতাসিতত্বৈব রূপং বর্ণয়তি তথাভূতামেতাং যমুনয়া পরিচর্য্যমাণাং ভাগীরথীং বিগাহ্য মুদিতো মুনিঃ শ্রীশঙ্কর ইতি বক্ষ্যমাণমভাণীদুক্তবান্ ॥৬৭॥ হে সিদ্ধাপগে! ত্রিপুরবিরোধিনঃ শিবস্য জটাভিরুপরোধেন ক্রুদ্ধা শতমদ্বা শিবস্য সদৃশান্ কুতঃ কিমর্থং বিধৎসে। এষাং ত্বয়া রচিতানাং জটাভিঃ কিং নু ন বদ্ধা ভবিতাসি কিং বদ্ধা ন ভবিষ্যসি কিন্তু ভবিষ্যস্যেব। এবমাক্ষিপ্য স্বয়মেব প্রতিক্ষিপতি। জডপ্রকৃতয়ো ভবিষ্যং ন জানন্তি। অত্র নিন্দয়া স্তুতেরবগম্যমানত্বাদুক্তিঃ। উক্তি র্ব্যাজস্তুতি র্নিন্দাস্তুতিভ্যাং স্তুতিনিন্দয়োরিত্যুক্তেঃ ॥৬৮॥ হে সুরাপগে! সন্মার্গবর্ত্তনপরাপি ত্বং নিত্যমপবিত্রাণ্যস্থীনি কিমর্থমাদদাসীত্যাক্ষেপঃ। স্বয়মেব সমাধত্তে হে দেবি! তব হৃদয়মাজ্ঞাতং ভবাভিপ্রায়ো বুদ্ধস্তব জলে

শ্রুতিবাণী শুক্ল ও কৃষ্ণভাবে যমুনামিলিত ভাগীরথীর রূপ বর্ণনা করিয়াছেন। অতএব তখন সেই যমুনা-সেবিত ভাগীরথীর জলে অবগাহন করিয়া মুনিবর শঙ্করাচার্য্য এইরূপ কথা বলিতে লাগিলেন। ৬৫। ৬৬। ৬৭।

হে সিদ্ধতরঙ্গিনি! আপনি ত্রিপুরারির জটাস্পর্শে ক্রুদ্ধ হইয়া কি হেতু শত শত শিবতুল্য লোকের উৎপত্তি করিতেছেন? আপনি যে সকল শিব সৃজন করিয়াছেন, আমি নিশ্চয় বলিতে পারি তাহাদিগের জটাদ্বারা আপনিও কোন সময়ে বদ্ধ হইবেন। অথবা জড়প্রকৃতি মনুষ্যগণ ভাবী অর্থ কিছু-

চীনি কিমাদদাসি। আজ্ঞাতমম্ব! হৃদয়ং তব মজ্জনানাং প্রায়ঃ প্রসাধনকৃতে কৃতমজ্জনানাং ॥৬৯॥ স্বাপানুষঙ্গজডতাভরিতান্ জনৌঘান্ স্বাপানুষঙ্গজডতাবিধুরান্ বিধৎসে। দূরীভবদ্বিষয়রাগহৃদো-

কৃতং মজ্জনং যৈস্তেষাং সজ্জনানাং প্রায়ঃ প্রসাধনকৃতে শিবরূপাণাং তেষামলঙ্কারার্থমাদদাসীত্যর্থঃ। ভিত্রহিতাকারপূর্ব্বকত্বাৎ পরস্মৈপদপ্রয়োগো ন দোষাবহঃ। আঙো দোনাস্য বিহরণে ইতি ভিদগ্রহণাজ্ জ্ঞাপকাৎ। তথাচ লোকোপকারায় যথোক্তা তব প্রবৃত্তিরিত্যর্থঃ ॥৬৯॥ স্বাপানুষঙ্গেণ নিদ্রানুষঙ্গেন যা জডতা তয়া ভরিতান্নিদ্রানুষঙ্গজডতাবিধুরানেব বিধৎসে দূরীভবন্ বিষয়রাগো যস্মাৎ তথাভূতং হৃদযেষাং তাংস্তু মুখাদিমুণ্ডনেন ধূর্ত্তাযত্তংসয়সি ধূর্ত্তশিরোমণীন্ করোষি তথাচৈব কো বা মার্গঃ। তথা দূরীভবদ্বিষয়রাগহৃদঃ ধূর্ত্তৈঃ ধত্তুরপুষ্পঃ তদবতংসঃ

তেই জানিতে পারেনা, সুতরাং তাহারা আপনাকে তাহাদের জটাদ্বারা বন্ধন করিলেও করিতে পারে। ৬৮।

হে সুরনদি! আপনি একান্ত সৎপথে প্রবৃত্ত হইয়াও কি কারণে নিয়ত অপবিত্র অস্থি সকল গ্রহণ করিয়া থাকেন। মাতঃ! আমি এতক্ষণে আপনার অভিপ্রায় বুঝিতে পারিয়াছি। আপনার জলে যাঁহারা সর্ব্বদা নিমগ্ন থাকেন সেই সমস্ত সজ্জনগণের (অর্থাৎ প্রায়ই শিবরূপী সেই সকল লোকের) অলঙ্কারার্থ আপনি ঐ অপবিত্র অস্থি সকল গ্রহণ করিয়া থাকেন। ৬৯।

নিদ্রার আবির্ভাবে যে জড়তা জন্মে যাহারা তাহাদ্বারা পরিপূর্ণরূপে সংসৃষ্ট, আপনি তাহাদিগকেও নিদ্রাজনিত জড়তা হইতে চ্যুত করিয়া থাকেন। যাহাদের হৃদয় হইতে বিষয়ানুরাগ দূর হইয়াছে তাহাদিগকেও শীঘ্র মুখাদির ভূষণদ্বারা ধূর্ত্ত

ঽপি তূর্ণং ধূর্ত্তাবতংসয়সি দেবি ! ক এষ মার্গঃ॥৭০॥ ইতি স্তবংস্তাপসরাট্ ত্রিবেণীং শাট্যা সমাচ্ছাদ্য কটিং কৃপীটে। দোর্দণ্ডযুগ্মোদ্ধৃতবেণুদণ্ডোঽঘমর্ষণস্নানমনা বভূব ॥ ৭১ ॥ সস্নৌ প্রযাগে সহ শিষ্যসঙ্ঘৈঃ স্বয়ং কৃতার্থো জনসংগ্রহার্থঃ। অস্মারি মাতাঽপি চ সা পুপোষ দধার যা দুঃখমসোঢ় ভূরি ॥ ॥৭২॥অনুষ্ঠিতং দ্রাগবসায্য বাতৈঃ কহ্লারশীতৈরুপসেব্যমানঃ। তীরে বিশশ্রাম তমালশালিন্যত্রান্তরেঽশ্রূয়ত লোকবার্ত্তা ॥ ৭৩ ॥ গিরেরবপ্লুত্য গতিঃ সতাং যঃ প্রামাণ্যমাম্নায়গিরামবাদীৎ। যস্য প্রসাদাস্ত্রিদিবৌকসোঽপি প্রপেদিরে প্রাক্তনযজ্ঞভাগান্ ॥ ৭৪ ॥ সোঽহং গুরোরুন্মথনপ্রসক্তং মহত্তরং দোষমপাকরিষ্ণুঃ। অশেষবেদার্থবিদাস্তিকত্বাৎ তুষানলং প্রাবিশদেষ ধীরঃ ॥ ৭৫ ॥ অয়ং

শিবস্তদ্রূপান্ করোষীতি শ্লেষেণ স্তুতিঃ। ধূর্ত্তং তু খণ্ডলে বর্ণে ধত্তূরে না বিটে ত্রিষিতি মেদিনী উ০ ॥ ৭০ ॥ ইত্যেবং ত্রিবেণীং স্তবন্ সন্ তাপসরাট্ শাট্যা কটিং সম্যগাচ্ছাদ্য ভুজদণ্ডযুগ্মেনোর্দ্ধং ধৃতো বেণুদণ্ডো যেন স কৃপীটে জলে কৃপীটমুদরে তোয়ে ইতি মেদিনী। অঘমর্ষণস্নানে মনো যস্য তথাভূতো বভূব ॥৭১॥ যা পুপোষ গর্ব্ভে দধার দুঃখঞ্চ ভূরি অসোঢ় সা মাতাঽপ্যস্মারি স্মৃতা আপ্যা০ ॥ ৭২ ॥ দ্রাগ্ ঝটিতি অনুষ্ঠিতমনুষ্ঠানং অবসায্য সমাপ্য কহ্লারশীতৈ র্ব্বাতৈরুপসেব্যমানঃ তমালশালিনি তীরে বিশ্রামং কৃতবান্। অত্রান্তরে লোকবার্ত্তা অশ্রূয়ত উ০ ॥ ৭৩ ॥ তামেব দর্শয়তি গিরেরিতি। যঃ সতাং গতিঃ পর্ব্বতাদবপ্লুত্য বেদগিরাং প্রামাণ্যমবাদীৎ ॥ ৭৪ ॥ সোঽহং ভট্টপাদঃ গুরোরুন্মথনাৎ প্রসক্তং প্রাপ্তং মহত্তরং দোষমপাকরিষ্ণুঃ সর্ব্ব-

মণি করিয়া থাকেন। অথবা বিষয়রাগ-শূন্য ব্যক্তিদিগকে (ধূর্ত্ত অর্থাৎ ধত্তূরপুষ্প যাঁহার কর্ণাভরণ সেই মহাদেবের) তুল্য করিয়া থাকেন। অতএব আপনার এ কিরূপ পদ্ধতি ?। ৭০।

এইরূপে যতিবর ত্রিবেণীর স্তব করিয়া বসনদ্বারা কটিদেশ আচ্ছাদন করিলেন। এবং বাহুরূপ দণ্ডযুগলদ্বারা ঊর্দ্ধে বেণুদণ্ড ধারণ করিয়া জলমধ্যে অঘমর্ষণ স্নান করিতে মন করিলেন। ৭১।

স্বয়ং কৃতার্থ হইয়াও জনসমূহের সংগ্রহ প্রার্থনা করিয়া শিষ্যগণের সহিত প্রয়াগে স্নান করিলেন। এবং তৎকালে যিনি গর্ভে ধারণ করিয়াছিলেন ; যিনি ভরণ-পোষণ করিয়াছিলেন ও গর্ভে ধারণ করিবার কালে বহুতর দুঃখ সহ্য করিয়াছিলেন সেই জননীকে স্মরণ করিতে লাগিলেন। ৭২।

শীঘ্র অনুষ্ঠিতকার্য্য সকল সমাপন করিয়া কহ্লারকুসুমে একান্ত সুশীতল সমীরণ সেবনে স্নিগ্ধ হইয়া বিশ্রাম করিবার নিমিত্ত তমালতরুশোভিত নদীতীরে উপস্থিত হইলেন। ইত্যবসরে কতকগুলি লোকের কোলাহলধ্বনি শ্রবণ করিলেন। ৭৩।

যিনি সজ্জনগণের আশ্রয় ; যিনি বেদবচনের প্রামাণ্য স্থির করিয়াছেন; যাঁহার প্রসাদে স্বর্গবাসী দেবতাগণও প্রাক্তন যজ্ঞভাগ সকল পাইয়া থাকেন, সেই ভট্টপাদ পর্ব্বত হইতে অবতীর্ণ হইয়া গুরুর পরাজয়জনিত মহৎ দোষ সকল নিরাকরণ করি-

হ্যধী।খিলবেদমন্ত্রঃ কূলঙ্কষালোড়িতসর্ব্বতন্ত্রঃ। নিতান্তদূরীকৃতদুষ্টতন্ত্রস্ত্রৈলোক্যবিভ্রামিতকীর্ত্তিযন্ত্রঃ ॥ ৭৬ ॥ শ্রুত্বেতি তাং সত্বরমেষ গচ্ছন্ ব্যালোকযত্তং তুষরাশিসংস্থম্। প্রভাকরাদ্যৈঃ প্রথিতপ্রভাবৈরুপস্থিতং সাশ্রুমুখৈ র্বিনেয়ৈঃ ॥ ৭৮ ॥

বেদার্থজ্ঞ এব ধীর আস্তিকত্বাত্তু্যাগ্নিং প্রাবিশৎ ॥ ৭৫ ॥ অয়ং ভট্টপাদঃ হি প্রসিদ্ধমধীতাখিলবেদমন্ত্রঃ। পুনশ্চ কূলঙ্কষা-নদী তদ্বদালোড়িতানি অবগাহিতানি সর্ব্বশাস্ত্রাণি সর্ব্ব-সিদ্ধান্তা বা যেন স নিতান্তং দূরীকৃতানি দুষ্টতন্ত্রাণি যেন অতএব বিভ্রামিতং কীর্ত্তিলক্ষণং যন্ত্রং যেন সঃ বিয় ॥ ৭৬ ॥ ইতি তাং লোকবার্ত্তাং শ্রুত্বা তং ভট্টপাদং ব্যালোকয়ৎ দৃষ্টবান্ উ০ ॥ ॥ ৭৭ ॥ তং বিশিনষ্টি। ধূমায়মানেন তুষাগ্নিনাঽশেষে বপুষি সন্দহ্যমানেঽপি সংদৃশ্যমানেন মুখেনোষ্মব্যাপ্তকমলস্য শ্রিয়মা-দধানং। বাষ্পমুষ্মাশ্রুকণিণ্যবিতি মেদিনী ॥ ৭৮ ॥ কটাক্ষভঙ্গ্যা

বার অভিপ্রায়ে তখন আস্তিকতার সহিত তুষানলে প্রবেশ করিলেন। ৭৪। ৭৫।

ইহা সকলেই জানিত যে,ঐ ভট্টপাদ অখিলবেদ মন্ত্র অধ্যয়ন করিয়াছিলেন; নদীর মত সকল শাস্ত্র অবগাহন করিয়াছেন; দুষ্টতন্ত্র সকল অত্যন্ত দূর করিয়া দিয়াছিলেন। অতএব ঐ মহাপুরুষের কীর্ত্তিযন্ত্র পৃথিবীর সকল স্থানে পরিভ্রমণ করিত। ৭৬।

এই লোকবার্ত্তা শ্রবণ করিয়া শঙ্করাচার্য্য সত্বর ভট্টপাদের নিকটে গমন করিলেন। দেখিলেন ভট্টপাদ তুষানলমধ্যে অবস্থিত বিখ্যাতনামাপ্রভাকরাদি শিষ্যগণ অশ্রুপূর্ণ মুখে তথায় উপস্থিত রহিয়াছেন। ৭৭।

প্রধূমিত তুষানলে অশেষ কলেবর দগ্ধ হইলেও অবশিষ্ট দৃশ্যমান মুখমাত্রদ্বারা ভট্টপাদ উত্তপ্ত কমল পুষ্পের শোভা তৎকালে ধারণ করিলেন। ৭৮।

দূরে বিধুতাঘমপাঙ্গভঙ্গ্যা তং দেশিকং দৃষ্টিপথাবতীর্ণং। দদর্শ ভট্টো জ্বলদগ্নিকল্পো জুগোপ যো বেদপথং জিতারিঃ ॥ ৭৯ ॥ অদৃষ্টপূর্ব্বং শ্রুত পূর্ব্ববৃত্তং দৃষ্ট্বাতিমোদঃ স জগাম ভট্টঃ। অচীকরচ্ছিষ্যগণৈঃ সপর্য্যামুপাদদে তামপি দেশিকেন্দ্রঃ ॥ ॥ ৮০ ॥ উপাত্তভিক্ষঃ পরিতুষ্টচিত্তঃ প্রদর্শয়ামাস

দূরে বিধৃতান্যঘানি যেন তং দৃষ্টিমার্গেঽবতীর্ণং দেশিকং শ্রীশঙ্করং জ্বলদগ্নিতুল্যো ভট্টপাদো দদর্শ যো জিতারি র্বেদমার্গং জুগোপ ॥ ৭৯ ॥ অদৃষ্টপূর্ব্বং শ্রুতপূর্ব্বং বৃত্তকরিতং যস্য তং শ্রীশঙ্করং দৃষ্ট্বা ভট্টোঽতিহর্ষং জগাম। ততশ্চ শিষ্যগণৈঃ পূজাং কৃতবান্। তাং সপর্য্যামনপেক্ষিতামপি দেশিকেন্দ্রঃ স্বীকৃতবান্ ॥ ৮০ ॥ উপাত্তা ভিক্ষা যেন পরিতুষ্টচিত্তঃ স শ্রীশ-

কটাক্ষ বিক্ষেপ মাত্র যিনি দূরে কলুষরাশি ধ্বংস করিয়াছেন; যিনি ইন্দ্র সকল জয় করিয়া বেদপথ রক্ষা করিয়াছেন; জ্বলন্ত অনলসদৃশ ভট্টপাদ,তখন ঐ গুরুবর শঙ্করকে দৃষ্টিপথে অবতীর্ণ হইতে দেখিলেন। ৭৯।

ভট্টপাদ ইতিপূর্ব্বে কখন শঙ্করাচার্য্যকে দর্শন করেন নাই। কিন্তু তাঁহার অদ্ভুত চরিত্র সকল শ্রবণ করিয়াছিলেন। অদ্য তাঁহাকে প্রথম দর্শন করিয়া অত্যন্ত প্রমুদিত হইলেন এবং শিষ্যগণের সহিত তাঁহার পূজা করিলেন। গুরুবর শঙ্করও তাঁহাদের পূজা গ্রহণ করিলেন। ৮০।

ভিক্ষোপজীবী, আনন্দিতচেতা শঙ্কর তখন

স ভাষ্যমস্মৈ। সর্ব্বো নিবন্ধো হ্যমলোঽপি লোকে শিষ্টেক্ষিতঃ সঞ্চরণং প্রয়াতি ॥ ৮১ ॥ দৃষ্ট্বা ভাষ্যং হৃষ্টচেতাঃ কুমারঃ প্রোচে বাচং শঙ্করং দেশিকেন্দ্রঃ। লোকে হ্যল্পো মৎসরগ্রামশালী সর্ব্বজ্ঞানো নাল্পভাবস্য পাত্রম্ ॥ ৮২ ॥ অষ্টৌ সহস্রাণি বিভান্তি বিদ্বন্! সদ্বার্ত্তিকানাং প্রথমেঽত্র ভাষ্যে। অহং যদি স্যামগৃহীতদীক্ষো ধ্রুবং বিধাস্যে সুনিবন্ধমস্য ॥ ৮৩ ॥ ভবাদৃশাং দর্শনমেব লোকে বিশেষতোঽস্মিন্ সময়ে দুরাপং। পুরার্জিতৈঃ পুণ্যচয়ৈঃ কথঞ্চিৎ ত্বমদ্য মে দৃষ্টিপথং গতোঽভূঃ ॥ ৮৪ ॥ অসার সংসারপয়োধিমধ্যে নিমজ্জতাং সদ্ভিরুদারবৃত্তৈঃ। ভবাদৃশৈঃ সঙ্গতিরেব সাধ্যা নান্যস্তদুত্তারবিধাবুপায়ঃ ॥ ॥ ৮৫ ॥ চিরং দিদৃক্ষে ভগবন্তমিত্থং ত্বমদ্য মে দৃষ্টিপথং গতোঽভূঃ। নহ্যত্র সংসারপথে নরাণাং

করোঽস্মৈ ভট্টপাদায় ভাষ্যং দর্শয়ামাস। নমু কিমর্থং দর্শয়ামাসেত্যপেক্ষায়ামাহ সর্ব্ব ইতি ॥ ৮১ ॥ তত্র হেতুমাহ। হি যস্মাল্লোকেঽল্পঃ ক্ষুদ্রো মৎসরগ্রামশালী সর্ব্বজ্ঞানঃ সর্ব্বজ্ঞস্তু মাৎসর্য্যাদিলক্ষণস্য ক্ষুদ্রভাবস্য পাত্রং ন ভবতীত্যর্থঃ ॥ ৮২ ॥ যদুবাচ তদাহ অষ্টাবিতি। হে বিদ্বন্! অত্রাস্মিন্ গ্রন্থে প্রথমেঽধ্যায়ে ভাষ্যে সদ্বার্ত্তিকানামষ্টৌ সহস্রাণি ভান্তি। তর্হি কর্ত্তব্যানীতি চেত্তত্রাহ। যদ্যগৃহীতদীক্ষঃ স্যাং তর্হ্যস্য ভাষ্যস্য সুনিবন্ধং বিধাস্যে উ০ ॥ ৮৩ ॥ তিষ্ঠত্বেতত্ত্বদ্দর্শনস্তুতিদুর্লভং ময়া লব্ধমিত্যাহ। ভবাদৃশামিতি উপে০ ॥ ৮৪ ॥ যতো ভবাদৃশাং সঙ্গতিরেব সংসারাদুদ্ধরণোপায় ইত্যাহ অসারেতি। তদুত্তারবিধৌ সংসারোত্তরণবিধৌ উ০ ॥ ৮৫ ॥ নম্বেবং তর্হি কিমিতি স্থাতি-

ভট্টপাদকে ভাষ্য দেখাইলেন। দেখাইবার কারণ এই—জগতে বিমল প্রবন্ধ সকল শিষ্টজনের দর্শনপথে পতিত হইলেই সুপ্রচারিত হইয়া থাকে। ৮১।

ভট্টপাদ ভাষ্য দেখিয়া হৃষ্টচিত্ত হইলেন এবং গুরুবর শঙ্করকে দুই একটী কথা বলিতে লাগিলেন। জগতে লঘুচেতা ব্যক্তিই মাৎসর্য্যসমূহদ্বারা শোভা পাইয়া থাকে। কিন্তু সর্ব্বজ্ঞ ব্যক্তি কদাচ ঐরূপ মাৎসর্য্য প্রভৃতি ক্ষুদ্র পদার্থের পাত্র নহেন। ৮২।

হে সর্ব্বজ্ঞ। এই গ্রন্থের প্রথম অধ্যায়ে আটসহস্র বার্ত্তিক আছে। যদি চ আমি দীক্ষাগ্রহণ করি নাই—তথাপি আমি নিশ্চয়ই এই ভাষ্যের একটী উত্তম নিবন্ধ রচনা করিব। ৮৩।

নিবন্ধ রচনা অতিসামান্য কথা—ভবাদৃশ ব্যক্তিগণের দর্শন, বিশেষতঃ এইরূপ সময়ে অত্যন্ত দুর্লভ। আমি পূর্ব্বজন্মে কত শত পুণ্য সঞ্চয় করিয়াছিলাম, তাহাতেই অদ্য আপনি আমার দৃষ্টিগোচর হইয়াছেন। ৮৪।

যাহারা অসার সংসারসাগর মধ্যে নিমগ্ন, উদার চরিত ভবাদৃশতুল্য সদ্ব্যক্তির সহিত তাহাদিগের মিলন হওয়া একান্ত আবশ্যক। নতুবা সংসারসমুদ্র হইতে উত্তীর্ণ হইবার আর অন্য কোন উপায় নাই। ৮৫।

বহুদিন হইতে আমি বাসনা করিয়া আসিতেছি

স্বেচ্ছাবিধেয়োঽভিমতেন যোগঃ ॥ ৮৬ ॥ যুনক্তি কালঃ কচিদিষ্টবস্তুনা কচিৎ দ্বিরিষ্টেন চ নীচবস্তুনা। তথৈব সংযোজ্য বিযোজয়ত্যসৌ সুখাসুখে কালকৃতে প্রবক্ষ্যতঃ ॥৮৭॥ কৃতো নিবন্ধো নিরণায়ি পন্থা নিরাসি নৈয়ায়িকযুক্তিজালম্। তথান্বভূবং বিষয়োত্থজাতং ন কালমেনং পরিহর্ত্তুমীশে ॥ ৮৮ ॥

নিরাস্থমীশং শ্রুতিলোকসিদ্ধং শ্রুতেঃ স্বতো মানমুদাহরিষ্যন্। ন নিহ্নুবে যেন বিনা প্রপঞ্চঃ সৌখ্যায় কল্পেত ন জাতু বিদ্বন্! ॥৮৯॥ তথাগতাক্রান্তমভূদশেষং স বৈদিকোঽধ্বা বিরলীবভূব। পরীক্ষ্য তেষাং বিজয়ায় মার্গং প্রাবর্ত্তি সন্ত্রাতুমনাঃ পুরা-

ণষিতং ত্বয়া ন সম্পাদিতমিতি চেত্তত্রাহ নহীতি ॥ ৮৬ ॥ তর্হি কো বা যুনক্তীতি চেত্তত্রাহ যুনক্তীতি। অতঃ কারণাৎ সুখদুঃখে কালকৃতে অহং বিজানামি উ° ॥ ৮৭ ॥ অহং তু সর্ব্বং কর্ত্তব্যং কৃতবানেবেত্যাহ কৃত ইতি। পুনশ্চ কর্ম্মমার্গো নির্ণীতঃ। নৈয়ায়িকযুক্তিজালং নিরস্তং। বিষয়োত্থিতং সুখদুঃখজাতঞ্চানুভূতং। নম্বেবম্ভূতস্ত্বমেনং কালং কিমিতি ন পরিহরসীতি চেত্তত্রাহ। নেশে সমর্থো ন ভবামি ॥৮৮॥ নমু কিমর্থমেবং বিধাতুং

প্রবৃত্তোঽসীতি জিজ্ঞাসায়ামীশ্বরনিরাসগুরুদ্রোহলক্ষণয়োঃ প্রায়শ্চিত্তং কর্ত্তুং প্রবৃত্তোঽস্মীতি দর্শয়িতুমুপক্রমতে নিরাস্থমিতি। ঈশানো ভূতভব্যস্যেত্যাদিশ্রুতে লোকাচ্চসিদ্ধমীশং নিরাকৃতবান্। কিমিচ্ছন্নিতি চেত্তত্রাহ। বেদস্য স্বতঃ প্রামাণ্যমুদাহরিষ্যান্। হে বিদ্বন্! জাতু কদাচিৎ প্রপঞ্চো জগদ্ যেন বিনা সৌখ্যায় ন কল্পতে যোগো ন ভবতি তমীশং ন নিহ্নুবে নৈবাপলপামি তন্নিষেধে মদভিপ্রায়ো নাস্তীত্যর্থঃ ॥ ৮৯ ॥ এবমেকং পাপং প্রদর্শ্য দ্বিতীয়ং দর্শয়তি। তথাগতৈঃ সুগতৈরাক্রান্তমশেষং সর্ব্বমভূৎ। তেন চ স বৈদিকঃ পন্থা বিরলীবভূবেতি পরীক্ষ্য তেষাং

যে আপনার সহিত একবার আমার সাক্ষাৎ হয়। কিন্তু সৌভাগ্যক্রমে অদ্য আপনি আমার নয়ন পথে পতিত হইয়াছেন। এই সংসারপথে অভিমত বস্তুর সহিত সংযোগ কোন ক্রমেই স্বেচ্ছামত হইতে পারে না। ৮৬।

কাল, কখন ইষ্টবস্তুর সহিত সংযোগ করিয়া থাকে, কখন বা অশুভ ফলপ্রদ অনিষ্টবস্তুর সহিত সংযোগ করিয়া থাকে। আবার কখন বা সংযোগ করিয়া পুনর্ব্বার বিয়োগ করিয়া থাকে। অতএব জগতে সুখদুঃখ কালের অধীন বলিয়া জানিতে হইবে। ৮৭।

আমি নিবন্ধ রচনা করিয়াছি; কর্ম্মমার্গ নির্ণয় করিয়াছি; নৈয়ায়িকদিগের যুক্তি সকল নিরস্ত করিয়াছি; বৈষয়িক সুখ দুঃখ সকল অনুভব করিয়াছি; কিন্তু আমি কিছুতেই এই কালকে পরিত্যাগ করিতে সমর্থ হই নাই। ৮৮।

আমি স্বতঃ সিদ্ধ বেদের প্রামাণ্য ইচ্ছা করিয়া বেদ ও লোক প্রসিদ্ধ ঈশ্বরকে নিরাকরণ করিয়াছি। হে পণ্ডিতবর! ঈশ্বর ব্যতীত যে জগৎ সুখস্বচ্ছন্দে থাকিতে পারে না, আমি সেই ঈশ্বরের নিশ্চয়ই কখন কোন অপহ্নব করি নাই। বস্তুতঃ ঈশ্বরের নাস্তিতে আমার কোন অভিপ্রায় নাই। ৮৯।

বৌদ্ধগণ সকল জগৎ আক্রমণ করিবার পর বেদোক্ত পন্থা এককালে বিরলপ্রচার হইয়া পড়িল। ইহা পরীক্ষা করিয়া তাহাদিগকে পরা-

ণম্ ॥ ৯০ ॥ সশিষ্যসঙ্ঘাঃ প্রবিশন্তি রাজ্ঞাং গেহং তদাদি স্ববশে বিধাতুং। রাজা মদীয়োঽজিরমস্মদীয়ং তদাদ্রিয়ধ্বং ন তু বেদমার্গম্ ॥৯১॥ বেদোঽপ্রমাণং বহুমানবাধাৎ পরস্পরব্যাহতিবাচকত্বাৎ। এবং বদন্তো বিচরন্তি লোকে ন কাচিদেষাং প্রতিপত্তিরাসীৎ ॥ ৯২ ॥ অবাদিষং বেদ বিঘাতদক্ষৈস্তৈর্নাশকং জেতুমবুধ্যমানঃ। তদীয়সিদ্ধান্তরহস্যবাধান্নিষেধ্যবোধাদ্ধি নিষেধ্যবাধঃ ॥৯৩॥ তদা তদীয়ং শরণং প্রপন্নঃ সিদ্ধান্তমশ্রৌষমনুদ্ধতাত্মা। অদূদুষদ্বৈদিকমেব মার্গং তথাগতো জাতু কুশাগ্রবুদ্ধিঃ ॥ ৯৪ ॥ তদাঽপতন্মে সহসাঽশ্রুবিন্দুস্তচ্চাবিদুঃ পার্শ্বনিবা-

বিজয়ায় পুরাণং বেদমার্গং সন্ত্রাতুমনা অহং প্রবৃত্তঃ ॥৯০॥ শিষ্যসঙ্ঘৈঃ সহিতাঃ সুগতাঃ রাজ্ঞো গেহং প্রবিশন্তি। তদাদি রাজাদি স্ববশে বিধাতুং রাজা মদীয়স্তথাঽজিরং বিষয়ো দেশোঽস্মদীয়স্তস্মাদ্ বেদমার্গং নৈবাদ্রিয়ধ্বং। যদ্বা তত্তস্মাদস্মদীয়মজিরমস্মদীয়শাস্ত্রবিষয়মাশ্রয়ধ্বং ন তু বেদমার্গমিতি বদন্তো বিচরন্তীতি পরেণান্বয়ঃ। অজিরং প্রাঙ্গণে চান্তে বিষয়ে দর্দুরেঽনিল ইতি মেদিনী ॥ ৯১ ॥ বেদোঽপ্রমাণং বহুমানেন প্রত্যক্ষাদিপ্রমাণেন বাধাৎ পরস্পরব্যাঘাতবাচকত্বাচ্চেত্যেবং বদন্তো লোকে বিচরন্তি স্ম। এষাং সুগতানাং কাচিৎ প্রতিপত্তিঃ প্রতিক্রিয়া নাসীৎ আখ্যা° ॥৯২॥ বেদবিঘাতদক্ষৈস্তৈরবাদিষং বাদং কৃতবান্। পরন্তু তদীয়সিদ্ধান্তরহস্যজলধীনবুধ্যমানস্তান্ জেতুং নাশকং। হি যতো নিষেধ্যস্য জ্ঞানান্নিষেধ্যস্য বাধো ভবতি নান্যথেত্যর্থঃ উ° ॥ ৯৩ ॥ তদাসীং তদীয়ং শরণং প্রপন্নোঽনুদ্ধতাত্মা তদীয়সিদ্ধান্তমশ্রৌষং। জাতু কদাচিৎ তীক্ষ্ণবুদ্ধিঃ সুগতো বৈদিকমেব মার্গমদূদুষৎ ॥৯৪॥ তদা সহসা মেঽশ্রুবিন্দুরপতৎ। তচ্চাশ্রুপতনমন্যে পার্শ্বনিবাসিনোঽবিদুস্তদা প্রভৃত্যেব ময্য-

জয় করিবার নিমিত্ত বেদমার্গ রক্ষা করিতে আমি প্রথমে প্রবৃত্ত হইয়াছিলাম। ৯০।

তখন শিষ্যগণ সমভিব্যাহারে বৌদ্ধগণ রাজা, রাজবিষয়, দেশ সমুদয়ই স্বীয়বশে রাখিবার নিমিত্ত রাজগৃহে প্রবেশ করিল এবং তাহারা সর্ব্বদাই বলিতে লাগিল—রাজা আমার, এই দেশও আমাদিগের, অতএব তোমরা কখনই বেদমার্গের উপর আদর প্রকাশ করিও না। বরং আমাদের শাস্ত্ররূপ বিষয় সকল আশ্রয় কর, কদাচ বেদপথ আশ্রয় করিও না। প্রত্যক্ষপ্রভৃতি প্রমাণের দ্বারা বেদের বাধা থাকা প্রযুক্ত এবং পরমেশ্বরের ব্যাঘাত থাকা প্রযুক্ত বেদ কখনই প্রমাণিক গ্রন্থ নহে। এই কথা বলিতে বলিতে সংসারে তাঁহারা সর্ব্বদাই বিচরণ করিয়া থাকে। কিন্তু তাহাদের কোনরূপ প্রতীকার দেখি নাই। ৯১। ৯২।

আমি বিরোধী বিচক্ষণ বৌদ্ধদিগের সহিত বিবাদ করিয়াছিলাম সত্য, কিন্তু বৌদ্ধগণের সিদ্ধান্ত রহস্য রূপ সমুদ্র না জানিয়া আমি তাঁহাদিগকে জয় করিতে পারি নাই। কারণ—নিষিদ্ধ বস্তুর জ্ঞান হইলেই নিষিদ্ধ বস্তুর বাধা হইয়া থাকে। ৯৩।

অগত্যা আমি তখন বৌদ্ধগণের শরণাপন্ন হইলাম এবং উদ্ধতস্বভাব না হইয়া বৌদ্ধগণের সিদ্ধান্ত সকল শ্রবণ করিতে বাধ্য হইলাম। কুশাগ্রের মত তীক্ষ্ণবুদ্ধি এক জন বৌদ্ধ বেদের একটী পথ দূষিত করিয়া দিল। ৯৪।

তৎকালে সহসা আমার অশ্রুবিন্দু পতিত হইল।

সিনোঽন্যে। তদা প্রভৃত্যেব বিবেশ শঙ্কা মথাপ্ত-ভাবং পরিহৃত্য তেষাম্ ॥ ৯৫। বিপক্ষপাঠী বলবান্ দ্বিজাতিঃ প্রত্যাদদদ্ দর্শনমস্মদীয়ং। উচ্চাটনীয়ঃ কথমপ্যুপায়ৈ র্নৈতাদৃশঃ স্থাপয়িতুং হি যোগ্যঃ ॥ ৯৬ ॥ সংমন্ত্র্য চেত্থং কৃতনিশ্চয়াস্তে যে চাপরে হিংসনবাদশীলাঃ। ব্যপাতয়ন্মুচ্চতরাৎ প্রমত্তং মামগ্রসৌধাদ্বিনিপাতভীরুং ॥ ৯৭ ॥ পতন্ পতন্ সৌধতলান্যরূরুহং যদি প্রমাণং শ্রুতয়ো ভবন্তি। তজ্জীবয়েঽস্মিন্ পতিতোঽসমস্থলে মজ্জীবনে তচ্ছ্রুতিমানতা গতিঃ ॥৯৮॥ যদীহ সন্দেহপদপ্রয়োগাদ্-ব্যাজেন শাস্ত্রশ্রবণাচ্চ হেতোঃ। মমোচ্চদেশাৎ পততো ব্যনংক্ষীত্তদেকচক্ষু র্বিধিকল্পনা সা ॥৯৯॥ একাক্ষরস্যাপি গুরুঃ প্রদাতা শাস্ত্রোপদেষ্টা কিমু-ভাষণীয়ং। অহং হি সর্ব্বজ্ঞগুরোরধীত্য প্রত্যাদিশে

প্তভাবং পরিহৃত্য স্থিতানাং তেষাং শঙ্কা বিবেশে বি০॥ ৯৫॥ দর্শনং শাস্ত্রং উ০ ॥৯৬॥ ইত্থং সংমন্ত্র্য কৃতনিশ্চয়াস্তে যে চান্যে অহিংসনবাদশীলাঃ বিনিপাতভীরুং বিনিপাতাৎ ভয়শীলং প্রমত্তং মামুচ্চতরাৎ শ্রেষ্ঠসৌধাদ্ ব্যপাতয়ন্ ॥ ৯৭॥ সৌধতলাৎ পতন্ অরূরুহং পুনঃ পুনরারূঢ়ঃ। যদি শ্রুতয়ঃ প্রমাণং ভবন্তি তত্তর্হ্যস্মিন্ বিষমস্থলে পতিতঃ জীবেয়ং। যতঃ শ্রুতিপ্রামাণ্যস্য মজ্জীবনেনৈব গতিঃ ॥ ৯৮ ॥ ইহ বেদপ্রামাণ্যে যদীতি সন্দেহপ্রতিপাদ্যস্য প্রয়োগাদ্ ব্যাজেন কপটেন শাস্ত্রস্য শ্রবণাচ্চ হেতোরুচ্চ-দেশাৎ পততো মম তদেকং চক্ষু র্ব্যনংক্ষীৎ। কিন্তু সা চক্ষুরস্য নাশং গচ্ছত্বিতি বিধে র্দৈবস্য কল্পনা ॥ ৯৯ ॥ একাক্ষরস্যাপি প্রদাতা গুরু র্ভবতি শাস্ত্রোপদেষ্টা স ভবতীতি কিমু বক্তব্যং। অহং তু সর্ব্বজ্ঞাৎ সুগতাৎ সর্ব্বজ্ঞঃ সুগত ইত্যমরঃ। গুরোরধীত্য

পার্শ্ববর্ত্তী অপরাপর সকলেই তাহা জানিতে পারিল। তদবধি আমার উপরে বিশ্বস্তভাব পরিত্যাগ করিয়া তাহাদের শঙ্কা উপস্থিত হয়। ৯৫।

আমাদিগের বিপক্ষদিগকে অধ্যয়ন করাইলেও এই বলবান্ ব্রাহ্মণ আমাদিগের শাস্ত্র প্রতিগ্রহ করিয়াছেন। অতএব কোন উপায়ে ইহাকে নিরাকরণ করিতে হইবে, অথচ কোনক্রমেই এক্ষণে এইস্থানে ইহার অবস্থান করা উচিত নহে। । ৯৬।

এইরূপে মন্ত্রণা করিয়া কৃতনিশ্চয় বৌদ্ধগণ ও অহিংসা পরায়ণ বৈদিকগণ সকলেই পতনভীরু ও প্রমত্ত এই হতভাগ্যকে উচ্চতর প্রাসাদ হইতে নিপাতিত করিয়া দেয়। ৯৭।

"যদি বেদ সকল প্রমাণ হয় তবে আমি যেন প্রাসাদ তল হইতে পড়িতে পড়িতে পুনঃ পুনঃ আরোহণ করিতে পারি এবং এই বিষমস্থলে পতিত হইয়াও যেন আমি জীবিত থাকি। আমার জীবন থাকিলেই শ্রুতির প্রামাণ্য সিদ্ধ হইবে" ।৯৮।

বেদের প্রামাণ্যে সন্দেহযোগ্য বিষয়ের প্রয়োগ হেতু ও কপটে শাস্ত্রশ্রবণ হেতু উচ্চতর প্রদেশ হইতে পতিত হইবার সময় যদিচ আমার এক চক্ষু নষ্ট হইয়াছে সত্য, তথাপি সেই কাণত্ব দৈব কল্পনা অবশ্য বলিতে হইবে। ৯৯।

যিনি একটী অক্ষর প্রদান করিয়া থাকেন শাস্ত্র মত তিনিই গুরু। অতএব যিনি শাস্ত্রের উপদেষ্টা তিনি যে অবশ্যই গুরু তাহা আর বলিতে হয় না। আমি বৌদ্ধ গুরুর নিকট হইতে অধ্যয়ন করিয়া

তেন গুরো র্মহাগঃ ॥১০০॥ তদেবমিত্থং সুগতাদধীতা প্রাঘাতয়ং তৎ কুলমেব পূর্ব্বং । জৈমিন্যুপজ্ঞেভিঃ-নিবিষ্টচেতাঃ শাস্ত্রে নিরাস্থং পরমেশ্বরঞ্চ ॥ ১০১ ॥ দোষদ্বয়স্যাস্য চিকীর্ষু র্রর্হন্ ! যথোদিতাং নিষ্কৃতি-মাশ্রয়াশং । প্রাবিক্ষমেষা পুনরুক্তভূতা জাতাঽভবৎ পাদনিরীক্ষণেন ॥ ১০২ ॥ ভাষ্যং প্রণীতং ভবতেতি যোগিন্নাকর্ণ্য তত্রাপি বিধায় বৃত্তিম্ । যশোঽধি-গচ্ছেয়মিতিস্ম বাঞ্ছা স্থিতা পুরা সম্প্রতি কিং তদুক্ত্যা ॥ ১০৩॥ জানে ভবন্তমহমার্য্যজনার্থজাত-মদ্বৈতরক্ষণকৃতে বিহিতাবতারম্ । প্রাগেব চেন্নয়নবর্ত্ম কৃতার্থয়েথাঃ পাপক্ষয়ায় বত নেদৃশমাচরি-ষ্যম্ ॥ ১০৪ ॥ প্রায়োঽধুনা তদুভয়প্রভবাঘশান্ত্যৈ

তেনাধীতেন গুরো র্মহাগঃ প্রত্যাদিশে প্রত্যর্পিতবান্ ॥ ১০০॥ মহাপরাধমেবাহ । তদেবমনেন প্রকারেণ সুগতাদধীত্য তস্য সুগতস্য কুলমেবাদৌ প্রাঘাতয়ং। জৈমিনেরুপজ্ঞা আদ্যং জ্ঞানং যত্র, উপজ্ঞা জ্ঞানমাদ্যং স্যাদিত্যমরঃ। তস্মিন্ শাস্ত্রেঽভিনিবিষ্টং চেতো যস্য সঃ অহং পরমেশ্বরঞ্চ নিরাস্থং নিরস্তবান্ ॥ ১০১ ॥ অস্যোদাহৃতস্য দোষদ্বয়স্য যথোক্তাং নিষ্কৃতিং চিকীর্ষু র্হে অর্হন্! আশ্রয়াশং পাবকং প্রাবিক্ষং প্রবেশং কৃতবানস্মি। আশ্রয়াশো বৃহদ্ভানুঃ কৃশানুঃ পাবকোঽনলইত্যমরঃ। তব পাদনিরীক্ষণস্য নিষ্কৃতিরূপত্বাদেষা নিষ্কৃতিস্তব পাদনিরীক্ষণেন পুনরুক্তভূতা জাতা সম্পন্না ॥ ১০২ ॥

নন্থ শাবরভাষ্যবদস্মদ্ভাষ্যেঽপি ত্বয়া বার্ত্তিকং কর্ত্তব্যং স্থিত-মিতি চেত্তত্রাহ। ভাষ্যং ভবতা প্রণীতমিতি শ্রুত্বা হে যোগিন্! ভবৎপ্রণীতে ভাষ্যে বৃত্তিং বিধায় যশোঽধিগচ্ছেয়মিতি বাঞ্ছা পুরা স্থিতা। পরন্তু সম্প্রতি তদুক্ত্যা কিং নিষ্ফলত্বাৎ। স্মেতি পাদ-পূরণে ॥ ১০৩ ॥ আর্য্যাণামর্থে জাতমার্য্যাণামর্থসমুদায়ো যস্মা-ত্তথাভূতমিতি বা আর্য্যজনার্থং জাতমিতি বা। পুনশ্চাদ্বৈতর-ক্ষণায় বিহিতোঽবতারো যেন তথাভূতং ভবন্তমহং জানামি। অতো যদি তুষানলপ্রবেশাৎ প্রাগেব পাপক্ষয়ায় মম নেত্রমার্গং কৃতার্থয়েথাস্তর্হি হে যতে! ঈদৃশং প্রায়শ্চিত্তং নাচরিষ্যং বত ॥ ১০৪ ॥ অধুনা তু প্রায়ো গুরুদ্রোহেশ্বরনিরাসপ্রভবাঘশান্ত্যর্থ-

অধীত শাস্ত্রদ্বারা গুরুর উপর মহৎ অপরাধ প্রত্য-র্পণ করিয়াছি। ১০০।

আমি এইরূপে বুদ্ধের নিকট হইতে শাস্ত্র সকল অধ্যয়ন করিয়া বুদ্ধকুল পূর্ব্বেই বিনষ্ট করিয়াছি এবং জৈমিনির আদ্য জ্ঞানে অর্থাৎ মীমাংসাদর্শনে অভিনিবিষ্টচিত্তে ঈশ্বরের নাস্তিত্ব প্রমাণ করিয়াছি। ।১০১।

হে বিজ্ঞতম ! এই দুই প্রকার দোষের নিষ্কৃতি পাইবার ইচ্ছা করিয়া এক্ষণে অনলে প্রবেশ করি-য়াছি। আপনার পাদ-দর্শন করিলেও নিষ্কৃতি হইয়া থাকে, সুতরাং অনলে প্রবেশ করিয়া এক্ষণে নিষ্কৃতি লাভ করা পুনরুক্তদোষে দূষিত হইল। ১০২।

হে যোগিবর ! আপনি ভাষ্যপ্রণয়ন করিয়া-ছিলেন আমি তাহা শ্রবণ করিয়া সেই ভাষ্যের বৃত্তি করিয়া যশোভাজন হইতে বাঞ্ছা করি। সম্প্রতি আর সে কথায় আমার কোন প্রয়োজন নাই।১০৩।

আপনি আর্য্য জনের নিমিত্ত উৎপন্ন হইয়া-ছেন ; অদ্বৈতমত রক্ষা করিবার নিমিত্ত ভূতলে অবতীর্ণ হইয়াছেন ; তাহা আমিও অবগত হই-য়াছি। কিন্তু যদি আপনি তুষানলে প্রবেশ করি-

প্রাবিক্ষমার্য্য ! তুষপাবকমাত্তদীক্ষঃ। ভাগ্যং ন মেঽভূনি হি শাবরভাষ্যবত্ত্বদ্ভাষ্যেঽপি কিঞ্চন বিলিখ্য যশোঽধিগন্তুম্ ॥১০৫॥ ইত্যুচিবাংসমথ ভট্টকুমারিলং তমীষদ্বিকস্বরমুখাম্বুজমাহ মৌনী। শ্রুত্যর্থকর্ম্মবিমুখান্ সুগতানিহন্তুং জাতং গুহং ভুবি ভবন্তমহন্তু জানে ॥ ১০৬। সম্ভাবনাঽপি ভবতো নহি পাতকস্য সত্যং ব্রতং চরসি সজ্জনশিক্ষণায়। উজ্জীবয়ামি করকাম্বুকণোক্ষণেন ভাষ্যেঽপি মে রচয় বার্ত্তিকমঙ্গ ভব্যম্ ॥১০৭॥ ইত্যুচিবাংসং বিবুধাবতংসং স ধর্ম্মবিদ্ ব্রহ্মবিদাং বরেণ্যং। বিদ্যাধনঃ শান্তিধনাগ্রগণ্যং সপ্রশ্রয়ং বাচমুবাচ ভূয়ঃ ॥ ১০৮ ॥ নার্হামি শুদ্ধমপি লোকবিরুদ্ধকৃত্যং কর্ত্তুং মযীড্য।

মাত্তদীক্ষস্তুষানলং হে আর্য্য ! প্রাবিক্ষং। মম ভাগ্যাভ্যুদয় এব ভবদ্ভাষ্যবার্ত্তিকাকরণনিদানমিত্যাহ ভাগ্যমিতি ॥ ১০৫ ॥

এব অভাব পদার্থের আধার ইন্দ্রিয়ের নিকটবর্ত্তী হইলে ঐস্থানে বিশেষণের নৈকট্য সম্বন্ধ অবশ্য স্বীকার করিতে হইবে। কিন্তু আত্মার ঐ ইন্দ্রিয়ের উপর কোন নৈকট্যসম্বন্ধ নাই। বস্তুতঃ আত্মার আধার এবং ইন্দ্রিয়সংযোগ কখনই কারণ নহে। "পরমতে কর্ণবলয়াবচ্ছিন্ন নভোভাগের নাম শ্রবণেন্দ্রিয় কথিত হইয়াছে। ঐ শ্রবণেন্দ্রিয় দ্বারা গ্রাহ্য যে শব্দ, ঐশব্দের অভাব, তখন শব্দের অধিকরণ রূপে বিদ্যমান থাকে। অতএব স্বীয়পদার্থ দ্বারা স্বকীয় পদার্থের অনৈকট্য সম্বন্ধ বা অসংযোগ থাকাতে কিম্বা অধিকরণ এবং ইন্দ্রিয়সংযোগের অভাববশতঃ শব্দের অভাবে যে তাহার প্রত্যক্ষ হয় না" ইহা অত্যন্ত দূষণীয়। ৯৫।

ইহা সহ্য করিতে না পারিয়া মণ্ডন বলিলেন—আপনি যে বলিয়াছেন, 'ভেদের আধার আত্মার, কখন কোন ইন্দ্রিয়ের সহিত সংযোগ হয় না' ইহা যুক্তিসঙ্গত নহে। কারণ, চিত্ত এবং আত্মা উভয়েই দ্রব্যপদার্থ। সুতরাং দ্রব্যপদার্থ যে

বাণুমাত্রঃ সংযোগিতা নোভযথাপি যুক্তা। দৃষ্টা হি সা সাবয়বস্য লোকে সংযোগিতা সাবয়বেন যোগিন্! ॥ ৯৭ ॥ মনোঽক্ষমিত্যভ্যুপগমা ভেদা- সঙ্গিত্বমুক্তং প[illegible]তস্তু। সাহায্যকৃল্লোচনপূর্ব্বকস্য দীপাদিবন্নেন্দ্রিয়মেব চিত্তং ॥৯৮॥ ভেদপ্রমানেন্দ্রিয়- জাঽস্তু তর্হি সাক্ষিস্বরূপেব তথাপি যোগিন্।। তয়া

চিত্তাত্মনো দ্রব্যত্বেনোভয়োরপি সংযোগসমাশ্রয়ত্বমস্ত্বেব ইত্যং ॥ ॥ ৯৬ ॥ এবমাক্ষিপ্তো ভগবান্ বিকল্প্যাক্ষেপং প্রক্ষিপতি। আত্মা বিভুঃ স্যাদথবাণুমাত্রঃ পক্ষদ্বয়েঽপি সংযোগিতা ন যুক্তা হি যস্মাৎ সাবয়বস্য সাবয়বেন সা সংযোগিতা লোকে দৃষ্টা তস্মাদিত্যর্থঃ। ভার্য্যাদিযোগিত্বমনুভূতমপলপিতুমনর্হোঽসীতি কটাক্ষেণ সম্বোধয়তি। হে যোগিন্নিতি ॥ ৯৭ ॥ কিঞ্চ মন ইন্দ্রিয়মিত্যঙ্গীকৃত্য ভেদেনাস্যাসঙ্গিত্বমুক্তং বস্তুতস্তু মনো নেন্দ্রিয়ং চক্ষুরাদিসহকারিত্বাৎ দীপবৎ। ইন্দ্রিয়েভ্যঃ পরা হ্যর্থা অর্থেভ্যশ্চ পরং মনইত্যাদি শ্রুত্যা মনসোঽনিন্দ্রিয়ত্বাবধারণাদেবেত্যুক্তং। মনঃ ষষ্ঠানীন্দ্রিয়াণীতি বচনং তু ন মনস ইন্দ্রিয়ত্বে প্রমাণং যজমানপঞ্চমা ইড়াং ভক্ষয়ন্তি। বেদানধ্যাপয়ামাস মহাভারতপঞ্চমানিত্যাদিবদনিন্দ্রিয়েণাপি মনসা ষষ্ঠত্বসংখ্যাপূর্ণত্বসম্ভবাৎ। ইন্দ্রিয়াণাং মনশ্চাস্মীতি বচনমপি নক্ষত্রাণামহং শশীতিবৎ ন মনস ইন্দ্রিয়ত্বে প্রমাণমিতি উ৹ ॥ ৯৮ ॥ এবং

সংযোগনামক গুণপদার্থের আধার হইবে, ইহা বিচিত্র নহে। ৯৬।

ভগবান্ বলিলেন—আত্মা যদি বিভু অর্থাৎ সর্ব্বব্যাপী অথবা পরমাণু হয় তথাপি কিছুতেই তাঁহার সংযোগসম্বন্ধ হয় না। হে যোগিন্! (অর্থাৎ আপনার অনুভূত ভার্য্যা এবং অর্থপ্রভৃতি বস্তুর যোগ বিদ্যমান আছে, তাহা আপনি কিছুতেই গোপন করিতে পারেন না। এইজন্য শ্লেষবাক্যে আচার্য্য মণ্ডনকে যোগী বলিয়া সম্বোধন করিয়াছেন। সংযোগ হইতে না পারিবার কারণ এই,এই জগতে অবয়ববিশিষ্ট পদার্থের সহিত অবয়ববিশিষ্ট পদার্থেরই সংযোগ হইয়া থাকে, ইহা সকল জনের প্রত্যক্ষ। অপিচ "মনকে ইন্দ্রিয় বলিয়া অঙ্গীকার করিয়া ভেদ থাকাতে মনের কখন সংযোগ হইতে পারে না' ইহাও আপনি উল্লেখ করিয়াছেন। বস্তুতঃ মন ইন্দ্রিয় নহে। প্রদীপ যদ্রূপ পদার্থপ্রকাশের সহকারী কারণ, তদ্রূপ মনও চক্ষুরাদি ইন্দ্রিয়ের সহকারী কারণ। 'ইন্দ্রিয়েভ্যঃ পরা হ্যর্থা অর্থেভ্যশ্চ পরং মনঃ' পদার্থ সকল ইন্দ্রিয় সমূহ হইতে পৃথক্ বস্তু এবং মনও ঐ বিষয় সকল হইতে সম্পূর্ণ পৃথক্। এই শ্রুতিবচনদ্বারা মন যে ইন্দ্রিয় নহে তাহা অবধারিত হইয়াছে। তবে যে 'মনঃ ষষ্ঠানীন্দ্রিয়াণি' মন ষষ্ঠ ইন্দ্রিয়। এই বচনদ্বারা মন ইন্দ্রিয় বলিয়া প্রমাণ হয় নাই। 'যজমান পঞ্চমা ইড়াং ভক্ষয়ন্তি' যজমানকে লইয়া পাঁচজন লোক ইড়া (নাড়ী) ভক্ষণ করিতেছে। বেদানধ্যাপয়ামাস মহাভারতপঞ্চমান্; মহাভারতকে লইয়া পাঁচখানি বেদ অধ্যয়ন করাইয়াছিলেন। কিন্তু এই সকল বচনের মতন মন ইন্দ্রিয় না হইয়াও কেবল মাত্র ছয়টি সংখ্যা পূরণ করিবার জন্য ঐরূপে উক্ত হইয়াছে। 'ইন্দ্রিয়াণাং মনশ্চাস্মি' আমি ইন্দ্রিয়ের মধ্যে মন হইতেছি। এই বচনও বৃথা। কারণ, 'নক্ষত্রাণামহং শশী' আমি নক্ষত্রদিগের মধ্যে চন্দ্র। এই বচনের মত

বিরোধাৎ পরমাত্মজীবাভেদং [illegible] বোধয়িতুং প্রমাণম্ ॥ ৯৯ ॥ প্রত্যক্ষমাত্মে[illegible]বিদ্যামায়াযুজো দ্যো`তযতি প্রভেদং। শ্রুতিস্তয়োঃ কেবলয়োরভেদং ভিন্নাশ্রয়ত্বান্ন তয়ো র্ব্বিরোধঃ ॥১০০॥ স্যাদ্ বা বিরোধস্তদপি প্রবৃত্তং প্রত্যক্ষমগ্রেঽবলমেব

নিরুদ্ধো মণ্ডন আহ। ভেদপ্রমেন্দ্রিয়জা ন চেত্তর্হি সাক্ষিস্বরূপৈবাস্তু তথাপি হে যোগিন্! তয়া সাক্ষিরূপয়া ভেদপ্রময়া বিরোধাৎ পরমাত্মজীবয়োরভেদং বোধয়িতুং কথং প্রমাণং তত্ত্বমস্যাদিবাক্যমিতি শেষঃ ॥ ৯৯ ॥ মণ্ডনোক্তমঙ্গীকৃত্য বিষয়ভেদাদ্বিরোধং পরিহরতি ভগবান্ সাক্ষিস্বরূপং প্রত্যক্ষং জীবাত্মপরমাত্মনোরবিদ্যামায়াযুক্তয়োঃ প্রভেদং দ্যোতযতি শ্রুতিস্তু তদ্‌বিনির্ম্মুক্তয়োঃ শুদ্ধয়োস্তয়ো র্জীবেশ্বরয়োরভেদং দ্যোতযতীত্যেবং শ্রুতিপ্রত্যক্ষয়ো র্ভিন্নাশ্রয়ত্বান্ন বিরোধঃ ॥ ১০০ ॥ বিরোধমঙ্গীকৃত্যাপি পরিহরতি স্যাদ্বা বিরোধস্তদপ্যগ্রেঽবরং প্রথমং প্রবৃত্তং বলহীনং ভেদপ্রত্যক্ষমেব প্রাবল্যবত্যা ভেদবাদিশ্রুত্যা-চরমপ্রবৃত্ত্যা বাধ্যং। অপচ্ছেদন্যায়েনোক্তয়া রীত্যাঽপচ্ছেদনয় ইতি বা। তথাচ ষাষ্ঠং পারমর্ষং সূত্রং পৌর্ব্বাপর্য্যে পূর্ব্বদৌর্ব্বল্যং প্রকৃতিবদিতি জ্যোতিষ্টোমে বহিঃ পবমানার্থং বির্ধানান্নির্গচ্ছতাং ঋত্বিগ্‌যজমানানাং অধ্বর্য্যুং প্রস্তোতাঽন্বারভতে প্রস্তোতারমুদ্গাতারং প্রতিহর্ত্তেত্যাদিনাঽন্বারম্ভণং। বিহিতং তদ্বিচ্ছেদনিমিত্তং প্রায়শ্চিত্তং শ্রূয়তে যদ্যুদ্গাতাঽপচ্ছিদ্যেতাদক্ষিণং তং যজ্ঞমিষ্ট্বা তেন পুনর্যজেত তত্র তদ্দদ্যাৎ যৎ পূর্ব্বস্মিন্নদাস্যং

উক্ত বচনটী মনের ইন্দ্রিয়ত্ব প্রমাণ করে নাই। । ৯৭ । ৯৮ ।

মণ্ডন বলিলেন—যদি ভেদবুদ্ধি ইন্দ্রিয় হইতে না হয়, কিন্তু ইন্দ্রিয়ের সাক্ষিস্বরূপ হইবার আপত্তি কি ?। হে যোগিবর! ইন্দ্রিয়ের সাক্ষিস্বরূপ ভেদবুদ্ধি থাকিলে বিরোধ হয়। অতএব 'তত্ত্বমসি'-বেদবাক্য জীবাত্মা এবং পরমাত্মার অভেদ কেন না নিরূপণ করিয়া দিবে ? । ৯৯ ।

মণ্ডনের কথা স্বীকার করিয়া লইয়া বিষয়ভেদ থাকাতে ভগবান্ বিরোধ খণ্ডন করিতে লাগিলেন—প্রত্যক্ষ প্রমাণ সাক্ষিস্বরূপ, ঐ প্রত্যক্ষপ্রমাণ অবিদ্যা এবং মায়াযুক্ত জীবাত্মা এবং পরমাত্মার ভেদ প্রকাশ করিয়া থাকে। কিন্তু বেদবচনদ্বারা অবিদ্যা এবং মায়াযুক্ত কেবল জীবাত্মা এবং পরমাত্মারই অভেদ প্রকাশ পাইয়া থাকে। এইরূপে শ্রুতি ও প্রত্যক্ষ প্রমাণে পরস্পর ভিন্ন ভিন্ন পদার্থ আশ্রয় করাতে কোন বিরোধের সম্ভাবনা নাই। । ১০০ ।

বিরোধ অঙ্গীকার করিয়া লইয়া পুনরায় ভগবান্ খণ্ডন করিবার জন্য বলিলেন,—যদি এবিষয়ে বিরোধ হয় হউক। কিন্তু মীমাংসাদর্শনে যেরূপ অপচ্ছেদ (বিচ্ছেদন্যায়) উক্ত হইয়াছে এবং তাহাদ্বারা যেরূপ দুর্ব্বলের বাধ হয়, তদ্রূপ ভেদবোধক প্রবল শ্রুতিবচনে শেষপ্রবৃত্ত বস্তু দ্বারা প্রথম প্রবৃত্ত দুর্ব্বল ভেদপদার্থের যে প্রত্যক্ষ জ্ঞান বাধিত হইবে তাহা অযৌক্তিক নহে। "পৌর্ব্বাপার্য্যে পূর্ব্বদৌর্ব্বল্য প্রকৃতিবৎ" জ্যোতিষ্টোমযাগে বহির্দ্দেশে যে স্থানে পবিত্র বস্তু সকল বিদ্যমান থাকে, সেই ঘৃতের আধার যজ্ঞবেদি হইতে নির্গত ঋত্বিক্ ও যজমান দিগের মধ্যে প্রথমে যিনি কার্য্য প্রস্তুত করেন তিনি ঋত্বিকের পর কার্য্য আরম্ভ করিবেন। পরে সমস্তবস্তুর আহরণকর্ত্তা, প্রস্তাবকর্ত্তা এবং বেদ-

বাধ্যং। প্রাবল্যবত্যা চরমপ্রবৃত্ত্যা শ্রুত্যা হৃতচ্ছেদ-

—ত্বাৎ যদি প্রতিহর্ত্তাঽপচ্ছিদ্যেত সর্ব্ববেদং সন্দদ্যাদিতি তত্রোদ্গাতৃপ্রতিহর্ত্রোঃ ক্রমেণ বিচ্ছেদে বিরুদ্ধপ্রায়শ্চিত্তয়োঃ সমুচ্চয়াসম্ভবাৎ কিং পূর্ব্বং কার্য্যমুত পরমিতি বিষয়েঽনুপজাতবিরোধিত্বয়া পূর্ব্বমিতি প্রাপ্তে রাদ্ধান্তঃ পৌর্ব্বাপর্যে সতি নিমিত্তয়োঃ পূর্ব্বস্থ নৈমিত্তিকস্থ দৌর্ব্বল্যং উত্তরস্থ পূর্ব্বনিরপেক্ষস্থ তদ্বাধকতয়োদিতত্বাৎ পূর্ব্বোদয়কালে উত্তরস্যাপ্রাপ্তত্বেন পূর্ব্বেণ বাধ্যত্বযোগাৎ। তদুক্তং পূর্ব্বং পরমজাতত্বাদবাধিত্বৈব জায়তে পরস্যানন্যথোৎপাদান্ন ত্ববাধেন সম্ভবঃ। তত্র দৃষ্টান্তঃ প্রকৃতিবৎ। যথা প্রকৃতৌ কৃতোপকারাঃ কুশাঃ প্রথমমতিদেশেন বিকৃতাবুপকারাকাঙ্ক্ষিণ্যাং প্রাপ্তাঃ কল্প্যোপকারচরমভাবিভিরপি কুশৈর্নিরপেক্ষৈর্ব্বাধ্যন্তে তদ্বৎ তথাচ যথা প্রথম প্রবৃত্তং দুর্ব্বলং পূর্ব্বনৈমিত্তিকমেব পশ্চাৎ প্রবৃত্তেন প্রবলেনোত্তরেণ নৈমিত্তি-

গানকর্ত্তার পর আপন আপন কার্য্য সকল আরম্ভ করিবেন। এইরূপে পর পর পরস্পরের কার্য্য-আরম্ভ কথিত হইয়াছে। যদি ঐ নিয়মের কোন বৈপরীত্য ঘটে, তন্নিমিত্ত প্রায়শ্চিত্ত করিতে হইবেক। যদি বেদগানকর্ত্তা ঐ কার্য্যের নিয়ম ভঙ্গ করেন তবে দক্ষিণাশূন্য যাগের অনুষ্ঠান-পূর্ব্বক পুনর্ব্বার ঐ যাগ করিবেন। এবং যাহা প্রথমে দান করা উচিত ঐ যজ্ঞে তিনি তাহাই দান করিবেন। এবং যদি আহরণকর্ত্তা ক্রমভঙ্গ করেন তাহা হইলে তিনি সমগ্রবেদ দান করিবেন। ঐ যজ্ঞে বেদগানকর্ত্তা ও বস্তুসংগ্রহকর্ত্তার ক্রমান্বয়ে নিয়ম ভঙ্গ হইলে প্রায়শ্চিত্ত বিরুদ্ধ হয়, সুতরাং প্রায়শ্চিত্ত কখন এককালে হইতে পারে না। এক্ষণে জিজ্ঞাসা করি ঐ কার্য্য পূর্ব্বে হইবে? কি পরে হইবে? এই বিষয়ে যদি কোন বিরোধ না জন্মে তবে প্রথমেই কার্য্য করিতে হইবে ইহাই সিদ্ধান্ত।

নয়োক্তরীত্যা ॥ নন্বেবমপ্যস্ত্যনুমানবোধো ভেদশ্রুতে চক্রবর্ত্তিন্!। ঘটাদিবদ্ ব্রহ্ম

কেন বাধ্যং তদ্বদ্ যথোক্তং প্রত্যক্ষমেব যথোক্তশ্রুত্যা বাধ্যং। হি শব্দলোকপ্রসিদ্ধিন্দ্যোতয়তি তথাপূর্ব্বং প্রবৃত্তরজতজ্ঞানমেব-পশ্চাৎ প্রবৃত্তেন শুক্তিজ্ঞানেন বাধ্যমন্যথা তদনপবাধনে তদনপবাধনাত্মকস্থ তস্যোৎপত্ত্যনুপপত্তেস্তদ্বদিত্যর্থঃ ইত্যাদ্যর্থ০ ॥ ১০১ ॥ এবমুক্তো মণ্ডনোঽয়ং জীবো ব্রহ্মনিরূপিতভেদবান্। অসর্ব্বজ্ঞত্বাৎ ঘটাদিবদিত্যনুমানেন শ্রুতের্ব্বাধং শঙ্কতে। নন্বেবং প্রত্যক্ষেণাভেদ শ্রুতেঽর্ব্বাধাভাবেঽপি হে সংযমিচক্রবর্ত্তিন্! ইত্যনেন তর্কানধিকারং দ্যোতয়তি। অনুমানেনাভেদশ্রুতের্ব্বাধোঽস্তি তদেব দর্শয়তি ঘটাদিবদিতি। অপলক্ষণমেতদ্ ব্রহ্মধর্ম্ম-

কার্য্য সকল অগ্রপশ্চাৎ হইলে দুইটী নিমিত্তের মধ্যে প্রথম নৈমিত্তিক কার্য্য দুর্ব্বল এবং পূর্ব্ব কার্য্য অপেক্ষা না করিয়া পরবর্ত্তী নৈমিত্তিককার্য্যের বাধ হয়। প্রথমকার্য্য প্রথম হইলে পরকার্য্য তাহাতে সংলগ্ন হয় না, সুতরাং পূর্ব্বকার্য্যদ্বারা পরকার্য্যের বাধ হইতে পারে না। ঐ বিষয়ে দৃষ্টান্ত এই—'প্রকৃতিবৎ' অর্থাৎ যেরূপ যজ্ঞীয় প্রকৃতিবিষয়ে যে সমস্ত কুশ উপকার করিয়াছে ঐ সকল কুশ প্রথমে তাহাদিগকে লঙ্ঘন করিলে যজ্ঞীয়কার্য্যের বিকৃতি করিবার জন্য তথায় উপস্থিত হয়। অনন্তর যে সমস্ত কুশ উপকার করিবে বলিয়া কল্পনা করা যায়, এবং যে সমস্ত কুশ শেষে উৎপন্ন হয়, সেই সমস্ত নিরপেক্ষ কুশদ্বারা যেরূপ পূর্ব্বোক্ত কুশ সমূহের বাধ হইয়া থাকে, এস্থানেও অবিকল তদ্রূপ জানিবেন। এবং যেরূপ প্রথমে প্রবৃত্ত দুর্ব্বল ও আদিম নৈমিত্তিককার্য্য শেষে প্রবৃত্ত, প্রবল ও পরবর্ত্তী নৈমিত্তিক কার্য্যদ্বারা

নিরূপিতেন ভেদেন যুক্তোঽয়মসর্ব্ববিত্ত্বাৎ ॥১০২॥ কিমেষ ভেদঃ পরমার্থভূতঃ প্রসাধ্যতে কাল্পনিকোঽথবাদ্যে। দৃষ্টান্তহানিশ্চরমে তু বিম্বগ্রীকৃতোঽস্মাভিরসাধনীয়ঃ ॥ ১০৩ ॥ স্বপ্রত্যয়াবাধ্যভিদাশ্রয়ত্বং সাধ্যং ঘটাদৌ চ তদস্তি যোগিন্!। ত্বয়াত্মযো-

কভেদপ্রতিযোগিত্বস্তাপি অসর্ব্বজ্ঞত্বাদিতি পদার্থত্বাবিজ্ঞাত্বাপ্নুণলক্ষণং পদং ব্রহ্মতদর্থত্বাবচ্ছেদত্বাত্তন্নিয়ম্যত্বাদিতি বা উ০ ॥১০২॥

মণ্ডনোক্তমনুমানং বিকল্প্য দূষয়তি ভগবান্ ভাষ্যকারঃ। কিমেষ ব্রহ্মনিরূপিতো ভেদঃ পরমার্থভূতঃ প্রসাধ্যতেঽথবা কাল্পনিকঃ। আদ্যে দৃষ্টান্তহানিঃ ঘটাদেস্তত্ত্বভেদবত্ত্বতৎপ্রতিযোগিত্বয়োরভাবাৎ। অন্তে তু স্বীকৃতোঽস্মাভি র্ন সাধনীয়ঃ পরস্পরপ্রতিযোগিককাল্পনিকব্যাবহারিকভেদস্যাস্মাভিরপ্যঙ্গীকৃতত্বাৎ সিদ্ধসাধনমিত্যর্থঃ। এতেন জীবস্য ব্রহ্মণো ভেদাভাবে তন্নিয়ম্যত্বানুপপত্তিরপি প্রত্যুক্তা নিয়ম্যত্বাদেঃ স্বসমানসত্তাকনিয়ন্ত্রাদিভেদসাপেক্ষত্বাত্তস্য চ স্বীকারাৎ ॥ ১০৩ ॥ এবমুক্তো মণ্ডন আহ। ব্রহ্মনিরূপিতস্বজ্ঞানাবাধ্যভেদবত্ত্বং সাধ্যং তচ্চ ঘটাদাবস্তি আত্মজ্ঞানেন ঘটাদিগতভেদস্যাবাধ্যত্বাৎ হে

বাধিত হইয়া থাকে, তদ্রূপ প্রত্যক্ষ প্রমাণের যথাবিধি বেদবচনদ্বারা বাধ হইবে। অপিচ-যেরূপ প্রথমজাত রজতজ্ঞানের পরক্ষণজাত শুক্তি (ঝিনুক) জ্ঞানদ্বারা বাধ হয়; একের বাধ না হইলে অপরের যে যে পদার্থ আছে তাহারও উৎপত্তি হয় না, এস্থলেও অবিকল সেইরূপ জানিবেন। ।১০১।

শঙ্করের কথা শুনিয়া মণ্ডন অনুমানদ্বারা শ্রুতির বাধ দেখাইবার জন্য মনে মনে শঙ্কা করিতে লাগিলেন। যদিচ প্রত্যক্ষপ্রমাণদ্বারা অভেদ শ্রুতির ভেদ হইবার সম্ভাবনা নাই; বাধ হইবার সম্ভাবনা নাই, কিন্তু অনুমানদ্বারা যে অভেদ শ্রুতির বাধ হইবে, আপনি তাহার কিরূপে খণ্ডন করিবেন?। হে যোগিরাজ! অজ্ঞান বলিয়া ঘটপটাদি পদার্থ যেরূপ ব্রহ্মপদার্থ হইতে পৃথক্, ব্রহ্ম তদ্রূপ অসর্ব্বজ্ঞত্ব হেতু ভেদবিশিষ্ট জীবাত্মাও ব্রহ্মপদার্থের সহিত ভেদবিশিষ্ট। অতএব এইরূপ অনুমান প্রমাণদ্বারা অভেদশ্রুতির ভেদ বা বাধ হওয়া অযুক্ত নহে ॥ ১০২ ॥

ভগবান্ ভাষ্যকার মণ্ডনের বাক্য দুইরূপে বুঝিয়া দোষ দিতে লাগিলেন। এই যে ব্রহ্মনিরূপিত ভেদ, ইহা কি যথার্থ? না কাল্পনিক?। যদি যথার্থ বলিয়া স্বীকার করেন, তাহা হইলে যে ঘটাদির দৃষ্টান্ত দিয়াছেন, তাহার ব্যাঘাত হয়। অর্থাৎ ঘটাদির ঐরূপ ভেদ অথবা ঘটাদির অভাব স্বীকার করা হয়। যদি কাল্পনিক ভেদ স্বীকার করেন, তাহা আমরাও স্বীকার করিয়া থাকি। অর্থাৎ সংসার দশায় আমাদের মতেও কাল্পনিক এবং ব্যবহারিক ভেদ স্বীকৃত হইয়া থাকে। সুতরাং যাহা স্বীকার করিয়াছি, তাহার জন্য আর কষ্ট কল্পনা করিব কেন। এই কথা দ্বারা ঈশ্বরের সহিত প্রত্যেক বস্তুর যে নিয়ম্যনিয়ামক সম্বন্ধ আছে তাহাও পরাস্ত করা হইল। ১০৩।

মণ্ডন বলিলেন—ব্রহ্মস্থিত ব্রহ্মজ্ঞানদ্বারা ভেদের বাধ হয় না এবং ঐ ভেদের আশ্রয় অনুমান প্রমাণদ্বারা সাধ্য (অর্থাৎ তাহারই অনুমান করিতে হইবে)। এবং ঐ সাধ্য (অনুমেয়) ঘটাদিতে অবশ্যই বিদ্যমান আছে।

ধেন ভিদা ন বাধ্যেত্যনভ্যুপেতেতি ন কোঽপি দোষঃ ॥১০৪॥ ননু স্বশব্দেন সুখাদিমান্ বা বিবক্ষিতস্তদ্বিধুরোঽথবাত্মা। আদ্যোঽস্মদিষ্টং ন তু সাধ্যমন্তে দৃষ্টান্তহানিঃ পুনরেব তে স্যাৎ ॥ ১০৫ ॥

যোগিন্নৌপাধিকভেদবস্তু বিবক্ষিতং সাধ্যমিহানুমিতৌ। ঔপাধিকত্বীশ্বরজীবভেদো ঘটেশভেদে

যোগিন্! আত্মজ্ঞানেন ন বধ্যা ভিদা ত্বয়াঽনভ্যুপেতা আত্মজ্ঞানাবাধ্যো ভেদস্ত্বয়া নাঙ্গীকৃতঃ স চাস্মাভিঃ সাধনীয় ইতি হেতো র্ন কোঽপি দৃষ্টান্তহান্যাদিরূপো দোষঃ ॥ ১০৪ ॥ এতদপি বিকল্প্য দূষয়তি ভগবান্। ননু স্বশব্দেন সুখাদিমান্ জীবপদবাচ্যঃ কর্ত্রাদিরূপ আত্মা বিবক্ষিতোঽথবা সুখাদিরহিতঃ। আদ্যে সুখদুঃখাদিমতঃ শরীরিণঃ প্রত্যয়েনাবাধ্যস্য ব্যাবহারিকানির্ব্বচনীয়ভেদস্যাস্মদিষ্টত্বাদেব তৎ সাধ্যং। অন্তে দৃষ্টান্তহানিঃ পুনরেব তে স্যাৎ। ঘটাদেঃ সুখদুঃখাদিবিধুরাত্মজ্ঞানবিলসিতত্বেন তযোঃবাধ্যত্বস্বীকারাত্তয়োঃবাধ্যস্য ভেদস্য কাপ্যনভ্যুপগমাৎ ঘটাদাবপি ব্যাপ্ত্যভাবেন ব্যাপ্যত্বাসিদ্ধেঃ ॥ ॥ ১০৫ ॥ এবমুক্তো মণ্ডন আহ। হে যোগিন্! অনৌপাধি-

কভেদবস্ত্বিহাস্মিন্ অনুমানে বিবক্ষিতং। ননু জীবেশভেদস্য নিরুপাধিকত্বেঽপি ঘটাদিভেদবন্মিথ্যাত্বোপপত্তেঃ সিদ্ধসাধনতাপি তদবস্থেত্যাশঙ্ক্যাহ। যদিতি জীবেশভেদস্য নিরুপাধিকত্বে তদুজ্ঞানাদবিদ্যাদে র্নিবৃত্তাবপি তৎকার্য্যঘটাদিভেদবত্তস্তন্নিবৃত্তেরযোগাৎ। তৎসত্তাবসিদ্ধিস্তিগৌপাধিকত্বেশ্বরজীবভেদস্য তবেষ্টত্বাদস্মাভিশ্চানৌপাধিকভেদবস্তুস্য সাধ্যমানত্বাৎ ন সিদ্ধসাধনং নাপি দৃষ্টান্তহানিস্তত্র নিরুপাধিকভেদস্য তবেষ্ট-

হে যোগিন্! আত্মজ্ঞানদ্বারা যে ভেদ পদার্থের বাধ হয়না তাহা আপনিও স্বীকার করেন নাই। সুতরাং সেই ভেদ বস্তুকেই এক্ষণে আমরা অনুমান করিয়া লইয়াছি। অতএব আপনি যে ঐবাক্যে দৃষ্টান্তহানি প্রভৃতি দোষারোপ করিয়াছিলেন, এক্ষণে আর কিছুতেই তাহার সম্ভাবনা নাই। ১০৪।

এই বাক্যের দুই অর্থ বুঝিয়া ভগবান্ দোষ দিতে লাগিলেন। আপনি যে পূর্ব্বশ্লোকে 'স্ব'শব্দের উল্লেখ করিয়াছিলেন, ঐ শব্দদ্বারা সুখাদিবিশিষ্ট, জীবপদবাচ্য সমস্তবস্তুর কর্ত্তারূপ আত্মা বলিতে ইচ্ছা করিয়া ছিলেন? না সুখাদি রহিত সমস্তপদার্থের কর্ত্তাকে আত্মা বলেন? । যদি প্রথম পক্ষ অভিপ্রেত হয়, তাহা হইলে সুখদুঃখাদি বিশিষ্ট, জীবাত্মার জ্ঞান দ্বারা অবাধনীয়, অব্যাবহারিক এবং অনির্ব্বচনীয় যে ভেদ পদার্থ আছে তাহা আমাদেরও অভিমত। কিন্তু ওরূপ ভেদ কখনই সাধ্য (অনুমেয়) নহে। শেষ পক্ষটী যদি অভিপ্রেত হইয়া থাকে, পুনরায় আপনার পূর্ব্বমত (দৃষ্টান্ত হানি) নামক দোষ উপস্থিত হয়। অর্থাৎ সুখদুঃখাদিবিশিষ্ট আত্মাতে অজ্ঞান প্রকাশ হেতু ঐরূপ সুখদুঃখাদিবিশিষ্ট আত্মজ্ঞানদ্বারা ঘটাদির যে বাধ হয়, তাহা আমরাও স্বীকার করিয়াছি। সুতরাং ঐরূপ আত্মজ্ঞানদ্বারা যে ভেদ পদার্থের বাধ হয় না, তাহা কোন স্থানেই স্বীকার করা যাইতে পারে না। ১০৫।

মণ্ডন বলিলেন—হে যোগিন্! আমি ঐরূপ অনুমানদ্বারা বিশেষণশূন্য ভেদবস্তু বলিতে ইচ্ছা করিয়াছি। জীবাত্মা এবং পরমাত্মার ভেদ, বিশেষণশূন্য হইলে, ঘটাদির মতন মিথ্যা ভেদ বুঝাইয়া থাকে, সুতরাং এস্থলেও পূর্ব্বমত

নিরুপাধিকশ্চ ॥ ১০৬ ॥ ঘটেশভেদেঽপ্যুপাধি র্য্যবিদ্যা ভবানুমানেষু জড়ত্বমেব। চিন্মাত্রভিন্নঃ

তাদিত্যাহ ঘটেশভেদ ইতি বিয়োগিনী ॥ ১০৬ ॥ পরিহরতি ভগবান্ ঘটেশভেদেঽপ্যবিদ্যায়া অনুপাধিত্বেনানৌপাধিকত্ব তত্র তত্রানঙ্গীকারাদ্ দৃষ্টান্তহানিরেবেত্যর্থঃ। কিঞ্চ ভবানুমানেষু জড়ত্বমুপাধিরেব ঘটাদে র্জড়ত্বেন দৃষ্টতয়া মিথ্যাত্বাত্তদ্গোচরজ্ঞানস্থ ঘটতদ্ভেদহেত্বজ্ঞাননিবৃত্ত্যযোগ্যত্বাৎ তত্র স্বজ্ঞানাবাধ্যভেদবত্ত্বং জাড্যপ্রযুক্তমিতি জড়ত্বমুক্তসাধ্যব্যাপকং সাধন-

সিদ্ধসাধনতা দোষ ঘটিতে পারে, এরূপ আশঙ্কা করিয়া পুনর্ব্বার বলিলেন-'যদিচ জীবাত্মা এবং পরমাত্মার ভেদ সত্যই বিশেষণশূন্য, এবং যদ্রূপ তত্ত্বজ্ঞান হইলে এবং অবিদ্যার নিবৃত্তি হইলেও অবিদ্যার কার্য্য ঘটপটাদির ভেদ হইয়া থাকে, তথাপি একেবারে ভেদ নিবৃত্তি হয় না; অথচ ঐ ভেদপদার্থ সত্য হইয়া পড়ে; এই ভয়ে আপনিও জীবাত্মা এবং পরমাত্মার ভেদ কোন এক বিশেষণবিশিষ্ট বলিয়া স্বীকার করিয়াছেন।' কিন্তু তথাপি আমাদের মতে উপাধিশূন্য ভেদেরই অনুমান করিতে হইবে। সিদ্ধসাধনতা দোষ কিম্বা দৃষ্টান্তহানি দোষ হইতে পারে না। অতএব ঐ স্থানে আপনিও বিশেষণশূন্য ভেদ স্বীকার করিতে অভিপ্রায় প্রকাশ করিয়াছেন। ১০৬।

ভগবান খণ্ডন করিলেন—ঘটভেদে কিম্বা পরমাত্মার ভেদে অবিদ্যাই উপাধি জানিবেন। অবিদ্যা যদি ঈশ্বরে ও ঘটভেদে বিশেষণ হয় তবে বিশেষণশূন্য ভেদ ঐ স্থানে অঙ্গীকার করিতে পারেন না। সুতরাং তাহাতেও আপনার পূর্ব্বমত দৃষ্টান্তহানি

পরবৎ পরস্মাদাত্মেতি বাত্র প্রতিপক্ষহেতুঃ ॥ ১০৭ ॥ ধর্ম্মিপ্রমাঽবাধ্যশরীরভেদত্বসংস্থতৌ

বত্তি স্বপ্রকাশাত্মন্যভাবাৎ সাধনাব্যাপকং ততশ্চ সোপাধিকত্বাদয়ং হেত্বাভাস ইত্যর্থঃ। নতু প্রমেয়ত্বাতিরিক্তজড়ত্বাভাবাত্তস্য চ কেবলান্বয়িত্বাৎ সাধনব্যাপকত্বাদিনা নোপাধিত্বমিতি চেন্ন। তত্ত্বাবপ্রকাশত্বাত্মনঃ স্বপ্রকাশত্বস্য চ শ্রুতিপ্রামাণসিদ্ধত্বাৎ পদার্থত্বাদিতি প্রতিপক্ষহেতুঃ। প্রতিপক্ষং দর্শয়তি আত্মা পরপ্রতিযোগিভেদশূন্যঃ চিন্মাত্রত্বা দৃষ্টান্তঃ পরবদিতি। প্রতিপক্ষঃ সাধ্যাভাবসাধকো হেতু র্যস্য স তথা হেতুঃ সৎপ্রতিপক্ষ ইত্যর্থঃ উ০ ॥ ১০৭ ॥ এবমুক্তো মণ্ডনো ব্রহ্মপক্ষকানুমানং

দোষ ঘটে। অপিচ আপনার অনুমানে জড়ত্বকেই উপাধি বলিতে হইবে, কারণ, ঘটপটাদি পদার্থ জড়ত্বরূপেই দৃষ্ট হইয়া থাকে,সুতরাং উহারা মিথ্যা। ঘটপটাদি মিথ্যা হইলে ঘটগোচর জ্ঞান কখন ঘট ও ঘটভেদের হেতু স্বরূপ অজ্ঞান নিবৃত্তির কারণ হইতে পারে না। (স্ব) এই পদে ঘট এবং ঘটজ্ঞানদ্বারা জড়তা হেতু এক অবাধনীয় ভেদ হইয়া থাকে। জড়ত্বপদার্থ ব্যাপক সত্য; কিন্তু সাধন (অনুমান) বিশিষ্ট, স্বপ্রকাশ পরমাত্মার উপর জড়ত্ব না থাকাতে জড়ত্বপদার্থ কখনই সাধনব্যাপক হয় না। অতএব জড়ত্ব একটী বিশেষণ বলিয়া উহার প্রকৃত হেতু হইল না। কিন্তু হেত্বাভাস, অর্থাৎ অসৎ হেতু হইল। জ্ঞেয়পদার্থ হইতে জড়ত্ব অতিরিক্ত পদার্থ নহে। ঐ জড়ত্বও কেবলান্বয়ী; অর্থাৎ পরমাত্মাতেও জড়ত্ব আছে। সুতরাং সাধনের ব্যাপকত্ব জড়ত্ব যে বিশেষণ নহে ইহাও নির্দ্দেশ করা কঠিন কারণ, জড়ত্ব কখনই স্বপ্রকাশ

ব্রহ্মণি সাধ্যমিষ্টং ত্বয়েষ্যতে ব্রহ্মধিয়াত্মভেদো বাধ্যো ঘটাদিপ্রময়া ত্ববাধ্যঃ ॥ ১০৮ ॥ কিং কৃৎস্ন-ধর্ম্মিপ্রময়া ন বাধ্যঃ কিং বা স যৎকিঞ্চনধর্ম্মি বোধাৎ। ঘটাদিকে ব্রহ্মণি চাত্মভেদস্যৈক্যাৎ পুনঃ স্যান্ ননু পূর্ব্বদোষঃ ॥ ১০৯ ॥ কিম্বা গুণো

প্রযুঞ্জন্ সিদ্ধসাধ্যত্বাদিপরিহারং শঙ্কতে। ধর্ম্মিপ্রমাঽবাধ্য-শরীরভেদো ব্রহ্মণি সাধ্যমিষ্টঃ। হি যস্মাৎ সংসৃতিশূন্যে ব্রহ্মজীব-প্রতিযোগিকধর্ম্মিপ্রমাঽবাধ্যভেদবৎ সংসৃতিশূন্যত্বাদ্ ঘটাদিব-দিত্যেব মমদিষ্টত্বাদাত্মপ্রতিযোগিকভেদস্য চ ব্রহ্মজ্ঞানেন বাধ্য-ত্বস্য তবেষ্টত্বাত্তদ্বিপরীতস্য সাধ্যমানত্বান্ন সিদ্ধসাধনং নাপি দৃষ্টান্তহানি ঘটাদিপ্রময়া তথাভূতভেদস্যাবাধ্যতায়াস্তবা-পীষ্টত্বাদিত্যাহ ত্বয়েতি ॥ ১০৮ ॥ এতদ্ বিকল্প্য দূষয়তি ভগ-বান্। কিং স ভেদঃ সমস্তধর্ম্মিপ্রময়া ন বাধ্যঃ কিম্বা যৎকিঞ্চন-ধর্ম্মিবোধান্ন বাধ্যঃ। তত্র ঘটপটজীবভেদস্যাপি স্বধর্ম্মিব্রহ্মজ্ঞান-বাধ্যত্বস্বীকারেণ যাবদ্ধর্ম্মিজ্ঞানাবাধ্যত্বস্যাসম্প্রতিপত্ত্যা দৃষ্টান্ত-হানেরাদ্যপক্ষাসম্ভবমভিপ্রেত্য দ্বিতীয়ে দোষমাহ। পুনঃ পূর্ব্বোক্তঃ সিদ্ধসাধনলক্ষণো দোষঃ স্যাৎ তত্র হেতুমাহ। ঘটা-দাবিতি স্বরূপাতিরিক্তভেদবাদিমতে ঘটাদৌ ব্রহ্মণি চাত্মভেদ-স্যৈক্যাত্তদ্ধর্ম্মিঘটজ্ঞানাবাধ্যজীবভেদস্য ব্রহ্মণ্যস্মাভিরপি স্বীকৃ-তত্বাদিত্যর্থঃ ॥ ১০৯ ॥ পুনঃ প্রকারান্তরেণ বিকল্প্য দূষয়তি

নহে। কিন্তু পরমাত্মা যে স্বপ্রকাশ ইহা শ্রুতি ও ন্যায় প্রসিদ্ধ। এই স্থলে হেতু অসৎ যথা,—"আত্মা পর হইতে অভিন্ন "চিত্বাৎ" অর্থাৎ আত্মা জ্ঞানরূপী।" ঐ বিষয়ে দৃষ্টান্ত যথা—পরবৎ প্রত্যেক পরব্যক্তি প্রত্যেক পর হইতে অভিন্ন হওয়াতে সকলেই সমান। এইরূপ অনুমানে হেতু অসৎ হইয়াছে। ১০৭।

মণ্ডন বলিলেন—এইরূপ অনুমান করা যাইবে, ধর্ম্মীজ্ঞান অর্থাৎ জীবাত্মার জ্ঞানদ্বারা যেমন জীবাত্মার সহিত কোন শরীর ভেদের বাধ হয় না। সুতরাং সেই ভেদবস্তু সংসারশূন্য ব্রহ্মে সাধ্য অর্থাৎ অনুমান করিয়া লইতে হইবে; এবং ঐরূপ সাধ্য আমাদের ইষ্ট বলিয়া গণ্য। আত্মার অভাব স্বরূপ যে ভেদ বস্তু আছে ব্রহ্মজ্ঞান হইলে সে ভেদ থাকে না, ইহা আপনিও স্বীকার করিয়া থাকেন। কিন্তু আমরা তাহার সম্পূর্ণ বিপরীত বস্তুকে সাধ্য (অনুমেয়) বলিয়া বিবেচনা করিয়া থাকি। সুতরাং কিছুতেই পূর্ব্বমত সিদ্ধসাধন কি দৃষ্টান্তহানি দোষ হইতে পারে না। ঘটাদি জ্ঞানদ্বারা ঐরূপ ভেদের কোন যে বাধা হয় না ইহা আপনারও অভীষ্ট। ১০৮।

ভগবান্ বলিলেন—ঐরূপ ভেদবস্তুর কি সমস্ত ধর্ম্মীর (জীবাত্মার) জ্ঞানদ্বারা বাধ হয় না? কিম্বা যৎকিঞ্চিৎ ধর্ম্মীর জ্ঞান হইলে ঐ ভেদপদার্থের কোন বাধ হয় না?। তন্মধ্যে ঘটে যে জীবাত্মার ভেদ থাকে তাহার ব্রহ্মজ্ঞানদ্বারা বাধ হয় ইহা পূর্ব্বে স্বীকার করা হইয়াছে। সুতরাং সমস্ত ধর্ম্মীজ্ঞান-দ্বারা যে বাধ হইবে, তাহাও সম্ভাবিত নহে। অতএব দৃষ্টান্তহানি নামক যে প্রথম পক্ষে দোষ উল্লিখিত হইয়াছিল তাহাও অসম্ভব। তবে সিদ্ধসাধন দোষ হইতে পারে বটে, কারণ, যাঁহারা স্বরূপ হইতে অতিরিক্ত কোন ভেদ স্বীকার করেন, তাঁহাদের মতে ঘটপটাদি পদার্থের কিম্বা ব্রহ্মপদার্থের ভেদবস্তু যে এক তাহাই স্বীকৃত হইয়াছে। আত্মধর্ম্মাবলম্বী ঘটজ্ঞানদ্বারা যে জীবাত্মার ভেদের কিছুতেই বাধ হয় না, আমরাও ব্রহ্মপদার্থে সেরূপ ভেদ স্বীকার করিয়া থাকি। ১০৯।

বা সগুণো মনীষিন্ ! বিবক্ষ্যতে ধর্ম্মিপদেন নাস্ত্যাঃ ভেদস্য তদ্বুদ্ধ্যাবিবাধ্যতেষ্টে নাদ্যশ্চ তত্রোভয়থাঽপি দোষাৎ ॥ ১১০ ॥ কিং নির্ব্বিশেষং প্রমিতং নবাস্ত্যো প্রাপ্তাশ্রয়া সিদ্ধিরথাদ্যকল্পে। শরীর্য্যভেদেন পরস্য সিদ্ধেঃ প্রাপ্নোতি ধর্ম্মিগ্রহমানকোপঃ ॥ ১১১ ॥ ভো দ্বা সুপর্ণা সযুজা সখায়ে-

কিঞ্চেতি হে মনীষিন্ ! ধর্ম্মিপদেন কিং বেদান্ততাৎপর্য্যাগোচরঃ সত্যজ্ঞানাদিরূপো নির্গুণো বিবক্ষ্যতে। কিম্বা ব্রহ্মেশাদিপদবাচ্যোঽনবচ্ছিন্নত্বসর্ব্বজ্ঞত্বাদিবিশিষ্টঃ সগুণো ন দ্বিতীয়ো ভেদস্য তৎপ্রমাহবিবাধ্যতায়া ইষ্টেন সিদ্ধসাধনত্বাৎ নচাদ্যপক্ষ উভয়থাপি প্রমিতত্বাপ্রমিতত্বলক্ষণপক্ষদ্বয়েঽপি বক্ষ্যমাণবিধয়া দোষস্য সত্ত্বাদিতার্থঃ ॥ ১১০ ॥ উভয়থাপি দোষাদি-

ত্যুক্তং বিবৃণোতি। কিং নির্গুণং ব্রহ্ম প্রমিতং সৎপক্ষঃ কিম্বা অপ্রমিতং দ্বিতীয়ে প্রাপ্তাশ্রয়া সিদ্ধিরথাদ্যপক্ষে ব্রহ্মাদিপদলক্ষ্যস্যাদ্বয়ানন্দস্য প্রত্যগ্বোধাত্মজীবাভেদে নির্ধারিততাৎপর্য্যোত্তত্ত্বমস্যাদিবেদান্তৈ জীবাত্মাভেদেন পরমাত্মনঃ সিদ্ধে ধর্ম্মিগ্রাহকবেদান্তপ্রমাণস্য প্রকোপঃ প্রাপ্নোতি। তথাচ জ্যোতিষ্টোমো ন স্বর্গফলঃ ক্রিয়াত্বান্মর্দনক্রিয়াবদিত্যনুমানং জ্যোতিষ্টোমেন স্বর্গকামো যজেতেতি বেদবাধিতবিষয়ত্বাদ্যথাভাসরূপং তথেদমপীতি ভাবঃ ॥ ১১১ ॥ এবং সর্ব্বতঃ প্রতিরুদ্ধো

পুনর্ব্বার প্রকারান্তরে ঐমতে দুইরূপ দোষার্পণ করিলেন—হে মনীষিন্ ! আপনি যে ধর্ম্মীপদের উল্লেখ করিয়াছেন, ঐ ধর্ম্মীপদে কি বেদান্তশাস্ত্রের তাৎপর্য্যগোচর, সত্য, জ্ঞানাদিরূপ নির্গুণ পদার্থ বলিতে অভিপ্রায় করিয়াছিলেন ? কিম্বা ব্রহ্মা ও ঈশ প্রভৃতি অনবচ্ছিন্ন এবং সর্ব্বজ্ঞ সগুণ পদার্থ বলিতে ইচ্ছা করিয়াছিলেন ? । শেষ পক্ষটী হইতেই পারে না—কারণ, ভেদপদার্থ যদি ভেদজ্ঞান দ্বারা বিশেষরূপে দূষণীয় না হয়, এবং তাহাই ইষ্ট বলিয়া অভিপ্রেত হইলে পুনর্ব্বার সেই সিদ্ধসাধন দোষ উপস্থিত। প্রথম পক্ষটীও সম্ভাবিত নহে। প্রথম পক্ষে যে সমস্ত দোষ ঘটিবার সম্ভাবনা আছে তাহা ক্রমশঃ বলিতেছি। ১১০।

উভয় প্রকারেই যে দোষ থাকিতে পারে, এক্ষণে তাহার সবিশেষ বিবরণ বলিতেছি। আপনি কি নির্গুণ ব্রহ্মকে অনুমান করিবেন ? এবং তাহাই কি সৎপক্ষ ? (আধার) অথবা অপ্রমিত ব্রহ্ম সৎপক্ষ ? । দ্বিতীয় কল্পটী স্বীকার করিলে তিনি কাহারও আশ্রয় হইতে পারে না। তবে প্রথম পক্ষ যদি স্বীকার করেন এবং ব্রহ্মাদি পদদ্বারা যদি এক আনন্দস্বরূপ বস্তুকে লক্ষ্য করেন, তাহাহইলে ঐ এক, আনন্দ প্রত্যক বোধাত্মা যে জীবাত্মার সহিত অভেদ রূপে নির্দ্ধারিত, তাহাতে কেবল তত্ত্বমস্যাদি বেদান্তবাক্যের তাৎপর্য্যদ্বারা পরমাত্মার জীবাত্মার সহিত অভেদ মাত্র সিদ্ধি হইয়াছে। ঐরূপে সিদ্ধি করিলে কেবল ধর্ম্মিবোধক বেদান্তশাস্ত্রের প্রমাণের মহৎ ক্রোধ উপস্থিত হয়। যথা-জ্যোতিষ্টোম যাগ কখনই স্বর্গফল দান করিতে পারে না। কারণ, যাগ একটী ক্রিয়া মাত্র। ক্রিয়া করিলেই যদি স্বর্গ ফল হইত, তবে মর্দন ক্রিয়া করিলে ও স্বর্গফল হইতে পারিত। অতএব এরূপ অনুমান করা বৃথা মাত্র। "জ্যোতিষ্টোমেন স্বর্গকামো যজেত" যে ব্যক্তি স্বর্গ কামনা করিবেন তিনি জ্যোতিষ্টোম যাগ করিবেন। এই স্থানে যাগ

তাদ্যশ্রুতি র্ভেদমুদীরয়ন্তী। জীবেশয়োঃ পিপ্পলভোক্তৃভোক্ত্রোস্তয়োরভেদশ্রুতিবাধিকাঽস্তু ॥ ॥ ১১২ ॥ প্রত্যক্ষসিদ্ধে বিফলে পরাত্মভেদে শ্রুতি র্নো নয়বিৎ! প্রমাণং। স্যাদন্যথা মানমতৎপরোঽপি স্বার্থেঽর্থবাদঃ সকলোঽপি বিদ্বন্!॥ ১১৩॥

মণ্ডনোঽনুমানবিরোধং স্থাপয়িতুমশক্তঃ শ্রুতিবিরোধমুদ্ভাবয়তি তো ইতি। দ্বা সুপর্ণা সযুজা সখায়া সমানং বৃক্ষং পরিষস্বজাতে। তয়োরন্যঃ পিপ্পলং স্বাদ্বত্ত্যনশ্নন্ যো অভিচাকশীতি শ্রুতিঃ কর্ম্মফলভোক্তৃভোক্ত্রো। জীবেশয়ো র্ভেদমুদীরয়ন্তী তয়ো জীবেশ্বয়োরভেদশ্রুতে র্বাধিকাঽস্তু ॥১১২॥ পরিহরতি ভগবান্। প্রত্যক্ষসিদ্ধে বিফলে স্বর্গাদ্যাফলশূন্যে প্রত্যুক্ত মৃত্যোঃ স মৃত্যুমাপ্নোতি য ইহ নানেব পশ্যতীতি শ্রুত্যুক্তানর্থপ্রদে পরজীবয়ো র্ভেদে শ্রুতিঃ প্রমাণং ন স্যাদত্র ভেদে প্রত্যক্ষপ্রতিপন্নমঙ্গীক্রিয়তে তত্র শ্রুতিপ্রামাণ্যাবারণায় ন তু তত্র প্রমাণং তদসম্ভবস্যোক্তত্বাৎ। সিদ্ধান্তে শুক্তিরূপ্যবত্তস্যানুভবমাত্রসিদ্ধস্বীকারাদজ্ঞাতেঽর্থে শ্রুতিপ্রমাণস্য ন্যায়েন নির্ধারিতবতো জৈমিনে র্ন্যায়াভিজ্ঞস্য তবৈবং কথনং ন শোভনমিতি ধ্বনয়ন্নাহ। হে নয়বিৎ! তথাচ ভেদস্যান্যতঃ সিদ্ধাবপূর্ব্বত্বাভাবান্ন শ্রুতিতাৎপর্য্যগোচরতা যেন বাক্যেন যত্র প্রতীত্যুৎপাদনেন মানাভাবপ্রযুক্তা সন্দেহশঙ্কা নিবর্ত্ততে তস্য তত্র তাৎপর্য্যমন্যথা তস্য তদর্থত্বাযোগাৎ যৎপরঃ শব্দঃ স শব্দার্থ ইতি ন্যায়াৎ

ক্রিয়ার বেদ বচনদ্বারা বাধ হয় বলিয়া যেমন ওরূপ অনুমান অনুমানের আভাস মাত্র, এস্থানে ও অবিকল তদ্রূপ জানিবেন। ১১১।

শঙ্করের নিকট চারিদিকে বিব্রত হইয়া মণ্ডন অনুমানদ্বারা স্বীয়মত স্থাপন করিতে অসমর্থ হইলেন; এবং শ্রুতির দোষ দেখাইতে লাগিলেন। "দ্বা সুপর্ণা সযুজা সখায়া সমানং বৃক্ষং পরিষস্বজাতে। তয়োরন্যঃ পিপ্পলং স্বাদ্বত্তি অনশ্ননন্যো অভিচাকশীতি" হে যতিবর? দুটি পক্ষী একস্থানে থাকে এবং তাহারা পরস্পর বন্ধু। একদিন ঐ দুটি পক্ষী একটী বৃক্ষ অবলম্বন করিয়া রহিল। দুটীর মধ্যে একটী পক্ষী সুস্বাদু পিপ্পল (পিঁপুল) ফল ভক্ষণ করিল। আর একটী কিছুই না খাইয়া সুন্দররূপে শোভা পাইতে লাগিল। ইত্যাদি শ্রুতিবচন যদি কর্ম্মফলভোক্তা জীব এবং কর্ম্মফলের অভোক্তা ঈশ্বর এই উভয়ের ভেদ প্রকাশ করিয়া থাকে; তবে ঐ শ্রুতিই জীব ও ঈশ্বরের কিরূপে অভেদ বুঝাইয়া দিবে?। ১১২।

ভগবান্ খণ্ডন করিলেন—"মৃত্যোঃ স মৃত্যুমাপ্নোতি য ইহ নানেব পশ্যতি" যে ব্যক্তি এ জগতে নানাবিধ বস্তু দর্শন করেন, তিনি মৃত্যু হইতে মৃত্যু লাভ করেন। ইত্যাদি বেদবচনে প্রত্যক্ষ সিদ্ধ, স্বর্গ এবং অপবর্গ নামক ফলশূন্য, অনর্থদায়ক, জীবাত্মা এবং পরমাত্মার ভেদ বিষয়ে শ্রুতি প্রমাণ হইতে পারেনা। এই ভেদ বিষয়ে শ্রুতির প্রমাণ নিবারণের নিমিত্ত প্রত্যক্ষ প্রমাণ অঙ্গীকার করিতে হয়, কিন্তু ঐ বিষয়ে কোন প্রমাণ নাই, কারণ, তাহা অসম্ভব। সিদ্ধান্ত এই—শুক্তিরজতের মতন তাহার অনুভব মাত্র হইয়া থাকে এরূপ স্বীকার করাতে অজ্ঞাত অর্থ বিষয়ে (যিনি ন্যায়পূর্ব্বক শ্রুতির প্রমাণ নির্দ্ধারণ করিয়াছেন) সেই ন্যায়বিৎ জৈমিনিমুনির ন্যায় জানিয়া আপনার এরূপ কথা বলা কখনই শোভা পাইতে পারেনা। হে নয়জ্ঞ! ভেদ পদার্থ যদি অন্যরূপে সিদ্ধ হয় তবে অপূর্ব্ব না হওয়াতে কিছুতেই শ্রুতির তাৎপর্য্যগোচর হই-

স্মৃতিপ্রসিদ্ধার্থবিবোধিবাক্যং যথেষ্যতে মূলতয়া প্রমাণং। প্রত্যক্ষসিদ্ধার্থকবাক্যমেবং স্যাদেব তন্মূলতয়া প্রমাণং॥ ১১৪॥ শ্রুতিঃ স্মৃতেঽর্থে যদি বেদবিদ্ভির্ভবেন্ন তন্মূলতয়া প্রমাণং। কথং ভবেদ্বেদঅজ্ঞাতেঽপি ভেদে পরজীবয়োঃ সা॥ ১১৫॥ জীবেশ্বরৌ সা বদতীত্যুপেত্য প্রাবোচমেতৎ পরমার্থতত্ত্ব। বিবিচ্য সত্বাৎ পুরুষং সমস্তসংসাররাহিত্যমমুষ্য বক্তি॥১১৬॥ যদীয়মাখ্যাত্যথ

বিপক্ষেঽপসিদ্ধান্তমনুং পাতয়তি। অন্যথা স্বার্থেছতৎ- পরোঽপ্যর্থবাদঃ সকলোঽপি প্রমাণং স্যাৎ এতজ্ জ্ঞাতুং যোগ্যোঽসীতি সূচয়িতুমাহ। বিষয়িতি উং॥ ১১৩॥ এবমুক্তো মণ্ডন আহ। ক্ষেত্রজ্ঞঞ্চাপি মাং বিদ্ধি সর্ব্বক্ষেত্রেষু ভারতেত্যাদি স্মৃতিপ্রসিদ্ধস্যার্থস্য বিবোধকতত্ত্বমস্যাদিশ্রুতিবাক্যং মূলতয়া যথা প্রমাণমিষ্যতে তথা প্রত্যক্ষেণ সিদ্ধোঽর্থো যস্য তথাভূতং বাক্যং প্রত্যক্ষস্য মূলতয়া প্রমাণং স্যাৎ। তথাচ ভেদস্য প্রত্যক্ষাদিপ্রবৃত্তেঃ প্রাগপূর্ব্বতায়া নিরপেক্ষশ্রুতিপ্রমেয়ত্বাচ্চ ভেদেতত্র তাৎপর্য্যোপপত্তিরিতি ভাবঃ॥ ১১৪॥ পরিহরতি ভগবান্। যদি বেদবিদ্ভিঃ স্মৃতেঽর্থে শ্রুতিস্তন্মূলতয়া প্রমাণং কথং ভবেৎ ন কেনাপি প্রকারেণেত্যর্থঃ। তথাচ বেদকথামন্তিজ্ঞে নিরপেক্ষতয়া প্রথমপ্রবৃত্তৈঃ প্রত্যক্ষাদিভি র্জ্ঞাতে ভেদে শ্রুতিঃ প্রমেয়ত্বাভাবান্ন তস্যাস্তত্র তাৎপর্য্যমিতি ভাবঃ॥ ১১৫॥ কিঞ্চ সা শ্রুতি র্জীবেশ্বরৌ বদতীত্যঙ্গীকৃত্যৈতৎ প্রাবোচং। পরমার্থতত্ত্ব কর্ম্মফলভোক্তৃসত্ত্বাদ্বদ্ধৈঃ পুরুষং বিবিচ্য সা শ্রুতিরমুষ্য পুরুষস্য সমস্তসুখদুঃখভোক্তৃত্বলক্ষণস্য সংসারস্য রাহিত্যং বক্তি॥ ১১৬॥ উক্তস্যার্থ মসহমানো মণ্ডন আহ। যদীয়ং শ্রুতিঃ

তেই পারে না। কারণ, শাস্ত্রকারেরা তাৎপর্য্যের এরূপ লক্ষণ বলিয়াছেন। যথা—“যে বাক্যদ্বারা যে স্থানে জ্ঞানের উৎপত্তি হয় এবং সকল প্রমাণের অভাব থাকাতে কোনরূপ বস্তুর আশঙ্কা হয় না, সেই স্থানে তাহার তাৎপর্য্য থাকে।” হে পণ্ডিতবর! এরূপ স্বীকার করাতে আপনার স্বার্থবিষয়ে যে সকল অর্থবাদ স্বার্থপর নহে, তাহারাও প্রমাণ হইতে পারে। ১১৩।

মণ্ডন বলিলেন—‘ক্ষেত্রজ্ঞং চাপি মাং বিদ্ধি সর্ব্বক্ষেত্রেষু ভারত!’ ইত্যাদি স্মৃতিপ্রসিদ্ধ অর্থের বোধক তত্ত্বমস্যাদি বাক্যকে মূল প্রমাণরূপে যদি সকলে স্বীকার করেন তবে যাহার অর্থ প্রত্যক্ষসিদ্ধ সেরূপ বাক্য প্রত্যক্ষের মূল প্রমাণ হইবার বাধা কি?। ১১৪।

ভগবান্ খণ্ডন করিলেন—বেদজ্ঞ পণ্ডিতেরা যেরূপ অর্থের স্মরণ করেন, সেইরূপ অর্থদ্বারা শ্রুতি যদি মূল বলিয়া প্রমাণ না হয়, কিন্তু অজ্ঞাত অর্থ বুঝাইয়া দিয়া ঐ বেদজ্ঞ পণ্ডিতেরা যেরূপ অর্থের স্মরণ করেন, তাহাতেই মূল প্রমাণ হইবে। অতএব ঐ স্মৃত অর্থ ক্রমশঃ জ্ঞানস্বরূপ হইয়া উঠে। তাহা হইলে যাঁহারা বেদের কিছুই জানেন না, তাঁহারাও যেরূপ ভেদজ্ঞান জানিয়াছেন, তাহাদ্বারা শ্রুতি, তাহার মূল বলিয়া কিরূপে প্রমাণ হইবে?। বস্তুতঃ যাঁহারা বেদবাক্যে অনভিজ্ঞ এবং নিরপেক্ষভাবে প্রথমেই প্রবৃত্ত হন, তাঁহারা যেরূপ প্রত্যক্ষাদি প্রমাণদ্বারা ভেদ জানিতে পারেন, ঐরূপ ভেদজ্ঞানে শ্রুতি কখন জ্ঞানের বিষয় হইতে পারে না, এবং তথায় শ্রুতিরও তাৎপর্য্য থাকে না। ১১৫।

অপিচ “ঐ শ্রুতিও কেবল মাত্র জীবাত্মা এবং পরমাত্মাকেই নির্দ্দেশ করিয়া থাকে” আমিও তাহাই অঙ্গীকার করিয়া বলিয়াছিলাম। বস্তুতঃ কর্ম্ম

সত্ত্বজীবৌ বিহায় সর্ব্বজ্ঞশরীরভাজৌ। জড়স্য ভোক্তৃত্বমুদাহরন্তী প্রামাণ্যমর্হন্! কথমশ্নুবীত ॥ ১১৭ ॥ ন চোদনীয়া বয়মত্র বিদ্বন্। যত্তত্ত্বয়া পৈঙ্গ্য-

পরজীবৌ বিহয়াথ সত্ত্বজীবৌ বক্তি তর্হি প্রত্যক্ষবিরুদ্ধং জড়স্য সত্ত্বস্য ভোক্তৃত্বমুদাহরন্তী হে অর্হন্! প্রামাণ্যং কথমশ্নুবীত কেন প্রকারেণ প্রাপ্নুয়াৎ। প্রত্যক্ষবিরুদ্ধার্থপ্রতিপাদকেন যজমানঃ প্রস্তর ইত্যাদিশ্রুতিবৎ স্বার্থে প্রামাণ্যানুপপত্তেঃ ॥ ১১৭ ॥ অস্য মন্ত্রস্য পৈঙ্গ্যরহস্যব্রাহ্মণেনৈবমেব ব্যাখ্যাতত্বান্নৈবমিতি পরিহরতি ভগবান্। অত্রাস্মিন্নর্থে ত্বয়া বয়ং ন

ফল ভোক্তার অস্তিত্ব দেখাতে জ্ঞাত পদার্থের সহিত পুরুষকে জানিয়া ঐ শ্রুতিও কেবল (পুরুষ যে সমস্ত সুখ দুঃখ ভোগ করা প্রভৃতি লক্ষণান্বিত এই সংসার হইতে পৃথক্) তাহাই বলিয়া দিয়াছে। । ১১৬।

শ্রুতির ওরূপ অর্থ সহ্য করিতে না পারিয়া মণ্ডন বলিলেন—যদি শ্রুতি পরমাত্মাও জীবাত্মাকে পরিত্যাগ করিয়া কেবলমাত্র সত্ত্ব ও জীবের বাচক হয়, তাহাতে প্রত্যক্ষ প্রমাণের বিরোধ ঘটে। হে পূজনীয়! সত্ত্ব জড়পদার্থ সুতরাং ঐ সত্ত্ব যদি ভোক্তা হয়, তবে ঐ সত্ত্বের ভোক্তৃত্ব উদাহরণদ্বারা কিরূপে শ্রুতি প্রমাণ হইতে পারে?। প্রত্যক্ষ-বিরুদ্ধ অর্থবুঝাইয়া দিয়া 'যজমানঃ প্রস্তরঃ' ইত্যাদি শ্রুতির মতন কখনই আপনার অর্থে প্রমাণ হইতে পারে না। ১১৭।

হে জ্ঞানিবর। পৈঙ্গ্যরহস্য নামক ব্রাহ্মণ কর্ত্তৃক ঐ মন্ত্রের ওরূপ ব্যাখ্যা করা হইয়াছিল। "কিন্তু ও মন্ত্রের ওরূপ অর্থ নহে" এই বলিয়া ভগবান্ খণ্ডন

রহস্যমেব। অত্তীতি সত্ত্বেত্যভিপশ্যতি জ্ঞ ইতি স্ম সম্যগ্ বিবৃণোতি মন্ত্রঃ ॥ ১১৮ ॥ শারীরবাচী নন্বু সত্ত্বশব্দঃ ক্ষেত্রজ্ঞশব্দঃ পরমা । তত্রাপ্যতো নান্যপরত্বমস্য বাক্যস্য পৈঙ্গ্যোদিতবর্ত্মনাপি ॥ ॥ ১১৯ ॥ তদেতদিত্যাদি গিরা হি চিত্তে প্রদর্শিতা

শঙ্কনীয়া যতস্তয়োরন্যঃ পিপ্পলং স্বাদ্বত্তীতি স তমনশ্নন্নন্যো অভিচাকশীত্যনশ্নন্যো অভিপশ্যতি জ্ঞস্তাবেতৌ স ত্বক্ষেত্রজ্ঞাবিতি পৈঙ্গ্যরহস্যমেবেমং মন্ত্রং বিবৃণোতীত্যর্থঃ। বিদ্বাংস্ত্বমেতজ্ জ্ঞাতুং যোগ্যোঽসীতি সম্বোধনাশয়ঃ ॥১১৮॥ উক্তব্রাহ্মণস্যাপি শারীর-ক্ষেত্রপ্রতিপাদকত্বাদ্ দ্বা সুপর্ণেতি বাক্যস্য নান্যপরত্বমিতি মণ্ডনঃ শঙ্কতে। নন্বু তত্র পৈঙ্গ্যরহস্যব্রাহ্মণেঽপি সত্ত্বশব্দঃ শারীর-বাদী ক্ষেত্রজ্ঞশব্দঃ পরমাত্মবাচী। অতঃ কারণাৎ পৈঙ্গ্যরহস্যোক্তমার্গেণাপ্যস্য বুদ্ধ্যাত্মপরত্বং নাস্তীত্যর্থঃ ॥ ১১৯ ॥ সত্ত্ব-ক্ষেত্রজ্ঞশব্দয়োরন্তঃকরণশারীর পরতয়া প্রসিদ্ধত্বাত্তত্রৈব ব্যাখ্যা-

করিতে লাগিলেন—ওরূপ অর্থ করিয়া আপনি আমাদিগকে শঙ্কিত করিতে পারিবেন না। কারণ, "তয়োরন্যঃ পিপ্পলং স্বাদ্বত্তি' এবং 'সত্ত্বমনশ্নন্নন্যো অভিচাকশীতি' যিনি ভোগ করেন না, তিনি আর একজন। তিনি কেবল জ্ঞানমাত্র দর্শন করিয়া থাকে না। ঐ উভয়েই সত্ত্ব (জীব) এবং ক্ষেত্রজ্ঞ অর্থাৎ (পরমাত্মা) পৈঙ্গ্যরহস্য ব্রাহ্মণদ্বারা ঐরূপ মন্ত্রে ঐরূপে ব্যাখ্যাত হইয়া থাকে। ১১৮।

মণ্ডন শঙ্কা করিতে লাগিলেন—সেই পৈঙ্গ্য-রহস্য ব্রাহ্মণেও ঐরূপ মন্ত্রের সত্ত্বশব্দ জীববাচী এবং ক্ষেত্রজ্ঞশব্দ পরমাত্মবাচী। অতএব পৈঙ্গ্যরহস্য ব্রাহ্মণে ঐ পথের অনুসরণ করিলেও ঐ মন্ত্রের বুদ্ধি কিম্বা আত্মা অর্থ হয় না। ১১৯।

সত্ত্বপদস্য বৃত্তিঃ। ক্ষেত্রজ্ঞশব্দস্য চ বৃত্তিরুক্তা শারীরকে দ্রষ্টরি তত্র বিদ্বন্। ॥ ১২০ ॥ যেনেতি হি স্বপ্নদৃশিক্রিয়ায়াঃ কর্ত্তোচ্যতে তত্র স জীব এব।

তত্রাচ্চ মৈবমিত্যুত্তরমাহ ভগবান্। তত্র পৈঙ্গ্যরহস্যে তদেতৎ সত্ত্বং যেন স্বপ্নং পশ্যত্যথ যোঽয়ং শারীর উপদ্রষ্টা স ক্ষেত্রজ্ঞস্তাবেতৌ সত্ত্বক্ষেত্রজ্ঞাবিতি গিরা সত্ত্বপদস্য বৃত্তিশ্চিত্তে প্রদর্শিতা। ক্ষেত্রজ্ঞশব্দস্য চ শারীরকে দ্রষ্টরি বৃত্তিরুক্তা। হিরিতি প্রসিদ্ধার্থকো নিপাতঃ॥১২০॥ উদাহৃতপৈঙ্গ্যরহস্যগিরাঽপি জীব-পরমাত্মানাবেব সিদ্ধান্ত ইতি মণ্ডনঃ শঙ্কতে যেনেত্যনেন। হি

সত্ত্ব এবং ক্ষেত্রজ্ঞ শব্দ অন্তঃকরণ এবং জীববাচক বলিয়া প্রসিদ্ধ। এবং সেস্থানেও ঐরূপ অর্থ হইয়াছে। অতএব আপনি যাহা বলিলেন, ঐরূপ অর্থ কিছুতেই সঙ্গত নহে। সুতরাং ভগবান্! পুনর্ব্বার খণ্ডন করিলেন। হে বিদ্বন্! সেই পৈঙ্গ্যরহস্য ব্রাহ্মণে "তদেতৎ সত্ত্বং যেন স্বপ্নং পশ্যত্যথ যোঽয়ং শারীর উপদ্রষ্টা স ক্ষেত্রজ্ঞঃ" যাহাদ্বারা স্বপ্ন দর্শন হয় তাহার নাম সত্ত্ব। যিনি শরীরের ভিতরে থাকিয়া সমস্ত বস্তু দর্শন করেন তাহার নাম ক্ষেত্রজ্ঞ। অতএব বেদমন্ত্রে তদেতৎ ইত্যাদি বেদবাক্য দ্বারা চিত্তকেই সত্ত্বপদের আধার বলিয়া উল্লেখ করা হইয়াছে। কারণ, যিনি শরীর মধ্যস্থিত এবং যিনি সমস্ত বস্তু দর্শন করেন তাহা-ক্ষেত্রজ্ঞ বলা যায়। ১২০।

"আপনি যে পৈঙ্গ্যরহস্য মন্ত্র ব্রাহ্মণ বাক্যের উদাহরণ দিয়াছেন, তাহাদ্বারাও জীবাত্মা এবং পর-মাত্মার বোধ হইয়া থাকে"। এরূপ চিন্তা করিয়া মণ্ডন শঙ্কা করিলেন। হে যোগিন্! ঐ বেদমন্ত্রে

ক্ষেত্রজ্ঞশব্দাভিহিতশ্চ যোগিন্! স্যাৎ স্বপ্নদৃক্ সর্ব্ব-বিদীশ্বরোঽপি ॥১২১॥ তিঙ্প্রত্যয়েনাভিহিতোঽত্র কর্ত্তা ততস্তৃতীয়া করণেঽভ্যুপেয়া। দ্রষ্টা চ শারীর-তয়া মনীষিন্! বিশেষ্যতে তেন স নেশ্বরঃ স্যাৎ ॥ ॥ ১২২ ॥ বৃত্তিঃ শরীরে ভবতীত্যমুষ্মিন্নর্থে হি

তত্রোদাহৃতগিরি স্বপ্নদর্শনক্রিয়ায়াঃ কর্ত্তোচ্যতে স কর্ত্তা জীব এব তয়া ক্ষেত্রজ্ঞশব্দাভিহিতঃ। স্বপ্নদ্রষ্টা ঈশ্বরোঽপি স্যাজ্জাতো যোগিন্! স সর্ব্বজ্ঞ ইত্যর্থঃ॥ ১২১ ॥ কত্রর্থস্য তিঙ্প্রত্যয়ে-নাভিহিতত্বাৎ শারীর ইতি বিশেষণাচ্চ মৈবমিতি ভগবান্ পরিহরতি। অত্র গিরি তিঙ্প্রত্যয়েন কর্ত্তোক্তস্তস্মাৎ করণে তৃতীয়া। স্বীকর্ত্তব্যত্বেনাভিহিত ইত্যধিকারাৎ দ্রষ্টা চ শারীর ইতি। শারীরত্বেন বিশেষ্যতে। তেন হেতুনা স দ্রষ্টা ঈশ্বরো ন স্যাদি-ত্যর্থঃ। মনীষিণা ত্বয়ৈবং ন বক্তব্যমিতি সম্বোধনাশয়ঃ ॥১২২॥

'যেন' এই বৈদিকশব্দ দ্বারা স্বপ্ন দর্শন ক্রিয়ার যাহাকে কর্ত্তা বলা হইয়াছে সেই কর্ত্তাই জীব এবং যাহাকে ক্ষেত্রজ্ঞ বলা হইয়াছে সেই স্বপ্ন-দর্শনের নাম ঈশ্বর। ১২১।

ঐ কর্ত্তৃপদের অর্থ দ্বারা উক্ত বেদমন্ত্রে "শারীর" এই বিশেষণটী থাকাতে মণ্ডনের কথা অসঙ্গত ভাবিয়া ভগবান্ খণ্ডন করিলেন। হে মনীষাসম্পন্ন! ঐ বেদমন্ত্র বাক্যে "পশ্যতি" এই ধাতু প্রত্যয় দ্বারা কর্ত্তাকে বুঝাইতেছে। অতএব "যেন" এ স্থলে করণকারকে তৃতীয়া বিভক্তি স্বীকার করিতে হইবে। কারণ, ধাতু প্রত্যয় দ্বারা কখন কারণকারকে বুঝায় না। যদি ওরূপ নিয়ম হয় তবে যিনি দর্শন করেন তিনি শারীর। অর্থাৎ "শারীর" দ্রষ্টার একটী বিশেষণ মাত্র। সুতরাং

শারীরপদস্য যোগিন্!। তস্মিন্ ভবন্ সর্ব্বগতো মহেশঃ কথং ন শারীরপদাভিধেয়ঃ ॥ ১২৩ ॥ ভবন্ শরীরাদিতরত্র চেশঃ কথং নু শারীরপদাভিধেয়ঃ। নভঃ শরীরেঽপি ভবত্যথাপি ন কেঽপি শারীরমিতীরয়ন্তি ॥ ১২৪ ॥ যদ্যেষ মন্ত্রোঽনভিধায় জীবপ্রাজ্ঞৌ বদেদ্ বুদ্ধিশরীরভাজৌ। অস্তীতি ভোক্তৃত্বমচেতনায়া বুদ্ধের্ব্বদেত্তর্হি কথং প্রমাণং ॥ ॥ ১২৫॥ অদাহকস্যাপ্যয়সঃ কৃশানোরাশ্লেষণাদ্দাহকতা যথাস্তে। তথৈব ভোক্তৃত্বমচেতনায়া বুদ্ধেরপি

এবমুক্তো মণ্ডনঃ সত্ত্বপদস্য জীবে বৃত্তিং প্রতিপাদয়িতুমশক্তঃ শারীরপদস্য পরমাত্মনি বৃত্তিং দর্শয়তি। শরীরে ভবতীত্যস্মিন্নর্থে হি যস্মাৎ হে যোগিন্! শারীরপদস্য বৃত্তিস্তস্মাৎ সর্ব্বগতত্বাৎ তস্মিন্ শরীরে ভবন্ মহেশঃ শারীরপদাভিধেয়ঃ কথং ন ভবেদপিতু ভবেদেব ॥ ১২৩ ॥ পরিহরতি ভগবান্। সর্ব্বগত্বাদীশঃ শরীরাদিতরত্রাপি ভবন্ শারীরপদাভিধেয়ঃ কথং তত্র দৃষ্টান্তো যথা আকাশং ব্যাপকত্বাচ্ছরীরেঽপি ভবতি তথাপি শারীরপদাভিধেয়ং কেঽপি ন কথয়ন্তি তদ্বদিত্যর্থঃ উ০ ॥ ১২৪ ॥ এবং তর্হি মন্ত্রস্য প্রামাণ্যং বাধ্যেতেতি শঙ্কিতং মণ্ডনঃ স্মারয়তি। যদ্যেষ মন্ত্রো জীবেশাবনভিধায় বুদ্ধিজীবৌ বদেৎ। বুদ্ধেশ্চাচেতনায়া অস্তীতি ভোক্তৃত্বং বদেত্তর্হি প্রমাণং কথং প্রমাণং ন ভবেদিত্যর্থঃ ইত্র০ ॥১২৫॥ পরিহরতি ভগবান্। অদাহকস্যাপি লোহপিণ্ডস্য বহ্নেস্তাদাত্ম্যাদ্ যথা দাহকত্বমাস্তে তথৈব চৈতন্যানুপ্রবেশাদচেতনায়া বুদ্ধেরপি ভোক্তৃত্বং স্যাত্তথা চায়ো দহতীতি বাক্যবদস্তীতি বাক্যমপি সুখদুঃখাদিবিক্রিয়াবত্তি সত্ত্বে ভোক্তৃত্বমপ্যপ্রবৃত্তং প্রমাণমেব। ন হীয়ং শ্রুতিরচেতনস্য সত্ত্বস্য ভোক্তৃত্বং বক্তুং প্রবৃত্তা কিন্তু চেতনস্য ক্ষেত্রজ্ঞস্যাভোক্তৃত্বং

ইহাতেও ঐ দ্রষ্টা কখনই ঈশ্বর হইতে পারে না। ১২২।

মণ্ডন, সত্ত্ব পদে জীব প্রতিপাদন করিতে অসমর্থ হইয়া অবশেষে 'শারীর' পদে যে পরমাত্মা তাহাই দেখাইতে লাগিলেন। হে যোগিন্! "শরীরে ভবতি" এরূপ বুৎপত্তি লভ্য অর্থ দ্বারা যখন স্পষ্ট "শারীর" পদ জানিতে পারা যায়, তখন পরমাত্মা সর্ব্বব্যাপী আর শরীরে উৎপন্ন হওয়াতে ঈশ্বর কি কারণে 'শারীর' হইবে না ?। ১২৩।

ভগবান্ খণ্ডন করিলেন—ঈশ্বর যদি সর্ব্বব্যাপী তবে শরীর হইতে অন্যস্থানেও তাঁহার অস্তিত্ব সম্ভব, তবে কিরূপে তিনি শারীর হইবেন?। তাহার দৃষ্টান্ত—যেমন আকাশ সর্ব্বব্যাপক সুতরাং আকাশ শরীরেও থাকিতে পারে। কিন্তু লোকে যেমন আকাশকে 'শারীর' বলিয়া নির্দেশ করেনা, ঐরূপ এস্থানে নির্দেশ করিলে দোষ হয়। ১২৪।

এরূপ হইলে বেদমন্ত্র কখন প্রমাণ হয়না, এই ভাবিয়া মণ্ডন শঙ্কিত বিষয় পুনরায় স্মরণ করাইয়া দিলেন। যখন এ মন্ত্র, জীব ও ঈশ্বরকে ত্যাগ করিয়া বুদ্ধি ও জীবকে বুঝাইয়া দেয়, এবং অচেতন বুদ্ধি "অস্তি" এই ভেদবিষয়ে ক্রিয়া পদ দ্বারা ভোক্তৃত্ব প্রকাশ করিয়া দেয়, তখন ওরূপ মন্ত্র প্রমাণ বলিয়া গ্রাহ্য হইবে না। ১২৫।

ভগবান্ খণ্ডন করিলেন—দাহিকাশক্তিশূন্য লৌহপিণ্ডের যেরূপ বহ্নির সহিত তাদাত্ম্য ঘটিলে দাহকত্ব জন্মায়, তদ্রূপ চৈতন্য শক্তির প্রবেশ ঘটিলে অচেতন বুদ্ধিশক্তিরও যে ভোক্তৃত্ব থাকিবে বিচিত্র কি ?। "অয়ো দহতি" লৌহ দাহ করি-

স্যাচ্চিদনুপ্রবেশাৎ ॥ ১২৬ ॥ ছায়াতপৌ যদ্বদতীব ভিন্নৌ জীবেশ্বরৌ তদ্বদিতি ব্রুবাণা । ঋতং পিবন্তাবিতি কাঠকেষু শ্রুতিস্ত্বভেদশ্রুতিবাধিকাঽস্তু ॥ ॥ ১২৭ ॥ ভেদং বদন্তী ব্যবহারসিদ্ধং ন বাধতেঽভেদপরশ্রুতিং সা । এষা ত্বপূর্ব্বার্থতয়া বলিষ্ঠাভেদশ্রুতেঃ প্রত্যুত বাধিকা স্যাৎ ॥ ১২৮ ॥ মানান্তরোপোদ্বলিতা হি ভেদশ্রুতি র্বলিষ্ঠা যমিনাং বরেণ্য । তদ্বাধিতুং সা প্রভবত্যভেদশ্রুতিং প্রমাণান্তরবাধিতার্থাম্ ॥ ১২৯ ॥ প্রাবল্যমাপাদয়তি শ্রুতীনাং মানান্তরং নৈব বুধাগ্রযায়িন্ ! । গতার্থতাদানমুখেন

ব্রহ্মস্বভাবত্বাঞ্চ বক্তুং প্রবৃত্তেতি ভাবঃ বি° ॥ ১২৬ ॥ এবমুক্তো মণ্ডন ঋতং পিবন্তৌ সুকৃতস্য লোকে গুহাং প্রবিষ্টৌ পরমে পরার্দ্ধ্যে । ছায়াতপৌ ব্রহ্মবিদো বদন্তি পঞ্চাগ্নয়ো যে চ ত্রিণাচিকেতা ইতি কঠবল্লীস্থা শ্রুতিরভেদশ্রুতে র্বাধিকাঽস্ত্বিত্যাহ । ঋতং কর্ম্মফলং পিবন্তৌ পানপ্রযোজ্য প্রযোজকাবিতি কাঠকেষু শ্রুতিস্তু ছায়াতপৌ যদ্বদতীব ভিন্নৌ জীবেশ্বরৌ তদ্বদিতি ব্রুবাণাঽভেদশ্রুতে র্বাধিকাঽস্তু উ° ॥ ১২৭ ॥ ইয়মপি শ্রুতি র্ন বাধিকা প্রত্যুত বাধ্যেতি পরিহরতি ভগবান্ ব্যবহারসিদ্ধং ভেদং বদন্তী সা ভেদশ্রুতিস্তদসিদ্ধাভেদপরাং শ্রুতিং ন বাধতে প্রত্যুতাপূর্ব্বোঽর্থো যস্যাস্তত্তয়াঽপূর্ব্বার্থবোধিকতয়া বলিষ্ঠা এবাঽভেদশ্রুতে র্বাধিকা স্যাৎ ॥ ১২৮ ॥ এবমুক্তো মণ্ডন আহ । প্রমাণান্তরেণ প্রত্যক্ষেণোপোদ্বলিতোপবৃংহিতা ভেদশ্রুতির্হে যমিনাং বরেণ্য । বলিষ্ঠা অতস্মাৎ সা ভেদশ্রুতিঃ প্রত্যক্ষপ্রমাণবাধিতার্থামভেদশ্রুতিং বাধিতুং প্রভবতি নত্বভেদশ্রুতি র্ভেদশ্রুতিমিত্যর্থঃ ॥ ১২৯ ॥ পরিহরতি । হে বুধানামাগ্রযায়িন্ ! প্রমাণান্তরং শ্রুতীনাং প্রাবল্যং নাপাদয়তি কিন্তু গতার্থতাদানমুখেন

তেছে—এই বাক্যের মতন, 'অস্তি' এই বাক্য সুখ-দুঃখাদি বিকার বিশিষ্ট সত্বপদার্থের উপর (ভোক্তৃত্ব না থাকিলেও) প্রমাণ হইবে। এই শ্রুতি কখনই অচেতন সত্বপদার্থের ভোক্তৃত্ব বলিয়াদিতে প্রবৃত্ত হয় নাই কিন্তু অচেতন ক্ষেত্রজ্ঞের অভোক্তৃত্ব এবং ব্রহ্মভাব বলিবার নিমিত্তই ঐ শ্রুতির উপক্রম হইয়াছে। ১২৬।

মণ্ডন বলিলেন—"ঋতং পিবন্তৌ সুকৃতস্য লোকে গুহাং প্রবিষ্টৌ পরমে পরার্দ্ধ্যে। ছায়াতপৌ ব্রহ্মবিদো বদন্তি পঞ্চাগ্নয়ো যে চ ত্রিণাচিকেতাঃ।" কঠবল্লীর এই শ্রুতি, অভেদ শ্রুতিরবাধ করিতে পারে। বেদমন্ত্রে 'ঋত' শব্দে কর্ম্মফল, কর্ম্মফলের পানকর্ত্তা অর্থাৎ একজন পান ক্রিয়ার প্রযোজ্য কর্ত্তা এবং আর একজন পান ক্রিয়ার প্রয়োজক কর্ত্তা। কঠোপনিষদে ঐরূপ শ্রুতির দ্বারা ছায়া এবং আতপের অত্যন্ত ভেদ বোঝাইয়া দিয়া অভেদ শ্রুতির বাধ করুক ?। ১২৭।

এই শ্রুতি বাধক শ্রুতি নহে, কিন্তু বাধ্যশ্রুতি ; এই কথা বলিয়া ভগবান্ খণ্ডন করিলেন। ব্যবহার সিদ্ধ ভেদবাচক শ্রুতি,কখনই অভেদবোধক শ্রুতির বাধ করিতে পারে না। বরং অপূর্ব্ব অর্থ থাকাতে বলিষ্ঠ হয়, এবং পরে ঐ অভেদশ্রুতি, ভেদশ্রুতির বাধ করিয়া দেয়। ১২৮।

মণ্ডন বলিলেন—হে যোগিবর ! ভেদবোধক যে শ্রুতি আছে অবশ্যই তাহা অভেদ শ্রুতি অপেক্ষা বলিষ্ঠ। এবং ঐ ভেদবোধক শ্রুতি, (প্রত্যক্ষপ্রমাণদ্বারা যাহার অর্থের বাধ হয়, সেই অভেদবোধক শ্রুতির) বাধা দিতে একান্ত সক্ষম। ১২৯।

তাসাং দৌর্ব্বল্যসম্পাদকমেব কিন্তু ॥১৩০॥ ইত্যাদ্যা দৃঢ়যুক্তিরস্য শুশুভে তত্তাদনুমোদাগিরাং দেব্যা তাদৃশ-

তাসাং শ্রুতীনাং দৌর্ব্বল্যসম্পাদকমেব বুধাগ্রগারিনস্তবেয়মুক্তি-রশোভনেতি সম্বোধনাশয়ঃ ॥ ১৩০ ॥ উপসংহরতি ইতীতি। অস্য শ্রীশঙ্করস্যোক্ত্যাদ্যা দৃঢ়যুক্তিঃ শুশুভে। আদ্যাপদেন--মুক্তো-হমুতে কামগণান্ মহেশেতোবং বদন্তী খলু তৈত্তিরীয়াঃ। শ্রুতি র্ভিন্না ভেদমবাধ্যমর্থং তানা সতী শক্তমযুষ্য খ্যাতি ॥ ১ ॥ নৈবং যতোহজ্ঞানবিমুক্তিতো যং সত্যামিতানন্দচিদাত্মভাবং। গতো২-মুতে সোম্য স সর্ব্বকামাংস্তদন্তরহ্যানিতি সা ব্রবীতি ॥ ২॥ দ্রষ্টব্য-মাত্মেতিবচঃ পরাত্মনঃ কর্ম্মত্বকর্ত্তৃত্বমিদং হি বক্তি। সন্দর্শনেহতো যতিরাজ! ভেদঃ সত্যোহথাস্যাৎ শ্রুতিরপ্রমাণং ॥৩॥ নেয়ংশ্রুতি-স্তাত্ত্বিকভেদগাহস্ত্যাদ্বৈতশ্রুতে র্বেদবিদাং বরেণ্য!। বিরোধতো ব্রহ্মপরত্বতোহস্যাস্তাৎপর্য্যসত্যা কিল মানতাবঃ ॥ ৪ ॥ অযত্ন-ভেদশ্রুতিরেব যোগিন্! প্রকল্পিতা ভেদপরেতি নৈবং। প্রাতী-তিকো বা ব্যবহারসিদ্ধো ভেদো ন বৈ ভেদমিতি প্রকোপাৎ ॥ ৫ ॥ অথাস্তু ভেদে গতিশেখারার্থাপত্তি র্ন চৈবং ন ন সত্য-ভেদং। বিনোপপত্ত্যা রহিতো ন চার্থস্তস্মাদভেদার্থশ্রুতি র্ব্বলিষ্ঠা ॥ ৬ ॥ স্যাচ্চেদভেদোহন্য পরাত্মনা মুনে! তর্হ্যপলভ্যেত ন চোপলভ্যতে। তস্মাদসৌ নাস্তি ততো যতে ভিদা যষ্ঠপ্রমাণস্য তু গম্যতাং গতা ॥ ৭ ॥ যথাবৃতো নৈব ঘটঃ প্রদৃশ্যতে তথাবৃতোহসাবপি নৈব ভাসতে। অবিদ্যয়া তত্ত্ববিদামনাবৃতঃ প্রকাশতেহতো ন ভিদাস্ত্যমানগা ॥৮॥ ইত্যাদিদৃঢ়যুক্তিজাতং গ্রাহ্যং। তাং বিশিনষ্টি। গিরাং দেব্যা অধিষ্ঠাতৃদেবতয়া সরস্বত্যা দত্তোহনুমোদো যস্যৈ তয়াহনুমোদিতেতি যাবৎ। তথা তাদৃশস্য বিশ্বরূপস্য মণ্ডনস্য যো রভসাবষ্টম্ভো বেগস্য হর্ষস্য বা স্তম্ভস্তস্য মুষ্টিন্ধয়া নিষ্পীড্য সারাকর্ষিকা। তথা ভর্তু র্য্যাসস্য সংন্যাসস্য বিলক্ষেণ সম্যাজেন যা সূক্তিস্তস্যা জননী। সরস্বতী এব সাক্ষি-ভূরিঃ সাক্ষিত্ববতী যস্যাস্তথা শ্লাঘয়া সহ বর্ত্তমানা যা পুষ্পবৃষ্টি-লহরী তস্যাঃ সৌগন্ধ্যস্য পাণিন্ধয়েতি হস্তং পিবতীতি তথা শার্দূং॥ ॥১৩১॥ ইত্থমেবং প্রকারেণ যতিরাজস্য যুক্তিমনুমোদ্য মালাঞ্চ মণ্ডনগলে, মলিনামবেক্ষ্য অদ্য যুবাং ভিক্ষার্থমুচ্চলতমিতীমৌ শঙ্করমণ্ডনাবুদ্দিশ্যোবাচ। অম্বা সরস্বতী তং যতীন্দ্রং পুনরুবাচ ॥১৩২

বিশ্বরূপরভসাবষ্টম্ভমুষ্টিন্ধয়া। ভর্তৃন্যাসবিলক্ষ-সূক্তিজননী সাক্ষিত্ কুক্ষিম্ভরিঃ শ্লাঘাদ্ভুতপুষ্প-বৃষ্টিলহরীসৌগন্ধ্যপাণিন্ধয়া ॥ ১৩১ ॥ ইত্থং যতি-ক্ষিতিপতেরনুমোদ্য যুক্তিং মালাঞ্চ মণ্ডনগলে-মলিনামবেক্ষ্য। ভিক্ষার্থমুচ্চলতমদ্য যুবামিতীমা-বুচিষ্ট তং পুনরুবাচ যতীন্দ্রমম্বা ॥ ১৩২ ॥ কোপ-

ভগবান্ পরিহার করিলেন—হে বুধাগ্রগণ্য! জগতে অন্য কোন প্রমাণ শ্রুতি সমূহের প্রবলতা সম্পাদন করিতে পারে না। কিন্তু যত টুকু অর্থ হইতে পারে সেই অর্থ দেখাইয়া দিয়া ঐ সকল শ্রুতির বরং দুর্ব্বলতাই প্রতিপাদন হইয়া থাকে। ।১৩০।

উপসংহারে বক্তব্য এই, বাক্যের অধিষ্ঠাত্রী দেবতা সরস্বতী দেবী, যে যুক্তির উপর অনুমোদন করিলেন; যে যুক্তি, বিশ্বরূপের (মণ্ডনের) হর্ষ স্তম্ভের নিষ্পাড়ন ও সার আকর্ষণ করিয়াছিল; পতির সংন্যাসগ্রহণের জন্য বাক্য জননী-সরস্বতী, যে যুক্তির একমাত্র সাক্ষিস্বরূপা; এবং যে যুক্তির জন্য শ্লাঘার সহিত আকাশ হইতে পুষ্পবৃষ্টি ও চারিদিকে তাহার সৌগন্ধ্য বৰ্দ্ধিত হইল, আচার্য্য শঙ্করের এরূপ দৃঢ়যুক্তি সকল সম্পূর্ণরূপে তখন শোভা পাইতে লাগিল। ১৩১।

এই প্রকারে শঙ্করের যুক্তি অনুমোদন করিয়া এবং মণ্ডনের গলদেশে পুষ্পমালা মলিন দেখিয়া দেবী সরস্বতী "অদ্য আপনারা দুইজন একবার ভিক্ষার নিমিত্ত উত্থিত হউন" এই কথা মণ্ডন ও

ইতিরেকবশতঃ শপন্তা পুরা মাং দুর্ব্বাসসা তদবধি র্বিহিতো জয়ন্তে। সাহহং যথাগতমুপৈমি শমিপ্রবীরেত্যক্ত্বা সসম্ভ্রমমমুং নিজধাম যান্তীং ॥ ॥ ১৩৩ ॥ ববন্ধ নিঃশঙ্কমরণ্যদুর্গামন্ত্রেণ তাং জেতুমনা মুনীন্দ্রঃ। জয়োহপি তস্যাঃ স্বমতৈক্যসিদ্ধ্যৈ সার্ব্বজ্ঞতঃ স্বস্য ন মানহেতোঃ ॥ ১৩৪ ॥ জানামি দেবীং ভবতীং বিধাতু র্দেবস্য ভার্য্যাং পুরভিৎ সগর্ভ্যাম্। উপাত্তলক্ষ্ম্যাদিবিচিত্ররূপাং গুপ্ত্যৈ প্রপঞ্চস্য কৃতাবতারাং ॥ ১৩৫ ॥ ব্রজ জননি! তদা

পুরা কোপাতিরেকবশতো মাং শপন্তা দুর্ব্বাসসা তব জয়ন্তস্যাবধি র্বিহিতস্তস্য জাতত্বাৎ সাহহং হে শমিপ্রবীর! যথা গতমুপৈম্যনুগচ্ছামীতোবমমুং সসসম্ভ্রমমুক্ত্বা নিজধাম যান্তীং ববন্ধেত্যন্বয়ঃ সসম্ভ্রমং যান্তীমিতি বা ॥ ১৩৩ ॥ নিঃশঙ্কমরণ্য দুর্গামন্ত্রেণ বনদুর্গামন্ত্রেণ মুনীন্দ্রঃ শ্রীশঙ্করো ববন্ধ। কিমর্থমিত্যপেক্ষায়ামাহ। তাং সরস্বতীং জেতুমনাঃ। ননু যতীন্দ্রস্য তস্যা তজ্জয়সিদ্ধমনেন কিমিত্যাশঙ্ক্যাহ। তস্যাঃ সরস্বত্যা জয়োহপি স্বমতৈক্যসিদ্ধ্যৈ ন তু স্বস্য সর্ব্বজ্ঞতাদিনিমিত্তকমানপূজাদিসিদ্ধ্যর্থং উ০ ॥ ১৩৪ ॥ মন্ত্রেণ বদ্ধা কিমুক্তবানিত্যপেক্ষায়াং তদ্বচনমুদাহরতি। দেবস্য বিধাতু ব্র্রহ্মণো ভার্য্যাং ত্রিপুরসন্তেদকস্য মহাদেবস্য সগর্ভ্যাং সহোদরাং। উপাত্তং লক্ষ্ম্যাদীনাং বিচিত্রং রূপং যয়া তথাভূতামিদানীং প্রপঞ্চস্য রক্ষণার্থং কৃতাবতারাং দেবীং ভবতীং সরস্বতীং ত্বামহং জানামি ॥১৩৫॥ তস্মাৎ হে জননি! ত্বে ভক্তচূড়ামণিরহং যদা নিজস্থানমেতুং গন্ত

শঙ্করকে বলিলেন। এবং পুনর্ব্বার দেবী সরস্বতী যতিপতিকে বলিতে লাগিলেন। ১৩২।

"হে যতিবর! পূর্ব্বে অতিশয় ক্রোধ সহকারে দুর্ব্বসা মুনি আপনার জয় ও জয়ের কাল পর্য্যন্ত নির্ণয় করিয়া দিয়াছিলেন। সেই জয়কাল এক্ষণে পরিপূর্ণ হইয়াছে, অতএব আমি এক্ষণে যে স্থান হইতে আসিয়াছি তথায় গমন করি।" এই কথা বলিয়া সম্ভ্রমে যখন নিজ ধামে গমন করিতে উদ্‌যোগ করেন, তৎকালে মুনিবর শঙ্কর, সরস্বতীকে নিঃশঙ্কমনে বনদুর্গামন্ত্রদ্বারা বন্ধন করিলেন। কারণ প্রথমে ঐ সরস্বতীকে জয় করিতে ইচ্ছা করিয়া শঙ্করের মনে ওরূপ চেষ্টা হয়। সরস্বতীকে জয় করিবার উদ্দেশ্য এই, সরস্বতীকে জয় করিতে পারিলে আপনার মতের ঐক্য ও পোষকতা সিদ্ধি হইবে। নতুবা শঙ্কর যে স্বয়ং সর্ব্বজ্ঞ ছিলেন তাহার জন্য কিসে আপনার পূজা হয়, কিসে আপনার সম্মান বৃদ্ধিপায়, এ অভিপ্রায়ে কথনই ওরূপ কার্য্য করেন নাই। ১৩৩। ১৩৪।

মন্ত্রদ্বারা বদ্ধ করিয়া বলিলেন—আপনি বিধাতার ভার্য্যা এবং ত্রিপুরারির সহোদরা। আপনি সময়ে সময়ে লক্ষ্মী প্রভৃতিদেবীগণের মতন বিচিত্র বিচিত্ররূপ ধারণ করিয়া থাকেন। এক্ষণে অনাদি ও সবিস্তার এই জগতের পরিরক্ষণার্থ ভূতলে অবতীর্ণ হইয়াছেন। অতএব আমি নিশ্চয় আপনাকে দেবী সরস্বতী বলিয়া জানিতে পারিয়াছি। ১৩৫।

হে জননি! আমি ভক্তের চূড়ামণি, আমি যখন আপনাকে স্বস্থানে গমন করিতে অনুজ্ঞা করিব তখনই আপনি স্বস্থানে গমন করিবেন। দেবী শারদা শঙ্করের এরূপ বচনে অনুমোদন করিবার

ত্বং ভক্তচূড়ামণিস্তে নিজপদমতুলাসাম্যত্যাশুজ্ঞাং যদেতু। ইতি নিজবচনে স্মিংস্কারদাসম্মতেঽসৌ- মুনিরথ মুদিতোঽভূন্মাণ্ডনং হৃদ্‌ভুৎসুঃ ॥ ১৩৬ ॥

ইতি শ্রীমাধবীয়ে তন্মণ্ডনার্ষকথাপরঃ।
সংক্ষেপশঙ্করজয়ে সর্গোঽসাবষ্টমোঽভবৎ ॥

মত্যন্থজ্ঞায়ভিরাস্যামি তদা ত্বং নিজপদং ব্রহ্ম ইত্যেবং ভূতে নিজবচনে শারদয়া সরস্বত্যা সম্মতে সতি মাণ্ডনং হৃৎ মণ্ডন- ভাভিপ্রায়ং জ্ঞাতুমিচ্ছুরসৌমুনিঃ শ্রীশঙ্করো মুদিতোঽভূৎ মালিনী ॥ ১৩৬ ॥

ইতি শ্রীমৎপরমহংসপরিব্রাজকাচার্য্য বালগোপালস্বামি শ্রীপূজ্য পাদশিষ্যদত্তবতংশাবতংস রামকৃষ্ণধনপতিকৃতে শ্রীশঙ্করাচার্য্য বিজয়ডিণ্ডিমেঽষ্টমঃ সর্গঃ।

পর মণ্ডনের হৃদয়ও হৃদ্‌গত অভিপ্রায় জানিতে ইচ্ছা করিয়া আচার্য্য শঙ্কর অত্যন্ত প্রমুদিত হই- লেন। ১৩৬।

ইতি অষ্টম অধ্যায় সমাপ্ত।

নবমোঽধ্যায়।

অথ সংযমিক্ষিতিপতের্ব্বচনৈ র্নিগমার্থনির্ণয়- করৈঃ সনয়ৈঃ। শমিতাগ্রহোঽপি পুনরপ্যবদৎ কৃতসংশয়ঃ সপদি কর্ম্মজড়ঃ ॥১॥ যতিরাজ! সম্প্রতি মমাভিনবাম বিষাদিতোঽস্ম্যপজয়াদপি তু। অপি

এবং মণ্ডনাচার্য্যসম্বাদং সপরিকরং নিরূপ্য সর্ব্বজ্ঞোপায়ং সপ্রপঞ্চং নিরূপয়িতুমুপক্রমতে। অথাচার্য্যযুক্তীনাং সরস্বতী- কৃতানুমোদনস্য স্বগলস্থমালায়া মলিনীভাবস্য চানন্তরং সংযমি- রাজস্য শ্রীশঙ্করস্য বেদার্থনির্ণয়কৈরৈঃ পুনশ্চ ন্যায়সহিতৈর্ব্বচনৈঃ শমিত আগ্রহো যস্য স তথাভূতোঽপি সপদি তৎক্ষণে কৃতসংশয়ঃ পুনরবোচৎ। যতঃ কর্ম্মজড়ঃ প্রমিতাক্ষরাবৃত্তং প্রমিতাক্ষরাস- জসৈরুদিতেতি লক্ষণাৎ ॥১॥ যদুবাচ তদাহ। হে যতিরাজ! সম্প্রতি মমাভিনবাদপজয়াদ্বিষাদং ন প্রাপ্তোঽস্মি অপি তু

এইরূপে মণ্ডনাচার্য্যের সম্বাদ সবিস্তারে নিরূ- পণ করিয়া ইদানী আচার্য্য যে সর্ব্বজ্ঞ ছিলেন, তাহার উপায় সবিস্তারে বর্ণনা করা হইতেছে। আচার্য্যের যুক্তি সমূহের উপর সরস্বতী অনুমোদন করিবার পর এবং নিজগলদেশস্থিত পুষ্পমালা মলিন হইবার পর যতিরাজ শঙ্করের বেদার্থ নির্ণা- য়ক ও নীতিপূর্ণ বচনদ্বারা মনের আগ্রহ ও উৎ- কণ্ঠা শমতাপ্রাপ্ত হইলে তৎক্ষণাৎ কর্ম্মজড় মণ্ডন সংশয়াপন্ন হইয়া পুনর্ব্বার বলিতে লাগিলেন। ১।

জৈমিনীয়বচনান্যহহোন্মথিতানি হীতি ভৃশমস্মি কৃশঃ ॥ ২ ॥ সহি বেত্ত্যনাগতমতীতমপি প্রিয়কৃৎ সমস্ত জগতোঽধিকৃতঃ। নিগমপ্রবর্ত্তনবিধৌ স কথংতপসাং নিধি র্ব্বিতথসূত্রপদঃ ॥ ৩ ॥ ইতি সন্দিহানমবদত্ত-মসৌ ন হি জৈমিনাবপনয়োঽস্তি মনাক্। প্রনি-

---

জৈমিনীয়বচনানি অহহেতি নিপাতাবাশ্চর্য্যাতিশয়ার্থাবত্য-ন্তখেদার্থৌ বা। উন্মথিতানীতি কারণাদত্যন্তং কৃশোঽস্মি ॥২॥ হি যস্মাৎ স জৈমিনি র্ভবিষ্যং ভূতঞ্চ জানাতি পুনশ্চ জগতঃ প্রিয়করণার্থং বেদস্য বা প্রবর্ত্তনবিধাবধিকৃতস্তথা চৈবং ভূতস্তপ-সাং নিধিঃ স কথং বিতর্থসূত্রপদো বিতথানি ব্যর্থানি সূত্রপদানি যস্য বিতথসূত্রেষু ব্যবসায়ো বা যস্য তথাভূতঃ কথং ভবেদিত্যর্থঃ ॥ ৩ ॥ ইত্যেবং সন্দেহং প্রাপ্তবন্তং তং মণ্ডনমসৌ শ্রীশঙ্করোঽ-বোচৎ। জৈমিনৌ মনাক্ ঈষদপি অপনয়োঽন্যায়ো নহি। কিন্তু

হে যতিরাজ! সম্প্রতি আমার এই অভিনব পরাজয় হওয়াতে আমি বিষাদিত হই নাই। কিন্তু হায়! ইহা অত্যন্ত আশ্চর্য্যের এবং নিতান্ত খেদের বিষয় যে, আপনি জৈমিনির বাক্য সকল নিরাকরণ করিয়াছেন; এই কারণে আমি অত্যন্ত দুর্ব্বল হইয়াছি। ২।

জৈমিনি ভূত ও ভবিষ্যৎ বেত্তা। এবং তিনি সমস্ত জগতের প্রিয় করিবার নিমিত্ত বেদ বা বেদা-র্থের প্রবর্ত্তন বিধানে অধিকৃত হইয়াছেন। অত-এব তাদৃশ তপোবল—সম্পন্ন জৈমিনির রচিত সূত্রের পদ সকল কিরূপে বৃথা হইল? তাহা বলিতে পারি না। ৩।

মণ্ডন এইরূপে জৈমিনির বাক্যে সন্দিহান হইলে শঙ্কর তাঁহাকে বলিতে লাগিলেন। জৈমি-

মীমহে ন বয়মেব মুনে র্হৃদয়ং যথাবদনভিজ্ঞতয়া ॥ ৪ ॥ যদি বিদ্যতে কবিজনাবিদিতং হৃদয়ং মুনে-স্তদিহ বর্ণয় ভোঃ। যদি যুক্তমত্র ভবতা কথিতং হৃদি কুর্ম্মহে দলদহঙ্কৃতয়ঃ ॥ ৫ ॥ অভিসন্ধিমানপি পরে বিষয়প্রসরম্মতীনমুজিঘৃক্ষুরসৌ। তদবাপ্তি-

---

বয়মেবানভিজ্ঞতয়ামুনেরভিপ্রায়ং যথাবৎ প্রমিমীমহে প্রমাতুং ন শক্নুমঃ ॥ ৪ ॥ এবং শ্রুত্বাঽত্যুৎসুকো মণ্ডন আহ। যদি কবি-জনৈরপ্যবিদিতং মুনে র্হৃদয়মভিপ্রায়ো বিদ্যতে তত্তর্হীহাস্মদগ্রে বর্ণয়। নমু মুন্যভিপ্রায়বিজ্ঞাভিমানবতাং ভবর্দ্বিধানামগ্রে তদ্ বর্ণনং নিষ্ফলমিত্যাশঙ্ক্যাহ। যদি ভবতামত্রাস্মিন্ হৃদয়বর্ণনে প্রসক্তে যুক্তং কথিতং তর্হি দলিতাহঙ্কৃতয়ঃ সন্তো বয়ং তৎ হৃদি কুর্ম্মহে ॥ ৫ ॥ এবং প্রার্থিতঃ স শঙ্করো জৈমিন্যভিপ্রায়মাবিষ্ক-রোতি। পরে ব্রহ্মণ্যভিপ্রায়বানপি বিষয়েষু প্রবাহীকৃতবুদ্ধীন্ তত্রানধিকারমালোচ্য তত্রাধিকারায় তাননুগৃহীতুমিচ্ছুরসৌ

নির অল্পমাত্র দোষ বা অন্যায় নাই। কিন্তু আম-রাই অনভিজ্ঞতাবশতঃ মুনির অভিপ্রায় যথার্থরূপে প্রমাণ করিতে সমর্থ হই নাই। ৪।

এই কথা শুনিয়া উৎসুকচিত্তে মণ্ডন বলিতে লাগিলেন—যদি জৈমিনির অভিপ্রায় কোন পণ্ডিতে না জানেন, তবে আপনি আমার অগ্রে তাঁহার একবার হৃদয় বর্ণনা করুন। যদি আপনি এই মুনির হৃদয় বর্ণনা করিতে গিয়া যুক্তিযুক্ত বাক্য বলেন, তবে আমরা অহঙ্কার দলিত করিয়া সেই সকল বাক্য হৃদয়ে ধারণ করিব। ৫।

মণ্ডনের এরূপ প্রার্থনা শুনিয়া শঙ্কর জৈমিনির অভিপ্রায় আবিষ্কার করিতে লাগিলেন। মুনি স্বয়ং পরব্রহ্ম জানিতে অত্যন্ত অনুসন্ধিৎসু ছিলেন। কিন্তু

সাধনতয়া সকলং সুকৃতং ত্বকৃণমবিতি স্ম পরং ॥ ॥ ৬ ॥ বচনং তমেতমিতি ধর্মচয়ং বিদধাতি বোধ-জনিহেতুতয়া। তদপেক্ষয়ৈব স চ মোক্ষপরো নিরধারয়দপরথেতি বয়ম্ ॥৭॥ শ্রুতয়ঃ ক্রিয়ার্থক তয়া সফলা অতদর্থকানি তু বচাংসি বৃথা। ইতি সূত্রয়ন্ ননু কথং মুনিরাডপি সিদ্ধবস্তুপরতাং মনুতে ॥ ৮ ॥ শ্রুতিরাশিরদ্বয়পরোঽপি পরম্পরয়াত্মবোধ-ফলকর্মণি চ। প্রসরৎকটাক্ষ ইতি কার্য্যপরপমসূচি তৎপ্রকরণস্থগিরাম্ ॥ ৯ ॥ ননু সচ্চিদাত্মপরতাভি-

মুনিঃ পরব্রহ্মপ্রাপ্তিসাধনতয়া পরং কেবলং সুকৃতং পুণ্যং কর্মাতিশয়েন নিরূপিতবান্ নতু পরং ব্রহ্মেত্যর্থঃ ॥ ৬ ॥ নন্বিদং ভবদ্ভিঃ কথং জ্ঞাতমিতি চেৎ। শ্রুত্যর্থ নির্ণায়কস্য শ্রুত্যানমু রূপাভিপ্রায়বত্ত্বাভাবনিশ্চয়াদিত্যাশয়েনাহ বচনমিতি। তমেতং বেদানুবচনেন ব্রাহ্মণা বিবিদিষন্তি যজ্ঞেন দানেন তপসা নাশকে-নেতি বচনং পরব্রহ্মাবগতিজন্মহেতুতয়া ব্রহ্মচর্য্যাদিধর্মসমুদায়ং বিদধাতি। যদ্যপি প্রত্যয়ার্থপ্রধানতাপক্ষে সনর্থে চ্ছাজনি হেতুতয়া তদ্বিধায়কং তথাপ্যত্রৈন বিগমিষতীতিবৎ প্রকৃত্যর্থ-প্রধানতাশ্রয়েণৈবমুক্তং তদ্বচনাপেক্ষয়ৈব স চ মোক্ষপরো জৈমিনির্ধর্মনিচয়ং নিরধারয়ৎ নান্যথেতি বয়ং মন্মহ ইত্যধ্যাহারঃ॥ ॥ ৭ ॥ ননু আম্নায়স্য ক্রিয়ার্থত্বাদানর্থক্যমতদর্থানামিতি সূত্র-য়ন্ বেদস্য সিদ্ধবস্তুপরতাং কথং মনুত ইতি মণ্ডনঃ শঙ্কতে। শ্রুতয়ঃ ক্রিয়ার্থকতয়া সফলা অক্রিয়ার্থকানি তু বচাংসি বৃথাঽনর্থকানীতি সূত্রয়ন্ মুনিরাড্ বেদবচসাং সিদ্ধবস্তুপরতাং ননু কথং মনুত ইত্যর্থঃ ॥ ৮ ॥ উক্তসূত্রস্য কর্মকাণ্ডাভিপ্রায়ত্বাদেবমিতি পরিহরতি ভগবান্ শ্রুতিরাশিঃ পরম্পরয়াঽদ্বিতীয় ব্রহ্মপরোঽপি আত্মবোধঃ ফলং যস্য তস্মিন্ কর্মণি প্রসরৎকটাক্ষঃ প্রবাহীকৃতদৃষ্টিরিত্যতঃ কর্মপ্রকরণস্থগিরাং কার্য্যপরত্বমসূচি সূত্রি-

যাঁহাদের বুদ্ধি বিষয় পদার্থে প্রবহমান, তাহা-দিগকে অনুগ্রহ করিবার বাসনায় জৈমিনি মুনি, সাধারণের কিরূপে পরব্রহ্ম প্রাপ্তি হইবে? তাহার উপায় এবং সাধন কি? তাহার নিমিত্ত তিনি কেবল নিরতিশয় পুণ্য কর্ম্ম নিরূপণ করিয়াছেন; কিন্তু পরব্রহ্ম নিরূপণ করেন নাই। ৬।

"তমেতমং বেদানুবচনে ব্রাহ্মণা বিবিদিষন্তি' ব্রাহ্মণগণ বেদবাক্যদ্বারা তাঁহাকে জানিতে ইচ্ছা করিয়া থাকেন। ইত্যাদি বেদবচনদ্বারা "কিরূপে পরব্রহ্মের জ্ঞান জন্মে," তাহার জন্য কেবল ব্রহ্ম-চর্য্যাদি ধর্ম্ম সমুদয় বিধান করা হইয়াছে। এবং ঐ বেদবচনের মতাবলম্বী হইয়া মুক্তিপ্রার্থী জৈমিনি মুনি যে ধর্ম্ম সকল নির্দ্ধারিত করিয়াছেন, ইহা আমরা বিলক্ষণ বিবেচনা করিয়াছি। ৭।

মণ্ডন পুনর্ব্বার আশঙ্কা করিলেন—বেদ সকল কোন না কোন একটী ক্রিয়ার অর্থপ্রকাশ করিয়া সফল হয়, এবং অনেকগুলি বেদবচন আবার কোন ক্রিয়ারই অর্থপ্রকাশ করে না। 'আম্নায়স্য ক্রিয়ার্থ-ত্বাদানর্থক্যমতদর্থানাম্' অতএব যে বেদবাক্য কোন ক্রিয়ারই অর্থপ্রকাশ করে না তাহারা নিরর্থক। এই-রূপ সূত্র করিয়া মুনিরাজ জৈমিনি বেদবাক্য সকল নিত্য এক বস্তুর প্রকাশক, তাহা কিরূপে স্বীকার করিতে পারেন? । ৮।

জৈমিনির ঐ সূত্রটী বেদের কর্ম্মকাণ্ডের অভি-প্রায়ে রচিত হইয়াছে। নতুবা সূত্রের অর্থ স্বতন্ত্র জানিবেন। এই কথা বলিয়া ভগবান্ শঙ্কর খণ্ডন করিতে লাগিলেন। বেদসমূহের পরম্পরাক্রমে পরব্রহ্ম বিষয়েই তাৎপর্য্য। এবং আত্মবোধ যে কার্য্যের ফল, সেই সকল কর্ম্মে বেদ সকলের দৃষ্টি

সতা যদি কৃৎস্নবেদনিচযস্য মুনেঃ। ফলদাতৃতাম্পুরুষস্য বদন্ স কথং নিরাহ পরমেশমপি ॥ ১০ ॥ নন্বু কর্তৃপূর্ব্বকমিদং জগদিত্যনুমানমাগমবচাংসি বিনা। পরমেশ্বরং প্রথয়তি শ্রুতয়স্ত্বনুবাদমাত্রমিতি

ভবান্ ॥ ৯ ॥ নন্বেবং তর্হি ফলদাতৃত্বং কর্ম্মণঃ স্বীকৃত্য পরেশং কিমর্থং নিরাহেতি মণ্ডনঃ শঙ্কতে। নন্বু কৃৎস্নবেদকদম্বস্য সচ্চিদাত্মপরতা যদি মুনেরভিমতা তর্হি পুরুষাৎ পরমাত্মনোঽভিন্নস্য কর্ম্মণঃ ফলদাতৃত্বং বদন্ সন্ মুনিঃ পরমেশ্বরমপি কথং নিরাকৃতবানিত্যর্থঃ ॥ ১০ ॥ অনুমানগম্যং তং নিরাকৃতবাংস্তু বেদনিচয়গম্যমিতি সমাধত্তে ভগবান্। নন্বিতি ইদং জগৎ কর্তৃপূর্ব্বকং কার্য্যত্বাৎ ঘটাদিবদিত্যনুমানং বেদবচাংসি বিনা পরমেশ্বরং সাধয়তি। শ্রুতয়স্তু অনুমানসিদ্ধার্থস্যানুবাদমাত্রমিতি কাণভুজাঃ

প্রবাহিত হইয়া রহিয়াছে। অতএব বেদের কর্ম্মপ্রকরণে যে সমস্ত বাক্য আছে,তাহাদের সকলেরই অর্থ কোন একটি কার্য্য বিষয়ে সংলগ্ন। সুতরাং ঐরূপ অভিপ্রায়েই মহামুনি জৈমিনি সূত্র করিয়াছেন। ৯।

মণ্ডন শঙ্কা করিতে লাগিলেন—যদি সমস্ত বেদেরই তাৎপর্য্য সৎ, চিৎ ও আনন্দ বিষয়ে পরিণত হয়; এবং তাহাই যদি মুনির অভিমত হয়; তবে পরমপুরুষ পরমাত্মা হইতে কর্ম্ম সকলকে ভিন্ন স্বীকার করা এবং ওরূপ কর্ম্ম যে ফলপ্রদ, এরূপ জানিয়া মুনিবর কি কারণে পরমেশ্বর নিরাকরণ করিয়াছেন ?। ১০।

জৈমিনি মুনি অনুমানগম্য পরমেশ্বর নিরাকরণ করিয়াছেন, কিন্তু বেদসমূহ গম্য পরমেশ্বর নিরাকরণ করেন নাই' একথা বলিয়া ভগবান্ সূত্রের সামঞ্জস্য করিলেন। "ইদং জগৎ কর্তৃপূর্ব্বকং

কাণভুজাঃ ॥ ১১ ॥ ন কথঞ্চিদৌপনিষদং পুরুষং মনুতে বৃহন্তমিতি বেদবচঃ। কথমন্যবেদবিদগোচরতাং গময়েৎ কথং তমনুমানমিদং ॥ ১২ ॥

কাণাদাঃ ॥ ১১ ॥ ঔপনিষদমুপনিষদেকগম্যং বৃহন্তং পুরুষমবেদবিৎ কথঞ্চিদপি ন মনুতে ন বিজানাতীতি বেদবচঃ পরমাত্মনোঽবেদবিদগোচরতাং কথয়তি। তথাচ শ্রুতিঃ "তং ত্বৌপনিষদং পুরুষং পৃচ্ছামি নাবেদবিন্মনুতে তং বৃহন্তমিতি তস্মাদিদং কাণাদোক্তমনুমানং তং কথং গময়েদিতি ভাবমিতি পরেণান্বয়ঃ ॥১২॥ ইত্যুক্তং ভাবমাত্মনি বুদ্ধৌ নিধায় স মুনিস্তীক্ষ্ণযুক্তিশতৈরীশ্বর-

কার্য্যত্বাৎ ঘটাদিবৎ" এই জগতের অবশ্যই একজন কর্ত্তা আছে, যেহেতু এ জগৎ একটী কার্য্য। তাহার দৃষ্টান্ত যেমন ঘটপটাদি। বেদবাক্য না থাকিলেও এরূপ অনুমানদ্বারা সিদ্ধি হইয়া থাকে। বৈশেষিকমতের সৃষ্টিকর্ত্তা কণাদমুনির অনুগামী লোকগণ, 'শ্রুতি সকল কেবল অনুমানসিদ্ধ অর্থের অনুবাদ মাত্র' এরূপ নির্দ্দেশ করিয়া থাকেন'। ১১।

বেদের 'অনভিজ্ঞলোকে একমাত্র উপনিষদ্গম্য, বৃহৎ পুরুষ পরমেশ্বরকে কোনমতেই জানিতে পারে না। ঐ বেদবাক্য, পরমাত্মা যে কেবল বেদগোচর নহে, ইহাই প্রমাণ করিয়াছে। শ্রুতি যথা—"তং ত্বৌপনিষদং পুরুষং পৃচ্ছামি না বেদবিন্মনুতে তং বৃহন্তম্" যিনি কেবল মাত্র উপনিষদ দ্বারা বোধগম্য, আমি সেই পুরুষকেই জিজ্ঞাসা করিতেছি। বেদ-অনভিজ্ঞ ব্যক্তি সেই মহৎ পুরুষকে কখনই জানিতে পারে না। অতএব কণাদমতাবলম্বীদিগের ঐরূপ অনুমান যে কখনই সেই বেদগম্য পরমেশ্বরকে বুঝাইয়া দিতে পারে না। জৈমিনিমুনি, আপনার হৃদয়ে ঐরূপ অভিপ্রায়

ভাবমাত্মনি নিধায় মুনিঃ স নিরাকরোন্নিশিতযুক্তিশতৈঃ। অনুমানমীশ্বরপরং প্রভবং লয়ং ফলমপীশ্বরতঃ ॥ ১৩ ॥ তদিহাস্মদুক্তবিষয়া নিবহা ন বিরুদ্ধমণ্বপি মুনে র্বচসি। ইতি গূঢ়ভাবমনবেক্ষ্য বুধাস্তমনীশবাদ্যযমিতি ব্রুবতে ॥ ১৪ ॥ কিমু তাবতৈব স নিরীশ্বরবাদ্যভবৎ পরাত্মবিদুষাং প্রবরঃ। ন নিশাটনাহিততমঃ কচিদপ্যহনি প্রভ মলিনয়েত্তরণেঃ ॥ ১৫ ॥ ইতি জৈমিনীয়বচসাং হৃদয়ং কথিতং নিশম্য যতিকেশরিণা। মনসা ননন্দ কবিরাট্ নিতরাং সহ শারদাশ্চ সদসম্পতয়ঃ ॥ ॥ ১৬ ॥ বিদিতাশয়োঽপি পরিবর্ত্তিমনাগ্বিশয়ঃ স জৈমিনিমবাপ হৃদা। অবগন্তুমস্য বচসাপি পুনঃ স চ সংস্মৃতঃ সবিধমাপ কবেঃ ॥ ১৭ ॥ অবদচ্চ শৃণ্বিতি

পরমম্ভুমানং নিরাকরোৎ। তথেশ্বরাৎ জগতঃ প্রভবং প্রলয়ং ফলঞ্চ নিরাকরোৎ ॥ ১৩ ॥ তত্তস্মাদিহাস্মিন্ মুনে র্বচসি অস্মদুক্তবিষয়া নিবহা মহত্যোনাণ্বপি বিরুদ্ধং ন ভবতি। তথা চোক্তং গূঢ়ভাবমনবেক্ষ্যাবুধাস্তং জৈমিনিমনীশ্বরবাদ্যয়মিতি কথয়ন্তি ॥১৪॥ পরমেশ্বরপরাঽনুমানখণ্ডনমাত্রেণ তস্যানীশ্বরবাদিত্বং ন সম্ভবতীত্যাহ। কিমু তাবতৈব স পরাত্মবিদুষাং প্রবরঃ নিরীশ্বরবাদী অভবৎ। নিশাটনৈশ্চেকাদিভিরাহিতং স্থাপিতং তমো দিবসে তরণেঃ সূর্য্যস্য প্রভাং কচিদপি ন মলিনাং কুর্য্যাৎ ॥১৫॥ ইত্যেবং প্রকারেণ যতিসিংহেন কথিতং জৈমিনীয় বচনানাং হৃদয়ং নিশম্য স কবিরাট্ মণ্ডনো মনসাঽত্যন্তং ননন্দ। শারদয়া সহ বর্ত্তমানাশ্চ সভানায়কাস্তথৈব ননন্দুঃ ॥ ১৬ ॥ যতিরাজোক্ত্যা বিদিতাভিপ্রায়োঽপি স মণ্ডনঃ পরিবর্ত্তী বর্ত্তমানো মনাগীষদ্বিশয়ঃ সংশয়ো যস্য সঃ অস্য জৈমিনে র্বচসাপি চ তদভিপ্রায়মবগন্তুং মনসা জৈমিনিং প্রাপ তস্য ধ্যানং কৃতবান্

রাখিয়া শততীক্ষ্ণযুক্তিদ্বারা ঈশ্বরবিষয়ক অনুমান নিরাকরণ করিয়াছেন এবং ঐ পরমেশ্বর হইতে জগতের উৎপত্তি, লয় ও ফল সকল নিরাকরণ করিয়াছেন। ১২। ১৩।

অতএব মুনিবর জৈমিনির এরূপ বাক্যে আমাদের গূঢ় সিদ্ধান্তবাক্য অণুমাত্রও বিরোধের সম্ভাবনা নাই। এই কারণেই পণ্ডিতগণ, তাঁহার গূঢ়ভাব পর্য্যালোচনা না করিয়া সেই জৈমিনিমুনিকে "ইনি ঈশ্বর মানেন না" এরূপ বলিয়া থাকেন। ১৪।

পরমেশ্বর বিষয়ক অনুমানের খণ্ডন করাতেই যে তিনি নিরীশ্বরবাদী, (তিনি ঈশ্বরমানেন না) ইহা কখনই সম্ভবপর নহে। পরমাত্মবেত্তাদিগের অগ্রগণ্য সেই জৈমিনি মুনি যে, ঐ কারণে নিরীশ্বরবাদী হইবেন, তাহাও হইতে পারে না। তাঁহার দৃষ্টান্ত দেখুন, রাত্রিকালে কৃষ্ণবর্ণ অন্ধকার দেখা যায় সত্য, কিন্তু ঐ তিমির দিবসে কখনই সূর্য্যের প্রভা মলিন করিতে পারে না। ১৫।

যতিদিগের সিংহস্বরূপ শঙ্করাচার্য্য এইপ্রকারে জৈমিনি বাক্যের অভিপ্রায় ব্যক্ত করিলেন। তাহা শ্রবণ করিয়া কবিবর মণ্ডন, মনে মনে অত্যন্ত আনন্দিত হইলেন। এবং সরস্বতীর সহিত অন্যান্য সভানায়কগণ তদ্রূপ মনে মনে অতিশয় আহ্লাদ প্রকাশ করিলেন। ১৬।

যতিরাজের বচনে মণ্ডন সমস্ত অভিপ্রায়ই জানিতে পারিলেন সত্য, কিন্তু তখনও তাঁহার অল্পমাত্র সংশয় বিদ্যমান রহিল। অনন্তর জৈমি-

স ভাষ্যকৃতি প্রজহাহি সংশয়মিমং সুমতে ! । যদ-
বোচদেষ মম সূত্রততে হৃদয়ং তদেব মম নাপরথা ॥
॥ ১৮ ॥ ন মমৈব বেদ হৃদয়ং যমিরাডপিতু শ্রুতেঃ
সকলশাস্ত্রততেঃ । যদভূদ্ভবিষ্যতি ভবত্তদপি হ্যয়-
মেব বেদ ন তথা ত্বিতরঃ ॥১৯॥ গুরুণা চিদেকরস-
তৎপরতা নিরণায়ি হি শ্রুতিশিরোবচসাং । কথ-
মেকসূত্রমপি তদ্বিমতং কথয়াম্যহং তদুপসাদি-
তধীঃ ॥ ২০ ॥ অসমাকলয্য বিশয়ং সুযশঃ ! শৃণু
মে রহস্যমিমমেব পরং । ত্বমবৈহি সংসৃতিনিমগ্ন-

স চ জৈমিনিঃ কবেঃ মণ্ডনস্য সমীপমবাপ ॥ ১৭ ॥ স জৈমিনিঃ
শৃণ্বিত্যবদচ্চ হে সুমতে ! ভাষ্যকারে শ্রীশঙ্করে স তেনোক্ত এব
মুনেরাশয় উক্তাস্ত ইতীমং সংশয়ং পরিত্যজ যতো মম সূত্র-
ততে যৎ হৃদয়মেষঃ অবোচত্তদেব মম হৃদয়ং নান্যথা ॥ ১৮ ॥
কিঞ্চ ন কেবলং মমৈব হৃদয়ং যমিরাট্ জানাতি অপি তু শ্রুতেঃ
সর্ব্বশাস্ত্রততেশ্চ হৃদয়ং বেদ যচ্চ ভূতং ভবিষ্যং বর্ত্তমানং তদ-
প্যয়মেব বেদেতরস্তু ন তথা বেদ ॥ ১৯ ॥

তথাচৈতদুক্ত এব মমাশয়ো ব্যাসশিষ্যস্য মম তদ্বিরুদ্ধকথ-
নাসম্ভবাদিত্যাহ । গুরুণা শ্রীবেদব্যাসেন বেদান্তবচসাং চিদে-
করসতৎপরতা নিরণায়ি তদ্বিরুদ্ধমেকসূত্রমপ্যহং কথং কথয়ামি
যতস্তস্মাৎ পরিপ্রাপ্তবুদ্ধিঃ ॥ ২০ ॥ তস্মাৎ হে সুযশঃ ! সংশয়-
মসমাকলয্যালঙ্কৃত্বা বিমুচ্য মম বচনাদ্রহস্যং শৃণু সংসৃতিসাগর-
নিমগ্নজনোদ্ধরণার্থং গৃহীতবিগ্রহং পরং পুরুষং পরমাত্মানং
শিবমেবেমং ত্বং জানীহি । যদ্বা ইমমেব পরং পুরুষমবৈহি

নির বাক্যের ঐরূপ অভিপ্রায় জানিতে ইচ্ছা করিয়া মনে মনে তাঁহাকে ধ্যান করিলেন। জৈমিনি মুনি পণ্ডিতবর মণ্ডনের নিকটে আসিয়া তৎক্ষণাৎ উপস্থিত হইলেন । ১৭ ।

জৈমিনি বলিলেন—হে সুমতে ! মণ্ডন ! 'শঙ্কর যাহা বলিয়াছেন তাহাই আপনার সূত্রের অভিপ্রায় ? অথবা অন্য কোন অভিপ্রায় ?' ভাষ্যকার শঙ্করাচার্য্যের উপর এরূপ সন্দেহ পরিত্যাগ কর। এই শঙ্করাচার্য্য,আমার সূত্রসমুদায়ের যেরূপ অভিপ্রায় প্রকাশ করিয়াছেন, তাহাই সত্য জানিবে। বস্তুতঃ আমার সূত্রের অভিপ্রায় অন্যপ্রকার নহে। । ১৮ ।

যতিপতি শঙ্কর কেবল যে আমার অভিপ্রায় জানেন তাহা নহে, কিন্তু তিনি সমস্ত বেদ ও অন্যান্য যাবতীয় শাস্ত্র সমুদায়ের অভিপ্রায় বিদিত আছেন। যাহা অতীত, যাহা ভবিষ্যদ্ গর্ভে নিহিত, যাহা বর্ত্তমান, এ সমস্তই তিনি অবগত আছেন। শঙ্কর ব্যতীত অন্য আর কেহই তাহা জানিতে পারে না । ১৯ ।

যেরূপ অভিপ্রায় বলা হইয়াছে, আমি ব্যাসের শিষ্য হইয়া তাঁহার বিরুদ্ধে কোন কথাই বলিতে পারিব না। আমার গুরু বেদব্যাস, বেদান্ত শাস্ত্রের বাক্য সকল কেবল চিৎস্বরূপ পরমাত্মার নির্ণায়ক বলিয়া নির্ণয় করিয়াছেন। আমি তাঁহার নিকট হইতেই বুদ্ধিলাভ করিয়াছি, অতএব আমি সেই গুরুদেবের বিরুদ্ধে একটী সূত্রও তোমাকে বলিতে পারিব না। ফলতঃ তাঁহার বিরুদ্ধে স্বতন্ত্ররূপে সূত্রের অর্থকরা আমার সাধ্যায়ত্ত নহে । ২০ ।

হে যশস্বিন্ ! মণ্ডন ! সংশয় পরিত্যাগ করিয়া আমার বচনানুসারে গূঢ় অভিপ্রায় শ্রবণ কর। যে

জনোত্তরণে গৃহীতবপুষং পুরুষং ॥ ২১ ॥ আদ্যে সত্ত্ব মুনিঃ সতাং বিতরতি জ্ঞানং দ্বিতীয়ে যুগে দত্তো দ্বাপরনামকে তু সুমতি র্ব্যাসঃ কলৌ শঙ্করঃ। ইত্যেবং স্ফুটমীরিতোঽস্য মহিমা শৈবে পুরাণে যতস্তস্য ত্বং সুমতে! মতে ভবতরঃ সংসারবার্ধিং তরেঃ ॥ ॥২২॥ ইতি বোধিতদ্বিজবরোঽন্তরধাম্মনসোপগুহ্য-

নন্বু নির্ব্বিগ্রহস্য তস্য কথং তদ্বত্ত্বেত্যাশঙ্ক্যাহ সংস্তীতি ॥২১॥ নম্বু কুতএতজ্জ্ঞাতমিতি চেত্তত্রাহ যত আদ্যে কৃতযুগে সত্ত্বমুনিঃ কপিলাচার্য্যঃ সতাং জ্ঞানং প্রযচ্ছতি। দ্বিতীয়ে ত্রেতাসংজ্ঞকে যুগে দত্তঃ। দ্বাপরনামকে তু সুমতি র্ব্যাসঃ কলৌ শঙ্করঃ। ইত্যেবমস্য মহিমা শৈবে পুরাণে স্ফুটং যথাস্যাত্তথা যতঃ কথিত স্তস্মাৎ তস্য মতে হে সুমতে! ভবতরঃ প্রবিষ্টোঽভবঃ। ততঃ কিমিতি তত্রাহ সংসারসমুদ্রং ত্বয়ে স্তীর্ণো ভব শার্দূ০ ॥ ২২ ॥ ততঃ কিং বৃত্তমিত্যপেক্ষায়ামাহ। ইত্যেবং বোধিতো দ্বিজবরো মণ্ডনো

সমস্ত লোক সংসার সাগরে নিমগ্ন, তাহাদিগকে উত্তীর্ণ করিবার নিমিত্ত শঙ্কর শরীর ধারণ করিয়াছেন। অতএব যিনি এক্ষণে তোমার সম্মুখে বিদ্যমান আছেন এই শরীরধারী পুরুষকে তুমি পরমাত্মারূপে এবং শিবরূপে অবগত হও। ২১।

আমি জানিয়াছি, যিনি সত্যযুগে কপিলাচার্য্য হইয়া সজ্জন দিগকে জ্ঞান দান করিতেন ; ত্রেতাযুগে যিনি স্বয়ং দত্তাত্রেয় হইয়াছিলেন ; যিনি দ্বাপরযুগে বুদ্ধিমান্ বেদব্যাস নামে কথিত হইয়াছিলেন ; তিনিই কলিকালে শঙ্কর হইয়া জন্মগ্রহণ করিয়াছেন। তাঁহার এইরূপ মহিমা শৈবপুরাণে স্পষ্টরূপে কথিত হইয়াছে। অতএব হে সুমতে। তুমি তাঁহার মতে প্রবেশ কর।

যমিনামৃষভং। স চ যায়জূকপরিষৎপ্রমুখঃ প্রণিপত্য শঙ্করমবোচদিদম্ ॥ ২৩॥ বিদিতোঽস্তি সম্প্রতি ভবান্ জগতঃ প্রকৃতি র্নিরস্তসমতাতিশয়ঃ। অববোধমাত্রবপুরপ্যবুধোদ্ধরণায় কেবলমুপাত্ততনুঃ ॥ ॥ ২৪ ॥ যদেকমুদিতং পদং যতিবরত্রয়ীমস্তকে-

মেন স জৈমিনি র্যমিনাং শ্রবতং মনসা আলিঙ্গ্যান্তর্ধানমগাৎ। স চ যায়জূকানাং ইজ্যাশীলানাং সদসি প্রমুখঃ শ্রেষ্ঠো মণ্ডনঃ শঙ্করং প্রণিপত্যেদং বক্ষ্যমাণমবোচৎ প্র০ ॥ ২৩ ॥ সম্প্রতি ভবান্ বিদিতোঽস্তি কোঽস্য বহমিতি তত্রাহ। জগতঃ প্রকৃতিঃ কারণমতএব নিরস্তসমতাতিশয়ঃ জগৎ কারণস্য কলৌ-কথং সিসৃক্ষায়ামপরস্য জিহীর্ষাঽপরস্য জিহীর্ষয়ামন্যস্ত সিসৃ-ক্ষেত্যনবস্থিত্যাপাতাৎ। নম্বু সাংখ্যাদ্যভিমতং প্রধানাদি-রূপং মাং জানাসীতি চেত্তত্রাহ। অববোধমাত্রবপু র্নম্বু বিগ্রহবন্তং মাং কথমেবং জানাসীতি চেত্তত্রাহ। এবং ভূতোঽপ্যস্মদাদ্যজ্ঞ-জনোদ্ধরণায় কেবলং গৃহীতবিগ্রহো ন তু বস্তুতস্তদ্বানিত্যর্থঃ ॥ ২৪ ॥ অবুধোদ্ধারশ্চ ত্বয়া সম্পাদিত এব। বেদান্তবেদ্য-স্থাপনাদিত্যাশয়েনাহ। আত্মা বা ইদমেক এবাগ্র আসীৎ

প্রবেশ করিলে তুমি অনায়াসে সংসার সমুদ্র হইতে উত্তীর্ণ হইতে পারিবে। ২২।

এইরূপে দ্বিজবর মণ্ডনকে বুঝাইয়া দিয়া জৈমিনি মুনি, যতিবর শঙ্করকে মনে মনে আলিঙ্গন করিয়া শীঘ্র অন্তর্দ্ধান হইলেন। অনন্তর যাগশীল লোক দিগগের সভায় যিনি একমাত্র অগ্রগণ্য সেই মণ্ডন তখন শঙ্করকে প্রণাম করিয়া বলিতে লাগিলেন। ২৩।

সম্প্রতি আমি আপনাকে জানিতে পারিয়াছি। আপনি জগতের একমাত্র কারণ বলিয়া মমতা সকল একেবারে নিরস্ত করিয়াছেন। সাংখ্যাদি

স্তদস্থ পরিপালকস্ত্বমসি তত্ত্বমস্যাস্যুধঃ। পরং গলিতসৌগতপ্রলপিতান্ধকূপান্তরেপতৎ কথঞ্চিদন্যথা প্রলয়মদ্য নাপৎস্যতে ॥ ২৫ ॥ প্রবুদ্ধোঽহং স্বপ্নাদিতি কৃতমতিঃ স্বপ্নমপরং যথা মূঢ়ঃ স্বপ্নে কলয়তি তথা মোহবশগাঃ। বিমুক্তিং মন্যন্তে কতিচিদিহ লোকান্তরগতিং হসন্ত্যেতান্ দাসাস্তবগলিতমায়াঃ পরগুরোঃ ॥ ২৬ ॥ মুহুর্ধিগ্ধিগ্ ভেদিপ্রলপিতবিমুক্তিং যদুদয়েঽপ্যসারঃ সংসারোবিরমতি ন কর্তৃ

ব্রহ্ম বা ইদমগ্র আসীদেকমেব সোম্যেদমগ্র আসীদেক মেব দ্বিতীয়মিত্যাদিভিঃ ঋগ্‌যজুঃসামাখ্যবেদত্রয়ীমস্তকৈ র্যদেকং পদং কথিতং তস্যাস্য পদস্য তত্ত্বমস্যাস্যুধবং পরং কেবলং পরিপালকোঽসি। অন্যথা গলিতাঃ পুমর্থভ্রষ্টা যে সৌগতাস্তৈঃ প্রলপিতলক্ষণস্যান্ধকূপস্যান্তরেঽদ্যপতৎ তৎ পদং কথমিব প্রলয়ং নাপৎস্যতেঽপি তু প্রপৎস্যতএব পৃথ্বী ॥ ২৫ ॥ কিঞ্চ যথা কশ্চন মূঢ়ঃ স্বপ্নে শ্রমং প্রাপ্য সুপ্ত্বা প্রবুদ্ধঃ প্রবোধরূপমপরং স্বপ্নএবাহং স্বপ্নাৎ প্রবুদ্ধ ইতি কৃতবুদ্ধিঃ কলয়তি মন্যতে। তথেহ লোকে কেচিদবিবেকবশবর্ত্তিনো বন্ধরূপামেব লোকান্তরগতিং বিমুক্তিং মন্যন্তে। তব পরগুরো র্দাসাস্তু বিগলিতমায়া এতান্ হসন্তি শি• ॥ ২৬ ॥ তস্মাদ্ভেদবাদিপ্রলপিতবিমুক্তিং

শাস্ত্রে যদ্রূপ প্রকৃতি ও পুরুষের বিষয় বর্ণিত আছে তদ্রূপ আপনিও বোধ (জ্ঞান) স্বরূপ। আপনার শরীর দেখিয়া কোনও আশঙ্কা হয় না। কারণ, আপনি জ্ঞানস্বরূপ হইয়াও কেবল অজ্ঞদিগকে উদ্ধার করিবার বাসনায় মানবীয় দেহ ধারণ করিয়াছেন, নতুবা আপনার কোন প্রাকৃতিক শরীর নাই। ২৪।

বেদান্ত,বেদ ও পরমাত্ম স্থাপন করিয়া আপনি অজ্ঞদিগকে উদ্ধার করিয়াছেন। "আত্মা ইদমেকএবাগ্র আসীৎ' ব্রহ্ম বা ইদমগ্র আসীৎ' একমেবাদ্বিতীয়ম্' ইত্যাদি ঋক্, যজু ও সাম এই তিনটী বেদের মস্তকদ্বারা যে এক পদটী কথিত হইয়াছে, আপনি 'তত্ত্বমসি' "বেদবাক্যের অস্ত্রস্বরূপ হইয়া সেই পদের একমাত্র পালন কর্ত্তা। নতুবা পুরুষার্থ বিহীন বৌদ্ধগণ যে সমস্ত প্রলাপ করিয়াছিল, সেই প্রলাপরূপ অন্ধকূপের মধ্যে পতিত হইয়া সেই বেদের পদ এতদিনে লয়প্রাপ্ত হইত। বাস্তবিক আপনি রক্ষা না করিলে বৌদ্ধগণ যে বেদের চরণ ভগ্ন করিয়া দিত, তৎপক্ষে আর কোন সংশয় নাই। ২৫।

যেরূপ কোন মূঢ় ব্যক্তি স্বপ্নাবস্থায় নিদ্রিত হইয়া নিদ্রা হইতে যখন জাগরিত হয়, তখন স্বপ্নাবস্থায় আমিই ছিলাম এবং স্বপ্ন হইতে আমিই জাগরিত হইয়াছি" এরূপে কৃতনিশ্চয় হইয়া পরে জাগরণ নামে আর একটী স্বপ্ন অনুভব করে; তদ্রূপ এই জগতে কতকগুলি অবিবেক সম্পন্ন লোকে বন্ধনরূপ পরলোকের গতিকেই বন্ধন হইতে মুক্তিলাভ বলিয়া বোধ করিয়া থাকেন। আপনি পরমগুরু, আমরা আপনার দাসানুদাস। যখন আমাদের মায়া (অজ্ঞান) বিনষ্ট হইয়া যাইবে, তখন আমরা ঐ সকল অবিবেকী ভ্রান্তদিগকে দেখিলেই উৎকট পরিহাস করিব। ২৬।

অতএব যাঁহারা ভেদবাদী, সেই সমস্ত বৌদ্ধগণের প্রলাপ বাক্যদ্বারা অসৎ যুক্তিকে বারম্বার ধিক্। ঐ অসৎ যুক্তির যদি উদয় হয় তথাপি

স্বমুখরঃ। ভূশং বিব্রন্ ! মোদে স্থিরতমবিমুক্তিং ত্বদু-
দিতাং ভবাতীতা যেয়ং নিরবধিচিদানন্দলহরী ॥২৭॥
অবিদ্যারাক্ষস্যা গিলিতমখিলেশং পরগুরো ! পিচণ্ডং

স্থহ ধিগ্ধিগ্ বতো যস্যা উদরেহপি কর্তৃত্বপ্রমুখোহসারঃ সংসারো
ন শাম্যতি। ত্বদুক্তাং স্থিরতমাং বিমুক্তিং মোদে অনুমোদে। যতঃ
সর্ব্বানর্থনিবৃত্তিপূর্ব্বকপরমানন্দপ্রাপ্তিরূপেত্যাহ সেয়ং ত্বদুক্তা
স্বরূপস্বরূপায়া এবম্ভূতায়া অপি নাশবত্ত্বেহনুপাদেয়ত্বং স্যাদিত্যতঃ
স্থিরতমেত্যুক্তং ॥২৭॥ কিঞ্চাবিদ্যালক্ষণয়া রাক্ষস্যা গিলিত-
মখিলেশং হে পরগুরো ! অস্যাঃ পিচণ্ডমুদরং ভিত্ত্বা সরভসং যথা-

কর্তৃত্ব-বিশিষ্ট এই অসার সংসারের লোপ হয় না। কিন্তু আপনি যে চিরস্থায়ী মুক্তির কথা বলিয়াছেন, আমি অবশ্য তাহার অনুমোদন করি। কারণ, আপনি যে মুক্তির কথা বলিয়াছেন, তাহার উদয় হইলে আর সংসারে আসিতে হয় না। অধিকন্তু সমস্ত অশুভ নিবৃত্ত হইয়া নিরবধি, অনন্ত পরমানন্দ লাভ হইয়া থাকে। ঐ মুক্তি চিৎস্বরূপ, সুতরাং তাহা সকলেরই অনুমোদনীয় ॥ ২৭।

হে পরমগুরো ! পূর্ব্বে অবিদ্যা রাক্ষসী অখিল জগতের ঈশ্বরকে গিলিয়া ফেলিয়া ছিল। পরে সবেগে ঐ রাক্ষসীর উদর বিদীর্ণ করিয়া ঐ উদরের মধ্য হইতে আপনি অখিলেশ্বর পরমাত্মার উদ্ধার করিয়াছেন। রাক্ষসযুবতিগণ যাঁহাকে বেষ্টন করিয়া ছিল, কিন্তু একেবারে গিলিয়া উদরসাৎ করে নাই। তাহার মধ্যে অখিল ব্রহ্মাণ্ডের অধীশ্বর রামচন্দ্রের প্রিয়তমা সতী সীতাকে দর্শন করিয়া হনুমান্ রাক্ষসদিগের যুবতি কামিনী দিগকে বধ করিয়া তাঁহার উদ্ধার করিয়া ছিলেন। এই কারণে

ভিত্ত্বাহস্যাঃ সরভসমমুষ্মাদুদহরঃ। বৃতাং পশ্যন্
রক্ষোযুবতিভিরমুষ্য প্রিয়তমাং হনুমাল্লোকেভ্যস্তব তু
কিয়তী স্যান্মহিততা ॥ ২৮ ॥ জগদার্ত্তিহন্নবগম্য
পুরা মহিমানমীদৃশমচিন্ত্যমহং। যদহং পুরাহক্রবমসা
ম্প্রতমপ্যখিলং ক্ষমস্ব করুণাজলধে ! ॥২৯॥ কপি-
লাক্ষপাদকণভুক্প্রমুখা অপি মোহমীয়ুরমিত-

স্যাত্তথাহমুষ্মাদুদরাৎ সকাশাদুদহরঃ উদ্ধৃতবানসি। তথাচ রক্ষসাং
যুবতিভির্বৃতাং ন তু গিলিতাং তত্রাপ্যমুষ্যাখিলেশস্য রামচন্দ্র-
স্যস্য প্রিয়তমাং সীতাং ন তু তং তত্রাপি পশ্যন্ ন তু রক্ষোযুবতি
নাশেনাহরৎ হনুমান্ লোকেভ্য এবম্ভূতস্য তব তু মহত্তা কিয়তী
স্যাৎ তস্যাঃ পরিমাণং নাস্তীত্যর্থঃ ॥২৮॥ এবং স্তুত্বা সম্মুখী-
কৃত্য ক্ষমাপয়তি। হে জগদার্ত্তিহন্ ! ঈদৃশমচিন্ত্যমহিমানং পূর্ব্ব-
মবুদ্ধা যদহমন্যায্যং পুরাহক্রবং তৎ সর্ব্বং ক্ষমস্ব যতো হে করুণা-
সমুদ্র ! ॥২৯॥ এবং ক্ষমাপ্য পুনঃ স্তৌতি। অপরিমিতপ্রতিভাঃ

হনুমান্ সকলের পূজ্য হইয়াছেন। যদি ইহা দ্বারা হনুমানের এতদূর মাহাত্ম্য প্রচার হইয়া থাকে, তাহা হইলে আপনার মহত্ত্ব যে কতদূর হওয়া উচিত, তাহার পরিমাণ করা আমাদিগের অসাধ্য। ।২৮।

এইরূপে স্তবদ্বারা তাঁহাকে সম্মুখীন করিয়া মণ্ডন, শঙ্করের নিকট ক্ষমা প্রার্থনা করিলেন। হে জগতের পীড়া নাশক ! হে করুণাসিন্ধো ! আমি এরূপ অচিন্তনীয় মহিমা না জানিয়া পূর্ব্বে যে সমস্ত অন্যায্য কটুবাক্য বলিয়াছি, এক্ষণে নিজগুণে আপনি সে সমস্তই ক্ষমা করিবেন। ২৯।

ক্ষমা প্রার্থনা করিয়া পুনর্ব্বার স্তব করিতে লাগিলেন। যাঁহাদের স্বাভাবিক বুদ্ধিশক্তি অপরি-

প্রতিভাঃ। শ্রুতিভাবনির্ণয়বিধাবিতরঃ প্রভবেৎ কথং পরশিবাংশমৃতে ॥ ৩০ ॥ সমেতৈরেতৈঃ কিং কপিলকণভুগ্‌গৌতমবচস্তমস্তোমৈশ্চেতো-মলিনিমসমারম্ভণচণৈঃ। সুধাধারোদ্গারপ্রচুরভগবৎপাদবদনপ্ররোহদ্ব্যাহারামৃতকিরণপুঞ্জে বিজয়িনি ॥ ৩১ ॥ ভিন্দানৈ র্দেবমেতৈরভিনবয়বনৈঃ সন্দাবীভঞ্জনোৎকৈ র্ব্যাপ্তা সর্ব্বেয়মুর্বী ক্ব জগতি ভজতাং কৈব মুক্তিপ্রসক্তিঃ। যদ্বা সদ্বাদিরাজা বিজিতকলিমলা বিষ্ণুতত্ত্বানুরক্তা উজ্জৃম্ভন্তে সমন্তাদ্দিশিদিশি কৃতিনঃ কিং তয়া চিন্তয়া মে ॥ ॥ ৩২ ॥ কথমল্পবুদ্ধিবিবৃতিপ্রচয়প্রবলোরগক্ষতি-

কপিলগৌতমকণাদপ্রভৃতয়োঽপি শ্রুতিভাবনির্ণয়বিধৌ মোহং প্রাপ্তাঃ। তত্র পরশিবাংশং ত্বাং বিনা অন্যঃ কথং প্রভবেৎ ॥৩০॥ তথাচেদানীং তেষাং বচস্তমঃপুঞ্জা অকিঞ্চিৎকরা এবেত্যাহ। সমেতৈরিতি। সুধাধারোদ্গারপ্রচুরাস্তুগবৎপাদমুখলক্ষণা-চ্চন্দ্রাৎ প্ররোহন্তো ব্যাহারলক্ষণা অমৃতকিরণাস্তেষাং পুঞ্জে বিজয়িনি সতি মনসো মলিনিম্নো মালিন্যস্য সমারম্ভণেন চণৈ-শ্চিত্তৈঃ প্রতীতৈরেতৈঃ কপিলাদিবচস্তমস্তোমৈ র্মিলিতৈরপি কিং স্বকার্য্যকরণায় স্থাতুমপ্যশক্তত্বাৎ শি° ॥৩১॥ দুর্ব্বাদিভি র্ব্যাপ্তা মুর্ব্বীমালোচ্যোদ্ভূতাং চিন্তাং দর্শয়তি। দেবং পরমাত্মলক্ষণাং দেবপ্রতিমাং ভিন্দানৈঃ তদ্ভেদনপরৈ র্মোহমদেন মত্তৈ রেতৈ-রূপলভ্যমানৈ র্বাদিলক্ষণাভিনবয়বনৈঃ শ্রুতিলক্ষণাসদ্‌গাভ-ঞ্জনোৎসুকৈঃ সর্ব্বেয়ং ভূমি র্ব্যাপ্তা। ততশ্চ জগতি এবম্বিধানাং সেবতাং কস্মিন্ দেশে কস্মিন্ কালে বা মুক্তিপ্রসক্তিঃ কৈব কাপি কাপি নাস্তি। পুনরাচার্য্যশিষ্যানালোচ্যাহ যদ্বা সদ্বাদী ভবান্ রাজা যেষাং তে বিজিতকলিমলা বিষ্ণুতত্ত্বানুরক্তা বশীকৃতচিত্তা

মিত, সেই সমস্ত কপিল, গৌতম ও কণাদ প্রভৃতি মুনিগণ, শ্রুতির তাৎপর্য্য নির্ণয় করিতে গিয়া সকলেই মোহপ্রাপ্ত হইয়াছেন। সুতরাং বেদের অভিপ্রায় নির্ব্বাচন করিতে পরাৎপর পরমাত্মস্বরূপ সদাশিবের অংশ (আপনি) ব্যতীত অন্য আর কেহই সমর্থ হইবে না। ৩০।

কপিল ও গৌতমাদির বাক্য অকিঞ্চিৎকর। কারণ, অমৃতধারার প্রচুর প্রকাশ হওয়াতে ভগবানের চরণ ও বদনরূপ চন্দ্র হইতে যে সমস্ত বাক্যরূপ অমৃত কিরণ অঙ্কুরিত হইয়াছে,ঐ সমস্ত অমৃতকিরণের যদি উৎকর্ষ বৃদ্ধি হয়; তবে মনের মালিন্য কর্ত্তারূপ তিমির রাশি একত্র মিলিত হইলেও কিছু হইতে পারে না। ৩১। দুষ্টবাদীগণ ভূমণ্ডল ব্যাপ্ত করিয়াছে দেখিয়া মণ্ডন মনে মনে চিন্তা করিতে লাগিলেন। যাহারা পরমাত্মদেবের প্রতিমা ভেদ করিয়া থাকে; যাহাদিগকে অবিরত মোহমদে মত্ত দেখা যায়, ঐ সমস্ত দুর্দ্দান্ত বাদীরূপ অভিনব যবনগণ, শ্রুতিরূপ সৎগাভির ভঞ্জনরূপ অনিষ্টাচরণে একান্ত উৎসুক হইয়া এই সমস্ত ভূমি ব্যাপ্ত করিয়া রাখিয়াছে। অনন্তর জগতে যাহারা এরূপ লোকদিগকে সেবা করিয়া থাকে, তাহাদিগের কোন দেশে কস্মিন্ কালেও মুক্তি হইবার সম্ভাবনা নাই। আচার্য্যের শিষ্য সকল বিদ্যমান দেখিয়া পুনর্ব্বার মণ্ডন আলোচনা করিতে লাগিলেন—ভুবনে যে সমস্ত আপনার সৎবাদী শিষ্য আছে,আপনি তাহাদিগের মধ্যে রাজা। যাহারা কলিকালের মালিন্য জয় করিয়াছেন; যাঁহারা বিষ্ণুতত্ত্বে একান্ত অনুরক্ত, যাঁহারা হৃদয় বশীভূত করিয়াছেন; আপনার এরূপ শিষ্য সকল যখন দিঙ্মণ্ডলের চারিপার্শ্বে বিরাজমান,

হতাঃ শ্রুতয়ঃ। ন যদি ত্বদুক্ত্যমৃতসেকধৃতা বিহ-
রেয়ুরাত্মবিধৃতানুশয়াঃ ॥ ৩৩ ॥ ভবদুক্তসূক্ত্যমৃত
ভানুকরা ন চরেয়ুরার্য্য ! যদি কঃ শময়েৎ। অতিতী-
ব্রদুঃসহভবোষ্ণ করপ্রচুরাতপপ্রভবতাপমিমম্ ॥৩৪॥

ভবদ্ভিষ্যা দিশিদিশি সমন্তাদ্বিসৃত্তয়েঽশুভয়া চিন্তয়া মম কি
ন কিমপীত্যর্থঃ প্র॰ ॥ ৩২ ॥ কিঞ্চ অল্পবুদ্ধীনাং যা বিবৃতয়ো
ব্যাখ্যাস্তাসাং প্রচয়ঃ প্রচারঃ স এব প্রবলোরগস্তৎ কর্তৃকক্ষত্যাং
হতাঃ শ্রুতয়ো যদি ত্বদুক্তিলক্ষণামৃতসেকেন ধৃতা ন স্যুস্তর্হি-
ত্মনি কৃতাভিপ্রায়াঃ কথং বিহরেয়ুঃ জীবনং লব্ধা বিহারং কুর্য্যু-
রিত্যর্থঃ প্র॰ ॥ ৩৩ ॥ কিঞ্চ ভবদুক্তসূক্তিলক্ষণস্যামৃতভানোঃ
সুধাকিরণস্য চন্দ্রস্য ভানবোঽহং শবো হে আর্য্য ! যদি ন বিচরেয়ু
স্তর্হ্যতিতীব্রস্যাতএব দুঃসহস্য ভবলক্ষণস্যোষ্ণভানোঃ সূর্য্যস্য
প্রচুরাতপাৎ প্রভবো যস্য তথাভূতমিমমনুভূয়মানং তাপং কঃ
শময়েৎ। অতিতীব্রো দুঃসহঃ ভবোষ্ণকর প্রচুরাতপপ্রভ-
বস্তাপস্তমিমমিতি বা ॥ ৩৪ ॥ অতএবৈবম্বিধোঽপ্যহং ত্বয়ো-

তখন আর আমার ঐরূপ অশুভ চিন্তায় প্রয়োজন
কি ? । ৩২ ।

যাহারা অল্পবুদ্ধি সম্পন্ন, তাহাদিগের বেদের
যে সমস্ত দুষ্ট ব্যাখ্যা আছে, ঐ সমস্ত ব্যাখ্যা
প্রবল ভুজঙ্গস্বরূপ ; ঐ সর্পের দংশনে যে সকল
শ্রুতি মরিয়া গিয়াছে ; তাহাদের উপরে যদি আপ-
নার বচন সুধায় সিঞ্চন না হইত, তাহা হইলে শ্রুতি
সকল আত্মতত্ত্বের অভিপ্রায় প্রকাশ করিয়া অর্থাৎ
(জীবন লাভ করিয়া) কিরূপে বিহার করিতে
পারিত ? । ৩৩ ।

হে আর্য্য ! আপনার সুমধুর বচন (বেদবাক্য)
রূপ শীতকিরণ চন্দ্রমার রশ্মি সকল জগতে না
থাকিলে অতিশয় তীক্ষ্ণ ও অসহ্য, সংসাররূপ উষ্ণ-

বত কর্ম্মযন্ত্রমধিরুহ্য তপঃ শ্রুতগেহদারসুতভৃত্যধনৈঃ।
অতিরূঢ়মানভরিতঃ পতিতো ভবতোদ্ধৃতোঽস্মি
ভবকূপবিলাৎ ॥৩৫॥ অহমাচরং বহুতপোঽসুকরং
ননু পূর্ব্বজন্মসু নচেদধুনা। জগদীশ্বরেণ করুণা-
নিধিনা ভবতা কথা মম কথং ঘটতে ॥ ৩৬ ॥ শান্তি-

দ্ধৃতোঽস্মীত্যাহ। বত খেদে হর্ষে বা কর্ম্মযন্ত্রমধিরুহ্য তপ-
আদিভিরতিরূঢ়াভিমানেন ভরিতো ব্যাপ্তঃ সংসারকূপবিলে ;
পতিতোঽহং তস্মাৎ ভবতোদ্ধৃতোঽস্মি ॥ ৩৫ ॥ নম্বেকস্যোদ্ধ-
রণেঽপরস্যানুদ্ধরণে বৈষম্যং মম স্যাদিতি চেৎ। তৎ কৃতসুকৃত-
দুষ্কৃতানুসারিত্বান্তব নেত্যাহ। অহং পূর্ব্বজন্মসু নিশ্চয়েনাসু-
করমতিকষ্টসাধ্যং বহুতপোঽচরং। নোচেদধুনা অস্মিন্ জন্মনি
করুণানিধিনা জগদীশ্বরেণ ভবতা সহ মমাস্ত্যাস্তায়োগ্যস্য কথা-
কথং ঘটতে ॥ ৩৬ ॥ অতোঽসংখ্যাতৈরেব পুণ্যৈঃ সুগুরো-

কিরণ সূর্য্যদেবের বহুল আতপ তাপ আর কিরূপে
শান্ত হইত ? । ৩৪ ।

যদিচ আমিও ঐরূপ সংসার তাপে তাপিত ;
যদি চ আমি ঐরূপ সংসার সাগরে নিমগ্ন ; তথাপি
আপনিই কেবল কৃপা করিয়া আমাকে উদ্ধার করি-
য়াছেন। হায় ! আমি কর্ম্ম যন্ত্রে আরোহণ করিয়া
তপস্যা, শাস্ত্রানুশীলন, গৃহ, দার, পুত্র, ভৃত্য এবং
অর্থদ্বারা অভিমানে একান্ত আক্রান্ত এবং সংসার
কূপের গর্ত্তে একান্ত পতিত হইয়াছি। কিন্তু
আপনি তাহা হইতেও আমাকে উদ্ধার কবিরার
কারণ। ৩৫।

"আপনি আমাকে উদ্ধার করিয়াছেন, অথচ
অপরকে উদ্ধার না করাতে আপনার বৈষম্য দোষ
ঘটে নাই'। কারণ শুভাশুভ ঘটনা সকল সুকৃত

প্রাক্‌সুকৃতাঙ্কুরং দমসমুল্লাসোল্লসৎপল্লবং বৈরাগ্য দ্রুমকোরকং সহনতাবল্লীপ্রসূনোৎকরং। একাগ্রীস্থ মনোমরন্দবিস্থৃতিং শ্রদ্ধাসমুদ্যৎফলং বিন্দেয়ং স্তুগুরো র্গিরাং পরিচয়ং পুণ্যৈরগণ্যৈরহং ॥ ৩৭ ॥ ত্রিদিবৌকসামপি পুমর্থকরীমিহ সংসরজ্জন-বিমুক্তিকরীং। করুণোর্ম্মিলাং তব কটাক্ষঝরী-মবগাহতেঽত্র খলু ধন্যতমঃ ॥ ৩৮ ॥ কেচিচ্চঞ্চ-

স্তব গিরাং পরিচয়ং লব্ধবানস্মি তং বিশিনষ্টি। শান্তিরূপেণ পরিণতস্য প্রাক্‌কৃতস্য সুকৃতস্য বীজভূতস্যাঙ্কুরং। দমসমুল্লাসস্যোল্লসন্তং পল্লবং। বৈরাগ্যলক্ষণপারিজাতস্য কোরকং কলিকাভূতং। তিতিক্ষাবল্ল্যাঃ প্রসূনোৎকরং পুষ্পনিচয়ং। একাগ্রীস্থমমনসঃ সমাধানপুষ্পস্য মরন্দবিস্থৃতিং মকরন্দবিস্তারং। শ্রদ্ধায়াঃ সমুদ্যৎফলং। তথাচ শান্ত্যাদিমতাধিকারিণা লভ্যং তমহমসংখ্যাতৈঃ পুরাকৃতৈঃ পুণ্যৈঃ প্রাপ্তবানস্মীত্যহো মদ্ভাগ্যমাহাত্ম্যমিতি ভাবঃ শা০ ॥৩৭॥ অতোঽত্রাস্মিন্ লোকে তব কটাক্ষঝরীং ধন্যতমোঽবগাহতে। তাং বিশিনষ্টি। দেবানামপি চতুর্ব্বিধপুরুষার্থকরীং। ইহ চ সংসরতাং জনানাং বিমুক্তিকরীং। করুণালক্ষণোর্ম্মিভির্ব্যাপ্তাং প্র০ ॥ ৩৮ ॥ নমু প্রমদালীলাসু লোলাশয়ানামুক্ত-

ও দুষ্কৃত কর্ম্মের অনুগামী। সুতরাং তাহারা দ্বারা আপনার ঐ দোষ ঘটিতে পারে না। আমি নিশ্চয়ই পূর্ব্বজন্মে কত কষ্টসাধ্য দুষ্কর তপস্যার অনুষ্ঠান করিয়াছিলাম। নচেৎ ইহ জন্মে করুণাসিন্ধু জগদীশ্বরের (আপনার) সহিত আমার (অত্যন্ত অযোগ্য পাত্রের) কিরূপে কথা বার্ত্তা হইল ?। আপনার সহিত যে হতভাগ্যের আলাপ হইয়াছে, ইহা যে আমার পূর্ব্ব জন্মার্জিত কষ্টসাধ্য তপস্যার ফল, তাহাতে আর কোন সংশয় নাই। ৩৬।

বাস্তবিক আমি পূর্ব্বজন্মার্জ্জিত অগণ্য পুণ্যপুঞ্জদ্বারা আপনার বাক্যের পরিচয় লাভ করিতে পারিয়াছি। আপনার বাক্যের পরিচয় লাভ সাধারণ বস্তু নহে। কারণ, পূর্ব্বজন্মে যদি কেহ কখন কিছু সুকৃত সঞ্চয় করিয়া থাকে, আপনার বাক্য পরিচয়-শান্তিরূপে পরিণত হইয়া ঐ সঞ্চিত সুকৃতরাশির অঙ্কুর; দমগুণের সুন্দর পল্লব; বৈরাগ্য পারিজাতের নূতন কলিকা; ক্ষমালতার কুসুমরাশি; সমাধি কুসুমের মকরন্দ প্রবাহ, ও শ্রদ্ধার নবোদিত ফলরাশি। শান্ত, দান্ত এবং তিতিক্ষু প্রভৃতি বেদের অধিকারী লোকে যাহা লাভ করিয়া থাকে, আমি পূর্ব্বজন্মের পুণ্যপ্রভাবে তাহাই লাভ করিয়াছি। সুতরাং আমার শুভাদৃষ্টের মহিমা কি করিয়া আর আপনাকে জানাইব। ৩৭।

এই জগতে—যে ব্যক্তি আপনার কটাক্ষ স্রোতে অবগাহন করিতে পারে সে ব্যক্তিই সংসারে ধন্য। শুদ্ধ আমার জন্য নহে, যদি স্বর্গবাসী দেবতাগণও আপনার কটাক্ষের কিয়দংশ লাভ করিতে পারেন, তবে তাঁহাদেরও অবাধে ধর্ম্ম অর্থ, কাম, মোক্ষ এই চতুর্ব্বিধ পুরুষার্থ লাভ হইয়া থাকে। এই জগতে যাহারা সংসারী মনুষ্য, তাহাদিগের ভববন্ধন মোচনের ঐ এক মাত্র উপায় আছে। আপনার কটাক্ষ নির্ঝরে কৃপাতরঙ্গ অবিরত প্রকাশিত রহিয়াছে। যদি কোন সূত্রে একবার উহাতে অবগাহন করা যায়, তাহা হইলে তাহার কাছে মুক্তিলাভ অতি অকিঞ্চিৎ কর বস্তু। ৩৮।

লোচনাকুচতটীচেলাঞ্চলোচ্চালনস্পর্শদ্রাক্ পরিরম্ভসম্ভ্রমকলালীলাসু লোলাশয়াঃ। সন্ত্বেতে কৃতিনস্তু নিস্তুলযশঃকোশাদয়ঃ শ্রীগুরুব্যাহারক্ষরিতামৃতাব্ধিলহরীদোলাসু খেলন্ত্যমী ॥ ৩৯ ॥ চিন্তাসন্তানতন্তুগ্রথিতনবর্ভবৎসূক্তিমুক্তাফলৌঘৈরুদ্যদ্বৈশদ্যসদ্যঃপরিহৃততিমিরৈ র্হারিণো হারিণোঽমী। সন্তঃ সন্তোষবন্তো যতিবর! কিমতো মণ্ডনং পণ্ডিতানাং বিদ্যা হৃদ্যা স্বয়ং তান্ শতমখমুখরান্ বারয়ন্তী বৃণীতে ॥ ৪০ ॥ সন্তঃ সন্তোষ পোষং দধতু

ঝর্য্যবগাহনা সম্ভবাৎ কথমিহ সংসরতাং বিমোক্ষকরত্বং তস্যা ইত্যাশঙ্ক্যাহ। কেচিদেতে বিষয়িনশ্চঞ্চলে লোচনে যাসাস্তাসামঙ্গনানাং কুচতটীবস্ত্রৈকদেশোচ্চালনাদিরূপাসু লীলাসু চঞ্চলান্তঃকরণাঃ সন্তি চেৎ সন্তু। তথাপ্যমী বশীকৃতচিত্তা অপ্রতিমযশসাং কোশাদয়ঃ পাত্রমঞ্জুষাদিরূপাঃ শ্রীগুরোস্তব ব্যাহারেভ্যঃ ক্ষরিতস্য নিঃসৃতস্যামৃতস্য যোঽব্ধিস্তস্য লহরীলক্ষণাসু দোলাসু খেলন্তি। তত্র দ্রাক্ পরিরম্ভং ঝটিতি আলিঙ্গনং সম্ভ্রমস্ত্বরয়াকালে ভূষাস্থানবিপর্য্যয়ঃ। কলা শিল্পনৈপুণ্যং। প্রিয়ানুকরণং লীলা বাগ্‌ভি র্গত্যা চেষ্টয়া শাদু° ॥৩৯॥ কিঞ্চ উদ্যদ্বৈশদ্যেন প্রোদ্যদব্যক্তভালক্ষণেম শৌক্ল্যেন সদ্যঃ পরিহৃতমজ্ঞানলক্ষণং তিমিরং যৈঃ চিন্তায়া বিচারস্য সন্তানলক্ষণৈস্তন্তুভি গ্র্থিতানাং নবানানাং ভবৎসূক্তিলক্ষণমুক্তাফলানাং সমূহৈঃ চামীকরবন্তোঽহারিণোঽযুক্তরহিতা হারিণো মনোজ্ঞা ইতি বা অমী সন্তো ভবচ্ছিষ্যাঃ সন্তোষবন্তঃ সন্তি। অতো হে যতিবর! পণ্ডিতানাং মণ্ডনমতঃ পরং কিময়মেব পণ্ডিতানামলঙ্কারো নত্বন্যোঽস্তএবাতিরম্যবিদ্যা ব্রহ্মবিদ্যা লক্ষণাঙ্গনা পুরন্দরপ্রমুখান্ বারয়ন্তী

কেহ কেহ বলিবেন, আচার্য্যের কটাক্ষস্রোত দেবতাদিগকে মুক্তিপ্রদান করিতে পারে সত্য, কিন্তু সাংসারিক মনুষ্যদিগকে মুক্তিদান করা একান্ত অসম্ভব। কারণ,এই জগতে যে সমস্ত চঞ্চল নয়না কামিনী আছে, তাহাদিগের স্তনের উপরিভাগের বসন ধরিয়া প্রথমে ঊর্দ্ধদিকে গ্রহণ-অনন্তর স্পর্শ-অনন্তর শীঘ্র গাঢ় আলিঙ্গন-অনন্তর ত্বরাপ্রযুক্ত অসময়ে অলঙ্কারের এক স্থান হইতে অন্যস্থানে পতন-অনন্তর শিল্পনৈপুণ্য-পরে বাক্য-গমন ও বিবিধ চেষ্টা দ্বারা প্রিয়তমের অনুকরণ করা-ইত্যাদি রমণীগণের সুন্দর লীলা লহরীতে যাহাদের অন্তঃকরণ মগ্ন হইয়া চঞ্চল হইয়া থাকে, তাহারা কি কারণে আর আপনার কটাক্ষ স্রোতে অবগাহন করিবে? এবং আপনার ঐ কটাক্ষলহরীই বা কিরূপে আর ঐ সাংসারিক ব্যক্তিদিগকে মোক্ষপ্রদান করিবে?। বস্তুতঃ ঐ সকল বিষয়ীলোক পূর্ব্বোক্ত রমণীগণের এরূপ খেলা ও লীলাদর্শনে চঞ্চলচিত্ত হয় হউক্। তথাপি যাঁহারা চিত্ত বশীভূত করিয়াছেন, তাঁহারা যে অনুপম যশের আধার স্বরূপ আপনার বাক্য নির্গলিত অমৃত সিন্ধুর লহরী দোলায় আরোহণ করিয়া সুখে খেলা করিবে, তাহাতে আর কোন সন্দেহ নাই। ৩৯।

মুক্তা সকল কেবল নিজনির্ম্মলতাগুণের প্রকাশে সদা অজ্ঞান তিমির ধ্বংস করিয়া থাকে। কিন্তু বিচারতন্তু (তাঁৎ) গ্রথিত আপনার অভিনব সুন্দর বাক্যরূপ ঐ মুক্তাদ্বারা সুবর্ণময় ও মনোহর এই সমস্ত আপনার দূরদর্শী শিষ্যগণ সন্তুষ্ট হইয়াছেন। অতএব হে যতিবর! ইহা অপেক্ষা পণ্ডিতদিগের আর কি অলঙ্কার আছে?। অতএব

তব কৃতাম্নায়শোভৈ র্যশোভি সৌরালোকৈ-রুলূকা ইব নিখিলখলা মোহমাহো বহন্তু । ধীরশ্রীশঙ্করার্য্যপ্রণতিপরিণতিভ্রশ্যদন্তদুরন্তধ্বান্তাঃ সন্তো বয়ন্তু প্রচুরতরনিজানন্দসিন্ধৌ নিমগ্নাঃ ॥ ॥ ৪১ ॥ চিন্তাসন্তানশাখী পদসরসিজয়োর্ব্বন্দনং

এতান্ বৃণীতে স্র০ ॥৪০॥ কিঞ্চ তব কৃতাম্নায়স্যোপদেশস্য শোভা যেষু তৈ র্যশোভিঃ সন্তঃ সন্তোষস্য পোষং পুষ্টিং ধারয়ন্তু । আহো সূর্য্যসম্বন্ধ্যালোকৈরুলূকা ইব তৈ র্নিখিলখলা মোহং বহন্তু । বয়ন্ত ধীরাশ্চ তে শ্রীশঙ্করার্য্যপ্রণতেঃ পরিণত্যা প্রণামস্য পরিণামেন ভ্রশ্যদন্ত দুরন্তং তমো যেষাং তাদৃশাঃ সন্তঃ প্রচুরতরনিজানন্দসাগরে নিমগ্নাঃ । ধীরশ্চাসৌ শ্রীশঙ্করশ্চেতি বা ॥ ৪১ ॥ কিঞ্চ তে চিন্তনং সর্ব্বাভিলষিতসম্পাদকত্বাৎ কল্পবৃক্ষস্তথা তে

এই সর্ব্ব হৃদয় হারিণী ব্রহ্মবিদ্যা কামিনী ইন্দ্রাদি দেবতাদিগকে পরিত্যাগ করিয়া, যত্নপূর্ব্বক আপনার সৎ শিষ্যদিগকে অদ্য বরণ করিয়াছে। ৪০।

যে সমস্ত যশের উপর আপনার উপদেশের জ্যোতি বিকীর্ণ আছে, সেই সমস্ত কীর্ত্তি কলাদ্বারা পণ্ডিতগণ সন্তোষ লাভ করুন। সূর্য্যের আলোকমালা দর্শনে পেচকেরা যেরূপ মোহপ্রাপ্ত হয়, তদ্রূপ নিখিল খল জনে ভবদীয় যশোজ্যোতির প্রভাসন্দর্শনে মুগ্ধ হউক। আপনাকে প্রণাম করিয়া যাঁহাদের অন্তঃকরণের অপরিহার্য্য ও দুরন্ত মোহ তিমির বিলুপ্ত হইয়াছে, সেই সমস্ত বহুদর্শী ধীর পণ্ডিতগণ অতলস্পর্শ আত্ম সুখসাগরে নিমগ্ন হইয়া চিরকাল অবস্থিতি করুন। ৪১।

আপনাকে চিন্তা করিলে সমস্ত অভীষ্ট কার্য্য

নন্দনং তে সঙ্কল্পঃ কল্পবল্লী মনসি গুণনুতে র্ব্বন্দনা স্বর্ণদীয়ং । স্বর্গো দৃগ্গোচরস্ত্বৎপদভজনমতঃ বিচার্য্যেদমার্য্যা মন্যন্তে স্বর্গমন্যং তৃণবদতিলঘুং শঙ্করার্য্য ! ত্বদীয়াঃ ॥ ৪২ ॥ তদহং বিসৃজ্য সুতদারগৃহং দ্রবিণানি কর্ম্ম চ গৃহে বিহিতং। শরণং বৃণোমি ভগবচ্চরণাবনুশাধি কিঙ্কর মমুং কৃপয়া ॥৪৩॥ ইতি

পদকমলয়ো র্ব্বন্দনং নন্দনং। তথা ত্বদ্বিষয়কো মনসি সঙ্কল্প আরাধনাদীচ্ছা কল্পবল্লী। তথা তবগুণস্তুতে র্ব্বর্ণনা ইয়ং স্বর্ণদী গঙ্গা। তথা স্বর্গস্তে দৃগ্ গোচরঃ কটাক্ষবিষয়োঽতো হে শঙ্করার্য্য ! ইদমেবস্থিধং ত্বদ্ভজনং বিচার্য্য ত্বদীয়াঃ বর্ণিতদান্যং স্বর্গং শুষ্কতৃণবদতিলঘুং মন্যন্তে ॥ ৪২ ॥ তত্তস্মাদহং সুতাদি সর্ব্বং পরিত্যজ্য ভবচ্চরণৌ শরণং বৃণোমি। অতোঽমুং কিঙ্করং শাধি আজ্ঞাপয় স্র০ ॥ ৪৩ ॥ ইত্যেবং সুবুদ্ধিনা মণ্ডনেন সূনৃতোক্তিভিরুদীর্ণ-

সম্পাদিত হইয়া থাকে, সুতরাং আপনার চিন্তা কল্পবৃক্ষ; আপনারপ দারবিন্দযুগলের অভিবন্দনা নন্দন কানন; আপনাকে আরাধনা করিতে যে, ইচ্ছা হয় তাহাই কল্পলতা; আপনার গুণস্তুতি বর্ণনা স্বর্গনদী গঙ্গা-এবং ঐ স্বর্গ আপনার কটাক্ষের নিকটস্থ বলিয়া বিখ্যাত। অতএব হে আর্য্য ! শঙ্কর ! এরূপ প্রণালীর সহিত আপনাকে ভজনা করিলে বর্ণিত বিষয় ভিন্ন উপাসকেরা স্বর্গকেও শুষ্কতৃণের তুল্য লঘু বলিয়া বিবেচনা করিয়া থাকে। ৪২।

এই এমস্ত দেখিয়া শুনিয়া আমি পুত্র, দারা, গৃহ ধন, এবং গৃহস্থোচিত কর্ম্ম সকল পরিত্যাগ করিয়া আপনার চরণার বিন্দের শরণাপন্ন হইয়াছি।

সূনৃতোক্তিভিরুদীর্ণগুণঃ সুধিয়াত্মবানমুজিঘৃক্ষুরসৌ। সমুদৈক্ষতাস্য সহধর্ম্মচরীং বিদিতাশয়া মুনিমবোচত সা॥ ৪৪॥ যতিপুণ্ডরীক! তব বেদ্মি মনো ননু পূর্ব্বমেব বিদিতঞ্চ ময়া। ইহ ভাবিতাপসমুখা-দখিলং তদুদীর্য্যতে শৃণু সসভ্যজনঃ॥ ৪৫॥ ময়ি-জাতু মাতুরুপকণ্ঠজুষি প্রভয়া তড়িৎপ্রতিভটোচ্চ-জটঃ। সিতভূতিরূষিতসমস্ততনুঃ শ্রমণোঽভ্য যাদপরসূর্য্য ইব॥ ৪৬॥ পরিগৃহ্যপাদ্যমুখয়াঽ-র্হণয়া রচিতাঞ্জলি র্নমিতপূর্ব্বতনুঃ। জননী তদাত্তব-রিবস্যমমুং মুনিমন্বয়ুংক্ত মম ভাব্যখিলং॥ ৪৭॥ ভগবন্নবেদ্মি দুহিতু র্মমভাব্যখিলঞ্চ বেত্তি তপসা হি

গুণ; আত্মবানসৌ শ্রীশঙ্করস্তমনুগ্রহীতুমিচ্ছুরস্য মণ্ডনস্য সহ-ধর্ম্মচরীং পত্নীং সমুদৈক্ষত। বিদিতো মুনেরাশয়ো যয়া সা সরস্বতী মুনি মবোচত॥৪৪॥ যদুবাচ তদাহ। হে যতিব্যাঘ্র! পুণ্ডরীকং সিতাম্ভোজে সিতচ্ছত্রে চ ভেষজে। কোশকারা-ন্তরে ব্যাঘ্রং পুণ্ডরীকোঽগ্নিদিগ্‌গজে ইতি বিশ্বপ্রকাশঃ। অহং তব মনোগতং বেদ্মি। পূর্ব্বমেব চেহাস্মিন্ স্বজন্মনি যৎ সর্ব্বং ভবিষ্যং তাপসমুখান্ময়া বিদিতং। তদুদীর্য্যতে সভ্যজনৈঃ সহ ত্বং শৃণু॥ ৪৫॥ এবং তাপসমুখাদ্বিদিতং বৃত্তান্তং শ্রাবয়িতুমভি-মুখীকৃত্য তং শ্রাবয়তি। জাতু কদাচিৎ মাতুরুপকণ্ঠজুষি মাতৃ-সামীপ্যং সেবমানায়াং ময়ি সত্যাং প্রভয়া বিদ্যুৎ প্রতিভটা জটা যস্য সিতভূত্যা শ্বেতভস্মনা রূষিতা লিপ্তা তনুঃ শরীরং যস্য সঃ। অপরসূর্য্য ইব কশ্চিত্তপস্বী অভ্যয়াৎ॥ ৪৬॥ তদা পাদ্যাদ্যয়া পূজয়া মুনিং পরিগৃহ্য রচিতাঞ্জলিঃ নমিতা পূর্ব্বতনুঃ শিরো-ভাগো যয়া সা জননী আত্তা বরিবস্যা পূজা যেন তমমুং মুনিং মম ভবিষ্যমখিলমন্বয়ুংক্ত পৃষ্টবতী॥ ৪৭॥ হে ভগবন্। স্বদুহিতু র্ভবিষ্যমহং ন জানামি। ভবান্ হি তপসা বেত্তি।

এবং আপনি এক্ষণে কৃপাপূর্ব্বক এই কিঙ্করকে কোন বিষয় আদেশ করুন। ৪৩।

এইরূপে পণ্ডিত মণ্ডন সত্য বচনদ্বারা ভগবানের গুণরাশি প্রকাশ করিবার পর, আত্মবিৎ শঙ্করাচার্য্য তাঁহাকে অনুগ্রহ করিবার প্রত্যাশায় মণ্ডনের পত্নীর দিকে একবার নেত্রপাত্র করিলেন। তাঁহার পত্নী সরস্বতী মুনির অভিপ্রায় জানিতে পারিয়া মুনির উপর দৃষ্টি নিক্ষেপ করিলেন। ৪৪।

হে যতিবর! আমি আপনার মনোগত ভাব জানিতে পারিলাম। আমার এজন্মে যাহা কিছু শুভাশুভ ঘটিবে, পূর্ব্বেই আমি তাহা একজন প্রধান তপস্বীর নিকট হইতে জানিতে পারিয়াছি। এক্ষণে আমার সমস্ত শুভাশুভ ঘটনা বর্ণনা করি-তেছি, আপনি সভ্যজনদিগের সহিত একত্র হইয়া ঐ সমস্ত বিষয় একবার শ্রবণ করুন। ৪৫।

এক সময়ে আমি আমার জননীর নিকটে বসিয়া আছি, এমন সময় একজন তপস্বী আসিয়া উপস্থিত হইলেন। বিদ্যুতের তুল্য পিঙ্গলবর্ণ তাঁহার জটাজূট; সমস্ত শরীর শ্বেতবর্ণ বিভূতি দ্বারা লিপ্ত; দেখিলে বোধ হয় যেন দ্বিতীয় সূর্য্য ভূতলে উদিত হইয়াছেন। ৪৬।

আমার মাতা তাঁহাকে পাদ্য অর্ঘ্যপ্রভৃতি পূজোপ-করণদ্বারা তাঁহাকে পূজা করিলেন এবং কৃতাঞ্জলি হইয়া মস্তক অবনত করিলেন। অনন্তর জননীর পূজা গ্রহণ করিয়া ক্ষণকাল মুনিবর নিস্তব্ধ হইলে আমার ভবিষ্য শুভাশুভ ঘটনার জন্য আমার মাতা পুনরায় তাঁহাকে প্রশ্ন করিলেন। ৪৭।

ভবান্। প্রণতে জনে হি সুধিয়ঃ কথয়ন্ত্যপি গোপ্যমার্য্যসদৃশাঃ কৃপয়া ॥ ৪৮ ॥

কিয়দায়ুরাপ্স্যতি সুতান্ কতিবা দয়িতং কথঞ্চিধমুপেষ্যতি চ। অথ চ ক্রতূনপি করিষ্যতি মে দুহিতা প্রভূতধনধান্যবতী ॥ ৪৯ ॥

ইতি পৃষ্টভাবিচরিতঃ প্রসুবা ক্ষণমাত্রমীলিতবিলোচনকঃ। সকলং ক্রমেণ কথয়ন্নিদমপ্যপরং জগাদ সুরহস্যমপি ॥ ৫০ ॥

আর্য্যসদৃশা নম্রে জনে গোপ্যমপি কৃপয়া কথয়ন্ত্যেব ॥ ৪৮ ॥

এবং তং সম্মুখীকৃত্য গুরুং পৃচ্ছতি। মে দুহিতা কিয়দায়ুঃ প্রাপ্স্যতি সুতান্ কতি বা প্রাপ্স্যতি পতিং কীদৃশমুপেষ্যতি তথা প্রভূতধনধান্যবতী সতী যজ্ঞানপি করিষ্যতি ॥ ৪৯ ॥

ইত্যেবং প্রসুবা জনন্যা পৃষ্টং ভাবি চরিতং যস্মৈ স ক্ষণমাত্রং মীলিতে বিলোচনে এব বিলোচনকে নেত্রে যেন স ক্রমেণ সকলং কথয়ন্ ইদমপ্যপরমতিগোপ্যমপি জগাদ ॥ ৫০ ॥

ভগবন্! আমার কন্যার ভবিষ্যতে কি ঘটিবে তাহা আমি জানি না। কিন্তু আপনি তপোবলে সমস্তই জানিতে পারিতেছেন। যাঁহারা সুধী এবং আর্য্য বলিয়া বিখ্যাত, তাঁহারা প্রণত জনের উপর গোপনীয় বিষয় সকল প্রকাশ করিয়া থাকেন। ৪৮।

আমার এই কন্যার কত দিন আয়ু? কত গুলি পুত্র হইবে? কিরূপ পতি লাভ করিবে? এবং বিবিধ ধন ধান্যের অধিকারিণী হইয়া কত যজ্ঞ করিবে?। ৪৯।

আমার জন্ম জননী ভবিষ্যৎ বিষয় জানিতে উৎসুক হইয়া যে সমস্ত প্রশ্ন করিলেন, তিনি ক্ষণ কাল নেত্রযুগল নিমীলিত করিয়া ক্রমে ক্রমে সমস্ত বিষয় বলিতে বলিতে মধ্য হইতে আর একটী অত্যন্ত গোপনীয় বিষয় প্রকাশ করিলেন। ৫০।

নিগমাধ্বনি প্রবলবাহ্যমতৈরবিতৈরধিক্ষিতি খিলে দ্রুহিণঃ। পুনরুদ্দিধীর্ষুরবতীর্য্য খলু প্রতিভাতি মণ্ডনকবীন্দ্রমিষাৎ ॥ ৫১ ॥

তমবাপ্য রুদ্রমিব সাদ্রিসুতা দুহিতা তথাচ্যুতমিবাব্ধিসুতা। অনুরূপমাহৃতসমস্তমখা সসুতা ভবিষ্যতি চিরং মুদিতা ॥ ৫২ ॥

বেদবাহ্যং মতং যেষাং কর্ম্মধারয়ো বা প্রবলৈশ্চ তৈর্ব্বাহ্যমতৈরসংখ্যাতৈর্ব্বেদমার্গেঽধিক্ষিতি ভূমৌ খিলে ছিন্নে সতি দ্রুহিণো ব্রহ্মা বেদমার্গমুদ্ধর্ত্তুমিচ্ছুর্মণ্ডনকবীন্দ্রব্যাজেনাবতীর্য্য কিল ভাতি প্রকাশতে ॥ ৫১ ॥

পর্বতসুতা পার্বতী রুদ্রমিব সমুদ্রসুতালক্ষ্মীর্বিষ্ণুমিব সা তব সুতা তং দ্রুহিণাবতারমনুরূপং মণ্ডনমবাপ্যাহৃতাঃ সর্ব্বে মখা যজ্ঞা যয়া সুতৈঃ সহ বর্ত্তমানা চ সতী চিরকালং মুদিতা ভবিষ্যতি ॥ ৫২ ॥

বেদবিদ্বেষী বাহ্যমতালম্বী বৌদ্ধ প্রভৃতি দুষ্ট বাদী গণ প্রবল হইয়া পৃথিবীতলে সমস্ত বৈদিক মার্গ ছিন্ন ভিন্ন করিবার পর চতুর্ম্মুখ ব্রহ্মা পুনর্ব্বার ঐ সমস্ত বিষয় উদ্ধার বাসনা করিয়া অবতীর্ণ হইবেন এবং মণ্ডন পণ্ডিত নামে ভূতলে খ্যাতিলাভ করিবেন। ৫১।

হিমাদ্রিতনয়া পার্ব্বতী যেমন মহাদেবকে প্রাপ্ত হইয়া ছিলেন; সমুদ্র দুহিতা কমলা দেবী যদ্রূপ কেশবকে লাভ করিয়াছিলেন, তদ্রূপ তোমার কন্যা অনুরূপ পতি মণ্ডনকে লাভ করিয়া বিবিধ যজ্ঞ করিবে, অনেক পুত্র সন্তান প্রসব

অথ নষ্টমৌপনিষদং প্রবলৈঃ কুমতৈঃ কৃতান্ত-মিহ সাধয়িতুম্। ননু মানুষং বপুরুপেত্য শিবঃ সমলঙ্করিষ্যতি ধরাং স্বপদৈঃ ॥ ৫৩ ॥

সহ তেন বাদমুপগম্য চিরং দুহিতুঃ পতিস্তু যতিবেষজুষা। বিজিতস্তমেব শরণং জগতাং শরণং গমিষ্যতি বিসৃষ্টগৃহঃ ॥ ৫৪ ॥

অথানন্তরমিহাস্মিন্ লোকে প্রবলৈঃ কুমতৈর্নষ্টমৌপনিষদং কৃতান্তং সিদ্ধান্তং সাধয়িতুং ননু শিবো মানুষং বপুরবাপ্য স্ব-চরণন্যাসৈর্ভূমিমলঙ্করিষ্যতি ॥ ৫৩ ॥

তেন যতিবেষজুষা শ্রীশঙ্করেণ সহ তব দুহিতুঃ পতির্ব্বাদং প্রাপ্য তেন বিজিতঃ সন্ পরিত্যক্তগৃহো জগতাং শরণং তং শরণং গমিষ্যতি ॥ ৫৪ ॥

করিবে ও তাঁহার সঙ্গে চির কাল মনের সুখে কালাতিপাত করিবে। ৫২।

অনন্তর কুমতাবলম্বী বৌদ্ধ গণ সমস্ত উপনিষদের প্রতিপাদ্য পরব্রহ্ম একেবারে নষ্ট করিয়া তুলিবে। দেখ—সেই সমস্ত সিদ্ধান্ত বিষয় পুনঃ সংস্থাপন করিবার নিমিত্ত মহাদেব মানবীয় শরীর ধারণ করিয়া আপনার পদস্পর্শে পুনরায় এই ভূমিতল অলঙ্কৃত করিবেন। ৫৩।

যতিবেশধারী শঙ্করের সহিত বহুকাল পর্য্যন্ত তোমার জামাতা মণ্ডনের অনেক শাস্ত্রীয় তর্কবিতর্ক হইবে। পরে তাঁহার নিকটে পরাজিত হইয়া মণ্ডন গৃহত্যাগ করিবেন এবং জগতের একমাত্র আরাধ্য ও শরণাগতবৎসল ভগবান্ শঙ্করের শরণাপন্ন হইবেন। ৫৪।

ইতি গামুদীর্য্য স মুনিঃ প্রযযৌ সকলং যথা-তথমভূচ্চ মম ॥ ভবদীয়শিষ্যপদমস্য কথং বিতথং ভবিষ্যতি মুনের্বচসি ॥ ৫৫ ॥

অপি তু ত্বয়াদ্য ন সমগ্রজিতঃ প্রথিতাগ্রণীর্মম পতির্যদহম্। বপুরর্দ্ধমস্য ন জিতা মতিমন্নপি মাং বিজিত্য কুরু শিষ্যমিমম্ ॥ ৫৬ ॥

ইতি বাচমুদীর্য্য স মুনিঃ প্রযযৌ মম সর্বং ভবিষ্যং যথা তেনোক্তং তথৈবাভূৎ, তস্মাদস্য মম পত্যুর্ভবদীয়শিষ্যপদং মুনের্ব্বচসি কথমসত্যং ভবিষ্যতি ॥ ৫৫ ॥

যদ্যপ্যেবং তথাপি মদবিজয়েন সকলস্যাপরাজিতত্বাৎ মাং বিজিত্যৈনং শিষ্যং কুর্ব্বিত্যাহ। অপি তু কিন্তু প্রথিতানামগ্রণী-র্মম পতিরদ্য ত্বয়া সমগ্রো জিতো ন ভবতি তথা যদ্যস্মাদহম-স্যার্দ্ধং শরীরং ন জিতা আত্মনোঽর্দ্ধং পত্নীতিশ্রুতেঃ। এতজ্জ্ঞাতুং যোগ্যোঽসীতি সূচয়ন্ সংবোধয়তি হে মতিমন্নিতি তস্মাৎ মাং বিজিত্যৈনং শিষ্যং কুরু ॥ ৫৬ ॥

এই কথা বলিয়া সেই তপস্বী গমন করেন। এবং তিনি যে সমস্ত বলিয়া গিয়াছিলেন আমার সেই সমস্তই ঘটিয়াছে। এক্ষণে মুনির বচনানুসারে আমার স্বামী কেন আপনার শিষ্য হইবেন না? বস্তুতঃ আপনার শিষ্য হওয়া কখনই মিথ্যা নহে। ৫৫।

আমি যাহা বলিলাম ইহাতেও যতক্ষণ পর্য্যন্ত আমাকে না পরাজয় করিবেন ততক্ষণ পর্য্যন্ত আপনার সমগ্র জয় করা হয় নাই। ভাবিয়া দেখুন, যে সমস্ত বিখ্যাত পণ্ডিত আছেন, আমার পতি তাঁহা দিগের মধ্যে অগ্রগণ্য। এবং বেদে আছে "আত্মনোঽর্দ্ধং পত্নী" আত্মার অর্দ্ধেক পত্নী। সুতরাং আমি তাঁহার আত্মার অর্দ্ধভাগ। আপনি

যদপি ত্বমস্য জগতঃ প্রভবো নমু সর্ব্ববিচ্চ পরমঃ পুরুষঃ। তদপি ত্বয়ৈব সহ বাদকৃতে হৃদয়ং বিভর্ত্তি মম তূৎকলিকাম্ ॥ ৫৭ ॥

ইতি যাযজূকসহধর্ম্মচরী কথিতং বচোঽর্থবদগর্হ্যপদম্। মধুরং নিশম্য মুদিতঃ স্থতরাং প্রতিবক্তুমৈহত যতিপ্রবরঃ ॥ ৫৮ ॥

যদবাদি বাদকলহোৎসুকতাং প্রতিপদ্যতে হৃদয়মিত্যবলে!। তদসাম্প্রতং ন হি মহাযশসো মহিলাজনেন কথয়ন্তি কথাম্ ॥ ৫৯ ॥

স্বমতং প্রভেত্তুমিহ যো যততে স বধূজনোঽস্তু যদি বাঽন্যিতরঃ। যতিতব্যমেব খলু তস্য জয়ে নিজপক্ষরক্ষণপরৈর্ভগবন্!॥ ৬০ ॥

অতএব গার্গ্যভিধয়া কলহং সহ যাজ্ঞবল্ক্যমুনিরাডকরোৎ। জনকস্তথা স্থলভয়াঽবলয়া কিমমী ভবন্তি ন যশোনিধয়ঃ। ৬১ ॥

নমু মৎস্বরূপাভিজ্ঞা ময়া সহ বাদং কথমিচ্ছসীতিচেত্তত্রাহ যদ্যপ্যস্য জগতস্ত্বং কারণং সর্ব্বজ্ঞশ্চ পরমঃ পুরুষঃ তথাপি ত্বয়ৈব সহ বাদার্থং মম তু হৃদয়মুৎকণ্ঠাং ধারয়তি ॥ ৫৭ ॥

ইত্যেবং যজনশীলস্য পত্ন্যা কথিতমর্থবদনিন্দিতপদং মধুরং বচো নিশম্যাত্যন্তং মুদিতো যতিশ্রেষ্ঠঃ শ্রীশঙ্করঃ প্রতিবক্তুমৈচ্ছৎ ॥ ৫৮ ॥

মে হৃদয়ং বাদকলহোৎসুকত্বাং প্রতিপদ্যত ইতি ত্বয়া যদুক্তং হে অবলে! তদযুক্তং হি যস্মাৎ মহাযশসঃ বধূজনেন কথাং ন কথয়ন্তি ॥ ৫৯ ॥

স্বমতরক্ষণায় প্রবৃত্তেন ত্বয়ৈতন্নবাচ্যমিত্যাশয়েন সরস্বত্যাহ। ইহাস্মিন্ লোকে স্বমতং প্রভেত্তুং যঃ প্রযত্নং করোতি স বধূজনোঽস্তন্যো বাঽস্তু তস্য জয়ে হে ভগবন্! স্বপক্ষরক্ষণপরৈর্যত্নঃ কর্ত্তব্য এব খলু প্রসিদ্ধম্ ॥ ৬০ ॥

তত্রৈবংবিধৌ বৃদ্ধানুদাহরতি। অতএব গার্গ্যাখ্যয়াঽবলয়া সহ যাজ্ঞবল্ক্যো মুনিরাট্ কলহমকরোৎ তয়োঃ সংবাদো বৃহদারণ্যকে উক্তঃ। তথা জনকঃ স্থলভয়াঽবলয়া সহ কলহমকরোদিতি মোক্ষধর্ম্মেষূক্তম্। যদুক্তং মহাযশ ইতি তত্রাহ কিমে-

আমাকে জয় করেন নাই। অতএব হে পণ্ডিতবর! আমাকে বাদে পরাস্ত করিয়া আমার স্বামীকে শিষ্য করুন। ৫৬।

যদ্যপি আপনি জগতের একমাত্র কারণ, সর্ব্বজ্ঞ ও পরমপুরুষ। তথাপি আপনার সহিত বাদ করিতে আমার হৃদয় অত্যন্ত উৎকণ্ঠিত হইতেছে। ৫৭।

যাগশীল ব্রাহ্মণের পত্নীর এরূপঅর্থযুক্ত ও সুমধুর পদ পূর্ণ বচন শ্রবণ করিয়া যতিবর শঙ্কর যৎপরো নাস্তি প্রমুদিত হইয়া উত্তর দান করিতে ইচ্ছা করিলেন। ৫৮।

হে অবলে! তুমি যে বলিয়াছ আমার হৃদয় আপনার সহিত বিবাদ করিবার নিমিত্ত অত্যন্ত উৎকণ্ঠিত হইয়াছে, ইহা সম্পূর্ণ অনুচিত। কারণ, মহাযশস্বী পণ্ডিত গণ কখনই কামনীজনের সহিত বাদ করিতে ইচ্ছা করেন না। ৫৯।

তখন সরস্বতী বলিলেন—এই জগতে নিজ মত খণ্ডন করিবার নিমিত্ত যে ব্যক্তি যত্ন করিয়া থাকেন, সে জন রমণীই হউক, অথবা অন্য কেহই হউক, তাহাকে জয় করিতে হইলে, যাহারা নিজ পক্ষ সমর্থনে উৎসুক তাঁহারা যে যত্ন করিবেন, ইহা চিরপ্রসিদ্ধ। ৬০।

এই বিষয়ে আমি প্রাচীন মত দেখাইতেছি।

ইতি যুক্তিমদ্গদিতমাকলয়ন্ মুদিতান্তরঃ শ্রুতি-সরিজ্জলধিঃ। স তয়া বিবাদমধিদেবতয়া বচসা-মিয়েষ বিদুষাং সদসি ॥ ৬২ ॥

অথ সা কথা প্রববৃতে স্ম তয়োরুভয়োঃ পর-স্পরজয়োৎসুকয়োঃ। মতিচাতুরীরচিতশব্দঝরী শ্রুতিবিস্ময়ীকৃতবিচক্ষণয়োঃ ॥ ৬৩ ॥

অনয়োর্ব্বিচিত্রপদযুক্তিভরৈর্নিশম্য সংকথন-মাকলিতম্। ন ফণীশমপ্যতুলয়ন্ন রবিং ন গুরুং কবিং কিমপরং জগতি ॥ ৬৪ ॥

ন দিবা ন নিশ্যপি চ বাদকথা বিররাম নৈয্য-মিককালমৃতে। ইতি জল্পতোঃ সমমনল্পধিয়োর্দ্দিব-সাশ্চ সপ্তদশ চাত্যগমন্ ॥ ৬৫ ॥

তাবতাঽমী যাজ্ঞবল্ক্যাদয়ো যশোনিধয়ো ন ভবন্ত্যপিতু ভবন্ত্যেব ॥ ৬১॥

ইত্যেবং যুক্তিযুক্তং তয়া কথিতমাকর্ণয়ন্ মুদিতান্তরঃ শ্রুতিলক্ষণানাং নদীনাং সমুদ্রঃ স শ্রীশঙ্করো বচসামধিষ্ঠাত্র্যা-দেবতয়া সরস্বত্যা বিদুষাং সদসি বাদমিয়েষ ইচ্ছতিস্ম ॥ ৬২ ॥

অথানন্তরং পরস্পরজয়োৎসুকয়োঃ শ্রুত্যা শ্রবণেন বিস্ময়ী-কৃতা বিচক্ষণা যাভ্যাস্তয়োর্দ্বয়োঃ শঙ্করসরস্বত্যোর্ব্বাদকথা প্রব-বৃতে। তাং বিশিনষ্টি বুদ্ধিচাতুর্য্যা রচিতা শব্দঝরী যত্র সা ॥৬৩॥

বিচিত্রপদযুক্তিভরৈর্ব্যাপ্তমনয়োঃ কথিতং শ্রুত্বা ফণীশং শেষ-মপি নাতুলয়ৎ নাপি সূর্য্যং নাপি বৃহস্পতিং নাপি শুক্রং জগত্য-পরং নাতুলয়ন্নিতি কিং বক্তব্যম্ ॥ ৬৪ ॥

নৈয্যমিককালং সন্ধ্যাবন্দনাদিষু নিয়তং কালং বিনা ॥ ৬৫ ॥

যথা—মুনিবর যাজ্ঞ্যবল্ক্য গার্গী নাম্নী এক কামি-নীর সহিত শাস্ত্রীয় কলহ করিয়াছিলেন, ইহা বৃহদা-রণ্যক উপনিষদে উক্ত হইয়াছে। রাজর্ষি জনক সুলভা কামিনীর সহিত যথেষ্ট বিবাদ বিসম্বাদ করিয়াছিলেন, ইহাও মোক্ষ ধর্ম্মে উক্ত হইয়াছে। অতএব এই সমস্ত বৃদ্ধজনের দৃষ্টান্ত দেখিয়াও আপনি কিকরিয়া বলিলেন যে, যশস্বী পণ্ডিতগণ কদাচ স্ত্রীলোকের সহিত তর্ক বিতর্ক করিবেন না। তাহা হইলে এই সমস্ত যাজ্ঞবল্ক্য ও জনক প্রভৃতি পণ্ডিতগণ কখনই রমণী গণের সহিত বিবাদ করিয়া যশোভাজন হইতেন না। ৬১।

শ্রুতি নদীর জলনিধি স্বরূপ শঙ্করাচার্য্য এই-রূপ কামিনীর যুক্তিযুক্ত বাক্য শ্রবণ করিয়া প্রফুল্লচিত্তে বাক্যের অধিষ্ঠাত্রী দেবতা সরস্বতীর সহিত পণ্ডিতসভায় পুনর্ব্বার বাদ করিতে ইচ্ছা করিলেন। ৬২।

যাঁহারা পরস্পর জয় করিতে উৎসুক হইয়া ছিলেন, যাঁহাদের কথা শ্রবণে সভায় উপস্থিত বিচক্ষণ সকল বিস্ময় প্রাপ্ত হইয়া ছিলেন, সেই শঙ্করও সরস্বতীর কথা তৎকালে বুদ্ধির চাতুরী-প্রকাশ ও শব্দাড়ম্বরের সহিত শীঘ্র প্রবৃত্ত হইল। ৬৩।

বিচিত্র পদ ও বিচিত্র যুক্তিসম্বলিত উভয়ের বাক্য শ্রবণ করিয়া ফণিপতি অনন্ত, সূর্য্য, বৃহস্পতি ও শুক্রাচার্য্য ইহারা কেহই উভয়ের সাদৃশ্য লাভ করিল না। সুতরাং জগতে আর কাহাকে যে তুলনা দেওয়া হইবে তাহা এক্ষণে বলিতেও পারা যায় না। ৬৪।

যথাসময়ে সন্ধ্যা, বন্দনা ও স্নানাদি কার্য্য ব্যতীত মহামতি শঙ্কর ও সরস্বতীর বাদকথা, কি

অথ শারদাঽকৃতকবাক্‌প্রমুখেষখিলেষু শাস্ত্রবিচয়েষু পরম্। তমজয্যমাত্মনি বিচিন্ত্য মুনিং পুনরপ্যচিন্তয়দিদং ত্বরসা॥ ৬৬॥

অতিবাল্য এব কৃতসংন্যসনো নিয়মৈঃ পরৈরবিধুরশ্চ সদা। মদনাগমেষ্বকৃতবুদ্ধিরসৌ তদনেন সম্প্রতি জয়েয়মহম্॥ ৬৭।

অথ শারদা অকৃতকবাক্‌প্রমুখেষনাদিসিদ্ধবেদবাক্‌প্রভৃতিষখিলেষু শাস্ত্রসমূহেষু তং পরং মুনিং জেতুমশক্যমাত্মনি বিচিন্ত্য পুনরপীদং বক্ষ্যমাণং ঝটিত্যচিন্তয়ৎ॥ ৬৬॥

যদচিন্তয়ত্তদ্দর্শয়তি। অতিবাল্য এব কৃতং সংন্যসনং যেন নিয়মৈঃ পরৈরবিধুরোঽবিকলশ্চ সদা কদাপি নিয়মবিনির্মুক্তো ন ভবতীত্যর্থঃ। অতঃ কামাগমেষ্বয়মকৃতবুদ্ধিস্তত্তস্মাদনেন মদনাগমেনেদানীমহং জয়েয়ম্॥ ৬৭।

দিবসে, কি রাত্রিকালে কোন সময়েই ক্ষান্ত হইত না। এইরূপে উভয়ের সপ্তদশ দিন বিবাদে অতীত হইল। ৬৫।

অনন্তর শারদাদেবী অনাদিকাল হইতে প্রসিদ্ধ বেদ বাক্য প্রভৃতি অন্যান্য যাবতীয় শাস্ত্রে পণ্ডিত ঐ প্রধান মুনি শঙ্করকে জয় করিতে অসমর্থ হইয়া শীঘ্র মনে মনে চিন্তা করিলেন। ৬৬।

যতিবর অত্যন্ত বাল্যকালে সন্ন্যাসধর্ম্ম অবলম্বন করিয়াছেন, এবং কঠোর নিয়মেও কখন চিত্তের ক্লেশ হয় নাই। যেরূপ নিয়মে কালযাপন করিতেছেন, কখনই ঐ নিয়ম পরিত্যাগ করিবেন না। অতএব ইনি কামশাস্ত্রে অত্যন্ত অপারগ, এক্ষণে আমি কামশাস্ত্রের তর্ক করিয়া পরাজয় করি। ৬৭।

ইতি সম্প্রধার্য্য পুনরপ্যমুনা কথনে প্রসঙ্গমথসঙ্গতিতঃ। যমিনং সদস্যমুমপৃচ্ছদসৌ কুসুমাস্ত্রশাস্ত্রহৃদয়ং বিদুষী॥ ৬৮॥

কলাঃ কিয়ত্যো বদ পুষ্পধন্বনঃ কিমাত্মিকাঃ কিঞ্চ পদং সমাশ্রিতঃ। পূর্ব্বে চ পক্ষে কথমন্যথা স্থিতিঃ কথং যুবত্যাং কথমেব পুরুষে॥ ৬৯॥

নেতীরিতঃ কিঞ্চিদুবাচ শঙ্করো বিচিন্তয়ন্নত্র চিরং বিচক্ষণঃ। তাসামনুক্তৌ ভবিতাল্পবেদিতা ভবেত্তদুক্তৌ মম ধর্ম্মসংক্ষয়ঃ॥ ৭০॥

ইত্যেবমমুনা কথনে প্রসঙ্গং সম্প্রধার্য্য অথ প্রসঙ্গাৎ সদস্যমুং যমিনং কামশাস্ত্রস্য রহস্যমসৌ বিদুষী সরস্বত্যপৃচ্ছৎ॥ ৬৮॥

যদপৃচ্ছত্তদুদাহরতি। পুষ্পধন্বনঃ কামস্য কলাঃ কিয়ত্য ইতি সংখ্যাবিষয়কঃ প্রশ্নঃ। কিমাত্মিকা ইতি স্বরূপবিষয়কঃ। কিং স্থানমাশ্রিতা ইতি স্থানগোচরঃ। পূর্ব্বে শুক্লে চ পক্ষেঽন্যথা কৃষ্ণপক্ষে যা স্থিতিস্তস্যা বিপর্য্যয়েণ তস্য কেন প্রকারেণ স্থিতিরিতি পক্ষদ্বয়েঽপি তস্য স্থিতিপ্রকারবিষয়ঃ। কথং যুবত্যাং পুরুষে চ কথমিতি স্ত্রীপুরুষয়োর্ব্বৈলক্ষণ্যেন তস্য স্থিতিবিষয়ঃ॥ ৬৯॥

ইতীরিতোঽস্মিন্নর্থে বিচিন্তয়ন্ বিচক্ষণঃ শ্রীশঙ্করঃ কিঞ্চিদপি

এক্ষণে আচার্য্যের সহিত যেরূপ প্রসঙ্গে কথা বার্ত্তা হইবে, সেই প্রসঙ্গ নিশ্চয় করিয়া কামশাস্ত্রের মর্ম্মবিৎ সরস্বতী দেবী প্রসঙ্গাধীন শঙ্করমুনিকে সভা মধ্যে জিজ্ঞাসা করিলেন। ৬৮।

কামকলা কত প্রকার? কাম কলা কাহাকে বলে? কোন্ স্থান আশ্রয় করিয়া কাম কলা অবস্থিতি করে? শুক্লপক্ষে, কৃষ্ণপক্ষে কিরূপেই বা ঐ কামকলা অবস্থিতি করে? যুবতী কামিনী ও পুরুষের উপর কি করিয়া কামকলা বিদ্যমান থাকে। ৬৯।

ইতি সংবিচিন্ত্য স হৃদাশু তদাঽনববুদ্ধপুষ্পশরশাস্ত্র ইব। বিদিতাগমোঽপি সুরিরক্ষয়িষুর্নিয়মং জগাদ জগতি ব্রতিনাম্ ॥ ৭১ ॥

ইহ মাসমাত্রমবধিঃ ক্রিয়তামনুমন্যতে হি দিবসস্য গণঃ। তদনন্তরং সুদতি! হাস্যসি ভোঃ! কুসুমাস্ত্রশাস্ত্রনিপুণত্বমপি ॥ ৭২ ॥

নোবাচ। বিচিন্তনমাহ তাসাং কলানামকথনে মমাল্পজ্ঞতা ভবিষ্যতি তাসাং কথনে তু মম যতের্ধর্ম্মস্য সংক্ষয়ঃ ॥ ৭০ ॥

ইত্যেবং স শীঘ্রং মনসা সংবিদিতকামাগমোঽপি জগতি ব্রতিনাং কামশাস্ত্রানভ্যাসাদিব্রতবতাং পরমহংসপরিব্রাজকানাং নিয়মং রক্ষয়িতুমিচ্ছুস্তস্মিন্ কালেঽনববুদ্ধকামশাস্ত্র ইব সন্ জগাদ ॥ ৭১ ॥

যদুবাচ তদাহ। ইহাস্মিন্ কলাদিসঙ্কথনে মাসমাত্রমবধিঃ ক্রিয়তাং হি যস্মাদ্দিবসস্য গণো বাদিভিরনুমন্যতে তথা চ মাসানন্তরং ভোঃ সুদতি! কামশাস্ত্রনিপুণত্বমপি ত্যক্ষ্যসি ॥ ৭২ ॥

এই কথা শ্রবণ করিয়া বিচক্ষণ শঙ্কর বহুক্ষণ চিন্তা করিয়াও কিছুই বলিতে পারিলেন না। পরে মনে মনে চিন্তা করিলেন, যদি কামকলার উত্তর দিতে না পারি তাহা হইলে আমার অজ্ঞতা প্রকাশ হইয়া পড়ে, এবং যদি উত্তর দেওয়া যায়, তাহা হইলেও আমার যতিধর্ম্মের ক্ষয় হয়। ৭০।

এই রূপে তিনি মনে মনে কাম শাস্ত্র জানিতে পারিয়াও জগতে যে সকল পরমহংস, পরিব্রাজক প্রভৃতি কামশাস্ত্রে অনভ্যস্ত পুরুষ আছেন, তাঁহাদিগের নিয়ম রক্ষা করিয়া তৎকালে কামশাস্ত্রে অনধিকারী ব্যক্তির তুল্য শঙ্কর বলিতে লাগিলেন। ৭১।

আমাদের এই কামশাস্ত্রের আলাপ ও তর্কের জন্য আপনি একমাস পর্য্যন্ত তাহার সময় ও সীমা স্থির করুন। বাদী মাত্রেই দিনস্থির স্বীকার করিয়া থাকে। বস্তুতঃ বিচার কার্য্য কখনই এক দিবসে সমাপ্ত হয় না, সুতরাং পূর্ব্ব হইতে বহুদিবস পর্য্যন্ত বিচারের কালসংখ্যা নির্দ্দিষ্ট হইয়াছে। অতএব হে রমণি! একমাসের পর আপনিও তখন আপনার কামশাস্ত্রের নৈপুণ্য সকল পরিত্যাগ করিবেন। ৭২।

উররীকৃতে সতি তথেতি তয়াক্রমতে স্ম যোগিমৃগরাড়্গগনম্। শ্রুতবিগ্রহঃ শ্রুতবিনেয়যুতোঽদধদভ্রচারমথ যোগদৃশা ॥ ৭৩ ॥

স দদর্শ কুত্রচিদমর্ত্যমিব ত্রিদিবচ্যুতং বিগতসত্ত্বমপি। মনুজেশ্বরং পরিবৃতং প্রলপৎপ্রমদাভিরার্ত্তিমদমাত্যজনম্ ॥ ৭৪ ॥

তথেতি তয়া সরস্বত্যা স্বীকৃতে সতি যোগিরাট্ শ্রীশঙ্কর আকাশমাক্রমতে স্ম। অথানন্তরং শ্রুতঃ বিগ্রহঃ স্বরূপং যস্য স প্রখ্যাতবিগ্রহস্তথা শ্রুতৈর্ব্বিনেয়ৈঃ শিষ্যৈঃ পুনঃ স যোগদৃষ্ট্যাঽভ্রচারমাকাশগমনমদধৎ ॥ ৭৩ ॥

স কস্মিংশ্চিদ্দেশে বিগতজীবমপি স্বর্গাৎ পতিতং দেবমিব প্রলপন্তীভিঃ প্রমদাভিঃ পরিবৃতং আর্ত্তিমান্ অমাত্যজনো যস্য তং নরেশ্বরং দদর্শ ॥ ৭৪ ॥

দেবী সরস্বতী শঙ্করের কথায় অনুমোদন করিবার পর যোগিরাজ আকাশ আক্রমণ করিলেন। অনন্তর আপনার বিখ্যাত শিবমূর্ত্তি ধারণ পূর্ব্বক ও বিখ্যাত শিষ্যগণ সমভিব্যাহারে পুনর্ব্বার তিনি যোগবলে আকাশ পথে গমন করিলেন। ৭৩।

পরে একদেশে তিনি এক মৃত নরপতি দর্শন করেন। দেখিয়া বোধ হইল যেন এই ব্যক্তি নির্জীব হইয়াও স্বর্গচ্যুত কোন এক দেবতার তুল্য

অথো নিশাখেটবশাদটব্যাং মূলে তরোর্ম্মোহবশাৎ পরাসুম্। তং বীক্ষ্য মার্গেঽমরকং নৃপালং সনন্দনং প্রাহ স সংযমীন্দ্রঃ ॥ ৭৫ ॥

সৌন্দর্য্যসৌভাগ্যনিকেতসীমাঃ পরঃশতা যস্য পয়োরুহাক্ষ্যঃ। স এষ রাজাঽমরকাভিধানঃ শেতে গতাসুঃ শ্রমতো ধরণ্যাম্ ॥ ৭৬ ॥

প্রবিশ্য কায়ং তমিমং পরাসোর্নৃপস্য রাজ্যেঽস্য সুতং নিবেশ্য। যোগানুভাবাৎ পুনরপ্যুপৈতুমুৎকণ্ঠতে মানসমস্মদীয়ম্ ॥ ৭৭ ॥

অথো নিশায়াং রাত্রৌ মৃগয়াবশাৎ আখেটো মৃগয়া স্ত্রিয়ামিত্যমরঃ। অটব্যাং বনে বৃক্ষস্য মূলে মোহো মূর্চ্ছনং তদ্বশাৎ পরাসুমুৎক্রান্তপ্রাণং তমমরকসংজ্ঞং রাজানং বীক্ষ্য স সংযমীন্দ্রঃ সনন্দনং পদ্মপাদং প্রোবাচ ॥ উং ॥ ৭৫ ॥

যস্য সৌন্দর্য্যসৌভাগ্যনিকেতসীমাঃ পরঃশতাঃ শতাদধিকাঃ কমলনয়নাঃ স এষোঽমরকসংজ্ঞো রাজা শ্রমতো গতপ্রাণো ভূমৌ শেতে ॥ ৭৬ ॥

পতিত রহিয়াছেন। প্রমদা সকল বিলাপ করিতে করিতে তাঁহাকে বেষ্টন করিয়া রহিয়াছে ও সম্মুখে অমাত্যবর্গ অত্যন্ত শোকাকুল চিত্তে বসিয়া রহিয়াছে। ৭৪।

অনন্তর রাত্রিকালে মৃগয়া করিতে গিয়া বনমধ্যে বৃক্ষমূলে মূর্চ্ছিত হইয়া অমরক রাজা প্রাণত্যাগ করেন। তাহা দেখিয়া শঙ্কর সনন্দন অর্থাৎ পদ্মপাদ শিষ্যকে বলিতে লাগিলেন। ৭৫।

সৌন্দর্য্য এবং সৌভাগ্য গৃহের সীমা স্বরূপ শতসহস্র কমলনয়না কামিনী যাহার সদা সর্ব্বদা বিদ্যমান থাকিত, সেই অমরক রাজা অদ্য শ্রমবশতঃ মৃত হইয়া ধরাশায়ী হইয়া রহিয়াছেন। ৭৬।

অন্যাদৃশানামদসীয়নানাকুশেশয়াক্ষীকিলকিঞ্চিতানাম্। সর্ব্বজ্ঞতানির্হরণায় সোঽহং সাক্ষিত্বমপ্যাশ্রয়িতুং সমীহে ॥ ৭৮ ॥

ইত্যুচিবাংসং যতিতল্লজং তং সনন্দনঃ প্রাহ সসাম্ত্বমেনম্। সর্ব্বজ্ঞ! নৈবাবিদিতং তবাস্তি তথাপি ভক্তির্মুখরং তনোতি ॥ ৭৯ ॥

পরাসোর্নৃপস্য তমিমং দেহং প্রবিশ্য রাজ্যেঽস্য পুত্রং নিবেশ্য যোগপ্রভাবাৎ পুনরপ্যুপাগন্তুমস্মদীয়ং মন উৎকণ্ঠতে ॥ ৭৭ ॥

সর্ব্বজ্ঞতানির্হরণায় সর্ব্বজ্ঞত্বনির্ব্বাহায় অমুষ্য রাজ্ঞ ইমা অদসীয়া নানা অনেকবিধাঃ কুশেশয়াক্ষ্যঃ কমলাক্ষ্যস্তাসাং যানি কিলকিঞ্চিতানি রোষাশ্রুহর্ষভীত্যাদেঃ সঙ্করঃ কিলকিঞ্চিতমিত্যুক্তানি তেষামন্যাদৃশানামতিবিলক্ষণানাং সাক্ষিত্বং সাক্ষাদ্‌দ্রষ্টৃত্বমপ্যাশ্রয়িতুং সোঽহং সমীহে ॥ ৭৮ ॥

ইত্যুক্তবন্তং যতিশ্রেষ্ঠং তমেনং শ্রীশঙ্করং সসান্ত্বং যথা স্যাত্তথা প্রোবাচ হে সর্ব্বজ্ঞ! সর্ব্ববিদস্তব যদ্যপি কিঞ্চিদপ্যজ্ঞাতং নাস্তি তথাপি তব ভক্তিরস্মন্মুখং কথনায় মুখরং বাচালং করোতি ॥ ৭৯ ॥

নরপতির এই দেহে প্রবেশ করিয়া ইহার পুত্রকে যৌবরাজ্যে অভিষিক্ত করিয়া যোগপ্রভাবে পুনর্ব্বার বিবাদস্থলে গমন করিবার জন্য আমার মন অত্যন্ত উৎকণ্ঠিত হইতেছে। ৭৭।

এক্ষণে আমার সর্ব্বজ্ঞতা শক্তি নির্বাহ করিবার নিমিত্ত এই নরেশ্বরের যে সমস্ত কমলাক্ষী রমণী আছে, তাহাদিগের ক্রোধ, শোক, হর্ষ ও ভয় ইত্যাদি কারণ উপলক্ষে যে ভাবভঙ্গী জন্মে, অসাধারণ কামিনীগণের ঐ সমস্ত ভাব ও চেষ্টা সকল সাক্ষাৎকার করিতে আমি এক্ষণে যত্নবান্ হইয়াছি। ৭৮।

যতিবরের এই কথা শ্রবণ করিয়া সনন্দন শান্ত

মৎস্যেন্দ্রনামা হি পুরা মহাত্মা গোরক্ষমাদিশ্য নিজাঙ্গগুপ্ত্যৈ। নৃপস্য কস্যাপি তনুং পরাসোঃ প্রবিশ্য তৎপত্তনমাসসাদ ॥ ৮০ ॥

ভদ্রাসনাধ্যাসিনি যোগিবর্য্যে ভদ্রাণ্যনিদ্রাণ্যভবন্ প্রজানাম্। ববর্ষ কালেষু বলাহকোঽপি সস্যানি চাশাস্যফলান্যভূবন্ ॥ ৮১ ॥

এবং পুরাবৃত্তং বৃত্তান্তং শ্রাবয়িতুমভিমুখীকৃত্য তং শ্রাবয়তি হি প্রসিদ্ধং পুরা মৎস্যেন্দ্রনামা মহাত্মা স্বশরীররক্ষণায় গোরক্ষসংজ্ঞং শিষ্যমাজ্ঞাপ্য কস্যচিন্মৃতকস্য রাজ্ঞঃ শরীরং প্রবিশ্য তস্য রাজ্যমাপ্তবান্ ॥ ৮০ ॥

যোগিশ্রেষ্ঠে তস্মিন্ ভদ্রাসনাধ্যাসিনি নৃপাসনমুপবিষ্টে সতি প্রজানাং ভদ্রাণি নিদ্রাবর্জ্জিতানি অভবন্। অভ্রমপি কালেষু ববর্ষ। সস্যানি চেচ্ছানুসারিফলান্যভূবন্ ॥ ৮১ ॥

ভাবে বলিতে লাগিলেন। হে সর্ব্বজ্ঞ? আপনি সমস্তই বিদিত আছেন, তথাপি আমার মানসিক ভক্তি আপনাকে কিছু বলিবার জন্য আমাকে অত্যন্ত চঞ্চল করিতেছে। ৭৯।

এ সম্বন্ধে একটী ইতিবৃত্ত আছে শ্রবণ করুন। পুরাকালে মৎস্যেন্দ্র নামে এক মহাত্মা আপনার শরীর রক্ষা করিবার জন্য আপনার শিষ্য গোরক্ষকে আজ্ঞা দিয়া কোন এক মৃত রাজার শরীরে প্রবেশ করেন এবং পরে তিনি আপনার রাজ্য প্রাপ্ত হন। ৮০।

ঐ যোগিবর রাজ সিংহাসনে উপবেশন করিবার পর প্রজাবর্গের অক্ষয় মঙ্গল কার্য্য হইতে লাগিল; যথাকালে জলধর জল বর্ষণ করিতে লাগিল; শস্য সকল ইচ্ছানুসারে ফল দান করিতে লাগিল। ৮১।

বিজ্ঞায় বিজ্ঞাঃ সচিবা নৃপস্য কায়ে প্রবিষ্টং কমপীহ দিব্যম্। সমাদিশন্ রাজসরোরুহাক্ষীঃ সর্ব্বাত্মনা তস্য বশীক্রিয়ায়ৈ ॥ ৮২ ॥

সঙ্গীতলাস্যাভিনয়াদিকেষু সংসক্তচেতা ললিতেষু তাসাম্। স এষ বিস্মৃত্য মুনিঃ সমাধিং সর্ব্বাত্মনা প্রাকৃতবদ্বভূব ॥ ৮৩ ॥

গোরক্ষ এষোঽথ গুরোঃ প্রবৃত্তিং বিজ্ঞায় রক্ষন্ বহুধাস্য দেহম্। নিশান্তকান্তানটনোপদেষ্টা নিতান্তমস্যাভবদন্তরঙ্গঃ ॥ ৮৪ ॥

ইহাস্মিন্ নৃপস্য কায়ে প্রবিষ্টং কমপি দিব্যং বিজ্ঞাঃ সচিবা বিজ্ঞায় রাজ্ঞঃ কমলাক্ষীঃ সর্ব্বভাবেন তস্য বশীকরণার্থং সমাদিশন্ ॥ ৮২ ॥

এবং সম্প্রেরিতানাং তাসাং ললিতেষু সঙ্গীতনৃত্যাভিনয়াদ্যেষু সক্তং চিত্তং যস্য স এষ মুনিঃ সমাধিং বিস্মৃত্য সর্ব্বাত্মভাবেন প্রাকৃতবদ্বভূব ॥ ৮৩ ॥

অথানন্তরমেষো গোরক্ষঃ গুরোঃ প্রবৃত্তিং বিজ্ঞায় বহুপ্রকারেণাস্য গুরোর্দ্দেহং রক্ষন্ সন্ নিশান্তস্যান্তঃপুরস্য কান্তানাং নর্ত্তনোপদেষ্টা সন্ অস্য গুরোরত্যন্তমন্তরঙ্গো বভূব ॥ ৮৪ ॥

সুবিজ্ঞ সচিবগণ নৃপশরীরে (কোন এক স্বর্গীয় পদার্থ প্রবিষ্ট হইয়াছে) জানিয়া সম্পূর্ণরূপে তাঁহাকে বশীকরণ করিবার নিমিত্ত নৃপতির কমললোচনা কামিনীদিগকে আদেশ করেন। ৮২।

যে সমস্ত কামিনীকে আদেশ করা হয়, তাহাদিগের সুললিত সঙ্গীত, নৃত্য ও অভিনয়াদি কার্য্যে সংলগ্ন চিত্ত থাকিয়া, ঐ মুনিবর সমাধি বিস্মরণ পূর্ব্বক সম্পূর্ণ রূপে সাধারণ মনুষ্যের মত অবস্থা সকল প্রকাশ করিলেন। ৮৩।

অনন্তর গোরক্ষ গুরুর প্রবৃত্তি জানিতে

তত্রৈকদা তত্ত্বনিবোধনেন নিবৃত্তরাগং নিজদেশিকং সঃ। যোগানুপূর্ব্বীমুপদিশ্য নিন্যে যথা পুরং প্রাক্তনমেব দেহম্ ॥ ৮৫ ॥

হন্তেদৃশোঽয়ং বিষয়ানুরাগঃ কিঞ্চোর্দ্ধরেতোব্রতখণ্ডনেন। কিং নোদয়েৎ কিল্বিষমুল্বণং তে কৃত্যং ভবানেব কৃতী বিবেক্তুম্ ॥ ৮৬ ॥

তত্র তস্মিন্ দেশে একস্মিন্ কালে তত্ত্বনিবোধনেন নিবৃত্তরাগং নিজগুরুং স গোরক্ষঃ যোগানুপূর্ব্বীমুপদিশ্য যথাপূর্ব্বং প্রাক্তনমেব দেহং নিন্যে ॥ ৮৫ ॥

তথা চৈবংবিধোঽয়ং বিষয়ানুরাগঃ কিঞ্চোর্দ্ধরেতোব্রতখণ্ডনেনোল্বণং পাপং কিং তে নোদয়েদপি তূদয়েদেব। তথা চ যৎকর্ত্তব্যং তত্ত্বভবানেব বিবেক্তুং কৃতী সমর্থঃ ॥ ই০ ॥ ৮৬ ॥

পারিয়া নানা উপায়ে গুরুর দেহ রক্ষা করিতে বাসনা করেন। অনন্তর অন্তঃপুর বাসিনী কামিনী গণের নৃত্য শাস্ত্রের উপদেষ্টা হইয়া গুরুবরের একান্ত অন্তরঙ্গ হইলেন। ৮৪।

কোন সময়ে ঐ দেশে তত্বজ্ঞানের অনুশীলন দ্বারা বিষয় বাসনা সমস্ত নিবৃত্ত জানিয়া গোরক্ষ আপনার গুরুকে আনুপূর্ব্বিক যোগশাস্ত্রের উপদেশ দেওয়াতে তখন তাঁহার পূর্ব্ব মত দেহ হইল। ৮৫।

হায়! এরূপ অপূর্ব্ব বিষয়ানুরাগ! ঊর্দ্ধরেতা, তাপসগণের অনুষ্ঠিত ব্রতের খণ্ডন হইলে আপনারকি ভীষণ পাপ উদয় হইবে না? কিন্তু এক্ষণে যাহা কর্ত্তব্য কার্য্য তাহা আপনিই একবার বিবেচনা করিয়া দেখুন। কারণ, আপনি সমস্ত বিষয়ে কৃতী ও দক্ষ বলিয়া বিখ্যাত। ৮৬।

ব্রতমস্মদীয়মতুলং ক্ব মহৎ ক্ব চ কামশাস্ত্রমতিগর্হ্যমিদং। তদভীষ্যতে ভগবতৈব যদি হ্যনবস্থিতং জগদিহৈব ভবেৎ ॥ ৮৭ ॥

অধিমেদিনি প্রথয়িতুং শিথিলং ধৃতকঙ্কণস্য যতিধর্ম্মমিমম্। ভবতঃ কিমস্ত্যবিদিতং তদপি প্রণয়ান্ ময়োদিতমিমং ভগবন্! ॥ ৮৮ ॥

কিঞ্চাস্মদীয়মতুলং মহদ্ব্রতং ক্ব কচেদমতিনিন্দ্যং কামশাস্ত্রং তদপি ভবতৈব যদীষ্যতে তর্হ্যস্মিঁল্লোকে জগদনবস্থিতমেব ভবেৎ। তথাচোক্তং যদ্যদাচরতি শ্রেষ্ঠস্তত্তদেবেতরো জনঃ। স যৎপ্রমাণং কুরুতে লোকস্তদনুবর্ত্তত ইতি ॥ প্র০ ॥ ৮৭ ॥

ইদং ন ময়া বিদিতং জ্ঞাপিতং সর্ব্বজ্ঞত্বাত্তব কিন্তু প্রেম্নোদিতমিত্যাহ শিথিলমিমং যতিধর্ম্মং ভূমৌ প্রকটয়িতুং ধৃতকঙ্কণস্য গৃহীতপ্রতিজ্ঞস্য ভবতোঽবিদিতং কিমস্তি ন কিমপি তথাপি হে ভগবন্! প্রণয়াদিদং ময়োক্তম্ ॥ ৮৮ ॥

আর ভাবিয়া দেখুন, আমাদিগের একমাত্র অনুষ্ঠেয় ও অনুপম ব্রহ্মচর্য্য ব্রতই বা কোথায়? এবং এই নিন্দনীয় কামশাস্ত্রই বা কোথায়? তথাপি যদি আপনি ঐ নিন্দনীয় কামশাস্ত্রে রত হইতে অভিলাষ করেন, তবে ইহলোকে এই জগৎ অনবস্থাদোষে কলুষিত হইবে। শাস্ত্রেও কথিত হইয়াছে ঃ—"মহৎ লোকে যেরূপ কার্য্য করিবেন, ইতরলোকে তাহাই করিবে। শ্রেষ্ঠলোকে যাহা প্রমাণ করিবেন, সাধারণ লোকে তাহারই অনুগামী হইয়া থাকে।" ৮৭।

আমিও আপনাকে কেবল প্রণয়বশতঃ জানাইতেছি, নতুবা আপনার কিছুই অবিদিত নাই। দেখুন—জগতে লুপ্তপ্রায় যতিধর্ম্ম প্রচার করিবার নিমিত্ত আপনি দৃঢ়প্রতিজ্ঞ হইয়াছেন। সুতরাং আপনার সমস্ত বিষয়ই জানা আছে। ৮৮।

স নিশম্য পদ্মচরণস্য গিরং গিরতি স্ম গীষ্পতি-সমপ্রতিভঃ। অবিগীতমেব ভবতা ফণিতং শৃণু সৌম্য! বচ্মি পরমার্থমিদম্‌ ।। ৮৯ ।।

অসঙ্গিনো ন প্রভবন্তি কামা হরেরিবাভীরবধূসখস্য। বজ্রোলিযোগপ্রতিভূঃ স এব বৎসাবকীর্ণিত্ববিপর্য্যয়ো নঃ ।। ৯০ ।।

এবং পদ্মপাদবাক্যমুদাহৃত্যাচার্য্যস্ত তদুদাহর্ত্তুমাহ। পদ্মপাদস্য বচঃ শ্রুত্বা বাচস্পতিতুল্যা প্রতিভা যস্য স উক্তবান্‌। যদ্যপি ত্বয়া অনিন্দিতমেব কথিতং তথাপি হে সৌম্য! শ্রোতুং সাবধানো ভব পরমার্থমিদং কথয়ামি ॥ ৮৯ ॥

কিং তদিত্যপেক্ষায়ামাহ। অসঙ্গিন আসক্তিবিনির্ম্মুক্তস্য কামাঃ ন প্রভবন্তি। তত্র দৃষ্টান্তঃ গোপবধূসখস্য শ্রীকৃষ্ণস্যেব। কিঞ্চ বা বজ্রোলিসংজ্ঞিকযোগপ্রতিভূমিঃ স এব হে বৎস! নোঽস্মাকমবকীর্ণিত্বস্য রেতঃপাতেন ক্ষতব্রতত্বস্য বিপর্য্যয়স্তদভাবঃ তস্যা রেত আকর্ষণসামর্থ্যসম্পাদকত্বাৎ ॥ উ০ ॥ ৯০ ॥

এইরূপে পদ্মপাদের বাক্য শ্রবণ করিয়া বৃহস্পতির তুল্য প্রতিভা-শক্তি-সম্পন্ন আচার্য্য শঙ্কর তাঁহাকে বলিতে লাগিলেন। যদ্যপি তোমার কথা সমস্তই সত্য, তথাপি হে সৌম্য! তুমি সাবধান হইয়া শ্রবণ কর। আমি যাহা বলিতেছি, ইহা কদাচ মিথ্যা হইবার নহে। ৮৯।

গোপবধূ সকল যেরূপ শ্রীকৃষ্ণের সঙ্গিনী হইয়াও তাঁহার মনোহরণ করিতে পারে নাই, তদ্রূপ যে ব্যক্তি বৈষয়িক পদার্থের উপর বীতরাগ হইয়াছেন, বিষয়বাসনা সকল কখনই তাঁহার মনোহরণ করিতে পারে না। হে বৎস! বজ্রোলি নামে যে যোগের এক প্রতিভূমি আছে, তাহা দ্বারাই জানিবে আমাদিগের রেতঃপাতে কোন যতিব্রতের হানি হয় না। ৯০।

সঙ্কল্প এবাখিলকামমূলং স এব মে নাস্তি সমস্য বিষ্ণোঃ। তন্মূলহানৌ ভবপাশনাশং কর্ত্তুং সদা স্যাত্তবদোষদৃষ্টেঃ ।। ৯১ ।।

অবিচার্য্য যস্তু বপুরাদ্যহমিত্যভিমন্যতে জড়মতিঃ সুদৃঢ়ম্‌। তমবুদ্ধতত্ত্বমধিকৃত্য বিধিপ্রতিষেধশাস্ত্রমখিলম্‌ ॥ ৯২ ॥

কিঞ্চ সঙ্কল্প এবাখিলাভিলাষস্য মূলং স এব কৃষ্ণতুল্যস্য মম নাস্তি। তথাচ সদৈব সংসারদোষদৃষ্টেঃ কর্ত্তুরপি কামমূলস্য সঙ্কল্পস্য হানৌ সত্যাং ভবপাশনাশঃ স্যাৎ ॥ ৯১ ॥

নন্বেবং তর্হি বিধিপ্রতিষেধশাস্ত্রং নিষ্ফলং স্যাদিতি চেৎ তত্রাহ। যস্তু দেহাদ্যবিচার্য্য দেহাদের্জড়ত্বাদিনাঽনাত্মত্বমবিচার্য্যাহমিত্যহং প্রত্যালম্বনমাত্মানং সুদৃঢ়মভিমন্যতে যতো জড়বুদ্ধিস্তমবুদ্ধতত্ত্বমধিকৃত্য সর্ব্বং বিধিপ্রতিষেধশাস্ত্রং সফলম্‌ ॥ প্র০॥ ॥ ৯২ ॥

মনের সঙ্কল্পই জানিবে সমস্ত অভিলাষের মূল কারণ। শ্রীকৃষ্ণের যেমন সঙ্কল্প না থাকাতে কামের আবির্ভাব হয় নাই, তদ্রূপ আমিও কামপদার্থের উপর কিছুতেই অনুরক্ত নয়। সংসারের উপর যদি দোষ প্রকাশ করা যায়, তবে তাঁহার কামকারণ সঙ্কল্পের ক্ষয় হয়, ভবপাশের মোচন হয়। ৯১।

ইহাদ্বারা বিধিনিষেধশাস্ত্রও কখন নিষ্ফল হইতে পারে না। যে জন দেহাদির বিচার না করিয়া অথচ দেহাদির জড়ত্ব অনুসারে আত্মতত্ত্ব বিচার না করে, তাহা দ্বারাই "অহম্‌" এই অহঙ্কারের আলম্বনস্বরূপ আত্মাকে দৃঢ়রূপে বিবেচনা করিতে পারা যায়। এই কারণে জড়মতি কখনই তত্ত্ব বুঝিতে অধিকারী হয় না। সুতরাং সমস্ত

কৃতধীস্ত্বনাশ্রমমবর্ণমজাত্যববোধমাত্রমজমেকর-সম্। স্বতয়াবগত্য ন ভজেন্নিবসন্নিগমস্য মূর্দ্ধি বিধিকিঙ্করতাম্ ॥ ৯৩ ॥

কলশাদিমৃৎপ্রভবমস্তি যথা মৃদমন্তরা ন জগ-দেবমিদম্। পরমাত্মজন্যমপি তেন বিনা সময়ত্র-য়ঽপি ন সমস্তি খলু ॥ ১৪ ॥

এবমজ্ঞস্যাধিকারিণঃ সত্বাদ্বিধিপ্রতিষেধশাস্ত্রসাফল্যমুক্ত্বা তত্ত্ববিদোঽধিকারাভাবমাহ। কৃতা সম্পাদিতা মহাবাক্যজন্যা ধীর্যেন স ত্বাশ্রমাদিবিনির্মুক্তমাত্মানমাত্মত্বেনাবগত্য বেদান্তপ্রতিপাদ্যস্বরূপত্বান্নিগমস্য মূর্দ্ধি বসন্ বিধিকিঙ্করতাং ন ভজেত বিধিগ্রহণং প্রতিষেধস্যাপ্যুপলক্ষণম্ ॥ ৯৩ ॥

নন্ববশ্যমেব ভোক্তব্যং কৃতং কর্ম্ম শুভাশুভং। নাভুক্তং ক্ষীয়তে কর্ম্ম কল্পকোটিশতৈরপীত্যাদিবচনৈঃ কর্ম্মফলভোগস্যাবশ্যকত্বাবগমাৎ কথং তেন তত্ত্ববিদোঽসম্বন্ধ ইত্যাশঙ্ক্য বাচারম্ভণং বিকারো নামধেয়ং মৃত্তিকেত্যেব সত্যমিতি শ্রুত্যুক্তদৃষ্টান্তেন

বিধিনিষেধ শাস্ত্র যে সফল হইবে, ইহা কিছুতেই বিচিত্র নহে। ৯২।

এইরূপে যদি অজ্ঞ অধিকারী হয়, তাহার বিধি-নিষেধ শাস্ত্রসকল সফল হইয়া থাকে। কিন্তু তত্ত্ব-জ্ঞানীর কিছুতেই অধিকার হইতে পারে না। “তত্ত্বমসি শ্বেতকেতো!” এই বেদান্তের মহাবাক্য দ্বারা যাহার সৎ বুদ্ধি উৎপন্ন হয়, সেই ব্যক্তি বর্ণাশ্রমশূন্য, জাতিশূন্য, জ্ঞানমাত্র, অজ এক ও অদ্বিতীয় পরমাত্মাকে আত্মরূপে অবগত হইয়া বেদান্তশাস্ত্রের মস্তকে বসতি করিয়া বিধি ও নি-ষেধশাস্ত্রের সেবা করিতে তখন আর বাসনাও করে না। ৯৩।

“সকলেরই শুভাশুভ কর্ম্ম অবশ্য ভোগ ক-রিতে হয়। শতকোটি কল্পেও অভুক্ত কর্ম্মের ক্ষয়

কথমজ্যতে জগদশেষমিদং কলয়ন্ মৃষেতি হৃদি কর্ম্মফলৈঃ। ন ফলায় হি স্বপনকালকৃতং সুকৃতাদি জাত্বনৃতবুদ্ধিহতম্ ॥ ৯৫ ॥

কালত্রয়েঽপ্যাত্মব্যতিরিক্তস্য প্রপঞ্চস্যাভাববিচারণেন তস্য মৃষাত্বনিশ্চয়াদিত্যাহ। ঘটাদ্যং মৃৎপ্রভবং বস্তু যথা মৃদং বিনা নাস্তি। তথা পরমাত্মজন্যমিদং জগদপি পরমাত্মানং বিনা কালত্রয়েঽপি নাস্তি। তদনন্যত্বমারম্ভণশব্দাদিভ্য ইতি ন্যায়াৎ কল্পিতস্যাধিষ্ঠানানতিরিক্তত্বং প্রসিদ্ধমিতি থর্থঃ ॥ ৯৪ ॥

তথাচৈবং প্রকারেণ সর্ব্বং জগন্মিথ্যেতি হৃদ্যনুসন্দধানঃ কর্ম্মফলৈর্ন কেনাপি প্রকারেণ লিপ্যতে, হি যস্মাৎ স্বপ্নকালকৃতং সুকৃতং দুষ্কৃতং চ মৃষাবুদ্ধিহতত্বাৎ কদাচিদপি ফলায় ন ভবতি ॥ ৯৫ ॥

হয় না।” ইত্যাদি বচনে স্পষ্টই জানা যাইতেছে যে, কর্ম্মফল ভোগ করিবার শাস্ত্র যখন স্পষ্ট বিদ্যমান রহিয়াছে, তখন তত্ত্বজ্ঞানীর কর্ম্মফল-ভোগের সহিত কোন সম্বন্ধ নাই। “বাচারম্ভণং বিকারো নামধেয়ং মৃত্তিকেত্যেব সত্যম্” হরি, গোপাল ইত্যাদি নাম কেবল বিকৃতিমাত্র, কিন্তু জগতে মৃত্তিকাই সত্য। ইত্যাদি বেদোক্ত দৃষ্টান্ত দর্শনে ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান এই ত্রিকালেও আত্মব্যতিরিক্ত কোন পদার্থ নাই, এরূপ বিচার করিয়া অন্য পদার্থ মিথ্যা বলিয়া নিশ্চয় হইয়া থাকে। কারণ, মৃত্তিকা-প্রাদুর্ভূত ঘটাদি বস্তু যে-মন মৃত্তিকা ভিন্ন আর কিছুই নহে, তদ্রূপ পর-মাত্মজন্য এই জগৎ পরমাত্ম ভিন্ন কোন কালে আর কিছুই নহে। বস্তুতঃ আমরা কল্পনা করিয়া যে সমস্ত বস্তু দর্শন করিয়া থাকি, উহা ঈশ্বরের অধিষ্ঠান বস্তু ভিন্ন আর কিছুই নহে। ৯৪।

এইরূপ প্রকারে “সমস্ত জগৎ মিথ্যা” বলিয়া

তদয়ং করোতু হয়মেধশতান্যমিতানি বিপ্রহনানাথ বা। পরমার্থবিন্ন স্বকৃতৈর্দুষ্কৃতৈরপি লিপ্যতেঽস্তমিতকর্ত্তৃতয়া ॥ ৯৬ ॥

অবধীৎ ত্রিশীর্ষমদদাচ্চ যতীন্ বৃকমণ্ডলায় কুপিতঃ শতশঃ। বত লোমহানিরপি তেন কৃতা ন শতক্রতোরিতি হি বহ্বৃচগীঃ ॥ ৯৭ ॥

বহুদক্ষিণৈরযজত ক্রতুভির্বিবুধানতর্পয়দসংখ্যধনৈঃ। জনকস্তথাপ্যভয়মাপ পরং ন তু দেহযোগমিতি কাণ্বচঃ ॥ ৯৮ ॥

তত্ত্বজ্ঞাদয়মশ্বমেধশতানি করোতু অথবা অসংখ্যাতানি বিপ্রহননানি করোতু তথাপি পরমার্থবিৎ সুকৃতৈর্দুরিতৈশ্চ ন লিপ্যতে, লেপকারণস্য কর্ত্তৃত্বস্য নিবৃত্তত্বাদিতি হেতুমাহ অস্তং গতকর্ত্তৃত্বয়েতি ॥ ৯৬ ॥

অয়মমিতানি ব্রহ্মহননানি বা করোতু তথাপি দুষ্কৃতৈর্ন লিপ্যত ইত্যুক্তং তত্র প্রমাণাকাঙ্ক্ষায়াং ত্রিশীর্ষাণং ত্বাষ্ট্রমহন্নরুন্মুখান্যতীন্ শালাবৃকেভ্যঃ প্রাযচ্ছত্তস্য মে তত্র লোমাপি ন মীয়তে স যো মাং বেদ নহ বৈ তস্য কেনচন কর্ম্মণা লোকো মীয়তে ন স্তেয়েন ন ভ্রূণহত্যয়েতি শ্রুতিমর্থতঃ পঠতি। ত্রিশিরসং ত্বষ্টৃপুত্রং বিশ্বরূপমিন্দ্রোঽবধীৎ। তথা রৌতি যথার্থং শব্দমতভীতি রুদ্বেদান্তবাক্যং তদ্ যেষাং মুখে নাস্তীতি তানরুন্মুখান্ শতশঃ যতীন্ শালাবৃকসমূহায় কুপিতঃ সন্ অদাৎ, তথাপি শতক্রতোরিন্দ্রস্য তেন কর্ম্মণা লোমহানিরপি নৈব কৃতেতি ঋগ্বেদিনাং বাগিত্যর্থঃ ॥ ৯৭ ॥

হয়মেধশতানি করোতু তথাপি সুকৃতৈর্ন লিপ্যত ইত্যত্রাপি প্রমাণমাহ। জনকো বহুদক্ষিণৈঃ ক্রতুভির্দ্দেবানযজৎ তথাঽসংখ্যধনৈরতর্পয়ৎ তথাপি কেবলং সর্ব্বভয়শূন্যং পরমানন্দস্বরূপং

হৃদয়ে অনুসন্ধান করিয়া দেখিলে আর কথনই কর্ম্মফলে লিপ্ত হইতে হয় না। যেরূপ স্বপ্নদর্শনে সুকৃত ও দুষ্কৃত কার্য্য সকল মিথ্যা বুদ্ধি দ্বারা নষ্ট হইয়া ফলোৎপাদন করিতে পারে না, ইহাও তদ্রূপ জানিবে। স্বপ্নে রাজনগরী, উদ্যানাদি অথবা শ্মশানভূমি দর্শন করিলে তাহাতে কোন শুভাশুভ ফল ঘটিতে পারে না, কারণ, ঐ স্বপ্নদর্শন মিথ্যাজ্ঞান বলিয়া প্রতীতি হইয়া থাকে। ৯৫।

অতএব কোন ব্যক্তি শত অশ্বমেধ যজ্ঞ করুক, অথবা অসংখ্য অসংখ্য ব্রহ্মহত্যা করুক, তথাপি পরমার্থবিৎ লোকে কিছুতেই শুভাশুভ কর্ম্মে লিপ্ত হয় না। কারণ, তৎকালে তত্ত্বজ্ঞানীর সমস্ত কর্ত্তৃত্ব বোধ একেবারে অস্তমিত হইয়া যায়। ৯৬।

কোন লোকে যদি অসংখ্য অসংখ্য ব্রহ্মহত্যা করিয়াও পাপ-লিপ্ত না হয়, তদ্বিষয়ে বেদই প্রমাণ। "ত্রিশীর্ষাণং ত্বাষ্ট্রমহন্নরুন্মুখান্ যতীন্ শালাবৃকেভ্যঃ প্রাযচ্ছত্তস্য মে তত্র লোমাপি ন মীয়তে স যো মাং বেদ ন হ বৈ তস্য কেনচন কর্ম্মণা লোকো মীয়তে ন স্তেয়েন ন ভ্রূণহত্যয়া।" অস্যার্থ ইন্দ্র ত্রিমস্তক ত্বষ্টৃপুত্র বিশ্বরূপকে বধ করিয়াছিলেন। যে সমস্ত যতিদিগের মুখ হইতে বেদান্ত বাক্য উচ্চারিত হয় না, এরূপ শতসংখ্যক যতিদিগকে ইন্দ্র কুপিত হইয়া গৃহপালিত ক্ষুদ্রকায় ব্যাঘ্রদিগের মুখে দান করিয়াছিলেন। তাহাতে ইন্দ্রের একগাছি লোম পর্য্যন্ত ক্ষয় হয় নাই। সেই ইন্দ্রকে জানিতে পারিলে চৌর্য্যবৃত্তি কি ভ্রূণহত্যা দ্বারা তাহার কিছুই হয় না। এই কথা বহ্বৃচদিগের চিরপ্রসিদ্ধ আছে। ৯৭।

কোন লোকে যদি শত অশ্বমেধ যাগ করে তথাপি তিনি পুণ্যস্পৃষ্ট হন না। এই বিষয়েও বেদ প্রমাণ রহিয়াছে। "জনকো বৈদেহো বহু-

ন বিহীয়তে হি রিপুবদ্দুরিতৈর্ন চ বর্দ্ধতে জনকবৎ সুকৃতৈঃ। ন স তাপমেত্যকরবং দুরিতং কিমহং ন সাধ্বকরবং ত্বিতি চ ॥ ৯৯ ॥

মোক্ষং প্রাপ ন তু তৎফলভোগায় দেহসম্বন্ধমাপেতি কাণ্বানাং বচনম্। তথাচ শ্রুতিঃ। জনকো বৈদেহো বহুদক্ষিণেন যজ্ঞেনেজে অভয়ং বৈ জনকঃ প্রাপ্তোঽসীত্যাদ্যা ॥ ৯৮ ॥

ফলিতমাহ। তথাচ তত্ত্ববিদ্‌বৃত্ররিপুরিন্দ্রস্তদ্বৎ দুরিতৈর্ন হীয়তে তথা জনকবৎ সুকৃতৈশ্চ ন বর্দ্ধতে। কিঞ্চ স তত্ত্ববিদহং দুরিতং কিমর্থমকরবং সাধু কর্ম্ম চ কিমর্থং নাকরবমিতি তাপমপি ন প্রাপ্নোতীত্যর্থঃ। তথাচ শ্রুতিস্তৎ সুকৃতদুষ্কৃতে বিধুনুত এনং হ বাব ন তপতি কিমহং সাধু নাকরবং কিমহং পাপমকরবমিত্যাদ্যা ॥ ৯৯ ॥

দক্ষিণেন যজ্ঞেনেজে অভয়ং বৈ জনকঃ প্রাপ্তোঽসি।" অস্যার্থ—মিথিলাধিপতি জনকরাজা বহুদক্ষিণাযুক্ত যজ্ঞ করিয়াছিলেন, তাহাতে তিনি উভয়পদ প্রাপ্ত হয়েন; এবং সংখ্যাতীত ধনদানে পরিতুষ্ট করেন। এ কার্য্যেও রাজর্ষি জনক সর্ব্বভয়শূন্য, পরমানন্দস্বরূপ, কেবল মোক্ষ লাভ করেন, কিন্তু তাহার ফলভোগ করিবার নিমিত্ত তিনি দৈহিক সম্বন্ধ একেবারেই প্রাপ্ত হন নাই, এ কথাও বেদে কাণ্বশাখাধ্যায়ীদিগের চিরপ্রসিদ্ধ আছে। ৯৮।

ফল কথা তত্ত্বজ্ঞানী ব্যক্তি কদাচ বৃত্রশত্রু ইন্দ্রের তুল্য একেবারে পাপশূন্যও হন না—অথচ জনক রাজার মত একেবারে পুণ্যবৃদ্ধিও হয় না। (আমি কি নিমিত্ত পাপকার্য্য করিয়াছি, আমি কি নিমিত্ত পুণ্য কর্ম্ম করি নাই) তত্ত্বজ্ঞানী লোকে ইহার জন্য কোন সন্তাপ অনুভব করেন না। এই বিষয়ে শ্রুতিও আছে "তৎ সুকৃতদুষ্কৃতে বিধুনুত

তদনঙ্গশাস্ত্রপরিশীলনমপ্যমুনৈব সৌম্য! করণেন কৃতম্। ন হি দোষকৃত্তদপি শিষ্টসরণ্যবনার্থমন্যবপুরেত্য যতে ॥ ১০০ ॥

ইতি সৎকথাঃ স কথনীয়য়শা ভবভীতিভঞ্জনকরীঃ কথয়ন্। সুদুরাসদং চরণচারিজনৈর্গিরিশৃঙ্গমেত্য পুনরেব জগৌ ॥ ১০১ ॥

তত্তস্মাদ্ যদ্যপি কামশাস্ত্রপরিশীলনং হে সৌম্য! অনেনৈব করণেন বপুষা কৃতমপি ন চ দোষকৃৎ তথাপি শিষ্টসরণীপরিপালনার্থমন্যশরীরং প্রাপ্য যত্নং করোমি ॥ ১০০ ॥

ইত্যেবং ভবভয়ভঞ্জনকরীঃ সৎকথাঃ কথয়ন্ কথনীয়ং যশো যস্য স চরণচারিজনৈরতিদুষ্প্রাপমদ্রিশৃঙ্গং প্রাপ্যাথ গিরিশৃঙ্গপ্রাপ্ত্যনন্তরং স শ্রীশঙ্করো ভূয়োঽপ্যুবাচ ॥ ১০১ ॥

এনং হ বাব ন তপতি কিমহং সাধু নাকরবং কিমহং পাপমকরবম্" অস্যার্থ—সুকৃত দুষ্কৃত কার্য্য তত্ত্বজ্ঞানীকে একেবারে পরিত্যাগ করে এবং ঐ জ্ঞানী ব্যক্তি পাপ পুণ্যের নিমিত্ত কখন উপতপ্ত হন না। ৯৯।

হে সৌম্য! যদ্যপি এই শরীরে কামশাস্ত্রের অনুশীলন করিলেও আমি কিছুতেই দোষভাগী হইব না বলিয়া বিশ্বাস করিতেছি, তথাপি শিষ্টাচার এবং সাধুসেবিত পদ্ধতি রক্ষণার্থে অন্য শরীর প্রাপ্ত হইবার জন্য যত্নবান্ হইয়াছি।১০০।

এরূপ ভবভয় ভঞ্জন কারক সাধু বাক্য বলিতে বলিতে মহাযশস্বী আচার্য্য, (যে সকল লোকে পদব্রজে গমন করিয়াও যে গিরিশৃঙ্গ স্পর্শ করিতে পারে না) আজি সেই দুষ্প্রাপ্য অদ্রি শৃঙ্গ প্রাপ্ত হইয়া পুনর্ব্বার বলিতে লাগিলেন। ১০১।

অথ সাহনুপশ্যত বিভাতি গুহাপুরতঃ শিলা সমতলা বিপুলা। সরসী চ তৎপরিসরেহচ্ছজলা ফলভারনম্রতরুরম্যতটা ॥ ১০২ ॥

পরিপাল্যতামিহ বসদ্ভিরিদং বপুরপ্রমাদমনবদ্যগুণাঃ!। অহমাস্থিতস্তদুচিতং করণং কলয়ামি যাবদসমেষুকলাম্ ॥ ১০৩ ॥

ইতি শিষ্যবর্গমনুশাস্য যমিপ্রবরো বিসৃষ্টকরণোহধিগুহম্। মহিপস্য সূক্ষ্মগুরুযোগবলো বিশদাতিবাহিকশরীরযুতঃ ॥ ১০৪ ॥

যদুবাচ তদুদাহরতি। গুহায়াঃ পুরতঃ সমং তলং যস্যাঃ সা বিপুলা শিলা বিভাতি। তথা তস্যা গুহায়াঃ পরিসরে প্রান্তভূমৌ স্বচ্ছজলা পুনশ্চ ফলানাং ভারেণ নম্রৈর্বৃক্ষৈ রম্যং তটং যস্যাঃ সা সরসী বিভাতি হে বিনেয়াঃ! অনুপশ্যত ॥ ১০২ ॥

তথাচ যাবৎ কামকলাজ্ঞানায়োচিতং শরীরমাস্থিতোহহং বিষমেষুকলামনুভবামি তাবদস্যাং শিলায়াং বসদ্ভির্হে অনবদ্যগুণাঃ! ইদং চ মদ্বপুরপ্রমাদং যথা স্যাত্তথা পরিপাল্যতামিত্যর্থঃ ॥ ১০৩ ॥

ঐ গুহার সম্মুখে এক প্রকাণ্ড সমতল শিলাখণ্ড শোভা পাইতেছে। ঐ গুহার প্রান্তভূমে নির্ম্মল জলপূর্ণ এক প্রকাণ্ড জলাশয় বিরাজমান রহিয়াছে। হে বিনীত শিষ্যগণ! তোমরা অবলোকন কর, ফলভর নত তরুরাজি দ্বারা ঐ জলাশয়ের উভয় তীর কেমন রমণীয় হইয়াছে। ১০২।

আমি যতকাল কামকলা জানিবার জন্য সমুচিত দেহ প্রাপ্ত হইয়া কামকলা অনুভব করিব, হে নির্ম্মল চরিত্র শিষ্যগণ! তোমরা ততকাল পর্য্যন্ত এই শিলাতলে উপবেশন করিয়া সাবধানপূর্ব্বক আমার এই শরীর রক্ষা করিতে থাক।১০৩।

অঙ্গুষ্ঠমারভ্য সমীরণং নয়ন্ করন্ধ্রমার্গাদ্বহিরেত্য যোগবিৎ। করন্ধ্রমার্গেণ শনৈঃ প্রবিষ্টবান্ মৃতস্য যাবচ্চরণাগ্রমেকধীঃ ॥ ১০৫ ॥

গাত্রং গতাসোর্বসুধাধিপস্য শনৈঃ সমাস্পন্দত হৃৎপ্রদেশে। ততোদমীলন্নয়নং ক্রমেণ ততোদতিষ্ঠৎ স যথা পুরৈব ॥ ১০৬ ॥

ইত্যেবং শিষ্যবর্গমনুশাস্য গুহায়াং ত্যক্তদেহ উরুযোগবল আতিবাহিকেন জ্ঞানেন্দ্রিয়কর্ম্মেন্দ্রিয়প্রাণমনোবুদ্ধিরূপেণ লিঙ্গশরীরেণ যুতো যমিনাং প্রবরঃ শ্রীশঙ্করোহমরকাভিধস্য ক্ষিতিপস্য কায়মবিশৎ ॥ ১০৪ ॥

কথং বিসৃষ্টদেহস্তচ্ছরীরং প্রবিষ্টবানিত্যপেক্ষায়াং তৎপ্রকারং দর্শয়তি। স্বশরীরস্যাঙ্গুষ্ঠমারভ্য দশমদ্বারপর্য্যন্তং প্রাণবায়ুং নয়ন্ সন্ শিরোরন্ধ্রমার্গাদ্বহিরাগত্য মৃতস্য রাজদেহস্য চরণাগ্রপর্য্যন্তং করন্ধ্রমার্গেণ শনৈঃ প্রবিষ্টবান্ এবং সত্যপ্যেকবুদ্ধিরেব ॥ উ০ ॥ ১০৫ ॥

এইরূপে শিষ্যবর্গদিগকে অনুশাসন করিয়া পর্ব্বতগুহায় দেহ পরিত্যাগ করিলেন, এবং অসীম যোগবলে আতিবাহিক অর্থাৎ জ্ঞানেন্দ্রিয়, কর্ম্মেন্দ্রিয়, প্রাণ মন ও বুদ্ধিরূপ লিঙ্গশরীর সংযুক্ত হইয়া যতিবর শঙ্কর অমরক ভূপতির শরীরে প্রবেশ করিলেন। ১০৪।

প্রথমে আপনার শরীরের অঙ্গুষ্ঠ হইতে আরম্ভ করিয়া, দশমদ্বার পর্য্যন্ত প্রাণবায়ুর সঞ্চালনপূর্ব্বক মস্তকের রন্ধ্র পথ হইতে বাহিরে আসিয়া মৃত রাজদেহের মস্তকের রন্ধ্র পথ দিয়া চরণাগ্র পর্য্যন্ত ক্রমে ক্রমে প্রবেশ করেন। যখন তিনি এইরূপ গভীর কার্য্যে ব্রতী ছিলেন তখনও তিনি একাগ্রচিত্ত। ১০৫।

আদৌ তদঙ্গমুদয়ন্মুখকান্তি পশ্চান্নাসান্তনির্যদনিলং শনকৈঃ পরস্তাৎ। উন্মীলদঙ্ঘ্রিচলনং তদনূদ্যদক্ষি ব্যাকোচমুত্থিতমুপাত্তবলং ক্রমেণ ॥১০৭

তং প্রাপ্তজীবমুপলভ্য পতিং প্রভূতহর্ষস্বনাঃ প্রমুদিতাননপঙ্কজাস্তাঃ। নার্য্যো বিরেজুররুণোদয়সম্প্রফুল্লপদ্মাঃ সসারসরবা ইব বারিজিন্যঃ॥১০৮॥

ততঃ কিং বৃত্তমিত্যপেক্ষায়ামাহ। মৃতকস্য ভূমিপতের্গাত্রং হৃৎপ্রদেশে শনৈঃ সমাস্পন্দত সম্যক্ প্রচলিতম্। তথা হস্তাদিচলনক্রমেণ নয়নমুদমীলয়ৎ। তথা স রাজা যথাপূর্ব্বমেবোদতিষ্ঠৎ ॥ ১০৬ ॥

ক্রমেণেত্যুক্তং তত্র কেন ক্রমেণেত্যাকাঙ্ক্ষায়াং ক্রমং নিরূপয়তি। আদৌ তস্যাঙ্গং গাত্রমুদয়ন্তী মুখকান্তির্যস্মিন্ তথাভূতং পশ্চান্নাসান্তনির্গচ্ছন্ প্রাণবায়ুর্যস্মিন্ শনকৈঃ পশ্চাদুন্মীলচ্চরণযোশ্চলনং যস্মিন্ ততঃ পশ্চাদুদ্যন্নেত্রয়োর্ব্যাকোচঃ সঙ্কোচবিনিমোকো যস্মিন্নিত্যেবং ক্রমেণোপাত্তবলং সমুত্থিতম্ ॥ ব০ ॥ ॥ ১০৭ ॥

তং প্রাপ্তজীবং পতিমুপলভ্য প্রভূতো হর্ষযুক্তঃ শব্দো যাসাং প্রমুদিতানি মুখকমলানি যাসাং তা নার্য্যো বিরেজুঃ। তত্র

মৃত রাজার গাত্রে প্রথমে হৃদয়দেশ ধীরে ধীরে কম্পিত হইল। অনন্তর করচরণাদি কম্পিত হইলে নয়ন উন্মীলিত হইল, এবং রাজা অবিলম্বে পূর্ব্বমত উঠিয়া বসিলেন। ১০৬।

অগ্রে দেহের অবয়বসমষ্টির মধ্যে মুখশ্রী লক্ষিত হইল। পশ্চাৎ নাসারন্ধ্রের মধ্য দিয়া প্রাণবায়ু ধীরে ধীরে বহিতে লাগিল। ধীরে ধীরে চরণযুগল কম্পিত হইলে নেত্রদ্বয়ের সঙ্কুচিত ভাব নষ্ট হইল। এই রূপে ক্রমে ক্রমে বলাধান হইলে নরপতি ধরাশয্যা পরিত্যাগ পূর্ব্বক স্পষ্টরূপে উত্থিত হইলেন। ১০৭।

অরুণোদয় হইবার পর প্রফুল্লকমলযুক্ত এবং

হর্ষং তাসামুদিতমতুলং বীক্ষ্য বামেক্ষণানামাত্তপ্রাণং নৃপমপি মহামাত্যমুখ্যাঃ প্রহৃষ্টাঃ। দধ্মুঃ শঙ্খান্ পণবপটহান্ দুন্দুভীংশ্চাভিজঘ্নুস্তেষাং ঘোষঃ সপদি বধিরীচক্রিরে দ্যাং ভুবঞ্চ ॥ ১০৯ ॥

ইতি শ্রীমাধবীয়ে তৎসার্ব্বজ্ঞোপায়গোচরঃ।
সঙ্ক্ষেপশঙ্করজয়ে সর্গোঽয়ং নবমোঽভবৎ ॥

দৃষ্টান্তঃ অরুণোদয়েন সম্প্রফুল্লানি কমলানি যাসু তাঃ সারসানাং শব্দেন সহিতাঃ পুষ্করিণ্য ইব ॥ ১০৮ ॥

তাসাং বামেক্ষণানামুদিতং হর্ষং বীক্ষ্য নৃপতিমপি আত্তপ্রাণং বীক্ষ্য মহামাত্যপ্রমুখ্যাঃ প্রহৃষ্টাঃ সন্তঃ শঙ্খান্ পূরিতবন্তঃ পণবাদীন্ বাদ্যবিশেষাংশ্চাভিজঘ্নুস্তেষাং শঙ্খাদীনাং শব্দঃ দ্যাং ভূমিং চ বধিরীচক্রিরে মন্দাক্রান্তা ॥ ১০৯ ॥

ইতি শ্রীমৎ পরমহংসপরিব্রাজকাচার্য্যবালগোপালতীর্থ-
শ্রীপাদশিষ্যদত্তবংশাবতংসরামকুমারসূনুধনপতিকৃতে
শ্রীশঙ্করাচার্য্যবিজয়ডিণ্ডিমে নবমঃ সর্গঃ ॥ ৯ ॥

সারস পক্ষীর কলরবে পরিপূর্ণ পুষ্করিণী সকল যদ্রূপ শোভা প্রাপ্ত হইয়া থাকে, তদ্রূপ রাজমহিষী সকল পতিকে জীবিত দেখিতে পাইয়া, আনন্দে শব্দ করিতে লাগিল এবং মুখ সকল প্রফুল্ল কমল কুসুমের তুল্য শোভা পাইতে লাগিল। ১০৮।

তৎকালে বামনয়না কামিনীগণের অতুল্য হর্ষ দেখিয়া এবং নরপতি পুনরুজ্জীবিত হইয়াছেন দর্শন করিয়া প্রধান প্রধান অমাত্যগণ যথেষ্ট হৃষ্টচিত্ত হইল। অনন্তর আনন্দে শঙ্খ, পণব, ঢক্কা ও দুন্দুভি প্রভৃতি বাদ্যরবদ্বারা মন্ত্রিগণ তৎক্ষণাৎ স্বর্গ ও মর্ত্ত্যলোক এককালে বধির করিয়া ফেলিল। ১০৯।

ইতি মাধবীয় সংক্ষেপ শঙ্কর জয়ে নবম সর্গ।

অথ দশমঃ সর্গঃ।

অথ পুরোহিতমন্ত্রিপুরঃসরৈর্নরপতিঃ কৃতশান্তিককর্ম্মভিঃ। বিহিতমাঙ্গলিকঃ স যথোচিতং নগরমাস্থিতভদ্রগজো যযৌ ॥ ১ ॥

সমধিগম্য পুরে পরিসান্ত্বিতপ্রিয়জনঃ সচিবৈঃ সহ সম্মতৈঃ। ভুবমপালয়দাদৃতশাসনো নৃপতিভির্দ্দিবমিন্দ্র ইবাধিরাট্ ॥ ২ ॥

ইতি নৃপত্বমুপেত্য বসুন্ধরামবতি সংযমিভূভৃতি মন্ত্রিণঃ। তমধিকৃত্য পরং কৃতসংশয়া ইতি জজল্পুরনল্পধিয়ো মিথঃ ॥ ৩ ॥

মৃতিমুপেত্য যথা পুনরুত্থিতঃ প্রকৃতিভাগ্যবশেন তথা স্বয়ম্। নরপতিঃ প্রতিভাতি ন পূর্ব্ববৎসমুদিতাখিলদিব্যগুণোদয়ঃ ॥ ৪ ॥

এবং সার্ব্বজ্ঞোপায়ং সপ্রপঞ্চং নিরূপ্য কামকলাতত্ত্বং সপরিকরং প্রপঞ্চয়িতুমারভতে। অথানন্তরং কৃতশান্তিককর্ম্মভিঃ পুরোহিতাদিভির্যথোচিতং বিহিতমাঙ্গলিকঃ আস্থিতো মঙ্গলগজো যেন স নরপতিঃ নগরং যযৌ দ্রুতবিলম্বিতম্ ॥ ১ ॥

পুরং সমধিগম্য পরিসান্ত্বিতঃ প্রিয়জনো যেন নৃপতিভিরাদৃতং শাসনং যস্য সঃ অধিরাট্ সম্মতৈঃ সচিবৈঃ সহ দিবমিন্দ্র ইব ভুবমপালয়ৎ ॥ ২ ॥

ইত্যেবং নৃপত্বং প্রাপ্য যতিরাজে শ্রীশঙ্করে ভূমিমবতি সতি তং পরমধিকৃত্য তস্মিন্ পরস্মিন্ননল্পবুদ্ধয়ো মন্ত্রিণঃ কৃতসংশয়াঃ সন্তঃ পরস্পরমূচুঃ ॥ ৩ ॥

জল্পনমেবোদাহরতি। মৃতিমুপেত্য প্রজাভাগ্যবশেন যথা পুনরুত্থিতস্তথৈব প্রকৃতিভাগ্যবশেনৈবায়ং ন পূর্ব্ববৎ প্রতিভাতি কিন্তু সমুদিতানামখিলানাং দিব্যগুণানামুদয়ো যস্মিংস্তথাভূতঃ প্রতিভাতীত্যর্থঃ ॥ ৪ ॥

দশম সর্গ।

আচার্য্য যে সর্ব্বজ্ঞ ও সর্ব্বশক্তিমান্ ছিলেন তাহা পূর্ব্ব পরিচ্ছেদে বর্ণিত হইয়াছে, এক্ষণে কামকলা তত্ত্ব সবিস্তরে নিরূপণ করিবার নিমিত্ত পুনর্ব্বার উপক্রম করা হইতেছে। অনন্তর পুরোহিতগণ শান্তি কর্ম্ম করিয়া নরপতির যথোচিত মাঙ্গলিক কার্য্য করিবার পর—মঙ্গলসজ্জায় সজ্জিত কোন এক হস্তীর উপর আরোহণ করিয়া শীঘ্র তিনি আপনার রাজধানী গমন করিলেন। ১।

রাজধানীতে গমন করিয়া আত্মীয় কুটুম্বদিগকে সান্ত্বনা করিতে লাগিলেন। সকলেই নৃপতির শাসন কার্য্যে সমাদর করিতে লাগিল। পরে ইন্দ্র যেরূপ স্বর্গ পালন করিয়া থাকেন তদ্রূপ মাননীয় অমাত্যবর্গের সহিত অধিপতি ভূপতি পুনরায় পৃথিবী পালন করিতে লাগিলেন। ২।

এই রূপে যতিরাজ শঙ্কর নৃপত্বপদ প্রাপ্ত হইয়া, পৃথিবী পালন করিবার পর মহাবুদ্ধিমান্ অমাত্যগণ প্রধান রাজার অধিকারে বাস করিয়া সংশয়ান্বিত চিত্তে পরস্পর কথোপকথন করিতে লাগিল। ৩।

যিনি মৃত্যুগ্রাসে পতিত হইয়াও প্রজাবর্গের ভাগ্যবশতঃ যেমন পুনর্ব্বার উত্থিত হইয়াছেন

বসু দদাতি যযাতিবদর্থিনে বদতি গীষ্পতিবদ্-
গিরমর্থবিৎ। জয়তি ফাল্গুনবৎ প্রতিপার্থিবান্
সকলমপ্যবগচ্ছতি শর্ব্ববৎ ॥ ৫ ॥

অনুসবনবিসৃত্বরৈরপূর্ব্বৈর্ব্বিতরণপৌরুষশৌর্য্য-
ধৈর্য্যপূর্ব্বৈঃ। অনিতরসুলভৈর্গুণৈর্ব্বিভাতি ক্ষিতি-
পতিরেষ পরঃ পুমানিবাদ্যঃ ॥ ৬ ॥

গুণানেবোপবর্ণয়তি। অর্থিনে যযাতিবদ্ধনং দদাতি। তথা-
ঽয়মর্থবিৎ বাচস্পতিবদ্গিরং বদতি। প্রতিরাজ্ঞোঽর্জ্জুনবজ্জয়তি।
সর্ব্বমপি মহাদেববজ্জানাতি ॥ ৫ ॥

অনুসবনং সর্ব্বদা বিসরণশীলৈরপূর্ব্বৈঃ দাতৃত্বাদিভির্নান্যস্মিন্
সুলভৈর্গুণৈরেষ ভূমিপতিরাদ্যঃ পরঃ পুমান্ পরমাত্মেব বি-
ভাতি। পুষ্পিতাগ্রাবৃত্তম্ ॥ ৬ ॥

সত্য, কিন্তু তদ্রূপ প্রজাপুঞ্জের শুভাদৃষ্ট বশতঃ
পূর্ব্বমত শোভা পাইতেছেন না কেন? অথচ
নিখিল স্বর্গীয় গুণসমষ্টি বিরাজিত হওয়াতে অপূর্ব্ব
শোভা ধারণ করিয়াছেন। ৪।

যযাতি রাজা যেরূপ যাচকদিগকে ধন দান
করিতেন, ইনিও তদ্রূপ ধন দান করিতেছেন।
বৃহস্পতি যেরূপ অর্থপূর্ণ বাক্য সর্ব্বদা ব্যবহার
করিতেন, ইনিও তদ্রূপ অর্থবিশিষ্ট বাক্য
বলিতেছেন। অর্জ্জুন যেরূপ বিপক্ষ নৃপতিদিগকে
জয় করিতেন, তদ্রূপ ইনিও বিপক্ষ ভূপতি সকল
জয় করিতেছেন। মহাদেব যেরূপ সর্ব্বজ্ঞ বলিয়া
বিখ্যাত, ইনিও তদ্রূপ সর্ব্বজ্ঞতাশক্তি লাভ করি-
য়াছেন। ৫।

আদি পরম পুরুষ যদ্রূপ সর্ব্বগুণালঙ্কৃত, তদ্রূপ
এই ক্ষিতিপতি প্রত্যেক যজ্ঞে অনন্য সাধারণ
বিতরণ, পৌরুষ, শৌর্য্য ও ধৈর্য্য প্রভৃতি অপূর্ব্ব

অনৃতুষু তরবঃ সুপুষ্পিতাগ্রা বহুতরদুগ্ধদুঘাশ্চ
গোমহিষ্যঃ। ক্ষিতিরভিমতবৃষ্টিরাঢ্যশস্যা স্ববি-
হিতধর্ম্মরতাঃ প্রজাশ্চ সর্ব্বাঃ ॥ ৭ ॥

কালস্ত্রিষ্যঃ সর্ব্বদোষাকরোঽপি ত্রেতামত্যে-
ত্যদ্য রাজ্ঞঃ প্রভাবাৎ। তস্মাদস্মদ্রাজবর্ষ্ম প্রবিশ্য
প্রাপ্তৈশ্বর্য্যঃ শাস্তি কশ্চিদ্ধরিত্রীম্ ॥ ৮ ॥

তদয়ং গুণবারিধির্যথা প্রতিপদ্যেত ন পূর্ব্বকং

কিঞ্চ বৃক্ষা অনৃতুষু পুষ্পিতাগ্রাঃ গোমহিষ্যশ্চ বহুতরদুগ্ধ-
দুঘাঃ ক্ষিতিশ্চাভিমতা বৃষ্টির্যস্যাং সা আঢ্যসস্যা প্রজাশ্চ সর্ব্বাঃ
স্ববিহিতধর্ম্মরতাঃ ॥ ৭ ॥

কিং বহুনা অদ্য রাজ্ঞঃপ্রভাবাৎ সর্ব্বদোষাকরোঽপি কলি-
কালস্ত্রেতামতিক্রামতি তত উৎকৃষ্টো ভবতি। তস্মাৎ প্রাপ্তৈশ্বর্য্যঃ
কশ্চিদস্মদ্রাজ্ঞঃ শরীরং প্রবিশ্য পৃথিবীং শাস্তি শালি০ ॥ ৮ ॥

বিস্তৃত গুণে বিভূষিত হইয়া বিরাজমান থাকি-
তেন। ৬।

যে সময়ে যেরূপ ফলপুষ্প হওয়া আবশ্যক,
তরু সকল অসময়ে তদ্রূপ পুষ্পিত ও ফলিত
হইয়াছে। গো ও মহিষ সকল প্রচুর দুগ্ধ দান করি-
তেছে। পৃথিবীতলে অভিমত বৃষ্টি হইতেছে এবং
প্রচুর শস্য জন্মিতেছে। প্রজা সকল আপন আপন
বিহিত ধর্ম্মে একান্ত রত রহিয়াছে। ৭।

অধিক কি বলিব অদ্য মহারাজের প্রভাবে স-
মগ্র দোষের আধার স্বরূপ এই কলিকাল ত্রেতাযুগ
অতিক্রম করিয়া তদপেক্ষাও উৎকৃষ্ট হইয়াছে।
তাহারই প্রতাপে কোন ঐশ্বর্য্য সম্পন্ন লোক
আমাদের রাজশরীরে প্রবেশ পূর্ব্বক ধরণী শাসন
করিতেছেন। ৮।

বপুঃ। করবাম তথেতি নিশ্চয়ং কৃতবন্তঃ সচিবাঃ পরস্পরম্ ॥ ৯ ॥

অথ তে ভুবি যস্য কস্যচিদ্বিগতাসোর্ব্বপুরস্তি দেহিনঃ। অবিচার্য্য তদাশু দহ্যতামিতি ভৃত্যান্ রহসি ন্যযোজয়ন্ ॥ ১০ ॥

অথ রাজ্যধুরং ধরাধিপঃ পরমাপ্তেষু নিবেশ্য মন্ত্রিষু। বুভুজে বিষয়ান্ বিলাসিনীসচিবোঽন্য-ক্ষিতিপালদুর্লভান্ ॥ ১১ ॥

তত্তস্মাদয়ং গুণসমুদ্রো যথাপূর্ব্বং শরীরং ন প্রাপ্নুয়াত্তথা করবামেত্যেবং সচিবাঃ পরস্পরং নিশ্চয়ং কৃতবন্তঃ বিয়োগিনী ॥ ৯ ॥

অথৈবং নিশ্চয়করণানন্তরং যস্য কস্যচিন্মৃতকস্য দেহিনঃ শরীরং ভূমাবস্তি তদবিচার্য্যাশু দহ্যতামিত্যেব ভৃত্যানেকান্তে ন্যযোজয়ন্ ॥ ১০ ॥

এবং মন্ত্রিণাং জল্পনাদি নিরূপ্য রাজ্ঞশ্চরিতং বর্ণয়িতুমুপক্রমতে। অথ রাজদেহপ্রবেশাদানন্তরং ভূমিপঃ পরমাপ্তেষু মন্ত্রিষু রাজ্যভারং নিবেশ্য বিলাসিনীসহায়োঽন্যভূমিপালানাং দুর্লভান্ বিষয়ান্ বুভুজে ॥ ১১ ॥

অনন্তর অমাত্যবর্গ পরস্পর নিশ্চয় করিল, এই গুণসিন্ধু ভূপতি যেরূপে আর না পূর্ব্ব শরীর প্রাপ্ত হন, আইস আমরা সেই বিষয়ে যত্নবান্ হই। ৯।

এইরূপে নিশ্চয় করিয়া ভৃত্যদিগকে গোপনে আদেশ করিলেন যে, যদি তোমরা কোন মৃত ব্যক্তির ভূতলে দেহ দেখিতে পাও, তবে তোমরা অবিলম্বে সেই দেহ দগ্ধ করিবে। ১০।

পরে নরপতি ঐ রাজদেহে প্রবেশ করিবার পর অত্যন্ত বিশ্বস্ত অমাত্য বর্গের উপর রাজ্যভার সংস্থাপন করিয়া বিলাসিনী কামিনী গণের সহিত

স্ফটিকফলকে জ্যোৎস্নাশুভ্রে মনোজ্ঞশিরোগৃহে বরযুবতিভির্দীব্যন্নক্ষৈর্দুরোদরকেলিষু। অধরদশনং বাহ্বাবাহং মহোৎপলতাড়নং রতিবিনিময়ং রাজাঽকার্ষীদ্ গ্রহং বিজয়ে মিথঃ ॥ ১২ ॥

অধরজসুধাশ্লেষাদ্রুচ্যং সুগন্ধিমুখানিলব্যতিকর-বশাৎ কান্তা করাত্তমতিপ্রিয়ম্। মধুমদকরং পায়ং পায়ং প্রিয়াঃ সমপায়য়ৎ কনকচষকৈরিন্দুচ্ছায়া-পরিষ্কৃতমাদরাৎ ॥ ১৩ ॥

জ্যোৎস্নাবচ্ছুভ্রে স্ফটিকফলকে মনোজ্ঞানি শিরোগৃহাণি উপবর্হণানি যস্মিন্ তস্মিন্ দুরোদরকেলিষু দ্যূতকারক্রীড়াসু অক্ষৈর্দীব্যন্ সন্ রাজা মিথো জয়ে অধরদশনং বাহ্বাবাহং ভুজেনোদ্বহনং মহোৎপলেন তাড়নং রতিবিপর্য্যয়ং গ্রহং পণমকার্ষীৎ। হরিণীবৃত্তং রসযুগহয়ৈঃ ন্সৌম্রৌস্লৌগোপদা হরিণী তদেতি লক্ষণাৎ ॥ ১২ ॥

অধরাজ্জাতায়াঃ সুধায়াঃ শ্লেষাদ্রুচ্যং সুগন্ধিমুখানিলব্যতিকর-বশাৎ সুগন্ধিকান্তানাং করেভ্যঃ প্রাপ্তমত এবাতিপ্রিয়ং মদকর-

---

(অন্যান্য ভূপতিগণ যে সমস্ত বৈষয়িক সুখভোগ করিতে পারে না) সেই সমস্ত দুর্লভ উপভোগ্য বিষয় সকল ভোগ করিতে লাগিলেন। ১১।

জ্যোৎস্নার তুল্য শুভ্রবর্ণ এবং মনোহর মস্তকের গৃহ (বালিস) পূর্ণ স্ফটিকময় বেদিভূমির উপরে পাশক্রীড়া করিয়া নরেশ্বর পাশক্রীড়ক দিগের সহিত প্রধান প্রধান যুবতি কামিনী দিগকে কিরূপে জয় করিব এই বিষয়ে অধর দশন, বাহুদ্বারা ঊর্দ্ধে উত্তোলন, প্রশস্ত পদ্মপুষ্প দ্বারা তাড়না এবং বিপরীত বিহার, এই সমস্ত বিষয় পণ করিলেন। ১২।

অধরসুধার স্পর্শে একান্ত মনোরম; মুখ মারু-

মধুমদকলং মন্দস্বিন্নং মনোহরভাষণং নিভৃত-পুলকং সীৎকারাঢ্যং সরোরুহসৌরভম্। দরমুকুলিতাক্ষীষল্লজ্জং বিস্তৃত্বরমন্মথং প্রচরদলকং কান্তা বক্ত্রং নিপীয় কৃতী নৃপঃ॥ ১৪॥

বিবৃতজঘনং সন্দষ্টোষ্ঠং প্রণুন্নপয়োধরং প্রসৃত-ভণিতং প্রাপ্তোৎসাহং রণন্মণিমেখলম্। নিভৃত-করণং নৃত্যদ্গাত্রং গতেতরভাবনং প্রসৃমরসুখং প্রাদুর্ভূতং কিমপ্যপদং গিরাম্॥ ১৫॥

মনসিজকলাতত্ত্বাভিজ্ঞো মনোজ্ঞবিচেষ্টিতঃ সকলবিষয়ব্যাবৃত্তাক্ষঃ সদানুসৃতোত্তমঃ। কৃতকুচ-

---

মিন্দুচ্ছায়য়া চন্দ্রপ্রতিবিম্বেন পরিষ্কৃতং মধুমদ্যং কামং যথেষ্টং পীত্বা পীত্বা প্রিয়াঃ সমপায়য়ৎ॥ ১৩॥

মধুমদেন কলমব্যক্তাক্ষরং মন্দস্বিন্নমীষৎস্বেদযুক্তং মনোহরং ভাষণং যস্মিন্ নিভৃতরোমাঞ্চং সীৎকারাঢ্যং কমলস্য সৌরভ-বৎ সৌরভং যস্য বিস্তৃত্বরঃ প্রসরণশীলো মন্মথো যত্র এবংবিধং কান্তামুখং নিপীয় নৃপঃ কৃতকৃত্যোঽভূৎ॥ ১৪॥

বিবৃতে আবরণরহিতে জঘনে যস্মিন্ সন্দষ্টৌঽধরোষ্ঠৌ যস্মিন্ প্রণুন্নৌ প্রকর্ষেণ পীড়িতৌ স্তনৌ যস্মিন্ প্রসৃতং ভণিতং রতিকূজিতং যস্মিন্ প্রাপ্ত উৎসাহো যস্মিন্ রণন্তী মণিমেখলা যস্মিন্ নিভৃতমাসাদিতং করণং ক্রিয়াভেদঃ সংবেশনং বা যস্মিন্ করণং হেতুকর্ম্মণোঃ। ক্রিয়াভেদেন্দ্রিয়ক্ষেত্রকায়সংবেশনেষু চেতি মেদিনী। নৃত্যন্তি গাত্রাণি যস্মিন্ গতা ইতরস্য ভাবনা যস্মাত্তথাভূতং বাচামগম্যং কিমপ্যতিশয়িতং সুখং প্রাদুর্ভূত-মিত্যর্থঃ॥ ১৫॥

তত্রাপি ব্রহ্মানন্দমেবান্বভূদিত্যাহ। মনসিজেতি শ্রদ্ধাপ্রীতী রতিশ্চৈব ধৃতিঃ কীর্ত্তির্মনোভবা। বিমলা মোদিনী ঘোরা মদনোৎপাদিনী মদা। মোহিনী দীপনী চৈব জ্ঞেয়া বশকরী তথা। রঞ্জনী চৈব মদনা কলাঃ স্যুঃ অঙ্গেষু সর্ব্বশঃ। দক্ষিণাঙ্গং সমাশ্রিত্য আশিরশ্চরণাবধি। পাদে গুল্‌ফে তথোরৌ চ ভগে নাভৌ কুচে হৃদি। কক্ষে কণ্ঠে তথোষ্ঠে চ গণ্ডে নেত্রে শ্রুতা-বপি। ললাটে চ শিরোদেশে বসেৎ কামস্তিথিক্রমাৎ। দক্ষে

তের সম্বন্ধ বশতঃ সুগন্ধ যুক্ত; কামিনীগণের কর-স্পর্শে অপেক্ষাকৃত রমণীয়; মত্ততার একমাত্র কারণ ও চন্দ্র প্রতিবিম্বে অত্যন্ত পরিষ্কৃত সুরা যথেষ্ট পরিমাণে পান করিয়া অবশেষে স্বর্ণময় পানপাত্র দ্বারা সমাদরের সহিত ভূপতি প্রেয়সী দিগকেও সুরা পান করাইলেন। ১৩।

মদ্যপানে ও মদন প্রাদুর্ভাবে যাহাতে অব্যক্ত ও অস্ফুট বাক্য উচ্চারিত, যাহাতে ঈষৎ ঘর্ম্মবিন্দু বিরাজমান; যাহাতে মনোহর বচন শোভা পাইয়া থাকে; যাহাতে অল্প অল্প রোমাঞ্চের চিহ্ন লক্ষিত; যাহাতে সীৎকার ধ্বনি সর্ব্বদা প্রকাশমান; কমল কুসুমের তুল্য যাহার সৌরভ; মদন যাহাতে আধিপত্য করিয়া থাকে; কামিনী গণের এরূপ অপূর্ব্ব মুখ পান করিয়া মহারাজ কৃতকৃতার্থ হইলেন। ১৪।

যাহাতে জঘন যুগল আবরণ শূন্য; যাহাতে অধর দংশন স্পষ্ট লক্ষিত; যাহাতে স্তন দ্বয় অত্যন্ত পীড়িত; যাহাতে রতিধ্বনি বিস্তারিত, যাহাতে সর্ব্বদাই উৎসাহ উপস্থিত; যাহাতে মণিময় চন্দ্রহার নিয়ত শব্দ করিয়া থাকে; যাহাতে নানাবিধ ক্রিয়া অথবা শয়নের পরিপাটী লক্ষিত; যাহাতে অঙ্গ প্রত্যঙ্গ সকল সর্ব্বদা নৃত্য করিতে থাকে; যাহার নিকটে আর অন্য কোন ভাবনা থাকে না; তৎকালে বাক্যের অগোচর এরূপ এক অনির্ব্বচনীয় সুখ ভূপতির উদ্ভূত হইল। ১৫।

শ্রদ্ধা, প্রীতি, রতি, ধৃতি, কীর্ত্তি, মনোভবা বিমলা, মোদিনী, ঘোরা, মদনোৎপাদিনী, মদা, মোহিনী, দীপনী, বশকরী, রঞ্জনী ও মদনা এই

গুরূপাস্ত্যাত্যন্তং সুনির্ব্বৃতমানসো নিধুবনবরব্রহ্মানন্দং নিরর্গলমন্বভূৎ ॥ ১৬ ॥

পুরেব ভোগান্ বুভুজে মহীভৃৎ স ভোগিনীভিঃ সহিতোঽপ্যরংস্ত। কন্দর্পশাস্ত্রানুগতঃ প্রবীণৈর্ব্বাৎস্যায়নে তচ্চ নিরৈক্ষতাদ্ধা ॥ ১৭ ॥

পুংসঃ স্ত্রিয়া বামে শুক্লে কৃষ্ণে বিপর্য্যয়ঃ। ইত্যুক্তপ্রকারেণ মনসিজস্য কামস্য কলাস্বভিজ্ঞো মনোজ্ঞং বিচেষ্টিতং যস্য সকলবিষয়েষু ব্যাপারযুক্তানীন্দ্রিয়াণি যস্য সদাঽনুস্মৃতাঃ প্রমদোত্তমা যেন কৃতা যা কুচলক্ষণগুরূপাসনা তয়াঽত্যন্তং সুনির্ব্বৃতমন্তঃকরণং যস্য স নিরর্গলং নিরাবাধং নিধুবনং মৈথুনং মৈথুনং নিধুবনং রতমিত্যমরঃ। তত্র বরো যঃ ব্রহ্মানন্দস্তমন্বভূতবান্ হরিণী ॥ ১৬ ॥

সমস্ত কামকলা স্ত্রীলোকের সকল অঙ্গে অবস্থিতি করে। দক্ষিণ অঙ্গ আশ্রয় করিয়া মস্তক হইতে চরণ পর্য্যন্ত, তন্মধ্যে চরণে গুল্ফদেশে, (গুড়মুড়ো) উরু, ভগ, নাভি, স্তন, হৃদয়, কক্ষপ্রদেশ, কণ্ঠ, ওষ্ঠ, গণ্ড, নেত্র, কর্ণ, ললাট ও মস্তকদেশে তিথির ক্রমানুসারে কাম বসতি করিয়া থাকে। শুক্লপক্ষে পুরুষের দক্ষিণ ভাগে এবং রমণীর বামভাগে কাম অবস্থিতি করে। কৃষ্ণপক্ষে পুরুষের বামভাগে এবং রমণীরও বাম ভাগে কাম অবস্থিতি করে। শাস্ত্রোক্ত এই সকল নিয়মে ভূপতি কাম কলা বিষয়ে অভিজ্ঞ হইলেন; মনোহর চেষ্টা হইল; সমস্ত বিষয়কার্য্যে ইন্দ্রিয় সকল স্ব স্ব ব্যাপারে নিযুক্ত হইল; সুন্দরী প্রমদা দিগকে বশীভূত করিলেন; স্তনরূপ গুরুদেবের উপাসনা করিয়া অন্তঃকরণ অত্যন্ত নির্ম্মল হইল; ফলতঃ এইরূপে তিনি অনর্গল সুরত প্রধান ব্রহ্মানন্দ অনুভব করিতে লাগিলেন। ১৬।

বাৎস্যায়নপ্রোদিতসূত্রজাতং তদীয়ভাষ্যঞ্চ নিরীক্ষ্য সম্যক্। স্বয়ং ব্যধত্তাভিনবার্থগর্ভং নিবন্ধমেকং নৃপবেষধারী ॥ ১৮ ॥

স মহীভৃৎ পুরেব ভোগিনীভিঃ প্রমদাভিঃ সহিতো ভোগান্ বুভুজে। বাৎস্যায়নে প্রবীণৈঃ সহিতশ্চ কামশাস্ত্রানুগতোঽরংস্ত তচ্চ কন্দর্পশাস্ত্রং স্বয়ং সাক্ষাদ্ দৃষ্টবান্ ॥ উ০ ॥ ১৭ ॥

তদ্দৃষ্ট্বা নিবন্ধমেকং চকারেত্যাহ। বাৎস্যায়নেন প্রোদিতং ত্রিবর্গপ্রতিপত্তিঃ বিদ্যাসমুদ্দেশঃ নাগরিকং বৃত্তং নায়কসহায়দূতিকর্ম্মবিমর্শঃ প্রমাণকালভাবেভ্যোরত্যবস্থাপনং প্রীতিবিশেষাঃ আলিঙ্গনবিচারাঃ চুম্বনবিকল্পাঃ নখরদশনজাতয়ঃ দশনচ্ছেদ্যবিধয়ঃ দেশ্যা উপচারাঃ সংবেশনপ্রকারাঃ চিত্ররতানি প্রহরণযোগাঃ তদ্যুক্তাশ্চ সীৎকৃতোপক্রমাঃ পুরুষায়িতং পুরুষোপসৃপ্তানি ঔপরিষ্টকং রতারম্ভাবসানিকং রতবিশেষাঃ প্রণয়কলহ ইত্যাদি সমাসব্যাসাত্মকং সূত্রজাতং তদীয়ং ভাষ্যং চ সম্যক্ নিরীক্ষ্যাভিনবার্থগর্ভমেকং নিবন্ধমমরকাখ্যনৃপবেশধারী ব্যধত্তেত্যর্থঃ ॥ ১৮ ॥

মহীপতি পূর্ব্বমত ভোগ বিলাসিনী কামিনী গণের সহিত উপভোগ্য বস্তু সকল ভোগ করিতে লাগিলেন। বাৎস্যায়ন শাস্ত্রে (কামশাস্ত্রে) যাঁহারা প্রবীণ তাঁহাদের সহিত কামশাস্ত্রের অনুশীলনে অত্যন্ত রত হইলেন। পরে ঐ কামশাস্ত্র স্বয়ং যথার্থরূপে পরিদর্শন করিলেন। ১৭।

অনন্তর ধর্ম্ম, অর্থ ও কাম এই ত্রিবর্গ লাভ; বিদ্যার সমুদ্দেশ; নাগরিক ব্যক্তিদিগের চেষ্টা চরিত্র; নায়কদিগের সহায় স্বরূপ দূতিগণের সহিত কার্য্য পরামর্শ; প্রমাণ, সময় ও পদার্থ বিশেষ হইতে রতির অবস্থাপন; বিশেষ প্রীতি সকল; আলিঙ্গনের বিচার; কিরূপে চুম্বন করিতে হয় তাহার প্রণালী; নখজাতি ও দন্তজাতি কি প্রকার; দশন দ্বারা কি কি বিষয়ের ছেদন করিতে হয়; দেশীয়

পারাশর্য্যবনিভৃতি প্রবিশ্য রাজ্ঞো বর্ষ্মৈবং বিহরতি তদ্‌বিলাসিনীভিঃ। দৃষ্ট্বা তৎসময়মতীতমস্য শিষ্যা রক্ষন্তো বপুরিতরেতরং জজল্পুঃ ॥ ১৯ ॥

এবং রাজদেহপ্রবেশানন্তরং কৃতং তদীয়ং চরিতং নিরূপ্য তচ্ছিষ্যচরিতং বর্ণয়িতুমুপক্রমতে। পরাশরেণ প্রোক্তং ভিক্ষুসূত্রমধীত ইতি পারাশরী যতিঃ পারাশর্য্যাপি মস্করীত্যমরঃ। তেষামেবনিভৃতি রাজ্ঞি শ্রীশঙ্করে রাজ্ঞঃ শরীরং প্রবিশ্যৈবং তদ্বিলাসিনীভির্ব্বিহরতি সতি তস্যাগমনকালং তৎসঙ্কেতং মাসমাত্রং বা ব্যতিক্রান্তং দৃষ্ট্বা অস্য শিষ্যাঃ শরীরং রক্ষন্তঃ পরস্পরং জজল্পুঃ প্রহর্ষণী ॥ ১৯ ॥

উপচার; কত প্রকার শয়ন আছে তাহার রীতি; বিচিত্র বিচিত্র সুরত কার্য্য; কিরূপে সুরতকালে কামিনী দিগকে প্রহার করিতে হয় তাহার অনুষ্ঠান; প্রহারযুক্ত রমণীগণের শীৎকারাদির উপক্রম; পুরুষভাব ধারণ; কখন বা পুরুষের অনুসরণ করিবার প্রণালী; উপরি উল্লিখিত সুরতারম্ভের কিরূপে অবসান করিতে হয় তাহার রীতি; বিশেষ বিশেষ রতি ও প্রণয় কলহ ইত্যাদি বাৎস্যায়নপ্রণীত সমষ্টি ও ব্যষ্টি ক্রমে কামশাস্ত্রের সূত্র সকল এবং সূত্র ভাষ্য সকল সম্যক্‌রূপে নিরীক্ষণ করিয়া অমরক রাজবেশ ধারী শঙ্কর, অভিনব অর্থ পূর্ণ এক নিবন্ধ নির্ম্মাণ করিলেন। ১৮।

যতিরাজ শঙ্করাচার্য্য রাজশরীরে প্রবেশ করিয়া এইরূপে বিলাসিনী রমণী গণের সহিত বিহার করিবার পর তাঁহার আগমন কাল ও তাঁহার প্রতিজ্ঞা অতীত দেখিয়া আচার্য্যের শরীর রক্ষক শিষ্য সকল পরস্পর কথোপকথন করিতে লাগিল। ১৯।

আচার্য্যৈরবধিরকারি মাসমাত্রং সোঽতীতঃ পুনরপি পঞ্চষাশ্চ ঘস্রাঃ। অদ্যাপি স্বকরণমেত্য নঃ সনাথান্ কর্ত্তুং তন্মনসি ন জায়তেঽনুকম্পা ॥ ২০ ॥

কিং কুর্ম্মঃ কনু মৃগয়ামহে ক যামঃ কো জানন্নিহ বসতীতি নোঽভিদধ্যাৎ। বিজ্ঞাতুং কথমিমমীশ্মহে বিচিন্ত্যাপ্যাসিন্ধু ক্ষিতিতলমন্যগাত্রগূঢ়ং ॥ ২১

তজ্জল্পনমুদাহরতি। আচার্য্যৈর্ম্মাসমাত্রমবধিঃ কৃতঃ সোঽতীতঃ। পুনরপি পঞ্চ ষড়্ বা দিনানি ব্যতীতানি অদ্যাপি স্বশরীরং প্রবিশ্যাস্মান্ সনাথান্ কর্ত্তুং তস্য মনসি করুণা ন জায়তে ॥ ২০ ॥

তস্মাৎ কিং কুর্ম্মঃ ক গচ্ছামঃ ন তু কচিৎ গত্বা কশ্চন প্রষ্টব্য ইত্যাশঙ্ক্যাহুঃ জানন্ সন্ ইহ বসতীতি নঃ অস্মভ্যং কঃ অভিদধ্যাৎ, নন্থ সমুদ্রপর্য্যন্তং ক্ষিতিতলমন্বিষ্য স্বয়মেব বিজ্ঞেয় ইতি তত্রাহুঃ। আসিন্ধু ভূমিতলং বিচিন্ত্যান্বিষ্যাপীমং গুরুং বিজ্ঞাতুং কিং সমর্থা ভবামো যতোঽন্যশরীরে গূঢ়ম্ ॥ ২১ ॥

আচার্য্য একমাস মাত্র সময় নিরূপণ করিয়া ছিলেন তাহাও ত এক্ষণে অতীত হইয়াছে। তাহাভিন্ন আরও পাঁচ ছয় দিবস গত হইল, তথাপি তিনি আপনার শরীরে প্রবেশ করিয়া আমাদিগকে সসহায় করিবার নিমিত্ত অদ্যাপি তাঁহার হৃদয়ে কোন অনুকম্পা হইল না। ২০।

অতএব এক্ষণে আমরা কোথায় যাই? কি করি? কোথায় অন্বেষণ করিব? কেবা এইস্থানে জানিয়া বাস করিয়া আছেন, যিনি আমাদিগকে তাঁহার বিষয় বলিয়া দিবেন? সমুদ্র পর্য্যন্ত সমস্ত ভূমণ্ডল অন্বেষণ করিয়াও আমরা গুরুদেবকে জানিতে পারিব না। কারণ, তিনি এক্ষণে অপর দেহে প্রবেশ করিয়া রহিয়াছেন। ২১।

গুরুণা করুণা নিধিনা হ্যধুনাযদি নো নিহিতা বিহিতা ত্যজিতাঃ। জগতি ক্ব গতির্ভজতাং ত্যজতাং স্বপদং বিপদন্তকরং তদিদম্ ॥ ২২ ॥

নিঃশেষেন্দ্রিয়জাড্যহৃন্নবনবাহ্লাদং মুহুস্তন্বতী নিত্যাশ্লিষ্টরজোযতীশচরণাম্ভোজাশ্রয়া শ্রেয়সী। নিষ্প্রত্যূহবিজৃম্ভমাণবৃজিনস্তোমোদ্বাসনা বাসনা নিঃসীমা হৃদয়েন কল্পিতপরারম্ভা চিরং ভাব্যতে ॥২৩॥

তথা করুণানিধির্গুরুরপি যদি সন্নিধিং ন বিধাস্যতি তর্হ্যস্মাকং ক্বাপি গতির্নাস্তীত্যাশয়েনাহুঃ। করুণানিধিনা গুরুণাঽপি যদি ত্যক্তা বয়মধুনা সন্নিহিতাস্তর্হি বিপদন্তকরং তৎ স্বপদং ভজতাং পুনশ্চেদং সর্ব্বং ত্যজতাং জগতি ক্ব গতি র্ন ক্বাপীত্যর্থঃ, ইহ তোটকমম্বুধিসৈঃ প্রথিতম্ ॥ ২২ ॥

নন্বেবম্ভূতগুরুবিরহবতাং ভবতাং কথং জীবনমিতি তত্রাহুঃ। সর্ব্বেন্দ্রিয়জাড্যহৃদ্‌যো নবীননবীনাহ্লাদস্তং মুহুর্ব্বিতন্বতী পুনশ্চ নিত্যমশ্লিষ্টমস্পৃষ্টং রজো যাভ্যাস্তে রজোগুণলক্ষণপাংসুবিনির্মুক্তযতীশস্য চরণকমলে আশ্রয়ো যস্য অতএব শ্রেয়সী অতিশ্রেষ্ঠা পুনশ্চ নিষ্প্রত্যূহং নির্ব্বিঘ্নং যথা-স্যাত্তথা বিজৃম্ভমাণস্য বৃজিনস্যোদ্বাসনা বিনাশিকা নিরবধিরূপা বাসনা সা হৃদয়েন কল্পিতালিঙ্গনা চিরং ভাব্যতে। তথা চ গুরুচরণবাসনাভাবনমেব জীবনসাধনমিতি ভাবঃ শা০ ॥২৩॥

করুণাময় গুরুদেব আমাদিগকে পরিত্যাগ করিয়া গিয়াছেন, তথাপি আমরা এখন পর্য্যন্ত তাঁহার সন্নিধানে বাস করিয়া রহিয়াছি। যদিচ আমরা এখনও তাঁহার বিপদন্তকর চরণ যুগল ভজনা করিতেছি ও সমস্ত পদার্থ পরিত্যাগ করিয়া সংন্যাস ধর্ম্ম গ্রহণ করিয়াছি, তথাপি এই জগতে তিনি ব্যতীত আর আমাদিগের কোন উপায় বা গতি নাই। ২২।

এখন গুরুর বিরহ বেদনা সহ্য করিয়াও আমাদের জীবন পরিত্যাগ না করিবার একমাত্র কারণ এই যে, যে বাসনা নিঃশেষে সমস্ত ইন্দ্রিয়ের জড়তা দূর করে, যেবাসনা নব নব আহ্লাদ বারম্বার প্রদান করে; রজো গুণ এবং চরণের ধূলি শূন্য যতিবরের চরণ কমল যে বাসনার আশ্রয়; যে বাসনা উক্ত কারণে সকলের অগ্রগণ্য বলিয়া বিখ্যাত; যে বাসনা প্রকাশ মান পাপরাশি নির্বিঘ্নে বিনাশ করিয়া থাকে,আমরা সেই নিরবধি বাসনা হৃদয়ে আলিঙ্গন করিয়া তাহাকেই চিরকাল চিন্তাকরিতেছি। বস্তুতঃ গুরুদেবের চরণ বাসনা চিন্তা করিয়াই আমরা জীবন পরিত্যাগ করি নাই, এবং তাহাতেই আমাদিগের জীবনের সাধ রহিয়াছে। ২৩।

তন্মধ্যে কোন কোন শিষ্য ঔৎসুক্য প্রকাশ করিয়া বলিতে লাগিল। আচার্য্যের জ্যোতি

ফলিতৈরিব সত্বপাদপৈঃ পরিণামৈরিব যোগসম্পদাম্। সময়ৈরিব বৈদিকশ্রিয়াং সশরীরৈরিব তত্বনির্ণয়ৈঃ ॥ ২৪ ॥

সধনৈর্নিজলাভবৈভবাৎ সকুটুম্বৈরুপশান্তিকান্তয়া। অতদন্যতয়াঽখিলাত্মকৈরনুগৃহ্যেয় কদা নু ধামভিঃ ॥ ২৫ ॥

তত্র কেচিদৌৎসুক্যমাবিষ্কুর্ব্বন্ত আহুঃ। সত্বপাদপৈর্ব্যবসায়রূপবৃক্ষৈঃ ফলিতৈরিব যোগসম্পদাং পরিণামৈরিব বৈদিকশ্রিয়াং সময়ৈর্ভাসৈরিব সময়ঃ শপথে ভাসসম্পদোরিতি বিশ্বপ্রকাশঃ। তত্বনির্ণয়ৈঃ শরীরবদ্ভিরিব নিজলাভবৈভবাৎ সধনৈরিব উপশান্তিলক্ষণয়া কান্তয়া কলত্রসহিতৈরিব তেভ্যোঽন্যস্যাভাবতয়া সকলাত্মকৈস্তেজোভিঃ কদাঽনুগৃহ্যেয় অনুগৃহীতা ভূয়াস্মেতি দ্বয়োরর্থঃ বিয়োগিনী ॥ ২৪ ॥ ২৫ ॥

অবিনয়ং বিনয়ন্নসতাং সতামতিরয়ং তিরয়ন্ ভবপাবকম্। জয়তি যো যতিযোগভৃতাম্বরো জগতি মে গতিমেষ বিধাস্যতি ॥ ২৬ ॥

বিগতমোহতমোহতিমাপ্য যং বিধুতমায়-

তত্র কশ্চিদতীব দুঃখিত আচার্য্য এব মম গতিং বিধাস্যতী- ত্যাহ, অসতামবিনয়ং বিনয়ন্ দূরীকুর্ব্বন্ সতামতিবেগবন্তং সং- সারাগ্নিং তিরয়ন্ অপগতং করিষ্যন্ যো যোগভৃতাং বরো জগতি জয়তি এষ মম গতিং বিধাস্যতি দ্রু০ ॥ ২৬ ॥

কেচিত্তু তদ্দর্শনেনৈব শোকসাগরস্য তরণং মত্বা আহুঃ।

যেন ব্যবসায় বৃক্ষরূপে ফলিত হইয়াছে; ঐ জ্যোতি যেন যোগ সম্পত্তির পরিণাম; বৈদিক কার্য্য পদ্ধতির যে সমস্ত শোভা আছে, আচার্য্যের জ্যোতি যেন তাহাদের প্রভারাশি; তত্ত্ব নির্ণয় যেন শরীর ধারণ করিয়া বিদ্যমান; আপনার লাভে ও বৈভবে যেন ঐ জ্যোতি ধনপূর্ণ; শান্তি রমণী সর্ব্বদা নিকটে থাকাতে যেন ঐ তেজ কলত্রযুক্ত, ঐ তেজ ভিন্ন অন্য কোন বস্তু ভুবনে বিদ্যমান না থাকাতে অখিল ব্রহ্মাণ্ড ব্যাপক এবং সর্ব্বাত্মক ঐ তেজোরাশি কবে আমাদিগকে অনুগ্রহ করিবে?। ২৪। ২৫।

কেহ দুঃখ প্রকাশ পূর্ব্বক বলিতে লাগিল— আচার্য্যই আমার গতি করিবেন। যিনি অসজ্জনের অবিনয় দূর করিয়া থাকেন; যিনি সাধুবর্গের অত্যন্ত বেগবান্ সংসারাগ্নি দূর করিতে সমর্থ; জগতে যত যোগধারী মহাপুরুষ আছেন, তন্মধ্যে যিনি সর্ব্বাপেক্ষা উৎকর্ষ লাভ করিয়া থাকেন, সেই গুরু অবশ্যই আমার ইহলোক ও পরলোকের গতি বিধান করিবেন। ২৬।

তমা যতযোঽভবন্। অমৃতদস্য তদস্য দৃশঃ স্বতা- ববতরেম তরেম শুগর্ণবম্ ॥ ২৭ ॥

শুভাশুভবিভাজকস্ফুরণদৃষ্টিমুষ্টিন্ধয়ঃ ক্ষপান্ধ- মতপান্থদুষ্কথকদন্তকুক্ষিম্ভরিঃ। কদা ভবসি মে পুনঃ পুনরনাদ্যবিদ্যাতমঃ প্রমৃজ্য গলিতদ্বয়ং পদ- মুদঞ্চযন্নদ্বয়ম্ ॥ ২৮ ॥

যং বিগতা মোহলক্ষণতমসাং সংহতি র্যস্মান্নিরাবরণতত্ত্বজ্ঞানবন্তং প্রাপ্য যতয়ো বিধৃতমায়তমা অতিশয়েন বিধৃতা কম্পিতা মায়া যৈ স্তথাভূতা অভবন্। তস্যাস্যামৃতপ্রদস্য চক্ষুষো মার্গে যদাঽবতরেম তদা শোকসমুদ্রং তরেম ॥ ২৭ ॥

সকলানর্থনিবর্ত্তকমদ্বয়ানন্দপ্রাপকং তদীয়মুপদেশং স্মরন্ কশ্চিদাহ। পুনঃ পুনর্ম্মেঽনাদ্যবিদ্যাতমো বিমৃজ্য গলিত- দ্বৈতমদ্বয়ং পদমুদঞ্চয়ন্ প্রকাশয়ন্ পুণ্যাপুণ্যবিভাজকস্ফুরণ- দৃষ্টৈর্মুষ্টিন্ধয়ঃ সারাকর্ষকঃ রাত্র্যন্ধকারাত্মকেষু মতেষু পান্থানাং মধ্যে যে দুষ্কথকাস্তেষাং দন্তস্য কুক্ষিম্ভরির্ভক্ষকঃ কদা ভবসি পৃথিবী ॥ ২৮ ॥

অপরে বলিতে লাগিল, তাঁহার দর্শনমাত্রেই আমরা শোকসাগর হইতে উত্তীর্ণ হইতে পারিব। যাঁহা হইতে সমস্ত মোহ তিমির অপসৃত হইয়া থাকে, অর্থাৎ যিনি অবিদ্যারূপ আবরণ শূন্য; জ্ঞানরূপ আলোকে একান্ত প্রদীপ্ত; তাঁহাকে একেবার প্রাপ্ত হইলে যতিগণ একেবারে মায়া পরিত্যাগ করিতে সমর্থ হন। অতএব যদি আমরা এক্ষণে সেই অমৃতদাতা আচার্য্যের নয়ন পথে অবতীর্ণ হইতে পারি, তাহা হইলে অবাধে শোকার্ণব হইতে উত্তীর্ণ হইতে পারিব। ২৭।

"যাঁহা দ্বারা সমস্ত অনর্থ নিবৃত্ত হয় এবং অদ্বৈত ব্রহ্মানন্দ অনায়াসে লাভ করিতে পারা যায়" কোন লোক আচার্য্যের ঈদৃশ উপদেশ স্মরণ

মর্ত্ত্যানাং নিজপাদপঙ্কজজুষামাচার্য্যবাচা যয়া রুন্ধানো মতিকল্মষং ত্বমিহ কিঙ্কুর্বাণনির্বাণয়া। দ্রাঙ্নায়াস্যসি চেৎ সুধীকৃতপরীহাসস্য দাসস্য তে দুঃখান্তো ন ভবেদিতীড্য! স পুনর্জানীহি মীনীহি মা ॥ ২৯ ॥

ইতি খেদমুপেয়ুষি মিত্রজনে প্রতিপন্নযতি-

কশ্চিদ্ব্যতিবিহ্বলঃ সন্নবশুন্দর্শনং দেহীত্যাশয়েনাহ। হে আচার্য্যেহ জীবদ্দশায়ামেব কিং কুর্ব্বাণং কিঙ্করতাং প্রাপ্তং নির্ব্বাণং যস্যাস্তয়া যযা বাচা নিজপাদপদ্মজুষাং মর্ত্ত্যানাং বুদ্ধিকল্মষং সমূলং রুন্ধানস্ত্বং শীঘ্রং নায়াস্যসি চেত্তর্হি সুবুদ্ধিভিঃ কৃতঃ পরিহাসো যস্য তস্য তে দাসস্য মে দুঃখান্তো ন ভবেদিতি হে স্তুত্য! স পুনস্ত্বং জানীহি মাং মা মীনীহি ন ঘাতয় শা০ ॥ ২৯ ॥

ইত্যেবং মিত্রজনে খেদমুপেয়ুষি সতি পরিজ্ঞাতো যতি-

করিয়া বলিতে লাগিল। তিনি আমার পুনঃ পুনঃ অনাদি-অবিদ্যা-জন্য তম (অজ্ঞান) মার্জিত করিয়া দ্বৈতবর্জ্জিত অদ্বৈতপদ প্রকাশ করুন। যিনি পাপপুণ্যের বিভাজক, প্রকাশমান নয়নপথের সারভাগ আকর্ষণ করিয়া থাকেন; রাত্রিকালের অন্ধকারের তুল্য যে সমস্ত তমোময় মত আছে, যে সমস্ত পথিকেরা ঐ মতের পথে চলিয়া থাকে, ঐ পান্থদিগের মধ্যে যাহারা দুষ্ট, তাহাদিগকে কবে আচার্য্য একেবারে গ্রাস করিবেন?। ২৮।

কেহবা অত্যন্ত বিকলচিত্তে বলিতে লাগিল, শীঘ্র আপনি দর্শন দিয়া আমাকে রক্ষা করুন। আচার্য্য! এই জীবদ্দশাতেই যে ভারতী আপনার দাসী হইয়া রহিয়াছে, সেই ভারতী দ্বারা যে সমস্ত মনুষ্য আপনার পাদপদ্ম সেবা করিয়া থাকে;

ক্ষিতিভৃন্মহিমা। শুচমর্থবতা শময়ন্ বচসা নিজগাদ সরোরুহপাদ ইদম্ ॥ ৩০ ॥

পর্য্যাপ্তং নঃ ক্লৈব্যমুপেত্যাত্র সখায়ঃ সাহং কৃত্বোৎ-ভূমিমশেষামপিধানাৎ। অন্বেষ্যামো ভূবিবরাণ্যপ্যথচ দ্যাং যদ্বদ্দেবং দেবমনুষ্যাদিষু গূঢ়ম্ ॥ ৩১ ॥

রাজস্য স্বগুরোর্ম্মহিমা যেন স পদ্মপাদোঽর্থবতা বচনেন শোকং শময়ন্নিদং বক্ষ্যমাণমুবাচ তো০ ॥ ৩০ ॥

যদুবাচ তদাহ। নোঽস্মাকং ক্লৈব্যং পর্য্যাপ্তমতো হে সখায়ঃ! মিলিত্বা উৎসাহং কৃত্বা সর্ব্বাং ভূমিমপিধানাৎ তিরোধানাদেব অন্বেষ্যামোঽথানন্তরং ভূবিবরাণি পাতালান্ তদনন্তরং দিবং দেবমনুষ্যোরগাদিগূঢ়ং মহাদেবমিব বেদৈরদ্বৈ মর্ত্ত্যৈযসগামন্তমযুরম্ ॥ ৩১ ॥

তাহাদিগের পাপ বুদ্ধি সমূলে বিনাশ করিয়া আপনি যদি শীঘ্র আগমন না করেন; তাহা হইলে সুবুদ্ধিগণ সর্ব্বদা পরিহাস করিতে থাকিবে, অথচ আপনার এই দাসের দুঃখেরও অবসান হইবে না। অতএব হে পূজ্য! আপনি ইহা নিশ্চয় জানিয়া কেন আমাকে বধ করিতেছেন। ২৯।

এইরূপে মিত্রগণ অত্যন্ত খেদ প্রাপ্ত হইবার পর নিজগুরু যতিপতির মহিমা অবগত হইয়া পদ্মপাদ অর্থযুক্ত বচনদ্বারা শোকদলন পূর্ব্বক বলিতে লাগিল। ৩০।

আমাদিগের মূর্খতা যথেষ্ট হইয়াছে। হে বন্ধুগণ! এক্ষণে সকলে মিলিত হইয়া উৎসাহের সহিত আবরণ হইতে সমস্তভূমি অন্বেষণ করিব। অনন্তর পাতাল প্রদেশ অন্বেষণ করিয়া, তৎপরে দেবতা, মনুষ্য ও সর্পাদি দেহে লুক্কায়িত মহাদেবের তুল্য সেই গুরুদেবকে স্বর্গ হইতে আমরা অন্বেষণ করিয়া লইব। ৩১।

অনির্বিণ্ণচেতাঃ সমাস্থায় যত্নং সুদুষ্প্রাপমপ্যর্থমাপ্নোত্যবশ্যম্। মুহুর্বিঘ্নজালৈঃ সুরা হন্যমানাঃ সুধামপ্যবাপুর্হ্যনির্বিণ্ণচিত্তাঃ ॥ ৩২ ॥

যদপ্যন্যগাত্রপ্রতিচ্ছন্নরূপো দুরন্বেষণঃ স্যাদ্ গুরুর্নস্তথাপি। স্বর্ভানূদরস্থঃ শশীব প্রকাশৈস্তদীয়ৈর্গুণৈরেব বেত্তুং স শক্যঃ ॥ ৩৩ ॥

এবমুক্তেঽপি দুঃসাধ্যমালোচ্যোৎসাহমকুর্বত আলঙ্কাহ। অনির্বিণ্ণং নির্বেদরহিতং চিত্তং যস্য স যত্নং সম্যগাস্থায় সুদুষ্প্রাপমপ্যর্থমবশ্যং প্রাপ্নোতি। হি যস্মান্মুহুর্বিঘ্নজালৈর্হন্যমানা অপি সুরা অনির্বিণ্ণচিত্তা অতিদুর্লভামপি সুধাং প্রাপুঃ। হি যস্মাদনির্বিণ্ণচিত্তা অত এবস্থূতা অপি দেবাঃ সুধামপ্যবাপুরিতি বা ভুজঙ্গ প্রয়াতং ভবেদ্যৈশ্চতুর্ভিঃ ॥ ৩২ ॥

যদ্যপ্যন্যগাত্রপ্রতিচ্ছন্নরূপস্তথাপ্যস্মাকং গুরুর্দুরন্বেষণঃ স্যাত্তথাপি যথা রাহূদরস্থোঽপি চন্দ্রঃ স্বীয়ৈঃ প্রকাশৈর্বিজ্ঞাতুং শক্যস্তদ্বত্তদীয়ৈর্গুণৈরেব স গুরুর্বেত্তুং শক্যঃ ॥ ৩৩ ॥

উৎসাহ থাকিলে সংসারে কোন বস্তু অসাধ্য হয় না। আমি মুক্তকণ্ঠে বলিতে পারি, যে ব্যক্তি মনের খেদ পরিহার পূর্ব্বক অত্যন্ত যত্ন প্রকাশ করেন; তিনি অশশ্যই সুদুর্লভ অর্থ হইলেও তাহা প্রাপ্ত হইতে পারেন। তাহার দৃষ্টান্ত এই—বিঘ্নজালে জড়িত হইয়া দেবতাগণের শত শত ব্যাঘাত উপস্থিত হইলেও কেবল তাঁহাদের চিত্তে খেদ ছিলনা বলিয়া অত্যন্ত দুর্লভ সুধা পর্য্যন্ত প্রাপ্ত হইয়াছিলেন। সমুদ্র মন্থন কালে দেবতাদিগের কত বিঘ্ন উপস্থিত হয়, কিন্তু তাঁহারা তৎপক্ষে দৃষ্টিপাত না করিয়া পরম দুর্লভ অমৃত লাভ করেন। ৩২।

আমাদিগের গুরু অপরের দেহে একবারে মিশাইয়া গিয়াছেন, সুতরাং তাঁহাকে অন্বেষণ করা এক্ষণে দুঃসাধ্য। তবে চন্দ্র যেরূপ রাহুর উদরে প্রবেশ করিলেও প্রকাশ গুণ দ্বারা চন্দ্রকে জানিতে পারা যায়, সেরূপ গুরুদেবের অলৌকিক গুণ সমষ্টি দ্বারা অবশ্যই তাঁহাকে অন্বেষণ করিয়া জানিতে পারিব। ৩৩।

ইক্ষুচাপাগমাপেক্ষয়া নির্গতো বর্ষ্ম তস্যোচিতং কৃষ্ণবর্ষ্মদ্যুতি। বিভ্রমাণাং পদং সুভ্রুবাং ভূপতেঃ প্রাপ্তুমর্হত্যকামাগ্রণীঃ সংযমী ॥ ৩৪ ॥

নিত্যতৃপ্তাগ্রযায্যাশ্রিতে নির্বৃতাঃ প্রাণিনো

নহু তথাপি ক্ব গতো যত্রান্বেষ্য ইতি চেত্তত্রাহ। ইক্ষুধন্বনঃ কামস্যাগমাপেক্ষয়া যতিশরীরান্নির্গতঃ সুভ্রুবাং বিভ্রমাণাং পদং কামশাস্ত্রস্যোচিতং রাজ্ঞঃ শরীরং প্রাপ্তুমর্হতি। কামাগমাপেক্ষয়ৈব গতো ন তু তজ্জন্যসুখেচ্ছয়েতি বোধয়িতুমাহ। কামবিনিম্মুক্তানামগ্রণীঃ বৈশ্চতুর্ভির্বৃতা স্রগ্বিণী সম্মতা ॥ ৩৪ ॥

নন্বেবমপি রাজ্ঞাং বহুত্বাৎ কথমস্য দেশস্য রাজ্ঞঃ শরীরে প্রবিষ্ট ইতি বিজ্ঞেয়মিতি চেত্তত্রাহ। নিত্যতৃপ্তাগ্রগামিনাঃ

এখন তিনি কামশাস্ত্র জানিবার জন্য যতিদেহ হইতে বহির্গত হইয়া যুবতী কামিনী গণের বিবিধ বিভ্রমযুক্ত এবং কামশাস্ত্রের সমুচিত, মনোরম রাজ দেহ প্রাপ্ত হইয়াছেন। সংসারে যত নিষ্কাম পুরুষ আছেন তিনি তাহাদিগের অগ্রগণ্য। অতএব গুরুদেব যে কামশাস্ত্র জানিবার জন্য গিয়াছেন, কিন্তু কামসুখ অনুভব করিতে যান নাই, তাহাতে আর কোন সন্দেহ নাই। ৩৪।

সংসারে অনেক রাজা আছে, অতএব আমাদের গুরু কোন দেশের রাজা হইয়াছেন, তাহা

রোগশোকাদিনা নেক্ষিতাঃ। দস্যুপীড়োজ্ঝিতাঃ স্বস্বধর্ম্মে রতাঃ কালবর্ষী স্বরাণ্মেদিনী কামসূঃ ॥৩৫॥

তদিহালস্যমপাস্য বিচেতুং নিরবধিসংসৃতি-জলধেঃ সেতুং। দেশিকবরপদকমলং যামো ন বৃথাঽনেহসমত্র নযামঃ ॥ ৩৬ ॥

ইতি জলরুহপদবচনং সর্বে মনসি নিধায়

স্বদ্‌গুরুণাশ্রিতে দেশে প্রাণিন আনন্দিতা যতো রোগশোকাদিনা নাবেক্ষিতা যতশ্চোরপীড়াবিনির্ম্মুক্তাঃ স্বস্বধর্ম্মে রতাশ্চ স্যুঃ স্বরাড়িন্দ্রঃ কালবর্ষী স্যাৎ ভূমিশ্চ কামসূঃ স্যাৎ ॥ ৩৫ ॥
তত্তস্মাদস্মিন্ কালে আলস্যং বিহায়ানাদ্যনন্তসংসারসমুদ্রস্য সেতুং দেশিকবরচরণারবিন্দং বিচেতুং গচ্ছামোঽস্মিন্ দেশে বৃথা কালং ন নয়ামঃ মাত্রাসমকং নবমো লান্তম্ ॥ ৩৬ ॥
ইত্যেবং পদ্মপাদস্য বচনং নিরাকৃতগর্ব্বে মনসি সর্ব্বে নিধায়

জানিবার এই এক মাত্র উপায় আছে। সেই সদানন্দ দিগের অগ্রগণ্য গুরুদেব যে দেশে বাস করিতেছেন, সে দেশের প্রাণীগণ সদাই আহ্লাদিত। কারণ, তাহাদের রোগ শোক থাকিবার সম্ভাবনা নাই। ঐ সকল প্রাণী গণের দস্যুভয় নাই, তাহারা স্বস্ব ধর্ম্মে একান্ত অনুরক্ত, এবং সেই দেশে ইন্দ্রদেব যথা কালে বর্ষণ করিবেন, পৃথিবীও অভিমত ফল দানে সকলকে সন্তুষ্ট করিবে।৩৫।

অপার সংসার সাগরের সেতু স্বরূপ গুরুবরের চরণ কমল অন্বেষণ করিতে আইস আমরা সকলে আলস্য ত্যাগ করিয়া এখনই গমন করি। আর আমরা এ স্থানে বসিয়া বৃথা সময় নষ্ট করিব না। ৩৬।

নিরাকৃতগর্বে। কাংশ্চিদত্র নিবেশ্য শরীরং রক্ষিতুমন্যে নিরগুরুদারম্ ॥ ৩৭ ॥

তে চিন্বন্তঃ শৈলাচ্ছৈলং বিষয়াদ্‌বিষয়ং ভুবমনুবেলম্। প্রাপুর্ধিক্‌কৃতবিবুধনিবেশান্ স্ফীতানমরকনৃপতের্দ্দেশান্ ॥ ৩৮ ॥

মৃত্বা পুনরপ্যুত্থিতমেনং শ্রুত্বা বৈণ্যদিলীপসমানম্। ত্যক্ত্বা বিরহজদৈন্যমমন্দং মত্বাচার্য্যং ধৈর্য্যমবিন্দন্ ॥ ৩৮ ॥

কাংশ্চিদ্ভদ্রারং গুরুশরীরং রক্ষিতুং তস্মিন্ স্থানে নিবেশ্যান্যে নির্গতাঃ ॥৩৭॥
তে পর্ব্বতাৎ পর্ব্বতং দেশাৎদেশং ভূমিমনিশং চিন্বন্তোধিক্‌ৃতাদেবানাং নিবেশা যৈস্তান্ স্ফীতানমরকনৃপতের্দ্দেশান্ প্রাপুঃ প্রাপ্তবন্তঃ ॥ ৩৮ ॥
মৃত্বা পুনরপ্যুত্থিতমমরকসংজ্ঞং নৃপং পৃথুদিলীপতুল্যং শ্রুত্বাচার্য্যং মত্বাঽমন্দং বিরহজন্যং দৈন্যং হিত্বা ধৈর্য্যং প্রাপুঃ ॥ ৩৯ ॥

সকলেই অহঙ্কার শূন্য হৃদয়ে পদ্মপাদের এরূপ গভীর বাক্য শুনিয়া গুরুর পূজনীয় দেহ রক্ষা করিবার নিমিত্ত জন কতক শিষ্য ঐ স্থানে রহিল, আর অবশিষ্ট সকলেই শীঘ্র অন্বেষণার্থ বহির্গত হইল। ৩৭।

তাঁহারা এক পর্ব্বত হইতে অন্য পর্ব্বত, এক দেশ হইতে অন্য দেশ, এইরূপে সকল ভূমি খণ্ড অন্বেষণ করিয়া অমরক ভূপতির দেশে উপস্থিত হইলেন। দেখিলেন—ঐ দেশের কাছে দেবতা দিগের দেশ স্বর্গ পর্য্যন্ত তিরস্কৃত হইয়াছে। ৩৮।

পৃথু রাজ এবং দিলীপের মতন অমরক রাজাকে মরিয়া পুনর্ব্বার বাঁচিয়া উঠিতে শুনিয়া, এবং তাঁহাকেই আচার্য্য বোধ করিয়া গুরুদেবের বিরহ

তেচ জ্ঞাত্বা গানবিলোলং তরুণীসক্তং ধরণীপালম্। বিবিশুঃ স্বীকৃতগায়কবেষা নগরং বিদিতসমস্তবিশেষাঃ ॥ ৪০ ॥

রাজ্ঞে জ্ঞাপিতবিদ্যাতিশয়াস্তে তৎসংগ্রহবিধৃতাতিশয়াঃ। রমণীশতমধ্যগমবনীন্দ্রং দদৃশুস্তারাবৃতমিব চন্দ্রম্ ॥ ৪১ ॥

ধরচামরকরতরুণীকঙ্কণরঞ্জিতমনোহরপশ্চাদ্-

তেচ তরুণীষু সক্তং গানবিলোলং ভূপালং জ্ঞাত্বা স্বীকৃতগায়কবেষা নগরং বিবিশুঃ যতো বিদিতসমস্তবিশেষাঃ ॥ ৪০ ॥

রাজ্ঞে জ্ঞাপিতগানবিদ্যাতিশয়াঃ যতস্তস্য রাজ্ঞঃ সংগ্রহণায় বিধৃতোঽতিশয়ো যৈস্তে তারাবৃতং চন্দ্রমিব তরুণীমধ্যগতং ভূমীন্দ্রং দদৃশুঃ ॥ ৪১ ॥

ভূমীন্দ্রং বিশিনষ্টি। বরচামরকরাণাং তরুণীনাং কঙ্কণৈরঞ্জিতো

যন্ত্রণা একবারে শিষ্য গণ পরিত্যাগ করিল। পরে শিষ্যগণ জানিতে পারিল, ভূপতি সঙ্গীত শাস্ত্রে একেবারে উন্মত্ত এবং অবিরত যুবতি রমণীদের সহিত আসক্ত থাকেন। নগরের কোথায় কি থাকে—সেই সমস্ত বৃত্তান্ত বিশেষ রূপে অবগত হইবামাত্র গায়কের বেশ ধরিয়া তাঁহারা নগরে প্রবেশ করেন।৩৯। ৪০।

"যে ব্যক্তি সঙ্গীত-শাস্ত্রে দক্ষ, ভূপতি তাহাদিগকে অত্যন্ত যত্ন করিয়া থাকেন" শিষ্যগণ ইহা জানিতে পারিয়া সাধ্যমত সঙ্গীত বিদ্যায় পারদর্শিতা লাভ করিয়া ভূপতিকে জানাইল যে, আমরা সঙ্গীত শাস্ত্রে রীতিমত দক্ষতা লাভ করিয়াছি। অনন্তর তাঁহারা তারাপরিবেষ্টিত শশধরের ন্যায় শত শত রমণীর মধ্যে অমরক ভূপতিকে দর্শন করেন। ৪১।

ভাগম্। গীতিগতিজ্ঞোদ্গীতশ্রুতিসুখতানসমুল্লসদগ্রিমদেশম্ ॥ ৪২ ॥

ধৃতচামীকরদণ্ডসিতাতপবারণরঞ্জিতরত্নকিরীটম্। শ্রিতবিগ্রহমিব রতিপতিমাশ্রিতভুবমিবসান্তঃপুরমমরেশম্ ॥ ৪৩ ॥

রুচিরবেষাঃ সমাসাদ্য তাং সংসদং নয়নসং-

মনোহরঃ পশ্চাদ্ভাগো যস্য তং পুনশ্চ গীতিগতিজ্ঞৈরুদ্গীতেন শ্রবণসুখেন তানেন সমুল্লসদগ্রিমদেশো যস্য তম্ ॥ ৪২ ॥

পুনশ্চ ধৃতশ্চামীকরো হিরণ্ময়ো দণ্ডো যস্য তথাভূতেন সিতেনাতপবারণেন ছত্রেণ রঞ্জিতং রত্নকিরীটং যস্য তং স্বীকৃতবিগ্রহং রতিপতিমনঙ্গমিব যদ্বা শ্রিতভূমিমন্তঃপুরসহিতং দেবেশং পুরন্দরমিব ॥ ৪৩ ॥

এবম্ভূতং রাজানং দৃষ্ট্বা যৎকৃতবন্তস্তদাহ। রুচিরবেষাঃ তাং সংসদং সমাসাদ্য নয়নসংজ্ঞয়া দত্তাসনা রাজ্ঞা সম্যগাঙ্গুপ্তা মূর্চ্ছনাপদবিদস্তে সভাং মোহয়ন্তঃ মুখরং জগুঃ। মূর্চ্ছনালক্ষণঞ্চ ক্রমাৎ স্বরাণাং সপ্তানামারোহশ্চাবরোহণম্। সা মূর্চ্ছেত্যুচ্যতে

দেখিলেন—উৎকৃষ্ট চামর হস্তে ধরিয়া যুবতি কামিনী গণ কঙ্কণ (বালা) ভূষণে ভূপতির পশ্চাৎ ভাগ সুশোভিত করিয়াছে। অপিচ যাহারা সঙ্গীত শাস্ত্রে বিচক্ষণ, তাহারা শ্রবণের সুখদায়ক উচ্চ গানের সুমধুর তানে ভূপতির সম্মুখ দেশ সুসজ্জিত করিয়াছে। স্বর্ণদণ্ড শোভিত শ্বেতছত্র দ্বারা ভূপতির রত্নময় কিরীট রঞ্জিত হইয়াছে। দেখিলেই বোধ হয় যেন মূর্ত্তিমান্ কন্দর্প, কিংবা দেবরাজ ইন্দ্র অন্তঃপুরবাসিনী কামিনীদের সহিত ক্রীড়া করিবার জন্য ভূতলে অবতীর্ণ হইয়াছেন। ৪২। ৪৩।

জ্ঞাবিতীর্ণাসনা ভূভুজা। সমতিস্বষ্টাস্ততঃ সুস্বরং মূর্চ্ছনাপদবিদস্তে জগুর্মোহয়ন্তঃ সভাম্॥ ৪৪॥

গ্রামস্থা এতাঃ সপ্তসপ্তচেতি। তত্রস্বরাঃ শ্রুতিভ্যঃ স্যুঃ স্বরাঃ ষড়্জর্ষভগান্ধারমধ্যমাঃ। পঞ্চমো ধৈবতশ্চাথ নিষাদ ইতি সপ্ত তে ইত্যুক্তাঃ সপ্তঃ সামান্যতঃ। স্বরস্বরূপস্তু শ্রুত্যনন্তরভাবী যঃ স্নিগ্ধোঽনুরণনাত্মকঃ। স্বতো রঞ্জয়তি শ্রোতৃশ্চিত্তং স স্বর উচ্যতে ইতি শ্রুতির্নাম স্বরারম্ভকাবয়ববিশেষস্তদুক্তং প্রথমশ্রবণাচ্ছব্দঃ শ্রূয়তে হ্রস্বমাত্রকঃ। সা শ্রুতিঃ সংপরিজ্ঞেয়া স্বরাবয়বলক্ষণেতি। অথ গ্রামলক্ষণং যথা কুটুম্বিনঃ সর্ব্বেঽপ্যেকীভূতা ভবন্তিহি। তথা স্বরাণাং সন্দোহো গ্রাম ইত্যভিধীয়তে। ষড়্জগ্রামো ভবেদাদৌ মধ্যমগ্রাম এবচ। গান্ধারগ্রাম ইত্যেতদ্গ্রামত্রয়মুদাহৃতং। নন্দাবর্ত্তোঽথ জীমূতঃ সুভদ্রো গ্রামকাশ্রয়ঃ। ষড়্জমধ্যমগান্ধারাখ্যানাং জন্মহেতব ইতি তথাচৈবম্ভূতগ্রামত্রয়েঽপি প্রত্যেকং সপ্তসপ্ত চ মূর্চ্ছনা ইত্যেকবিংশতি মূর্চ্ছনাভবন্তি তথাভূতমূর্চ্ছনা পদবিদস্তে সুস্বরং জগুরিত্যর্থঃ যচ্ছন্দো নোক্তমত্রগাথেতি তৎ সূরিভিঃ প্রোক্তম্॥ ৪৪॥

রাজাকে দেখিয়া মনোহরবেশে শিষ্যগণ ঐ সভায় উপস্থিত হন। পরে ভূপতি নয়ন দ্বারা ইঙ্গিত করিয়া তাহাদিগকে আসন দিতে অনুমতি করেন। শিষ্যগণ আসনে উপবেশন করিয়া রাজার অনুমতিক্রমে গানের উপোযোগী মূর্চ্ছনা প্রভৃতি বস্তু সংগ্রহ করিয়া সুমধুর স্বরে গান করিতে লাগিলেন।* ৪৪।

* মূর্চ্ছনা যথা—"ক্রমশঃ সাতটী স্বরের উচ্চতা এবং নীচতার নাম মূর্চ্ছনা। ঐ মূর্চ্ছনা সাতটী সঙ্গীতশাস্ত্রের গ্রাম স্থিত বলিয়া উক্ত হইয়া থাকে।"

স্বর লক্ষণ যথা—"সঙ্গীত শাস্ত্রের শ্রুতি অনুসারে ষড়্জ ঋষভ, গান্ধার, মধ্যম, পঞ্চম, ধৈবত ও নিষাদ এই সাতটী স্বর।"

ভৃঙ্গ! তব সঙ্গতিমপাস্য গিরিশৃঙ্গে তুঙ্গবিটপিনি সঙ্গমজুষি ত্বদঙ্গে। স্বাঙ্গরহিতাঃ সকলুষাস্তরঙ্গাঃ সঙ্গমকৃতে ভঙ্গমুপয়ান্তি ভৃঙ্গাঃ॥ ৪৫॥

গানব্যাজেন স্বগুরুপ্রতিবোধনং কৃতবতাং তদ্গানমুদাহরতি। হে ভৃঙ্গ! শ্রুতিসূত্রাদিলক্ষণকুসুমমকরন্দাস্বাদনশীল! তব সঙ্গতিং সঙ্গমমপাস্য বিহায়োচ্চবৃক্ষবতি গিরিশৃঙ্গে সঙ্গমজুষি ত্বদঙ্গে তবশরীরে সতি ত্বচ্ছরীরস্য রক্ষণায় রচিতাঃ সকলুষং দুঃখযুক্তমন্তরঙ্গমন্তঃকরণং যেষাং তে ভৃঙ্গাঃ শিষ্যাস্তব সঙ্গমার্থং ভঙ্গমুপযান্তি ভেদং প্রাপ্নুবন্তীত্যর্থঃ। ইন্দুবদনাভজসনৈঃ সগুরুযুগ্মৈঃ॥ ৪৫॥

গীতছলে গুরুদেবের মোহনিদ্রা ভঙ্গ করিয়া শিষ্যগণ গান করিতে লাগিল। হে ভ্রমর! অর্থাৎ বেদ ও বেদান্ত সূত্রাদি রূপ পুষ্পপরিমলের আস্বাদন যোগ্য! আপনাকে পরিত্যাগ করিয়া প্রকাণ্ড

সামান্যতঃ স্বর লক্ষণ যথা—"সঙ্গীত শাস্ত্রের অনুসারে শ্রুতির অনন্তর যাহার অনুরণন হয় অথচ স্বতঃ শ্রোতার চিত্ত রঞ্জন করে, তাহার নাম স্বর।"

শ্রুতি লক্ষণ যথা—স্বর আরম্ভ করিবার যে অবয়ব বিশেষ তাহার নাম শ্রুতি। যথাঃ—"প্রথম যেমন শব্দ শ্রবণ করা যায় তখন তাহার মাত্রা অতিশয় হ্রস্ব। ঐ হ্রস্ব শব্দ শ্রবণের নাম শ্রুতি এবং শ্রুতির অবয়ব স্বর।"

গ্রাম লক্ষণ যথা—"যেরূপ আত্মীয় কুটুম্ব সকল একহয়, তদ্রূপ সপ্তস্বর একত্র হইলে গ্রাম কহে।"

গ্রামত্রয় লক্ষণ যথা—"প্রথম ষড়্জ গ্রাম, দ্বিতীয় মধ্যম গ্রাম এবং তৃতীয় গান্ধার গ্রাম এই তিনটীর নাম গ্রাম।" "নন্দাবর্ত্ত, জীমূত এবং সুভদ্র এই তিন গ্রাম ষড়্জ মধ্যম ও গান্ধার এই তিন স্বরের জন্মকরেন।"

ষড়্জ গ্রামের সাত মধ্যম গ্রামের সাত এবং গান্ধার গ্রামের সাত এই সর্ব্ব শুদ্ধ ২১ একবিংশতিটী মূর্চ্ছনা।

পঞ্চশরসময়সঞ্চয়কৃতে প্রাঞ্চমুদঞ্চন্নিবেহ সঞ্চরসি প্রপঞ্চম্। পঞ্চজনমুখ! পঞ্চমুখমপ্যনঞ্চন্ ত্বং চ গতিরিতি কিঞ্চ কিল বঞ্চিতোঽসি ॥ ৪৬ ॥

পর্ব্বশশিমুখ! সর্ব্বমপহায় পূর্ব্বং কুর্ব্বদিহ গর্ব্বমনুস্মৃত্য হৃদপূর্ব্বম্। ন স্মরসি বস্ত্বস্মদীয়মিতি কস্মাৎ সংস্মর তদস্মর! পরমস্মদুক্ত্যা ॥ ৪৭ ॥

নেতি নেত্যাদিনিগমবচনেন নিপুণং নিষিধ্য মূর্ত্তামূর্ত্তরাশিম্। যদশক্যনিহ্নবং স্বাত্মরূপতয়া জানন্তি কোবিদাস্তত্ত্বমসি তত্ত্বম্ ॥ ৪৮ ॥

পঞ্চশরস্য কামস্য যঃ সময়ঃ কলাদিরূপঃ সঙ্কেতঃ সিদ্ধান্তো বা তস্য সঞ্চয়ার্থং প্রাঞ্চং শিবগুরূদ্ভবং প্রপঞ্চং শরীরং মঞ্চন্ ইবেহাস্মিন্ রাজশরীরে স্থানে বা সঞ্চরসি। তথা চ হে পঞ্চজনেষু মনুজেষু মুখ! শ্রেষ্ঠ! যদ্বা যস্মিন্ পঞ্চ পঞ্চজনা আকাশশ্চ প্রতিষ্ঠিতস্তমেবমন্য আত্মানং বিদ্বান্ ব্রহ্মামৃতোঽমৃতমিতি শ্রুত্যুক্তানাং সাঙ্খ্যরীত্যা মূলপ্রকৃতিরবিকৃতির্মহদাদ্যাঃ প্রকৃতিবিকৃতয়ঃ সপ্ত। ষোড়শকস্তু বিকারো ন প্রকৃতির্ন বিকৃতিঃ পুরুষ ইতি পঞ্চবিংশতিতত্ত্বানাং মুখ! শুদ্ধাত্মন্! পঞ্চজনপদস্য পঞ্চপঞ্চজনপরস্বাশ্রয়ণাৎ সিদ্ধান্তরীত্যা বাক্যশেষস্থানাং প্রাণচক্ষুঃ শ্রোত্রান্নমনসাং পঞ্চজনানাং মুখাধিষ্ঠানেত্যর্থঃ। পঞ্চাননমপ্যগচ্ছন্ শিবং স্বস্বরূপমপানাপ্নুবন্ গতিশ্চাসৌ ত্বমিতি হেতোঃ কুতঃ পুনু বঞ্চিতোঽসি গাং ॥ ৪৬ ॥

কিঞ্চ হে শরৎপূর্ণমাসীচন্দ্রমুখ! পূর্ব্বং সর্ব্বং শান্তিদান্ত্যাদিকমপহায়েহ গর্ব্বং কুর্ব্বন্ মানসমনুস্মৃত্যাস্মদীয়বস্ত্বিতি কস্মান্ন স্মরসি, হেতুস্মাৎ অস্মরাকাম! অস্মদুক্ত্যা অপরং স্বস্বরূপং সংস্মর তৎ- পরমিতি বা ॥ ৪৭ ॥

অস্মদুক্ত্যা পরং স্মরেত্যুক্ত্বাঽথাত আদেশো নেতি নেতি অস্থূলমনণ্বহ্রস্বমদীর্ঘমনন্তরমবাহ্যমপূর্ব্বমনপরমশব্দমস্পর্শমরূপমব্যয়ং তথা রসং নিত্যমগন্ধবচ্চ যৎ অনাদ্যনন্তং মহতঃ পরং ধ্রুবং ন চাপ্যন্তং মৃত্যুমুখাৎ প্রমুচ্যত ইত্যাদি শ্রুতিভিস্তং স্মারয়ন্তি। নেতি নেত্যাদিনিগমবচনেন মূর্ত্তামূর্ত্তরাশিং সম্যঙ্ নিষিধ্য সর্ব্বাধিষ্ঠানত্বাৎ নিরবধিবাধাযোগাৎ প্রতিষেদ্ধুঃ স্বরূপত্বেন প্রতিষেধসাক্ষিতয়াবস্থিতত্বাৎ সত্যস্যাপি সত্যং অস্তীত্যেবোপলব্ধব্যঃ। অসন্নেব স ভবতি অসদ্ব্রহ্মেতি বেদবিদিত্যাদি শ্রুতেশ্চ নিষেদ্ধুমশক্যং যদহং ব্রহ্মাস্মীতি স্বাত্মরূপতয়া বিদ্বাংসো জানন্তি তত্ত্বং পরমার্থবস্তু ত্বমসি ॥ ৪৮ ॥

বৃক্ষ পূর্ণ পর্ব্বত শৃঙ্গের উপর আপনার শরীর পতিত রহিয়াছে। আপনার সেই দেহ রক্ষা করিবার জন্য আমাদিগকে দুঃখিত মনে সেই স্থানে রাখিয়া আসিয়াছেন। এক্ষণে আমরা পরস্পর সকলেই কষ্ট পাইতেছি। ৪৫।

কামশাস্ত্রের কলা জ্ঞান করিবার জন্য যে সঙ্কেত ছিল, তাহা সঞ্চয় করিতে শিবগুরু (আপনার পিতা) হইতে আপনার যে পুরাতন দেহ উৎপন্ন হইয়াছিল, তাহা পরিত্যাগ করিয়া এক্ষণে এই দেশে সঞ্চরণ করিতেছেন। হে মানবশ্রেষ্ঠ! আপনার পুরাতন শিবদেহ না পাইয়া আপনি সকলের গতি হইয়াও নিশ্চয় বঞ্চিত হইয়াছেন। ৪৬।

হে পূর্ণ চন্দ্রানন! আপনি শমদমাদি গুণ সকল ত্যাগ করিয়া একেবারে গর্ব্বিত চিত্তের বশবর্ত্তী হইয়াছেন। এবং "ইহা আমার বস্তু" এইরূপ কথা কেন একেবারে বিস্মৃত হইলেন?। অতএব হে নিষ্কাম! আমাদের কথায় এক্ষণে আপনার প্রকৃত স্বরূপের বিষয় কিঞ্চিৎ স্মরণ করুন। ৪৭।

বেদে আছে—"তিনি স্থূল নহেন, অণু নহেন, হ্রস্ব নহেন, দীর্ঘ নহেন, অন্তর নহেন, বাহ্য নহেন, পূর্ব্ব নহেন, পর নহেন" ইত্যাদি বচন দ্বারা (তিনি শরীরী কি অশরীরী) তাহা নিষেধ করা হইয়াছে, কিন্তু "তিনি সত্যেরও সত্য বলিয়া

খাদ্যমুৎপাদ্য বিশ্বমনুপ্রবিশ্য গূঢ়মন্নময়াদিকোশতুষজালে। কবয়ো বিবিচ্য যুক্ত্যবঘাততোয়তণ্ডুলবদাদদতি তত্ত্বমসি তত্ত্বম্ ॥ ৪৯ ॥

তথা পঞ্চকোশবিবেকেন কবয়ো যদাত্মত্বেন প্রতিপদ্যন্তে তত্তত্ত্বং ত্বমসীতি স্মারয়ন্তি। আকাশাদিকং বিশ্বমুৎপাদ্যানুপ্রবিশ্যান্নময়প্রাণময়মনোময়বিজ্ঞানময়ানন্দময়কোশলক্ষণে তুষজালে গূঢ়ং যুক্তিলক্ষণাবঘাতেন কবয়ো বিবিচ্যতণ্ডুলবদ্‌যদাদদতি তত্তত্ত্বং ত্বমসি। তথাচ শ্রুতিঃ তস্মাদ্বা এতস্মাদাত্মন আকাশঃ সম্ভূত আকাশাদ্বায়ুর্ব্বায়োরগ্নিরগ্নেরাপ অদ্ভ্যঃ পৃথিবী পৃথিব্যা ওষধয় ওষধীভ্যোঽন্নমন্নাৎ পুরুষঃ স বা এষ পুরুষোঽন্নরসময়ঃ তস্মাদ্বা এতস্মাদন্নরসময়াদন্যোঽন্তর আত্মা প্রাণময়স্তস্মাদ্বা এতস্মাৎ প্রাণময়াদন্যোঽন্তর আত্মা মনোময়ঃ তস্মাদ্বা এতস্মান্ মনোময়াদন্যোঽন্তর আত্মা বিজ্ঞানময়স্তস্মাদ্বা এতস্মাদ্বিজ্ঞানময়াদন্যোঽন্তর আত্মা আনন্দময়ঃ সোঽকাময়ত বহুঃ স্যাং প্রজায়েয়েতি স তপোঽতপ্যত স তপস্তপ্ত্বা ইদং সর্ব্বমসৃজত যদিদং কিঞ্চ তৎসৃষ্ট্বা তদেবানুপ্রাবিশৎ তদনুপ্রবিশ্য সচ্চত্যচ্চাভবদিত্যাদ্যা। যুক্তিস্ত্বাবদ্বিমত্যো দেহ আত্মা ন ভবতি কার্য্যত্বাৎ ঘটবৎ, নন্বু বিপক্ষে বাধকাভাবাদপ্রয়োজকোঽয়ং হেতুরিতি চেন্ন। অকৃতাভ্যাগমকৃতবিপ্রণাশাখ্যবাধকসদ্ভাবাৎ। তথা বিবাদাস্পদঃ প্রাণ আত্মা ন ভবতি জড়ত্বাৎ ঘটবৎ। তথা মনোময় আত্মা ন ভবতি বিকারত্বাদ্ দেহবৎ। তথা বিজ্ঞানময় আত্মা ন ভবতি বিষয়াদ্যবস্থাবত্ত্বাদ্ ঘটাদিবৎ। তথানন্দয়োঽপ্যাত্মা ন ভবতি কাদাচিৎকত্বাদভ্রবত্তস্মাদানন্দ এবাত্মা ভবিতুমর্হতি নিত্যত্বাৎ। য আত্মা ন ভবতি নাসৌ নিত্যো যথা দেহাদিঃ। আত্মন আকাশঃ সম্ভূত ইত্যাদি শ্রুত্যা আকাশাদেরনিত্যত্বাবগমান্নানৈকান্তিকত্বেতি। নন্বাঙ্ পূর্ব্বাদনাস্যবিহরণে বর্ত্তমানাদ্দদাতেরাত্মনেপদং স্যাদিত্যর্থকাণ্ডো দো নাস্যবিহরণ ইতি সূত্রাদাদদত ইতি ভবিতব্যমিতি চেন্ন শিক্ষামাদদাতীতি প্রয়োগবদত্র ভিদ্‌বিশিষ্টস্যাকারস্যাগ্রহণেনাদদতীতি প্রয়োগস্য সাধুত্বাৎ। সূত্রে ভিদ্‌বিশিষ্টাকার গ্রহণস্যাভিদ্‌বিশিষ্টাকারাহৃত্তরস্য দদাতেরাত্মনেপদাভাবাবজ্ঞাপনার্থত্বাৎ ॥ ৪৯ ॥

অভিহিত হন, অস্তিত্বশালী না হইয়া ও তাঁহার অস্তিত্ব অনুভূত হয়” ইত্যাদি বেদ বচন দ্বারা আপনার স্বরূপ কিছুতেই গোপন করিতে পারা যায় না। পণ্ডিতেরা যাহাকে আত্মা বলিয়া জানেন, সেই পরমার্থ বস্তু আপনি। ৪৮।

যেরূপ লোকে আঘাত করিয়া তুষ হইতে তণ্ডুল (চাউল) বাছিয়া লয়, তদ্রূপ আকাশ বায়ু, অগ্নি, জল ইত্যাদি বস্তুপূর্ণ জগৎ উৎপন্ন করিয়া এবং সেই জগতের মধ্যে প্রবেশ করিয়া অন্নময়, প্রাণময়, মনোময়, বিজ্ঞানময় এবং আনন্দময় এই পাঁচটী পদার্থে যুক্তি দ্বারা, বিবেচনার সহিত, পণ্ডিতগণ যে সারভাগ গ্রহণ করেন সেই পরমার্থ বস্তুই আপনি। বেদে আছে “সেই সর্ব্বত্র ব্যাপী নিত্য পরমাত্মা হইতে আকাশ, আকাশ হইতে বায়ু, বায়ু হইতে অগ্নি, অগ্নি হইতে জল, জল হইতে পৃথিবী, পৃথিবী হইতে ওষধি সকল, ওষধি সকল হইতে অন্ন, অন্ন হইতে পুরুষ, সেই পুরুষ পুনরায় অন্নময় এবং রসময়। এবং সেই অন্নরসময় হইতে অন্য এক আন্তরিক আত্মা প্রাণময়, সেই প্রাণময় হইতে অন্য একটী আন্তরিক আত্মা মনোময়, সেই মনোময় হইতে অন্য আর একটী আন্তরিক আত্মা বিজ্ঞানময়, সেই বিজ্ঞান ময় হইতে অন্য আর একটী আনন্দময় আত্মা উৎপন্ন হইয়াছে। সেই আনন্দময় আত্মা কামনা করিলেন, আমি যেন বহু হইয়া জন্ম গ্রহণ করি। তিনি প্রথমে তপস্যা করেন, তপস্যা করিয়া এই সমস্ত জগৎ সৃজন করেন। এই যে সমস্ত বস্তু এক্ষণে দেখা যাইতেছে, তিনি তাহা সৃজন করিয়া তাহার মধ্যে

বিষমবিষয়েষু সঞ্চারিণোঽক্ষাশ্বান্ দোষদর্শন-কশাভিঘাততঃ। স্বৈরং সন্নিবর্ত্ত্য স্বান্তরশ্মিভি-র্ধীরা বধ্নন্তি যত্র তত্ত্বমসি তত্ত্বম্ ॥ ৫০ ॥

সর্ব্বেন্দ্রিয়ালম্বনং তত্ত্বং ত্বমেবেতি স্মারয়ন্তি। যথাবিষম-দেশেষু স্বৈরং সঞ্চারিণোঽশ্বান্ কশাভিঘাতেন রশ্মিভিঃ সম্যঙ্নিবর্ত্ত্য শক্তৌ বধ্নন্তি তথা বিষমেষু বিষয়লক্ষণেষু দে-শেষু স্বৈরং সঞ্চারিণ ইন্দ্রিয়লক্ষণান্ হয়ান্ দোষদর্শনলক্ষণক-শাভিঘাতেন মনোবৃত্তিলক্ষণরশ্মিভির্যস্মিন্ পরমাত্মতত্ত্বে ধী-মন্তো বধ্নন্তি তত্তত্ত্বং ত্বমসি, তথা চ শ্রুতিঃ আত্মানং রথিনং বিদ্ধি শরীরং রথমেবতু, বুদ্ধিন্তু সারথিং বিদ্ধি মনঃ প্রগ্রহমেব চ। ইন্দ্রিয়াণি হয়ানাহুর্বিষয়াংস্তেষু গোচরান্, যস্তু বিজ্ঞানবান্ ভবতি যুক্তেন মনসা সদা, তস্যেন্দ্রিয়াণি বশ্যানিসদশ্বা ইব সা-রথেরিতি ॥ ৫০ ॥

প্রবেশ করেন। অনন্তর সমস্ত বস্তুর মধ্যে প্রবেশ করিয়া তিনি সর্ব্বময় হইলেন।”

এই সমস্ত বেদান্ত শাস্ত্রের অব্যর্থ যুক্তি দ্বারা দেহ আত্মা হইতে পৃথক্ বস্তু এবং ঐ দেহ কখন আত্মা হইতে পারে না। ঘটপটাদি যেরূপ কার্য্য সেইরূপ দেহও কার্য্য, সুতরাং দেহ আত্মা নয়। বিবাদের আস্পদ প্রাণ বস্তু ঘটপটাদির মতন জড়-পদার্থ বলিয়া আত্মা নয়। দেহাদির মতন বিকৃত বলিয়া আত্মা মনোময় নহে। ঘটপটাদির যে-রূপ লয়াবস্থা আছে তদ্রূপ বিজ্ঞান ময় আত্মারও বিলয় অবস্থা আছে, সুতরাং আত্মা বিজ্ঞানময় নহে। মেঘ যেরূপ কখন হয় কখন হয় না, কখন থাকে কখন থাকে না, তদ্রূপ আনন্দ ময় আত্মা কদাচিৎ হয় এবং কদাচিৎ হয় না। অত-এবং নিত্য পদার্থ বলিয়া আনন্দই আত্মা, কিন্তু

ব্যাবৃত্তজাগ্রদাদিষনুস্যূতং তেভ্যোঽন্যদিব পুষ্পেভ্য ইব সূত্রম্। ইন্দ্রিয়পদোপাধিকত্রয়-পৃথক্ত্বেন বিদন্তি সূরয়স্তত্ত্বমসি তত্ত্বম্ ॥ ৫১ ॥

অথ জাগ্রৎস্বপ্নসুষুপ্ত্যুপাধিবিলক্ষণং তত্তত্ত্বমসীতিস্মারয়ন্তি, আত্মা জাগ্রদাদ্যুপাধিভ্যোঽন্যো ব্যাবর্ত্তমানেষু তেষ্বনুস্যূতত্বাৎ পুষ্পেভ্যঃ সূত্রমিবেত্যেবমুপাধিত্রয়পৃথক্ত্বেন যং সূরয়ো জানন্তি তত্তত্ত্বমসি। স্পষ্টং চেদং জনকযাজ্ঞবল্ক্যাদিসংবাদেন শ্রুত্যা প্রতিপাদিতম্ ॥ ৫১ ॥

আনন্দময় আত্মা নহে। দেহাদি কখনই আত্মা হইতে পারে না। কারণ যে পদার্থ আত্মা নহে সে পদার্থ নিত্য নহে। ৪৯।

যেরূপ বিষম প্রদেশে ইচ্ছানুসারে সঞ্চরণশীল অশ্বদিগকে অশ্বধারণ রজ্জু (লাগাম) দ্বারা উত্তম-রূপে ফিরাইয়া কোন বন্ধনস্তম্ভে (খোঁটাতে) বাঁধিয়া রাখিতে হয়, সেরূপ বিষম বিষয়রূপ প্রদেশে যদৃচ্ছা ক্রমে সঞ্চরণ শীল ইন্দ্রিয়রূপ অশ্ব-দিগকে, সমস্ত বস্তুর দোষদর্শন রূপ কশাঘাত দ্বারা ও মনোবৃত্তি রূপ অশ্বধারণ রজ্জু দ্বারা জ্ঞানী গণ যে পরমাত্মতত্ত্বে বাঁধিয়া রাখে, সেই পরমার্থ তত্ত্ব আপনি। বেদেতেও ঐরূপ আছে, যথাঃ— “আত্মাকে রথী, শরীরকে রথ, বুদ্ধিকে সারথি, ম-নকে অশ্বধারণ রজ্জু, চক্ষুঃ-শ্রোত্রাদি ইন্দ্রিয় সমূহকে অশ্ব অর্থাৎ (সমস্ত ইন্দ্রিয়ের গোচর বিষয় সক-লকে অশ্ব) বলিয়া সকলে নির্দ্দেশ করিয়া থাকেন। যে ব্যক্তি সর্ব্বদা নিযুক্ত চিত্ত দ্বারা সকল কার্য্যে জ্ঞানবান্ আছেন, (সারথির সৎ অশ্ব সকল যেরূপ বশীভূত) তদ্রূপ ঐ ব্যক্তির সমস্ত ইন্দ্রিয় বশীভূত হইয়া থাকে” ॥ ৫০ ॥

পুরুষ এবেদমিত্যাদিবেদেষু সর্ব্বকারণতয়া সত্য। সার্ব্বাত্ম্যং হাটকস্যেব মুকুটাদি তাদাত্ম্যং সরসমাম্নায়তে তত্ত্বমসি তত্ত্বম্॥ ৫২॥

কিঞ্চ পুরুষ এবেদং সর্ব্বং যদ্ভূতং যচ্চভব্যং সর্ব্বং খল্বিদং ব্রহ্ম তজ্জলান্ সদেব সৌম্যেদমেকমেবাদ্বিতীয়মৈতদাত্ম্যমিদং সর্ব্বং যথা সৌম্যেকেন লোহমণিনা সর্ব্বং লোহময়ং বিজ্ঞাতং

পণ্ডিতেরা পুষ্পমালার অন্তর্গত সূত্রকে যেরূপ একবার দেখিয়া পুষ্প হইতে পুনরায় পৃথক্ করিয়া জানেন, তদ্রূপ জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্তি এই তিনপ্রকার উপাধি বা অবস্থায় আত্মা গ্রথিত থাকিলে ও পণ্ডিতেরা, যে আত্মাকে ঐ তিনপ্রকার উপাধি হইতে পৃথক্ করিয়া জানেন ;- আপনিই সেই পরমার্থতত্ত্ব। বেদে জনক ও যাজ্ঞবল্ক্য সংবাদে এই বিষয়টী স্পষ্ট কথিত হইয়াছে। ৫১।

"পুরুষ এবেদং সর্ব্বং যদ্ভূতং যচ্চ ভব্যং সর্ব্বং খল্বিদং ব্রহ্ম তজ্জলান্। সদেব সৌম্যেদমেকমেবাদ্বিতীয়মৈতদাত্ম্যমিদং সর্ব্বং যথা সৌম্যেকেন লোহমণিনা সর্ব্বং লোহময়ং বিজ্ঞাতং স্যাৎ বাচারম্ভণং বিকারো নামধেয়ং লোহমিত্যেব সত্যম্" অর্থাৎ ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান এ সমুদয়ই আত্মময়। তাহা হইতে জাত, তাহাতেই লীন এবং তাহাদ্বারাই জীবন ধারণ হওয়াতে এ সমুদয় জগৎ ব্রহ্মময়। এই সমস্ত দৃশ্যমান বস্তু আত্মময়। হে সৌম্য! যেরূপ একটী অয়স্কান্ত মণি জানিলে সমস্ত লোহময় বলিয়া জানা যায়, রাম, শ্যাম, হরি, কৃষ্ণ ইত্যাদি নাম সকল বিকার মাত্র, কেবল লৌহ সত্যবস্তু। ইত্যাদি বেদ

যশ্চাহমত্র বর্ষ্মণি ভামি সোঽসৌ যোঽসৌ বিভাতি রবিমণ্ডলে সোঽহমিতি। বেদবেদিনো ব্যতিহারতো যদধ্যাপয়ন্তি যত্নতঃ তত্ত্বমসি তত্ত্বম্॥ ৫৩॥

স্যাদ্বাচারম্ভণং বিকারো নামধেয়ং লোহমিত্যেব সত্যমিত্যাদি বেদেষু সর্ব্বকারণতয়া সুবর্ণস্য যথা কটকমুকুটাদিতাদাত্ম্যং সরসং যথা স্যাৎ তথা আম্নায়তে উপক্রমোপসংহারাবভ্যাসোঽপূর্ব্বতাফলং, অর্থবাদোপপত্তিশ্চ লিঙ্গান্যেতানি ষট্ ক্রমাদি ত্যুক্তষড়্বিধতাৎপর্য্যলিঙ্গৈঃ স্বারস্যেনোপদিশ্যতে তত্ত্বমস্ত্বমসি॥ ৫২॥

কিঞ্চ যশ্চাহমস্মিন্ শরীরে বিভামি সোঽসৌরবিমণ্ডলস্থো ঽস্তি যোঽসৌ রবিমণ্ডলে বিভাতি সোঽহমস্মীত্যেবং ব্যতিহারেণ বেদবাদিনঃ প্রযত্নতো যত্তত্ত্বমধ্যাপয়ন্তি তত্ত্বত্ত্বমসি। তথা চ শ্রুতিঃ তদ্যত্তৎসত্যং অসৌ স আদিত্যো এষ য এতস্মিন্ মণ্ডলে পুরুষো যশ্চায়ং দক্ষিণেক্ষন্ পুরুষস্তাবেতাবন্যোন্যস্মিন প্রতিষ্ঠিতাবিত্যাদ্যা॥ ৫৩॥

বচন দ্বারা সুবর্ণ যেরূপ কটক, কুণ্ডল ও মুকুটাদি অলঙ্কারের কারণ রূপে কটক মুকুটাদির আত্মা হয়, তদ্রূপ আত্মাও সমস্ত বস্তুর আত্মা ও সমস্ত বস্তুর কারণ বলিয়া উক্ত হইয়াছে। আত্মা যে সমস্ত বস্তুর কারণ ও আত্মা, ইহা সুন্দররূপে বেদে কথিত হইয়াছে। উপক্রম, উপসংহার, অভ্যাস, অপূর্ব্বতাফল, অর্থবাদ ও উপপত্তি এই ছয় প্রকার লিঙ্গ। এই ছয় প্রকার তাৎপর্য্য চিহ্ন দ্বারা বেদে যে আত্মার উল্লেখ করা হইয়াছে, সেই পরমার্থতত্ত্ব আপনি। ৫২।

"যে আমি এই শরীরে দীপ্তিমান্, সেই লোক রবিমণ্ডলে অবস্থিত। যে বস্তু সূর্য্যমণ্ডলে বিদ্যমান, সেই বস্তুই আমি।" এইরূপে বেদবাদীরা

বেদানুবচনসদ্দানমুখধর্ম্মৈঃ শ্রদ্ধয়ানুষ্ঠিতৈর্বিদ্যয়া যুক্তৈঃ। বিবিদিষন্ত্যত্যন্তবিমলস্বান্তা ব্রাহ্মণা যদ্ ব্রহ্ম তত্ত্বমসি তত্ত্বম্ ॥ ৫৪ ॥

কিঞ্চ বেদানুবচনসদ্দানযজ্ঞতপোহিতমেধ্যাশনাদিধর্ম্মৈঃ শ্রদ্ধয়াঽনুষ্ঠিতৈঃ বিদ্যয়োপাসনয়াচ যুক্তৈরত্যন্তনির্ম্মলানীন্দ্রিয়াণি যেষাং তে ব্রাহ্মণা যদ্ ব্রহ্ম বিবিদিষন্তি বেদিতুমিচ্ছন্তি তত্ত্বত্বমসি। তথা চ শ্রুতিঃ, তমেতং বেদানুবচনেন ব্রাহ্মণা বিবিদিষন্তি যজ্ঞেন দানেন তপসা নাশকেন যদ্বিদ্যয়োপনিষদা করোতি তদ্বীর্য্যবত্তরং ভবতি দানাদেঃ তত্ত্বস্ত ভগবতোক্তং সাত্বিকত্ববেদানুবচনাদেঃ প্রজ্বলিতার্দ্ধশিরস্কস্য জলরাশিপ্রবেশেচ্ছাবদুৎকটেচ্ছাপ্রতিকরণত্বং ন তু সামান্যেচ্ছাং প্রতি অজাগলস্তনায়মানায়াস্তস্যাঃ পূর্ব্বমেব সিদ্ধত্বাৎ যদ্বাঽশ্বেন জিগমিষতীত্যত্র গমনং প্রত্যশ্বস্যেব জ্ঞানং প্রত্যেব করণত্বমস্ত ॥ ৫৪ ॥

যত্নসহকারে যে তত্ব অধ্যাপনা করিয়া থাকেন, সেই পরমার্থ বস্তু আপনি। বেদে আছে—"তদ্ যৎ তৎ সত্যং অসৌ স আদিত্যো এষ য এতস্মিন্ মণ্ডলে পুরুষো যশ্চায়ং দক্ষিণেক্ষন্ পুরুষ স্তাবেতা বন্যোন্যস্মিন্ প্রতিষ্ঠিতৌ" যাহা সে বস্তু তাহা সত্য। এই মণ্ডলে যে পুরুষ ঐ সেই বস্তুই আদিত্য। দক্ষিণ দিকে যে পুরুষ সমস্ত বস্তু দর্শন করিতেছেন, এই দুই জন পরস্পর, পরস্পরের উপর প্রতিষ্ঠিত। ৫৩।

যাঁহাদিগের অন্তঃকরণ ও ইন্দ্রিয় সকল একান্ত নির্ম্মল, সেই সমস্ত ব্রাহ্মণেরা শ্রদ্ধাপূর্ব্বক আচরিত এবং উপাসনা দ্বারা যুক্ত বেদানুশাসন, সৎপাত্রে দান, যজ্ঞ, তপস্যা, হিতকার্য্য, পবিত্রবস্তু ভক্ষণ প্রভৃতি ধর্ম্মকর্ম্ম দ্বারা যে ব্রহ্মকে

শমদমোপরমাদিসাধনৈর্ধীরাঃ স্বাত্মনাত্মনি যদন্বিষ্য কৃতকৃত্যাঃ। অধিগতামিতসচ্চিদানন্দরূপা ন পুনরিহ খিদ্যন্তি তত্ত্বমসি তত্ত্বম্ ॥ ৫৫ ॥

কিঞ্চ শমদমোপরমক্ষান্তিসমাধিশ্রদ্ধালক্ষণৈঃ সাধনৈঃ স্বাত্মরূপেণাত্মনি বুদ্ধৌ যদন্বিষ্য সাক্ষাৎকৃতং সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্ম বিজ্ঞানমানন্দং ব্রহ্মেত্যাদিস্বরূপং যৈস্তে কৃতকৃত্যাঃ সন্তঃ পুনরিহ সংসারে জন্মমরণাদিলক্ষণং খেদং নাপ্নুবন্তি। তত্ত্বমসি তথা চ শ্রুতিঃ। শান্তো দান্ত উপরতস্তিতিক্ষুঃ সমাহিত আত্মন্যেবাত্মানং পশ্যেদিতি শ্রদ্ধান্বিতো ভূত্বেতি চ যদ্বৈতাঃ শিষ্যাণাং পৃথক্ পৃথগুক্তয় ইতি বোধ্যম্ ॥ ৫৫ ॥

জানিতে ইচ্ছা করেন, সেই পরমার্থবস্তু আপনি। বেদে আছে—"তমেতং বেদানুবচনেন ব্রাহ্মণা বিবিদিষন্তি যজ্ঞেন দানেন তপসা নাশকেন যদ্বিদ্যয়োপনিষদা করোতি তদ্ বীর্য্যবত্তরং ভবতি" সেই সর্ব্বব্যাপী সর্ব্বময় ব্রহ্মকে ব্রাহ্মণেরা নাশকারী যজ্ঞ, দান ও তপস্যা দ্বারা জানিতে ইচ্ছা করেন। লোকে জ্ঞান এবং উপনিষদ্ দ্বারা যাহা করিয়া থাকে, তাহা অপেক্ষা কৃত বীর্য্যশালী হয় ॥ ৫৪ ॥

পণ্ডিতেরা শম, দম, উপরতি, ক্ষমা, সমাধি ও শ্রদ্ধা প্রভৃতি সাধন দ্বারা স্বীয় আত্মভাবে, স্বীয় বুদ্ধিতে যাহা অন্বেষণ করিয়া (সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্ম বিজ্ঞান মানন্দং ব্রহ্ম) ইত্যাদি বেদ বোধিত ব্রহ্মকে সাক্ষাৎকার করিয়া কৃতকৃতার্থ হয় এবং অনন্ত, সৎ, চিৎ, আনন্দ স্বরূপ ব্রহ্মকে জানিতে পারেন। যাহারা ব্রহ্মসাক্ষাৎ কার করিয়াছেন, তাহাদের আর পুনরায় এই সংসারে জন্ম কি

অবিগীতমেবং নরপতিরাকর্ণ্য বর্ণিতাত্মার্থম্।
বিসসর্জ্জ পূরিতাশানেতান্নির্জ্ঞাতকর্ত্তব্যঃ ॥ ৫৬ ॥

উদ্বোধিতঃ সদসি তৈরবলম্ব্য মূর্চ্ছাং নির্গত্য রাজতনুতো নিজমাবিবেশ। গাত্রং পুরোদিতনয়েন স দেশিকেন্দ্রঃ সংজ্ঞামবাপ্য চ পুরেব সমুত্থিতোঽভূৎ ॥ ৫৭ ॥

এবমবিগীতমনিন্দিতং বর্ণিতাত্মবস্তু শ্রুত্বা অর্থো বিষয়ঃ অর্থো বিষয়ধনকারণবস্তুষু ইতি কোষঃ, নির্জ্ঞাতং কর্ত্তব্যং যেন স নৃপতিঃ পূরিতা আশায়েষাং তানেতান্ শিষ্যান্ বিসসর্জ্জ, আদ্যা দ্বিতীয়েঽর্দ্ধেহগদিতং লক্ষণং তৎস্যাৎ। যদ্যুভয়োরপি দলয়োরুপগীতিস্তাং মুনির্ব্রূতে ॥ ৫৬ ॥

সভায়াং তৈঃ পদ্মপাদাদিভিরুদ্বোধিতোমূর্চ্ছামবলম্ব্য পূর্ব্বোক্তন্যায়েন রাজশরীরান্নির্গত্য নিজশরীরমাবিবেশ। স দেশিকেন্দ্রং সংজ্ঞাং চেতনামবাপ্য চ পুনরুত্থিতোঽভূৎ ব০ ॥৫৭ ॥

মরণ জন্য খেদ পাইতে হয় না। বেদে আছে "শান্তো দান্ত উপরতস্তিতিক্ষুঃ সমাহিত আত্মন্যেবাত্মানং পশ্যেৎ" শম, দম, উপরম প্রভৃতি গুণযুক্ত এবং ক্ষমাবান্ ও সমাধিনিষ্ঠ হইয়া আত্মাতে আত্মদর্শন করিবে। ৫৫।

এইরূপে শিষ্যদের নিকট হইতে অনিন্দনীয় আত্মবস্তু শ্রবণ করিয়া ঐ নৃপতি আপনার কর্ত্তব্য বিষয় জানিতে পারিলেন। পরে শিষ্যদের আশা পূর্ণ করিয়া তাহাদিগকে পরিত্যাগ করিলেন। ৫৬।

সভামধ্যে পদ্মপাদাদি শিষ্যগণ তাঁহাকে উদ্বোধন করাইলে তিনি মূর্চ্ছা অবলম্বন পূর্ব্বক (যে নিয়মে রাজশরীরে প্রবেশ করেন) সেই নিয়মানুসারে রাজশরীর হইতে নির্গত হইয়া নিজশরীরে

তদনু কুহরমেত্য পূর্ব্বদৃষ্টং নরপতিভৃত্যবিসৃষ্টপাবকেন। নিজবপুরবলোক্য দহ্যমানং ঝটিতি স যোগধুরন্ধরো বিবেশ ॥ ৫৮ ॥

সপদি দহনশান্তয়ে মহান্তং নরমৃগরূপমধোক্ষজং শরণ্যম্। স্তুতিভিরধিকলালসৎপদাভিস্ত্বরিতমতোষয়দাত্মবিৎপ্রধানঃ ॥ ৫৯ ॥

নন্বু রাজভৃত্যবিসৃষ্টাগ্নিনা দহ্যমানং শরীরং কথং বিবেশেত্যাশঙ্ক্যাহ। তস্যাৎ রাজতনুতো নির্গমনাৎ পশ্চাৎ পূর্ব্বদৃষ্টং গুহাচ্ছিদ্রমেত্য নরপতিভৃত্যবিসৃষ্টপাবকেন দহ্যমানং নিজশরীরমবলোক্য যতো যোগধুরন্ধরোঽতো ঝটিতি বিবেশ পুষ্পিতাগ্রা ॥৫৮॥

এবমপি দহনং কথং শমিতবানিত্যাকাঙ্ক্ষায়ামাহ। সপদি তৎক্ষণে আত্মবিৎপ্রধানঃ শ্রীশঙ্করাচার্য্যঃ দহনস্য শান্তয়ে মহান্তং শরণে সাধুং নরসিংহরূপমধোক্ষজমধোঽক্ষিজন্যং জ্ঞানং যস্মাত্তং বিষ্ণুং অধিকং কলাভির্লসন্তি পদানি যাসু তাভিঃ স্তুতিভিঃ শীঘ্রমতোষয়ৎ। তথাহি শ্রীমৎপয়োনিধিনিকেতন চক্রপাণে ভোগীন্দ্রভোগমণিরঞ্জিতপুণ্যমূর্ত্তে। যোগীশ শাশ্বত শরণ্য ভবাব্ধিপোত লক্ষ্মীনৃসিংহ মম দেহি করাবলম্বম্ (১) ব্রহ্মেন্দ্ররুদ্রমরুদর্ককিরীটকোটিসংঘট্টিতাঙ্ঘ্রিকমলামলকান্তিকান্ত। লক্ষ্মী-

---

প্রবেশ করেন। অনন্তর গুরুবর শঙ্কর চেতনা পাইয়া পূর্ব্বমতন শীঘ্র উত্থিত হইলেন। ৫৭।

রাজশরীর হইতে নির্গত হইবার পর পূর্ব্বে যে গুহাছিদ্র দেখিয়াছিলেন, তাহার নিকটে আসিয়া (ভূপতির ভৃত্যগণ অগ্নিদানে যে শরীর দগ্ধ করিয়াছিল) আপনার ঐ দগ্ধ কলেবর দেখিয়া শঙ্কর যোগীবর বলিয়া শীঘ্র নিজ কলেবরে প্রবেশ করেন ॥ ৫৮ ॥

ঐ সময়ে আত্মজ্ঞানীর অগ্রগণ্য শঙ্কর অগ্নি

নরহরিকৃপয়া ততঃ প্রশান্তে প্রবলতরে স হুতা-

লসৎকুচসরোরুহরাজহংস ল° (২) সংসারঘোরগহনে চরতো মুরারে মারোগ্রভীকরমৃগপ্রবরার্দ্দিতস্য। আর্ত্তস্য মৎসরনিদাঘনিপীড়িতস্য ল° (৩) সংসারকূপমতিঘোরনিদাঘমূলং সম্প্রাপ্য দুঃখশতসর্পসমাকুলস্য। দীনস্য দেব কৃপণাপদমাগতস্য ল°(৪) সংসারসাগরবিশালকরালকালনক্রগ্রহগ্রসজনিগ্রহবিগ্রহস্য। ব্যগ্রস্য রাগরসনোর্ম্মিনিপীড়িতস্য ল° (৫) সংসারবৃক্ষমঘবীজমনন্তকর্ম্মশাখাশতং করণপত্রমনঙ্গপুষ্পম্। আরুহ্য দুঃখফলিতং পততো দয়ালো ল° (৬) সংসারসর্পঘনবক্ত্রভয়োগ্রতীব্রদংষ্ট্রাকরালবিষদগ্ধবিনষ্টমূর্ত্তেঃ। নাগারিবাহন সুধাব্ধিনিবাসশৌরে ল° (৭) সংসারদাবদহনাকুরভীকরোরুজ্বালাবলীভিরতিদগ্ধতনূরুহস্য। ত্বৎপাদপদ্মসরসীশরণাগতস্য ল° (৮) সংসারজালপতিতস্য জগন্নিবাস সর্ব্বেন্দ্রিয়ার্থবড়িশার্দ্ধঝষোপমস্য। প্রোৎখণ্ডিতপ্রচুরতালুকমস্তকস্য ল° (৯) সংসারভীকরকরীসকলাভিঘাতনিষ্পিষ্টমর্ম্মবপুষঃ সকলার্ত্তিনাশ। প্রাণপ্রয়াণভবভীতিসমাকুলস্য ল° (১০) অন্ধস্য মে হৃতবিবেকমহাধনস্য চৌরৈঃ প্রভো বলিভিরিন্দ্রিয়নামধেয়ৈঃ। মোহান্ধকূপকুহরে বিনিপাতিতস্য ল° (১১) লক্ষ্মীপতে কমলনাভ সুরেশ বিষ্ণো বৈকুণ্ঠ কৃষ্ণ মধুসূদন পুষ্করাক্ষ ব্রহ্মণ্য কেশব জনার্দ্দন বাসুদেব দেবেশ দেহি কৃপণস্য করাবলম্বমিতি (১২) ॥ ৫৯ ॥

নিবারণের নিমিত্ত শাস্ত্রানুসারে অর্থযুক্ত পদ বিশিষ্ট স্তববাক্যে শরণাগতবৎসল নরসিংহরূপী বিষ্ণুকে সন্তুষ্ট করিলেন ॥ ৫৯ ॥

যথা—"আপনার সমুদ্রই নিকেতন; আপনার হস্ত চক্র; অনন্তসর্পের ফণামণ্ডলস্থিত মণিদ্বারা আপনার পবিত্র মূর্ত্তি সুরঞ্জিত; আপনি যোগিবর; আপনি নিত্য; আপনি শরণাগত পালক; আপনি ভবার্ণবের নৌকা; হে লক্ষ্মীকান্ত! অতএব আপনি আমাকে হস্তদ্বারা আলম্বন করুন। ব্রহ্মা, ইন্দ্র, শিব, বায়ু, সূর্য্য ইহাঁদের মুকুটের অগ্রভাগ দ্বারা আপনার অমল চরণ কমল নিয়ত স্পৃষ্ট হওয়াতে এবং ঐ সকল মুকুট প্রভায় আপনার চরণযুগল অনির্ব্বচনীয় শোভা ধারণ করিয়া থাকে। আপনি কমলাদেবীর মনোহর কুচপদ্মের রাজহংস। অতএব হে লক্ষ্মীকান্ত! ইত্যাদি। হে মুরারে? আমি সংসাররূপ ঘোর বনে নিয়ত সঞ্চরণ করিয়া থাকি; ভয়ানক কামসিংহ আমাকে সর্ব্বদা পীড়ন করিয়া থাকে; আমি অত্যন্ত আর্ত্ত এবং মাৎসর্য্য রূপ গ্রীষ্ম দ্বারা অত্যন্ত পীড়িত। অতএব হে লক্ষ্মীকান্ত! ইত্যাদি। আমি ঘোর কষ্টের মূল সংসারকূপ যেমন পাইয়াছি অমনি শত শত দুঃখ, সর্পের মতন আসিয়া আকুল করিতেছে। হে দেব! আমি দীন ও কঠিন বিপদে নিপতিত। অতএব হে লক্ষ্মীকান্ত! ইত্যাদি। সংসার সাগরের বিশাল ও ভয়ানক কালকুম্ভীর প্রভৃতি কালজন্তু সকল আমার দেহে ভয় উৎপন্ন করিতেছে; বিষয়াভিলাষ রূপ তরঙ্গ সকল আমাকে ব্যস্ত করাতে আমি অতিশয় বিপন্ন হইয়াছি। অতএব হে লক্ষ্মীকান্ত! ইত্যাদি। পাপ যাহার বীজ, অনন্ত কর্ম্ম সকল যাহার শত শত শাখা প্রশাখা; ইন্দ্রিয় গ্রাম যাহার পত্র; কাম যাহার সুন্দর পুষ্প; দুঃখ যাহার ফল; আমি এরূপ ভয়ানক সংসার বৃক্ষে আরোহণ করিয়া পতিত হইতেছি। অতএব হে লক্ষ্মীকান্ত! ইত্যাদি। সংসাররূপ সর্পের ভয়ানক মুখ এবং ভয়ানক তীক্ষ্ণ দশন ও ভীষণ বিষজ্বালায় আমার শরীর অতিশয় মুমূর্ষু হইয়াছে। হে কৃষ্ণ! সর্পনাশক গরুড় আপনার বাহন; সুধাসমুদ্রে আপনার বাস। অতএব হে লক্ষ্মীকান্ত! ইত্যাদি।

আমার অঙ্গ সকল সংসার দাবানলে উৎপীড়িত এবং ঐ দাবানলের প্রচণ্ড ভীষণ স্ফুলিঙ্গে দগ্ধ হইতেছে। এক্ষণে আপনার পাদপদ্ম-রূপ সরোবরের নিকটে শরণাগত হইলাম। অতএব হে লক্ষ্মীকান্ত! ইত্যাদি। হে জগদীশ্বর! আমি সংসার জালে জড়িত; সমস্ত ইন্দ্রিয় ও ইন্দ্রিয়ভোগ্য বস্তু সকল বড়িশের তুল্য; আমি ঐ বড়িশে অর্দ্ধেক মৎস্যের মতন হইয়াছি। আমার তালু ও মস্তক ঐ বড়িশ দ্বারা অত্যন্ত খণ্ডিত হইতেছে। অতএব হে লক্ষ্মীকান্ত! ইত্যাদি। সংসাররূপ ভীষণ হস্তীসমূহ যেরূপ আঘাত করিতেছে, তাহা দ্বারা আমার মর্ম্ম ও শরীর একেবারে চূর্ণ হইতেছে। প্রাণ বহির্গত হইবে বলিয়া যে ভয় উৎপন্ন হইয়াছে, আমি তাহা দ্বারা আকুল। হে সকলবিপদ্ভিভঞ্জন! হে লক্ষ্মীকান্ত! অতএব ইত্যাদি। হে প্রভো! আমি অন্ধ। চক্ষু কর্ণ প্রভৃতি বলবান্ চোর সকল আমার যে বিবেক নামে মহাধন ছিল, তাহা অপহরণ করিয়াছে। অবশেষে ঐ দুষ্ট চোরগণ আমাকে

শনে প্রবিষ্টঃ। নিরগমদচলেন্দ্রকন্দরান্তাদ্বিধুরিব বক্ত্রবিলাদ্বিতুন্তদস্য ॥ ৬০ ॥

তদনু শমধনাধিপো বিনেয়ৈশ্চিরবিরহাদতিবর্দ্ধমানহার্দ্দৈঃ। সনক ইব বৃতঃ সনন্দনাদ্যৈর্জিগমিষুরাজনি মণ্ডনস্য গেহম্ ॥ ৬১ ॥

ততশ্চ নরহরিকৃপয়া প্রবলতরে হুতাশনে প্রকর্ষেণ শান্তে সতি তস্মিন্ গুহায়াং বা প্রবিষ্টঃ স শ্রীশঙ্করো গিরীন্দ্রকন্দরামধ্যান্নিরগমৎ। বিধুন্তুদতি হিনস্তীতি বিধুন্তুদো রাহুস্তস্য মুখলক্ষণাদ্বিলাচ্ছশীব ॥ ৬০ ॥

ততঃ পশ্চাদ্বিরহাদতিবর্দ্ধমানসৌহার্দ্দৈঃ শিষ্যৈঃ সনন্দনাদ্যৈরাবৃতঃ সনক ইব শমধনাধিপো মণ্ডনস্য গেহং গন্তুমিচ্ছুরাজনি সমাগভবৎ ॥ ৬১ ॥

অনন্তর নরসিংহের কৃপায় ঐ প্রবলতর অনল নির্ব্বাণ হইলে গিরিগুহার মধ্যে প্রবেশ করিয়া রাহুর মুখছিদ্র হইতে শশধরের ন্যায় শঙ্কর পুনরায় গিরিগুহা মধ্য হইতে বহির্গত হইলেন। ৬০।

তৎপরে বহুদিন বিরহের পর গুরুদেবের দর্শনে শিষ্যগণের সৌহৃদ্য অত্যন্ত বাড়িয়া উঠিল। শান্তিরসের একমাত্র আশ্রয় শঙ্কর, সনন্দনাদি শিষ্য বেষ্টিত সনক ঋষির ন্যায় শিষ্য বেষ্টিত হইয়া মণ্ডনের গৃহে গমন করিতে মনন করিলেন। ॥ ৬১ ॥

মোহরূপ অন্ধকূপে নিক্ষেপ করিয়া গিয়াছে। অতএব হে লক্ষ্মীকান্ত! ইত্যাদি। হে লক্ষ্মীপতে! হে পদ্মনাভ! হে সুরেশ! হে বিষ্ণো! হে বৈকুণ্ঠ! হে কৃষ্ণ! হে মধুসূদন! হে কমলাক্ষ! হে ব্রহ্মণ্য! হে কেশব! হে জনার্দ্দন! হে বাসুদেব! হে দেবেশ! এই অধীন ও কাতর জনে হস্তাবলম্বন দান করুন।"

তদনু সদনমেত্য পূর্বদৃষ্টং গগনপথাদ্‌গলিতক্রিয়াভিমানম্। বিষয়বিষনিবৃত্ততর্ষমুচ্চৈরতনুতমণ্ডনমিশ্রমক্ষিপাত্রম্ ॥ ৬২ ॥

তং সমীক্ষ্য নভসশ্চ্যুতং স চ প্রাঞ্জলিঃ প্রণত পূর্ববিগ্রহঃ। অর্হণাভিরভিপূজ্য তস্থিবানীক্ষণৈরনিমিষৈঃ পিবন্নিব ॥ ৬৩ ॥

স বিশ্বরূপো বত সত্যবাদী পপাত পাদাম্বুজয়ো

তদনু গমনমার্গেণ পূর্ব্বদৃষ্টং মণ্ডনগেহমেত্য গলিতক্রিয়াভিমানং যতো বিষশলক্ষণরবিষান্নিবৃত্তাভিলাষঃ মণ্ডনমিশ্রমুচ্চৈরক্ষিপাত্রমকৃত ॥ ৬২ ॥

আকাশাদবতীর্ণস্তং শ্রীশঙ্করং সম্যক্ পরপ্রেম্ণা দৃষ্ট্বা স চ মণ্ডনঃ প্রাঞ্জলিঃ পুনশ্চ প্রকর্ষেণ নম্রীকৃতঃ পূর্ব্ববিগ্রহঃ শিরোভাগো যেন স যোগ্যাভিঃ পূজাভিরভিপূজ্যানিমিষৈরীক্ষণৈঃ পিবন্নিব তস্থিবান্ রথোদ্ধতা ॥ ৬৩ ॥

গৃহং শরীরং যচ্চান্যন্মদীয়ং তৎসর্ব্বং তবেতিবাদী কিং ভয়েন নেত্যাহ মুদিতো যতো মহাত্মাঽকুদ্রস্বভাবঃ স বিশ্বরূপো

অনন্তর আকাশ পথে গমন করিয়া পূর্ব্ব দৃষ্ট মণ্ডনের গৃহে উপস্থিত হইলেন। দেখিলেন মণ্ডনের আর যাগ যজ্ঞ ক্রিয়ার উপর অভিমান কি আস্থা নাই; বিষয় বিষ হইতে অভিলাষ একেবারে নিবৃত্ত হইয়াছে ॥ ৬২ ॥

আকাশ হইতে শঙ্করকে অবতীর্ণ হইতে দেখিয়া মণ্ডন কৃতাঞ্জলি ও অবনতমস্তকে সমুচিত পূজা দ্বারা পূজা করিয়া অনিমিষ নয়নে যেন তাঁহাকে পান (দর্শন) করিবার নিমিত্ত কিছুকাল অবস্থান করিলেন ॥ ৬৩ ॥

"গৃহ, শরীর, অন্য আর যে সমস্ত কিছু আমার আছে এ সমুদায়ই আপনার।" এই কথা

র্যতীশঃ। গৃহং শরীরং মম যচ্চ সর্ব্বং তবেতিবাদী মুদিতো মহাত্মা ॥ ৬৪ ॥

প্রেয়সা প্রথমমর্চিতং মুনিং প্রাপ্তবিষ্টরমুপস্থিতং বুধৈঃ। প্রশ্রয়াবনতমূর্ত্তিরব্রবীচ্ছারদাঽভিবদনে বিশারদা ॥ ৬৫ ॥

ঈশানঃ সর্ব্ববিদ্যানামীশ্বরঃ সর্ব্বদেহিনাম্। ব্রহ্মণোঽধিপতির্ব্রহ্মন্! ভবান্ সাক্ষাৎ সদাশিবঃ ॥ ৬৬ ॥

যন্তীনীষ্ট ইতি যতীট্ তস্য পদকমলয়োঃ পপাত বতেতি হর্ষে উপেন্দ্রবজ্রা ॥ ৬৪ ॥

এবং মণ্ডনকৃতং সৎকারমুপবর্ণ্য শারদাবাক্যমুদাহর্ত্তুমাহ। অতিপ্রিয়েণ পত্যা প্রথমং পূজিতং প্রাপ্তাসনং বুধৈঃ সহ সমীপে স্থিতং মুনিং প্রশ্রয়েণ প্রেম্না প্রণতমূর্ত্তিরভিকথনেঽতিকুশলা-সরস্বতী অব্রবীৎ রথো° ॥ ৬৫ ॥

তদুদাহরতি। ঈশানঃ সর্ব্ববিদ্যানামীশ্বরঃ সর্ব্বভূতানাং ব্রহ্মাধিপতিরিত্যাদিমন্ত্রপ্রতিপাদিতঃ সদাশিবো হে ব্রহ্মন্! সাক্ষাদ্ ভবানিত্যর্থঃ ॥ ৬৬ ॥

বলিয়া আনন্দিত ও উদারচেতা বিশ্বরূপ (মণ্ডন) যতিপতি শঙ্করের পদকমলে পতিত হইল ॥৬৪॥

মণ্ডন শঙ্করের এইরূপ পূজা করিবার পর আসনোপবিষ্ট এবং পণ্ডিতমণ্ডলীর সহিত নিকট-স্থিত শঙ্করকে প্রেমসহকারে নতমস্তক হইয়া বাক্য কুশলা সরস্বতী দেবী বলিতে লাগিলেন। ৬৫।

হে ব্রহ্মন্! আপনি সকল বিদ্যার ঈশ্বর; আপনি সকল জীবের অধিপতি; বেদমন্ত্রে উক্ত হইয়াছে, আপনি ব্রহ্মারও ঈশ্বর, অতএব সকল প্রকারে আপনি যে সাক্ষাৎ সদাশিব তাহাতে আর সংশয় নাই। ৬৬।

সদসি মামবিজিত্য তথৈব যন্মদনশাসনকামকলাস্বপি। তদববোধকৃতে কৃতিমাচরস্তদিহ মর্ত্ত্যচরিত্রবিড়ম্বনম্ ॥ ৬৭ ॥

ত্বয়া যদাবাং বিজিতৌ পরাত্মন্! ন তৎ ত্রপামাবহতীড্য! সর্ব্বথা। কৃতাভিভূতি র্ন ময়ূখশালিনা নিশাকরাদেরপকীর্ত্তয়ে খলু ॥ ৬৮ ॥

নমু কামশাস্ত্রোক্তৎকলাসু ত্বামপরিজিত্য তদ্বিজ্ঞানার্থং যত্নং কৃতবন্তং মাং কথমেবং বদসীতি চেত্তত্রাহ। সদসি মামবিজিত্য তথৈব বৎকামশাস্ত্রে যাস্তৎকলাঃ কামকলাস্তাস্বপি তৎকলাববোধার্থং যত্নমাচরিতবানসি। তন্মনুষ্য চরিত্রানুকরণমাত্রমিত্যর্থঃ দ্রুত° ॥ ৬৭ ॥

স্বপরাজয়স্তাবয়ো র্লজ্জাহেতু র্ন ভবতীত্যাহ। ত্বয়া যদাবাং বিজিতৌ তৎ সর্ব্বথাঽপি লজ্জাং নাবহতি। নমু ব্রহ্মণা সহিতায়াঃ সরস্বত্যাস্তৎ ত্রপাবহং কথং ন ভবতীতি চেৎ ব্রহ্মাদিভিরপি স্তুত্যা ত্বত্তঃ পরাজয়ো ন তৎকর ইত্যাহ। হে ঈড্য! তত্বং কুত ইত্যত আহ পরাত্মন্নিতি। তত্র দৃষ্টান্তমাহ যথা সহস্রভানুনা দিবাকরেণ কৃতাভিভূতিরভিভবশ্চন্দ্রাদেরপকীর্ত্তয়ে ন ভবতীতি প্রসিদ্ধং তদ্বদিত্যর্থঃ উপে° ॥ ৬৮ ॥

অধিক কি—সভামধ্যে আমাকে জয় না করিয়া (কামশাস্ত্রে যত কাম কলা আছে, তাহা জানিবার জন্য যে আপনি যত্ন করিয়াছেন) তাহা কেবল মানব চরিত্রের অনুকরণ করা মাত্র। ৬৭।

আপনি যে আমাদের দুইজনকে জয় করিয়াছেন তাহা লজ্জাজনক কার্য্য নহে। আপনি বিবেচনা করিয়া দেখুন, ব্রহ্মাদি দেবগণ আপনাকে সর্ব্বদা স্তব করিয়া থাকে। অতএব হে পরমাত্মন্! দিবাকরের তেজে চন্দ্রাদি তৈজস পদার্থের অভিভব হইলেও তাহাতে চন্দ্রাদির কোন অকীর্ত্তি হয় না। ৬৮।

আদাবাত্ম্যং ধাম কামং প্রয়াস্যাম্যর্হন্স্বচ্ছং মা-মনুজ্ঞাতুমর্হন্!। ইত্যামন্ত্র্যান্তর্হিতাং যোগশক্ত্যা পশ্যন্ দেবীং ভাষ্যকর্ত্তা বভাষে ॥ ৬৯ ॥

জানামি ত্বাং দেবি! দেবস্য ধাতুর্ভার্য্যামিষ্টা-মষ্টমূর্ত্তেঃ সগর্ভ্যাম্। বাচামাদ্যাং দেবতাং বিশ্ব-গুপ্ত্যৈ চিন্মাত্রামপ্যাত্তলক্ষ্ম্যাদিরূপাম্ ॥ ৭০ ॥

এবং স্তুত্বা ব্রহ্মলোকগমনায়ানুজ্ঞাং প্রার্থয়তে। আদৌ যৎ স্বচ্ছং স্বীয়ং ধাম তদবশ্যং প্রয়াস্যামি তস্মাৎ হেঅর্হন্! মামনু-জ্ঞাতুং যোগ্যোঽসি, মাণ্ডনধামব্যাবৃত্ত্যর্থমাদাবিত্যুক্তং ইত্যা-মন্ত্র্যান্তর্হিতাং দেবীং যোগশক্ত্যা পশ্যন্ ভাষ্যকারো জগাদ শালি০ ॥৬৯ ॥

তদাহ। হে দেবি! ত্বাং জানামি। কথম্ভূতামিত্যত আহ দেবস্য ধাতুর্হিরণ্যগর্ভস্য ভার্য্যাং তত্রাপীষ্টামতিপ্রিয়াং পুনশ্চা-ষ্টমূর্ত্তেঃ শিবস্য সগর্ভ্যাং সহোদরাং বাচামাদ্যাং দেবতাং চিন্‌-মাত্রামপি বিশ্বরক্ষণার্থং স্বীকৃতলক্ষ্ম্যাদিরূপামেবংভূতাং ত্বাং জানামীত্যর্থঃ ॥ ৭০ ॥

"হে পূজনীয়! এই গৃহ পরিত্যাগ করিয়া প্রথমে আমার যে স্বচ্ছ আবাস আছে, আমি অবশ্য সেই স্থানে গমন করিব। অতএব আপনি আমাকে এক্ষণে অনুমতি করুন।" এইরূপে যথাবিধি সম্ভাষণ করিয়া দেবী সরস্বতী অন্তর্ধান হইলে ভাষ্যকার শঙ্কর যোগশক্তি প্রভাবে দেবীকে দর্শন করিয়া বলিতে লাগিলেন। ৬৯।

দেবি! আপনি বিধাতার প্রিয়তমা পত্নী, অষ্টমূর্ত্তি মহাদেবের সহোদরা, বাক্যের আদ্যা অধিষ্ঠাত্রী দেবতা, এবং চিৎস্বরূপা হইলেও জগৎ রক্ষা করিবার জন্য আপনাকে লক্ষ্মী সরস্বতী প্রভৃতি রূপধারিণী বলিয়া জানিতেছি। ৭০।

তস্মাদস্মৎকল্পিতৈরর্চ্চ্যমানা স্থানেষু ত্বং শার-দাখ্যা দিশন্তী। ইষ্টানর্থানৃষ্যশৃঙ্গাদিকেষু ক্ষেত্রে-ষ্বাস্ব প্রাপ্তসৎসন্নিধানা ॥ ৭১ ॥

তথেতি সংশ্রুত্য সরস্বতী সা প্রায়াৎ প্রিয়ং ধাম পিতামহস্য। অদর্শনং তত্র সমীক্ষ্য সর্ব্বে আকস্মিকং বিস্ময়মীয়ুরুচ্চৈঃ ॥ ৭২ ॥

তস্যা যতীশজিতভর্ত্তৃযতিত্বজাতবৈধব্যসম্ভব-

এবং স্তুত্যাঽভিমুখীকৃত্য প্রার্থ্যমাহ। তস্মাদৃষ্যশৃঙ্গাদিকেষু ক্ষেত্রেষু অস্মন্নির্ম্মিতানি যানি তব স্থানানি তেষু পূজ্যমানা শারদাখ্যা ত্বমিষ্টানর্থান্ দিশন্তী পুনশ্চ প্রাপ্তং সতাং সন্নিধানং যথাস্যাত্তথা ভূতা আস্ব ॥ ৭১ ॥

তথাস্ত্বিতি প্রতিজ্ঞায় সা সরস্বতী পিতামহস্য প্রিয়ং ধাম প্রায়াৎ তত্র সংসদি তস্যা অদর্শনং সমীক্ষ্যাত্যন্তমাকস্মিকং বিস্ময়মাপুঃ ॥ ৭২ ॥

এবং সদস্যানাং মনোবৃত্তং প্রদর্শ্য মণ্ডনযতীশয়োস্তদাহ।

অতএব ঋষ্যশৃঙ্গাদি প্রভৃতি ক্ষেত্রে (আমরা যে সকল স্থান নির্ম্মাণ করিয়াছি সেই সকল স্থানে) পূজিত হইয়া শারদা নামে সেই স্থানে অভিমত ফল সকল দান করিয়া নিয়ত পণ্ডিত গণের সন্নিধানে আপনি বাস করুন। ৭১।

তথাস্তু বলিয়া দেবী সরস্বতী ব্রহ্মার প্রিয় ধামে গমন করিলেন। তখন সভাস্থ পণ্ডিতেরা তাঁহার অদর্শন দেখিয়া অকস্মাৎ অত্যন্ত বিস্ময়া-পন্ন হইলেন। ৭২।

যতিবর শঙ্কর, মণ্ডনকে পরাজয় করাতে মণ্ডন অগত্যা যতিধর্ম্ম গ্রহণ করিলেন। সুতরাং পতির ঐরূপ যতিভাব উৎপন্ন দেখিয়া সরস্বতীর বৈধব্য জন্মে। আপনার বৈধব্যজাত শোক দ্বারা

শুচা ভুবমস্পৃশন্ত্যাঃ। অন্তর্দ্ধিমীক্ষ্য মুদিতোঽজনি মণ্ডনোঽপি তৎসাধু বীক্ষ্য মুমুদে যতিশেখরশ্চ ॥ ৭৩ ॥

মণ্ডনমিশ্রোঽপ্যথ বিধিপূর্ব্বং দত্বা বিত্তং যাগে

যতীশেন জিতস্য ভর্ত্তুর্যতিত্বাজ্জাতাদ্বৈধব্যাৎ সম্ভবেন শোকেন ভুবমস্পৃশত্যাস্তস্যাঃ স্বভার্য্যায়া অন্তর্দ্ধানমীক্ষ্য মণ্ডনোঽপি মুদিতোঽভূৎ তৎসাধু সমীচীনং বীক্ষ্য যতিশেখরোঽপি মুদিতোঽভূৎ ব০ ॥ ৭৩ ॥

ততঃ কিং বৃত্তমিত্যপেক্ষায়ামাহ। অথ শারদান্তর্দ্ধানাদানন্তরং মণ্ডনমিশ্রোঽপি বিধিপূর্ব্বং তদ্ধৈকে প্রাজাপত্যামেবেষ্টিং কুর্ব্বন্তি। প্রাজাপত্যাং নিরূপ্যেষ্টিং সার্ব্ববেদসদক্ষিণাং। আত্মন্যগ্নীন্ সমারোপ্য ব্রাহ্মণঃ প্রব্রজেদ্ গৃহাদিত্যাদি শ্রুতিস্মৃত্যাক্তমার্গেণ সর্ব্বং বিত্তং যাগে দত্বা আত্মনি আরোপিতঃ

পৃথিবী স্পর্শ না করিয়া পত্নীর এরূপ অন্তর্দ্ধান দেখিয়া মণ্ডন আহ্লাদিত হইলেন। যতিরাজ শঙ্কর ঐ কার্য্য উত্তম রূপে দর্শন করিয়া স্বয়ং যথেস্ট হৃস্ট হইলেন। ৭৩।

বেদে আছে—"তদ্ধৈকে প্রজাপত্যামেবেষ্টিং কুর্ব্বন্তি" কেহ কেহ প্রাজাপত্য নামে যাগ করিবেক। স্মৃতিতে আছে—"প্রাজাপত্যাং নিরূপ্যেষ্টিং সার্ব্ববেদসদক্ষিণাং। আত্মন্যগ্নীন্ সমারোপ্য ব্রাহ্মণঃ প্রব্রজেদ্ গৃহাৎ" "অগ্নি যাহার দক্ষিণা, এরূপ প্রাজাপত্য যজ্ঞ সমাপন করিয়া আত্মার উপরি অগ্নি সকল আরোপণ করিয়া ব্রাহ্মণ গৃহস্থাশ্রম হইতে সন্ন্যাস ধর্ম্ম অবলম্বন করিবেন। পরে সরস্বতীর অন্তর্ধান হইলে মণ্ডন মিশ্র শ্রুতি এবং স্মৃতিশাস্ত্রোক্ত পদ্ধতি অনুসারে যজ্ঞে সমস্ত ধন দান করিয়া আত্মার উপর অগ্নিহোত্র, গার্হপত্য ও আহবনীয় এই তিনটি অগ্নি আরোপণ

সর্ব্বম্। আত্মারোপিতশোচিষ্কেশো ভেজে শঙ্করমস্তমিতাশঃ ॥ ৭৪ ॥

সন্ন্যাসগৃহ্যবিধিনা সকলানি কর্ম্মাণ্যহ্নায় শঙ্করগুরুর্ব্বিদুষোঽস্য কুর্ব্বন্। কর্ণে জগৌ কিমপি তত্ত্বমসীতি বাক্যং কর্ণেজপং নিখিলসংসৃতিদুঃখহানেঃ ॥ ৭৫ ॥

সন্ন্যাসপূর্ব্বং বিধিবদ্বিভিক্ষে পশ্চাদুপাদিক্ষ-

শোচিষ্কেশোঽগ্নিহোত্রাগ্নির্যেনাস্তমিতাঽস্তঙ্গতা আশা যস্য স শঙ্করং ভেজে সেবিতবান্ উ০ ॥ ৭৪ ॥

সন্ন্যাসপ্রতিপাদকগৃহ্যসূক্তবিধিনাঽস্য বিদুষঃ সর্ব্বাণি কর্ম্মাণি অহ্নায় অঞ্জসা সম্যক্ কুর্ব্বন্ শ্রীশঙ্করগুরুঃ সর্ব্বস্যাধ্যাত্মিকাদিরূপস্য সংসৃতিদুঃখস্য হানেঃ কর্ণেজপং সূচকং কর্ণেজপঃ সূচক ইত্যমরঃ। কিমপি তত্ত্বমসীতি বাক্যং কর্ণে জগৌ বসন্ততি ॥ ৭৫ ॥

মণ্ডনোঽপি সন্ন্যাসপূর্ব্বকং বিধিবদ্ ভিক্ষাং যাচিতবান্ পশ্চাদাচার্য্যঃ শ্রীশঙ্করঃ শ্রুতিমস্তকস্থমাত্মতত্ত্বমুপদিষ্টবান্। কথ-

করিয়া সমস্ত আশা ও বাসনা সকল বিসর্জ্জন পূর্ব্বক শঙ্করের ভজনা করিতে লাগিলেন। ৭৪।

যে শাস্ত্রে সংন্যাস ধর্ম্ম গ্রহণ করিবার কথা উল্লেখ আছে, সেই গৃহ্য সূক্ত বিধানে ঐ মণ্ডন পণ্ডিতের শীঘ্র সমস্ত কর্ম্ম উত্তমরূপে সমাপ্ত করিয়া গুরুবর শঙ্কর, আধ্যাত্মিক প্রভৃতি তিন প্রকার সাংসারিক দুঃখ বিনাশের উপায় স্বরূপ অনির্ব্বচনীয় "তত্ত্বমসি" বেদবাক্য মণ্ডনের কর্ণে বলিয়া দিলেন ॥ ৭৫ ॥

মণ্ডন সংন্যাস গ্রহণ করিয়া যথাবিধি ভিক্ষা করিতে প্রবৃত্ত হইলেন। আচার্য্য শ্রেষ্ঠ শঙ্কর বেদান্ত বাক্যস্থিত আত্মতত্ত্ব উপদেশ করিলেন

দথাত্মতত্ত্বম্। আচার্য্যবর্য্যঃ শ্রুতিমস্তকস্থং তদাদি-বাক্যং পুনরাবভাষে ॥ ৭৬ ॥

ত্বং নাসি দেহো ঘটবদ্ধ্যনাত্মা রূপাদিমত্ত্বাদিহ জাতিমত্ত্বাৎ। মমেতি ভেদপ্রথনাদভেদসংপ্রত্যয়ং বিদ্ধি বিপর্য্যয়োত্থম্ ॥ ৭৭ ॥

মিতি তত্রাহ তত্ত্বমসিবাক্যং পুনরাবভাষে অর্থসহিতমুক্তবা-নিত্যর্থঃ উ০ ॥ ৭৬ ॥

তত্রাদৌ ত্বং পদার্থমাহ। ইহ দেহাদৌ ত্বং দেহো নাসি যস্মাৎ ঘটবদনাত্মা তত্র হেতবো রূপাদিমত্ত্বান্মনুষ্যত্বাদি জাতিমত্ত্বাৎ মমেদং শরীরমিতি। ভেদপ্রথনাচ্চাত্মা তু অশব্দ-মস্পর্শমরূপমব্যয়ং অগোত্রমিত্যাদি শ্রুত্যুক্তোঽহমিতি প্রত্যয়-গোচরঃ। নতু মনুষ্যোঽহং কৃশোঽহমিত্যভেদসংপ্রত্যয়াদ্ দেহ আত্মা কুতো ন স্যাদিতি তত্রাহ। অভেদসংপ্রত্যয়ং বিপ-র্য্যয়াদন্যোন্যতাদাত্ম্যাধ্যাসাদুত্থিতং বিদ্ধি উ০ ॥ ৭৭ ॥

এবং অর্থের সহিত "তত্ত্বমসি" বাক্য পুনরায়-বলিতে লাগিলেন। ৭৬।

প্রথমে ত্বংপদার্থ নির্ব্বাচন করিলেন—দেহাদি-তে ত্বংপদার্থ (তুমি) কখন দেহ নহে। ঘটপটাদির যেরূপ আত্মা নাই, তদ্রূপ দেহেরও আত্মা নাই। ঘটপটাদির তুল্য দেহের রূপ আছে; মনুষ্যত্ব-প্রভৃতি জাতি আছে এবং "মমেদং শরীরং" আমার এই শরীর ইত্যাদি ভেদজ্ঞান স্পষ্ট রহি-য়াছে। কিন্তু বাস্তবিক আত্মা "অশব্দমস্পর্শ মরূপমব্যয়ং" ইত্যাদি বেদোক্ত "অহম্" (আমি) এই জ্ঞান গোচর বলিয়া প্রসিদ্ধ। "মনুষ্যোঽহং স্থূলোঽহং কৃশোঽহং" আমি মনুষ্য, আমি স্থূল, আমি কৃশ—এরূপ অভেদজ্ঞান থাকিলেও দেহ আত্মা হইতে পারে না। তবে যে দেহের সহিত আত্মার অভেদজ্ঞান হয়, সে কেবল মিথ্যাজ্ঞান

লোপ্যো হি লোপ্যব্যতিরিক্তলোপকো দৃষ্টো ঘটাদিঃ খলু তাদৃশী তনুঃ। দৃশ্যত্বহেতো-র্ব্যতিরেকসাধনে ত্বত্তঃ শরীরে কথমাত্মতাগতিঃ ॥ ৭৮ ॥

কিঞ্চ লোপ্যো ঘটাদিঃ স্বব্যতিরিক্তো দণ্ডাদিলোপকো যস্য তথাভূতোদৃষ্টঃ শরীরঞ্চ তাদৃশং স্বাতিরিক্ত লোপকমেব প্রসিদ্ধং তথা চ লোপ্যং যথা স্বাতিরিক্ত লোপকং তথা দৃশ্য-মপি স্বাতিরিক্তদ্রষ্টৃকং ততশ্চ বিমতং দৃশ্যং স্বাতিরিক্তদ্রষ্টৃকং দৃশ্যত্বাদ্ঘটবদ্যদ্যৎকর্ম্ম তত্তৎ স্বাতিরিক্তকর্ত্তৃকং যথা লোপ্যো ঘটাদিঃ স্বাতিরিক্তলোপক ইত্যাশয়েনাহ। দৃশ্যত্বহেতোরিতি এতস্মাচ্ছরীরাদ্ব্যতিরেকসাধনে স্বাতিরিক্ত দ্রষ্টৃকত্বহেতোঃ শরীরে আত্মত্বাবগতিঃ কেনাপি প্রকারেণ ন ঘটতে ইত্যর্থঃ ॥৭৮॥

বশতঃ। অর্থাৎ দেহের তাদাত্ম্য আত্মার উপর এবং আত্মার তাদাত্ম্য দেহের উপর ভ্রম বা মিথ্যাজ্ঞানে আরোপিত হইয়া থাকে। এই সমস্ত ভ্রমাত্মক জ্ঞানকে বেদান্ত মতে অবিদ্যা কহে। ঐ অবিদ্যা নষ্ট হইলে আত্মতত্ত্বের সাক্ষাৎকার হয়। ৭৭।

যেরূপ লোপ্য অর্থাৎ লোপনীয় ঘটাদিবস্তুর লোপকারক দণ্ডাদি বস্তু ঘটাদি হইতে অতিরিক্ত পদার্থ বলিয়া জগতে দেখা গিয়া থাকে, তদ্রূপ শরীরপদার্থ শরীর হইতে অতিরিক্ত পদার্থের লোপক অর্থাৎ লোপকারক বলিয়া প্রসিদ্ধ। ইহা দ্বারা এই প্রমাণ হইল, লোপ্য যেমন 'স্বাতিরিক্ত' অর্থাৎ আপন হইতে অতিরিক্ত পদার্থের লোপক, ঐরূপ দৃশ্যপদার্থও 'স্বাতিরিক্ত' দৃশ্যবস্তু অপেক্ষা অতিরিক্ত পদার্থের দ্রষ্টা। এইরূপ অনুমান করিতে হইবে—"দৃশ্যং স্বাতিরিক্তদ্রষ্টৃকং দৃশ্য-ত্বাৎ ঘটবৎ। যদ্যৎ কর্ম তৎ তৎ স্বাতিরিক্ত কর্ত্তৃকং" দৃশ্যত্বহেতু অর্থাৎ দর্শনযোগ্যতা বশতঃ

নাপীন্দ্রিয়াণি খলু তানি চ সাধনানি দাত্রাদিবৎ কথমমীষু তবাত্মভাবঃ। চক্ষুর্মদীয়মিতি ভেদগতেরমীষাং স্বপ্নাদিভাববিরহাচ্চ ঘটাদিসাম্যং ॥ ৭৯ ॥

এবং দেহাদাত্মানং বিবিচ্যেন্দ্রিয়েভ্যোহপ্যেতং বিবেচয়েত্তি। নাপীন্দ্রিয়াণ্যাত্মা তেষাং সাধনত্বাৎ দাত্রাদিবত্তস্মাদমীষু ইন্দ্রিয়েষু তবাত্মভাবঃ কেনাপি প্রকারেণ নোপপদ্যতে তেষামনাত্মত্বেঽন্যদপি হেতুদ্বয়মাহ, চক্ষুরাদের্ঘটাদিবদনাত্মত্বমেব চক্ষুর্মদীয়মিত্যাদি ভেদাবগতেঃ। স্বপ্নসুষুপ্তিভাবে তৎসত্ত্বেঽমীষাং বিরহাচ্চ পশ্যামি শৃণোমীত্যাদিপ্রত্যয়স্তু পূর্ব্ববদ্ দ্রষ্টব্যঃ বং ॥ ৭৯ ॥

ঘট পদার্থের মতন সমস্ত দৃশ্যবস্তু 'স্বাতিরিক্ত' আপন হইতে অতিরিক্ত বস্তুর দ্রষ্টা। কারণ, জগতে এরূপ একটী নিয়ম আছে, যে যে কর্ম্ম-পদার্থ, তৎসমুদায়েরই আপন হইতে অতিরিক্ত একটী কর্ত্তা আছে। এই শরীর হইতে শরীরাতিরিক্ত একজন দ্রষ্টা আছে, তাহার সাধনস্বরূপ শরীরে দৃশ্যত্বহেতু (দর্শন যোগ্যতাবশতঃ) কোন প্রকারে আত্মপদার্থের অনুভূতি বা জ্ঞান হইতে পারেনা। ৭৮।

চক্ষু কর্ণ ইন্দ্রিয়াদি সকল আত্মা নহে, কিন্তু আত্মসাধন বস্তু। যেরূপ দাত্র (দা) দ্বারা ধান্য ছেদন করিবার সময় দাত্র কেবল ধান্যচ্ছেদনের সাধন মাত্র হইয়া থাকে, তদ্রূপ ইন্দ্রিয় সকল সাধন মাত্র বলিয়া বিখ্যাত। অতএব কিছুতেই আপনার ইন্দ্রিয় সমষ্টির উপর আত্ম ভাব ঘটিতে পারে না। ঘটপটাদির মতন চক্ষু কর্ণ ইন্দ্রিয়াদিরও আত্মা নাই। "মদীয়ং চক্ষুঃ" আমার চক্ষু ইত্যাদি ভেদজ্ঞান ও স্পষ্ট হইয়া থাকে। ইন্দ্রিয়াদির স্বপ্ন, সুষুপ্তি অবস্থা না থাকাতে কখনই ইন্দ্রিয় সকল আত্মা হইতে পারে না। "পশ্যামি, শৃণোমি" দেখিতেছি শুনিতেছি ইত্যাদি জ্ঞান পূর্ব্বমত জানিবে ॥ ৭৯ ॥

যদ্যাত্মতৈষাং সমুদায়গা স্যাদেকব্যয়েনাপি ভবেন্ন তদ্ধীঃ। প্রত্যেকমাত্মত্বমুদীর্য্যতে চেন্ নশ্যেচ্ছরীরং বহুনায়কত্বাৎ ॥ ৮০ ॥

ইন্দ্রিয়সমুদায় আত্মা উত প্রত্যেকমিতি বিকল্পাদ্যং প্রত্যাহ, যদ্যেষামিন্দ্রিয়াণাং সমুদায়গা আত্মতা স্যাত্তর্হ্যেকস্যেন্দ্রিয়স্য নাশে সমুদায়নাশাদাত্মতাবুদ্ধির্নস্যাৎ, দ্বিতীয়মুত্থাপ্য নিরাচষ্টে প্রত্যেকমাত্মত্বমুচ্যতে চেত্তর্হি বহুনায়কত্বেন বিরুদ্ধাদিক্রিয়ত্বাবশ্যকত্বাচ্ছরীরমেব নশ্যেৎ ইং০ ॥ ৮০ ॥

ত্রিস্থানে সন্দেহ হইয়াছে—ইন্দ্রিয় সমষ্টি আত্মা ? কি প্রত্যক ইন্দ্রিয় আত্মা ?। যদি ইন্দ্রিয় সমষ্টির আত্মত্ব স্বীকার করা যায়, তবে একটী ইন্দ্রিয়ের নাশ হইলে সমুদয় ইন্দ্রিয়ের নাশ হওয়াতে আত্মত্ব বুদ্ধি হয় না, যদি প্রত্যক ইন্দ্রিয়কে আত্মা বলা যায়, তবে শরীরের বহুপ্রকার আবশ্যক বিরুদ্ধাদি ক্রিয়া থাকাতে শরীর পর্য্যন্ত নষ্ট হইয়া থাকে। ৮০।

আত্মত্বমন্যতমগং যদি চক্ষুরাদেশ্চক্ষুর্ব্বিনাশস-

কিঞ্চ যদি চক্ষুরাদেরন্যতমগোচরমাত্মত্বং স্যাৎ তর্হি চক্ষুর্বিনাশসময়ে স্মরণং নৈব স্যাৎ তত্র হেতুঃ স্মরণানুভবয়োরেকাত্ম-

যদি চক্ষু কর্ণ প্রভৃতি ইন্দ্রিয় সমষ্টির মধ্যে যে কোন অন্যতম ইন্দ্রিয়মাত্রকে আত্মা বলা যায়, তবে চক্ষুর বিনাশ কালে স্মরণ হইতে পারে

ময়ে স্মরণং ন হি স্যাৎ। একাশ্রয়ত্বনিয়মাৎ স্মরণানুভূত্যো দৃষ্টশ্রুতার্থবিষয়াবগতিশ্চ ন স্যাৎ। ॥ ৮১ ॥

মনোঽপি নাত্মা করণত্বহেতো র্মনো মদীয়ং গতমন্যতোঽভূৎ। ইতি প্রতীতে র্ব্যভিচারিতায়াঃ সুপ্তৌচ তচ্চিন্মনসো র্বিবিক্ততা ॥ ৮২ ॥

অনয়ৈব দিশা নিরাকৃতা নচ বুদ্ধেরপি চাত্মতা স্ফুটম্। অপি ভেদগতেরনন্বয়াৎ করণাদাবিব বুদ্ধিমুজ্ঝ ভোঃ ॥ ৮৩ ॥

নাহঙ্কৃতিশ্চরমধাতুপদপ্রয়োগাৎ প্রাণা মদীয়া ইতি লোকবাদাৎ। প্রাণোঽপি নাত্মা ভবিতুং প্রগল্ভঃ সর্ব্বোপসংহারিণি সন্ সুষুপ্তৌ ॥ ৮৪ ॥

শ্রয়ত্বাৎ, কিঞ্চ যোঽহং দৃষ্টবান্ সোঽহং শৃণোমীতি। দৃষ্টশ্রুতার্থবিষয়প্রত্যভিজ্ঞা চ নস্যাৎ তস্মাদিন্দ্রিয়াণ্যপ্যাত্মা ন ভবন্তীত্যর্থঃ ব০ ॥ ৮১ ॥

নম্বস্তু তর্হি মন এবাত্মেতি তত্রাহ। মনোঽপ্যাত্মা ন ভবতি করণত্বহেতো র্মদীয়ং মনোঽন্যতো গতমভূদিতি ভেদপ্রতীতেঃ। সুষুপ্তৌ ব্যভিচারিতায়াশ্চ চিন্মনসোর্ব্বৈলক্ষণ্যম্ উ০ ॥ ৮২ ॥

উক্তং ন্যায়ং বুদ্ধাবতিদিশতি। অনয়ৈব দিশা নিরাকৃতত্বাৎ বুদ্ধেরপ্যাত্মতা স্পষ্টং যথাতথা নাস্তি, স্ফুটত্বমাবেদয়তি। মদীয়া বুদ্ধিরন্যতোঽভূদিতি ভেদাবগতেঃ সুষুপ্তাবনন্বয়াচ্চ করণাদাবিব বুদ্ধিমপ্যাত্মত্বেন নৈবাঙ্গীকুরু বিয়ো ॥ ৮৩ ॥

অস্তু তর্হি অহংপ্রত্যয়গোচরোঽহঙ্কার এবাত্মেতি তত্রাহ। অহঙ্কৃতিরহঙ্কারোঽপ্যাত্মা ন ভবতি। তত্র হেতুশ্চরমেঽস্যো কৃতিরিতি ধাতুপদস্য প্রয়োগাৎ। তর্হি সুষুপ্তাবপি লয়রহিতঃ প্রাণ এবাত্মাঽস্ত্বিতি তত্রাহ, সর্বোপসংহারিণি সুষুপ্তৌ সন্নপি প্রগল্ভঃ প্রাণ আত্মা ন ভবতি। তত্র হেতুর্মদীয়াঃ প্রাণা ইতি লোকবাদাৎ ব০ ॥ ৮৪ ॥

না। কারণ, স্মরণ এবং অনুভব উভয়ই এক আত্মার আশ্রিত। "যোঽহং দৃষ্টবান্ সোঽহং শৃণোমি" যে আমি দেখিয়াছিলাম, সেই আমি শুনিতেছি ইত্যাদি দৃষ্টার্থ ও শ্রুতার্থ বিষয়ের জ্ঞান হইতেও পারে না। সুতরাং কিছুতেই ইন্দ্রিয় সকল আত্মা নহে। ৮১।

ইন্দ্রিয় বলিয়া মনও আত্মা নহে।" আমার মন অন্যস্থানে গমন করিয়াছে" জগতে এরূপ ভেদজ্ঞানও হইয়া থাকে। সুষুপ্তি অবস্থায় ব্যভিচার দেখা যায় বলিয়া চিৎ ও মনের পরস্পর পার্থক্য ঘটে ॥ ৮২ ॥

এই নিয়মে মনের আত্মত্ব নিরাকরণ হওয়াতে বুদ্ধির ও আত্মত্ব নিরাকৃত হইল। "আমার বুদ্ধি অন্য স্থানে গমন করিয়াছে" এরূপ ভেদজ্ঞান ও ঘটিয়া থাকে। সুষুপ্তি অবস্থায় পরস্পরের অন্বয় না থাকাতে ইন্দ্রিয়াদির যেরূপ আত্মত্ব থাকে না, তদ্রূপ বুদ্ধিকেও আত্মা বলিয়া জ্ঞান করিও না ॥ ৮৩ ॥

অহংজ্ঞান গোচর অহঙ্কারও আত্মা নহে। কারণ, "অহম্" এই শব্দের পর কৃতি অর্থাৎ কৃ-ধাতু পদের প্রয়োগ রহিয়াছে। সুষুপ্তি অবস্থায় লয়বিরহিত প্রাণও আত্মা হইতে পারে না। সুষুপ্তি অবস্থায় সকল পদার্থের উপসংহার হইয়া থাকে, অথচ ঐ অবস্থায় প্রাণ তখন বলবান্, তথাপি প্রাণ কখন আত্মা নহে। তাহার কারণ এই—

এবং শরীরাদ্যবিবিক্ত আত্মা ত্বং শব্দবাচ্যোঽভিহিতোঽত্র বাক্যে। তদোদিতং ব্রহ্ম জগম্মিদানং তথা তথৈক্যং পদযুগ্মবোধ্যম্ ॥ ৮৫ ॥

কথং তদৈক্যং প্রতিপাদয়েদ্বচঃ সর্ব্বজ্ঞসংমূঢ়পদাভিষিক্তয়োঃ। নহ্যেকতা সন্তমসপ্রকাশয়োঃ সংদৃষ্টপূর্বা ন চ দৃশ্যতেঽধুনা ॥ ৮৬ ॥

উপসংহরতি। এবম্ভূতো দেহাদিবিলক্ষণ আত্মা তদবিবিক্তস্ত্বংপদবাচ্যস্তত্ত্বমসিবাক্যেঽভিহিতস্ত্বং পদার্থং প্রদর্শ্য তৎপদার্থমাহ। তথাত্র বাক্যে তৎপদেন জগৎকারণং ব্রহ্মোক্তং অখণ্ডার্থমাহ। তথাঽত্র বাক্যে পদদ্বয়বোধ্যমৈক্যমুদিতম্ উ০ ॥ ৮৫ ॥

তত্ত্বং পদার্থয়োরৈক্যং বাক্যার্থং শ্রুত্বা শিষ্য উবাচ। সর্ব্বজ্ঞং সংমূঢ়পদাভিষিক্তয়োস্তত্ত্বং পদার্থয়োস্তদুক্তং তত্ত্বমসি বাক্যং কথং প্রতিপাদয়েৎ। হি যস্মাত্তমঃপ্রকাশয়োরেকতা পূর্ব্বং নৈব দৃষ্টা ন চাধুনা দৃশ্যতে, তথাচায়ং প্রয়োগস্তত্ত্বমসিবাক্যস্থ তত্ত্বং পদার্থয়ো রৈক্যং ন সম্ভবতি, বিরুদ্ধধর্ম্মবত্ত্বাৎ তমঃ প্রকাশবদিতি। নন্ হেতুরস্তু সাধ্যং মাস্তু ন চ তমঃ প্রকাশয়োরপ্যেকতাপত্তিস্তয়োর্ভাবাভাবরূপতয়া তদনুপপত্তেস্তস্মাদ্ভাবাভাব রূপোপাধি সত্ত্বাদপ্রয়োজকত্বমস্যেতি চেন্ন তমসোঽপি ভাব রূপত্বাৎ, তমোঽভাবরূপ মিতি বাদী প্রষ্টব্যঃ কিমালোকাভাব মাত্রং তমঃ কিম্বা রূপদর্শনাভাবমাত্রং আদ্যেঽপি কিমেকৈকং

তম একৈকালোকাভাবঃ আদ্যেঽপি কিং প্রাগভাব উত প্রধ্বংসাভাব আহোস্বিদন্যোন্যাভাবঃ। ত্রিতয়মপি ন সম্ভবতি। সবিতৃকিরণসত্ত্বে দেশে প্রদীপালোকজন্মবিনাশয়োঃ সত্যোস্তয়াণাং সত্ত্বেঽপি তমোবুদ্ধ্যদর্শনাৎ। ননু প্রাগভাবাদ্যবস্থাসু তমোবুদ্ধ্যভাবো বিরোধ্যালোকনিবন্ধন ইতি চেৎ তথাপি বিরোধ্যভাবসহিতপ্রাগভাবাদেস্তমোবুদ্ধ্যালম্বনত্বস্যাবশ্যক বক্তব্যত্বেন বিরোধ্যভাবগিরা প্রাগভাবোক্তৌ প্রধ্বংসেঽনুপপত্তিঃ। ত্বদুক্তৌ প্রাগভাবেঽন্যোন্যাভাবোক্তাবালোকসত্ত্বেঽপি তদভাবস্য ভাবাৎ তমোবুদ্ধিঃ স্যাৎ, দ্বিতীয়েঽপি কিমস্য সর্ব্বেষামালোকানাং সন্নিধানং নিবর্ত্তকমুতৈকৈকস্য, আদ্যে সর্ব্বালোকমন্তরেণ তন্নিবৃত্তি ন স্যাৎ, দ্বিতীয়েঽপ্যেকৈকস্য সর্ব্বালোকভাবনিবর্ত্তকত্বাভাবাৎ তমোবুদ্ধ্যাপত্তিঃ, অন্ত্যেঽপি কিমেকৈকস্য রূপস্য দর্শনাভাবঃ উত সর্ব্বস্য, আদ্যেঽপি কিং রূপদর্শনমাত্রাভাবঃ উত যত্র তমোবুদ্ধিঃ তত্রত্যরূপদর্শনাভাবঃ, নাদ্যঃ বহুলান্ধকারসংবৃতাপবরকান্তরবস্থিতস্যাপি বহীরূপদর্শনেন সহাপবরকান্তঃতমোদর্শনাৎ, ন দ্বিতীয়ঃ প্রাগভাবাদিবিকল্পাসহত্বাৎ। ননু রূপবতো দ্রব্যস্য স্পর্শবত্ত্বনিয়মাত্তদ্রহিতং তমঃ কথং রূপবদ্ দ্রব্যমবগম্যতে, তথা চ প্রয়োগঃ তমো নীরূপং স্পর্শবিধুরত্বাদাকাশবদিতি চেন্ন বায়োরন্যত্র স্পর্শবদ্ দ্রব্যস্য রূপবত্ত্বনিয়মেঽপি রূপরহিতস্য স্পর্শবতো বায়োরভ্যুপগমাৎ, তথাচ যৎ স্পর্শবৎ তদ্রূপবদ্যথা ঘটাদিরিতি ব্যাপ্তের্যথা বায়ৌ ভঙ্গস্তথা যদ্রূপবৎ তৎ স্পর্শবদিতি ব্যাপ্তেস্তমসি ভঙ্গো ন চ প্রমাণাভাবঃ। তমালমালাশ্যামলং তম ইত্যুপলম্ভাদিতি সংক্ষেপঃ ॥ ৮৬ ॥

"আমার প্রাণ" জগতে এরূপ জনশ্রুতি স্পষ্ট রূপে বিদ্যমান রহিয়াছে ॥ ৮৪ ॥

"তত্ত্বমসি" এই বেদবাক্যে দেহাদি হইতে অতিরিক্ত, পূর্ব্বোক্ত ত্বংপদবাচ্য আত্মা কথিত হইয়াছে। এবং "তত্ত্বমসি" এইবাক্যে "তৎ" পদদ্বারা ব্রহ্মই জগতের কারণ রূপে উক্ত হইয়াছে। ঐ "তত্ত্বমসি" বাক্যে ত্বংপদ ও তৎপদের অখণ্ডিত একতা রূপ অর্থ কথিত হইয়াছে ॥ ৮৫ ॥

শিষ্য মণ্ডন তৎ ও ত্বং পদার্থের ঐক্য অর্থাৎ বাক্যার্থ শুনিয়া বলিতে লাগিল। তৎ পদার্থ সর্ব্বজ্ঞ এবং ত্বং পদার্থ অতিশয় মূঢ়। সুতরাং সর্ব্বজ্ঞ ও অত্যন্ত মূঢ়পদাভিষিক্ত তৎ ও ত্বং পদার্থের ঐক্য (আপনি যে ঐক্য বলিয়াছেন) কখনই "তত্ত্বমসি" বাক্য দ্বারা প্রতিপন্ন হইতে পারে না। কারণ, অন্ধকার ও আলোকের ঐক্য পূর্ব্বেও কখন

সত্যং বিরোধগতিরস্তি তু বাচ্যগেয়ং সোঽয়ং

এবমুক্তো গুরুরাহ, সত্যমিয়ং বিরোধাবগতিস্ত বাচ্যগাস্তি

দেখা যায় নাই এবং এক্ষণেও দেখা যাইতেছে না॥ ৮৬॥ *

গুরুবর শঙ্কর বলিলেন—"তত্ত্বমসি" বেদবা

* ইহার অভিবন্ধি এই—অন্ধকার ও আলোক যেরূপ পরস্পর বিরুদ্ধ ধর্ম্মাবলম্বী এবং ঐ উভয় পদার্থের যেমন কদাচ একতা সম্ভবেনা, তদ্রূপ "তত্ত্বমসি" এই বেদ বাক্যের অন্তর্গত তৎ ও ত্বং পদার্থের ঐক্য হইতে পারে না। তম ও প্রকাশের কখন একতা হইতে পারে না। কারণ, প্রকাশকে ভাব এবং অন্ধকারকে অভাব পদার্থ বলিয়া উপপন্ন করা যায় না। ভাব এবং অভাব রূপ উপাধি থাকাতে ইহার প্রয়োজন নাই, ইহাও বলা যায় না। অন্ধকার ভাব পদার্থের অন্তর্গত। যাঁহার মতে অন্ধকার অভাবপদার্থের অন্তর্গত, আমি সেই অভাববাদী ব্যক্তিকে একটী কথা জিজ্ঞাসা করিব। সামান্য আলোকের অভাবমাত্রের নাম তম? কিংবা রূপদর্শনের অভাবের নাম তম? আর একটী কথা জিজ্ঞসা করি, এক একটী আলোকের অভাব এক একটী অন্ধকার, কিংবা সমস্ত আলোকের অভাবের নাম অন্ধকার?। এই যে অভাবপদার্থ, ইহাকি প্রাগভাব? কিংবা ধ্বংসাভাব? অথবা অন্যোন্যা ভাব? যেরূপেই হউক, কিছুতেই তিনটী অভাব সম্ভাবিত নহে। সূর্য্য কিরণ সংসর্গিত দেশে প্রদীপালোকের জন্ম ও বিনাশ থাকিলেও; তিনপ্রকার অভাব বিদ্যমান থাকাতেও অন্ধকারবৃদ্ধি হয় না। (প্রাগভাব প্রভৃতি অবস্থাতে যে তমোবুদ্ধির অভাব হয়, তাহা কোন বিরোধী আলোক নিবন্ধন।) এরূপ স্বীকার করিলেও বিরোধী আলোকের অভাবের সহিত প্রাগভাব প্রভৃতির যে তমোবৃদ্ধি অবলম্বিত হয় না, তাহাই অবশ্য বলিতে হইবে। সুতরাং বিরোধী অভাব বচনদ্বারা প্রাগভাব বলিলে ধ্বংসাভাবে অসঙ্গতি। বিরোধী অভাব বচন দ্বারা ধ্বংসাভাব বলিলে প্রাগভাবে অসঙ্গতি। বিরোধী অভাব বাক্য দ্বারা প্রাগভাব বলিলে অন্যোন্যাভাবে পরস্পরের অসঙ্গতি। এই তিনটী অভাব মধ্যে আলোক থাকিলেও, আলোকের অভাব থাকাতে তমোবুদ্ধি হইয়া থাকে।

দ্বিতীয় কথা এই—সকল আলোকের সন্নিধান অন্ধকারের নিবর্ত্তক? অথবা এক একটী আলোকের সন্নিধান অন্ধকার নিবর্ত্তক?। যদি প্রথম পক্ষটী স্বীকার করা যায়, তবে এককালে সমস্ত আলোক ব্যতীত কখনই অন্ধকারের নিবৃত্তি হইতে পারে না। দ্বিতীয় পক্ষটী স্বীকার করিলে—এক একটী আলোকের সন্নিধান, সমস্ত আলোকের অভাব অর্থাৎ অন্ধকার নিবৃত্ত করিতে পারে না। সুতরাং ঐরূপস্থলে তমোবৃদ্ধি ঘটিয়া থাকে।

অন্য আর এককথা এই—পূর্ব্বোক্ত বাক্যের শেষে যে বলা হইয়াছিল, রূপদর্শনের অভাবের নাম তম। এক্ষণে জিজ্ঞাসা করি, এক একটী রূপের দর্শনাভাব? কিম্বা সকল রূপের দর্শনাভাব?। প্রথম কথায় কথা এই—সামান্য মাত্র রূপদর্শন মাত্রের অভাব? অথবা যে স্থানে তমোবৃদ্ধি, তৎস্থানীয় রূপদর্শনের অভাব? রূপদর্শন মাত্রের অভাব বলিলে চলে না, কারণ, বহু অন্ধকার মাচ্ছন্ন, অথচ আবরণকারী পদার্থের মধ্যে অবস্থিত বস্তুর বাহ্য রূপদর্শনের সহিত আবরণ কারী পদার্থের মধ্যে তম দেখা যায়। যে স্থানে তমোজ্ঞান হয়, তৎস্থানীয় রূপদর্শন মাত্রের অভাব বলিতেও পারা যায় না। প্রাগভাব প্রভৃতি অভাবের মধ্যে কোন্ অভাব হইবে, ইহার কোনটীও সহনীয় নহে। আর একটী নিয়ম আছে, জগতে যত প্রকার রূপবান্ পদার্থ থাকে, তাহাদের স্পর্শ গুণ একান্ত আবশ্যক। তম রূপবিশিষ্ট পদার্থ সত্য, কিন্তু উহার স্পর্শ গুণ নাই বলিয়া সকলেই জানিয়া থাকেন। আকাশ যেরূপ স্পর্শ গুণের অভাবে রূপবিহীন, অন্ধকারও স্পর্শাভাবে রূপ শূন্য, এরূপ কথা যুক্তি সঙ্গত নহে। বায়ু ভিন্ন অন্য সমুদয় স্থানে স্পর্শ গুণ বিশিষ্ট পদার্থের রূপ আছে, এরূপ নিয়ম থাকিলেও বায়ুকে রূপরহিত অথচ স্পর্শগুণ বিশিষ্ট বলিয়া সকলেই স্বীকার করেন। জগতে এরূপ ব্যাপ্তি স্থির আছে, যে যে পদার্থ স্পর্শ বিশিষ্ট, সেই সেই পদার্থ রূপ বিশিষ্ট, যেমন ঘটপটাদি। কিন্তু বায়ুতে ঐ নিয়মের ভঙ্গ রহিয়াছে। অতএব যদি এরূপ ব্যাপ্তি থাকে, যে যে পদার্থ রূপবিশিষ্ট, সেই পদার্থ স্পর্শবিশিষ্ট, তবে অন্ধকারে ঐরূপ ব্যাপ্তির বা নিয়মের ভঙ্গ হইবে। যস্তুতঃ ঐ সম্বন্ধে কোন প্রমাণের অভাব নাই। দেখুন, জগতে "তমালতরুশ্রেণীর মতন শ্যাম বর্ণ তম", ইহা সকলেরই অনুভব ও উপলব্ধি হইয়া থাকে।

পুমানিতি বদত্র বিরোধহানেঃ। আদায় বাচ্যমবিরোধি পদদ্বয়ং তল্লক্ষ্যৈকবোধনপরং ননু কো বিরোধঃ ॥ ৮৭ ॥

এবমর্দ্ধমঙ্গীকৃত্যৈক্যং কথং প্রতিপাদয়েদিতি। যদুক্তং তত্রাহ, সোঽয়ং পুমানিতি বাক্যবদস্মিন্ বাক্যে বিরোধহানেরবিরোধি বাচ্যমাদায় পদদ্বয়ং তয়োর্লক্ষ্যৈক্যবোধনপরমেবং সতি ন কোঽপি বিরোধঃ, অয়মর্থঃ যথা সোঽয়ং পুমানিতি বাক্যে তচ্ছব্দার্থস্য তৎকালবিশিষ্টস্য পুংসঃ ইদং শব্দার্থস্যৈতৎকালবিশিষ্টস্য পুংসশ্চৈক্যাসম্ভবেঽপি সোয়ঽমিতি পদদ্বয়ং জহদজহল্লক্ষণায়া বিরুদ্ধং তৎকালৈতৎকালবিশিষ্টত্বাংশং বিহায় পুরুষমবিরোধি বাচ্যাংশমাদায় তল্লক্ষ্যৈকাবোধনপরং তদ্বৎ তত্ত্বমসি বাক্যং সর্ব্বজ্ঞত্বসংমূঢ়ত্বরূপস্য বিরোধিনোঽংশস্য হানিং কৃত্বাঽবিরোধি বাচ্যচিদংশমাদায় পদদ্বয়ং তল্লক্ষ্যৈক্যবোধনপরমিতি বং ॥ ৮৭ ॥

বাক্যের বাচ্যার্থ লইলে সত্যই। রোধ উপস্থিত হয়। সুতরাং "সোঽয়ং পুমান্" সেই এই পুরুষ, এই বাক্যটীর মতন এই বেদবাক্যে বিরোধ ত্যাগ করিয়া অবিরোধী বাচ্যার্থ লইয়া দুইটী শব্দ সিদ্ধ হইয়া থাকে, কিন্তু ঐ বাক্যের যদি লক্ষ্যার্থ গ্রহণ করা যায় তবে আর বিরোধ কি? দেখ—যেমন "সোঽয়ং পুমান্" এই স্থলে তদ্‌শব্দের অর্থ তত্‌কাল ও তদ্দেশ বিশিষ্ট পুরুষ, এবং ইদং শব্দের অর্থ এতত্‌কাল ও এতেদ্দেশ বিশিষ্ট পুরুষ। সুতরাং পরস্পরের কিছুতেই ঐক্য হইতে পারে না। এই কারণে দুইটী পদ দেখা যায়। জহল্লক্ষণা ও অজহল্লক্ষণা দ্বারা তত্‌কাল ও এতত্‌কাল বিরুদ্ধ বিশিষ্ট অংশটী ত্যাগ করিলে এক মাত্র পুরুষ অবিশষ্ট থাকে। ঐ পুরুষ অবিরোধী বাচ্যার্থের অংশ মাত্র। ঐ অংশটী লইলে ঐ পদটী কেবল মাত্র লক্ষ্যার্থ বোঝাইয়া থাকে। অত এব "তত্ত্বমসি" বেদবাক্যে সর্ব্বজ্ঞত ও মূঢ়ত্বরূপ বিরোধী অংশটী ত্যাগ করিলে এবং অবিরোধী বাচ্যার্থ চিদংশ লইলে তত্ ও ত্বং এই দুইটী পদ কেবল মাত্র লক্ষ্যার্থ বুঝাইয়া দিবে। ৮৭

জহীহি দেহাদিগতামহংধিয়ং চিরার্জ্জিতাং কর্ম্মশঠৈঃ সুদুস্ত্যজাম্। বিবেকবুদ্ধ্যা পরমেব সন্ততং ধ্যেয়াত্মভাবেন যতো বিমুক্ততা ॥ ৮৮ ॥

যস্মাদেবং তস্মাচ্চিরার্জ্জিতাং দেহাদিগতামহংবুদ্ধিং পরিত্যজ, কয়া যতোঽতি তত্রাহ বিবেকবুদ্ধ্যাউতঃ কর্ম্মশঠৈরতিশয়েন দুস্ত্যজাং, তর্হ্যহং যতিঃ ক বিধেয়েতি তত্রাহ। সন্ততং পরমাত্মানমেব স্বভাবেন চিন্তয়, কিন্তুতইতি চেৎ তত্রাহ। যতঃ পরমেবাত্মভাবেন চিন্তনাদ্‌বিমুক্ততা লভ্যত ইত্যর্থঃ। আত্মানং চেদ্ বিজানীয়াদয়মস্মীতি পুরুষঃ, কিমিচ্ছন্ কস্য কামায় শরীরমনুসংজ্বরেদিতি শ্রুতেঃ উং ॥ ৮৮ ॥

উক্তনিয়মে দেহাদিস্থিত চিরসঞ্চিত অহংবুদ্ধি পরিত্যাগ কর। বিবেকবুদ্ধি জন্মিলে অহঙ্কার বুদ্ধি শীঘ্রই নষ্ট হইয়া যাইবে। কর্ম্মশীল শঠলোকে অহংবুদ্ধি কিছুতেই ত্যাগ করিতে সমর্থ নহে। ঐ বিবেক বুদ্ধি দ্বারা পরমাত্মাকে আত্মভাবে সর্ব্বদা ধ্যান কর। আত্মভাবে পরমাত্মাকে চিন্তা করিলে মুক্তিপর্য্যন্ত লাভ করা যায়। বেদে আছে —"আমি সেই পরম পুরুষ পরমাত্মা হইতেছি, এরূপে যদি কেহ আত্মাকে জানিতে পারে, তখন সেব্যক্তির কোন ইচ্ছা থাকে না; কোন বস্তুর কামনা করিতে হয় না, এবং শরীরের জন্য জ্বর কষ্ট ভোগ করিতে হয় না"। ৮৮।

সাধারণে বপুষি কাকসৃগালবহ্নিমাত্রাদিকস্য মমতাং ত্যজ দুঃখহেতুম্। তদ্বজ্জহীহি বহিরর্থগতাং চ বিদ্বন্! চিত্তং দধান পরমাত্মনি নির্ব্বিশঙ্কম্ ॥৮৯॥

তীরাত্তীরং সঞ্চরন্ দীর্ঘমৎস্যস্তীরাদ্ভিন্নো লিপ্যতে নাপি তেন। এবং দেহী সঞ্চরন্ জাগ্রদাদৌ তস্মাদ্ভিন্নো নাপি তদ্ধর্ম্মকো বা ॥ ৯০ ॥

যত্র মমতাঽপ্যযুক্তা তত্রাহন্তায়াঃ কা কথেত্যাশয়েনাহ। কাকাদেঃ সাধারণত্বাদ্ বপুষি দুঃখহেতুং মমতাং ত্যজ, তদ্বহিরর্থবিষয়াঞ্চ দুঃখকারণভূতাং তাং পরিত্যজ, তদুক্তং যাবতঃ কুরুতে জন্তুঃ সম্বন্ধান্ মনসঃ প্রিয়ান্; তাবন্ত এব খন্যন্তে হৃদয়ে শোকশঙ্কব ইতি। মমতা দুঃখহেতুভূতেতি ত্বং জানাসীত্যাশয়েনাহ। হে বিদ্বন্নিতি, কর্ত্তব্যমুপদিশতি। নির্ব্বিশঙ্কং সমস্তশঙ্কাকলঙ্কবিনির্ম্মুক্তং বিজাতীয়প্রত্যয়রহিতং চিত্তং পরমাত্মনি স্থাপয় ব০ ॥ ৮৯ ॥

নহু জাগ্রৎস্বপ্নসঞ্চারিণস্তদ্ভিন্নত্বাৎ তদ্ধর্ম্মকত্বাদ্ বা কথং পরমাত্মাভেদেন চিন্তনীয়ত্বমিতি চেত্তত্রাহ। যথা মহামৎস্যস্তীরাত্তীরং সঞ্চরন্ তীরাদ্ভিন্ন এব ন ত্বভিন্নো নাপি তেন তীরেণ লিপ্যতে। এবমাধ্যাত্মিকসম্বন্ধেন দেহী আত্মা জাগ্রদাদৌ

কাক, শৃগাল ও অগ্নির দেহ তুল্য আপন শরীরে দুঃখের হেতু মমতা ত্যাগ কর। হে বিজ্ঞ! বাহ্যিক অর্থের সহিত মমতার অত্যন্ত নিকট সম্বন্ধ। তাহাতেই মমতা একমাত্র দুঃখ কারণ বলিয়া বিখ্যাত। অন্যশাস্ত্রে আছে—“প্রাণীগণ হৃদয়ের প্রিয় যতগুলি বাহ্যিক বস্তুর সহিত সম্বন্ধ করিবে, হৃদয়ে ততগুলি শোক শঙ্কু (খোঁটা) প্রোথিত হইবে।” এক্ষণে শঙ্কা ও বিজাতীয় জ্ঞান শূন্য আপনার চিত্তকে পরমাত্মার উপর অর্পণ কর। ৮৯।

জাগ্রৎস্বপ্নসুষুপ্তিলক্ষণমদোঽবস্থাত্রয়ং চিত্তনৌ-ত্বয্যেবানুগতে মিথো ব্যভিচরদ্ধীসংজ্ঞমজ্ঞানতঃ। ক্লৃপ্তং রজ্জ্বিদমংশকে বসুমতীচ্ছিদ্রাহিদণ্ডাদিবত্তদ্ ব্রহ্মাসি তুরীয়মুজ্ঝিতভয়ং মা ত্বং পুরেব ভ্রমীঃ॥৯১॥

সঞ্চরন্ তস্মাদ্ভিন্ন এব নাপি জাগ্রদাদিরূপধর্ম্মবান্ বা, তথা চ শ্রুতিঃ। তদ্যথা মহামৎস্য উভে কূলে সঞ্চরতি পূর্ব্বং চাপরঞ্চৈবমেবায়ং পুরুষ এতান্ সঞ্চরতি স্বপ্নান্তং চ বুদ্ধান্তং চেতি। শালি০ ॥ ৯০ ॥

তর্হ্যনুভূয়মানং জাগ্রদাদ্যবস্থাত্রয়ং কস্যেতি চেত্তত্রাহ। জাগ্রদাদিলক্ষণমবস্থাত্রয়ং ব্যভিচারং গচ্ছৎ বুদ্ধিসংজ্ঞকং চিৎস্বরূপে ত্বয্যেবানুগতে কল্পিতং, তত্রেন্দ্রিয়জন্যজ্ঞানাবস্থা জাগ্রদবস্থা, ইন্দ্রিয়াজন্যবিষয়াপরোক্ষজ্ঞানাবস্থা স্বপ্নাবস্থা, অবিদ্যাগোচরাঽবিদ্যাবৃত্ত্যবস্থা সুষুপ্ত্যবস্থা, অনুবৃত্তে ব্যাবৃত্তং কল্পিতমিত্যত্র দৃষ্টান্তমাহ। রজ্জোরিদমংশেঽনুবৃত্তে ব্যাবৃত্তং ভূমিচ্ছিদ্রসর্পদণ্ডাদি যথা কল্পিতং তদ্বৎ তস্মাদবস্থাত্রয়পরত্বাৎ তুরীয়ং শিবং চতুর্থমিত্যুক্তমত এব পরিত্যক্তনিখিলভয়ং ব্রহ্মাসি। তস্মাৎ পূর্ব্ববদ্ভ্রমং মাগাঃ শার্দূ০ ॥ ৯১ ॥

যেরূপ কোন এক প্রকাণ্ড মৎস্য একতীর হইতে অপরতীরে গমন করে এবং ঐ মৎস্য তীর হইতে ভিন্ন বটে কিন্তু অভিন্ন হয় না, অথচ ঐ তীর মৎস্যকে অভিন্ন বলিয়া লিপ্ত করে না, তদ্রূপ আধ্যাত্মিক প্রভৃতি সম্বন্ধ দ্বারা দেহী (দেহসম্বন্ধবিশিষ্ট) আত্মা, জাগ্রৎ স্বপ্ন প্রভৃতি অবস্থায় সঞ্চরণ করিয়াও তাহা হইতে ভিন্ন বলিয়া প্রতীত হয়। বেদে আছে—”যেরূপ কোন এক বৃহৎ মৎস্য পূর্ব্ব ও পশ্চিম এই উভয় কূলে সঞ্চরণ করে, তদ্রূপ এই পুরুষ জাগ্রৎ স্বপ্ন এই সমস্ত স্থানে গমন করে।” ৯০।

জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্তি এই তিন প্রকার অবস্থা

প্রত্যক্তমং পরপদং বিদুষোঽন্তিকস্থং দূরং তদেব-পরিমূঢ়মতে র্জনস্য। অন্তর্ব্বহিশ্চ চিত্তিরস্তি ন বেত্তি কশ্চিচ্চিন্বন্ বহির্ব্বহিরহো মহিমাত্মশক্তেঃ। ॥ ৯২ ॥

যথা প্রপায়াং বহবো মিলন্তে ক্ষণে দ্বিতীয়ে বত ভিন্নমার্গাঃ। প্রয়ান্তি তদ্বদ্ বহুনামভাজো গৃহে ভবন্ত্যত্র ন কশ্চিদন্তে ॥ ৯৩ ॥

সুখায় যদ্যৎক্রিয়তে দিবানিশং সুখং ন কিঞ্চিদ্

এবম্ভূতং স্বাত্মানং জনঃ কিমিতি নাবগচ্ছতীতি ন শঙ্কনীয়-মাত্মশক্তেশ্মহিয়োঽনির্ব্বচনীয়ত্বাদিত্যাশয়েনাহ। প্রত্যক্তমং প্রাতিলোম্যেনাসজ্জডদুঃখাত্মকাহঙ্কারাদিবিলক্ষণতয়া সচ্চিদা-নন্দাত্মত্বেনাঞ্চতি প্রকাশত ইতি প্রত্যগতিশয়েন প্রত্যগিতি প্রত্যক্তমং পরং পদং বিদুষঃ সমীপস্থং পরিমূঢ়মতের্জ্জনস্য তদেব-দূরমেবং বিধংচৈতন্যমন্তর্ব্বহিরস্তি তথাপি কশ্চনাশুদ্ধচিত্তো বহি-র্ব্বহিশ্চিন্বন্ নবেত্তি অহো আত্মশক্তেরয়ং মহিমা বং ॥ ৯২ ॥

অথ তত্ত্বজ্ঞানাব্যভিচারিসাধনায় বৈরাগ্যমাহ। যথা জল-পানশালায়াং বহবো মিলন্তি ক্ষণে দ্বিতীয়ে ভিন্নমার্গাঃ প্রয়ান্তি তথা গৃহে বহুনামভাজো ভবন্তি অন্তে মরণান্তরমত্র গৃহে কোঽপি ন ভবতি উং ॥ ৯৩ ॥

কিঞ্চ দিবানিশং সুখায় যদ্যৎ ক্রিয়তে ততস্ততঃ কিঞ্চিদপি সুখং ন ভবতি। প্রত্যুত তস্মাদ্ বহুদুঃখমেব, যতঃ পুণ্যরূপং

সর্ব্বদাই ব্যভিচারযুক্ত। ঐ তিন প্রকার অবস্থা বুদ্ধির কার্য্য হইলে ও চিৎস্বরূপের অনুগত। চিৎ-স্বরূপে (তোমাতেই) ঐ বুদ্ধিনামক জাগ্রদাদি অবস্থা ত্রয় কল্পিত হইয়া থাকে। চক্ষু কর্ণ ইন্দ্রিয় জন্য জ্ঞানের অবস্থা জাগ্রদবস্থা—। চক্ষুকর্ণ ইত্যাদি ইন্দ্রিয় দ্বারা অজন্য গন্ধর্ব্বনগর প্রভৃতি বিষয় সকল প্রত্যক্ষ করার নাম স্বপ্নাবস্থা। অবিদ্যার অধীন ও অবিদ্যাশ্রিত অবস্থার নাম সুষুপ্তি অবস্থা। ঐ তিন অবস্থা অনুগত চিৎস্বরূপে কল্পিত হয়। তাহার দৃষ্টান্ত দেখ—"ইয়ং রজ্জুঃ" এই রজ্জু এই স্থানে রজ্জুর অনুগত (ইদম্) অংশে ভূমি, ছিদ্র, সর্প ও দণ্ডাদি যেরূপ কল্পিত হয়, স্বপ্নাদি অবস্থাও ঐ প্রকার জানিবে। অতএব ঐ তিন-প্রকার অবস্থা না থাকাতে তুরীয় অর্থাৎ চতুর্থ শিব, এবং অখিল সাংসারিক ভয় শূন্য তুমিই পরব্রহ্ম। সুতরাং পূর্ব্বমত আর এখন ভ্রম প্রমাদে পতিত হইও না। ৯১

যিনি প্রতিলোম ক্রমে অসৎ, জড় ও দুঃখাত্মক অহঙ্কারাদি শূন্য হইয়া সচ্চিদানন্দরূপে প্রকাশ-মান, তাহার নাম প্রত্যগাত্মা। যিনি পরম পদ; যিনি জ্ঞানবানের অতিশয় নিকটবর্ত্তী; মূঢ়মতি জনের তিনিই আবার অত্যন্ত দূরবর্ত্তী। এরূপ চৈতন্য সকলের অন্তরেও বিদ্যমান, ও সকলের বাহ্য বস্তু বলিয়া বিখ্যাত। তথাপি কোন কলু-ষিত চেতা বাহিরে বাহিরে অন্বেষণ করিয়া কিছুই জানিতে পারে না। আহা! আত্মশক্তির কি অদ্ভুত মহিমা?। ৯২।

যেরূপ জলপান শালায় বহুলোক একত্র মি-লিত হয় ও দ্বিতীয় ক্ষণে সকলেই ভিন্ন ভিন্ন পথে চলিয়া যায়। ঐরূপ গৃহে বিবিধ নাম ধারণ ক-রিয়া সকলে একত্র বাস করে, মরণান্তে ঐ গৃহে কেহই থাকে না ॥ ৯৩ ॥

লোক দিবানিশি সুখের নিমিত্ত যে যে কর্ম্ম করিয়া থাকে ঐ সকল কার্য্য হইতে কিছুই সুখ

বহুদুঃখমেব তৎ। বিনা ন হেতুং সুখজন্ম দৃশ্যতে হেতুশ্চ হেত্বন্তরসন্নিধৌ ভবেৎ॥ ৯৪॥

পরিপক্কমতেঃ সকৃৎ শ্রুতং জনয়েদাত্মধিয়ং শ্রুতের্বচঃ। পরিমন্দমতেঃ শনৈঃ শনৈর্গুরুপাদাজনিষেবণাদিনা॥ ৯৫॥

প্রণবাভ্যসনোক্তকর্ম্মণোঃ করণেনাপি গুরোর্নিষেবণাৎ। অপগচ্ছতি মানসং মলং ক্ষমতে তত্ত্বমুদীরিতং ততঃ॥ ৯৬॥

মনোঽনুবর্ত্তেত দিবানিশং গুরোর্গুরুর্হি সাক্ষাচ্ছিব এব তত্ত্ববিৎ। নিজানুবৃত্ত্যাপরিতোষিতো গুরুর্বিনেয়বক্তুং কৃপয়া হি বীক্ষতে॥ ৯৭॥

হেতুং বিনা সুখজন্ম ন দৃশ্যতে, হেতুশ্চ জন্মান্তরীয়হেতোঃ সন্নিধৌ ভবেৎ পুণ্যঃ পুণ্যেন কর্ম্মণেতি শ্রুতেঃ, বংশস্থম্ ৯৪॥

তস্মাদেবম্ভূতসংসারাদ্বিমুক্তিমিচ্ছতা শ্রুতিবচসা আত্মসাক্ষাৎকার এব সম্পাদনীয়ঃ, স চ পরিপক্কমতেঃ সকৃচ্ছ্রবণেন, মন্দমতেস্তু গুরুপাদাজনিষেবণাদিনা শনৈঃ শনৈরিত্যাশয়েনাহ। পরীতি বিয়ো০॥ ৯৫॥

শনৈঃশনৈরিত্যাদি বিবৃণোতি, প্রণবাভ্যাসস্যোক্তস্য ত্রিকালস্নানাদিরূপস্য কর্ম্মণঃ করণেন গুরৌ বিশেষেণ শুশ্রূষণাচ্ছ মানসং মলং গচ্ছতি। ততশ্চ কথিতং তত্ত্বং ক্ষমতে ধারণায় যোগ্যং ভবতি॥ ৯৬॥

অথেদানীং যস্য দেবে পরাভক্তির্যথাদেবে তথাগুরৌ, তস্যৈতে কথিতাহ্যর্থাঃ প্রকাশন্তে মহাত্মনঃ। গুরুপ্রসাদাৎ পরমাত্মলাভঃ, তদ্বিদ্ধি প্রণিপাতেন পরিপ্রশ্নেন সেবয়েত্যাদি শাস্ত্রমনুসৃত্য গুরুভক্তেস্তত্ত্বজ্ঞানান্তরঙ্গ সাধনত্বং বোধয়িতুমারভতে। অহর্নিশং মনো গুরাবনুবর্ত্তেতাত্যাবশ্যকতাবোধনায় লিঙ্প্রয়োগঃ। হি যস্মাৎ তত্ত্ববিদ্‌গুরুঃ সাক্ষাচ্ছিব এব তদুক্তং গুরুর্ব্রহ্মাগুরুর্বিষ্ণুর্গুরুর্দেবো মহেশ্বরঃ গুরুঃ পিতাগুরুর্মাতা গুরুরেব পরঃ শিব ইতি। ননু শিবস্বরূপগুরোরনুবৃত্তিঃ কিমর্থং কর্ত্তব্যেতি চেত্তত্রাহ। হি যস্মাৎ স্বস্তগুরোরনুবৃত্ত্যাপরিতোষিতো গুরুঃ শিষ্যমুখং কৃপয়াবীক্ষতে বংশ০॥ ৯৭॥

হয় না, বরং বহুতর দুঃখই ঘটিয়া থাকে। কারণ, পুণ্য কার্য্য না করিলে সুখ হয় না, এবং ঐ পুণ্য কার্য্যের হেতু জন্মান্তরীয় সুকৃতের নিকটস্থ হয়॥ ৯৪॥

স্নাত্বা স্বুবর্ণমুখরীসলিলাশয়েঽন্তর্গত্বাপুনঃ প্রণমতিস্ম শিবং ভবান্যা। আনর্চ ভাবকুসুমৈর্ম্মনসা নুনাব স্তুত্বাচ তং পুনরযাচত তীর্থযাত্রাম্ ॥ ৫৮ ॥

আলিঙ্গিতং প্রমোদস্থানমিন্দ্রপ্রমুখৈর্দ্দেবৈর্জ্জয়জয়েত্যাভাষ্যমাণং শা০ ॥ ৫৭ ॥

স্বুবর্ণমুখর্য্যা নদ্যাঃ সলিলাশয়েঽন্তঃ স্নাত্বা পুনর্গত্বা ভবান্যা সহিতং শিবং প্রণমতিস্ম ভাবপুষ্পৈরর্চ্চয়িত্বা মনসা স্তুতিং চকার ব০ ॥ ৫৮ ॥ ৫৯ ॥

পদ্মপাদ ঐ দক্ষিণ দিকে শিবলিঙ্গে অধিষ্ঠিত 'শ্রীকালহস্তীশ্বর' শিব দর্শন করেন। তাঁহার সর্ব্বাঙ্গে স্বুন্দর সর্প সকল বিরাজিত, তিনি মস্তকে চন্দ্রকলা ধারণ করিতেছেন, করুণারসে আর্দ্রচিত্ত হইয়া পার্ব্বতী যাঁহাকে আলিঙ্গন করিতেছে, তিনি একমাত্র আনন্দের আস্পদ, ইন্দ্রাদি দেবতাগণ "জয় জয়" বলিয়া তাঁহার সম্ভাষণ করিতেছে ॥৫৭ ॥

তথায় স্বুবর্ণমুখরী নামক নদীর মধ্যে গমন পূর্ব্বক স্নান করিয়া পুনর্ব্বার ভবানীসহায় ঐ শিবকে প্রণাম করিলেন। নিজের মনের অভিপ্রায় রূপ পুষ্প দ্বারা অর্চনা করিলেন, মনো দ্বারা স্তব করিলেন, স্তবকরিয়া পুনরায় মহাদেবের নিকট তীর্থযাত্রা যাচ্ঞা করিলেন ॥ ৫৮ ॥

লব্ধানুজ্ঞাস্তজ্জ্ঞরাট্ কালহস্তিক্ষেত্রাৎ কাঞ্চীক্ষেত্রমাগাৎ পবিত্রম্। সংসারাব্ধিং সন্তিতীর্ষোঃ প্রসিদ্ধং বৃদ্ধাঃপ্রাহুর্যদ্ধি লোকে হ্যমুষ্মিন্ ॥ ৫৯ ॥

তত্রৈকান্ত্যাধীশ্বরং বিশ্বনাথং নত্বা গম্যং স্বীয়ভাগ্যাতিশীত্যা। দেবীং ধামান্তর্গতামন্তকারের্হার্দ্দং রুদ্রস্যেব জিজ্ঞাসমানাম্ ॥ ৬০ ॥

কল্লালেশন্দ্রাক্ ততো নাতিদূরে লক্ষ্মীকান্তং সংবসন্তং পুরাণম্। কারুণ্যার্দ্রস্বান্তমন্তাদিশূন্যং দৃষ্ট্বা দেবং সন্তুতোষৈকভক্ত্যা ॥ ৬১ ॥

স্বীয়ভাগ্যাতিশয়েন প্রাপ্যং ধামান্তর্গতামন্তকস্থারেঃ রুদ্রস্য হার্দ্দং জিজ্ঞাসমানামিব স্থিতাং দেবীং চ নত্বা ॥ ৬০ ॥

ততো ঝটিতি নাতিদূরে সংবসন্তং কল্লালেশাখ্যং লক্ষ্মীকান্তং দেবং দৃষ্ট্বা একভক্ত্যা তুতোষেতি পরেণান্বয়ঃ স্বান্তং মনঃ আদ্যন্তরহিতং আদ্যন্তাদিসর্ব্ববিকারশূন্যং শালিনী ॥৬১॥

জ্ঞানীগণের অধিপতি পদ্মপাদ শিবের নিকট হইতে অনুজ্ঞা লাভ করিয়া কালহস্তী শিবের ক্ষেত্র হইতে পবিত্র কাঞ্চী ক্ষেত্রে গমন করেন। প্রাচীনেরা ঐ কাঞ্চী ক্ষেত্রকে ইহলোকে সংসার সাগর উত্তরাণর্থী ব্যক্তিগণের একমাত্র প্রসিদ্ধ স্থান বলিয়া থাকেন। ৫৯।

কাঞ্চী ক্ষেত্রে সর্ব্ব বিষয়ের অধীশ্বর বিশ্বেশ্বরকে নমস্কার করিলেন। পরে স্বীয়ভাগ্যের অতিশয্যবশতঃ যে শৈবধাম সকলের প্রার্থনীয়-যে দেবী ভিতরে থাকিয়া কৃতান্ত শত্রু রুদ্রদেবের সৌহার্দ্য

পুণ্ডরীকপুরমাযয়ৌ মুনির্যত্র নৃত্যতি সদাশিবোঽনিশম্। বীক্ষতে প্রকৃতিরাদিমা হৃদা পার্ব্বতীপরিণতিঃ শুচিস্মিতা॥ ৬২॥

তাণ্ডবং মুনিজনোঽত্র বীক্ষতে দিব্যচক্ষুরমলাশয়ো ঽনিশম্। জন্মমৃত্যুভয়ভেদিদর্শনান্নেত্রমানসবিনোদকারকম্॥ ৬৩॥

কিঞ্চাত্র তীর্থমিতি ভিক্ষুগণেন কশ্চিৎ পৃষ্টোঽব্রবীচ্ছিবপদাম্বুজসক্তচিত্তঃ। সংপ্রার্থিতঃ করুণয়াঽস্মরদত্র গঙ্গাং দেবোঽথ সংন্যধিত দিব্যসরিৎসুতীর্থম্॥ ৬৪॥

শিবাজ্ঞয়াঽভূদিতি তীর্থমেতচ্ছিবস্য গঙ্গাং

আদিমা আদ্যাপ্রকৃতিঃ পার্ব্বতীরূপেণ পরিণতা নৃত্যন্তং শিবং সদা বীক্ষতে যথো০॥ ৬২॥

জন্মমৃত্যুভয়ভেদকং দর্শনান্নেত্রমানসবিনোদকারকং তাণ্ডবং দিব্যচক্ষুরমলাশয়ো মুনিজনোঽত্রানিশং বীক্ষতে জন্মমৃত্যুভয় ভেদি যদ্দর্শনং তস্মাদিতি বা॥ ৬৩॥

কিং চাত্র তীর্থমিতি পদ্মপাদাদিভিক্ষুগণেন পৃষ্টঃ কশ্চিচ্ছিবপদাম্বুজসক্তচিত্তোঽব্রবীৎ সংপ্রার্থিতো মহাদেবোঽত্র গঙ্গাং সস্মার অথ স্মরণানন্তরং দিব্যসরিৎসুতীর্থং সন্নিধাপিতবতী ব০॥ ৬৪॥

এতৎ তীর্থং শিবাজ্ঞয়াঽভূদিতি হেতোরেতৎ তীর্থং শিব-

জিজ্ঞাসা করিতেছিলেন; সেই চিন্তনীয় পরম ধামস্বরূপদেবীকে নমস্কার করিয়া শীঘ্র অনতিদূরবর্ত্তী 'কল্লালেশ' নামক পুরাণ লক্ষ্মীকান্তকে দর্শন করিলেন। দেখিলেন—কল্লালেশ করুণাদ্বারা সতত আর্দ্রচিত্ত; তাঁহার আদ্যন্ত নাই—একান্ত ভক্তি সহকারে ঐ দেবমূর্ত্তি দর্শন করিয়া অত্যন্ত তখন তুষ্ট হইলেন। ৬০। ৬১।

যে স্থানে সদাশিব নিরন্তর নৃত্য করিতেন; মুনিবর পদ্মপাদ তখন ঐ বিষ্ণুপুরে গমন করিলেন। যাঁহার মৃদুহাস্য শুভ্রবর্ণ-সেই আদ্যাশক্তি পার্ব্বতীরূপে পরিণত হইয়া হৃদয়ের সহিত নৃত্যকারী ঐ শিবকে যেস্থানে দর্শন করিয়া থাকেন। ৬২।

যে নৃত্য জন্মমৃত্যুর ভয় ভঞ্জন করে; যে নৃত্য দর্শনমাত্র নেত্র ও মনের আনন্দ বর্দ্ধন করে; দিব্য চক্ষু ও নির্ম্মলাশয় মুনিগণ ঐ স্থান বসিয়া দিবানিশি শঙ্করের ঐ মনোহর নৃত্য দর্শন করিতেন। ৬৩।

অপিচ পদ্মপাদ প্রভৃতি ভিক্ষুগণ শিবপদাম্বুজরত কোন এক শিবপরায়ণ ব্যক্তিকে জিজ্ঞাসা করিলেন। "এস্থানে কি তীর্থ?" তখন ঐ শৈব বলিলেন—এই স্থানে দেবদেব মহাদেব আরাধিত হইয়া গঙ্গাকে স্মরণ করিয়াছিলেন। অনন্তর দেবনদী গঙ্গা এই স্থানে এক মহৎ তীর্থ স্থাপন করেন। ৬৪।

এই তীর্থ শিবের আজ্ঞায় উদ্ভূত হয়। অতএব জগতে সকলেই এই তীর্থকে 'শিবগঙ্গা' বলিয়া

প্রবদন্তি লোকে। স্নানাদমুষ্যাং বিধুতোরুপাপাঃ শনৈঃ শনৈস্তাণ্ডবমীক্ষমাণাঃ ॥ ৬৫ ॥

শিবস্য নাট্যশ্রমকর্শিতস্য শ্রমাপনোদায় বিচিন্তয়ন্তী। শিবেতি গঙ্গা পরিণামগাঽভূত্ততোঽথ চৈতৎ প্রথিতং তদাখ্যম্ ॥ ৬৬ ॥

নৃত্যত্তীরহতস্খলজ্জলগতেঃ পর্য্যাপতদ্বিন্দুকং পার্শ্বে স্বাবসতের্বিনোদবশতো যজ্জহ্নুকন্যাপয়ঃ। নৃত্যং তন্বতি ধূর্জটৌ বিগলিতং প্রেঙ্খজ্জটামণ্ডলাত্তেনৈতচ্ছিবজাহ্নবীতি কথয়ন্ত্যন্যে বিপশ্চিজ্জনাঃ ॥ ৬৭ ॥

স্নায়ং স্নায়ং তীর্থবর্য্যেঽত্রনিত্যং বীক্ষং বীক্ষং দেবপাদাব্জযুগ্মম্। শোধং শোধং মানসং মানবোঽসৌ বীক্ষেতেদং তাণ্ডবং শুদ্ধচেতাঃ ॥ ৬৮ ॥

শুদ্ধং মহদ্বর্ণয়িতুং ক্ষমেত পুণ্যং পুরারিঃ স্বয়-

গঙ্গামিতি লোকে প্রবদন্তি তানাহ,অমুষ্যাং গঙ্গায়াং স্নানাদ্বিধূতোরুপাপাঃ শনৈঃ শনৈস্তাণ্ডবমীক্ষমাণাঃ উ° ৬৫ ॥

শিবগঙ্গানাম্নস্তৎ প্রবৃত্তিনিমিত্তমাহ। নাট্যশ্রমকর্শিতস্য শিবস্য শ্রমাপনোদায় বিচিন্তয়ন্তী শিবা পার্ব্বতী গঙ্গেতি পরিণামগাঽভূৎ। ততোঽথবা শিবগঙ্গাখ্যমেতৎ তীর্থং প্রথিতং উপে° ॥ ৬৬ ॥

যজ্জহ্নুকন্যাপয়ো ধূর্জ্জটৌ নৃত্যতি সতি প্রেঙ্খতশ্চলতে জটামণ্ডলাদ্‌গলিতং তেনৈতৎ তীর্থং মন্যে বিপশ্চিজ্জনাঃ শিবজাহ্নবীতি কথয়ন্তি। প্রেঙ্খজ্জটামণ্ডলং বিশিনষ্টি, নৃত্যতা তীরেণ হতস্য স্খলতো জলস্য গতির্যস্মিন্ স্বস্যাবসতের্নিকেতনাৎ পয়ো বিশিনষ্টি পার্শ্বে পতন্তঃ বিন্দুকা বিন্দবো যস্য শা° ॥৬৭॥

তস্মাদস্মিন্ তীর্থবর্য্যে স্নাত্বা দেবপাদাব্জযুগ্মং দৃষ্ট্বা মনঃ শোধয়িত্বাশোধয়িত্বাঽসৌ শুদ্ধচিত্তো মানব ইদং তাণ্ডবং বীক্ষেত শালি° ॥ ৬৮ ॥

এতচ্ছুদ্ধং পুণ্যং বর্ণয়িতুং শিবাতিরিক্তো নক্ষম ইত্যাশয়ে-

থাকে। ধীরে ধীরে শিবনৃত্য দর্শন করিতে করিতে এই গঙ্গাতে স্নান করিলে নানাবিধ ভীষণ পাপ সকল দূরীকৃত হয়। ৬৫।

কেহ কেহ বলেন—নৃত্য করিতে করিতে শিব যখন নৃত্যশ্রমে কাতর হন, তখন শিবের শ্রমাপনোদন চিন্তা করিয়া শিবা (দুর্গা) গঙ্গারূপে পরিণত হন। তাহাতেই এই তীর্থ "শিবগঙ্গা" নামে বিখ্যাত হইয়াছে ॥ ৬৬ ॥

অপরে বলেন--শিব যখন নৃত্য করিয়া নদীর জলকে আঘাত করেন, তাহাতে জলের গতি, জটামণ্ডলে স্খলিত হইয়া ছিল, জলের আবাস স্বরূপ সেই শিবের চঞ্চল জটামণ্ডল হইতে পার্শ্বে প্রচুর পরিমাণে গঙ্গাজলের বিন্দু সকল শিবকে বিনোদিত করিতে পতিত হয়; তাহাতেই এই "শিবগঙ্গা" তীর্থের উৎপত্তি হইয়াছে। ৬৭।

অতএব এই মহাতীর্থে প্রতিদিন স্নান করিয়া, শিবের পদপঙ্কজ যুগল প্রতিক্ষণ দর্শন করিয়া, আপনার চিত্ত নিয়ত শুদ্ধ করিয়া, শুদ্ধচেতা মানব এই শিবনৃত্য দর্শন করিবে। ৬৮।

এই শুদ্ধ, মহৎ ও পবিত্র ক্ষেত্র বর্ণনা করিতে

মেব তস্য। নিমজ্য শম্ভুহৃদ্যসরিত্যমুষ্যাং দাক্ষায়ণীনাথমুদীক্ষতে যঃ ॥ ৬৯ ॥

ইতীরিতঃ শঙ্করযোজিতাত্মা কেনাপি ভিক্ষু র্মুদিতো জগাহে। তীর্থং তদাপ্লুত্য ননাম শম্ভোরঙ্ঘ্রিং জিতাত্মা ভুবনস্য গোপ্তুঃ ॥ ৭০ ॥

রামসেতুগমনায় সংদধে মানসং মুনিরনুত্তমঃ পুনঃ। বর্ত্মনি প্রযতমানসো ব্রজন্ সন্দদর্শ সরিতং কবেরজাম্ ॥ ৭১ ॥

যৎপবিত্রপুলিনস্থলং পয়ঃ সিন্ধুবাসরসিকায় বিষ্ণবে। অভ্যরোচত হিরণ্যবাসসে পদ্মনাভমুখনাভশালিনে ॥ ৭২ ॥

সহ্যপর্ব্বতসুতাতিনির্মলাম্ভোঽভিষিক্তভগবৎপদাম্বুজে। আকলয্য বহুশিষ্যসংবৃতঃ প্রাস্থিতাভিরুচিতস্থলায় সঃ ॥ ৭৩ ॥

গচ্ছন্ গচ্ছন্মার্গমধ্যেঽভিযাতং গেহং ভিক্ষু-

নাহ শুদ্ধমিতি। যঃ অমুষ্যাং শম্ভুহৃদ্যসরিতি নিমজ্যদাক্ষায়ণীনাথং বীক্ষতে তস্য উং ॥ ৬৯ ॥

ইত্যেবং কেনাপি কথিতঃ শঙ্করে যোজিতমন্তঃকরণং যেন স ভিক্ষুঃ পদ্মপাদো মুদিতো জগাহেঽবগাহনং কৃতবান্ ॥ ৭০ ॥

পুনরনুত্তমো মুনিঃ পদ্মপাদো রামসেতুগমনায় মনো দধে, প্রযতং মনো যেন স পথি গচ্ছন্ কবেরজাং কাবেরীং নদীং দদর্শ রথোং ॥ ৭১ ॥

যস্যাঃ পবিত্রপুলিনং স্থলং চ ক্ষীরসমুদ্রবাসরসিকায়াপি ব্যাপকায়াপি হিরণ্যবাসসে পদ্মনাভাদিনাম্না শোভমানায় অভ্যরোচত ॥ ৭২ ॥

সহ্যপর্ব্বতসুতায়া অতিনির্ম্মলেনাম্ভসাঽভিষিক্তে ভগবৎপদাম্বুজে আকলয্য ধ্যাত্বা বহুশিষ্যসংবৃতঃ সঃ অভিরুচিতস্থলায় প্রাস্থিত প্রস্থানং কৃতবান্ রথোং ॥ ৭৩ ॥

কেবল ত্রিপুরারি সক্ষম। অতএব এই "শিবগঙ্গা" তীর্থে নিমগ্ন হইয়া দাক্ষায়ণীর পতিকে দর্শন করিবেক। ৬৯।

এই রূপ কোন ভিক্ষুবরের কথা শুনিয়া পদ্মপাদ, শঙ্করের উপর চিত্ত সংযুক্ত করিয়া প্রমুদিত মনে অবগাহন করিলেন। অনন্তর জিতেন্দ্রিয় মুনিবর ঐ তীর্থে স্নান করিয়া ভুবনপালক শঙ্করের পদে প্রণাম করিলেন। ৭০।

সর্ব্বোৎকৃষ্ট মুনি পদ্মপাদ সেতুবন্ধরামেশ্বরে গমন করিবার জন্য মনন করিলেন। সংযতচিত্ত পদ্মপাদ গমন কালে পথমধ্যে কাবেরী নদী দর্শন করেন। ৭১।

যিনি ক্ষীরসমুদ্রে বাস করিয়া থাকেন, যিনি সর্ব্বব্যাপী; সুবর্ণ যাঁহার পরিধেয় বস্ত্র; পদ্মনাভ নামধারী ঐ বিষ্ণুর, তখন কাবেরী নদীর পবিত্র পুলিন ভূমি দেখিতে মনে২ অত্যন্ত ইচ্ছা হইল। ৭২।

সহ্যপর্ব্বতোদ্ভবা কাবেরী নদীর জল দ্বারা যাঁহার পদারবিন্দ যুগল অভিষিক্ত—সেই ভগবানের পদপঙ্কজ দুইখানি হৃদয়ে ধ্যান করিয়া বহু শিষ্যগণ সমভিব্যাহারে আপনার অভীষ্ট স্থানে প্রস্থান করিলেন। ৭৩।

যাইতে যাইতে পথমধ্যে ঐ ভিক্ষু আপনার

র্মাতুলস্যাজগাম। দৃষ্ট্বা শিষ্যৈস্তং চিরেণাভিযাতং মোদং প্রাপন্মাতুলঃ শাস্ত্রবেদী ॥ ৭৪ ॥

শুশ্রাব তং বন্ধুজনঃ সশিষ্যং স্বমাতুলাগারমুপেযিবাংসম্। আগত্য দৃষ্ট্বা চিরমাগতং তং জহর্ষ হর্ষাতিশয়েন সাশ্রুঃ ॥ ৭৫ ॥

রুরোদ কশ্চিন্মুমুদেঽত্র কশ্চিজ্জহাস পূর্ব্বাচরিতং বভাষে। কশ্চিৎ প্রমোদাতিশয়েন কিঞ্চিদ্বচঃস্খলদ্ধীঃ প্রণনাম কশ্চিৎ ॥ ৭৬ ॥

শিষ্যৈঃ সহিতং শালি° ॥ ৭৪ ॥ উ° ॥ ৭৫ ॥ ৭৬ ॥

উচেঽথ তং জ্ঞাতিজনঃ প্রমোদী দৃষ্ট্বা চিরায়াঽক্ষিপথং গতোঽভূঃ। দিদৃক্ষতে ত্বাং জনতাঽতিহার্দাত্তথাপি শক্নোষি ন বীক্ষণায় ॥ ৭৭ ॥

পুত্রাঃ সমিত্রা ন ন বন্ধুবর্গো ন রাজবাধা ন চ চোরভীতিঃ। কৃতার্থতামূলপদং যতিত্বং প্রসূনবন্তং ফলিতং মহান্তম্ ॥ ৭৮ ॥

অথানন্তরং তং দৃষ্ট্বা প্রমোদী জ্ঞাতিজন উচে। যতশ্চিরকালাত্ত্বমক্ষিমার্গং প্রাপ্তোঽতো জনতাঽতিস্নেহাত্ত্বাং দিদৃক্ষতে। তথাপি ত্বং বীক্ষণায় ন শক্নোষি তথাচ স্নেহবাধা তব নাস্তীত্যর্থঃ ॥ ৭৭ ॥

কিঞ্চ সর্ব্ববাধাবিনির্ম্মুক্তত্বাৎ কৃতার্থতামূলপদং যতিত্বমেবেত্যাহ পুত্রা ইতি। তেষামভাবে তৎকৃতা বাধা নাস্তীত্যর্থঃ। ধনিনামেব বাধান তু নিষ্কিঞ্চনানামিতি সদৃষ্টান্তমাহ পুষ্পবন্তং ফলিতং মহান্তং বৃক্ষমিতি পরেণান্বয়ঃ ॥ ৭৮ ॥

মাতুলালয়ে উপস্থিত হইলেন। শাস্ত্রজ্ঞ মাতুল তাঁহাকে শিষ্য সমভিব্যাহারে আসিতে দেখিয়া অত্যন্ত প্রমুদিত হইলেন। ৭৪।

বন্ধুগণ শুনিল শিষ্যগণের সহিত মাতুলালয়ে তিনি উপস্থিত হইয়াছেন। তাহারা আসিয়া বহু দিনের পর তাঁহাকে আগত দেখিয়া অতিশয় হর্ষ সহকারে আনন্দাশ্রু পতন পূর্ব্বক আহ্লাদিত হইল। ৭৫।

ঐ স্থানে কেহ রোদন করিতে লাগিল ; কেহ আহ্লাদিত হইল ; কেহ হাসিতে লাগিল ; কেহ পূর্ব্বাবস্থা বর্ণন করিতে লাগিল, কেহ অত্যন্ত আনন্দের সহিত কিছু বলিতে গিয়া স্খলিত বাক্যে প্রণাম করিল। ৭৬।

অনন্তর তাঁহাকে দেখিয়া জ্ঞাতিগণ হৃষ্টচিত্তে বলিতে লাগিল ; তুমি অনেক দিনের পর আমাদের দর্শন দিয়াছ। এই সকল লোকে হৃদ্যতা বশতঃ তোমাকে দেখিতে ইচ্ছা করিতেছে, তথাপি তুমি ইহাদিগকে দেখা দিতে ইচ্ছা করনা। ৭৭।

কৃতার্থতার মূল পদ সংন্যাস লাভ হইলে আর কোন বিপদ থাকে না। বন্ধুবর্গের সহিত পুত্র বাধা দিতে পারে না—বন্ধুবর্গ বাধা দিতে পরে না—তাহাতে রাজ বাধা কি চৌর ভয় থাকে না। তাহার কারণ এই—সকলেই পুষ্পিত, ফলিত ও শাখাপ্রশাখা যুক্ত মহৎ বৃক্ষের নিকটে আগমন করিয়া তাহার বাধা দিয়া থাকে। তদ্রূপ

শাখোপশাখাঞ্চিতমেব বৃক্ষং বাধন্ত আগত্য ন তদ্বিহীনম্। যথা তথা বা ধনিনং দরিদ্রা বাধন্ত আগত্য দিনে দিনে স্ম ॥ ৭৯ ॥

কুটুম্বরক্ষাগতমানসানাং নায়াতি নিদ্রাপি সুখং ন জাতু। ক দেবতার্চা ক চ তীর্থযাত্রা ক বা নিষেবা মহতাং ভবেন্নঃ ॥ ৮০ ॥

অশ্রৌষ্ম সন্ন্যাসকৃতং ভবন্তং বিপ্রাৎ কুতশ্চিদ্গৃহমাগতান্নঃ। কালোঽত্যগাত্তে বহুরদ্য দৈববান্ তীর্থস্য হেতো র্গৃহমাগতস্ত্বম্ ॥ ৮১ ॥

যথা শকুন্তাঃ পরবর্দ্ধিতান্ দ্রুমান্ সমাশ্রয়ন্তে সুখদাংস্ত্যজন্ত্যপি। পরপ্রক্লৃপ্তান্মঠদেবতাগৃহান্ যতিঃ সমাশ্রিত্য তথোজ্ঝতি ধ্রুবম্ ॥ ৮২ ॥

যথাহি পুষ্পাণ্যভিগম্য ষট্পদাঃ সংগৃহ্য সারং রসমেব ভুঞ্জতে। তথা যতিঃ সারমবাপ্নুবন্ সুখং

শাখোপশাখাভিরঞ্চিতং ব্যাপ্তমলঙ্কৃতং বা তথাতথৈব ॥৭৯॥

কিঞ্চ কুটুম্বরক্ষাগতমানসানামস্মাকং সুখং ন ভবতি। তথা কদাচিন্ নিদ্রাপি নায়াতি তথাচৈবংবিধানাং নঃ ক দেবতার্চাদি ॥ ৮০ ॥

কস্মাচ্চিদ্দেশান্নো গৃহমাগতাৎ কস্মাচ্চিদ্বিপ্রাদিতি বা ইত্যন্ত্ৰং ॥ ৮১ ॥

তীর্থস্য হেতোস্ত্বং গৃহমাগতোঽসি নতু মমতাবশাদ্যতেঃ স্বীয়ত্বেন গৃহপরিগ্রহাভাবাদিত্যাশয়েন সদৃষ্টান্তমাহ। যথা শকুন্তাঃ পক্ষিণঃ পরবর্দ্ধিতান্ বৃক্ষান্ সুখদান্ সমাশ্রয়ন্তে ত্যজন্ত্যপি তথা যতিঃ পরপ্রক্লৃপ্তান্ মঠান্ দেবতাগৃহাংশ্চ সুখদান্ সমাশ্রিত্য ধ্রুবমুজ্ঝত্যপি বা ॥ ৮২ ॥

তত্রাপি তত্তদ্গৃহে যতের্গমনং ভ্রমরবৎ পীড়াকরং ন ভব-

দরিদ্রগণ দিন দিন ধনীর নিকটে আগমন করিয়া তাহাদিগেকে উৎপীড়িত করিয়া থাকে। ৭৮। ৭৯।

আমরা কুটুম্বদিগের ভরণপোষণের জন্য সর্ব্বদাই ব্যতিব্যস্ত থাকি। সুতরাং তাহাতে আমাদের কখন সুখও হয়না—কখন নিদ্রাও হয়না। অতএব আমাদের দেবপূজা কি করিয়া হইবে? তীর্থযাত্রা কিরূপে ঘটিবে? এবং কি রূপেই বা মহৎ জনের সেবা শুশ্রূষা করা ঘটিবে?। ৮০।

এক দিন আমাদের গৃহে কোন এক ব্রাহ্মণ আসিয়া উপস্থিত হন। আমারা তাঁহার নিকটে শুনিয়াছি যে,আপনি সংন্যাসধর্ম্ম অবলম্বন করিয়াছেন। আপনার বহুদিন অতীত হইল, অদ্য দৈবাৎ তীর্থ দর্শন ছলে আপনি আমার গৃহে আগমন করিয়াছেন। ৮১।

যেরূপ পক্ষি সকল পরকর্ত্তৃক বর্দ্ধিত ও পালিত বৃক্ষ দিগকে আশ্রয় করে ও শেষে পরিত্যাগ করে, সেই মত সংন্যাসী পর প্রতিষ্ঠিত মঠ ও দেবালয় আশ্রয় করিয়া, তাহাও পরিশেষে পরিত্যাগ করিয়া থাকেন। ৮২।

যেরূপ মধুকরেরা নানাবিধ পুষ্পে গমন করিয়া তাহাদের সার সংগ্রহ পূর্ব্বক কেবল পুষ্পরস

গৃহাদ্গৃহাদোদনমেব ভিক্ষতে ॥ ৮৩ ॥

যতের্ব্বিরজ্যাত্মগতিঃ কলত্রং দেহং গৃহং সংযতমেব সৌখ্যম্। বিরক্তিভাজস্তনয়াঃ স্বশিষ্যাঃ কিমর্থনীয়ং যতিনো মহাত্মন্! ॥ ৮৪ ॥

মনোরথানাং ন সমাপ্তিরিষ্যতে পুনঃ পুনঃ সন্তনুতে মনোরথান্। দারানভীপ্সুর্যততে দিবানিশং তান্ প্রাপ্য তেভ্যস্তনয়ানভীপ্সতি ॥ ৮৫ ॥

অনাপ্নুবন্ দুঃখমসৌ সুতীব্রং প্রাপ্নোতি চেষ্টেন বিযুজ্যতে পুনঃ। সর্ব্বাত্মনা কামবশস্য দুঃখং তস্মাদ্বিরক্তিঃ পুরুষেণ কার্য্যা ॥ ৮৬ ॥

বিরক্তিমূলং মনসোবিশুদ্ধিং তন্মূলমাহুর্ম্মহতাং

তীত্যাহ তথেতি সুখং যথাস্যাত্তথা ॥ উং ॥ ৮৩ ॥

কিঞ্চ যতেঃ কিমপি প্রার্থনীয়ং নাস্তীত্যাহ যতের্ব্বিরজ্যয়া আত্মাবগতিঃ সৈব ভার্য্যা হে মহাত্মন্! ॥ ৮৪ ॥

কামবশস্য তু দুঃখমেবেত্যাহ মনোরথানামিতিদ্বাভ্যাং। তেভ্যোদারেভ্যঃ ॥ ৮৫ ॥

দারাদীননাপ্নুবন্ দুঃখমেব সুতীব্রং প্রাপ্নোতি পুনরিষ্টেন চ বিযুজ্যতে ॥ ৮৬ ॥

বিরক্তিশ্চ ভবদ্বিধানাং মহতাং সেবয়া শুদ্ধচেতসো ভবতীত্যাহ। মনসোবিশুদ্ধিং বিরক্তের্মূলমাহুঃ তস্যা অপি বিশুদ্ধের্মূলং

পান করিয়া থাকে, সেই মত যতি সার প্রাপ্ত হইয়া পরম সুখে প্রত্যেক গৃহ হইতে কেবল মাত্র অন্ন ভিক্ষা করিয়া থাকেন। ৮৩।

যতির কোন দ্রব্য প্রার্থনীয় নহে—কারণ,তাঁহাদের বৈরাগ্যের সহিত আত্মজ্ঞানই ভার্য্যা—দেহই-গৃহ, সংযত ভাবই পরম, সুখ বৈরাগ্য ধারী স্বীয় শিষ্যগণই পুত্র-অতএব হে মহাত্মন্! যতির আর কোন্ বস্তুর প্রার্থনা করিতে হইবে?। ৮৪।

লোকের কিছুতেই মনোরথ পূর্ণ হয়না,বরং উত্তরোত্তর মনোরথ লাভ করিবার জন্য পুনঃ পুনঃ সাংসারিক দুঃখ গ্রস্ত ব্যক্তিগণ ব্যগ্র হয়। দিবানিশি দার পরিগ্রহের জন্য সকলেই যত্নবান্ থাকে। উত্তম রূপে মনোরম পত্নী থাকিলেও আশা নিবৃত্তি হয়না, তখন আবার ঐ পত্নীর নিকটে সুসন্তান পাইতে প্রবৃত্তি জন্মে। অভীষ্ট বস্তু স্ত্রীপুত্রাদি না পাইলে দারুণ দুঃখ পাইতে হয়। যদিচ ভাগ্য ক্রমে ঐ সমস্ত সুখ ঘটিল,তথাপি আবার এক দিন দেখিবে উহারা তোমাকে ত্যাগ করিয়া অন্য স্থানে চলিয়া যাইতেছে। কে কাহাকেও ত স্ত্রী পুত্র লইয়া চিরদিন বাস করিতে দেখা যায়না?। অতএব দেখিতেছি যে ব্যক্তি কামরিপুর পরবশ, তাহার সকল প্রকারেই দুঃখ ঘটিয়া থাকে। সুতরাং জ্ঞানবান্ পুরুষ মাত্রেরই বৈরাগ্য অবলম্বন করা আবশ্যক। ৮৫। ৮৬।

পণ্ডিতেরা চিত্ত শুদ্ধিকেই বৈরাগ্যের মূল কারণ বলিয়াছেন। সাধু মহাপুরুষগণের সেবা শুশ্রূষা ঐ চিত্তশুদ্ধির মূল বলিয়া কথিত হইয়াছে। এই কারণে

নিষেবাম্। ভবাদৃশাস্তেন চ দূরদেশে পরোপকারায় রসামটন্তি ॥ ৮৭ ॥

অজ্ঞাতগোত্রা বিদিতাত্মতত্ত্বা লোকস্য দৃষ্ট্যা জড়বদ্বিভান্তঃ। চরন্তি ভূতান্যনুকম্পমানাঃ সন্তো যদৃচ্ছোপনতোপভোগ্যাঃ ॥ ৮৮ ॥

চরন্তি তীর্থান্যপি সংগ্রহীতুং লোকং মহান্তো ননু শুদ্ধভাবাঃ। শুদ্ধাত্মভাবাঃ ক্ষপিতোরুপাপাস্তজ্জুষ্টমন্তো নিগদন্তি তীর্থম্ ॥ ৮৯ ॥

বস্তব্যমত্র কতিচিদ্দিবসানি বিদ্বংস্ত্বদ্দর্শনং বিতনুতে মুদিতাদি ভব্যম্। এষ্যদ্বিয়োগচকিতা জনতেয়মাস্তে দুঃখং গতেঽত্র ভবিতেতি ভবত্যসঙ্গে ॥ ৯০ ।

মহতাং সেবামাহুস্তেন কারণেন চ ভবাদৃশাঃ পরোপকারায় দূরদেশে ভূমিমটন্তি ॥ ৮৭ ॥

যদৃচ্ছয়োপনতং সমীপে প্রাপ্তং ভোগ্যং যেভ্যস্তে ॥ ৮৮ ॥

তীর্থান্যপি লোকসংগ্রহার্থং চরন্তি ন তু স্বশুদ্ধ্যর্থং যতঃ শুদ্ধভাবাঃ যতঃ শুদ্ধাত্মবিদ্যাক্ষপিতোরুপাপাঃ তদধিগম উত্তরপূর্ব্বাঘয়োরশ্লেষবিনাশৌ তদ্ব্যপদেশাদিতি ন্যায়াৎ তথা চৈবংবিধৈস্তৈর্জুষ্টং জলং তীর্থং নিগদন্তি তেষাং তত্র গমনং লোকসংগ্রহার্থমেবেত্যর্থঃ ॥ ৮৯ ॥

এবং স্তুত্যাঽভিমুখীকৃত্য প্রার্থয়তে। হে বিদ্বন্! অত্র কতিচিদ্ দিবসানি বস্তব্যং যতোভবং শুভং যোগ্যং বা ত্বদ্দর্শনং মুদিতাদি বিতনুতে ইয়ং জনতা তু অসঙ্গে ভবতি ত্বয়ি গতে সত্যত্র দুঃখং ভবিষ্যতীতি বিচার্য্যেবাধুনা এব ভবিষ্যদ্দুঃখেন চকিতা আস্তে বং ॥ ৯০ ॥

আপনাদের তুল্য সাধু পুরুষেরা কেবল পরের উপকারার্থে পৃথিবী পর্য্যটন করিয়া থাকেন। ৮৭।

যে সমস্ত সজ্জনের আত্মতত্ত্বজ্ঞান হইয়াছে, যাঁহাদের কুলশীল অবগত হওয়া যায়না; সাধারণ লোকের চক্ষে যাঁহারা জড় বলিয়া প্রতীয়মান হন; যদৃচ্ছাক্রমে যাঁহাদের নিকটে উপভোগ্য বস্তু সকল স্বয়ং উপস্থিত হয়; এরূপ সাধুগণ কেবল জীবগণের উপর অনুকম্পা প্রকাশ করিয়া পর্য্যটন করিয়া থাকেন। ৮৮।

সাধু মহাপুরুষেরা যে প্রত্যেক তীর্থে গমন করেন, তাহাও লোকদিগের উপকারার্থে। নতুবা তাঁহারা যখন শুদ্ধসত্ত্ব তখন তাঁহাদের আর আত্মশুদ্ধির প্রয়োজন হইবেনা। পরিশুদ্ধ আত্মবিদ্যা দ্বারা তাঁহাদের যাবতীয় দুরিত রাশি নিরাকৃত হওয়াতে কখনই তীর্থ সেবা মহতের আত্ম-তুষ্টির জন্য নহে। অতএব ঐ মহাপুরুষেরা যে জলে স্নানাদি কার্য্য করিয়া থাকেন, শাস্ত্রকারেরা তাহাকেই তীর্থ বলিয়াছেন। ৮৯।

হে বিদ্বন্! এই কারণে এই স্থানে কিছু দিন আপনি অবস্থিতি করুন। আপনার দর্শনে যোগশাস্ত্রোক্ত মুদিতা প্রভৃতি চিত্তভূমি সকল বর্দ্ধিত হইয়া থাকে; "আমি সঙ্গশূন্য হইয়া গমন করিলে এখনই এস্থানে দুঃখ হইবে" এই রূপ বিচার করিয়া এই সমস্ত লোক এখন হইতেই ভবিষ্যৎ-বিচ্ছেদের যন্ত্রণায় ভীত হইয়াছে। ৯০।

কোশং ক্লেশমলস্য লাস্যগৃহমপ্যুদ্রংহসা-মালয়ং পৈশুন্যস্য নিশান্তমুৎকটমৃষাভাষাবিশেষাশ্রয়ম্। হিংসামাংসলমাশ্রিতা ঘনধনাশংসা নৃশংসা বয়ং বর্জ্যং দুর্জ্জনসঙ্গমং করুণয়া শোধ্যা যতীন্দো! ত্বয়া ॥ ৯১ ॥

অত্র নিবাসং বিধায় বয়ং ত্বয়া সংশোধ্যা ইতি বন্ধবঃ সাক্রোশমাহুঃ। ক্লেশমলস্য কোশং পাত্রমপি চোৎকটরংহসামতিসাহসানামালয়ং পৈশুন্যস্য পরদোষসূচকতায়া নিশান্তমোকঃ নিশান্তস্ত্রিষু শান্তে স্যাৎ ক্লীবং তু ভবনোকসোরিতি মেদিনী। উৎকটমৃষা ভাষণস্য বিশেষেণাশ্রয়ং ভাষাবিশেষাণামিতি বা হিংসয়া মাংসলং ব্যাপ্তং ত্যক্তুং যোগ্যং দুর্জনানাং সঙ্গমোযত্র তথাভূতং গৃহমাশ্রিতাঃ অতএব ঘনীভূতয়া ধনতৃষ্ণয়া ক্রূরাঃ ঘনা দৃঢ়া ধনাশংসা যেষাং ইতি ভিন্নং বাপদং ঘনধনস্যাশংসা যেষামিতি বা সমাসঃ এবংভূতা বয়ং হে যতীন্দো! ত্বয়া করুণয়া শোধ্যা ইত্যর্থঃ শা০ ॥ ৯১ ॥

আমরা আজি যে গৃহকে রমণীয় ও প্রদীপ্ত গৃহ বলিতেছি, বস্তুতঃ ঐ গৃহ ক্লেশরূপ মলিনতার এক মাত্র আধার; উৎকট সাহসের আলয়; পর নিন্দার স্থান; উৎকট মিথ্যাভাষণের বিশেষ আশ্রয়; হিংসাকার্য্য দ্বারা সর্ব্বদা পরিব্যাপ্ত; দুর্জ্জনের সহিত সর্ব্বদা সংযুক্ত। তথাপি আমরা গাঢ় ধনতৃষ্ণা দ্বারা ক্রূরচিত্ত হইয়া অবশ্য পরিহার্য্য গৃহে বাস করিয়া থাকি। অতএব হে যতিবর! আপনি অনুকম্পা পূর্ব্বক এক্ষণে আমাদিগকে শুদ্ধ করুন। ৯১।

সংযুনক্তি বিযুনক্তি দেহিনং দৈবমেব পরমং মনাগপি। ইষ্টসঙ্গতিনিবৃত্তিকালয়ো র্নির্বিকারহৃদয়ো ভবেন্নরঃ ॥ ৯২ ॥

মধ্যাহ্নকালে ক্ষুধিতস্তৃষার্ত্তঃ ক মেঽন্নদাতেতি বদন্নুপৈতি। যস্তস্য নির্বাপয়িতা ক্ষুধার্ত্তেঃ কস্তস্য পুণ্যং বদিতুং ক্ষমেত ॥ ৯৩ ॥

এবমুক্তঃ পদ্মপাদ উবাচ পরমং ব্রহ্মাদিকং ক্ষুদ্রং স্তম্বাদিকমপি দেহিনং দৈবমেব সংযুনক্তি বিযুনক্তি চ তস্মাদিষ্টসঙ্গতিনিবৃত্তিকালয়োর্নরো নির্বিকারহৃদয়ো ভবেৎ ॥ ৯২ ॥

যত্তু প্রশ্নবন্তং ইত্যাদ্যুক্তং তত্রাহ মধ্যাহ্নকাল ইতি উ০ ৯৩ ॥

এই সমস্ত কথা শুনিয়া পদ্মপাদ বলিতে লাগিলেন—কেবল মাত্র দৈব বলে অতি প্রকাণ্ড ব্রহ্মাদি বস্তুর ও অতি ক্ষুদ্র তৃণগুচ্ছাদির সংযোগ ও বিয়োগ ঘটে। অর্থাৎ অদৃষ্টে থাকিলে ব্রহ্মজ্ঞান হয়--অদৃষ্টে থাকিলে তৃণ লাভ হয়, আবার অদৃষ্টে থাকিলে কোন বস্তুই ঘটেনা। অতএব মনুষ্য মাত্রেই কি ইষ্ট বস্তুর মিলন কালে, কি ইষ্ট বস্তুর বিয়োগ কালে, সকল সময়েই নির্বিকারচিত্ত হইবেক। ৯২।

"কে আমার অন্নদাতা" এই কথা বলিয়া যদি মধ্যাহ্ন কালে কোন লোক আসিয়া উপস্থিত হয়। তখন যে ব্যক্তি অতিথির ঐ ক্ষুধা রোগ নষ্ট করেন, তাহারপুণ্য বর্ণন করিতে কেহই সক্ষম নহে।৯৩।

সায়ং প্রাতর্ব্বহ্নিকার্য্যং বিতন্বন্ মজ্জংস্তোয়ে দণ্ডকৃষ্ণাজিনী চ। নিত্যং বর্ণী বেদবাক্যান্যধীয়ন্ ক্ষুধা শীঘ্রং গেহিনো গেহমেতি ॥ ৯৪ ॥

উচ্চৈঃ শাস্ত্রং ভাষমাণোঽপি ভিক্ষুস্তারং মন্ত্রং সংজপন্ বা যতাত্মা। মধ্যেঘস্রং জাঠরাগ্নৌ প্রদীপ্তে দণ্ডী নিত্যং গেহিনো গেহমেতি ॥ ৯৫ ॥

যস্যান্নদানেন নিজং শরীরং পুষ্টং তপোঽয়ং কুরুতে সুতীব্রম্। কর্ত্তুস্তদর্দ্ধং দদতোঽন্নমর্দ্ধ-মিতি স্মৃতিঃ সংবদতেঽনবদ্যা ॥ ৯৬ ॥

পুণ্যং গৃহস্থেন বিচক্ষণেন গৃহেষু সঞ্চেতুমলং প্রয়াসাৎ। বিনাপি তৎকর্তৃ নিষেবণেন তীর্থাদি-সেবা বহুদুঃখসাধ্যা ॥ ৯৭ ॥

কিঞ্চাশ্রমত্রয়োপজীব্যত্বাদপি পুণ্যভাগ্ গৃহস্থ ইত্যাশয়েন ব্রহ্মচারিণস্তদুপজীবকতামাহ সায়মিতি। দণ্ডকৃষ্ণাজিনে অস্য স্ত ইতি তথাভূতো বর্ণী ব্রহ্মচারী নিত্যং বেদবাক্যানি পঠন্ ক্ষুধা ক্ষুধাং প্রাপ্য শীঘ্রং গেহিনো গেহমেতি শালি° ॥ ৯৪ ॥

অথ যতেস্তামাহ উচ্চৈরিতি। তারং প্রণবং ঘস্রস্য দিনস্য মধ্যে ইত্র্যব° ॥ ৯৫ ॥

বানপ্রস্থস্য তামাহ। যস্যান্নদানেন নিজং শরীরং পুষ্টময়ং তপস্বী সুতীব্রং তপঃ কুরুতে তপঃ কর্ত্তুস্তস্য তপসোঽর্দ্ধং তস্যান্নদদতোঽর্দ্ধমিতি স্মৃতিঃ প্রবদতে উ° ॥ ৯৬ ॥

নন্বেবমপি গৃহব্যগ্রস্য গৃহস্থস্য তীর্থাদিসেবাজন্যং পুণ্যং তু দুর্লভমেবেতি চেত্তত্রাহ। বিচক্ষণেন গৃহস্থেন প্রয়াসাদ্বিনাপি প্রয়াসকর্তৃনিষেবণেন পুণ্যং সঞ্চেতুমলং শক্যতে তীর্থাদি-সেবায়াঃ প্রয়াসসাধ্যত্বং প্রসিদ্ধমেবেত্যাহ তীর্থাদীতি ॥ ৯৭ ॥

ব্রহ্মচারী, ভিক্ষু ও বানপ্রস্থ এই তিনটী আশ্রম গৃহস্থাশ্রমের উপজীব্য। যিনি ব্রহ্মচারী, তিনি সায়ংকালে, কি প্রত্যূষে, অগ্নি কার্য্য বিস্তার করিবেন; জলে নিমগ্ন হইবেন; দণ্ড ধারণ এবং কৃষ্ণসার হরিণের চর্ম্ম পরিধান করিবেন; বেদ-বাক্য সকল অধ্যয়ন করিবেন; পরে ক্ষুধার্ত্ত হইলে কোন এক গৃহস্থের গৃহে গমন করিবেন। ৯৪।

সংযতচিত্ত যতি, উচ্চস্বরে শাস্ত্রীয় কথা কহিবেন—উচ্চস্বরে মন্ত্র জপ করিবেন—অনন্তর মধ্যাহ্ন কাল উপস্থিত হইলে যখন জঠরানল জ্বলিয়া উঠিবে, তখন দণ্ডধারী ঐ যতি, নিত্য ক্ষুধাশান্তির জন্য গৃহস্থের গৃহে গমন করিবেন। ৯৫।

বানপ্রস্থাবলম্বী ঐ তপস্বী যাহার অন্নলাভে আপনার শরীর পরিপুষ্ট করিয়া উৎকট তপস্যা করিয়া থাকেন, ঐ তপস্যাদ্বারা যে ধর্ম্মসঞ্চয় হয়, তাহার অর্দ্ধেক ধর্ম্ম আপনার ও অপর অর্দ্ধেক ধর্ম্ম অন্নদাতার। স্মৃতি শাস্ত্রেও এরূপ প্রশস্ত ধর্ম্মের কথা উল্লিখিত হইয়াছে। ৯৬।

বিবিধ প্রয়াস পাইয়া ও তীর্থ সেবা করিয়া অপরে যে পুণ্য সঞ্চয় করিয়া থাকে, বিচক্ষণ গৃহস্থ প্রয়াস না পাইয়াও তাহা গৃহে বসিয়া সঞ্চয় করিতে সক্ষম। কারণ, তীর্থ সেবাদি করিয়া যে পুণ্য সঞ্চিত হয়, তাহা বহু দুঃখজনক ও কষ্ট-সাধ্য। ৯৭।

গৃহী ধনী ধন্যতমো যতস্তে তত্তোপজীবন্তি ধনং হি সর্ব্বে। চৌর্য্যেণ কশ্চিৎ প্রণয়েন কশ্চিদ্দানেন কশ্চিদ্বলতোঽপি কশ্চিৎ ॥ ৯৮ ॥

সন্তোষয়েদ্বেদবিদং দ্বিজং যঃ সন্তোষয়ত্যেষ স সর্ব্বদেবান্। তদ্বেদবিপ্রে নিবসন্তি দেবা ইতি স্ম সাক্ষাচ্ছ্রুতিরেব বক্তি ॥ ৯৯ ॥

স্বধর্ম্মনিষ্ঠা বিদিতাখিলার্থা জিতেন্দ্রিয়াঃ সেবিতসর্ব্বতীর্থাঃ। পরোপকারব্রতিনো মহান্ত আয়ান্তি সর্ব্বে গৃহিণো গৃহান্ ॥ ১০০ ॥

গৃহী গৃহস্থোঽপি তদাপ্নুতে ফলং যত্তীর্থসেবানবাপ্যতে জনৈঃ। তত্তত্তীর্থং গৃহমেব কীর্ত্তিতং ধনী বদান্যঃ প্রবসেন্ন কশ্চন ॥ ১০১ ॥

অন্তঃস্থিতা মূষকমুখ্যজীবা বহিঃস্থিতা গো-

ন কেবলং ব্রহ্মচর্য্যাদয় এব গৃহস্থমুপজীবন্ত্যপিতু সর্ব্ব এবেত্যাহ গৃহীতি হি যস্মাৎ ॥ ৯৮ ॥

কিঞ্চ যো বেদজ্ঞং বিপ্রং সন্তোষয়েৎ সৈষ সর্ব্বান্ দেবান্ সন্তোষয়তি তদ্বেদবিপ্রে বেদবিদি ব্রাহ্মণে ॥ ৯৯ ॥

নতু তথাপি স্বয়মেব প্রবাসং কৃত্বা পুণ্যং কুতো ন সম্পাদনীয়মিতি চেত্তত্রাহ স্বেতি দ্বাভ্যাং ॥ ১০০ ॥

তত্তস্মাত্তস্য গৃহমেব তীর্থং কীর্ত্তিতমতো ধনী বদান্যো দাতা স্যাৎ তু কশ্চনাপি প্রবাসং কুর্য্যাদিত্যর্থঃ ॥ ১০১ ॥

গৃহিণঃ সর্ব্বশ্রেষ্ঠত্বং পুনরুপপাদয়ন্তি অন্তঃস্থিতা ইতি ॥ ১০২॥

গৃহস্থের ধনে কি অন্যে কেবল যে ব্রহ্মচর্য্য প্রভৃতি তিনটী আশ্রম রক্ষিত হয় তাহা নহে, কিন্তু সকলেই গৃহস্থের ধন দ্বারা বাঁচিয়া থাকেন। দেখ—কেহ বা চৌর্য্যবৃত্তি দ্বারা, কেহ বা দান দ্বারা, কেহ বা প্রণয় দ্বারা, কেহ বা বলপ্রকাশ দ্বারা, ঐ গৃহস্থের ধনে পরিপালিত হয়। ৯৮।

যে গৃহস্থ বেদজ্ঞ ব্রাহ্মণকে সন্তুষ্ট করেন, তিনি সকল দেবতাকে সন্তুষ্ট করিয়া থাকেন। ঐ বেদজ্ঞ ব্রাহ্মণের শরীরে সমস্ত দেবতা যে বাস করিয়া থাকেন, এ বিষয়ে সাক্ষাৎ বেদই প্রমাণ জানিবে। ৯৯।

যে সমস্ত লোকে স্বস্ব ধর্ম্ম পরায়ণ—যাহারা সমস্ত শাস্ত্রের অর্থ জানিয়াছেন—যাহারা জিতেন্দ্রিয় —যাহারা সকল তীর্থ সেবা করিয়াছেন—যাহারা পরোপকার ব্রতে একান্ত দীক্ষিত—এরূপ মহৎ ব্যক্তি সকল গৃহস্থের গৃহে আগমন করিয়া থাকেন। ১০০।

তীর্থ সেবা করিয়া লোকে যে ফল প্রাপ্ত হন, গৃহবাসী গৃহস্থও সেই ফল পাইয়া থাকেন। অতএব গৃহস্থের গৃহই তীর্থ বলিয়া কথিত হইয়াছে। অতএব ধনবান্ গৃহস্থ মাত্রেরই দাতা হওয়া আবশ্যক। কিন্তু কোন গৃহস্থ প্রবাসে গমন করিবে না। ১০১।

দেখ মূষিক প্রভৃতি কতকগুলিন ক্ষুদ্র জীব গৃহস্থের গৃহে লুকায়িত থাকিয়া জীবন ধারণ করে। গো, মৃগ, পক্ষি প্রভৃতি কতকগুলিন জীব গৃহস্থের বহির্দেশেই প্রতিপালিত হইয়া জীবন ধারণ করে। অতএব সকল জীবের উপজীব্য গৃহস্থ যে সর্ব্ব

মৃগপক্ষিমুখ্যাঃ [illegible] জীবন্তি জীবাঃ সকলোপজীব্য-
স্তস্মাদ্গৃহী সর্ব্ববরো মতো মে ॥ ১০২ ॥

শরীরমূলং পুরুষার্থসাধনং তচ্চান্নমূলং শ্রুতি-
তোঽবগম্যতে। তচ্চান্নমস্মাকমমীষু সংস্থিতং
সর্ব্বং ফলং গেহপতিক্রমাশ্রয়ম্ ॥ ১০৩ ॥

ব্রবীমি ভূয়ঃ শৃণুতাদরেণ বো গৃহাগতং পূজ-
য়তাতুরাতিথিম্। সংপূজিতো যোঽতিথিরুদ্ধ-

কিঞ্চ শরীরং মূলং যস্ত তথাবিধং পুরুষার্থসাধনং তচ্চ শরীরমন্নং মূলং যস্ত তত্তথাভূতমন্নাদেব খল্বিমানি ভূতানি জায়ন্ত ইতি শ্রুতেরবগম্যতে ॥ ১০৩ ॥

এবমুক্ত্বা পুনঃ পরমহিতোপদেশায় সসাধনতামাপাদয়তি ব্রবীমীতি। যুষ্মাকং গৃহানাগতমাতুরমতিথিমাদরেণ পূজয়তে-

---

প্রধান, ইহা আমারও মত জানিবে। ১০২।

আর দেখ—পুরুষার্থ সাধনের শরীরই মূল। শরীর না থাকিলে ধর্ম্মাদির অনুশীলন হয় না। আবার ঐ শরীরের মূল যে কেবল অন্ন, তাহা বেদ হইতেই অবগত হওয়া যায়। শ্রুতি যথাঃ---"অন্নাদেব খল্বিমানি ভূতানি জায়ন্তে" অন্ন হইতেই এই সমস্ত জীবজন্তু জন্মিয়া থাকে। জগতেও প্রত্যক্ষ দেখা যাইতেছে, অন্নজলে শরীর পুষ্ট না হইলে শরীর দ্বারা কোন কার্য্যই হইত না। অতএব আমাদিগের গৃহপতিরূপ বৃক্ষাশ্রিত ফল সকল, এই গৃহস্থ ব্যক্তিদের উপরেই ন্যস্ত আছে। ১০৩।

আরও আমি পুনর্ব্বার তোমাদিগকে বলি-

রেৎ কুলং নিরাকৃতাৎ কিং ভবতীতি নোচ্যতে ॥ ১০৪ ॥

বিনাভিসন্ধিং কুরুত শ্রুতীরিতং কর্ম্ম দ্বিজা!
নো জগতামধীশ্বরঃ। তুষ্যেদিতি প্রার্থনয়া কৃতেন
স্বান্তস্য শুদ্ধি র্ভবিতাঽচিরেণ বঃ ॥ ১০৫ ॥

ত্যাদরপদমত্রাপ্যনুষঞ্জনীয়ং কিমত ইতি চেত্তত্রাহ সংপূজিতোঽতিথির্ব্বঃ কুলমুদ্ধরেন্নিরাকৃতাত্তস্মাৎ কিম্ভবতীতি চেত্তদত্যন্তমনিষ্টত্বাদস্মাভি র্নোচ্যতে ॥ ১০৪ ॥

কিঞ্চ শ্রুতিচোদিতং নিত্যাদিকর্ম্ম ফলাভিসন্ধিং বিনা কুরুত হে দ্বিজাঃ! জগতামধীশ্বরস্তুষ্যেদিতি প্রার্থনয়াপি নো কুরুত তেন তথাভূতেন নিষ্কারণকর্ম্মণা বোঽন্তঃকরণস্থ শুদ্ধিরচিরাদেব ভবিষ্যতি ॥ ১০৫ ॥

তেছি তোমরা আদর পূর্ব্বক শ্রবণ কর। গৃহাগত আতুর ও অতিথি দিগকে পূজা কর। গৃহাগত আতুর ও অতিথি পূজিত হইলে গৃহস্থের কুল উদ্ধার হয়। কিন্তু উহাদিগকে অন্ন পানে বঞ্চিত করিয়া তাড়াইয়া দিলে যে কি হয়—তাহা আমি বলিতেও চাহি না। ১০৪।

বেদোক্ত নিত্য নৈমিত্তিক কর্ম্ম সকল অভিসন্ধি বিনা করিতে হইবে। হে দ্বিজগণ। "ত্রিজগতের অধীশ্বর এই সকল কর্ম্মে সন্তুষ্ট হইবেন" এরূপ প্রার্থনা করিয়াও কোন কর্ম্ম করিতে নাই। যদি এইরূপে নিষ্কাম হইয়া ও ফলের আকাঙ্ক্ষা না করিয়া কোন কর্ম্ম করা যায়, তবে অচিরাৎ তাহাতে সকলেরই চিত্তশুদ্ধি হইয়া থাকে। ১০৫।

[illegible] সসংভ্রম[illegible]কুচতটীপটীবৎ
পাটীরাগরুনবপঙ্কাঙ্কিতহৃদঃ। [illegible] তথাপ্যেতে পুণ্যা
যতিপতিপদা[illegible]ক্লেশাঃ সদয়হৃদ-
য়াস্তাঃ [illegible]॥ ১০৬॥
সন্দিশ্যৈবং বন্ধুজান্ ভিক্ষুরাজো ভিক্ষাং চক্রে

যদপি ভবাদৃশাইত্যুক্তং তত্রাপ্যাহ। সসংভ্রমং যথা ভবতি তথা শ্লিষ্যন্ত্যো যাঃ সুকণিতিবধূট্যঃ প্রিয়বাদিন্যো বধ্বস্তাসাং কুচতট্যাঃ পটীবদাচরতা পাটীরেণ চন্দনময়েনাগরুবেণাগরু-ময়েন চ নবেন পঙ্কেনাঙ্কিতমন্তর্ব্বহিশ্চান্তঃকরণং যেষাং যদ্যপেবংভূতা এতে বয়ং তথাপি যতিপতেঃ শ্রীশঙ্করস্য পদ-কমলয়োর্ভজনোৎসবেন ক্ষীণাঃ ক্লেশা যেষাং ভজনক্ষণ ইতি বা কালবিশেষোৎসবয়োঃ ক্ষণ ইত্যমরঃ শি০ ॥ ১০৬ ॥
উপসংহরতি সন্দিশ্যেতি শা০ ॥ ১০৭ ॥

এই যে সকল মহাত্মা সাধু পুরুষদিগকে দেখিতেছেন, ইঁহাদিগকে সুকথা রূপ অল্পবয়স্কা বধূগণ সসম্ভ্রমে আলিঙ্গন করিয়া থাকে। এবং ঐসকল কথা-রূপ বধূদিগের কুচতটে পটীর মতন যে নব অগুরু চন্দন আছে,এবং যদিচ এই সমস্ত মহাত্মাগণের ঐ পঙ্কিল অগুরু চন্দনদ্বারা বক্ষঃস্থল ও অন্তঃকরণ অঙ্কিত, তথাপি এই সুবুদ্ধিশালী সজ্জনেরা যতিবর শঙ্করাচার্য্যের পদাম্বুজ যুগলের বন্দনা উৎসবে সর্ব্বদা নিমগ্ন। এবং তাহাতেই সাধুদিগের ক্লেশ সকল ক্ষয় পাইয়াছে—অধিক কি, তাহাতেই হৃদয়ের ছবি সর্ব্বদা সকলের উপর সদয় ভাবে অবস্থিত। ১০৬।
এইরূপে বন্ধুদিগকে উপদেশ দিয়া ভিক্ষু পদ্ম-

[illegible]গেহে। [illegible]মাতুলো [illegible]
কিং [illegible] পুস্তকং শিষ্যহস্তে ॥ ১০৭॥
টীকা বিদ্বন্। [illegible]দেহীতি
প্রোচিবে [illegible]বাংশ্চ। [illegible]কীতাং [illegible]
বুদ্ধিং দৃষ্ট্বাহনন্দীৎ খেদমাপচ্চ কিঞ্চিৎ ॥ ১০৮॥
প্রবন্ধনির্ম্মাণবিচিত্রনৈপুণীং দৃষ্ট্বা প্রমোদং

এবং শ্রুত্বা ভাষ্যগা টীকেতি ব্রুবাণং পদ্মপাদং তং টীকাং দেহীতি মাতুলঃ প্রোবাচ পদ্মপাদো দত্তবাংশ্চ কিঞ্চিৎ খেদং প্রাপৎ ॥ ১০৮ ॥
তস্মৈত্যাদি বিবৃণোতি প্রেতি। বিবেদ প্রাপ খেদমিত্যাদি

পাদ মাতুলের গৃহেই অন্ন ভিক্ষা করিলেন। পরে আহার করিয়া উঠিলে মাতুল তাঁহাকে জিজ্ঞাসা করিলেন—শিষ্য হস্তে কি একখানি পুস্তক আচ্ছাদিত রহিয়াছে ?। ১০৭।
মাতুলের কথা শুনিয়া পদ্মপাদ বলিলেন—হে বিদ্বন্! এই পুস্তক খানি ভাষ্যের টীকা। তাহার কথা শুনিয়া মাতুল বলিলেন ঐ টীকা আমাকে একবার দেখিতে দাও। পদ্মপাদ তাহার কথা প্রমাণে টীকা দেখিতে দিলেন। মাতুল টীকা দেখিলেন পরে তাঁহার বুদ্ধি দেখিয়া আনন্দিত হইলেন এবং কিঞ্চিৎ খেদও প্রাপ্ত হইলেন। ১০৮।
মাতুল ভাগিনেয়ের প্রবন্ধ নির্ম্মাণের বিচিত্র

স খিবেদ কিঞ্চিৎ মতান্তরাণাং কিল যুক্তিজা-
লৈর্নিরুত্তরং বন্ধনমালুলোচে ॥ ১০৯ ॥

গুরোর্মতং স্বাভিমতং বিশেষান্নিরাকৃতং তত্র
সমৎসরোঽভূৎ । সাধু র্নিবন্ধোঽয়মিতি ব্রুবাণস্তং
সাভ্যসূয়োঽপি কৃতাভিনন্দঃ ॥ ১১০ ॥

স্ফোটয়তি মতান্তরাণামিতি উ০ ॥ ১০৯ ॥

কিঞ্চ স্বাভিমতং প্রভাকরমতং বিশেষাত্তত্র নিবন্ধে নিরাকৃতমালুলোচে আলোকিতবান্ তত্রেতি পদদ্বয়ং মধ্যমণিন্যায়েনোভয়ত্রাপি সম্বন্ধনীয়ং যতএবমতস্তত্র নিবন্ধে সমৎসরোঽভূৎ সাধুর্নিবন্ধোঽয়মিতি তং ব্রুবাণঃ সাভ্যসূয়োঽপি কৃতাভিনন্দোঽভূৎ ॥ ১১০ ॥

অথ পদ্মপাদ উবাচ । ইমং পুস্তকভারং তবালয়ে ন্যস্য সেতুং গচ্ছামীত্যত্র মে মনোবর্ত্ততে স্থাপনস্য রক্ষার্থত্বাৎ সম্যকৃত্বয়া

নৈপুণ্য দেখিয়া কিঞ্চিৎ প্রমোদ লাভ করিলেন। বিবিধ যুক্তি সমূহ দ্বারা যাবতীয় মত নিরুত্তর হইয়াছে ভাবিয়া খেদান্বিতও হইলেন। ১০৯।

গুরুর অর্থাৎ প্রভাকরের মতই আপনার মত, তাহাও ঐ প্রবন্ধে বিশেষরূপে নিরাকৃত হইয়াছে দেখিয়া মনে মনে ক্রুদ্ধ হইলেন। "এই প্রবন্ধ অতি উত্তম হইয়াছে" এই বলিয়া অসূয়াপরবশ হইলেও তখন পদ্মপাদকে অভিনন্দন করিলেন। ১১০।

আমি এই পুস্তকের ভার আপনার গৃহে অর্পণ করিয়া সেতুবন্ধ রামেশ্বরে গমন করিতে মনন করিতেছে। হে বিদ্বন্! যেরূপ গোগৃহ ই-

সেতুং গচ্ছাম্যালয়ে পুস্তভারং ত্বং ন্যস্যেমং ব-
র্ত্ততে মেঽত্র জীবঃ। বিদ্বন্! যদ্বদ্গোগৃহাদৌ
পরেষাং প্রীতিঃ পূর্ণা নন্তথা পুস্তভারে ॥ ১১১ ॥

ইত্যুক্ত্বা তে মাতুলং মস্করীশঃ শিষ্যৈর্হর্ষ্যন্
নেতুমেষ প্রতস্থে। প্রস্থাতুঃ শ্রীপদ্মপাদস্য জাতং
কষ্টং চৈষ্যৎসূচনায়ৈ নিমিত্তম্ ॥ ১১২ ॥

বামং নেত্রং গন্তুরস্পন্দতৈষ বাহুঃ পুস্ফোরাপি

রক্ষা কার্য্যেত্যাশয়েনাহ হে বিদ্বন্নিতি তবেদং বিদিতমিতি সম্বোধনাশয়ঃ ॥ ১১১ ॥

ভবিষ্যৎসূচনায় কষ্টং নিমিত্তং জাতং ॥ ১১২ ॥

কিং তদিত্যপেক্ষায়ামাহ। অস্য গন্তু র্বামং নেত্রমস্পন্দত তথৈব বামো বাহুরপি পুস্ফোর তথা চ বাম উরুরপি হস্ত খেদে

ত্যাদি রক্ষা করিতে সকল গৃহস্থের সম্পূর্ণ প্রীতি হয়, সেই মত আপনিও আমাদের এই পুস্তক ভারে প্রীতি প্রকাশ পূর্ব্বক আপনার ভাবিয়া রক্ষা করিবেন।১১১।

মাতুলকে এই কথা বলিয়া যতিপতি পদ্মপাদ হৃষ্টচিত্তে শিষ্যগণের সহিত সেতু দর্শনে প্রস্থান করিলেন। পদ্মপাদ যখন প্রস্থান করেন, তখন তাঁহার ভবিষ্যৎ দুঃখের কারণ স্বরূপ কষ্ট হইতে লাগিল। ১১২।

যাইবার সময় তাঁহার বামনেত্র স্পন্দিত হইল, বাম বাহু এবং বাম উরুর স্ফুরণ হইল, সম্মু

বামস্তথোক্তঃ। চুক্ষাবোচ্চৈরেব কশ্চিৎ পুরস্তা-
ত্তৎসর্ব্বং দ্রাক্ সোহগণিত্বা জগাম ॥ ১১৩ ॥

গতেঽত্র মেনে কিল মাতুলস্য গ্রন্থে স্থিতেঽস্মিন্
গুরুপক্ষহানিঃ। দগ্ধেঽত্র জায়েত মহান্ প্রচারো
নোক্ত্যা নিরাকর্ত্তুমপি প্রভুত্বম্ ॥ ১১৪ ॥

পক্ষস্য নাশাদ্গৃহনাশ এব নো বরং গৃহেণৈব
দহামি পুস্তকম্। এবং নিরূপ্য স্বমদধাদ্ধুতাশনং
চুক্রোশ চাগ্নির্দহতীতি মে গৃহম্ ॥ ১১৫ ॥

ঐতিহ্যমাশ্রিত্য বদন্তি চৈবং তদেব মূলং মম-
ভাষণেঽপি। যাবৎকৃতং তাবদিহাস্য কর্ত্তুঃ পাপং
ততঃ স্যাদ্দ্বিগুণং প্রবক্তুঃ ॥ ১১৬ ॥

কশ্চিৎ পুরস্তাদুচ্চৈশ্চুক্ষাব ক্ষুতং কৃতবান্ তৎসর্ব্বং সোঽগণয়িত্বা ঝটিতি জগাম ॥ ১১৩ ॥

অস্মিন্ পদ্মপাদে গতে সতি অত্রাস্মিন্ গ্রন্থে দগ্ধে সতি গুরুপক্ষস্য মহান্ প্রচারঃ নন্থ বাচৈবমতং নিরাকর্ত্তব্যমিত্যাশঙ্ক্যাহ উক্ত্যা নিরাকর্ত্তুং প্রভুত্বং নাস্তি ইদমসঙ্গতমিত্যুক্ত্যাঽপীতি বা উং ॥ ১১৪ ॥

তস্মাৎ স্বগৃহেণ সহৈব পুস্তকং দহামি যতঃ স্বপক্ষনাশাদ্গৃহনাশ এব নোঽস্মাকং বরমিতি স্বমনসি বিচার্য্য গৃহে বহ্নিং স্থাপিতবানগ্নে গৃহমগ্নির্দহতীতি চুক্রোশ ॥ ১১৫ ॥

নন্থ গুপ্তমেব ময়া প্রকাশিতং যতো যাবৎকৃতং তাবদেবেহ কর্ত্তুঃ পাপং স্যাৎ প্রবক্তুস্তু ততঃ কর্ত্তুঃ সকাশাদ্দ্বিগুণং স্যাৎ অপ্রকাশিতপ্রকাশকং কথনং কৃতং দ্বিগুণপাপাবহমিতি বোধনায় প্রশব্দঃ ॥ ১১৬ ॥

একজন যেন উচ্চরবে ক্ষুৎ (হাঁচি) করিতে লাগিল। জ্ঞানবান্ পদ্মপাদ ঐ সমস্ত গণনা না করিয়া শীঘ্র গমন করিলেন। ১১৩।

পদ্মপাদ গমন করিবার পর তাঁহার মাতুল মনে মনে বিবেচনা করিলেন। যদি এই পুস্তক খানি রাখা যায়, তবে আমার গুরুপক্ষের (প্রভাকরের) হানি হয়। কিন্তু যদি এই পুস্তক খানি দগ্ধ করিয়া ফেলি, তাহা হইলে গুরুপক্ষের অত্যন্ত প্রচার হয়। কথা কহিয়া, কি বাদানুবাদ করিয়া, ভাগিনেয়ের মত নিবারণ করিতেও আমার সামর্থ্য নাই। ১১৪।

"অতএব স্বকীয় গৃহের সহিত পুস্তক খানি দগ্ধ করিব। কারণ, আপনার পক্ষ নাশ অপেক্ষা বরং আমাদের গৃহনাশ হওয়া ভাল।" এইরূপ আপনার মনে বিচার করিয়া গৃহে অগ্নি স্থাপন করিলেন। "অগ্নি আমার গৃহ দগ্ধ করিতেছে" বলিয়া আক্রোশ প্রকাশ করিলেন। ১১৫।

কোন এক কুকর্ম্ম করিলে যত টুকু পাপ হয়, যে ব্যক্তি আবার ঐ কুকর্ম্মের কথা প্রকাশ করে, তাহার দ্বিগুণতর পাপ হইয়া থাকে। সুতরাং আমি যে ঐ কথা কহিতেছি, এ বিষয়েও ঐ কথা মূল। সাধারণ লোকে ও এইরূপ কিম্বদন্তী অবলম্বন করিয়া পাপ কর্ম্মের কথা কহিয়া থাকে। ১১৬।

গচ্ছন্নসৌ ফুল্লমুনের্জগাম তমাশ্রমং যত্র চ রামচন্দ্রঃ। অশ্বত্থমূলে ন্যধিত স্বচাপং স্বয়ং কুশানামুপরি ন্যষীদৎ ॥ ১১৭ ॥

তীর্ত্বা সমুদ্রং জনকাত্মজায়াঃ সংদর্শনোপায়মনীক্ষমাণঃ। বসুন্ধরায়াং প্রবণাঃ প্লবঙ্গা ন বারিরাশৌ প্লবনং ক্ষমন্তে ॥ ১১৮ ॥

সঞ্চিন্তয়ন্নিতি কুশাসনসন্নিবিষ্টো জ্যোতিস্তদৈক্ষত বিদূরগমেব কিঞ্চিৎ। সম্ব্যাপ্নুবজ্জগদিদং সুখশীতলং যৎ সংপ্রার্থনীয়মনিশং মুনিদেবতাভিঃ ॥ ১১৯ ॥

আগচ্ছদাত্মাভিমুখং নিরীক্ষ্য সর্ব্বে তদুত্তস্থুরুদারবীর্য্যাঃ। ততঃ পুমাকারমদৃশ্যতৈতন্মহাপ্রভামণ্ডলমধ্যবর্ত্তি ॥ ১২০ ॥

মধ্যেপ্রভামণ্ডলমৈক্ষতাঞ্চিতং শিবাকৃতিং সর্ব্বতপোময়ং পুনঃ। লোপাদিমুদ্রাসহিতং মহামুনিং প্রাবোধি কুম্ভোদ্ভবমাদরাজ্জনৈঃ ॥ ১২১ ॥

গচ্ছন্নসৌ পদ্মপাদঃ ফুল্লমুনেস্তং প্রসিদ্ধমাশ্রমং জগাম যত্র চ রামচন্দ্রোঽশ্বত্থমূলে চাপং ন্যধিত স্বয়ং কুশানামুপরি ন্যষীদৎ উপবিষ্টবান্ আ০ ॥ ১১৭ ॥

সমুদ্রং তীর্ত্বা জানক্যা যদ্দর্শনং তত্রোপায়মনীক্ষমাণঃ প্লবঙ্গা বানরা ভূমৌ প্রবণাঃ প্লবনশীলা বারিরাশৌ প্লবনং ন ক্ষমন্তে ইতি সঞ্চিন্তয়ন্ কুশাসনসন্নিবিষ্টঃ শ্রীরামচন্দ্রস্তদা বিদূরগমেব কিঞ্চিজ্জ্যোতিরৈক্ষত তদ্বিশিনষ্টি সংব্যাপ্নুবদিতি উ০ ব০ ॥ ১১৮ ॥ ১১৯ ॥

• এতজ্জ্যোতিঃ উ০ ॥ ১২০ ॥

প্রভামণ্ডলস্য মধ্যে স্ফুরৎ শিবাকৃতি তপোময়ং জ্যোতিরৈক্ষত পুনঃ লোপা আদির্যস্যাস্তথাভূতয়া মুদ্রয়া লোপমুদ্রেতি যাবত্তয়া সহিতং কুম্ভোদ্ভবমগস্ত্যং জনৈঃ সহ প্রাবোধি জনৈঃ করণৈরিতিবা ॥ ১২১ ॥

ফুল্লমুনির যে আশ্রমে অশ্বত্থ বৃক্ষের মূলে রামচন্দ্র শরাসন স্থাপন করিয়াছিলেন, এবং স্বয়ং যে আশ্রমে কুশাসনের উপরি উপবেশন করিয়াছিলেন, পদ্মপাদ যাইতে যাইতে ফুল্লমুনির সেই প্রসিদ্ধ আশ্রমে গমন করেন। ১১৭।

বানরেরা সমুদ্র উত্তীর্ণ হইতে না পারিয়া যে স্থানে অধোবদনে ধরাতলে বসিয়াছিল—"সমুদ্র উত্তীর্ণ হইয়া জানকীকে কিরূপে দর্শন করিব?" এই উপায় না দেখিয়া রামচন্দ্র যে স্থানে কুশাসনে উপবেশন পূর্ব্বক দূরবর্ত্তী এক তেজ দর্শন করেন যে, ঐ জ্যোতি সমস্ত জগৎ ব্যাপ্ত করিয়াছে—সুখদায়ক ও সুশীতল ঐ জ্যোতির মুনি ও দেবতাগণ সর্ব্বদা প্রার্থনা করিয়া থাকেন। ১১৮। ১১৯।

ঐ তেজ সকলের সম্মুখে আসিতে দেখিয়া বলবীর্য্যসম্পন্ন তাহারা সকলেই শীঘ্র উত্থিত হইল। অনন্তর মহাপ্রভামণ্ডলের মধ্যবর্ত্তী পুরুষাকৃতি এক তেজঃ পুঞ্জ দৃষ্ট হইল। ১২০।

প্রভা মণ্ডলের মধ্যে সকলে প্রদীপ্ত এবং শিবাকৃতি ও তপোময় এক জ্যোতি পুনরায় দর্শন করিল। অনন্তর সকলে লোপামুদ্রাপত্নীর সহিত মহামুনি

অগস্ত্যদৃশ্বা রঘুনন্দনস্ততঃ সখেদমন্তঃকরণো-ত্থমত্যজৎ। প্রায়ো মহদ্দর্শনমেব দেহিনাং ক্ষিণোতি খেদং রবিবন্মহাতমঃ ॥১২২॥

সভার্য্যমর্ঘ্যাদিভিরর্চয়িত্বা রামস্তদঙ্ঘ্রিং শিরসা ননাম। তূষ্ণীং মুহূর্ত্তব্যসনার্ণবস্থো ধৃতিং সমাস্থায় পুনর্ব্বভাষে ॥ ১২৩ ॥

দৃষ্ট্বা ভবন্তং পিতৃবৎপ্রমোদে যস্মামগা দুঃখমহা-র্ণবস্থম্। মন্যে মমাত্মানমবাপ্তকামং বংশো মহান্মে তপনাৎপ্রবৃত্তঃ ॥ ১২৪ ॥

ন তত্র মাদৃগ্ জনিতা ন জাতঃ পদচ্যুতোঽহং প্রথমং সভার্য্যঃ। সলক্ষ্মণোঽরণ্যমুপাগতশ্চ মারীচ-মায়ানিহতান্তরঙ্গঃ ॥ ১২৫ ॥

তথাপি ভার্য্যামহৃত চ্ছলেন স রাবণো রাক্ষস-

অগস্ত্যদৃশ্বা অগস্ত্যং দৃষ্টবান্ ততোদর্শনানন্তরং অন্তঃকর-ণোত্থং খেদমত্যজৎ ॥ ১২২ ॥

দুঃখসাগরস্থো মুহূর্ত্তং তূষ্ণীভূত্বা ধৃতিং সমাস্থায় পুনরুবাচ ॥ ॥ ১২৩ ॥

পিতৃবত্তবন্তং দৃষ্ট্বা প্রমোদে যস্মাদ্দুঃখমহার্ণবস্থং মাং ত্বমগাঃ আগতবানসি অহমাত্মানং প্রাপ্তকামং মন্যে এবং মুনিমভিমুখী-কৃত্য স্বদুঃখমাবেদয়তি মে মহান্ বংশস্তপনাদাদিত্যাৎ প্রবৃত্তঃ ন তত্রেতি পরেণান্বয়ঃ ইং০ ॥ ১২৪ ॥

তস্মিন্ বংশে মম সদৃশো নোৎপৎস্যতে নাপ্যজনিষ্ট কুত ইতি চেদেবংবিধত্বান্ মমেত্যাহ আদৌ সভার্য্যঃ পদাদ্রাজ্যাৎ প্রচ্যুতস্তত্রাপ্যযোধ্যায়াং ন স্থিতঃ কিন্তু সলক্ষ্মণোবনমুপা-গতঃ তত্রাপি মারীচমায়য়া নিহতান্তঃকরণঃ উ০ ॥ ১২৫ ॥

আগস্ত্যকে আদর পূর্ব্বক দর্শন করিল। ১২১।

অগস্ত্য মুনিকে দর্শন করিয়া রামচন্দ্র অন্তঃ-করণের সমস্ত খেদ ত্যাগ করিলেন। রামচন্দ্রের দুঃখ ত্যাগ করিবার কারণ এই, সূর্য্য যেরূপ গাঢ় তিমির ধ্বংস করিয়া থাকেন, তদ্রূপ মহৎ ব্যক্তির দর্শনমাত্র দেহীগণের প্রায়ই সমস্ত খেদ অপহৃত হয়। ১২২।

রামচন্দ্র পাদ্য ও অর্ঘ্যাদি দ্বারা ভার্য্যার সহিত অগ্যস্ত মুনির অর্চনা করিয়া পরে প্রণত মস্তকে তাঁহার চরণে পতিত হন। মুহূর্ত্তকাল বিপদ্ স-মুদ্রে নিমগ্ন থাকিয়া মৌন অবলম্বন করেন, এবং ধৈর্য্য ধারণ পূর্ব্বক পুনরায় বলিতে লাগিলেন। ১২৩।

পিতৃ তুল্য আপনাকে দর্শন করিয়া আমি হৃষ্ট হইয়াছি। কারণ, আপনি আমাকে দুঃখার্ণবে মগ্ন জানিয়া আমার নিকটে আগমন করিয়াছেন। আমার বিবেচনা হইতেছে—(আমি জন্মগ্রহণ করিয়াও কখন পূর্ণমনোরথ হইব না) এই কারণে আমার মহান্ বংশ সূর্য্য হইতে উৎপন্ন হইয়াছে। ১২৪।

সেই বংশে আমার মতন কেহ জন্মিবে না এবং কেহ কখন জন্ম গ্রহণ করে নাই। নতুবা আমি ভার্য্যার সহিত এরূপ রাজ্য হইতে চ্যুত হইলাম কেন? রাজ্যচ্যুত হইয়া ও নিস্তার নাই—অযো-ধ্যানগরেও থাকিতে পারি নাই—লক্ষ্মণের সহিত বনে আগমন করি। পরে মারীচ রাক্ষসের মায়ায়

পুঙ্গবো মে। সা চাধুনাঽশোকবনে সমাস্তে কৃশা বিয়োগাৎ স্বতএব তন্বী ॥ ১২৬ ॥

তীর্ত্বা সমুদ্রং বিনিহত্য দুষ্টং বলেন সীতাং মহতা হরামি। যথা তথোপায়মুদাহর ত্বং ন মে ত্বদন্যোঽস্তি হিতোপদেষ্টা ॥ ১২৭ ॥

ইতীরিতো বাচমুবাচ বিদ্বাত্মা রাম! শোকস্য বশং গতোঽভূঃ। বংশদ্বয়ে সন্তি নৃপা মহান্তঃ সম্প্রাপ্য দুঃখং পরিমুক্তদুঃখাঃ ॥ ১২৮ ॥

ত্বমগ্রণী দাশরথে! ধনুর্ভৃতাং তবানুজস্যাপি সমো ন লক্ষ্যতে। প্লবঙ্গমানামধিপস্য কোটিশো মামুঞ্চ মামুঞ্চ বচো বিনাথবৎ ॥ ১২৯ ॥

সহায়সম্পত্তিরিয়ং তবাস্তি হিতোপদেষ্টাঽপ্যহমস্মি কশ্চিৎ। বারাং নিধিঃ কিং কুরুতে তবায়ং স্মরাধুনা গোষ্পদমাত্রমেনম্ ॥ ১৩০ ॥

তত্রাপি রাক্ষসপুঙ্গবো রাবণো মে ভার্য্যাং ছলেনাহৃত তন্বী কৃশাঙ্গী ॥ ১২৬ ॥ ১২৭ ॥ ১২৮ ॥

যদুক্তং ন তত্র মাদৃগিতি তত্রাহ ত্বমিতি। তস্মাদ্বিনাথবদনাথবদ্দীনং বচো মা মুঞ্চ মা মুঞ্চেতি সংভ্রমে বীপ্সা। ১২৯ ॥

জলানাং নিধিঃ সমুদ্রঃ ॥ ১৩০ ॥

অন্তরঙ্গ নিহত হয়। তাহাতেও দুঃখের অবসান হয় নাই, রাক্ষসপতি রাবণ ছলপূর্ব্বক আমার ভার্য্যা জানকীকে হরণ করে। স্বাভাবিক কৃশাঙ্গী সেই জানকী এক্ষণে আমার বিয়োগে আরও কৃশতনু হইয়া এক্ষণে রাবণের অশোক বনে বাস করিতেছে ॥ ১২৫। ১২৬।

এক্ষণে যে উপায়ে সমুদ্র উত্তীর্ণ হইয়া, দুষ্ট রাবণকে বধ করিয়া, মহৎ বল প্রকাশ পূর্ব্বক সীতাকে উদ্ধার করিতে পারি; আপনি এরূপ কোন উপায় উদ্ভাবন করুন। আপনি ভিন্ন আমার আর কোন হিতোপদেশক জগতে নাই। ১২৭।

রামচন্দ্রের এই কথা শুনিয়া সুধীবর অগস্ত্য মুনি বলিতে লাগিলেন। রামচন্দ্র! তুমি ইহার জন্য শোকের বশতাপন্ন হইও না। উভয় বংশেই এমন অনেক উদার চেতা নৃপতি সকল জন্ম গ্রহণ করিয়াছিলেন—যাঁহারা প্রথমে দুঃখ পাইয়া পরিশেষে দুঃখ হইতে মুক্ত হন। ১২৮।

হে দাশরথে! ধনুর্ধারী যত বীর পুরুষ আছে তুমি সকলের অগ্রগণ্য। তোমার অনুজ লক্ষ্মণের তুল্য দ্বিতীয় ব্যক্তি আর কাহাকেও দেখা যায় না। কোটী কোটী বানরের অধিপতি সুগ্রীব, তোমার অধীনতা বহন করিতেছে। অতএব অনাথের মতন এরূপ বাক্য আর কখন প্রয়োগ করিও না—আর কখন মুখে আনিও না। ১২৯।

এই সমস্ত তোমার সহায় সম্পত্তি রহিয়াছে। আমিও তোমার এক জন হিতোপদেশক রহিয়াছি। তবে আর এই সমুদ্র তোমার কি করিবে?

পুরেব চার্ব্বব্ধিমহং পিবামি শুষ্কেঽত্র তেন প্রতিযাহি লঙ্কাম্। এবং ময়া কীর্ত্তিরুপার্জ্জিতা স্যাদ্বদ্ধে তু বার্দ্ধৌ তব সার্জ্জিতা স্যাৎ ॥ ১৩১ ॥

সেতুং বার্দ্ধৌ বন্ধয়িত্বা জহি ত্বং দুষ্টং চৌর্য্যাদ্যেন সীতা হৃতাসীৎ। প্রাপ্নোষি ত্বং কীর্ত্তিমাচন্দ্রতারং তেনাত্রাব্ধিং বন্ধয় ত্বং কপীন্দ্রৈঃ ॥১৩২ ॥

ইত্থং যত্র প্রেরিতোঽগস্ত্যবাচা সেতুং রামো বন্ধয়ামাস বার্দ্ধৌ তুঙ্গৈঃ শৃঙ্গৈর্ব্বানরৈস্তেন গত্বা তং হত্বাজৌ জানকীমানিনায় ॥ ১৩৩ ॥

তত্তাদৃক্ষে তত্র তীর্থে স ভিক্ষুঃ স্নাত্বা ভক্ত্যা রামনাথং প্রণম্য। তত্র শ্রদ্ধোৎপত্তয়ে মানুষাণাং শিষ্যেভ্যস্তদ্বৈভবং সম্যগূচে ॥ ১৩৪ ॥

তন্মাহাত্ম্যং বর্ণয়ন্তং মুনিং তং পপ্রচ্ছৈনং কশ্চিদেবং বিপশ্চিৎ। রামেশাখ্যা কিং সমাসোপপন্না পৃষ্টস্ত্রেধাবোচদেবং সমাসম্ ॥ ১৩৫ ॥

চারুঃ সুন্দরশ্চাসাবব্ধিশ্চ তং চারু যথাস্যাত্তথেতি বা তেন পানেনাস্মিন্ সমুদ্রে শুষ্কে সতি সা কীর্ত্তিঃ ॥ ১৩১ ॥

যস্মাদেবং তস্মাৎ সমুদ্রে সেতুং বন্ধয়িত্বা দুষ্টং জহি যেন চৌর্য্যাৎ সীতা হৃতা আসীৎ শালি° ॥ ১৩২ ॥

তুঙ্গৈরুচ্ছ্রিতৈস্তেন সেতুনা তং রাবণং আজৌ সংগ্রামে ১৩৩ ॥ ১৩৪ ॥

কেন সমাসেনোপপন্না ॥ ১৩৫ ॥

তুমি এক্ষণে এই সমুদ্রকে গোষ্পদ মাত্র বোধ করিয়া কার্য্য কর। ১৩০।

আর যদি তোমার ইচ্ছা হয়, তাহা হইলে আমি পূর্ব্বে যেমন এক বার উত্তমরূপে এই সমুদ্র পান করিয়াছিলাম তাহাও করিতে পারি। সমুদ্র শুষ্ক হইলে তুমি সহজে লঙ্কায় গমন কর। এই রূপে সমুদ্র পান করিয়া আমি কীর্ত্তি উপার্জ্জন করিয়াছিলাম। কিন্তু সমুদ্র বন্ধন করিতে পারিলে তুমি আবার ঐরূপ কীর্ত্তি উপার্জ্জন করিতে পারিবে। ১৩১।

যে ব্যক্তি চৌর্য্যবৃত্তি দ্বারা সীতাকে হরণ করিয়াছে, তুমি সেতু বন্ধন করিয়া সেই দুষ্ট দশাননকে বধ কর। যতকাল জগতে চন্দ্র সূর্য্য থাকিবে, ততকাল তোমার এই অক্ষয় কীর্ত্তি থাকিবে। অতএব এক্ষণে কপীন্দ্রগণের দ্বারা সমুদ্রে সেতু বন্ধন করাও। ১৩২।

এই রূপে অগস্ত্য মুনির বচনের বশবর্ত্তী হইয়া রামচন্দ্র সমুদ্রে বানরগণ দ্বারা ও অত্যুচ্চ গিরিশৃঙ্গ দ্বারা সেতু বন্ধন করাইয়াছিলেন—এবং সেই সেতু দ্বারা লঙ্কায় গমন পূর্ব্বক যুদ্ধে রাবণকে বধ করিয়া যে স্থানে জানকীকে আনয়ন করিয়াছিলেন। এরূপ মহাতীর্থে ভিক্ষু পদ্মপাদ স্নান করিয়া ভক্তিভাবে রামচন্দ্রকে প্রণাম করিয়া তথায় মানবগণের শ্রদ্ধা জন্মাইবার জন্য শিষ্যদিগের নিকটে রামচন্দ্রের বৈভবের কথা বর্ণন করেন। ১৩৩।১৩৪।

যখন পদ্মপাদ সেতুবন্ধ রামেশ্বরের মাহাত্ম্য

রবুর্ব্বহস্তৎপুরুষং পরং জগৌ শিরো বহুব্রীহি-
সমাসমেরয়ৎ। রামেশ্বরে নামনি কর্ম্মধারয়ং পরং
সমাহুঃ স্ম সুরেশ্বরাদয়ঃ ॥ ১৩৬ ॥

এবং নিশ্চিত্যোদিতং তৎসমাসং শ্রুত্বা তত্রত্যো
বুধো যোহভ্যনন্দৎ। অম্ভোজাঙ্ঘ্রিস্তৈরথ স্তূয়মানঃ
কঞ্চিৎ কালং তত্র যো গীড়নৈষীৎ॥ ১৩৭ ॥

রামস্যেশ ইতি তৎপুরুষং কেবলং শ্রীরামচন্দ্রো জগৌ শিবস্তু রাম ঈশো যস্যেতি বহুব্রীহিসমাসং কেবলমুক্তবান্ ইন্দ্রাদয়স্তু রামশ্চাসাবীশ্বরশ্চেতি কর্ম্মধারয়ং পরং সমাহুঃ স্ম উং ॥ ১৩৬ ॥

তস্যা রামেশাখ্যায়াঃ সমাসং তত্রত্যো বিপশ্চিৎসমুদায়ঃ যোগীট্ যোগীশঃ শালিং ॥ ১৩৭ ॥

বর্ণনা করেন, তখন কোন এক জন বিদ্বান্ শিষ্য গুরুকে জিজ্ঞাসা করে—"রামেশ" এই পদটী কোন্ সমাস দ্বারা নিষ্পন্ন হইয়াছে? শিষ্যের এই কথা শুনিয়া পদ্মপাদ বলিলেন—"রামেশ" এই পদটী তিন প্রকার সমাস দ্বারা সিদ্ধ হইতে পারে। ১৩৫।

রামচন্দ্র "রামেশ" এই পদে "রামস্য ঈশঃ" রামের ঈশ্বর অর্থাৎ ষষ্ঠী তৎপুরুষ সমাস স্বীকার করিয়াছেন। মহাদেব "রামেশ" এইপদে "রাম ঈশো যস্য" রাম যাহার ঈশ্বর—এইরূপে কেবল বহুব্রীহি সমাস স্বীকার করিয়াছেন। ইন্দ্রাদি দেবগণ "রামেশ" এই পদে "রামশ্চাসৌ ঈশশ্চেতি" যিনি রাম তিনি ঈশ্বর—এইরূপে কর্ম্মধারয় সমাস স্বীকার করিয়াছেন। ১৩৬।

তস্মাদার্য্যঃ প্রস্থিতোহভূৎ সশিষ্যঃ তীর্থস্নানো-
পাত্তচিত্তামলত্বঃ॥ পশ্যন্ দেশান্ মাতুলীয়ং জগাহে
গেহং দাহং তস্য পুত্রেন সার্দ্ধম্॥ ১৩৮ ॥

শ্রুত্বা কিঞ্চিৎখেদমাপেদিবাংসং মত্বা মত্বা ধৈর্য্য-
মাপে দিবাংসম্। শ্রাবং শ্রাবং মাতুলেযস্য তীব্রং
দাহং গেহস্যানুকম্পাং ব্যধত্ত ॥ ১৩৯ ॥

স্নানেনোপাত্তং চিত্তনির্ম্মলত্বং যেন স তস্য গৃহস্য পুস্তকেন সহ দাহং শ্রুত্বেতি পরেণান্বয়ঃ ॥ ১৩৮ ॥

মত্বা মত্বা পদার্থস্বরূপং জ্ঞাত্বা জ্ঞাত্বা ধৈর্য্যমাপ্নুবন্তং মাতুলসম্বন্ধিনো গেহস্য তীব্রং দাহং শ্রুত্বা শ্রুত্বা করুণাং বিহিতবান্ তং মাতুলঃ আহেতি শেষঃ এবম্ভূতো পদ্মপাদো বিশ্বস্তেত্যেবমাদিপ্রকারেণ ব্রুবন্তং মাতুলং ইতি বা সম্বন্ধঃ ইং০ ॥ ১৩৯ ॥

ঐ স্থানের যে পণ্ডিত পদ্মপাদকে "রামেশ" এই পদের সমাসের কথা জিজ্ঞাসা করেন, তিনি পদ্মপাদের নির্দ্ধারিত এই সমাস বাক্য শুনিয়া অত্যন্ত আহ্লাদিত হইলেন এবং পদ্মপাদের অভিনন্দনা করিলেন। অনন্তর যোগিরাজ পদ্মপাদ শিষ্যগণের স্তবে সন্তুষ্ট হইয়া কিছু কাল সেতুবন্ধ রামেশ্বর তীর্থে কাল যাপন করিলেন। ১৩৭।

আর্য্য পদ্মপাদ ঐ তীর্থে স্নান করিয়া চিত্তের নির্ম্মলতা লাভ পূর্ব্বক শিষ্যগণ সমভিব্যাহারে ঐ তীর্থ হইতে প্রস্থান করিলেন। যাইবার সময় নানাবিধ দেশ দেখিতে দেখিতে পুনর্ব্বার মাতুলালয়ে উপস্থিত হইলেন। অনন্তর পুস্তকের সহিত গৃহ দগ্ধ হওয়াতে মাতুল কিঞ্চিৎ খেদান্বিত হই-

বিশ্বস্য মাং নিহিতবানসি পুস্তভারং তং চাদহ-
চ্চু তরহঃ পতিতঃ প্রমাদাৎ। তাবন্ন মে সদন-
দাহকৃতোঽনুতাপো যাবাংস্তু পুস্তকবিনাশকৃতো
মম স্যাৎ ॥ ১৪০॥

ইত্থং ব্রুবন্তং তমথো ন্যগাদীৎ পুস্তং গতং বুদ্ধি-
রবস্থিতা মে। উক্ত্বা সমারব্ধ পুনশ্চ টীকাং কর্ত্তুং
স ধীরো যতিবৃন্দবন্দ্যঃ ॥ ১৪১ ॥

দৃষ্ট্বা বুদ্ধিং মাতুলস্তস্য ভূয়ো ভীতঃ প্রাস্যন্তো-
জনে তন্মনোহরম্। কিঞ্চিৎ ত্বন্যং পূর্ব্ববন্ন ক্ষ-
মীষ্ট টীকাং কর্ত্তুং কেচিদেবং ব্রুবন্তি ॥ ১৪২ ॥

অত্রান্তরেঽন্যৈর্নিজবচ্চরদ্ভিঃ স্বৈস্তীর্থযাত্রাং
দয়িতৈঃ সতীর্থ্যৈঃ। অর্থাদুপেত্যাশ্রমতঃ কনিষ্ঠৈ-
র্জ্ঞাতঃ সখেদৈঃ স মুনিঃ সমৈক্ষি ॥ ১৪৩ ॥

নিহিতবানসি স্থাপিতবানসি বর্ত্তমানসামীপ্যে লট্। তং চ প্রমাদাৎ পতিতো হুতাশোঽদহৎ বং ॥ ১৪০ ॥

ন্যগাদীদুক্তবান্ টীকাং কর্ত্তুমারম্ভং কৃতবান্ ইং০ ॥ ১৪১ ॥

প্রাস্যৎ প্রাক্ষিপৎ ন ক্ষমীষ্ট সমর্থো নাভূৎ শালিং ॥ ১৪২ ॥

অত্রান্তরে স্বয়ং তীর্থযাত্রাং চরদ্ভির্দয়িতৈঃ স্বীয়ৈঃ সতীর্থ্যৈরাশ্রমাৎ কনিষ্ঠৈর্যদৃচ্ছযোপেত্য জ্ঞাতঃ সখেদৈঃ স মুনিঃ সমৈক্ষি সংদৃষ্টঃ ইং০ ॥ ১৪৩ ॥

য়াছেন শুনিয়া—পরে পদার্থের স্বরূপ জানিয়া ধৈর্য্য ধারণ করিয়াছেন মানিয়া—এবং মাতুলগৃহের ভীষণ দাহ কাণ্ড শ্রবণ করিয়া—পদ্মপাদ করুণা প্রকাশ করিলেন। ১৩৮। ১৩৯।

মাতুল তাঁহাকে বলিলেন—তুমি বিশ্বাসের সহিত পুস্তকভার আমাতে স্থাপন করিয়াছ। কিন্তু প্রমাদ বশতঃ পতিত হইয়া অনলে ঐ পুস্তক সকল দগ্ধ করিয়াছে। দেখ পুস্তকের বিনাশ হওয়াতে আমার যেরূপ অনুতাপ হইয়াছে, সেরূপ অনুতাপ আমার গৃহ দাহ হওয়াতেও হয় নাই। ১৪০।

মাতুলের এই কথা শুনিয়া পদ্মপাদ বলিলেন "পুস্তক নষ্ট হইয়াছে সত্য, কিন্তু আমার তাহাতে কোন ক্ষতি নাই। কারণ, এখনও আমার সেই রূপ বুদ্ধি আছে।" এই কথা বলিয়া যতিপূজ্য পণ্ডিত পদ্মপাদ পুনরায় টীকা করিতে আরম্ভ করিলেন। ১৪১।

কেহ কেহ বলিয়া থাকেন—মাতুল পদ্মপাদের বুদ্ধি দেখিয়া পুনর্বার ভীত-হইলেন। অবশেষে ভোজনকালে যাহাতে মনোবৃত্তি হরণ করে, এমন এক বিষাক্ত দ্রব্য খাদ্যসামগ্রীতে নিক্ষেপ করেন। তাহাতেই তিনি পূর্ব্বমত টীকা করিতে আর সমর্থ হন নাই ॥১৪২॥

ইত্যবসরে পদ্মপাদের মতন আর কতক গুলিন লোকে স্বীয় প্রিয়শিষ্য গণের সহিত তীর্থ-যাত্রা উপলক্ষে নানাদেশ পর্য্যটন করিয়া যদৃচ্ছা ক্রমে ঐ স্থানে আগমন করিয়া তাঁহাকে জানিতে পারিল এবং খিন্নমনে মুনিকে দেখিতে লাগিল। ১৪৩।

দৃষ্ট্বা পদ্মাঙ্ঘ্রিং ক্রমাত্তে প্রণেমুস্তৎপাদাম্ভোজী-রেণুং দধানাঃ। অন্যোন্যং প্রাগাদধুস্তে ততশ্চা-নেকানেহোঽযোগজৈক্যান্নমাংসি ॥ ১৪৪ ॥

বাণীনির্জ্জিতপন্নগেশ্বরগুরুপ্রাচেতসা চেতসা বিভ্রাণা চরণং মুনের্ব্বিরচিতব্যাপল্লবং পল্লবম্। ধুন্বন্তং প্রভয়া নিবারিততমাশঙ্কাপদং কামদং রেজে-ঽন্তেবসতাং সমষ্টিরসুহৃত্তত্যাহিতাত্যাহিতা ॥ ১৪৫ ॥

শুশ্রাব সাঽন্তেবসতাং সমষ্টিঃ স্বদেশকীয়াং সু-খদাং সুবার্তাম্। অর্থাৎ সমীপাগততঃ কুতশ্চিদ্ দ্বিজেন্দ্রতঃ সেবিতসর্ব্বতীর্থাৎ ॥ ১৪৬ ॥

অথ গুরুবরমনবেক্ষ্য নিতান্তং ব্যথিতহৃদো মুনিবর্য্যবিনেয়াঃ। কথমপি বিদিততদীয়সুবার্তাঃ সমধিগতাঃ কিল কেরলদেশান্ ॥ ১৪৭ ॥

অনেককালাযোগজন্যাদৈক্যাৎ ঝটিতি অন্যোন্যং নমাংসি নমস্কারান্ দদুরাদদুশ্চ শালি০ ॥ ১৪৪ ॥

বাণ্যা নির্জ্জিতাঃ শেষগুরুবাল্মীকাদযো যয়া সা চেতসা মুনেঃ শ্রীশঙ্করস্য চরণং বিভ্রাণা রেজে চরণং বিশিনষ্টি, বিরচিতব্যং ভবিতব্যমাপল্লবং পল্লববৎ ধুন্বন্তং প্রভয়া নিবারিততমমতি-শয়েন নিবারিতমাশঙ্কানাং পদমাশ্চর্য্যভূতমজ্ঞানং যেন পুনশ্চ কামদং পুরুষার্থচতুষ্টয়প্রদং শিষ্যাণাং সমষ্টিং বিশিনষ্টি। অসু-হৃতাং প্রাণহৃতাং ক্ষুৎপিপাসাদীনাং তত্যা পঙ্ক্ত্যা নিমিত্তভূত-য়া আহিতং স্বীকৃতমত্যাহিতং জীবনাপেক্ষং কর্ম্ম যয়া সা অত্যা-হিতং মহাভীতৌ জীবনাপেক্ষকর্ম্মণীতি মেদিনী শা০ ॥ ১৪৫ ॥

সান্তেবসতাং সমষ্টিঃ কুতশ্চিদ্দেশাদর্থাৎ সমীপমাগতাৎ সেবিতসর্ব্বতীর্থাদ্দ্বিজাৎ স্বদেশকীয়াং সুসুখদাং সুবার্ত্তাং শুশ্রাব ইং০ ॥ ১৪৬ ॥

অথানন্তরং গুরুবরং শ্রীশঙ্করমনবেক্ষ্যাত্যন্তং ব্যথিতং হৃদোযাং কথমপি বিদিতা ভগবৎপাদাঃ কেরলেষু সন্তীতি গুরুসম্বন্ধিনী বার্ত্তা যৈস্তে মুনিবর্য্যশিষ্যাঃ কেরলাখ্যদেশাৎ সং-প্রাপ্তাঃ। নবমে ভবতি শুরাবুপচিত্রা ॥ ১৪৭ ॥

ক্রমশঃ তাঁহারা পদ্মপাদকে দেখিয়া তাঁহার পাদ-পদ্মের রেণু ধারণ পূর্ব্বক তাঁহাকে প্রণাম করিল। বহুকাল পর্য্যন্ত যোগ কার্য্যের জন্য একতা থাকাতে শীঘ্র পরস্পর পরস্পরকে নমস্কার দান করিল এবং নমস্কার গ্রহণ করিল। ১৪৪।

তৎকালে কতকগুলি শিষ্য সমষ্টি স্ব স্ব বাক্য দ্বারা পরাজ, বৃহস্পতি এবং বাল্মীকিকে পরাজয় করিয়া এবং প্রাণহারী ক্ষুধাতৃষ্ণা দ্বারা যে জীবন নষ্ট হয় তাহা স্বীকার করিয়া ভবিষ্যৎ বিপদ্ রূপ পল্লবের কম্পন কর্ত্তা এবং প্রভাদ্বারা শঙ্কাস্পদ অজ্ঞানের নিবারক ও ধর্ম্মার্থ কামমোক্ষ চারি প্রকার পুরুষার্থ দাতা মুনিবর শঙ্করের চরণ ধারণ পূর্ব্বক শোভা পাইতে লাগিল ॥১৪৫ ॥

একজন ব্রাহ্মণ দেশ হইতে অত্যন্ত নিকটে আসিয়াছেন এবং তিনি সকলতীর্থ সেবা করিয়া-ছেন। পরে ঐ ব্রাহ্মণের নিকট হইতে শিষ্য সকল স্বদেশীয় সুখময় সম্বাদ সকল শুনিতে লাগিল ॥ ১৪৬ ॥

অনন্তর মুনিবরের শিষ্য গণ গুরুবর শঙ্করকে দেখিতে না পাইয়া ব্যথিত-মনে "গুরুদেব কে-রল দেশে অবস্থান করিতেছেন" [illegible]

বি[illegible] [illegible]হুরূপমিদং [illegible]বিশং [illegible]-

[illegible]কোঽপি ভবান্ বিভাত্যনেকঃ ॥ ১৫২ ॥

ইতিদেবমভিষ্টু বিশিষ্টস্তুতিভিতোঽসৌ [illegible]

সন্নিবিষ্টঃ । চিরকালবিয়োগদীনচিত্তৈঃ শিরসা-

শিষ্যগণৈরথো ববন্দে ॥ ১৫৩ ॥

গুরুণা কুশলানুযোগপূর্ব্বং সদয়ং শিষ্যগণেষু

সান্ত্বিতেষু । [illegible]দীনমনাঃ [illegible]-

[illegible]দিকং স পদ্মপাদঃ ॥ ১৫৪ ॥

ভগবন্নভিগম্য রঙ্গনাথং পথি পদ্মাক্ষ[illegible] নিব-

র্ত্তমানঃ । বহুধা বিহিতানুনীতিনীতো বত পূর্ব্বা-

শ্রমমাতুলেন গেহে ॥ ১৫৫ ॥

অহমস্য পুরোভিদাবদেন্দোরপি পূর্ব্বাশ্রমবাস-

নানুবন্ধাৎ । অপঠং ভবদীয়ভাষ্যটীকামজয়[illegible]

কৃতানুযোগমেনম্ ॥ ১৫৬ ॥

ন কেবলমেতাবদেবাপি তু স্বয়মেকোঽপি ভবান্ বহু-

রূপমিদং বিশ্বং প্রবিশ্যানেকো বিভাতীতি সদৃষ্টান্তমাহ । বিবি-

ধেষু জলাশয়েষু যথা সূর্য্যঃ প্রতিবিম্বিতস্বভাবস্তথাশয়েষু

প্রতিবিম্বিতস্বভাবঃ সোঽয়ং ভবানিত্যন্বয়ঃ । তথা চ শ্রুতিঃ

যথা হ্যয়ং জ্যোতিরাত্মা বিবস্বানপোভিন্না বহুধৈকোঽনুগচ্ছন্ ।

উপাধিনা ক্রিয়তে ভেদরূপোদেবঃ ক্ষেত্রেষেবমজোঽয়মাত্মা

ইতি ॥ ১৫২ ॥

ববন্দ ইতি কর্ম্মণি লিট্ তে তং শিরসাবন্দিরে ইত্যর্থঃ

॥ ১৫৩ ॥

কুশলিনো ভবন্ত ইতি কুশলপ্রশ্নপূর্ব্বকং সদয়ং যথাস্যাত্তথা

সান্ত্বিতেষু শিষ্যগণেষু মধ্যে স পদ্মপাদোঽজহদ্গদ্গদিকং যথা-

স্যাত্তথাঽবাদীৎ ॥ ১৫৪ ॥

পূর্ব্বাশ্রমমাতুলেন স্বগেহং প্রতি বহুধা বিহিতানুনয়েন

নীতো বতেত্যস্তখেদে ॥ ১৫৫ ॥

ভেদবাদীন্দোরপ্যস্যাগ্রে মম মাতুলোঽয়মিতি পূর্ব্ববাসনা-

কেবল ইহা নহে—আপনি এক হইয়াও বহু রূপী জগতে প্রবেশ করিয়া বহুরূপীর মতন প্রকাশমান আছেন। তাহার দৃষ্টান্ত এই—সূর্য্য যেমন এক হইয়াও নানাবিধ জলাশয়ে প্রতিবিম্বিত হইয়া অনেক বলিয়া কথিত হয়, আপনিও তদ্রূপ ॥১৫২ ॥

এইরূপ বিশিষ্ট স্তববাক্যে শঙ্কর বিষ্ণুকে স্তব করিয়া বিষ্ণুর গৃহ সন্নিধানে বাস করিয়া রহিলেন। তদনন্তর শিষ্যগণ বহুদিন গুরুর বিরহে ক্ষুণ্ণ চিত্ত হইয়া মস্তক দ্বারা শঙ্করের বন্দনা করিল ॥১৫৩ ॥

"তোমাদের কুশল ত ?" এইরূপ কুশল প্রশ্নে শঙ্কর সদয় ভাবে শিষ্য দিগকে সান্ত্বনা করিলে পদ্মপাদ ক্ষুণ্ণমনে গদ্গদস্বরে মৃদু২ বলিতে লাগিল ॥ ১৫৪ ॥

ভগবন্ ! আমি রঙ্গনাথের নিকট গমন করিয়া যখন ফিরিয়া আসি, তখন আমার পূর্ব্বাশ্রমের মাতুল অনুনয় ও বিনয় করিয়া আমাকে বিষ্ণুর নিকটে লইয়া যান ॥ ১৫৫ ।

আমার মাতুল দ্বৈতবাদী দিগের একজন অগ্রগণ্য ইনি আমার মাতুল এইরূপ পূর্ব্ব বাসনার প্রভাবে আমি আপনার ভাষ্যের টীকা পাঠ করি।

দগ্ধমুদ্রমুখমুদ্রিণমন্ত্রৈ র্বর্ত্ততর্কগুরুকাপিলতন্ত্রৈঃ। বর্ম্মিতো নিগমসারসুধাক্তৈ র্মাতুলং জয়কয়ং তব সূক্তৈঃ ॥ ১৫৭ ॥

খড়্গাখড়্গিবিহারকল্পিতরুজং কাণাদসেনামুখে শস্ত্রাশস্ত্রিকৃতং শ্রমঞ্চ বিষমং পক্ষৎপদানাং পদম্। যষ্টাযষ্টিভবঞ্চ কাপিলমনে খেদং মুনে! তাবকৈঃ সূক্তৈ র্যৌক্তিকবংশমৌক্তিকময়ৈ র্নাপদ্যতে বর্ম্মিতঃ ॥ ১৫৮ ॥

অথ গূঢ়হৃদো যথাপুরং মামভিনন্দ্যাহিতসৎক্রিয়স্য তস্য। অধিসম্মনিধায় ভাষ্যটীকামহমন্যায়মশঙ্কিতো নিশায়াম্ ॥ ১৫৯ ॥

সুবন্ধাদং ভবদীয়ভাষ্যটীকামপঠং অস্যাং টীকায়াং কৃতোঽনুযোগশ্চোদ্যমো যেন তমজয়ম্ ব০ ॥ ১৫৬ ॥

অজয়মিত্যনেনপ্রাপ্তং গর্ব্বং বারয়তি। তব সূক্তৈর্বর্ম্মতুল্যৈ রক্ষিতস্তমজয়ং ন তু স্বসামর্থ্যেনেতিভাবঃ তানি বিশিনষ্টি। দগ্ধা তপ্তা চক্রাদিমুদ্রা যেষাং তেষাং মুখপিধায়কমন্ত্রৈঃ পুনশ্চ ধর্ত্তানি গৌতমাদিশাস্ত্রাণি যৈর্ব্বেদসারলক্ষণসুধাশ্রিতৈঃ স্বা০ ॥ ১৫৭ ॥

কিঞ্চ হে মুনে! যৌক্তিকলক্ষণবংশমৌক্তিকময়ৈস্তব সূক্তৈর্বর্ম্মিতঃ কবচৈরিব রক্ষিতঃ কাণাদসেনামুখে খড়্গাখড়্গিবিহারেণ কল্পিতাং রুজং নাপদ্যতে, তথা অক্ষপাদানাং গৌতমানাং পদে শস্ত্রাশস্ত্রিকৃতং শ্রমঞ্চ নাপদ্যতে। তথা কাপিলসৈন্যে যষ্টাযষ্টি ভবং খেদঞ্চ নাপদ্যতে শা০ ॥ ১৫৮ ॥

অথ পরাজয়ানন্তরং যথাপুরং মামভিনন্দ্য সম্পাদিতসৎক্রিয়স্য গূঢ়হৃদয়স্যাস্য সদ্মনি ভাষ্যটীকাং নিধায়াহমশঙ্কিত আয়ং গতবান্ নিশায়ামিত্যস্য পরেণান্বয়ঃ ব০ ॥ ১৫৯ ॥

তাহার পর "ঐ টীকাতে কি আছে?" বারম্বার এইরূপ অনুযোগ করাতে আমি তাঁহাকে জয় করি ॥ ১৫৬।

আমি যে মাতুলকে জয় করিতে পারিয়াছি তাহাতে আমার কোন ক্ষমতা নাই, যুদ্ধকালে বর্ম্ম (সাঁজোয়া) যেরূপ দেহরক্ষা করে, আমিও তদ্রূপ আপনার সূক্ত (সুবচন) ধর্ম্ম আচ্ছাদন করিয়া মাতুলকে জয় করিতে পারিয়াছি। যাহাদের চক্রমুদ্রা প্রভৃতি মুদ্রা সকল দগ্ধ হইয়াছে, আপনার সূক্ত, তাহাদের মুখ আচ্ছাদন করিবার মন্ত্র স্বরূপ। গৌতম প্রণীত ন্যায়দর্শন ও কপিল মুনি প্রণীত সাংখ্য দর্শন প্রভৃতি শাস্ত্র সকল আপনার বাক্যে পরাস্ত হইয়াছে। বেদান্তের সাররূপ অমৃত দ্বারা আপনার বাক্য মিশ্রিত—সুতরাং এরূপ বাক্যরূপ বর্ম্ম আচ্ছাদন করিয়া কেন মাতুলকে জয় করিতে পারিব না? ॥ ১৫৭।

স্বাতি নক্ষত্রে বংশে (বাঁশ) জল পড়িলে তাহাতে মুক্তা হয়। যে ব্যক্তি যুক্তি যুক্ত ও বংশ মুক্তাদ্বারা খচিত আপনার সূক্ত (সুবচন) দ্বারা বর্মিত, সেব্যক্তি কণাদের সেনা সম্মুখে খড়্গ যুদ্ধের পীড়া জানিতে পারে না, অক্ষপাদ গৌতম দর্শনের শস্ত্র প্রহারের শ্রম অনুভব করে না, কপিল সৈন্যের নিকটে যষ্টি প্রহারের খেদ ও তাহার পাইতে হয় না ॥ ১৫৮।

তাঁহাকে পরাজয় করা হইলে তিনি পূর্ব্বমত আমার অভিনন্দনা করিয়া আমাকে যথেষ্ট অর্চনা করেন। কিন্তু তাঁহার মনের ভাব কিছুই জানিতে পারি নাই। তখন আমি তাঁহার গৃহে ভাষ্যের টীকা রাখিয়া নিঃশঙ্কমনে গমন করি ॥১৫৯॥

যুগপর্য্যয়নৃত্যদুগ্রফালজ্বলনজ্বালকরাবকীলজালঃ। দহনোঽধিনিশীথমস্য ধাম্না বত টীকামপি ভস্মসাদকার্ষীৎ ॥ ১৬০ ॥

অদহৎ স্বগৃহং স্বয়ং হুতাশে বিমতং গ্রন্থমসৌ বিদগ্ধুকামঃ। মতিমান্দ্যকরং গরঞ্চ ভৈক্ষে ব্যধিতাস্যেতি বিজৃম্ভতে স্ম বার্ত্তা ॥ ১৬১ ॥

নিশ্চয় মহাদেবই তাঁহাদের পতি। ৩৭। মহাদেবের নির্মল স্ফটিকতুল্য দক্ষিণ পার্শ্বে দিন, এবং দেবীর বামভাগে শ্যামবর্ণ রাত্রি কথিত হইয়াছে ॥ ৩৮ ॥ শিব, অথর্ব বেদে "আমি নিত্য আমি অনিত্য" ইত্যাদি বাক্য দ্বারা আপনার দেবগণকে (শিব যে সকলের আত্মা) তাহা বলিয়াছেন। ৩৯। ঐরূপ শিবহৃদয়গ্রন্থে, পরমাত্মরূপী শিবের, জগৎকারণ ও সকলের ধ্যেয়, তাহাও কথিত হইয়াছে। ৪০। "হে ভগবন্! আপনাকে যে ধ্যান করিতে হয় তদ্বিষয়ে মুনিগণ সাক্ষী, জ্ঞানপ্রদানে আপনি গুরুদেব, আপনি যে জ্ঞেয় পদার্থ, তদ্বিষয়ে আপনি নিগমশাস্ত্র। যাহারা আপনার ভক্ত তাহাদিগকে যদি কেহ কুমন্ত্র শিক্ষা দেয়, আপনি তদ্বিষয়ে যম। আপনি যে নিত্য ঐ বিষয়ে ব্রহ্মার মস্তকস্থিত মালা সকল প্রমাণ। আপনি যখন আদ্যন্ত শূন্য, তখন বরাহশরীরধারী কমলাক্ষ কৃষ্ণ এবং হংসশরীর ধারী পদ্মাসন ব্রহ্মা"। ৪১। এইরূপ বেদে সকল স্থানে জগৎকারণ রুদ্রই ঈশ্বর বলিয়া উক্ত হইয়াছেন। যাহারা বিবেকী তাহারা রুদ্রকে ঈশ্বর বলিয়া জানিবেন। আর কাহাকেও ঈশ্বর বলিয়া নির্দেশ করেন নাই। ৪২। ত্রিপুণ্ড্রাদি, রুদ্রাক্ষ ও বিভূতি প্রভৃতি ধারণ, পীঠাদির অর্চনা ও রুদ্রাধ্যায়জপ ইত্যাদি কার্য্য দ্বারা সকলে পাপ হইতে মুক্ত হইয়া শিবসাদৃশ্য লাভ করিয়া থাকে। রুদ্রকাণ্ডে এই অর্থই উত্তমরূপে নিরূপণ করা হইয়াছে। ৪৩। চৌর্য্যবৃত্তি, গুরুদারগমন, সুরাপান ও ব্রহ্মহত্যা করিয়া ভস্মাচ্ছাদিত কলেবর, ভস্মশয্যায় শয়ন ও রুদ্রাধ্যায়পাঠ করিলে সর্বপাপ হইতে মুক্ত হওয়া যায়। ৪৪। কোটিজন্মে পুণ্য সঞ্চয় করিলে শিবে ভক্তি জন্মায়। "এবিষয়ে আর অধিক কি বলিব, যাহার শিবে দৃঢ়ভক্তি আছে, সেব্যক্তি যদি কোটি কোটি পাপ করিয়া থাকে, তথাপি সে মুক্ত হয়" শিবগীতায় একথা স্পষ্ট কথিত হইয়াছে। শিবগীতায় আর একস্থানে আছে, হেমুনিগণ! তোমরা যেরূপে ধর্ম অর্থ কাম মোক্ষের পারে যাইতে পার, আমি সেই পাশুপত ব্রত বলিব। ৪৫।৪৬।৪৭।৪৮। তোমরা বিরজা দীক্ষা, বিভূতি ও রুদ্রাক্ষ ধারণ, জপ, বেদসার শিবের সহস্র নাম করিয়া এই মানব দেহ পরিত্যাগ পূর্বক শৈব শরীর লাভ করিবে। "অনন্তর জগতের মঙ্গলকর ভগবান্ শঙ্কর প্রসন্ন হইয়া, তোমাদের নয়নগোচর হইয়া, তোমাদিগকে কৈবল্য দান করিবেন"। এইকথা জাবালশ্রুতি উপনিষদেও নিরূপিত

তদ্বতাং [illegible] [illegible] ইতি কাল্যা-
গ্নিরুদ্রোপনিষদ্যপি নিরূপিতম্ ॥ ৫১ ॥

অবশ্যং ব্রাহ্মণৈর্ধার্য্যা বিভূতিরিতি বিস্তৃতম্। অতো বিভূতি-
মাহাত্ম্যং কেন বক্তুং সুশক্যতে ॥ ৫২ ॥

শীর্ষে কণ্ঠে কর্ণয়োশ্চ বাহ্বো রুদ্রাক্ষধারণাৎ। নীলকণ্ঠো ভবে-
ন্মর্ত্ত্যো ব্রাহ্মণশ্চেৎ পরাৎপরঃ ॥ ৫৩ ॥

ইত্যগস্ত্যস্য সংপ্রোক্তং সংহিতায়াং যতীশ্বর!। অতপ্তাঙ্গতনু-
র্নৈব তদ্ধামৈতীতি মানতঃ ॥ ৫৪ ॥

লিঙ্গাঙ্কনমবশ্যং বৈ কর্ত্তব্যং মোক্ষকাঙ্ক্ষিভিঃ। ইত্যুক্ত
আহ নৈবাত্র বহ্নিতাপো বিবক্ষিতঃ ॥ ৫৫ ॥

কিন্তু কৃচ্ছ্রাদিকং তাপঃ কৃচ্ছ্রচান্দ্রায়ণৈঃ কৃশঃ। ইত্যুক্তে
নারদীয়েন বিরোধাদ্‌বৃহতাস্তথা ॥ ৫৬ ॥

লিঙ্গাঙ্কিততনুং দৃষ্ট্বা শঙ্খচক্রাঙ্কিতং তথা। স্নানমেব
তদা কার্য্যমথবা সূর্য্যমীক্ষয়েৎ ॥ ৫৭ ॥

পতিতং তপ্তলিঙ্গাঢ্যং চক্রাঙ্কিতমথাপি বা। বাঙ্মাত্রেণাপি
নার্চ্চেত পাষণ্ডাচারতৎপরম্ ॥ ৫৮ ॥

শূদ্রবৎ স পরিত্যাজ্যো জীবচ্ছবসমাকৃতিঃ। [illegible] চ
হব্যঞ্চ কব্যঞ্চাপি বৃথা ভবেৎ ॥ ৫৯ ॥

তদ্দর্শনাৎ পরিত্যাজ্যমন্নং মন্ত্রাভিমন্ত্রিতম্। অপি
শূদ্রেক্ষণাদ্‌ভুঞ্জে লিঙ্গচক্রাঙ্কিতং বিনা ॥ ৬০

অপি চেন্নিগমাচাররতো বেদাঙ্গতৎপরঃ। লিঙ্গচক্রাঙ্ক-
মাত্রেণ স সদ্যঃ পতিতো ভবেৎ ॥ ৬১ ॥

ইত্যুক্তং হি বৃহন্নারদীয়ে কিঞ্চ প্রকীর্ত্তিতম্। মার্কণ্ডেয়-
পুরাণে বৈ শ্রোতব্যং তৎসমাহিতৈঃ ॥ ৬২ ॥

ব্রাহ্মণানাং চ গায়ত্র্যাঃ সম্বাদোঽভূন্মহান্ পুরা। অতস্তয়া-
ভিসংশপ্তাঃ পাষণ্ডাশ্চৈব দৈবতাঃ ॥ ৬৩ ॥

বেদোক্তকর্ম্মহীনাশ্চ তান্ত্রিকাচারতৎপরাঃ। যূয়ং কলৌ
ভবস্তেবমিতি তানাহ সা রুষা ৬৪ ॥

অতঃ কলিযুগে প্রাপ্তে ভবিষ্যন্তি দ্বিজাধমাঃ। বেদার্থহীনাঃ
পাষণ্ডা লিঙ্গচক্রাদিচিহ্নিতাঃ ॥ ৬৫ ॥

হইয়াছে। ৪৯। ৫০। ১। অতএব ব্রাহ্মণেরা অবশ্য বিভূতি ধারণ করিবেক। কোন্ ব্যক্তি জগদ্‌ব্যাপী শিবের বিভূতি-মাহাত্ম্য বলিতে পারে?। ২। "মস্তকে, কণ্ঠে, দুই কর্ণে, দুই হস্তে রুদ্রাক্ষ ধারণ করিলে, যে কোন মানব শিব হয় এবং ব্রাহ্মণ হইলে তিনি ঐ রুদ্রাক্ষ ধারণে পরাৎপর হন" হে যতীশ্বর! এ কথা অগস্ত্য সংহিতায় উক্ত হইয়াছে। যে ব্যক্তি বিভূতি ও রুদ্রাক্ষাদি ধারণ করিয়া আত্মশরীর উপতপ্ত করে নাই, সে ব্যক্তি শিব পদ প্রাপ্ত হন না" এই প্রমাণে যাহারা মোক্ষার্থী অবশ্য তাহারা লিঙ্গ চিহ্ন ধারণ করিবে।

এই কথা শুনিয়া শঙ্করাচার্য্য বলিলেন। আপনারা যে পূর্ব্বে তাপের কথা বলিয়াছেন, এস্থানে তাপ শব্দে বহ্নি তাপ নয়। কিন্তু কৃচ্ছ্র প্রভৃতি তাপ এবং কৃচ্ছ্র চান্দ্রায়ণ দ্বারা কৃশ হইতে হইবে। এই বৃহন্নারদীয় বচনের বিরোধ হয়। যথা—"লিঙ্গ চিহ্নিত বা শঙ্খ চক্রাদি চিহ্নিত শরীর দেখিলে তৎকালে স্নান করিবে, অথবা সূর্য্য দর্শন করিবে। পতিত, ও তপ্ত লিঙ্গযুক্ত ও চক্র চিহ্নিত ব্যক্তিকে কথা বারাও অর্চনা করিবে না। পাষণ্ডের আচার তৎপর ঐ ব্যক্তিকে শূদ্রের মতন ত্যাগ করিবে। জীবিত শবের মতন ঐ ব্যক্তি অস্পৃশ্য। ঐ ব্যক্তিকে হব্য কব্য যাহা দেওয়া যাইবে তৎসমুদায়ই বৃথা হয়। ৫৩। ৫৪। ৫৫। ৫৬। ৫৭। ৫৮। ৫৯। মন্ত্রপূত অন্ন চক্রচিহ্নিত ব্যক্তির দর্শনে পরিত্যাগ করিবে। যদি শূদ্রও দর্শন করে তথাপি ঐ অন্ন ভক্ষণ করিবে, কিন্তু লিঙ্গ চক্রচিহ্নিত ব্যক্তি দর্শন করিলে ঐ অন্ন ভক্ষণ করিবে না। যদি কোন ব্যক্তি বেদাচাররত ও বেদাঙ্গ তৎপর হয়, সে ব্যক্তি লিঙ্গ চক্র চিহ্ন মাত্রে সদ্য পতিত হয়।" এই কথা বৃহন্নারদীয় পুরাণে উক্ত হইয়াছে। মার্কণ্ডেয় পুরাণে যাহা কথিত হইয়াছে, আপনারা সমাহিত মনে তাহা শ্রবণ করুন। ৬০। ৬১। ৬২। পুরাকালে ব্রাহ্মণদিগের ও গায়ত্রীর একটী বিবাদ হইয়াছিল। সেই বিবাদে গায়ত্রী ব্রাহ্মণদিগকে শাপ দেন। তাহাতে দেবতাগণ পাষণ্ড হয়, বেদোক্ত কর্ম্ম পরিত্যাগ করে, তান্ত্রিক আচারে রত হয়। গায়ত্রী ক্রোধ প্রকাশ পূর্ব্বক বলিলেন, "তোমরা কলিকালে ঐ রূপ অকার্য্য করিতেই জন্মিবে"। ৬৩। ৬৪। এই কারণে কলিকাল উপস্থিত হইলে দ্বিজাধম সকল, বেদের অর্থ হীন, লিঙ্গচক্রাদি চিহ্নিত, পাষণ্ড

জ্ঞানকর্ম্মপথাদ্‌ভ্রষ্টাঃ কামক্রোধাদিপীড়িতাঃ। দুরাত্মানঃ সত্যধর্ম্মবর্জ্জিতাঃ শাপভাগিনঃ ॥ ৬৬ ॥

কলৌ ত্রিংশৎসহস্রাব্দে পুনর্নষ্টা ভবন্তি তে। নিঃশেষতাং গতাঃ পশ্চাদদ্বৈতার্থানুচিন্তকাঃ ॥ ৬৭ ॥

সত্যধর্ম্মপরা ভূয়ো ভবিষ্যন্তি ন সংশয়ঃ। ইতি তস্মান্ন কর্ত্তব্যং লিঙ্গাদে র্ধারণং নরৈঃ ॥ ৬৮ ॥

যতো বাচো নিবর্ত্তন্তে অপ্রাপ্য মনসা সহ। ইতি সত্যাদিলক্ষ্যস্তোপাস্যগোচরতা মতা ॥ ৬৯ ॥

ততো ব্রহ্মাবতারস্য শিবস্তোপাসনং শ্রুতৌ। প্রোক্তং তস্য নিরাসো নো কর্ত্তুং কেনাপি শক্যতে ॥ ৭০ ॥

ভূতিরুদ্রাক্ষয়োশ্চাপি কর্ত্তব্যং ধারণং নরৈঃ। কিন্তু লিঙ্গাদিচিহ্নানাং ধারণে মানশূন্যতা ॥ ৭১ ॥

ততঃ প্রোবাচ ভক্তাগ্রগণ্যস্তং পরমং গুরুম্। অসমর্থাঃ পুরা দেবাস্ত্রিপুরাসুরনাশনে ॥ ৭২ ॥

ইষুং তে কল্পয়ামাসুরগ্নিবিষ্ণুবিচন্দ্রকৈঃ। আদাবগ্নিঃ শশী মধ্যে বিষ্ণুরন্তে প্রতিষ্ঠিতঃ ॥ ৭৩ ॥

ততো বিচারয়ামাসুঃ ক ইষুং ধারয়িষ্যতি। রুদ্রো ধারয়িতা কেচিৎ প্রোচুস্তত্র দিবৌকসঃ ॥ ৭৪ ॥

যতো রুদ্রস্য বহ্ন্যাদিতেজঃ সকলমেব হি। তস্য নেত্রেঽগ্নিচন্দ্রৌ স্তো বিষ্ণুস্তদ্দেহজঃ স্মৃতঃ ॥ ৭৫ ॥

সাত্ত্বিকাংশাৎ সমুদ্ভূতস্তস্মাদ্ভারো ন তস্য বৈ। ইতি দেবা-বিচার্য্যাশু প্রার্থয়ামাসুরীশ্বরম্ ॥ ৭৬ ॥

সোঽব্রবীদ্বরমিচ্ছামি দেবাঃ কমিতি চাব্রুবন্। সোবাচাহং পশূনাং বৈ প্রধানঃ স্যাং পতিঃ কিল ॥ ৭৭ ॥

উচুর্দ্দেবা বয়ং সর্ব্বে পশবঃ পদ্মজাদয়ঃ। ত্বমেকঃ পতিরস্মাকমিত্যুক্ত্বা তে সদাশিবম্ ॥ ৭৮ ॥

লিঙ্গশূলাদিচিহ্নানি ধারয়ামাসুরীশ্বরঃ। ততো জ্যাং বাসুকিং কৃত্বা মেরুং কৃত্বা ধনু র্ধরাম্ ॥ ৭৯ ॥

রথং চন্দ্র রবীচক্রে বেদানশ্বান্ বিধায় চ। ব্রহ্মাণং সারথিং কৃত্বা স্তূয়মানঃ শিবোঽমরৈঃ ॥ ৮০ ॥

জ্ঞান কর্ম্মের পথ হইতে ভ্রষ্ট, কাম ও ক্রোধাদি কর্ত্তৃক পীড়িত, দুরাত্মা, সত্য ধর্ম্ম বর্জিত ও শাপভাগী হইবে। ৬৫ । ৬৬। কলির তিন সহস্র বৎসর গত হইলে পুনর্ব্বার তাহারা নষ্ট হইবে। পশ্চাৎ অদ্বৈত মতের অর্থচিন্তক ব্রাহ্মণ সকল একেবারে নিঃশেষ হইবে। ৬৭। পুনর্ব্বার সত্য ধর্ম্ম পরায়ণ হইয়া যে তাহারা জন্ম গ্রহণ করিবে, ইহাতে আর সংশয় নাই। অতএব মনুষ্যগণ কখনই লিঙ্গাদি ধারণ করিবে না। ৬৮। "যাঁহাকে না পাইয়া মনের সহিত বাক্য সকল যে স্থান হইতে নিবৃত্ত হয়" ইত্যাদি বেদ বাক্যে সত্য পদার্থের লক্ষ্য পরমাত্মা যে উপাস্য নহে, তাহা কথিত হইয়াছে। ৬৯। অতএব ব্রহ্মাবতার শিবের উপাসনা বেদে উক্ত হইয়াছে। কেহই তাহার নিরাস করিতে পারে না। ৭০। মানবেরা বিভূতি ও রুদ্রাক্ষের ধারণ করিবে, কিন্তু লিঙ্গাদি চিহ্ন ধারণ করিবার কোন প্রমাণ নাই। ৭১।

অনন্তর ভক্তের অগ্রগণ্য একজন, পরমগুরু শঙ্করাচার্য্যকে বলিতে লাগিল। পুরাকালে দেবতাগণ ত্রিপুরাসুর বিনাশে অক্ষম হইয়া বিষ্ণু, অগ্নি ও চন্দ্র দ্বারা একটী বাণ সৃজন করেন। প্রথমে অগ্নি, মধ্যে চন্দ্র ও শেষে বিষ্ণু প্রতিষ্ঠিত ছিল। ৭২। ৭৩। তারার পর দেবতারা বিচার করিল, এ বাণ কে ধারণ করিবে? তন্মধ্যে কোন কোন দেবতা বলিলেন, রুদ্র বাণ ধারণ করিবেন। ৭৪। কারণ, বহ্নি প্রভৃতি সমস্ত তেজই রুদ্রের অংশ। অগ্নি ও চন্দ্র রুদ্রের দুইটী চক্ষু এবং বিষ্ণু তাঁহার দেহোৎপন্ন। ৭৫। রুদ্র সাত্ত্বিক অংশ হইতে উৎপন্ন হইয়াছেন। অতএব বাণ ধরিতে তাঁহার কোন ভারবোধ হইবেনা। দেবগণ এইরূপ বিচার করিয়া শীঘ্র মহাদেবের নিকট প্রার্থনা করিল। ৭৬। শিব বলিলেন, আমি একটী বর ইচ্ছাকরি। দেবগণ বলিল, কিবর ইচ্ছা করেন; মহাদেব বলিলেন-আমি যেন পশুদিগের প্রধান পতি হই। দেবগণ বলিল,-ব্রহ্মাদি সমস্ত দেবতা পশু এবং আপনি একমাত্র আমাদের পতি। এই বলিয়া দেবগণ লিঙ্গ শূলাদি চিহ্ন সকল ধারণ করিল। অনন্তর পরমেশ্বর শিব, বাসুকিকে জ্যা (ধনুকের ছিলে) সুমেরুকে ধনু, পৃথ্বিবীকে রথ, চন্দ্রসূর্য্যকে দুইচক্র, বেদ সকলকে অশ্ব, ও ব্রহ্মাকে সারথি করিয়া, অমরবৃন্দকর্ত্তৃক স্তুত হইয়া ঐ বাণদ্বারা দৈত্য সকল দগ্ধ করিয়াছিলেন।

বাণেন তেন তান্ দৈত্যান্ দদাহ পরমেশ্বরঃ। তস্মাল্লিঙ্গাদি চিহ্নানাং ধারণং যুক্তমেব হি। ৮১ ॥

দর্শনাচ্চ তথা লোকে সেব্যসেবকয়োর্মুনে। অস্মাভিঃ সেবকৈশ্চিহ্নং সেব্যস্য পরমেশিতুঃ। ৮২ ॥

অবশ্যমেব সংগ্রাহ্যমিত্যুক্তঃ প্রাহ তং গুরুঃ। মানহীনমিদং বাক্যং যতো দেবাদিষু কচিৎ। ৮৩ ॥

লিঙ্গাদের্ধারণং নৈব প্রসিদ্ধং কিন্তু তেষু বৈ। ভূত্যাদিধারণং কিঞ্চ কৈবল্যোপনিষদ্বচঃ। ৮৪ ॥

শ্রদ্ধাভক্তিধ্যানযোগাদবৈহীত্যেবং ব্রূতে নৈব শূলাদিচিহ্নং। জ্ঞানস্যাঙ্গং তেন মাস্ত্যেব তস্য জ্ঞানেপ্সূনাং ধারণং ভোঃ! কদাপি। ৮৫ ॥

নান্যঃ পন্থা বিদ্যতে কোঽপি মুক্ত্যা ইত্যাদ্যৈর্বৈর্বেদবাক্যেষু মুক্তোঃ। নান্যোবার্থো দেহসন্তাপনেন নিন্দা তস্য শ্রূয়মাণা হি শাস্ত্রে। ৮৬ ॥

লোকে রাজ্ঞশ্ছত্রচিহ্নং নরস্য দৃষ্টং শূলাদের্হি সন্ধারণং চেৎ। যুষ্মাকং কোঽপ্যাগ্রহস্তর্হি লৌহং স্বীকর্ত্তব্যং তেন তস্মার এব। ৮৭।

কিং চাস্য ভক্তেন ভুজাদিভূষণং সর্পাদিকং ধার্য্যমনন্যচেতসা। পরন্তু নৈতৎ খলু পূজ্যতে নরে সর্পভ্রমেণাপি ভয়েন কম্পিনি। ৮৮ ॥

তস্মাদিমাং পামরবুদ্ধিমাশু বিহায় চিহ্নঞ্চ সমর্প্য কর্ম। বেদোক্তমীশে পরজীবয়োশ্চৈক্যস্যানুসন্ধানমনন্যচিত্তঃ। ৮৯ ॥

কুর্ব্বন্নিঃবাধেন পরস্য তস্যাজ্ঞানস্য নাশেন ভবিষ্যসি ত্বম্। মুক্তো ন চান্যেন যথা কদাপীত্যুক্তঃ স আচার্য্যবরং প্রণম্য। ৯০।

চিহ্নানি সন্ত্যজ্য সপুত্রবান্ধবঃ শিষ্যো বভূবাদ্বয়বাদতৎপরঃ। তথৈব চান্যেঽপি গুরোঃ প্রসাদতো বভূবুরদ্বৈতপরাঃ সুখার্থিনঃ। ৯১ ॥

অনন্তশয়নং নাম প্রদেশং প্রাপ্তবাংস্ততঃ। দেবস্য দর্শনং কৃত্বা মাসমাস স তত্র বৈ। ৯২ ॥

অতএব লিঙ্গাদি চিহ্নধারণ অতিশয় আবশ্যক ৭৭।৭৮।৭৯।৮০।৮১। হেমুনির! জগতেও দেখাযায়যে, সেব্যসেবকের এক রূপচিহ্ন থাকে। অতএব আমরা সেবক হইয়া সেবনীয় পরমেশ্বরের চিহ্ন গ্রহণ করিব।

এইকথা শুনিয়া শঙ্করাচার্য্য বলিলেন। আপনাদের এবাক্যে কোন প্রমাণ নাই। যে হেতু দেবতাগণ যে কখন লিঙ্গাদি ধারণ করিয়াছিলেন তাহা অপ্রসিদ্ধ। কিন্তু তাঁহারা যে বিভূতি ও রুদ্রাক্ষ ধারণ করিতেন তাহা প্রসিদ্ধ। তদ্ব্যতীত কৈবল্য উপনিষদে এই রূপ লেখা আছে যে "শ্রদ্ধা, ভক্তি ও ধ্যান যোগে তাঁহাকে জানিতে পারা যায়। অতএব শূলাদি চিহ্ন কখন জ্ঞানের অঙ্গ নহে। এইকারণে জ্ঞানার্থী গণের বিভূত্যাদি ধারণ কখন কর্ত্তব্য নহে" ৮২।৮৩।৮৪।৮৫। "জ্ঞান ব্যতীত মুক্তির আর কোন পথ নাই" ইত্যাদি বেদবাক্যাবলি মোক্ষার্থীর দেহসন্তাপে কোন ফলোদয় হয়না, বরং ঐরূপকার্য্যে শাস্ত্রে নিন্দা প্রকাশ করা হইয়াছে। ৮৬। জগতে যদি কোন রাজাকে ছত্রচিহ্ন ত্যাগ করিয়া শূলাদি ধারণ করিতে দেখা যায়, তবে আপনাদেরও অবশ্য কোন বিশেষ আগ্রহ থাকাতে লৌহ গ্রহণ করা উচিত। কিন্তু শূলের লৌহ ধারণ করিলে তাহাতে অবশ্যই ভার হইবে। ৮৭। অপিচ যেব্যক্তি শিবের ভক্ত, সেব্যক্তি অনন্যমনে নিজহস্তে শিবচিহ্ন সর্প ধারণ করিবেক। পরন্তু সর্পভ্রমে ভয় হেতু যেমানব কম্পিত হয়, তাহাকে কেহ পূজা করেনা। ৮৮। অতএব এই পামর বুদ্ধি ও চিহ্নত্যাগ করিয়া বেদোক্ত কর্ম্ম সকল পরমাত্মাতে সমর্পণ করিয়া অনন্যমনে জীবাত্মা ও পরমাত্মার ঐক্য অনুসন্ধান কর। পরমাত্মবোধ হইলে এবং অজ্ঞান নাশ হইলে তুমি মুক্ত হইবে। অন্যআর কোন রূপে কখন তুমি মুক্ত হইতে পারিবেনা। এইকথা শুনিয়া আচার্য্যকে প্রণাম করিয়া পুত্রবান্ধবের সহিত চিহ্ন সকল ত্যাগ করিয়া অদ্বৈত মতে নিতান্ত রত হইয়া শিষ্য হইল। তদ্রূপ অন্যান্য সকলেই গুরুর প্রসাদে অদ্বৈত মতাবলম্বী হইয়া সুখী হইল ৮৯। ৯০। ৯১।

অনন্তর শঙ্করাচার্য্য অনন্তশয়ন নামক প্রদেশে গমন করিলেন। তথায় দেবতাকে দর্শন করিয়া তিনি এক মাস বাস করিয়া রহিলেন। ঐ স্থানে ভক্ত, ভাগবত, বৈষ্ণব, পাঞ্চরাত্রিক, বৈখানস ও কর্ম্মহীন ছয় প্রকার বৈষ্ণব ছিল। শঙ্কর তাহাদিগকে বলিলেন, তোমাদের লক্ষণ কি বল? প্রথমে ভক্তগণ শঙ্করকে বলিল, বাসুদেব তিনি পরমেশ্বর এবং সর্ব্বজ্ঞ।

ভক্তা ভাগবতাশ্চৈব বৈষ্ণবাঃ পাঞ্চরাত্রিণঃ। বৈখানসাঃ কর্ম্মহীনাঃ ষড়্‌বিধা বৈষ্ণবা মতাঃ। ৯৩ ॥

তানাহ শঙ্করাচার্য্যঃ কিং বো লক্ষণমুচ্যতাং। ভক্তাঃ প্রথমমাহুস্তং সর্ব্বজ্ঞো জগদীশ্বরঃ। ৯৪ ॥

বাসুদেবঃ স রামাদ্যানবতারান্ বিভর্ত্ত্যজঃ। তদুপাস্ত্যা বয়ং মুক্তাঃ প্রাপ্স্যামস্তৎসলোকতাম্। ৯৫ ॥

ইতি বুদ্ধ্যা বয়ং সর্ব্বে কৌণ্ডিন্যমুনিনা প্রভোঃ। প্রসাদিতস্ত বেবায়ামনন্তস্য সদা রতাঃ। ৯৬ ॥

আচারো দ্বিবিধোঽস্মাকং ক্রিয়াজ্ঞানবিভেদতঃ। কর্ম্মঠা ব্রহ্মগুপ্তাদ্যা বিষ্ণুশর্ম্মাদয়ো বয়ম্। ৯৭ ॥

জ্ঞানিনোঽত্রৈব তিষ্ঠাম ইত্যুক্তো জ্ঞানলক্ষণম্। পপ্রচ্ছ বিষ্ণুশর্ম্মাঽপ প্রাহ তেষু বিচক্ষণঃ। ৯৮ ॥

অনন্তভগবৎপাদকমলং শরণং পরম্। ইতি তূষ্ণীং স্থিতির্জ্ঞানং যতো নৈব তদাজ্ঞয়া। ৯৯ ॥

ত্রিণা তৃণাদিসঞ্চারো ভবতীত্যুক্ত আহ তম্। জন্মনা জায়তে শূদ্রঃ কর্ম্মণা জায়তে দ্বিজঃ। ১০০ ॥

নিত্যং সন্ধ্যামুপাসীত প্রত্যবায়স্তথা ভবেৎ। প্রাতরাদিষু কালেষু হ্যগ্নিহোত্রাদিকং বুধঃ। ১০১ ॥

কুর্ব্বন্ বৈ ব্রাহ্মণো বিদ্বান্ সকলং ভদ্রমশ্নুতে। ইত্যাদিশ্রুতিবাক্যানি নিত্যং কর্ম্ম স্তবন্তি হি। ১০২ ॥

অতঃ সর্ব্বৈঃ শ্রুতিপ্রোক্তং কর্ত্তব্যং কর্ম্ম সর্ব্বদা। বৈধস্য তস্য সংত্যাগাদ্ দুঃখভাগিতি মনুর্জগৌ। ১০৩ ॥

জীবন্ কর্ম্মপরিত্যাগং যঃ করোতি নরাধমঃ। স মূঢ়ো নরকং যাতি যাবদাভূতসংপ্লবম্। ১০৪।

যতীনামপি কর্ম্মাস্তি স্নানদেবার্চ্চনাদিকম্। ব্রাহ্মণ্যহানিরেবাতো ভ্রষ্টানাং স্বীয়কর্ম্মতঃ। ১০৫ ॥

অব্দৈঃ কতিপয়ৈরেবং স্থিতিরিত্যুক্ত আহ তম্। বিষ্ণুশর্ম্মা প্রভো! সপ্তমঃ পুরুষো ময়া সমঃ। ১০৬ ॥

কিঞ্চিৎকর্ম্মপরস্তস্য পিতাঽভূদিতি বৈ শ্রুতম্। বাল্যে মযেতি সংপ্রোক্তঃ প্রাহ দূরং ব্রজাঽধুনা। ১০৭ ॥

শ্রীরাম, কূর্ম্ম, মৎস্য ইত্যাদি অবতার ধারণ করেন। তাঁহার উপাসনা দ্বারা আমরা মুক্ত হইয়া তাঁহার পদ প্রাপ্ত হইব। ৯২। ৯৩। ৯৪। ৯৫। কৌণ্ডিন্য মুনি যাঁহাকে প্রসন্ন করিয়াছিলেন, আমরা সেই বুদ্ধিতে সেই অনন্ত প্রভুর সেবাতে একান্তরত হইয়াছি। ৯৬। আমাদের মত আবার দুই প্রকার। যথা—জ্ঞান ও কার্য্য। ব্রহ্মগুপ্ত প্রভৃতি কর্ম্মশীল—বিষ্ণুশর্ম্মা প্রভৃতি আমরা জ্ঞানকার্য্যের অনুশীলন করিয়া এই স্থানেই বাস করিয়া থাকি। এই কথা শুনিয়া শঙ্কর জ্ঞানের লক্ষণ জিজ্ঞাসা করিলেন। অনন্তর উঁহাদের মধ্যে পণ্ডিত বিষ্ণু শর্ম্মা বলিতে লাগিলেন। অনন্ত ভগবানের পাদকমল পরম শরণ, এই বুদ্ধি লইয়া মৌন ধারণ পূর্ব্বক অবস্থানের নাম জ্ঞান। কারণ, তাঁহার আজ্ঞা ব্যতীত একগাছি তৃণ পর্য্যন্তও সঞ্চরণ করিতে পারেনা। এই কথা শুনিয়া শঙ্কর তাঁহাকে বলিলেন, জন্ম দ্বারা শূদ্র হয় এবং কর্ম্ম দ্বারা দ্বিজ হয়। প্রত্যহ সন্ধ্যা উপাসনা করিবেক। না করিলে প্রত্যবায় হয়। প্রাতঃকালে মধ্যাহ্নকালে ও সন্ধ্যাকালে অগ্নিহোত্রাদি যাগ করিলে মানবে বুধ হয়, ব্রাহ্মণে করিলে বিদ্বান্ হয়, পরে সমস্ত শুভ ফললাভ করে। ইত্যাদি বেদবাক্য সকল নিত্য কর্ম্মকাণ্ডকে স্তব করিয়া থাকে। ৯৭। ৯৮। ৯৯। ১০০। ১০১। ১০২। অতএব সকলেরই সর্ব্বদা বেদোক্ত কর্ম্ম করা উচিত। মনু বলিয়াছেন, ঐ বৈধ কর্ম্ম না করিলে দুঃখ লাভ হয়। ১০৩। যে ব্যক্তি জীবিত থাকিয়া কর্ম্ম ত্যাগ করে, সেই মূঢ় ব্যক্তি প্রলয়কাল পর্য্যন্ত নরকে বাস করে। ১০৪। যতিদিগেরও স্নান ও অর্চ্চনা ইত্যাদি কর্ম্ম আছে। ঐ সকল যতি যদি কর্ম্ম হইতে ভ্রষ্ট হয়, তবে তাহার ব্রাহ্মণ্য ক্ষয় হয়। কতিপয় বৎসর এইরূপে অবস্থিতি করিতে হইবে।

এই কথা শুনিয়া বিষ্ণু শর্ম্মা শঙ্করকে বলিল। প্রভো! আমার তুল্য সপ্তম পুরুষ, ও আমার পিতা কিঞ্চিৎ কার্য্যের অনুষ্ঠান করিতেন, ইহা আমি বাল্যকালে শুনিয়াছি। এই কথার অবসানে শঙ্কর বলিলেন, তুমি এখনই দূর হও। এই কথা শুনিয়া বিষ্ণুশর্ম্মা অত্যন্ত দুঃখিত হইয়া আপনার সমীপস্থ সবদি-

এবমুক্তঃ সতু ক্লেশাপুরিতঃ সগণস্তদা। প্রণম্য দণ্ডবদ্ভূমৌ ক্ষমস্বেত্যাহ তং গুরুম্। ১০৮॥

দৃষ্ট্বা তং শরণং প্রাপ্তং প্রাহ শিষ্যান্ দয়ানিধিঃ। প্রায়শ্চিত্ত-বিধানার্থং তেঽপি কুর্য্যুস্তথৈব হি। ১০৯॥

প্রায়শ্চিত্তেন সংশুদ্ধা বিষ্ণুশর্ম্মাদয়োঽপি তে। কর্ম্মনিষ্ঠা-স্তমাচার্য্যং প্রোচুস্ত্বৎকৃপয়া প্রভো!। ১১০॥

ব্রাহ্মণ্যসিদ্ধিরস্মাকং জাতা মুক্তিঃ কথং ভবেৎ। ইত্যুক্ত আহ পরমো গুরুঃ করুণয়ান্বিতঃ। ১১১॥

ব্রাহ্মণাচারদেবাঃ স্মারীশো বিষ্ণুর্দিনেশ্বরঃ। উমা গণপতি শ্চৈব তেষাং পূজাপরা নরাঃ। ১১২॥

ব্রহ্মার্পণধিয়া কামাংস্ত্যক্ত্বা কর্ম্ম চরন্তি বৈ। এবং কৃতে নিত্যকর্ম্মণ্যমলে মনসি প্রভো!। ১১৩॥

জীবস্য চ ভিদাভাবো ভবত্যেব ন সংশয়ঃ। মূলাজ্ঞানস্য তৎ তস্মান্ নিবৃত্তির্জ্ঞানকারণম্। ১১৪॥

তেন ভগ্নে লিঙ্গদেহে মুক্তির্ভবতি নান্যথা। ইত্যাদিষ্টো বিষ্ণুশর্ম্মা দণ্ডবৎ প্রণিপত্য তম্। ১১৫॥

সগণঃ কারয়ামাস নিত্যং কর্ম্ম গুরুং স্মরন্। স্মার্ত্তাচারপরি-শ্রান্তঃ পঞ্চপূজাবিশারদঃ। ১১৬॥

ত্রিপুণ্ড্রং ভস্মনা কুর্ব্বন্ চন্দনেন চ সুব্রতঃ। স্নাত্বা মৃত্তিকয়া-চোর্দ্ধপুণ্ড্রংকুর্ব্বন্ প্রযত্নতঃ। ১১৭॥

এবং তেষু নিরতেষু ব্রহ্মগুপ্তাদয়স্ততঃ। সমাগত্য প্রণম্যো-চুঃ স্বামিন্! স্মার্ত্তেন বর্ত্মনা। ১১৮॥

কুর্ব্বন্তো বয়মাচার্য্য! কর্ম্মব্রহ্মার্পণং ধিয়া। কৃত্বা বয়ং বসা-মোঽত্রেত্যুক্তঃ স প্রাহ তান্ গুরুঃ। ১১৯॥

ইতঃ পরং পঞ্চপূজাতৎপরাঃ শুদ্ধমানসাঃ। ভেদবাসনয়া মুক্তা ভবন্তঃ স্বাত্মবোধতঃ। ১২০॥

লিঙ্গদেহেন নির্ম্মুক্তাঃ সচ্চিদানন্দমদ্বয়ম্। প্রাপ্নুবন্তীতি সংপ্রোক্তা নত্বা তং স্বস্থমানসাঃ। ১২১॥

বভূবুরথ তং প্রাহ সমাগত্য পরং গুরুম্। কশ্চিদ্ভাগবতো বিপ্রঃ স্বামিন্! শৃণু মতং মম। ১২২॥

ব্যাহারে তৎকালে ভূতলে দণ্ডবৎ প্রণাম করিয়া বলিল, আপনি আমাকে ক্ষমা করুন। ১০৫। ১০৬। ১০৭। ১০৮। তখন দয়ানিধি গুরুদেব বিষ্ণুশর্ম্মাকে শরণাগত দেখিয়া বলিলেন, তোমার পূর্ব্ব পুরুষগণও প্রায়শ্চিত্ত বিধানের জন্য ঐ রূপ কার্য্য করিতেন। ১০৯। ঐ সকল বিষ্ণুশর্ম্মা প্রভৃতি ব্রাহ্মণগণ প্রায়শ্চিত্ত দ্বারা শুদ্ধ হইয়া আচার্য্যকে বলিল, প্রভো! আপনার কৃপায় আমাদিগের মুক্তি কি রূপে হইবে?। তখন পরম গুরু শঙ্কর দয়ালু হইয়া বলিলেন, মহাদেব, বিষ্ণু, সূর্য্য, দুর্গা এবং গণপতি এই পাঁচ জন ব্রাহ্মণদিগের আচারের দেবতা। সকল মানবে ঐ সকল দেবতার পূজা পরায়ণ হইয়া ব্রহ্মপদার্থে সকল বস্তু অর্পণ করিবার মানসে নিষ্কাম হইয়া কর্ম্ম সকল অনুষ্ঠান করিবেক। এইরূপে নিত্য কর্ম্ম করিলে নির্ম্মল মনে নিঃসন্দেহ জীবের অভাব হইয়া থাকে। মূল অর্থাৎ আদি অজ্ঞানের তাহা হইতে নিবৃত্তি হইলেই জ্ঞান জন্মায়। ঐ জ্ঞান কারণ দ্বারা লিঙ্গদেহ ভগ্ন হইলেই মুক্তি হয়, আর কিছুতেই হইতে পারেনা। এইরূপে আদিষ্ট হইয়া বিষ্ণুশর্ম্মা তাঁহাকে দণ্ডবৎ প্রণিপাত করিয়া স্মৃতি শাস্ত্রোক্ত আচারে পরিশ্রান্ত হইয়া পঞ্চদেবের নিত্য পূজা করিতে লাগিল। ভস্ম এবং চন্দন দ্বারা ত্রিপুণ্ড্র (তিলক) করিতে লাগিল উত্তম ব্রত পরায়ণ হইল ও স্নানান্তে যত্ন সহকারে মৃত্তিকা দ্বারা উর্দ্ধতিলক চিহ্ন করিল। সঙ্গীগণ সমভিব্যাহারে এইরূপে গুরু স্মরণ পূর্ব্বক নিত্যকর্ম্মের অনুষ্ঠানে বিখ্যাত হইল। ১১০—১১৭।

অনন্তর তাহারা নিরস্ত হইল ব্রহ্মগুপ্ত প্রভৃতি আসিয়া প্রণাম করিয়া বলিল "প্রভো! আচার্য্য! আমরা স্মৃতি শাস্ত্রমতে (যে সকল কর্ম্ম পরমব্রহ্মে অর্পণ করিতে হয়) সেই সকল কর্ম্ম বুদ্ধি পূর্ব্বক এইস্থানে বাস করিয়া রহিয়াছি।" এই কথা শুনিয়া গুরু শঙ্কর তাহাদিকে বলিলেন "ইহার পর যাহারা পঞ্চদেবতার পূজায় তৎপর হইবে—যাহারা নির্ম্মলচিত্ত যাহাদের ভেদবুদ্ধি দূর হইয়াছে—যাহারা আত্মজ্ঞান হেতু লিঙ্গ দেহ হইতে চ্যুত হইয়াছে—এরূপ লোকে অদ্বিতীয় সচ্চিদানন্দ

সর্ব্ববেদেষু যৎপুণ্যং সর্ব্বতীর্থেষু যৎফলম্। তৎফলং নর আপ্নোতি স্তুত্বা দেবং জনার্দ্দনম্। ১২৩॥

ইত্যাদিবচনাদ্বিষ্ণোঃ কীর্ত্তনেঽহর্নিশং রতঃ। শঙ্খচক্রাদি সংচিহ্নৈঃ চিহ্নিতস্তুলসীগলঃ। ১২৪॥

ঊর্দ্ধপুণ্ড্রী বসাম্যত্র মুক্তির্ম্মম করে স্থিতা। ইত্যুক্ত আহ মা চক্রাদ্যঙ্কনস্ত বিনিন্দনাৎ। ১২৫॥

কিঞ্চ মূর্ত্তি র্ভগবতশ্চতুর্দ্ধা বর্ত্ততে শৃণু। পরৈকাকাশরূপা স্যাদ্ বচসামপ্যগোচরা। ১২৬॥

যতো বাচো নিবর্ত্তন্তে অপ্রাপ্য মনসা সহ। ইত্যাদিশ্রুতিবাক্যেভ্যো দ্বিতীয়া ব্যূহসংজ্ঞিকা। ১২৭॥

সর্ব্বলোকাত্মিকা তস্য বিষ্ণোশ্চিহ্নস্য ধারণম্। সমর্থশ্চেৎ কুরুষ্বাশু তপ্তেনৈকেন বা দৃঢ়ম্। ১২৮॥

শীর্ষাদিপাদপর্য্যন্তং দেহমঙ্কয় নাশতঃ। তস্য সেৎস্যতি তে বৈষ্ণবত্বং যদ্দুর্লভং নৃণাম্। ১২৯॥

বিভূতিমূর্ত্তয়স্তস্য মৎস্যাদ্যাঃ পরিকীর্ত্তিতাঃ। তপ্তলোহময়ীস্তি র্বৈ তাভিরঙ্কয় দেহকম্। ১৩০॥

কিমর্থং জড়শঙ্খাদেঃ কর্ত্তব্যং চিহ্নধারণম্। বিষ্ণুবল্লোহচক্রাদের্দ্ধারণং কুরু বা সদা। ১৩১॥

অর্চ্চা মূর্ত্তেঃ শিলাময্যাঃ স্বরূপেণাথ বাঙ্কয়। শরীরং মূঢ়! তস্মাত্তং কর্ত্তব্যং চিহ্নধারণম্। ১৩২॥

পাইয়া থাকে" এই কথা শুনিয়া তাহারা গুরুকে প্রণাম করিল এবং সুস্থচিত্ত হইল।

অনন্তর কোন এক ভাগবত বৈষ্ণব ব্রাহ্মণ তাঁহার নিকটে আসিয়া পরম গুরুকে বলিল। "প্রভো! আপনি আমার মত শ্রবণ করুন। সকল বেদে যত পুণ্য আছে, সকল তীর্থে যত ফল আছে, মনুষ্য এক বিষ্ণুকে স্তব করিলে সেই সকল ফল পাইয়া থাকে। ইত্যাদি শাস্ত্রীয় বচনে আমি বিষ্ণুর গুণকীর্ত্তনে অহরহ আসক্ত। শঙ্খচক্রাদি চিহ্ন দ্বারা সমস্ত দেহ চিহ্নিত করিয়াছি। গলদেশে তুলসীর মালা ধারণ করিয়াছি। ঊর্দ্ধদিকে তিলক কাটিয়া এইস্থানে বাস করিয়া থাকি। মুক্তি আমার করতলে জানিবেন।"

এই কথা শুনিয়া শঙ্কর বলিলেন "চক্রাদি চিহ্ন ধারণ করিলে কখনই মুক্তি হইতে পারেনা। অপিচ ভগবানের মূর্ত্তি চারি প্রকার শ্রবণ কর। "বাক্য সকল যাঁহাকে না পাইয়া মনের সহিত যে স্থান হইতে নিবৃত্ত হয়" এই সকল বেদবাক্য দ্বারা তিনি পর, তিনি এক, তিনি আকাশরূপী, বাক্যদ্বারাও তাঁহার মহিমা প্রকাশ করা যায় না। এই চারি প্রকার তাঁহার মূর্ত্তি। ব্যূহসংজ্ঞক দ্বিতীয় মূর্ত্তি। সর্ব্বলোকময়ী তৃতীয় মূর্ত্তি—চতুর্থ মূর্ত্তি চিহ্নধরেণ। যদি সমর্থ হইয়া থাক তবে শীঘ্র সেই বিষ্ণুর চিহ্ন সকল ধারণ কর। তুমি মস্তক হইতে চরণ পর্য্যন্ত সমস্ত দেহ ছয় চিহ্ন দ্বারা অথবা একমাত্র চিহ্ন দ্বারা চিহ্নিত কর। সেই চিহ্নরূপে উত্তপ্ত বিশিষ্ট দেহের নাশ হইলে (যাহা অপর মানবের একান্ত দুর্লভ) তোমার সেই বৈষ্ণবপদ লাভ হইবে।১২৮।১২৯। মৎস্য, কূর্ম্ম, বরাহ ইত্যাদি বিষ্ণুর ঐশ্বর্য্যের মূর্ত্তি বলিয়া উল্লিখিত হইয়াছে। তুমি উত্তপ্ত লৌহময় সেই সমস্ত বিভবমূর্ত্তি দ্বারা দেহ চিহ্নিত কর। কি নিমিত্ত জড় শঙ্খচক্রাদি দেহ দ্বারা ধারণ করিবে? অথবা বিষ্ণুর মতন সর্ব্বদা লৌহময় চক্রাদি ধারণ কর। হে মূঢ়! তুমি শিলাময়ী মূর্ত্তির অর্চনা কর, অথবা স্বরূপে আপনার দেহ চিহ্নিত কর। অতএব (বিষ্ণুর চিহ্ন ধারণ করিতে হইবে) এইরূপ পাষণ্ডবুদ্ধি ত্যাগ করিয়া আপনার কর্ম্ম সকল আশ্রয় কর। কর্ম্ম ফল সকল পরমেশ্বরে সমর্পণ কর। অনন্তর ঐ কর্ম্মদ্বারা শুদ্ধসত্ত্ব হইয়া এক অদ্বৈতমতাবলম্বী গুরু অবলম্বন কর। গুরুর উপদেশে তোমার কর্ম্মবন্ধ সকল নষ্ট হইয়া যাইবে এবং তুমিও মুক্ত হইবে। "মুক্তির নিমিত্ত অন্য আর কোন পথ নাই" এই কথা বেদে স্পষ্ট কথিত হইয়াছে। অতএব যাহারা মোক্ষার্থী, যাহারা নির্ম্মল চিত্ত তাহাদের (কিরূপে জ্ঞান হয়) এবিষয়ে যত্ন করা আবশ্যক।"

এই কথা শুনিয়া সেই ব্রাহ্মণ যতিবরকে সম্যক্ রূপে প্রণাম করিয়া বলিল—"অনেক পুণ্যে আপনার শ্রীচরণকমলের দর্শন হইয়াছে। অতএব আপনি আমাকে কৃতার্থ করুন।"

বিষ্ণোরিতি বিহায়াশু পাষণ্ডমতিমাশ্রয়। স্বকর্ম্মাণি ফলং তেষাং সমর্প্য পরেশ্বরে। ১৩৩ ॥

তেন শুদ্ধস্ততোঽদ্বৈতবাদিনং গুরুমাশ্রয়। তস্যোপদেশতো নষ্টকর্ম্মবন্ধো বিমোক্ষ্যসি। ১৩৪ ॥

নান্যঃ পন্থা বিদ্যতে মুক্তয়ে হীত্যুক্তশ্রুত্যা তেন বোধেহতিমন্নঃ। কার্য্যো মোক্ষাকাঙ্ক্ষিভিঃ শুদ্ধচিত্তৈরিত্যুক্তোঽসৌ বিপ্রদেবো যতীশম্। ১৩৫ ॥

সম্যঙ্‌নত্বা প্রাহ পুণ্যৈরনেকৈঃ স ত্বৎপাদাম্ভোজয়োর্দর্শনং মে। জাতং তস্মাদ্ মাং কৃতার্থং কুরুষ্বেবেবং তেন প্রার্থিতোঽসৌ বভাষে ॥ ১৩৬ ॥

ভো! বিপ্রদেবাশু বিহায় চিহ্নকর্ম্মাণি কুর্ব্বন্ খলু কামহীনঃ। ব্রহ্মাঽহমস্মীতি বিভাবয় ত্বং মুক্তো ভবিষ্যস্ত্ববোধতোঽদ্ধা ॥১৩৭॥

পুনরন্যো গুরুং প্রাহ শার্ঙ্গপাণিরিতি শ্রুতঃ। নমো নারায়ণায়েতি মন্ত্রমুচ্চারয়ন্ পুনঃ ॥ ১৩৮ ॥

তপ্ত মুদ্রাদিকৈঃ শঙ্খচক্রকাদ্যৈঃ সুচিহ্নিতঃ। সংসারবন্ধনান্মুক্তো বৈকুণ্ঠং বৈষ্ণবোত্তমঃ ॥ ১৩৯ ॥

গমিষ্যামি ততস্তত্র তথাভূতা বসন্তি তৎ। চিহ্নস্য ধারণে মানং পুরাণং শৃণু ভো মুনে! ॥ ১৪০ ॥

যে বাহুমূলপরিচিহ্নিতশঙ্খচক্রা যে কণ্ঠলগ্নতুলসীনলিনাক্ষমালাঃ। যে বামলাটফলকে লসদূর্দ্ধ্বপুণ্ড্রাস্তে বৈষ্ণবা ভুবনমাশু পবিত্রয়ন্তি ॥ ১৪১ ॥

ইত্যুক্ত আচার্য্য উবাচ নৈবং শ্রুতেরভাবাৎ কথনীয়মত্র। অতপ্তদেহো ন সমশ্নুতে হয়ং বিমোক্ষমেষা শ্রুতিরস্তি মানম্ ॥ ১৪২ ॥

নৈবং যতঃ পাতকধ্বংসনার্থং মহত্তপঃ কৃচ্ছ্রমুখং স্বকর্ম্ম। যদ্বাথবা ধ্যানমধীশ্বরস্য প্রোক্তং শ্রুতৌ চিহ্নমতো ন কার্য্যম্ ॥ ১৪৩ ॥

ব্রাহ্মণের এইরূপ প্রার্থনাবাক্য শুনিয়া শঙ্কর বলিলেন—"হে ব্রাহ্মণবর। তুমি শীঘ্র চিহ্ন পরিত্যাগ করিয়া নিষ্কামমনে কর্ম্ম কর। "আমি ব্রহ্ম" এইরূপ চিন্তা করিতে থাক, তাহা হইলে জ্ঞান যোগে তুমি শীঘ্র মুক্তিলাভ করিতে পারিবে।"

তখন অন্য এক জন শার্ঙ্গপাণি নামক বৈষ্ণব আসিয়া এবং "নমো নারায়ণায়" এই কথা বারম্বার উচ্চারণ করিতে করিতে গুরুবর শঙ্করকে বলিল "আমি বিষ্ণুর মুদ্রাদি এবং শঙ্খচক্রাদি চিহ্ন দ্বারা সুচিহ্নিত হইয়াছি। আমি এক জন পরম বৈষ্ণব। অতএব ভববন্ধন হইতে মুক্ত হইয়া অন্তে বৈকুণ্ঠে গমন করিব। কারণ আমার মতন অনেক বৈষ্ণব তথায় বসতি করিয়া থাকেন।" অতএব হে মুনিবর! চিহ্ন ধারণ বিষয়ে যে পুরাণ প্রমাণ আছে তাহা আপনি শ্রবণ করুন। "যে সকল মানব বাহুমূলে শঙ্খচক্র চিহ্ন ধারণ করে, যাহারা গলদেশে তুলসী, পদ্ম এবং অক্ষমালা ধারণ করে, যাহাদের ললাটদেশে ঊর্দ্ধভাগে তিলক শোভা পায়, সেই সকল বৈষ্ণবেরা শীঘ্র ত্রিভুবন পবিত্র করিয়া থাকেন।"

এই কথা শুনিয়া আচার্য্য বলিলেন "এবিষয়ে বেদের কোন প্রমাণ নাই বলিয়া কখন এরূপ কথা বলিওনা। যে ব্যক্তি দেহ তাপিত করে নাই, সে ব্যক্তি যে মোক্ষলাভ করিতে একান্ত অপারগ, এবিষয়ে বেদ প্রমাণ আছে। তুমি যাহা বলিয়াছ তাহা হইতেই পারেনা। যেহেতু পাপ ধ্বংসের নিমিত্ত বেদে কেবল কষ্টদায়ক তপস্যা প্রভৃতি মহৎ স্বস্ব কর্ম্ম এবং প্রভুর ধ্যান মাত্র কথিত হইয়াছে। অতএব কিছুতেই চিহ্ন ধারণ করা কর্ত্তব্য নহে। "যিনি ব্রহ্মজ্ঞানী, তিনি কেবল মোক্ষ ভোগ করেন" ইত্যাদি বেদবাক্য দ্বারা মোক্ষের কারণ কেবল জ্ঞান। "পুণ্য ক্ষয় হইলে পুনরায় মর্ত্ত্যলোকে প্রবেশ করিতে হয়" ইত্যাদি বেদবাক্য দ্বারা জ্ঞান ভিন্ন অন্য যত কিছু কর্ম্ম করিবে তাহাতেই আবার সংসার লাভ হয়। বৃহন্নারদীয় প্রভৃতি পুরাণেতে যত্ন পূর্ব্বক তপ্ত শঙ্খচক্রাদি ধারণের নিষেধ দেখা যায়। (চিহ্ন সকল ধারণ করিয়া আমি হরির সমান হইব) এসমস্ত কেবল মনে ২ রাজ্য ভোগ মাত্র। শূদ্র যেমন শিখা যজ্ঞোপবীতাদি ধারণ করিলেও ব্রাহ্মণ হয়না, তদ্রূপ এখানেও

ব্রহ্মজ্ঞো যঃ সোঽহমুক্তে মোক্ষমিত্যাদের্বাক্যায়োক্তস্য হেতুর্বিবোধঃ। ক্ষীণে পুণ্যে মর্ত্ত্যলোকে বিশন্তীত্যাদে বাক্যাদমুতঃ পুনঃস্থিতিঃ স্যাৎ ॥ ১৪৪ ॥

পুরাণেষু বৃহন্নারদীয়াদিষু নিষেধনম্। দৃশ্যতে তপ্তশঙ্খাদের্ধারণস্য প্রযত্নতঃ ॥ ১৪৫ ॥

চিহ্নানাং ধারণেনাঽহং ভবিষ্যামি হরেঃ সমঃ। ইত্যেতত্তু অযোরাজ্যমাত্রং শূদ্রো যথা নহি ॥ ১৪৬ ॥

শিখাযজ্ঞোপবীতাদিধারণাদেব স দ্বিজঃ। ব্রহ্মাত্মবোধতত্ত্বমাত্তৎপ্রাপ্তিঃ শ্রুতিমানতঃ ॥ ১৪৭ ॥

তস্মাৎ ব্রহ্মাহমিত্যেবং চিন্তনং সর্ব্বদা কুরু। তেন নষ্টে ভিদাগন্ধে জীব এব পরঃ শিবঃ ॥ ১৪৮ ॥

শিবঃ শিবোঽহমস্মীতিবাদিনং যঞ্চ কঞ্চন। স্বাত্মনা সহ তাদাত্ম্যভাগিনং কুরুতে ভৃশম্ ॥ ১৪৯ ॥

ইত্যুক্তং শিবগীতাস্বিত্যুক্তো বৈষ্ণব আহ তম্। নমস্কৃত্য কৃতার্থোঽহং স্বামিং স্তদুপদেশতঃ ॥ ১৫০ ॥

অধুনাঽদ্বৈতনিষ্ঠোঽহং ভবিষ্যামীতি সোঽব্রবীৎ। ননাম দণ্ডবদ্ভূমৌ তং প্রাহ গুরুসত্তমঃ ॥ ১৫১ ॥

মুক্তো ভবেতি সোঽপ্যুক্তঃ স্মার্ত্তাচারেষু তৎপরঃ। পঞ্চপূজারতোনিত্যং স্বদেশস্থান্ জনানপি ॥ ১৫২ ॥

তথাকরোত্ততঃ পাঞ্চরাত্রাগমসুদীক্ষিতঃ। আহ ভগবৎপ্রতিষ্ঠাদিমূলভূতোঽস্মদাগমঃ ॥ ১৫৩ ॥

তস্মাদ্গতেঽয়মাচারো বিপ্রৈঃ কার্য্যোঽখিলৈরপি। ইত্যুক্তঃ শ্রীগুরুঃ প্রাহ যদি বেদাবিরুদ্ধতা ॥ ১৫৪ ॥

অস্ত্যাগমে তদা তস্যাচারো গ্রাহ্যো ন চান্যথা। অন্যমন্ত্রাগ্রহে তত্র বৈষ্ণবত্বং প্রকীর্ত্তিতম্ ॥ ১৫৫ ॥

গায়ত্র্যা উপদেশস্তু ব্রাহ্মণ্যায়াস্তি সর্ব্বদা। এবং চ বৈষ্ণবত্বস্য ভঙ্গ এব সমাগতঃ ॥ ১৫৬ ॥

তদভাবে ন বিপ্রত্বং বিষ্ণুমন্ত্রশতৈরপি। বৈষ্ণবত্বং কুতোঽস্ত্যস্যাঃ সত্ত্বে ননু হরেরিয়ম্ ॥ ১৫৭ ॥

শক্তিঃ শঙ্খাদিবস্তুস্য শ্রবণাদিতি চেত্তদা। রুদ্রস্য শক্তিরেবাস্তু চন্দ্রশেখরতাদিকম্ ॥ ১৫৮ ॥

শ্রূয়তেঽস্যা যতঃ পঞ্চমুখত্বাদ্যং চ দেহগম্। অস্তু বা সর্ব্বসংপূজ্যা শুভদা পরমেশ্বরী ॥ ১৫৯ ॥

ঐরূপ আমি। অতএব ব্রহ্মাত্মবোধ হইলেই মোক্ষ পদ প্রাপ্তি হইয়া থাকে। অতএব বেদ প্রমাণে "আমি ব্রহ্ম" এই রূপ সর্ব্বদা চিন্তা কর। ঐরূপ চিন্তা দ্বারা ভেদ বুদ্ধি নষ্ট হইয়া যাইলে যে জীব সেই শিব। "আমি শিব আমি শিব যে ব্যক্তি এই কথা সর্ব্বদা বলিয়া থাকে, তখন সে ব্যক্তি আত্মার সহিত তাহাকে একাত্মা করিতে সক্ষম। এই সমস্ত কথা শিবগীতাতে উত্তমরূপে উল্লিখিত হইয়াছে।

এই কথা শুনিয়া বৈষ্ণব তাঁহাকে নমস্কার করিয়া বলিল—"প্রভো! আমি আপনার উপদেশে কৃতার্থ হইলাম। সম্প্রতি আমি অদ্বৈত মতে সাতিশয় যত্নবান্ হইব।" এই কথা বলিয়া ভূতলে দণ্ডবৎ প্রণাম করিল। গুরুবর তাহাকে বলিল "তুমি মুক্ত হও"। গুরুর এই কথা শুনিয়া সর্ব্বদা পঞ্চ দেবতার পূজা করিতে লাগিল এবং স্বদেশীয় সকল মানবকেই অদ্বৈতমতাবলম্বী করিল। ১৩০—১৫২।

অনন্তর পাঞ্চরাত্র শাস্ত্রে দীক্ষিত এক জন আসিয়া বলিল, আমাদের শাস্ত্র ভগবানের প্রতিষ্ঠা প্রভৃতির মূলীভূত। অতএব হে যতিবর! সমস্ত ব্রাহ্মণের আমাদের শাস্ত্রোক্ত আচার অবলম্বন করা আবশ্যক। এই কথা শুনিয়া শঙ্কর বলিলেন "যদি তোমাদের আগমে বেদের সহিত কোন না বিরোধ ঘটে, তবে অবশ্যই তোমাদের আচার গ্রাহ্য। বেদ বিরুদ্ধ হইলে কিছুতেই তোমাদের আচার গ্রাহ্য হইতে পারেনা। যদি তোমাদের শাস্ত্রে অন্য মন্ত্রের ভাব গ্রহণ না হয়, তবে বৈষ্ণবত্ব হইতে পারে। ব্রাহ্মণত্ব রক্ষার জন্য গায়ত্রীর উপদেশ সর্ব্ব প্রকারে হইয়া থাকে। তাহা হইলে বৈষ্ণবত্ব কি রূপে সম্ভাবিত?। বস্তুতঃ ব্রাহ্মণত্বের উপদেশ থাকাতে বৈষ্ণবত্ব হইতেই পারেনা। ব্রাহ্মণত্বের অভাব হইলে বিপ্রত্ব হয়না। শত শত বিষ্ণুমন্ত্র

ননু সূর্য্যে স্থিতত্বাত্তাং প্রাধান্যন্তেজসো যতঃ। নিরূপ্যতে ততো বিষ্ণোঃ শক্তিরেব যতো হরিঃ ॥ ১৬০ ॥

ভানুমণ্ডলবর্ত্তীতি বর্ণ্যতে তত্র তত্র হ। পঞ্চাস্যতাপি নো তস্মিন্ বহুরূপে বিরুধ্যতে ॥ ১৬১ ॥

ইতিচেন্ন যতস্তস্যাঃ সমুৎপত্তি র্নিরূপিতা। ব্যাহৃতিভ্যঃ কিলাসাস্থ প্রণবাৎ সা মহেশ্বরাৎ ॥ ১৬২ ॥

অস্য প্রোক্তাঽত এতস্য শক্তি র্নান্যস্য কস্যচিৎ। নারায়ণঃ শ্রুতৌ প্রোক্তঃ স্বরকর্ত্তা মহেশ্বরঃ ॥ ১৬৩ ॥

যো বেদাদৌ স্বরঃ প্রোক্তো বেদান্তে চ প্রতিষ্ঠিতঃ। তস্য প্রকৃতিলীনস্য যঃ পরঃ স মহেশ্বরঃ ॥ ১৬৪ ॥

অষ্টমূর্ত্তিমহেশস্য মূর্ত্তিরাদিত্য ঈরিতঃ। তস্মাত্তস্যৈব শক্তিঃ সা পঞ্চচক্রাদিসংযুতা ॥ ১৬৫ ॥

বৈষ্ণবেন ত্বযৈবয়ো শিবমূর্ত্তি র্বিভাবসুঃ। সেব্যাঽতো ব্রাহ্মণত্বস্য হানিরেব তবাগতা ॥ ১৬৬ ॥

তদভাবোঽস্তু কা হানি র্বৈষ্ণবোঽস্মীতি চেত্তদা। ভ্রষ্টোঽসি ভাষণাযোগ্যো জীবন্নেব মৃতোঽসি ভোঃ! ॥ ১৬৭ ॥

ততস্তু মাধবঃ কশ্চিদ্বৈষ্ণবঃ প্রাহ তং গুরুম্। তপ্তশঙ্খাদিকং ধার্য্য লোকং প্রাপ্নোতি বৈষ্ণবম্ ॥ ১৬৮ ॥

পাঞ্চরাত্রাগমে প্রোক্তমিত্যেবং তস্য মানতা। অনুক্ত্যা-নাশমায়াতীত্যুক্তঃ প্রাহ পরো গুরুঃ ॥ ১৬৯ ॥

আগমাদ্যুক্তআচারো গ্রাহ্যো বেদানুকূলতঃ। বিরোধে তস্য ন গ্রাহ্য উক্তং চেদং স্ফুটং কিল ॥ ১৭০ ॥

অতীন্দ্রিয়ার্থবিজ্ঞানে প্রমাণং শ্রুতিরেব হি। শ্রুত্যাচার-মৃতে হ্যগ্রাহ্যসাগমানাং প্রসজ্যতে ॥ ১৭১ ॥

অতো বেদবিরুদ্ধং যত্র ন মানং কদাচন। অতো ব্রাহ্মণ্য-সিদ্ধ্যর্থং স্বকর্ম্মনিরতো ভব ॥ ১৭২ ॥

তেন সম্যগ্বিশুদ্ধঃ সন্ তত্ত্বজ্ঞানমবাপ্স্যসি। মুক্তিস্তস্মাৎ-চাস্মাদত্রার্থে ত্বং শ্রুতিং শৃণু ॥ ১৭৩ ॥

সর্ব্বভূতেষু চাত্মানং সর্ব্বভূতানি চাত্মনি। সংপশ্যন্ ব্রহ্ম-পরমং যাতি নান্যেন হেতুনা ॥ ১৭৪ ॥

দ্বারাও ব্রাহ্মণত্ব ঘটেনা। অতএব গায়ত্রী থাকিলে কিরূপে বৈষ্ণবত্ব ঘটিবে?; "শঙ্খচক্রাদি বিশিষ্ট হরির কথা শাস্ত্রে আছে অতএব ইহা হরির শক্তি" এরূপ স্বীকার করিলে চন্দ্র-শেখরত্ব প্রভৃতি রুদ্রের শক্তি হউক। কারণ, এইরূপ শোনা যায় যে, দেহস্থিত পঞ্চমুখত্বই রুদ্রশক্তি অথবা সকলের পূজ্য শুভদায়িনী রুদ্রশক্তি হউক। কিন্তু হে ব্রাহ্মণ! সূর্য্যে যে তেজ আছে, রুদ্রশক্তিতে ঐ তেজের প্রাধান্য নিরূ-পিত হয়। সুতরাং সে তেজও বিষ্ণুর শক্তি। যেহেতু সকল শাস্ত্রে হরি, সূর্য্যমণ্ডলবর্ত্তী বলিয়া বর্ণিত হইয়া থাকে। "বহুরূপী পদার্থে পঞ্চমুখত্ব বিরুদ্ধ নহে" একথাও বলা যাইতে পারে না। কারণ, ভূর্ভুবঃ স্বঃ ইত্যাদি ব্যাহৃতি হইতে সেই শক্তির উৎপত্তি নির্ণিত হইয়াছে। ঐ ব্যাহৃতি সমুদয়ের মধ্যস্থিত প্রণব হইতে ঐ শক্তি এবং মহেশ্বর হইতে বিষ্ণুর শক্তি উৎপন্ন হইয়াছে। অতএব এ শক্তি কেবল মহেশ্বরের —অন্য আর কাহারও নহে। বেদে স্বরককর্ত্তা মহেশ্বর, নারা-য়ণ বলিয়া উক্ত হইয়াছেন,। বেদাদিতে যে স্বর উক্ত হই-য়াছে, বেদান্তে যে স্বর প্রতিষ্ঠা লাভ করিয়াছে, প্রকৃতিলীন এই স্বরের যে পরগামী তাহার নাম মহেশ্বর। অষ্টমূর্ত্তিধারী মহাদেবের 'সূর্য্য' একটি মূর্ত্তি। রুদ্রের পঞ্চমুখত্ব প্রভৃতি যুক্তিযুক্ত শক্তি সকল ঐ আদিত্য হইতে উৎপন্ন। তুমি বৈষ্ণব তুমি কখন মহাদেবের আদিত্যমূর্ত্তি সেবা করিও না। সেবা করিলে তোমার ব্রাহ্মণত্বের হানি উপস্থিত হইবে। "ব্রাহ্মণ-ত্বের হানি হউক তাহাতেই বা ক্ষতি কি? আমি একজন বৈষ্ণব" এই কথা বলিলে মুনিবর, তুমি একজন ভ্রষ্ট। কথা কহিবার অযোগ্যপাত্র এবং তুমি বাঁচিয়া থাকিয়াও তুমি মরিয়া রহিয়াছ।"

অনন্তর মাধব নামে একজন বৈষ্ণব আসিয়া শঙ্কর গুরুকে বলিল "পাঞ্চরাত্র আগমে (আমাদের বৈষ্ণব শাস্ত্রে) কথিত হইয়াছে যে, তপ্ত শঙ্খাদি ধারণ করিয়া লোকে বৈষ্ণব লোক পাইয়া থাকে। এই রূপে পাঞ্চরাত্র শাস্ত্রের প্রামাণ্য সিদ্ধ হয়।

তস্মাৎ পাষণ্ডচিহ্নানি বিহায়াঽদ্বৈতনিষ্ঠতা। সম্পাদ্যা মোক্ষসিদ্ধ্যর্থমিত্যুক্তঃ স চ মাধবঃ ॥ ১৭৫ ॥

স্বকুলগ্রামদেশস্থৈঃ সহাঽদ্বৈতপরঃ সদা। সন্ধ্যাগ্নিহোত্রমুখ্যানি কুর্ব্বন্ কর্ম্মাণি শুদ্ধতাম্ ॥ ১৭৬ ॥

প্রাপ শ্রীশঙ্করাচার্য্যপ্রসাদাত্তত আগতঃ। বৈখানসমতাচারো ব্যাসদাস ইতি শ্রুতঃ ॥ ১৭৭ ॥

উবাচ ভো যতে! ব্রহ্মাপি মৎপক্ষনিবারণে। ন সমর্থো যতো দেবঃ পরো নারায়ণো মম ॥ ১৭৮ ॥

তদ্বিষ্ণোঃ পরমং ধামেত্যাদিবেদেন বোধিতা। নারায়ণপদস্যৈব শ্রেষ্ঠতা মুনিসত্তম! ॥ ১৭৯ ॥

তথা নারায়ণাদ্ ব্রহ্মা জায়তে রুদ্র এব চ। ইত্যাদিশ্রুতিভিস্তস্য কারণত্বমুদীরিতম্ ॥ ১৮০ ॥

তস্মাৎ সেব্যঃ সদৈবায়মন্তর্যামী পরেশ্বরঃ। লক্ষণং তস্য ভক্তস্য প্রোক্তং বৈখানসে মতে ॥ ১৮১ ॥

শঙ্খচক্রপবিত্রাঙ্গ ঊর্দ্ধ্বপুণ্ড্র ইতি প্রভো!। ইত্যুক্তঃ প্রাহ বিষ্ণুস্তু পালকো বাথ ব্রহ্ম বা ॥ ১৮২ ॥

অস্তু তত্র বিবাদঃ কঃ পদস্য বৃদ্ধিবর্জ্জিতম্। লভ্যতে তত্ত্ববোধেন নৈব ত্বন্যেন হেতুনা ॥ ১৮৩ ॥

যদি ত্বং বিষ্ণুভক্তোঽসি তদা তৎপ্রীতয়ে কুরু। কর্ম্ম নৈব তু তৎসাম্যং চক্রাদীনাং বিধারণম্ ॥ ১৮৪ ॥

তাহা না করিয়া আপনার বাক্য শুনিলে সেই শাস্ত্রের নাশ হইয়া যায়।" এই কথা শুনিয়া পরমগুরু শঙ্কর বলিতে লাগিলেন "বেদের অনুকূল আগমোক্ত আচারাদি অবশ্য গ্রাহ্য। বেদের বিরোধ ঘটাইয়া যদি অপর শাস্ত্রের আচার গ্রহণ করিতে হয়, তাহা বেদবিরুদ্ধ ও অগ্রাহ্য। একথা আমি পূর্ব্বে স্পষ্টরূপে বলিয়াছি জানিবে। ১৫৩-১৭০। অতীন্দ্রিয় বস্তুর জ্ঞান করিতে হইলে বেদই প্রমাণ বলিয়া উক্ত হইয়াছে। বেদোক্ত আচার ব্যতীত অন্যান্য শাস্ত্রের আচারাদি সমুদায় অগ্রাহ্য জানিবে। অতএব যে সমুদায় বেদবিরুদ্ধ, তৎসমুদয় কখনই প্রামাণিক নহে। অতএব ব্রাহ্মণত্ব সিদ্ধির নিমিত্ত স্বকর্ম্ম পরায়ণ হও। স্বকর্ম্ম দ্বারা সম্যক্‌রূপে নির্ম্মলচিত্ত হইয়া তত্ত্বজ্ঞান লাভ করিবে। সেই তত্ত্বজ্ঞান হইতে মুক্তি হয়, আর কিছুতেই মুক্তি হয়না। এ বিষয়ে তুমি বেদ শ্রবণ কর। "সকল ভূতে আত্ম দর্শন এবং আত্মাতে সকল ভূত দর্শন করিয়া পরমব্রহ্ম লাভ হইয়া থাকে, অন্য আর কোন কারণে হইতে পারেনা।" অতএব মোক্ষ সিদ্ধির নিমিত্ত পাষণ্ড চিহ্ন সকল পরিত্যাগ করিলে অদ্বৈতনিষ্ঠা হইয়া থাকে" এই কথা শুনিয়া মাধব, আপনার কুল, গ্রাম ও দেশস্থ লোকদিগের সহিত অদ্বৈতমতাবলম্বী হইয়া সর্ব্বদা সন্ধ্যা, অগ্নিহোত্র যাগ প্রভৃতি বৈদিক কর্ম্ম সকল করিয়া শ্রীশঙ্করাচার্য্যের প্রসাদে শুদ্ধতা লাভ করিল।

অনন্তর ব্যাসদাস নামে একজন বিখ্যাত লোক বৈখানসমতের আচারাদি গ্রহণ করিয়া তথায় উপস্থিত হইয়া বলিল— "হে যতিবর! ব্রহ্মাও আমার পক্ষ নিবারণ করিতে সমর্থ নহে। নারায়ণ আমার পরম দেবতা। "তদ্বিষ্ণোঃ পরমং পদং" ইত্যাদি বেদমন্ত্র দ্বারা নারায়ণ পদের শ্রেষ্ঠতা কথিত হইয়াছে। হেমুনিবর! নারায়ণ হইতে ব্রহ্মা এবং রুদ্র জন্ম গ্রহণ করিয়াছে এবং এই সমস্ত শ্রুতি দ্বারা নারায়ণ সমস্ত বস্তুর কারণ বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছেন। অতএব অন্তর্যামী পরমেশ্বরকে সর্ব্বদা সেবা করা উচিত। বৈখানসমতে সেই ভক্তের লক্ষণ কথিত হইয়াছে। হে প্রভো! শঙ্খচক্র দ্বারা তিনি পবিত্রদেহ এবং তিনি ঊর্দ্ধপুণ্ড্র হইবেন। এইকথা শুনিয়া শঙ্কর বলিলেন বিষ্ণু পালক হউন অথবা ব্রহ্ম পালক হউন, তাহাতে আর বিবাদ কি?। তত্ত্বজ্ঞান হইলে যে পদলাভ করা যায়, তাহার আর ক্ষয় বৃদ্ধি নাই। কিন্তু অন্য কোন কারণে ঐ পদ লাভ হয়না। যদি তুমি বিষ্ণুভক্ত হইয়া থাক, তাহা হইলে তাঁহার প্রীতিবর্দ্ধনের নিমিত্ত কর্ম্ম কর। চক্রাদি ধারণ করিলে কিছুতেই কর্ম্মের সমান ফল হয়না। প্রমাণের অভাববশতঃ বেদ বিরুদ্ধ আগমশাস্ত্রে কোন প্রমাণ হয়না। বরং সর্ব্বপ্রকারে ব্রাহ্মণ্যের নাশ হইয়াথাকে।" এই কথা শুনিয়া ব্যাসদাস তাঁহাকে বলিল "হে মুনিবর! পূর্ব্বযুগে দত্তাত্রেয় নামে একজন পরম যোগী পঞ্চমুদ্রা ধারণ করিয়া বাস করি-

প্রমাণাভাবতো বেদবিরুদ্ধে নৈব মানতা। আগমে বিপ্রতানাশো নোচেৎ স্যাদেব সর্ব্বথা ॥ ১৮৫ ॥

ইত্যুক্ত আহ তং ব্যাসদাসঃ পূর্ব্বযুগে মুনে!। দত্তাত্রেয়ঃ পরো যোগী পঞ্চমুদ্রাবিমুদ্রিতঃ ॥ ১৮৬ ॥

আসীত্তস্মান্ মহদ্ভিঃ স্বীকৃতো মার্গো মুমুক্ষুভিঃ। গ্রাহ্যঃ কিঞ্চ পুরাণেষু চক্রাদে র্ধারণং শ্রুতম্ ॥ ১৮৭ ॥

অন্যথা বৈষ্ণবত্বস্য হানিরেব সমাপতেৎ। তস্মাদ্ভগবতশ্চিহ্নং ধার্য্যমিত্যুদিতো গুরুঃ ॥ ১৮৮ ॥

উবাচ ভো! বিবেকস্তে কিমু বাচ্যোঽতিবালকাঃ। অপি জানন্তি মুদ্রাভিরঙ্কনে ন প্রয়োজনম্ ॥ ১৮৯ ॥

দত্তাত্রেয়স্য নৈবাস্তি যোগিনস্তত্ত্বদর্শিনঃ। মুদ্রয়াঽঙ্কিতদেহো দত্তাত্রেয়োঽস্তীতি কেনচিৎ ॥ ১৯০ ॥

শ্রুতং নৈব ততো মূঢ়বুদ্ধিং ত্যক্ত্বা সুখীভব। পুরাণেষু শ্রুতং চিহ্নধারণং স্থিতি নোচিতম্ ॥ ১৯১ ॥

প্রহ্লাদস্য বিভীষণস্য গজরাজস্য ধ্রুবস্যানিলের্দ্রৌপদ্যা ব্রজবাসিনাঞ্চ খলু কশ্চক্রাঙ্কনং য়েঽকরোৎ। তস্মান্মূঢ়মতিং বিহায় সকলং পাষণ্ডচিহ্নং ত্যজ ব্রহ্মাস্মীতি বিভাবনেন সুসুখং গচ্ছাশু মোক্ষং পদম্। ১৯২ ॥

অবশ্যং চেৎত্বয়া কার্য্যং চিহ্নানাং ধারণং তদা। কপোলয়োর্গলে চৈব শেষেণ গরুড়েন চ। ১৯৩ ॥

অঙ্কনং কুরু কর্ম্মেন্দ্রিয়প্রধানে ভুজদ্বয়ে। কপোলদ্বিতয়ে চৈব জ্ঞানেন্দ্রিয়সমীপগে। ১৯৪ ॥

চিহ্নিতে পশুবদ্ধর্ত্তুং যোগ্যো ভব বিবন্ধনঃ। তথাচৈবংবিধস্যাত্র বৈষ্ণবস্য স্বকর্ম্মণ্য। ১৯৫ ॥

হীনস্য শুভ্রবস্ত্রাণাং ধারণন্ত্ববশিষ্যতে। ন তু কর্ম্মাগ্নিহোত্রাদীত্যুক্ত সম্প্রাহ সো গুরুম্। ১৯৬ ॥

স্বামিংস্তব প্রসাদেন সবিবেকোঽস্মি নাঙ্কিতঃ। কিন্তু মে গুরুরেবাসি তথেতি ভগবন্! শ্রুতম্। ১৯৭ ॥

তেন। মোক্ষার্থী মহৎ ব্যক্তিগণ যে পথ স্বীকার করিয়াছেন, তাহাই গ্রাহ্য জানিবেন। অপিচ পুরাণাদি শাস্ত্রে চক্রাদি চিহ্ন ধারণের কথা উক্ত হইয়াছে। তাহার অন্যথা হইলে বৈষ্ণবত্বের ব্যাঘাত ঘটে অতএব ভগবানের চিহ্ন ধারণ করা একান্ত আবশ্যক।" এই কথা শুনিয়া গুরু বলিলেন "তোমার বিবেকের কথা আর কি বলিব? বালকেরা পর্য্যন্ত তোমার বিবেকের কথা জানিতে পারিয়াছে। পরম যোগী তত্ত্বদর্শী দত্তাত্রেয়ের মুদ্রাদ্বারা চিহ্ন ধারণের কোন প্রয়োজন নাই। দত্তাত্রেয় মুনি যে মুদ্রাদ্বারা চিহ্নিত শরীরে বাস করিতেন,' একথা কেহ শ্রবণ করে নাই। অতএব মূঢ়বুদ্ধি ত্যাগ করিয়া সুখী হও। পুরাণমধ্যে চিহ্ন ধারণের কথা শোনা হইয়াছে, একথা বলাও অনুচিত। প্রহ্লাদ, বিভীষণ, গজরাজ, ধ্রুব, বায়ুসুত হনুমান্, দ্রৌপদী, এবং ব্রজবাসীদের মধ্যে কোন্ ব্যক্তি চক্রাদি চিহ্ন ধারণ করিয়াছিল? । অতএব মূঢ়মতি বিসর্জন দিয়া সমস্ত পাষণ্ডচিহ্ন ত্যাগ কর। "আমি ব্রহ্ম হইতেছি" এইরূপ চিন্তা দ্বারা পরমসুখে শীঘ্র মোক্ষপদ প্রাপ্ত হও। যদি অবশ্যই তোমার চিহ্নাদি ধারণ করিতে হয়, তবে দুই গণ্ডস্থলে, গলদেশে, অনন্তসর্প এবং গরুড়দ্বারা চিহ্ন ধারণ কর। কর্ম্মেন্দ্রিয়ের প্রধান, দুই হস্ত, দুই গণ্ডস্থল, জ্ঞানেন্দ্রিয়ের সমীপস্থ করিয়া চিহ্নিত হইলে বন্ধন হইতে মুক্ত হইয়া পশুর মতন তাহা ধারণ করিতে সমর্থ হও। অপিচ এবম্বিধ বৈষ্ণবের যদি কোন স্বীয় কর্ম্ম না থাকে, তখন তাহার কেবল শুক্লবস্ত্রধারণ করা অবশিষ্ট রহিল। কিন্তু অগ্নিহোত্রাদি কর্ম্ম তখন অবশিষ্ট থাকিল না। ১৫৩—১৯৬।

এইকথা শুনিয়া ব্যাসদাস গুরুকে বলিল—"প্রভো! আমি আপনার প্রসাদে চিহ্ন ধারণ না করিয়া বিবেক লাভ করিলাম! হে ভগবন্! আপনি যে আমার গুরু, তাহাও আমি শুনিয়াছি। যতিশেখর! যাহাতে আমার শুদ্ধ অদ্বৈত ব্রহ্মজ্ঞান জন্মে তাহার উপায় করুন।" এই কথা নিবেদন করিয়া ভূতলে দণ্ডবৎ প্রণাম করিয়া কৃতাঞ্জলি হইয়া উপবেশন করিল। তখন তাহাকে ঈষৎ নম্র দেখিয়া করুণানিধি আচার্য্য শঙ্কর হাসিয়া

ততঃ শুদ্ধাবয়হং মাং কুরু ত্বং যতিশেখর।। ইতি বিজ্ঞাপ্য তং ভূমৌ দণ্ডবৎ প্রণিপত্য চ। ১৯৮॥

কৃতাঞ্জলিং সমাসীনমীষন্নম্রং বিলোক্য সঃ। করুণানিধিরাচার্য্যঃ প্রহসন্নিদমব্রবীৎ। ১৯৯॥

ব্রহ্মৈবাহং ন সংসারী মুক্তোঽহমিতি ভাবয়। তস্মিন্ বিধাবশক্তস্ত্বং বাক্যমেতদুদীরয়। ২০০॥

ইত্যভ্যাসপরিত্যক্তদ্বন্দ্বৈণষড়ূর্ম্মিকঃ। বিদিত্বা পরমাত্মানং মুক্তো ভবসি নান্যথা। ২০১॥

ইতি সংবোধিতঃ শিষ্যঃ কৃতার্থোঽহমিতীরয়ন্। ব্রহ্মাহমিতি সংজল্পন্ যযৌ স্বকুলসংযুতঃ। ২০২॥

তত আচার্য্যমাগত্য নামতীর্থোহি বৈষ্ণবঃ। কর্ম্মহীন ইদং প্রাহ ভোঃ স্বামিন্! শৃণু মে মতম্। ২০৩॥

শেষেণাপ্যপ্রকম্প্যং বৈ সর্ব্বং বিষ্ণুময়ং জগৎ। ইত্যাদেশাদ্যতো মোক্ষং গুরুরেব প্রযচ্ছতি। ২০৪॥

তদানীং ভগবন্তং স গুরুঃ প্রার্থয়তে প্রভো!। মচ্ছিষ্যং নিজপাদারবিন্দং প্রাপয় সোঽপ্যথ। ২০৫॥

এবমুক্তঃ করোত্যেব তথৈব জগদীশ্বরঃ। তস্মান্ মম পুনর্জন্মহেত্বভাবো যতীশ্বর!। ২০৬॥

জীবন্মুক্তোঽহমেবং বৈ ভবন্তোঽপি মুমুক্ষবঃ। কর্ম্মহীনাঃ সুরেশং তং বিষ্ণুং সর্ব্বময়ং প্রভুম্। ২০৭॥

সমালম্ব্যাঞ্জসা মুক্তা ভবিষ্যন্তীতি নিশ্চয়ঃ। এবমুক্তো গুরুঃ প্রাহ সত্যমুক্তং ত্বয়া মতম্। ২০৮॥

কর্ম্মভ্রষ্টো ভবান্ জীবন্ মুক্ত এব ন সংশয়ঃ। নিন্দ্যানিন্দ্যবিহীনঃ সন্ প্রবৃত্তোঽসি পিশাচবৎ। ২০৯॥

বেদোক্তসর্ব্বকর্ম্মাণি কৃত্বা তেষাং ফলার্পণম্। কর্ত্তব্যং ব্রহ্মণীত্যেবং জ্ঞানমার্গোঽয়মীরিতঃ। ২১০॥

ফলার্থং কর্ম্মকরণং কর্ম্মমার্গোঽস্তি তদ্‌দ্বিধা। ভ্রষ্টস্ত্বং দণ্ডনীয়োঽসি বিষ্ণুভক্তোঽপি নো ভবান্। ২১১॥

ন চলতি নিজবর্ণধর্ম্মতো যঃ সমমতিরাত্মসুহৃদ্বিপক্ষপক্ষে। ন জহতি ন চ হন্তি কঞ্চিদুচ্চৈঃ সিতমনসন্তমবৈহি বিষ্ণুভক্তম্। ।২১২॥

বলিতে লাগিলেন। (আমি ব্রহ্ম সংসারী নয়, আমি মুক্ত) এইরূপ ভাবনা কর। যদি ঐরূপ কার্য্যে অসমর্থ হইয়া থাক, তবে এইবাক্য উচ্চারণ কর। এইরূপে অভ্যাসদ্বারা শীতোষ্ণাদি দ্বন্দ্ব বাসনা এবং কাম ক্রোধাদি ছয়টী ভবসাগরের তরঙ্গ পরিত্যাগ করিতে পারিলে পরমাত্মাকে জানিতে পারিয়া মুক্ত হইবে। আর অন্য কোন প্রকারে মুক্ত হইতে পারা যায় না।" আচার্য্যের এই কথার অবসান হইলে শিষ্য তখন "আমি কৃতার্থ হইলাম" এই কথা বলিয়া "আমিব্রহ্ম" এই কথা জল্পনা করিতে ২ আপনার কুলে মিলিত হইল। ১৯৭—২০২।

অনন্তর নামতীর্থ নামে একজন কর্ম্মহীন বৈষ্ণব আচার্য্যের নিকটে আসিয়া বলিল—"প্রভো আপনি আমার মত শ্রবণ করুন। সহস্রমুখে ফণিপতি অনন্ত আমার মত খণ্ডন করিতে সমর্থ নহে। "এই সমস্ত জগৎ বিষ্ণুময়" এইরূপ শাস্ত্রীয় উপদেশ থাকাতে কেবল গুরু মোক্ষদান করিতে পারেন। তখন গুরু ভগবানের নিকট এই বলিয়া প্রার্থনা করিয়া থাকেন যে, হে প্রভো! আমার শিষ্যকে আপনার পাদপদ্ম অর্পণ করুন। জগদীশ্বর বিষ্ণু গুরুর এই কথা শুনিয়া আপনার চরণ কমল শিষ্যকে দান করিয়া থাকেন। অতএব হে যতিরাজ! আমার আর পুনর্জ্জন্ম হইবার কোন কারণ দেখি না। আমি যেরূপ জীবন্মুক্ত, এইরূপ আপনারাও মোক্ষার্থী এবং কর্ম্মহীন হইয়া সুরপতি, সর্ব্বময় সেই প্রভু বিষ্ণুকে অবলম্বন করিয়া শীঘ্র যে মুক্ত হইবেন, তাহাতে আর সন্দেহ নাই। এই কথা শুনিয়া শঙ্কর বলিলেন—"তুমি সত্য কথা বলিয়াছ। তুমি কর্ম্মহীন হইয়া যে জীবন্মুক্ত হইবে, তাহাতে আর সংশয় নাই। কিন্তু কি নিন্দনীয়, কি প্রশংসনীয় কোনরূপ কার্য্য না করাতে তুমি পিশাচের মতন প্রবৃত্ত হইয়াছ। অগ্রে যে সমস্ত বেদোক্ত কর্ম্ম আছে, সেই সমুদয় সমাপন করিয়া আরব্ধ কর্ম্মের ফল পরব্রহ্মে অর্পণ করিতে হয়। পণ্ডিতেরা এইরূপে জ্ঞানমার্গ বলিয়া

শ্রুতিস্মৃতী মমৈবাজ্ঞে তেঽনুলঙ্ঘ্য প্রবর্ত্ততে। আজ্ঞাভঙ্গী মম দ্রোহী মদ্ভক্তোঽপি ন বৈষ্ণবঃ। ২১৩॥

আজ্ঞাচ্ছেদী মম দ্রোহী স যাতি নরকং সদা। ইত্যাদি-বচনেভ্যোঽস্তঃ কর্ম্মত্যাগো ন শস্যতে। ২১৪॥

ব্রাহ্মণঃ কর্ম্ম কুর্বীতেত্যাদিবাক্যান্ন কর্ম্মণঃ। ত্যাগো দেবান্তরত্যাগো ব্রাহ্মণানাং ন চাস্তি হি। ২১৫॥

অগ্নির্দেবো দ্বিজাতীনামিতিবাক্যাত্ততস্ত ভীঃ। ব্রহ্মচার্য্যাদিকৈঃ সর্ব্বৈঃ কর্ম্ম ত্যক্তুং ন শক্যতে। ২১৬॥

সন্ধ্যাত্রয়াতিক্রমদোষশান্তিঃ কৃচ্ছ্রত্রয়েণাস্তি ততো দ্বিজত্বম্। তত্ত্যাগতো নৈব ন কর্ম্মণেতিশ্রুতিস্তু সন্ন্যাসমমুষ্যবক্তি। ২১৭॥

ইত্যুক্তো হসৌ নামতীর্থঃ প্রণামৈঃ প্রীতং কৃত্বা কর্ম্মশীলো বভূব। এবং সর্ব্বে খণ্ডনং স্বস্ব পক্ষস্য শ্রুত্বা তে নিষ্কৃতিং সংবিদায়। ২১৮॥

শুদ্ধাদ্বৈতান্বয়িনঃ সত্রিপুণ্ড্রা বেদপ্রোক্তাচারনিষ্ঠা বভূবুঃ। তস্মাৎ সুব্রহ্মণ্যসংজ্ঞং কুমারস্থানং প্রাপ শ্রীগুরুঃ পঞ্চঘস্রৈঃ। ২১৯॥

স্নাত্বা কুমারধারায়াং নদ্যাং শিষ্যসমন্বিতঃ। ভক্ত্যা সংপূজয়ামাস ষণ্মুখং শেষরূপিণম্। ২২০॥

কাষায়বস্ত্রদণ্ডাঢ্যঃ কমণ্ডলুলসৎকরঃ। ভূতিভূষিতসর্ব্বাঙ্গো বভৌ রুদ্র ইব স্বয়ম্। ২২১॥

নানাদেশস্থবিপ্রৌঘাঃ সুব্রহ্মণ্যং সমাগতাঃ। দৃষ্ট্বা তং শঙ্করাচার্য্যমিদমূচুঃ সুবিস্মিতাঃ। ২২২॥

দ্বিজা বয়ং ব্রহ্মকুলোদ্ভবাঃ প্রভো! মনুপ্রভৃত্যুক্তসুকর্ম্মতৎপরাঃ। হিরণ্যগর্ভার্চনলব্ধমানসপ্রশুদ্ধয়ঃ স্থৈর্য্যমুপাগতাস্তথা। ২২৩॥

হিরণ্যগর্ভঃ সমবর্ত্ততাগ্রে ভূতস্য জাতঃ পতিরেক আসীৎ। সদাধারপৃথিবীং দ্যামুতেমাং কস্মৈ দেবায় হবিষা বিধেম। ২২৪॥

থাকেন। প্রথমতঃ কোন ফলের নিমিত্ত কর্ম্ম করা—দ্বিতীয়তঃ ঐ কর্ম্মফল পরব্রহ্মে অর্পণ করা—কর্ম্মের পথ এই দুই প্রকার। তুমি যখন সেই কর্ম্মমার্গ হইতে ভ্রষ্ট হইয়াছ, সুতরাং তুমি দণ্ডনীয়। আর এক্ষণে জানিলাম যে, তুমি বিষ্ণুভক্ত নও। যে ব্যক্তি আপনার বর্ণোচিত ধর্ম্ম কার্য্য হইতে বিচলিত হয় না কি শত্রুপক্ষ, কি মিত্র পক্ষ, উভয়পক্ষে যিনি সমদর্শী—যিনি কাহাকে ত্যাগ করেন না—কিম্বা কাহাকে হিংসা করেন না—সেই নির্ম্মলচেতাকে বিষ্ণুভক্ত বলিয়া জানিও। ভগবান্ স্বয়ং বলিয়াছেন— "শ্রুতি এবং স্মৃতি এই দুইটী আমার আজ্ঞা। যে ব্যক্তি ঐ দুটী আজ্ঞা লঙ্ঘন করিয়া প্রবৃত্ত হন, সেই আজ্ঞা ভঙ্গকারক ও হিংসাকারক ব্যক্তি আমার ভক্ত হইলেও কদাচ বৈষ্ণব নহে। আমার আজ্ঞাচ্ছেদী এবং হিংসাপরায়ণ ব্যক্তি সর্ব্বদা নরকে বাস করিয়া থাকে।" ইত্যাদি বচন শাস্ত্রীয় বচন অপেক্ষা কিছুতেই প্রশস্ত নহে। "ব্রাহ্মণ কর্ম্ম করিবেক" ইত্যাদি বাক্যে ব্রাহ্মণদিগের কর্ম্মত্যাগ, দেবান্তর ত্যাগ করিতে নাই। "দ্বিজাতিগণের অগ্নিই দেবতা" ইত্যাদি বাক্যে ভয় পাওয়া আবশ্যক। ব্রহ্মচারী প্রভৃতি সকলের কর্ম্মত্যাগ করা উচিত নহে। ত্রৈকালিক সন্ধ্যা না করিলে যে দোষ হয়, সেই দোষ শান্তির নিমিত্ত তিনটি চান্দ্রায়ণ ব্রত করা আবশ্যক। তাহা হইলে দ্বিজাতিগণের দ্বিজত্ব থাকে। কৃচ্ছ্রব্রত ত্যাগ করিলে কিছুতেই দ্বিজত্ব থাকে না। "কর্ম্মদ্বারা নহে—এক মাত্র ত্যাগ দ্বারা মোক্ষ প্রাপ্তি নয়" ইত্যাদি বেদবাক্য কেবল উহার সংন্যাস ধর্ম্ম বলিয়া দিতেছে। শঙ্করের এইবাক্য শুনিয়া ঐ নামতীর্থ তখন প্রণাম করিয়া শঙ্করকে সন্তুষ্ট করিলেন এবং আপনি তদবধি কার্য্যের অনুষ্ঠান করিতে লাগিলেন। নামতীর্থের মতন অন্যান্য সকলেই স্ব স্ব মত খণ্ডন শুনিয়া তাহারা নিষ্কৃতি পাইয়া তিলক কাটিতে লাগিল, শুদ্ধ অদ্বৈতমতাবলম্বী হইল এবং সকলেই বেদোক্ত আচারে আস্থা প্রকাশ করিতে লাগিল। অনন্তর শ্রীগুরু শঙ্কর কুমার প্রতিষ্ঠিত সুব্রহ্মণ্য দেশে পাঁচদিনে উপস্থিত হইলেন। ২০৩—২১৯।

তথায় শিষ্য সমভিব্যাহারে কুমারধারা নদীতে স্নান করিয়া ভক্তি সহকারে অনন্তরূপী কার্ত্তিকেয়কে অর্চ্চনা করিলেন।

ইত্যাদিমন্ত্রাৎ সকলস্য কর্তা ব্রহ্মা তথা পালক এষ এব। লয়স্য কর্তা নিখিলোত্তমশ্চ সর্ব্বাধিকানন্দক রূপ উক্তঃ। ২২৫ ॥

স এব সৃষ্ট্বা নিখিলং জগৎপ্রভুঃ প্রবিশ্য সর্ব্বাত্মতয়া স্থিতো বৈ। তদৈক্ষতেত্যাদি বচোভিরীরিতঃ করোতি বিষ্ণুঞ্চ শিবং ভুজাভ্যাম্। ২২৬ ॥

তদীয়ভক্তাঃ কিল জ্ঞাননিষ্ঠাঃ কর্ম্মস্থিতাঃ কূর্চ্চকমণ্ডলু-শ্রিতাঃ। বয়ং যতিং বীক্ষ্য ভবন্তমদ্য জাতাঃ কৃতার্থাঃ শৃণু ভো-স্তথাপি। ২২৭ ॥

বচোঽস্মদীয়ং ভগবন্! প্রয়োজনং কিমস্য ভেদেন যতশ্চতু-র্ম্মুখাৎ। জনিং গতো জীবগণঃ স্বকর্ম্মণা পুনঃ পুনঃ সংসৃতি-মেতি দুঃখদাম্। ২২৮ ॥

ততো লয়ে ব্রহ্মণ এব কুক্ষৌ লয়ং প্রযাত্যেষ লয়স্য কালে। মোক্ষোঽন্যথা ব্রহ্মবিদেষ যাতি পরং পদং ব্রহ্মণ এব লোকম্। ২২৯

তস্মাদ্ ভবান্ দণ্ডকমণ্ডলুশ্রিতস্তল্লোকযোগ্যো যতিশেখরো গুরুঃ। ইত্যুক্ত আচার্য্য উবাচ শঙ্করো ব্রহ্মাদিভূতানি যতো ভবন্তি তম্। ২৩০ ॥

জ্ঞাত্বা বিমুক্তির্ভবতীতি হি শ্রুতৌ প্রোক্তং ততস্তস্য বিবোধ-কারণম্। বেদান্তবাক্যশ্রবণাদিকং সদা কার্য্যং বিমোক্ষো হি লয়ো ন কীর্ত্তিতঃ ॥ ২৩১ ॥

সুষুপ্তিতুল্যো ন চ লভ্যতে পরঃ কার্য্যস্য হি ব্রহ্মণ এব সেবনাৎ। শ্রুত্যৈবমাচার্য্যমুখাদ্বিহায় তে চিহ্নানি শুদ্ধাত্মবি-বোধতৎপরাঃ ॥ ২৩২ ॥

শিষ্যা বভূবুস্তত আগতাস্তং প্রোচু র্গুরুং বহ্নিমতানুবর্ত্তিনঃ। স্বামিন্! বয়ং বহ্নিপরা যতো বৈ মন্ত্রেণ দেবোঽয়মমুদীরিতো-ঽস্তি ॥ ২৩৩ ॥

তৎকালে শঙ্কর কষায়বসন পরিধান, দণ্ডধারণ, হস্তে কমণ্ডলু ধারণ, সর্ব্বাঙ্গে বিভূতিলেপন করিয়া সাক্ষাৎ মহাদেবের মতন শোভা পাইলেন। নানা দেশস্থ ব্রাহ্মণগণ, সুব্রহ্মণ্য দেশে আগমন করিয়া ও শঙ্করকে দর্শন করিয়া বিস্ময়সহকারে বলিতে লাগিলেন। "আমরা ব্রহ্ম কুলোৎপন্ন ব্রাহ্মণ, মনু-প্রভৃতি মহর্ষিগণ যেরূপ সদাচার ও সৎকর্ম্মের উপদেশ দিয়াছেন আমরা সেই সকল কর্ম্মের অনুষ্ঠান করিয়া থাকি। হিরণ্য গর্ভের (ব্রহ্মার) পূজা করিয়া আমাদের চিত্ত শুদ্ধি লাভ হইয়াছে। আমাদের মনে কোন অধৈর্য্যের কারণ নাই। "হিরণ্যগর্ভ সকলের অগ্রে বর্ত্তমান ছিলেন। পঞ্চভূতের তিনিই একমাত্র পতি ছিলেন। তিনিই স্বর্গ এবং এই পৃথিবী ধারণ করিয়াছিলেন। অতএব আমরা হোমদ্বারা আর কোন্ দেব-তাকে সন্তুষ্ট করিব?" ইত্যাদি বেদমন্ত্র দ্বারা ব্রহ্মা সকল পদার্থের সৃষ্টি, স্থিতি এবং লয়কর্ত্তা। তিনি সকল পদার্থের উত্তম, তিনি সর্ব্বশ্রেষ্ঠ এবং আনন্দরূপ উক্ত হইয়াছেন। "তিনি পর্য্যালোচনা করিলেন, আমি বহু হইয়া জন্ম গ্রহণ করি" ইত্যাদি বেদবচন দ্বারা প্রমাণ হইতেছে যে, তিনিই অখিল ব্রহ্মাণ্ড সৃষ্টি করিয়া সর্ব্বাত্মরূপে সকলের মধ্যে প্রবেশ করিয়া অবস্থিতি করেন। এবং তিনি আপনার বাহুযুগলদ্বারা বিষ্ণু এবং শিব সৃজন করিয়া থাকেন। আমরা সেই হিরণ্য-গর্ভের ভক্ত, আমরা জ্ঞানবান্ এবং কর্ম্মিষ্ঠ। আমরা ভ্রূযুগলের মধ্যে কমণ্ডলু চিহ্ন ধারণ করিয়া থাকি। আপনি যতি, আপ-নাকে দেখিয়া অদ্য আমরা নিশ্চিত কৃতার্থ হইয়াছি। তথাপি আপনি আমার বচন শ্রবন করুন। ভগবন্! অভেদে প্রয়োজন কি?। কারণ এই জীবগণ চতুর্মুখ হইতে উৎপন্ন হইয়াছে। এবং স্ব স্ব কর্ম্মানুসারে বারম্বার এই দুঃখদায়ক সংসারে যাতা-য়াত করিয়া থাকে। অনন্তর লয় হইলে ঐ প্রলয়কালে (মোক্ষ) ব্রহ্মার কুক্ষিদেশে লয় পাইয়া থাকে। অন্যথা এই ব্রহ্মজ্ঞানী পরমপদ ব্রহ্মলোক পাইয়া থাকে। ২২০—২২৯। অতএব আপনি যখন দণ্ডকমণ্ডলু গ্রহণ করিয়াছেন, তখন, আপনিও সেই ব্রহ্মলোকের যোগ্যপাত্র। আপনি যতিগণের অগ্রগণ্য ও আপনি সকলের গুরু।

এই কথা শুনিয়া আচার্য্য শঙ্কর বলিতে লাগিলেন। বেদে উক্ত হইয়াছে—"ব্রহ্মাদি ভূত সকলে যাহা হইতে উৎপন্ন হই-

অগ্নিরগ্রে প্রথমো দেবতানাং সম্পাতানামুত্তমো বিষ্ণুরাসীৎ। যজমানায় পরিগৃহ্য দেবান্ দেহক্ষয়ে তং হবিরাগচ্ছ তংনঃ ॥ ২৩৪ ॥

ততশ্চ বিস্ফুলিঙ্গাত্মমণেঃ শকলধারণম্। কৃত্বা মুক্তা ভবিষ্যন্তি ব্রাহ্মণা বহ্ন্যুপাসকাঃ ॥ ২৩৫ ॥

অগ্নি র্দেবো দ্বিজাতীনামিতিবাক্যাদ্যতীশ্বর !। অগ্নি র্দেবো নচান্যোঽস্তি কিঞ্চ পাপহরঃ শ্রুতঃ। ২৩৬ ॥

উদ্দীপ্যস্ব জাতবেদোঽপঘ্নন্ নির্ঋতিং মম। পশূংশ্চ মহ্যমাবহ জীবনঞ্চ দিশো দিশ। ২৩৭ ॥

অতঃ সর্ব্বৈ র্দ্বিজৈরগ্নিরেব সেব্যঃ প্রযত্নতঃ। কৃতকৃত্যা ভবন্ত্বাত্তবন্তোঽপ্যস্য সেবয়া ॥ ২৩৮ ॥

ইত্যুক্ত আহ দেবানামবমো বহ্নিরীরিতঃ। পরমো বিষ্ণুরাখ্যাতো দেবাস্তন্মধ্যগাঃ স্মৃতাঃ। ২৩৯ ॥

তথাচাগ্নিঃ সুরাণাং বৈভাগদঃ কর্ম্মদেবতা। অগ্নিকারণবাক্যানি ভূতাত্মাগ্নিপরাণি তু। ২৪০ ॥

তস্মাদ্যূয়ং বহ্ন্যধীনং হি কর্ম কুর্ব্বন্তোঽস্মিন্ বিষ্ণুমারাধয়ন্তঃ। শুদ্ধাদ্বৈতে তৎপরা যান্তথাঽদ্ধা মুক্তিঃ প্রোক্তা এবমাচার্য্যবর্য্যৈঃ ॥২৪১ ॥

নত্বা সর্ব্বে স্বীকৃতাদ্বৈতনিষ্ঠাঃ স্বস্থা জাতাস্তে সুহোত্রাদ্যোঽন্তে। তত্রাথাগত্যাহুরাচার্য্যবর্য্যং ভক্তা ভানো র্মণ্ডিতা রক্তপুষ্পৈঃ। ২৪২ ॥

দিবাকরাদয়ঃ পূর্ণমণ্ডলাকারমাশ্রিতাঃ। তিলকং শৃণু ভোঃ! স্বামিন্নস্মদীয়ং মতং ধ্রুবম্। ২৪৩ ॥

সূর্য্যঃ প্রোক্তঃ সর্ব্বলোকস্য চক্ষুঃ শ্রুত্যা তস্মাৎ সোঽস্তি ব্রহ্মাদিরূপঃ। সৃষ্টিস্থিত্যাদেঃ স হেতুশ্চ তস্মাদাদিত্যোঽসৌ ব্রহ্ম চেত্যাহ বেদঃ ॥ ২৪৪ ॥

ঔঁ ঘৃণিঃ সূর্য্য আদিত্য ইতি বেদে মন্ত্রঃ শ্রুতঃ। সূর্য্যস্যোপাসকা রক্তচন্দনাশ্রিতমস্তকাঃ ॥ ২৪৫ ॥

তস্মালালঙ্কৃতগ্রীবাঃ ষড়্বিধাঃ সূর্য্যসেবকাঃ। উদ্যন্তং মণ্ডলং কেচিৎ কারণং ব্রহ্মরূপিণম্ ॥ ২৪৬ ॥

রাছে, তাহাকে জানিতে পারিলেই মুক্তি হয়।” অতএব তাহাকে জানিবার কারণ, বেদান্তবাক্যের শ্রবণাদিদ্বারাই ঘটিয়া থাকে। বেদান্ত বাক্যের শ্রবণাদি করা সর্ব্বদা কর্ত্তব্য। কারণ, যে মোক্ষ, সে পদার্থ লয় নহে। ঘটপটাদির মতন জড় বস্তু ব্রহ্মাকে সেবা করিলে সুষুপ্তি তুল্য পরব্রহ্ম লাভ করা যায়না।” আচার্য্যের মুখ হইতে এই কথা শুনিয়া তাহারা চিহ্ন সকল পরিত্যাগ করিল। পরে শুদ্ধাত্ম তত্ত্বের জ্ঞান কার্য্যে তৎপর থাকিয়া তাঁহার শিষ্য হইল।

অনন্তর বহ্নিমতাবলম্বী কতকগুলিন্ লোক আসিয়া ঐ গুরুকে বলিল। “প্রভো! আমরা বহ্নিমন্ত্রের উপাসক। যেহেতু বেদমন্ত্র দ্বারা বহ্নি এইরূপে উক্ত হইয়াছেন। যথা— “অগ্নি দেবতাদিগের প্রথম ছিলেন, বিষ্ণু সম্পাতদিগের উত্তম ছিলেন। আপনারা দুজনে (দেহক্ষয় হইবার সময়ে) দেবতাদিগকে লইয়া যজমানের উদ্দেশে আমাদের ঘৃত গ্রহণ করুন।” অনন্তর স্ফুলিঙ্গবিহীন আত্মমণির খণ্ড ধারণ করিয়া বহ্নির উপাসক ব্রাহ্মণেরা মুক্ত হইবেন। হে যতিবর! “অগ্নি দ্বিজগণের দেবতা” এই বেদবাক্য প্রমাণে অগ্নিই দেবতা, অন্য কেহ দেবতা নহে। অপিচ অগ্নি,পাপহারী বলিয়া উক্ত হইয়াছেন। হে অগ্নে! আপনি উদ্দীপ্ত হউন। আমার অলক্ষ্মী নাশ করিয়া আমার উদ্দেশে পশু সকল দান করুন এবং আমার জীবন দান করুন। অতএব সকল ব্রাহ্মণে যত্নপূর্ব্বক অগ্নির উপাসনা করিবেন। আপনারাও ইহার সেবা করিয়া কৃতার্থ হউন।”

এই কথা শুনিয়া শঙ্কর বলিলেন—“বহ্নি দেবতাদিগের মধ্যে অধম বলিয়া উক্ত হইয়াছেন। বিষ্ণু শ্রেষ্ঠ বলিয়া কথিত হইয়াছেন। দেবতাগণ তাঁহার মধ্যস্থিত বলিয়া উক্ত হইয়াছেন। অগ্নি কর্ম্মের দেবতা এবং দেবতাগণের ভাগ প্রদান করেন। যে সমস্ত বাক্য অগ্নির কারণতা প্রকাশ করিতেছে সে সমস্ত বাক্য ভৌতিক অগ্নির পোষকমাত্র। অতএব বহ্নির অধীন যে সকল কার্য্য আছে, তোমরা সেই সমস্ত কার্য্য

উদয়াস্তাকাশমধ্যস্থমীশরূপেণ কেচন। জগল্লয়স্ত চেদ্ভূতলে নৈবোপক্রমোঽপি চ ॥ ২৪৭ ॥

উপসংহারকেণেতি বিনিশ্চিত্য ভজন্তি তম্। কেচিৎ কেচিত্তু বিষ্ণ্বাত্মকত্বেনাস্তময়ে প্রভোঃ ॥ ২৪৮ ॥

বিশ্বপালকমেতস্মাদেব স্বষ্ট্যাদিকারণম্। ত্রিমূর্ত্ত্যাত্মতয়া কালত্রয়ে বিশ্বস্ত সেবকাঃ ॥ ২৪৯ ॥

কেচিদন্যেতু তন্মণ্ডলেক্ষণব্রতধারিণঃ। হিরণ্যশ্মশ্রুকেশাদিযুক্তং তন্মণ্ডলে স্থিতম্ ॥ ২৫০ ॥

ভজন্তি কিঞ্চ তত্রৈকদেশিনস্ত তদীক্ষণম্। কৃত্বা সংপূজ্য পাদ্যাদ্যৈরন্নমশ্নন্তি নান্যথা ॥ ২৫১ ॥

কেচিত্তু তপ্তলোহেন ভালে ভুজদ্বয়ে তথা। বক্ষঃস্থলে চ চিহ্নানি মণ্ডলস্ত বিধায় তে ॥ ২৫২ ॥

অনুক্ষণং মনস্তেবং ধ্যানস্থঃ সন্ত্যপাসকাঃ। সর্ব্বৈরেতৈ রুপাস্তোঽয়মুক্তমন্ত্রো যতীশ্বর ! ॥ ২৫৩ ॥

শ্রুতয়ঃ সন্তি সূর্য্যস্ত মণ্ডলস্তুতিপ্রতিপাদিকাঃ। বহ্ব্যঃ পুরুষসূক্তেঽপি ভাস্করেব নিরূপিতঃ ॥ ২৫৪ ॥

সর্ব্ববেদনিরূপ্যত্বাৎ পুরুষং কৃষ্ণপিঙ্গলম্। ইত্যাদিকমন্ত্রস্ত পুরুষশব্দোঽপি তৎপরঃ ॥ ২৫৫ ॥

অরুণঃ সূর্য্যভানূ চ চন্দ্রস্তপন এব চ। মিত্রো হিরণ্যরেতাশ্চ রব্যর্য্যমগভস্তয়ঃ ॥ ২৫৬ ॥

বিষ্ণুর্দ্দিবাকরশ্চেতি সংপ্রোক্তাদিত্যমধ্যগঃ। বিষ্ণুরুক্তস্ততো বিষ্ণুঃ স এবাস্তি নচাপরঃ ॥ ২৫৭ ॥

আদিত্যানামহং বিষ্ণুর্জ্যোতিষাং রবিরংশুমান্। ইতি কৃষ্ণেন সংপ্রোক্তং কিঞ্চ ব্রহ্মাদিকা বিভোঃ ॥ ২৫৮ ॥

সূর্য্যাদেব সমুৎপন্নাস্তস্মাৎ সর্ব্বে মুমুক্ষুভিঃ। অয়মেব সমারাধ্য ইতি প্রোক্তঃ পরো গুরুঃ ॥ ২৫৯ ॥

করিয়া এবং বিষ্ণুর আরাধনা করিয়া শুদ্ধ ও অদ্বৈতব্রহ্মে তৎপর হইলে অসংশয় মুক্তি পাইবে। আচার্য্যগণও এইরূপ মুক্তির লক্ষণ করিয়াছেন।" অনন্তর সকলে আচার্য্যকে নমস্কার করিয়া অদ্বৈতমত স্বীকার করিয়া লইল, এবং তাহাতে আসক্ত হইয়া হৃষ্টচিত্তে গমন করিল।

অনন্তর সুহোত্র প্রভৃতি কতকগুলিন্ লোক তথায় আসিয়া আচার্য্য শঙ্করকে বলিল। আমরা সূর্য্যের ভক্ত, রক্তপুষ্পের মালা ধারণ করিয়াছি। দিবাকর প্রভৃতি পূর্ণমণ্ডলের আকার আশ্রয় করিয়া থাকি। হে প্রভো! এক্ষণে আপনি আমাদের প্রধান মত শ্রবণ করুন। "সূর্য্য সকলের চক্ষুঃ স্বরূপ বলিয়া বেদে উক্ত হইয়াছে। ঐ সূর্য্য ব্রহ্মাদিরূপে অবস্থান করিয়া থাকেন। সূর্য্য সৃষ্টি, স্থিতি ও প্রলয়ের হেতু। "তাঁহা হইতে আদিত্য এবং আদিত্যই ব্রহ্ম" বেদ স্বয়ং এই কথা স্পষ্ট বলিয়া দিতেছি। ২৩০—২৪৪।

"শ্রীঘৃণি, সূর্য্য, আদিত্য" এই প্রকার মন্ত্র বেদে শ্রবণ করা হইয়াছে। সূর্য্যের উপাসক সকল মস্তকে রক্ত চন্দন লেপন করিবে, রক্তপুষ্পের মাল্য দ্বারা গলদেশ ভূষিত করিবেক। সূর্য্যের উপাসক ছয় প্রকার। কেহ সূর্য্য মণ্ডলকে উদিত দেখিয়া তাহাকে ব্রহ্মরূপে ভজনা করিবেক। তিনিই জগতের লয়ের কারণ। (তাহা দ্বারাই আবার জগতের প্রথম উপক্রম হইয়া থাকে। ঐ আকাশ সঞ্চারী সূর্য্যদেব জগতের উপসংহার করিয়া থাকেন।) ইহা নিশ্চয় করিয়া কেহ কেহ তাঁহাকে ভজনা করিয়া থাকে। কেহবা বিষ্ণুরূপে প্রভুর আগমন কালে বিশ্বপালক ভজনা করিবেক। তাহা হইতে সৃষ্টিলয়ের কারণ হয়। তাঁহাকেই ত্রিমূর্ত্তিরূপে ত্রিকালে সকলে আরাধনা করিয়া থাকে। অপরে সূর্য্যমণ্ডলে চক্ষু নিক্ষেপ করাকে পরম ব্রত বলেন। ঐ ব্রত ধারণ পূর্ব্বক সুবর্ণময় শ্মশ্রু (দাড়ি) ও কেশ যুক্ত, সূর্য্যমণ্ডলস্থিত দেবতাকে ভজনা করিয়া থাকে। অপিচ সূর্য্যমণ্ডলের এক দেশাবলম্বী সূর্য্যে নয়ন সমর্পণ করিয়া, পাদ্যাদি দ্বারা পূজা করিয়া অন্ন ভোজন করিবেক। কিন্তু অন্য কোন রূপে অন্ন খাইবে না। কেহবা তপ্ত লৌহ দ্বারা ললাটে দুই বাহুতে, ও বক্ষঃস্থলে মণ্ডলের চিহ্ন করিয়া, অনুক্ষণ মনে মনে ঐ রূপ ধ্যান করিয়া উপাসক হইয়া থাকেন। হে যতিবর! এই সমস্ত প্রকরণ দ্বারা সূর্য্যকে উপাসনা করিবেক।

উবাচ শৃণু ত্বং মূঢ়! দিবাকর! বচো মম। চন্দ্রমা মনসো-জাতঃ সূর্য্যস্তস্য তু চক্ষুষঃ ॥ ২৬০ ॥

ইতি বেদেন জন্যত্বং যস্যোক্তং তদনিত্যকং। তর্কসিদ্ধান্ততোঽনিত্যো ব্রহ্মতা কথমাগতা ॥ ২৬১ ॥

সূর্য্যনিষ্ঠপরব্রহ্মবোধিকাঃ শ্রুতয়স্তু তাঃ। জগদীশাজ্ঞয়া সূর্য্যো ভ্রমতীতি শ্রুতং স্ফুটম্ ॥ ২৬২ ॥

ভীষাঽস্মাদ্বাতঃ পবতে ভীষোদেতি সূর্য্যঃ। ভীষাঽস্মাদগ্নিশ্চেন্দ্রশ্চ মৃত্যু র্ধাবতি পঞ্চমঃ ॥ ২৬৩ ॥

ন যত্র সূর্য্যো ভাতি ন চন্দ্রতারকং নেমা বিদ্যুতো ভান্তি কুতোঽয়মগ্নিঃ। তমেব ভান্তমনুভাতি সর্ব্বং যস্য ভাসা সর্ব্বমিদং বিভাতি ॥ ২৬৪ ॥

ইতি শ্রুত্যা পরেশস্য ভাসা ভানং প্রকীর্ত্তিতম্। সূর্য্যাদেস্তু তথা প্রোক্তা জ্যোতিঃশাস্ত্রেঽপ্যনিত্যতা। ২৬৫ ॥

সৃষ্টিঃ সরোজাসনবাসরাদৌ বিয়চ্চরাণাং বিলয়স্তদন্তে। আদ্যন্তকালঃ স চ কল্প উক্তঃ কল্পদ্বয়ং তদ্দিবসং বিরিঞ্চেঃ। ২৬৬ ॥

এবম্ভূতস্য সূর্য্যস্য জনকত্বং ময়েরিতম্। ব্রহ্মাধিকস্তস্মাত্তে বিদ্যা মত্যন্তশোভনা। ২৬৭ ॥

তস্মাদেকঃ পরাত্মৈব সূর্য্যাদ্যৈ র্নিগমৈঃ স্তুতঃ। ততঃ পাষণ্ডচিহ্নানি বিহায়াচারতৎপরাঃ। ২৬৮ ॥

শুদ্ধাদ্বৈতস্য বোধেন মুক্তা ভবথ ভো দ্বিজাঃ।। ইত্যুক্তাস্তেগুরুং নত্বা সর্ব্বে তচ্ছিষ্যতাং গতাঃ। ২৬৯ ॥

ততস্তত্র গতৈ র্বিপ্রৈঃ সর্ব্বৈরপি যতীশ্বরঃ। সভাজিতো যযৌ তস্মাদ্বায়োরাশাং জয়েচ্ছয়া। ২৭০ ॥

শিষ্যেষু ত্রিসহস্রেষু কেচিত্তং শঙ্খপূরণৈঃ। কেচিদ্বাদ্যবিশেষৈশ্চ কেচিত্তালৈঃ শুভোক্তিভিঃ। ২৭১ ॥

কেচিদ্ঘণ্টানিনাদৈশ্চ করতালৈশ্চ কেচন। কেচিদ্ব্যজনবাতৈশ্চ পিচ্ছবাতৈশ্চ কেচন। ২৭২ ॥

সমর্চ্চয়ন্তি সংস্তুত্যসুখদুঃখং যতীশ্বরম্। তত্তদ্দেশগতা বিপ্রা দৃষ্ট্বা তচ্ছিষ্যতাং গতাঃ। ২৭৩ ॥

এই কথা শুনিয়া পরম গুরু শঙ্কর বলিলেন। হে মূর্খ! দিবাকর! তুমি আমার বাক্য শ্রবণ কর। "চন্দ্র তাঁহার মন হইতে জন্মিয়াছে, সূর্য্য তাঁহার চক্ষু হইতে জন্মিয়াছে।" এই বেদবাক্য দ্বারা যাহার জন্যতা বলা হইয়াছে, তাহা অনিত্য। তর্ক করিয়া যাহা সিদ্ধান্ত হইয়াছে, তাহা দ্বারা অনিত্য বিষয়ে কিরূপে ব্রহ্মভাব প্রতিপন্ন হইবে? ঐ সকলকে শ্রুতি আছে, তাহা সূর্য্যনিষ্ঠ পরম ব্রহ্মের প্রতিপাদক। তবে জগদীশ্বরের আজ্ঞাক্রমে সূর্য্য দেব যে ভ্রমণ করেন, ইহাই বেদে স্পষ্ট আছে। পরমেশ্বরের নিকট হইতে ভয় পাইয়া বিধাতা পবিত্র করেন, সূর্য্য ভয় পাইয়া উদিত হন, অগ্নি এবং ইন্দ্র তাঁহার নিকটে ভয় পাইতে থাকেন। এবং পঞ্চম যম ভয় পাইয়া ধাবমান হন। যে স্থানে সূর্য্য, চন্দ্র, তারকা কি এই সমস্ত বিদ্যুৎ দীপ্তি ধারণ করে না, সে স্থানে এ অগ্নি কিরূপে প্রদীপ্ত হইবে? তাঁহার প্রকাশে এই সমস্ত জগৎ প্রকাশিত, তাঁহারই তেজে এই জগৎ জ্যোতির্ম্ময়।" এই সমস্ত বেদ দ্বারা পরমেশ্বরের প্রকাশে সকলের প্রকাশ কথিত হইয়াছে। জ্যোতিঃশাস্ত্রে

সূর্য্যের মন্ত্র পূর্ব্বে বলা হইয়াছে। সূর্য্যমণ্ডলের কিরূপে স্তব করিতে হয়, সেই স্তুতি প্রতিপাদক অনেক শ্রুতি আছে। পুরুষসূক্ত মন্ত্রেও সূর্য্য নিরূপিত হইয়াছেন। সকল বেদেই নিরূপিত হইয়াছে যে, সেই পুরুষ কৃষ্ণ পিঙ্গলবর্ণ। ইত্যাদি রুদ্রমন্ত্রস্থ পুরুষশব্দে সূর্য্যকে বুঝাইয়া থাকে। অরুণ, সূর্য্য, ভানু, চন্দ্র, তপন, মিত্র, হিরণ্যরেতা, রাত্রি, অর্য্যমা, গভস্তি, বিষ্ণু, দিবাকর এই সমস্তই পুরুষ শব্দের অন্তর্গত। ইহার মধ্যে যে আদিত্য শব্দ উক্ত হইয়াছে, সেই আদিত্য শব্দের মধ্য গত বিষ্ণু উক্ত হইয়াছেন। অতএব সেই আদিত্যই বিষ্ণু, অপর আর কেহই নহে। আদিত্যদিগের মধ্যে আমি বিষ্ণু, জ্যোতিষ্ক পদার্থের মধ্যে আমি অংশুমান, এই কথা কৃষ্ণ বলিয়াছেন। অপিচ ব্রহ্মাদি দেবগণ, বিষ্ণু সূর্য্য হইতে সমুৎপন্ন। অতএব মোক্ষার্থী সকলে এই সূর্য্য দেবকে আরাধনা করিবেক।"

এবং প্রতিদিনং গত্বা তত্রতত্রাগতান্ দ্বিজান্। কুমতস্থান্ পরানন্দভাজঃ কৃত্বা শুভোক্তিভিঃ। ২৭৪ ॥

পুরং গণবরং প্রাপ গণপত্যাশ্রমং শুভম্। তত্র নদ্যাং হি কৌমুদ্যাং স্নাত্বা বিঘ্নেশমব্যয়ম্। ২৭৫ ॥

সংপূজ্য যতিরাট্ তত্র মাসমাস সহানুগৈঃ। পদ্মপাদ-মুখাঃ শিষ্যাঃ পঞ্চপূজাপরায়ণাঃ। ২৭৬ ॥

দিগ্গজা ইতি বিখ্যাতাঃ পরবিদ্যাপ্রভেদিনঃ। পরপক্ষহরো-চ্ছ্যুক্তবচসঃ প্রৌঢ়বাদিনঃ। ২৭৭ ॥

তদ্বাক্যং শিরসা গৃহ্য শিষ্যোঽন্যঃ পুরজিদ্বলে। নিরতঃ সর্ব্ব-শিষ্যাণাং পাকাদিষু চ কর্ম্মসু। ২৭৮ ॥

সূর্য্যাদির যে প্রকাশের কথা উক্ত হইয়াছে, তাহা অনিত্য। পদ্মাসন ব্রহ্মার দিবসের প্রথমে সৃষ্টি, এবং দিনান্তে—আকাশ সঞ্চারী দেবগণের বিলয়। এই আদ্যন্ত কালকে কল্প বলে, ঐ রূপ ইহকল্পে ব্রহ্মার এক দিন। এবম্বিধ সূর্য্য, ব্রহ্মাদির জনক বলিয়া উক্ত হইয়াছে। অতএব তোমার বিদ্যা অতি-সুন্দর দেখিতেছি। যেহেতু সমস্ত বেদান্ত শাস্ত্র, সূর্য্য স্থিত পরমাত্মাকে স্তব করিয়াছে জানিবে। হে দ্বিজগণ! এক্ষণে তোমরা পাষণ্ড চিহ্ন সকল পরিত্যাগ করিয়া আচার পরায়ণ হও, নির্ম্মল অদ্বৈত ব্রহ্মতত্ত্বের জ্ঞান হইলেই মুক্ত হইবে।”

সূর্য্য মতাবলম্বী সকলেই আচার্য্যের বাক্য শুনিয়া তাঁহার শিষ্য হইল। তার পর ঐ স্থানে যে সকল ব্রাহ্মণ আসিয়াছিল, তাহারা সকলেই যতীশ্বর শঙ্করকে অর্চনা করিতে লাগিল। তখন আচার্য্য জয়ার্থী হইয়া বায়ু কোণে গমন করিলেন।

সুখ দুঃখ বিহীন যতিরাজ শঙ্করকে তাঁহার তিন সহস্র শিষ্যের মধ্যে কেহবা শঙ্খ বাজাইয়া, কেহবা বাদ্য বিশেষ দ্বারা, কেহ বা তাল দিয়া, কেহ বা সুমধুর বচনে, কেহ বা ঘণ্টার নিনাদে, কেহ বা করতালি দিয়া, কেহ বা ব্যজন দ্বারা বীজন করিয়া, কেহ বা ময়ুর পুচ্ছ দ্বারা সমীরণ করিয়া অর্চনা করিতে লাগিল। তত্তৎ দেশবাসী বিপ্রগণ তাঁহাকে দেখিয়া তাঁহার শিষ্য হইল। এইরূপ প্রতিদিন গমন করিয়া তত্তৎস্থানে

সমর্চ্চয়ন্ গুরুং ভিক্ষাং দত্বা তস্মৈ পরাত্মনে। পদ্মপাদ-স্তদন্যেষাং শিষ্যাণাং ষড্রসৈ র্যুতম্। ২৭৯ ॥

অদদত্তোজনং নিত্যং ব্রহ্মার্পণমিতি স্মরন্। সায়ন্তনে গুরুং শিষ্যাস্তমাচার্য্যশিরোমণিম্। ২৮০ ॥

দ্বিষড়্ধা তং নমস্কৃত্য ঢক্কাতালকরাঃ শিবম্। জবন্তো নৃত্যমাচক্রুঃ পরেশং সচ্চিদদ্বয়ম্। ২৮১ ॥

প্রপূর্ণং ব্রহ্মাহং নিখিলজনকং বুদ্ধিনিহিতং সচিদানন্দং সত্যং সকল জগদাধারমমলম্। অগম্যং বাগাদ্যৈঃ স্থজিতকরণৈ-র্জ্জাতমনঘৈঃ সুনির্ব্বাণং লব্ধ্বা যদিহ ন পুনঃ সংসৃতিরয়ঃ। ২৮২ ॥

জয়ন্ত এবং বহুধা সুনৃত্যং কুর্ব্বন্ত আচার্য্যসমীপসংস্থাঃ। প্রাপ্তিং গতাস্তস্য্ কৃপারচিত্তা হর্ষেণ যুক্তা নিখিলা বিনেয়াঃ। ২৮৩ ॥

সমাগত কুমতাবলম্বী ব্রাহ্মণদিগকে শুভ বচনে নিত্যানন্দ সুখ ভোগ করাইয়া গণপতির আশ্রম সমম্বিত এক শুভগণবরপুর প্রাপ্ত হইলেন। সেই কৌমুদী নদীতে স্নান করিয়া অব্যয় বিঘ্নপতিকে পূজা করিয়া যতিরাট্ অনুচর বর্গের সহিত তথায় একমাস অবস্থান করিলেন। পদ্মপদাদি শিষ্যগণ পঞ্চ দেবতার পূজা পরায়ণ হইল, দিগ্গজ বলিয়া বিখ্যাত হইল, বিপক্ষগণের শাস্ত্র সকল খণ্ডন করিতে লাগিল, পরপক্ষ হরণ করিবার উপ-যুক্ত বাক্য প্রয়োগ করিতে লাগিল, অহঙ্কার পূর্ব্বক বাদ করিতে লাগিল। অন্য আর একজন শিষ্য তাঁহার বাক্য মস্তক দ্বারা ধারণ করিয়া শিবপক্ষে এবং সমস্ত শিষ্যদিগের পাকাদিকার্য্যে আসক্ত রহিল, এবং গুরুকে সমুচিত অর্চনা করিতে লাগিল। পদ্মপাদ সেই পরমাত্মা গুরুকে ভিক্ষা ও অন্যান্য শিষ্য দিগকে ষড়্রস যুক্ত আহার দান করিলেন। ঐ সকল কার্য্যেও পদ্ম-পাদের ব্রহ্মার্পণ স্মরণ করা নিত্য অভ্যাস ছিল। সায়ংকালে শিষ্যগণ আচার্য্য শিরোমণি গুরু দেবকে দ্বাদশবার প্রণাম করিয়া ঢক্কার তাল দিতে দিতে সচ্চিদানন্দ ও অদ্বিতীয় পরমে-শ্বরকে স্তব করিতে ২ নৃত্য করিতে লাগিল। ২৪৫—২৮১।

যিনি সমস্ত বস্তুর কারণ, যিনি বুদ্ধিতে নিহিত, যিনি সচ্চি-

এবমানন্দসন্তুষ্টমাচার্য্যং সেবকানপি। তৎপত্তনদ্বিজা লক্ষ্য কিমেতদিতি চাব্রুবন্ । ২৮৩ ॥

অহি যুয়ন্মতং সম্যগিব ভাতি হি পশ্যতাম্। আকাশবন্নিরালম্বমদ্বয়ং ব্রহ্ম কেবলম্ ॥ ২৮৫ ॥

মনোবাগাদিবৃত্তীনামগোচরতরং পরম্। কথমজ্ঞোপিবধায় যোগ্যং ভাসতমীদৃশম্ । ২৮৬ ।

তত্ত্যজ্যাস্মন্মতং সম্যগাচরন্ত শুভাপ্তয়ে। গাণপত্যমিতি খ্যাতং ষড়্‌ভির্ভেদৈঃ সমন্বিতম্ । ২৮৭ ।

সমস্তে বেদতাৎপর্য্যেস্তদেব হি সমীরিতম্। তদাচরধ্বমত্যন্তশান্তিদং মোক্ষদং নৃণাম্ । ২৮৮ ॥

তুণ্ডৈকদন্তচিহ্নাভ্যাং চিহ্নিতং শক্তিসংযুতম্। মহাগণপতিং যস্তু সদা ধ্যায়ত্যনন্যধীঃ । ২৮৯ ॥

তন্মূলমন্ত্রপঠনপরঃ সন্ ব্রাহ্মণোত্তমঃ। যো :বর্ত্ততে স এবাত্র মোক্ষভাগ্ ভবতি ধ্রুবম্ । ২৯০ ॥

যোঽয়ং বরতরা চ চন্দ্রকলয়ান্বিতো জগদ্‌বয়া বিশ্বোৎপত্তিবিপত্তিসংস্থিতিকরোঽস্মিন্ বিশিষ্টার্থদঃ। ইত্যেবং গণনায়কঃ খলু জগৎস্রষ্ট্র্যাদিকর্ত্তেষিতো মুক্তঃ চৈতন্যজালিকত বিশ্বয়েঽপ্যস্মিন্ স্থিতে হীশ্বরে । ২৯১ ॥

আসীদ্ গণপতিস্ত্বেক ইতি শ্রুত্যা প্রকীর্ত্তিতঃ। ব্রহ্মাদিকগণেশোঽয়ং তস্মাদখিলকারণম্ । ২৯২ ॥

তন্মায়য়া বিরচিতা ব্রহ্মাদ্যা জগদীশ্বরাঃ। ইত্যুক্ত আহ ভো মূঢ়! গজাস্যঃ কারণং কথম্ । ২৯৩ ॥

কিঞ্চ রুদ্রসুতত্বেন প্রসিদ্ধঃ কারণং পিতুঃ। কথং ভবেদতো ব্রহ্ম কারণং শ্রুতিমানতঃ । ২৯৪ ॥

ব্রহ্ম বা ইদমিত্যাদিবাক্যতত্ত্বসমীরিতম্। বাক্যং ব্রহ্মপরং নেয়মিত্যুক্তো গিরিজাসুতঃ । ২৯৫ ॥

উবাচ পুনরাচার্য্যং সত্যমেতদ্বচোঽস্ত তে। তথাপ্যনেন শূন্যোঽয়ং পুমান্ দেবস্য সন্নিধৌ । ২৯৬ ॥

দানন্দ, যিনি সকল জগতের আধার, যিনি নির্ম্মল, যিনি বাক্য মনের অগোচর, জিতেন্দ্রিয়, নিষ্পাপ ব্যক্তিগণ যাঁহাকে—জানিতে পারেন, যে নির্বাণ করিলে আর এই জগতে সংসার যাতনা পাইতে হয় না, আমি সেই—পরিপূর্ণ ব্রহ্ম। আচার্য্যের নিকটস্থ উদারচেতা সমস্ত ছাত্রগণ এই কথা বারম্বার বলিতে ২ ও উত্তম নৃত্য করিতে ২ শ্রান্ত হইয়া অবস্থান করিল।

ঐ নগরবাসী ব্রাহ্মণেরা এইরূপে আচার্য্যকে এবং তাঁহার সেবকদিগকে আনন্দিত দেখিয়া বলিতে লাগিল। "একি?—যাহারাই দেখিবে, তাহারাই বলিবে, তোমাদের শাস্ত্রীয় মত ভাল নহে। অদ্বিতীয় ব্রহ্ম কেবল আকাশের মতন নিরালম্ব। সেই পরব্রহ্ম বাক্য মনের অগোচর। অতএব অজ্ঞদিগকে উপদেশ দিবার জন্য কিরূপে এরূপ মত যোগ্য হইবে? অতএব ঐ মত ত্যাগ করিয়া মঙ্গলপ্রাপ্তির জন্য আমাদের মত অবলম্বন করুন। গাণপত্য আমাদের মত। ইহাতে ছয় প্রকার ভেদ আছে। সমস্ত বেদের তাৎপর্য্য ইহাতে ন্যস্ত আছে। সকল মানবের শান্তি ও মোক্ষদায়ক—এই মত অবলম্বন করুন। গণপতি তুণ্ড ও একদন্ত দ্বারা চিহ্নিত। স্বয়ং মহাশক্তি সমন্বিত। যেব্যক্তি এরূপ দেবতাকে একমনে ধ্যান করে—যে ব্রাহ্মণ তাঁহার মূলমন্ত্র পাঠ করে—সেই ব্রাহ্মণ অবলীলাক্রমে মোক্ষ পাইয়া থাকে। ২৮২—২৯০।

প্রদীপ্ত ভূষণা প্রিয়তমা চন্দ্রকলা দ্বারা যিনি পরিব্যাপ্ত—যিনি বিশ্বের উৎপত্তি, বিপত্তি ও অবস্থিতি কারক—যিনি বিঘ্নবিনাশন—যিনি ভক্তের অভিমত অর্থ পূরণ করেন—এইরূপে গণপতির ধ্যান করিতে হইবে। তিনিই জগতের সমস্ত বিষয়ের নিয়ন্তা বলিয়া কথিত হইয়াছেন। একথা নিতান্ত অলীক নহে। কারণ ব্রহ্মাদি দেবগণের লয় হইলেও—এই ঈশ্বর থাকিলেও—একমাত্র গণপতি বিদ্যমান ছিলেন। এ কথা বেদেও কথিত হইয়াছে। ইনি ব্রহ্মাদি দেবতাগণের ও ঈশ্বর—অতএব অখিলবস্তুর কারণ। ব্রহ্মাদি দেবতাগণ তাঁহার মায়াবলে নির্ম্মিত হইয়াছেন।

গজং যোগ্যঃ কথং ভূয়াৎ যেষ্টত্ত যতিপুঙ্গব!। ইত্যুক্তঃ শ্রীমদাচার্য্যঃ প্রাহ মূঢ়মতে! শৃণু। ২৯৭ ॥

ব্রাহ্মণস্য কুলে জন্ম শিখাদেশ্চ বিধারণম্। বেদোক্তকর্ম-নিষ্ঠত্বং বিপ্রত্বং সমুদাহৃতম্। ২৯৮ ॥

এতাবতা ভবেদ্বিপ্রঃ কৃতকৃত্যস্ততোহস্ত তু। পাষণ্ডমাত্র-মেবাস্তি তত্তচ্চিহ্নস্য ধারণম্। ২৯৯ ॥

বেদেন হি বিরুদ্ধং যৎ পুরাণেষু চ নিন্দিতম্। ন তৎকার্য্যং প্রবৃত্তেন মোক্ষস্বার্থবিবেকিনা। ৩০০ ॥

কিঞ্চ হেমনিভে চক্রে মূলাধারে চতুর্দ্দলে। গণেশোহস্তি তথা চক্রে স্বাধিষ্ঠানকসংজ্ঞকে। ৩০১ ॥

ষড়্‌দলে বিদ্রুমাকারে ব্রহ্মাস্তি মণিপূরকে। দ্বিগুণ দশ-সংযুক্তে নীলবর্ণে স্থিতো হরিঃ। ৩০২ ॥

দ্বিষড়্‌ভিস্ত দলৈর্যুক্তেঽনাহতে পিঙ্গলে স্থিতঃ। রুদ্রো ভূতপতি দেবো জীবাত্মা ধূম্রবর্ণকে। ৩০৩ ॥

বিশুদ্ধে ষাষ্টতি যুক্তে দলৈরাজ্ঞাভিধে তথা। সহস্রদল-সংযুক্তে চক্রে কর্পূরবর্ণকে। ৩০৪ ॥

পরমাত্মা স্থিতস্তম্মাদ্দেহে এব ব্যবস্থিতঃ। গণেশস্তস্য চিহ্নেন ন প্রয়োজনমণ্বপি। ৩০৫ ॥

তথা চাজ্ঞাভিধে চক্রে সর্ব্বগোহপি ব্যবস্থিতঃ। সর্ব্বান্ সংপ্রেরয়িত্বা হি স্বয়ং সাক্ষী হি নির্গুণঃ। ৩০৬ ॥

সচ্চিদানন্দরূপোহসৌ সর্ব্বাতীতোঽখিলোত্তমঃ। সম্যগ্বে-দেষু সংপ্রোক্তস্তং পরেশং বিচিন্তয়। ৩০৭ ॥

মুক্তো ভবিষ্যসীত্যুক্তঃ সগণঃ শিষ্যতাং গতঃ। ত্যক্তচিহ্নো-গুরোস্তস্য শঙ্করস্য মহাত্মনঃ। ৩০৮ ॥

গণপূজাপরো নিত্যং শঙ্করস্য পরায়ণঃ। গুরুশুশ্রূষণালক্তঃ সমভূদ্গিরিজাসুতঃ। ৯ ॥

আগতস্ত্যক্তো হরিদ্রা গণপতিমতবাদী গুরুং বং জগাদ ব্রহ্মাদীনাং গণানামধিপতিমমরেশোপদেষ্টাদিকানাম্। আদে-ষ্টারং কবীনাং সলিলজপতিং জ্যেষ্ঠরাজং পরেশং ধ্যায়ে-মেত্যাদিবেদো বদতি যতিপতে! সর্ব্বকার্য্যেষু পূজ্যম্। ৩১০ ॥

এইকথা শুনিয়া আচার্য্য শঙ্কর বলিলেন—রে মূঢ়! গজানন জগতের কারণ কিরূপে হইবে?। অপিচ গণপতি মহাদেবের পুত্র বলিয়া প্রসিদ্ধ। পুত্র কিরূপে পিতার কারণ হইবে?। অতএব বেদ প্রমাণে ব্রহ্মই জগতের আদিকারণ। 'ব্রহ্ম বা ইদমগ্র আসীৎ' ইত্যাদি বাক্য দ্বারা তুমি যাহা বলিয়াছ তৎসমুদয় বাক্য পরম ব্রহ্মে পরিণত করিতে হইবে। এই কথা শুনিয়া গিরিজাসুত পুনরায় আচার্য্যকে বলিল—আপনার একথা সত্য। হে যতিবর! তথাপি ভক্তলোকে চিহ্ন ধারণ করিয়া কিরূপে আপনার অভীষ্ট দেবতার নিকটে গমন করিতে পারিবে?।

এই কথা শুনিয়া আচার্য্য বলিলেন—হে মূঢ়! তুমি শ্রবণ কর। ব্রাহ্মণকুলে জন্ম, শিখা প্রভৃতি ধারণ, বেদোক্ত কর্ম্মের অনুষ্ঠান করিলেই ব্রাহ্মণত্ব থাকে। তাহাতেই ব্রাহ্মণ কৃতকার্য্য হইয়া থাকে। অতএব পাষণ্ড সমান তত্তৎ চিহ্ন ত্যাগ করিবেক। যে ব্রাহ্মণ মোক্ষের অর্থ জানিতে উদ্যত, সে ব্যক্তি কদাচ বেদবিরুদ্ধ ও পুরাণ নিন্দিত কার্য্য করিবে না। কিঞ্চ স্বর্ণবর্ণ চতুর্দ্দল মূলাধার চক্রে গণেশ আছেন। বিদ্রুমাকার ষড়দলে স্বাধিষ্ঠানচক্রে ব্রহ্মা বাস করেন। নীলবর্ণ দশদল মণিপূরকচক্রে বিষ্ণু অবস্থান করেন। পিঙ্গলবর্ণ দ্বাদশ দল অনাহতচক্রে ভূতপতি রুদ্রদেব বাস করেন। ধূম্রবর্ণ ষোড়শ দল শুদ্ধচক্রে জীবাত্মা অবস্থান করেন। এবং কর্পূরবর্ণ সহস্রদল আজ্ঞাচক্রে পরমাত্মা অবস্থিতি করেন। অতএব দেহের মধ্যেই গণপতি যখন অবস্থান করেন, তখন চিহ্ন ধারণ করিবার কোন প্রয়োজন নাই। আর যিনি সর্ব্বব্যাপী, তথন সাক্ষী, নির্গুণ, সচ্চিদানন্দরূপী, সর্ব্বাতীত, অখিলাশ্রয় পরমাত্মা তিনি আজ্ঞাচক্রেই অবস্থান করেন। একথা বেদেও স্পষ্ট উক্ত হইয়াছে। এক্ষণে তুমি সেই পরেশনাথের চিন্তা কর। তাহাতেই তোমার মুক্তি হইবে।

তস্মাদ্দেবাদিভিঃ সর্ব্বৈঃ সংপূজ্যোঽয়ং গণেশ্বরঃ। ধ্যানমন্ত্র তু সংপ্রোক্তং স্কান্দে সম্যগ্‌যতীশ্বর।। ৩১১ ॥

পীতাম্বরধরং দেবং পীতযজ্ঞোপবীতিনম্। চতুর্ভুজং ত্রিনয়নং হরিদ্রাভবরাননম্। ৩১২ ॥

পাশাঙ্কুশধরং দেবং দণ্ডাভয়করাম্বুজম্। এবং যঃ পূজয়েদেবং স মুক্তো নাত্র সংশয়ঃ। ৩১৩ ॥

জগৎকারণমেবায়ং ব্রহ্মাদ্যা অংশরূপিণঃ। অস্মাদেব সমুৎপন্নাস্তস্মাৎ সর্ব্বপিতামহম্ ॥ ৩১৪ ॥

বিঘ্নেশানং ভবন্তোঽপি ভজন্ত জগদীশ্বরম্। তুণ্ডাকারেণ লোলেনৈকদন্তাকারকেণ চ। ৩১৫ ॥

সন্তপ্তেনাঙ্কিতস্তৈব মুক্তিরস্তি তুজন্মনে। ইত্যুক্ত আহ সর্ব্বজ্ঞো গুরুস্তং করুণানিধিঃ। ৩১৬ ॥

অয়ে ত্বং পরমাত্মৈব জগৎকর্ত্তা ত্বয়েরিতঃ। গণাধিপতিশব্দেন সর্ব্বনামা মহেশ্বরঃ। ২১৭ ॥

অংশাংশিনোরভেদেন রুদ্রপুত্রোঽপি চ স্বয়ম্। সম্ভবত্যেব সর্ব্বাত্মা সর্ব্ববিঘ্ননিবারকঃ। ৩১৮ ॥

উপাসনীয় এবায়ং নিখিলৈরন্ত সর্ব্বদঃ। কিঞ্চ বিপ্রৈর্গণেশাদ্যাঃ পঞ্চ পূজ্যা মুমুক্ষুভিঃ। ৩১৯ ॥

কিন্তু তুণ্ডাদিচিহ্নস্ত ধারণং সন্নিরুদ্ধ্যতে। বেদেন চ পুরাণেন তস্মাচ্চিহ্নং বিহায় ভোঃ ।। ৩২০ ॥

পঞ্চপূজাদিসম্পন্নোঽদ্বৈতনিষ্ঠো বিমোক্ষ্যসে। এবমুক্তো গুরুং নত্বা দ্বিবট্‌ধা তৎকটাক্ষতঃ। ৩২১ ॥

পবিত্রতাং গতো ধ্যায়ংস্তমেব পরমং গুরুম্। পঞ্চপূজাদিকং কুর্ব্বন্ সুখমাপাঽমিতং দ্বিজঃ। ৩২২ ॥

ততো গণকুমারাখ্যো নিরস্তেঽস্তঃ সমাগতঃ। আচার্য্যমাহ হেরম্বসুতস্তং পরমং গুরুম্। ২২৩ ॥

এইকথা শুনিয়া ঐ ব্রাহ্মণ চিহ্ন সকল পরিত্যাগ পূর্ব্বক শিষ্য সমভিব্যাহারে মহাত্মা শঙ্করাচার্য্যের শিষ্য হয়। ঐ গিরিজাসুত পঞ্চদেবতার পূজা পঞ্চ যজ্ঞ করিতে মনন করে, এবং গুরুর সেবা শুশ্রূষা করিয়া অবস্থান করিতে লাগিল।

তখন অন্য আর একজন গাণপত্য আসিয়া বলিল—আমি হরিদ্রাবর্ণ গণপতির মতবাদী। তিনিই ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর, ইন্দ্র, বৃহস্পতি, শুক্রাচার্য্য, ও অন্যান্য সমুদয় পদার্থের কারণ। আমরা সেই জ্যেষ্ঠরাজ পরমাত্মার ধ্যান করিয়া থাকি। হে যতিবর! বেদেও তাঁহাকে সকল কার্য্যে সর্ব্বপূজ্য বলিয়া নির্দ্দেশ করিয়াছে। অতএব সকল দেবতা এই গণপতির পূজা করিবেক। হে যতিবর! স্কন্দপুরাণে এই গণপতির যেরূপ ধ্যান বর্ণিত হইয়াছে, তাহা বলিতেছি শ্রবণ করুন। তিনি পীতাম্বর পরিধান করিয়া থাকেন—পীতবর্ণ যজ্ঞোপবীত ধারণ করেন—তিনি চতুর্ভুজ, ত্রিনয়ন, তাঁহার মুখ হরিদ্রাবর্ণ—যে ব্যক্তি পাশ, অঙ্কুশ, অভয় পদ্মধারী ঐ গণপতির ধ্যান করে, সে ব্যক্তি যে মুক্ত হইবে, তাহাতে আর সংশয় নাই। ২৯১—৩১৩।

ইনিই জগৎকারণ—তাঁহার অংশরূপী ব্রহ্মাদি দেবতাগণ, তাহা হইতেই উৎপন্ন হইয়াছেন। অতএব আপনারাও সকলের পিতামহ,জগদীশ্বর ঐ বিঘ্নপতিকে ভজনা করুন। যে ব্যক্তি আপনার দুই হস্তে তুণ্ডাকার এবং দন্তাকার তপ্ত লৌহ দ্বারা অঙ্কিত হয়, তাহার মুক্তি অবধারিত।

এই কথা শুনিয়া দয়াময় আচার্য্য বলিলেন—তুমি যে বলিয়াছ পরমাত্মা জগৎকর্ত্তা, একথা নিতান্ত সত্য। গণপতি শব্দ দ্বারা সর্ব্বময় মহেশ্বরকে বুঝাইতেছে। অংশ ও অংশী ইহারা উভয়েই অভিন্ন। সুতরাং রুদ্র পুত্র গণপতিও স্বয়ং পরমাত্মার অংশ স্বরূপ হইয়া সর্ব্বময় বা সর্ব্ববিঘ্ন বিনাশন হইবে, ইহা বিচিত্র নয়। সকলে তাঁহার উপাসনা করুক, বা তিনি সর্ব্বদান করুন, তাহাতে কোন ক্ষতি নাই। কিন্তু বেদও পুরাণের বিরুদ্ধ হওয়াতে তিনি তুণ্ড কি দন্তাদি চিহ্ন ধারণ করিবে না। অতএব চিহ্নত্যাগ করিয়া পঞ্চ দেবতার পূজা বা পঞ্চ যজ্ঞ করিলেই মুক্ত হইবে।

মহাগণপতেস্ত্বেকং হরিদ্রাগণপস্য চ। উচ্ছিষ্টগণপস্যৈকং নবনীতগণেশিতুঃ ॥ ৩২৪ ॥

মতমেকং তথা স্বর্ণগণপস্যৈকমীরিতম্। সন্তানগণপস্যৈকমাগমে শৈবসংজ্ঞকে। ৩২৫ ॥

উচ্ছিষ্টগণপস্যাহমুপাসনপরায়ণঃ। উচ্ছিষ্টঃ গণপঃ প্রোক্তো বামাঙ্কেনাবলম্বনাৎ। ৩২৬ ॥

চতুর্ভুজং ত্রিনয়নং পাশাঙ্কুশগদাভয়ম্। শুণ্ডাগ্রতীব্রমধুকং গণনাথমহং ভজে। ৩২৭ ॥

মহাপীঠনিষণ্ণকং বামাঙ্কগন্নিসংস্থিতাম্। দেবীমালিঙ্গ্য চুম্বংস্পৃশংস্তুণ্ডেন বৈ ভগম্। ৩২৮ ॥

ইতি ধ্যানং হি সংপ্রোক্তং তথাত্মৈক্যং তু চিন্তনম্। জীবেশযোরিবৈক্যন্ত তযোস্ত যতিনায়ক ॥ ৩২৯ ॥

কুঙ্কুমাঙ্কিতফালোঽহং ভক্তো মার্গবরে স্থিতঃ। ইচ্ছাধীনানি কর্ম্মাণি কৃতাদেবং ভজেৎ সদা। ৩৩০ ॥

এতৎসমং মতং নাস্তীত্যেবং মত্বাতিহৃষ্টধীঃ। সম্পন্নোঽস্মি যতে! কিঞ্চ ধর্ম্মোঽস্ত্যস্মিন্ মতে নৃণাম্। ৩৩১ ॥

সর্ব্বেষামেক এবৈকজাতিস্ত্রাণামথৈব হি। সমস্তা যোষিতস্ত্বেকাং জাতাবৈব বিয়োগতঃ। ৩৩২ ॥

সংযোগতশ্চ নো দোষঃ কশ্চিদস্তি যতীশ্বর!। অয়মেব পতি র্ম্মা ইতি নাস্তি নিয়ামকঃ। ৩৩৩ ॥

অন্যোঽন্যসঙ্গজানন্দ প্রাপ্তিরেষবিমুক্তিতা। আনন্দাত্মা গণেশোঽহং তদংশাঃ পদ্মজাদয়ঃ। ৩৩৪ ॥

অংশাংশিনোরভেদস্ত বেদে সম্যক্ প্রকীর্ত্তিতঃ। গণেভ্যো গণপেভ্যশ্চ নম ইত্যাদিনা বচে ॥ ৩৩৫ ॥

এইকথা শুনিয়া ঐ ব্রাহ্মণ বার বার শঙ্করকে প্রণাম করিয়া তাঁহার কটাক্ষে পবিত্র হইল। শঙ্করকে পরম গুরু ভাবিয়া ধ্যান করিতে লাগিল—পঞ্চ দেবতার পূজা করিয়া অপরিমিত সুখ লাভ করিল।

ঐ গণকুমার নিরস্ত হইলে অন্য একজন হেরম্বসুত নামক গণপতী মতাবলম্বী তথায় উপস্থিত হইল। সে আসিয়া বলিল—মহাপতির, হরিদ্রাগণ পতির, উচ্ছিষ্টগণপতির, নবনীতগণপতির-স্বর্ণগণপতির, এবং সন্তানগণপতির, এক একটি মত আছে। এই সকল মত শৈব আগমে কথিত হইয়াছে। তন্মধ্যে আমি উচ্ছিষ্টগণপতির উপাসনা করিয়া থাকি। উচ্ছিষ্টগণপতি বাম অঙ্কে অবস্থান করেন। যিনি চতুর্ভুজ, ত্রিনয়ন, পাশ অঙ্কুশ, গদা ও অভয় ধারণ করিয়া আছেন, যাঁহার শুণ্ডের অগ্রে তীব্র মধু অবস্থিত, আমি সেই গণপতির ভজনা করি। তিনি মহাপীঠের উপর অবস্থিতি করেন—বামাঙ্কে দেবীকে আলিঙ্গন করিয়া চুম্বন করেন—শুণ্ড দ্বারা ভগস্পর্শ করেন—এইরূপে তাঁহার ধ্যান কথিত হইয়াছে—অতএব তাঁহার ধ্যান করা আবশ্যক। জীব ও পরমাত্মার যেমন ঐক্য ভাবিতে হয়, তদ্রূপ দেবী ও গণপতির ঐক্য চিন্তা করিবেক। আমি ভক্ত, সুতরাং ললাটে কুঙ্কুমের চিহ্ন ধারণ করিয়াছি। আমি এই পথে অবস্থান করিয়া থাকি। ইচ্ছাধীন কার্য্য করিয়া সর্ব্বদা পতিকে ভজনা করিবেক। ইহার তুল্য আর মত নাই—ইহা ভাবিয়া আমি অত্যন্ত হৃষ্টচিত্ত হইয়াছি। হে যতিবর! এই মতে যেরূপ ধর্ম্ম আছে, তাহা বলিতেছি শ্রবণ করুন। জগতে এক জাতি বলিয়া সকল মানবেই এক। তদ্রূপ সকল স্ত্রী জাতিও এক। পুরুষদের, কি স্ত্রীলোকদের, সংযোগ কি বিয়োগ, কোন দোষ নাই। যতিরাজ! 'এই আমার পতি' এরূপ কোন নিয়ম নাই। যে কোন স্ত্রীর সহিত, যে কোন পুরুষের পরস্পর সঙ্গজন্য আনন্দের নাম মুক্তি। গণপতি আনন্দস্বরূপ, ব্রহ্মাদি দেবগণ তাঁহার অংশ স্বরূপ। অংশ ও অংশীর অভেদ বেদে স্পষ্ট কথিত হইয়াছে। গণেভ্যো নমঃ গণপতিভ্যো নমঃ ইত্যাদি বাক্য দ্বারা ঐক্য দেখা যায়। রুদ্রও গণপতির অংশ স্বরূপ। হে মুনিবর! গণপতি ভিন্ন আর কেহই নাই। 'ন কর্ম্মণা ন প্রজয়া' ইত্যাদি বেদ বাক্য দ্বারা স্পষ্টই জানা যায় যে, কর্ম্ম কখনই মোক্ষের কারণ নয়।

রুদ্রস্তু গণপাস্ত্বৈব নত্বক্তো মুনিপুঙ্গব!। ন কর্ম্মণেতি হি শ্রুত্যা কর্ম্ম নো মোক্ষকারণম্ ৩৩৬॥

কিন্তু ত্যাগঃ সহিষ্ণুত্বমুখৈর্যুক্তঃ সমীরিতঃ। দ্বন্দ্বতা পুণ্যপাপাদাবপ্যস্তি হি মতে মম। ৩৩৭॥

অনুকূলমিদং তস্মাদেব দেব! মুমুক্ষুভিঃ। সেব্যমিত্যুক্ত আচার্য্যস্তমুবাচ যতীশ্বরঃ। ৩৩৮॥

সুরাং নৈব পিবেন্নৈব পরভার্য্যাং সমাপ্নুয়াৎ। ইত্যাদি বহুভির্ব্বেদবেচাভি র্নিন্দিতং মতে। ৩৩৯॥

গৃহ্যতে যত্র তত্ত্যাজ্যং দূরতঃ সুখকাঙ্ক্ষিভিঃ। ন কর্ম্মণেত্যাদিকা তু শ্রুতিস্তত্ত্ববিদো যতেঃ। ৩৪০॥

সর্ব্বপাপবিহীনস্তু ব্রূতে মোক্ষং ন পাপিনঃ। সুরাপানপরস্যাথ পরদাররতস্য চ। ৩৪১॥

সুরাপানাদিনা মুক্তিং প্রাপ্স্যাম ইতি জল্পনম্। দুঃখদং দৌষ্টামেবাস্তি ত্যক্ত্বা তস্মাদিদং মতম্। ৩৪২॥

বিপ্রাণাং বাক্যতস্তেষাং প্রসাদেন বিনিষ্কৃতিম্। বিধায় মোক্ষমার্গস্থাঃ পঞ্চপূজাপরায়ণাঃ। ৩৪৩॥

পঞ্চযজ্ঞাদিনিরতা মূলাধারাদিচক্রকে। সংধ্যায়ন্তো গণেশাদীনজপামন্ত্রতৎপরাঃ। ৩৪৪॥

তদ্দেবধ্যানতো মুক্তাঃ ভবিষ্যথ ন সংশয়ঃ। এবমুক্তাস্তথা চক্রু র্হেরম্বসুতপূর্ব্বকাঃ। ৩৪৫॥

আগত্যাথ গুরুং প্রোচুরবশিষ্টাস্ত্রয়োঽপি তে। স্বামিন্নেতজ্জগৎ সর্ব্বং গণপত্যাত্মনা বয়ম্। ৩৪৬॥

চিন্তয়ামো বিমোক্ষায় পূজ্যং সর্ব্বৈঃ শুভার্থিভিঃ। তস্মাদ্দূষিতবন্তো বৈ কথমেতন্মতত্রয়ম্। ৩৪৭॥

ভবন্ত ইতি সংপ্রোক্তস্তানাহ যতিপুঙ্গবঃ। মূঢা যূয়ং ততঃ শাস্ত্রতত্ত্বং শৃণুত নিশ্চিতম্। ৩৪৮॥

পুরুষাধিষ্ঠিতায়াঃ প্রকৃতেরাদৌ মহানভূৎ। ততোঽহঙ্কার উৎপন্নস্ত্রিগুণাত্মা স এব হি। ৩৪৯॥

রুদ্রবিষ্ণ্বাদিরূপোঽভূত্তত্র রুদ্রস্য সূনবঃ। গণেশশ্চ কুমারশ্চ ভৈরবশ্চেতি বিশ্রুতাঃ। ৩৫০॥

স্বস্বাধিকারনির্ব্বাহে তৎপরাঃ পূজ্যতাং গতাঃ। তস্মাদ্বিপ্রৈর্গণেশাদ্যাস্তত্তচ্চক্রেষু সংস্থিতাঃ। ৩৫১॥

চিন্তনীয়াঃ প্রযত্নেন তদশক্তৌ তু দেবতাঃ। পঞ্চ পূজ্যা মহেশাদ্যা ইত্যুক্তাস্তে পরং গুরুম্। ৩৫২॥

বীরভদ্রাদয়ো নত্বা ত্যক্তচিহ্নাঃ সুশিষ্যতাম্। গতাস্তে পঞ্চপূজাদিরতা অদ্বৈতবাদিনা॥ ৩৫৩॥

কিন্তু সহিষ্ণুতা প্রভৃতি গুণ দ্বারা ত্যাগ করিলেই মোক্ষ হয়। আমার মতে সুখ দুঃখ, শীত উষ্ণ, ক্ষুধা তৃষ্ণা, পাপ পুণ্য ইত্যাদি সমুদয়ই বিদ্যমান আছে। এই সমুদয় আমার অনুকূল, অতএব মোক্ষার্থীগণ ইহার সেবা করিবেক।

এই কথা শুনিয়া আচার্য্য বলিলেন—'সুরাপান করিবে না—পরস্ত্রীগমন করিবেনা—'ইত্যাদি বেদ বচন দ্বারা যেমতে এরূপ নিন্দিত বিষয় গ্রহণ করিবার কথা আছে, সুখার্থী পণ্ডিতগণ তাহা দূরে ত্যাগ করিবেক। 'ন কর্ম্মণা ন প্রজয়া' ইত্যাদি বেদবাক্য, কেবল তত্ত্বজ্ঞানী, সর্ব্ব পাপশূন্য যতির, মোক্ষ প্রকাশ করিয়া থাকে। কিন্তু পাপী, সুরাপায়ী বা পরদার রত ব্যক্তির মোক্ষ প্রকাশ করে না 'আমি সুরাপান কি পরদার গমন করিয়াও মুক্তি পাইব' ইত্যাদি দুঃখদায়ক দুষ্টমত ত্যাগ করিয়া, ব্রাহ্মণগণের বাক্যানুসারে, তাঁহাদের প্রসাদে, নিষ্কৃতি পাইয়া মোক্ষপথে সঞ্চরণ কর—পঞ্চদেবতার পূজা কর—পঞ্চ যজ্ঞের অনুষ্ঠান কর—জপ না করিয়া মূলাধার প্রভৃতি ষট্‌চক্রে গণেশাদি দেবতাদিগকে ধ্যান কর—ও মন্ত্র মাত্র ধ্যান কর—। তাহা হইলে তোমরা তত্তৎ দেবগণের ধ্যানে অনায়াসে যে মুক্ত হইবে, তাহাতে আর দ্বিরুক্তি নাই। এই কথা শুনিয়া হেরম্বসুত প্রভৃতি উক্ত মতাবলম্বী ব্যক্তিগণ আচার্য্যের বচনে তত্তৎকর্ম্মের অনুষ্ঠান করিতে লাগিল। ৩১৪—৩৪৫।

অনন্তর অবশিষ্ট তিনজন আসিয়া আচার্য্যকে বলিল—প্রভো! এই সমুদয় জগৎ গণপতি হইতে সম্ভূত হইয়াছে। মঙ্গলার্থী পণ্ডিতগণের পূজনীয় সেই গণপতিকে মোক্ষ পাইবার জন্য আমরা ধ্যান করিয়া থাকি। অতএব আপনি কিরূপে এই তিনটী মত দূষিত করিলেন?।

এই কথা শুনিয়া যতিরাজ তাহাদিগকে বলিলেন—তোমরা মূর্খ, অতএব শাস্ত্রের গূঢ়তত্ত্ব যথার্থরূপে শ্রবণ কর। প্রথমে পুরাধিষ্ঠিত প্রকৃতি হইতে মহত্তত্ত্বের উৎপত্তি। মহৎ হইতে অহঙ্কার উৎপন্ন হয়, এইজন্য তিনিই ত্রিগুণাত্মা। তিনিই ব্রহ্মা বিষ্ণু মহেশ্বররূপী। তন্মধ্যে গণেশ, কার্ত্তিকের, ভৈরব

স্বরধাম স তত্র কারয়িত্বা পরবিদ্যাচরণানুসারি চিত্রম্। অপবার্য্য চ তান্ত্রিকানতানীদ্ভগবত্যাঃ শ্রুতিসম্মতাং সপর্য্যাম্ ॥ ৫ ॥

নিজপাদসরোজসেবনার্থে বিনয়েন স্বয়মাগতা-নথান্ধ্রান্। অনুগৃহ্য স বেঙ্কটাচলেশং প্রণিপত্যাপ বিদর্ভরাজধানীম্ ॥ ৬ ॥

তদেতৎ সংক্ষিপ্যোক্তং স্বরধ ইত্যাদিনা ॥ ৪ ॥

তত্র কাঞ্চ্যাং পরবিদ্যাচরণানুসারি চিত্রং দেবমন্দিরং কারয়িত্বা তান্ত্রিকাংশ্চ বিনিবার্য্য শ্রুতিসংমতাং ভগবত্যাঃ পূজাং স শ্রীশঙ্করাচার্য্যো বিস্তারিতবানিত্যর্থঃ। অত্রেদম-বধেয়ং পরমগুরুঃ শ্রীশঙ্করাচার্য্যো যত্র কিল মহাদেবঃ স্বকীয় পৃথিবীমূর্ত্ত্যাবির্ভূতলিঙ্গরূপেণাম্বরেশ ইতি প্রসিদ্ধ্যা বর্ত্ততে তস্মিন্ কাঞ্চীনগরে মাসমাত্রং স্থিত্বা শঙ্করপ্রতিষ্ঠাপূর্ব্বকং শিবকাঞ্চীতিপ-ট্টণং নির্ম্মায় তৎপ্রাক্ আবির্ভূতবিষ্ণুং বরদরাজানং সমাশ্রিত্য তত্র বিষ্ণু কাঞ্চীতিপট্টণং নির্ম্মায় তৎসেবার্থং ব্রাহ্মণাদীননেক ভক্তজনান্ সম্পাদ্য তানপি শুদ্ধাদ্বৈতবৃত্তীনেব সর্ব্ববেদান্ততাৎপ-র্য্যনিষ্ঠাংশ্চকার ততস্তদ্দেশবাসিনঃ সর্ব্বে তাম্রপর্ণীতটাদাগত্য প-রমগুরুং নত্বোচুঃ হে স্বামিন্নস্মিংল্লোকে দেহাদিভেদস্য প্রত্যক্ষ-ত্বাৎ পরলোকেঽপি তত্তৎকর্ম্মণা তত্তদুপাসনয়া চ তত্তল্লোকপ্রাপ্তি-শ্রবণাচ্চ ভেদ এব সত্যবস্তুতীতি পৃষ্টঃ আচার্য্য উবাচ ভো দ্বিজাঃ! পরমাত্মতত্ত্বমবিদিত্বেদমুক্তং ভবদ্ভিঃ যত্র ত্বস্য সর্ব্ব-মাত্মৈবাভূত্তৎকেন কং পশ্যেদিত্যাদিশ্রুতিভিস্তত্ত্বজ্ঞানাগ্নিদগ্ধ-পাপপঞ্জরস্য মুক্তিদশায়াং ভেদাভাবপ্রতিপাদনাত্তৎ সৃষ্ট্বা তদেবানুপ্রাবিশৎ অনেন জীবেনাত্মনানুপ্রবিশ্য নামরূপে ব্যাকরবাণীত্যাদিশ্রুতাৎপর্য্যেণ জগৎকর্ত্তুর্ব্রহ্মণ এব জীব-রূপেণ জগদন্তঃপ্রবেশাবগমাচ্চ কিঞ্চ কতি দেবা ইত্যুপক্রম্য ত্রয়শ্চ ত্রী চ শতা ত্রয়শ্চ ত্রী চ সহস্রেতি দেবানেকতামভিধায়া-ঽন্তর্ভাবক্রমেণ একোদেব ইতি প্রাণ ইতি চ ব্রহ্মণ এবানেকত্বং প্রদর্শিতম্। বহুস্যাং প্রজায়েয়েত্যাদি শ্রুত্যা চ ভোক্তৃভোগ্যা-ত্মকসকলস্যাপি প্রপঞ্চস্য পরমাত্মরূপতা প্রতিপাদিতা। তস্মাৎ সর্ব্বজ্ঞং নিত্যশুদ্ধবুদ্ধমুক্তস্বভাবং সকলবিবর্ত্তাধিষ্ঠানং ব্রহ্ম মুমুক্ষু-ভিরুপাসনীয়ং। তস্মাদ্ভবন্তোঽপি জীবপরমাত্মভেদং চ বিহায় শুদ্ধাদ্বৈতব্রহ্মোপাসনয়া মুক্তা ভবথেতি সম্যগুপদিষ্টাঃ কাঞ্চী-তাম্রপর্ণীদেশবাসিনঃ শুদ্ধাদ্বৈতবিদ্যাশ্রিতা বভূবুরিতি ॥ ৫ ॥

এতদেব সংগ্রহেণাহ অথ নিজপাদসরোজসেবনার্থং বিনয়েন স্বয়মাগতান্ আন্ধ্রদেশীয়ানমুগৃহ্য স বেঙ্কটাচলেশং প্রণিপত্য বিদর্ভরাজধানীং প্রাপ ॥ ৬ ॥

---

* ঐ কাঞ্চীনগরীতে পরবিদ্যার যেরূপ চরণ, তদনুযায়ী বিচিত্র এক দেবমন্দির নির্ম্মাণ করাইয়া তান্ত্রিকব্যক্তি দিগকে নিবারণ করিয়া আচার্য্য শঙ্কর, ভগবতীর বেদোক্ত পূজা বিস্তার করিলেন। ৫।

শঙ্করের পাদপদ্ম সেবা করিবার জন্য বিনয়

ইহারাই রুদ্রের পুত্র। স্ব স্ব অধিকার নির্ব্বাহ করিতে তৎপর হ-ইয়া তাঁহারা পূজার পাত্র হইয়াছেন। অতএব ব্রাহ্মণেরা সযত্নে পূর্ব্বোক্ত মূলাধারাদিচক্রে অবস্থিত গণেশাদি দেবতাদিগকে অবশ্য ধ্যান করিবেক। যদি তাহাতে অশক্ত হয়, তাহা হইলে শিব প্রভৃতি পঞ্চ দেবতার পূজা করিবেক।

আচার্য্যের এই কথা শুনিয়া বীরভদ্রাদি ব্রাহ্মণগণ পরম গুরু শঙ্করকে নমস্কার করিয়া সমস্ত চিহ্ন বিসর্জ্জন করিয়া তাঁহার শিষ্য হইল। পঞ্চদেবতার পূজা করিয়া অদ্বৈতবাদী হইয়া উঠিল। ৩৪৬—৩৫৩।

* যেস্থানে মহাদেব স্বকীয় পৃথিবী মূর্ত্তি দ্বারা আবির্ভূত হইয়া 'অম্বরেশ' শিবলিঙ্গরূপে প্রসিদ্ধ হইয়া বিরাজমান আ ছেন, আচার্য্য শঙ্কর সেই কাঞ্চীনগরীতে একমাস কাল অব স্থিতি করিয়া এক শিব প্রতিষ্ঠা করেন। ইহার কিছু দিন পূর্ব্বে বরদরাজার কাছে যাইয়া যে স্থানে বিষ্ণু আবির্ভূত ছিলেন, তথায় 'বিষ্ণুকাঞ্চী' এই নামে এক দেবালয় নির্ম্মাণ করিয়া তাঁহাদের সেবার জন্য অনেক ভক্ত ব্রাহ্মণ দিগকে তথায় নিযুক্ত করিয়া ঐ সকল ব্রাহ্মণ দিগকে নির্ম্মল অদ্বৈত মতে দীক্ষিত এবং সমুদয় বেদান্তের তাৎপর্য্য বিষয়ে অভিনিবিষ্ট করিলেন।

অভিগম্য স ভক্তিপূর্ব্বমন্তাং কৃতপূজঃ ক্রথকেশিকেশ্বরেণ। নিজশিষ্যনিরস্তদুষ্টবুদ্ধীন্ ব্যদধাত্তৈরবতন্ত্রসাবলম্বান্ ॥ ৭ ॥

অথ কেশিকেশ্বরেণ ভক্তিপূর্ব্বমভিগম্যান্তাং বিদর্ভরাজধান্যাং কৃতপূজঃ স ভৈরবতন্ত্রেণ সাবলম্বানবলম্বসহিতান্নিজশিষ্যৈ র্নিরস্তা দুষ্টবুদ্ধির্যেষাং তথাভূতান্ ব্যদধাৎ ॥ ৭ ॥

পূর্ব্বক স্বয়ং সমাগত আন্ধ্র দেশীয় ব্যক্তিদিগকে অনুগ্রহ করিয়া আচার্য্য শঙ্কর 'বেঙ্কটাচলেশ' শিবকে প্রণিপাত করিয়া বিদর্ভরাজধানীতে গমন করেন ॥ ৬ ॥

বিদর্ভপতি ঐ রাজধানীতে ভক্তিপূর্ব্বক শঙ্করকে পূজা করেন। ঐ দেববাসী যাহারা ভৈরব তন্ত্র অবলম্বন করিয়াছিল, আচার্য্য শঙ্কর নিজ শিষ্য সমূহদ্বারা তাহাদের দুষ্ট বুদ্ধি নিরস্ত করেন। ৭।

অনন্তর তদ্দেশবাসী সকলে তাম্রপর্ণী তট হইতে আগমন করিয়া পরমগুরু আচার্য্যকে প্রণাম করিয়া বলিল—প্রভো! এই জগতে দেহাদির ভেদ প্রত্যক্ষ। পরলোকেও যে যে যেমন কর্ম্ম করে—যেমন উপাসনা করে—সেই সেই ব্যক্তি সেই সেই লোক পাইয়া থাকে। যখন এরূপ শাস্ত্রে শোনা যাইতেছে, তখন ভেদসত্যবৎ বুঝিতে হইবে।

তাহাদের এই কথা শুনিয়া আচার্য্য বলিলেন—হে দ্বিজগণ! তোমরা পরমতত্ত্ব না জানিয়া এই কথা বলিয়াছ। "সর্ব্বমাত্মৈবাভূৎ তৎকেন কং পশ্যেৎ" (অর্থাৎ সকলই আত্মা, তখন কিরূপে কে কাহাকে দেখিবে।) ইত্যাদি শ্রুতিদ্বারা তত্ত্বজ্ঞানরূপ অনলে যখন পাপ পঞ্জর দগ্ধ হয় তখন মুক্তি দশা উপস্থিত। ঐ অবস্থায় কোন ভেদজ্ঞান থাকে না। 'তৎসৃষ্ট্বা তদেবানুপ্রা-

অভিবাদ্য বিদর্ভরাজবাদীন্দ্র কর্ণাটবসুন্ধরামিযাসুম্। ভগবন্! বহুভিঃ কপালিজালৈঃ সহি দেশো ভবতামগম্যরূপঃ ॥ ৮ ॥

অথ কর্ণাটভূমিং গন্তুমিচ্ছুমভিবাদ্য বিদর্ভরাড়ুক্তবান্ হে ভগবন্! সহি দেশো বহুভিঃ কাপালিকৈ র্ভবতামগম্যরূপঃ ॥ ৮ ॥

অনন্তর শঙ্কর যখন কর্ণাটদেশে গমন করিতে ইচ্ছা করেন, তখন বিদর্ভরাজ তাঁহাকে অভিবাদন করিয়া বলিল—ভগবন্! সে দেশে অনেক কাপালিক বসতি করে। তাহাদের দ্বারা আপনাদের গতিরোধ হইবার সম্ভাবনা। ৮।

বিশৎ তিনি যে বস্তু সৃষ্টি করেন, পরে তাহাতেই প্রবেশ করেন। 'অনেন জীবেনাত্মনানুপ্রবিশ্য নামরূপে ব্যাকরবাণি' এই জীবাত্মা দ্বারা অনুপ্রবেশ করিয়া আমি নাম ও রূপ প্রকাশ করিব। ইত্যাদি শাস্ত্র তাৎপর্য্য দ্বারা জগৎ কর্ত্তা যে পরব্রহ্ম, তিনিই জীবরূপে জগতের মধ্যে প্রবেশ করেন, ইহাই প্রতিপন্ন হয়। অপিচ 'কতি দেবাঃ' কত দেবতা আছে—বেদের এই বাক্য হইতে আরম্ভ করিয়া ত্রয়শ্চ ত্রীচ শতা ত্রয়শ্চ ত্রীচ সহস্রা' তিনটি দেবতা--তিনশত দেবতা—কিম্বা তিন সহস্র দেবতা এই রূপে দেবের বহুত্ব বলিয়া "একো দেব ইতি প্রাণ ইতি" দেবতা এক—তিনি প্রাণস্বরূপ। ইহা দ্বারা ব্রহ্মেরই বহুত্ব দর্শিত হইয়াছে। কিন্তু বহুত্ব ঐ একত্বের অন্তবর্ত্তী জানিবে। 'বহু স্যাং প্রজায়েয়' আমি বহু হইয়া জন্ম গ্রহণ করি—ইত্যাদি বেদবচনে ভোক্তা ও ভোগ্য স্বরূপ এই নিখিল জগতের পরমাত্মা যে মূল কারণ—জগৎ যে আত্মময়—তাহাই কথিত হইয়াছে। অতএব যিনি সর্ব্বজ্ঞ, নিত্য শুদ্ধ, বুদ্ধ, মুক্তস্বভাব, যিনি সকল বস্তুর আধার—সেই ব্রহ্মকে মোক্ষার্থীগণ উপাসনা করিবেক। অতএব তোমরাও জীবাত্মা বা পরমাত্মার ভেদ-

নহি তে ভগবদ্‌যশঃ সহন্তে নিহিতেৰ্ষ্যাঃ শ্রুতিষু ব্রবীম্যতোঽহম্। অহিতে' জগতাং সমুৎসহন্তে মহতেষু প্রতিপক্ষতাং বহন্তে ॥ ৯ ॥

ইতি বাদিনি ভূমিপে সুধন্বা যতিরাজং নিজগাবধিজ্যধন্বা। ময়ি তিষ্ঠতি কিং ভয়ং পরেভ্যস্তব ভক্তে যতিনাথ! পামরেভ্যঃ ॥ ১০ ॥

যতস্তে কাপালিকাঃ ভগবদ্‌যশো ন সহন্তে যতশ্চ শ্রুতিষু নিহিতা স্থাপিতা ঈর্ষ্যা যৈস্তেবতশ্চ জগতামহিতে সমুৎসহন্তে সমাগুৎসাহ যুক্তা ভবন্তি যতশ্চ মহৎসু প্রতিপক্ষতামুদ্বহন্তে স্বীকুর্ব্বন্ত্যত এবমহং ব্রবীমি ॥ ৯ ॥

ইত্যেবং বিদর্ভাধিপে বদতি সতি অধিজ্যধন্বা সুধন্বা যতিরাজং বভাষে হে যতিনাথ! ময়ি তব ভক্তে তিষ্ঠতি পামরেভ্যঃ পরেভ্যস্তব কিমপি ভয়ং নাস্তি ॥ ১০ ॥

তাহারা আপনার যশ সহ্য করিতে পারেনা। বেদের উপর তাহাদের সম্পূর্ণ ঈর্ষ্যা। জগতের অমঙ্গল করিতে তাহাদের নিতান্ত উৎসাহ আছে। তাহারা কেবল মহৎ লোকের সহিত বিবাদ মাত্রই করিয়া থাকে। এই কারণে আমি আপনাকে এই কথা বলিলাম। ৯।

বিদর্ভপতির এই কথা শুনিয়া সগুণধন্মুর্ধারণ করিয়া মহারাজ সুধন্বা যতিরাজকে বলিলেন। হে যতিরাজ! আমি আপনার ভক্ত, আমি যখন বিদ্যমান আছি, তখন পামর শত্রুপক্ষ হইতে ভয়ের আশঙ্কা কি?। ১০।

দেবতাভেদ ত্যাগ করিয়া শুদ্ধ অদ্বৈত ব্রহ্মের উপাসনা করিয়া মুক্ত হইবেক। আচার্য্যের এইরূপ সদুপদেশে কাঞ্চী এবং তাম্রপর্ণী দেশবাসী সকলেই শুদ্ধ অদ্বৈত বিদ্যা আশ্রয় করিল।

অথ তীর্থকরাগ্রণীঃ প্রতস্থে কিল কাপালিকজালকং বিজেতুম্। নিশময্য তমাগতং সমাগাৎ ক্রকচো নাম কপালিদেশিকাগ্র্যঃ ॥ ১১ ॥

পিতৃকাননভস্মনানুহংপিপ্তঃ করসংপ্রাপ্তকরোটিরাত্তশূলঃ। সহিতো বহুভিঃ স্বতুল্যবেশৈঃ স ইতি স্মাহ মহামনাঃ স্বগর্বঃ ॥ ১২ ॥

ভসিতং ধৃতমিত্যদস্তু যুক্তং শুচি সন্ত্যজ্য শিরঃ কপালমেতৎ। বহথা হ্যশুচি খর্পরং কিমর্থং ন কথঙ্কারমুপাস্যতে কপালী ॥ ১৩ ॥

অথ শাস্ত্রকরাগ্রণীঃ কাপালিকজালকং বিজেতুং স উজ্জয়ন্যাখ্যপুরং প্রতস্থে ॥ ১১ ॥

শ্মশানভস্মনা লিপ্তাঙ্গঃ করসংপ্রাপ্তমনুষ্যশিরঃকপালঃ ॥ ১২ ॥

যদ্ভস্ম ধৃতমিতীদন্তু যুক্তং পরন্তু শুচি শিরঃকপালমেতৎপরিত্যজ্যাপবিত্রং মৃন্ময়খর্পরং কিমর্থং বহসি কথঙ্কারং কথং কপালী ভৈরবো ভবদ্ভির্নোপাস্যতে ॥ ১৩ ॥

অনন্তর শাস্ত্রকারদিগের অগ্রগণ্য আচার্য্য শঙ্কর, কাপালিককুল জয় করিতে উজ্জয়িনীদেশে গমন করেন। তাঁহাকে আসিতে শুনিয়া ক্রকচনামে একজন কাপালিকমতের গুরু তথায় উপস্থিত হন। ১১।

শ্মশানের ভস্মদ্বারা তাহার সর্ব্বাঙ্গ লিপ্ত, এক হস্তে নৃকপাল এবং তাহার অপর হস্তে শূল। আপনার তুল্য বেশধারী কতকগুলিন শিষ্য লইয়া উদারচেতা ক্রকচ সগর্বে আচার্য্যকে বলিল। ১২।

তুমি যে ভস্মধারণ করিয়াছ, ইহা উপযুক্ত

নরশীর্ষকুশেশয়ৈরক্তা রুধিরাক্তৈর্মধুনা চ ভৈরবার্চাম্। উময়া সময়া সরোরুহাক্ষ্যা কথমশ্লিষ্টবপুর্মুদং প্রযায়াৎ ॥ ১৪ ॥

ইতি জল্পতি ভৈরবাগমানাং হৃদয়ং কাপুরুষেতি তং বিনিন্দ্য। নিরবাসয়দাত্মবিৎসমাজাৎ পুরুষৈঃ স্বৈরধিকারিভিঃ সুধন্বা ॥ ১৫ ॥

রুধিরাক্তৈর্নরশিরোলক্ষণকমলৈর্মদ্যেন চ ভৈরবার্চামকৃত্বা। কপালী ভৈরবঃ স্বসমানয়া কমলাক্ষ্যা উময়া অশ্লিষ্টবপুর্মুদং কথং প্রাপ্নুয়াৎ ॥ ১৪ ॥

ইত্যেবং ক্রকচে ভৈরবাগমানাং হৃদয়ং জল্পতি সতি হে কুৎসিতপুরুষেতি তং বিনিন্দ্য স্বীয়ৈরধিকারিভিঃ সুধন্বা আত্মবিদাং সমাজাদ্বহিশ্চকার ॥ ১৫ ॥

বটে, কিন্তু পরম পবিত্র নৃকপাল ত্যাগ করিয়া অপবিত্র মৃণ্ময় খর্পর (খাবরা) বহন করিতেছ কেন? এবং তোমরা আমাদের গুরু ভৈরবের উপাসনা কর না কেন?। ১৩।

রুধির সংযুক্ত নরমুণ্ডরূপ কমল—এবং মদ্য দ্বারা তোমরা ভৈরবের অর্চ্চনা কর না কেন?। কমলনেত্রা ও আপনার অনুরূপ উমাদ্বারা যদি ভৈরব আলিঙ্গিত দেহ না হন,তবে তাঁহার সন্তোষ হইবে কেন?। ১৪।

ক্রকচ এইরূপে কাপালিকদিগের শাস্ত্রের গূঢ় মর্ম্ম প্রকাশ করেন। তখন রাজা সুধন্বা 'হে কাপুরুষ!' এইরূপে তাহাকে নিন্দা করিয়া আপনার অনুচর বর্গ দ্বারা তত্ত্ববিৎ সমাজ হইতে তাহাকে দূর করিয়া দেন। ১৫।

ভ্রুকুটীকুটিলাননশ্চলোষ্ঠঃ শিতমুদ্যম্য পরশ্বধং স মূর্খঃ। ভবতাং ন শিরাংসি চেদ্বিভিন্দ্যাং ক্রকচো নাহমিতি ব্রুবন্নয়াসীৎ ॥ ১৬ ॥

কুপিতানি কপালিনাং কুলানি প্রলয়াম্ভোধরভীকরারবাণি। অমুনা প্রহিতান্যতিপ্রগল্ভ্যান্যভিযাতানি সমুদ্যতায়ুধানি ॥ ১৭ ॥

অথ বিপ্রকুলং ভয়াকুলং তদ্দ্রুতমালোক্য মহারথঃ সুধন্বা। কুপিতঃ কবচী রথী নিষঙ্গী ধনুরাদায় যযৌ শরান্ বিমুঞ্চন্ ॥ ১৮ ॥

শিতং পরশ্বধমুদ্যম্য ভবতাং শিরাংসি ন বিভিন্দ্যাং চেত্তর্হি ক্রকচো নাহমিতি ব্রুবন্নয়াসীৎ ॥ ১৬ ॥

প্রলয়াম্ভোধরবদ্ভয়ঙ্করঃ শব্দো যেষাং অমুনা ক্রকচেন প্রেষিতানি অপ্রগণিতানি কপালিনাং কুলানি কুপিতানি সমুদ্যতায়ুধানি অভিযাতানি ॥ ১৭ ॥

অথ তেষামভিগমনানন্তরং তদ্বিপ্রকুলং ভয়েন ব্যাকুলমালোক্য ঝটিতি কুপিতঃ সুধন্বা ধনুরাদায় বাণান্ বিমুঞ্চন্ যযৌ ॥ ১৮ ॥

তখন মূর্খ ক্রকচের মুখ ভ্রূকুটি দ্বারা ভীষণ হইল—ওষ্ঠ কাঁপিতে লাগিল—তখন শাণিত কুঠার তুলিয়া লইয়া 'যদি আমি তোমাদের মুণ্ডচ্ছেদ না করি তবে আমি ক্রকচই নয়' এই কথা বলিয়া গমন করেন। ১৬।

ঐ সময়ে কাপালিককুল ক্রুদ্ধ হইয়া উঠিল—প্রলয়কালীন মেঘের মতন তাহারা ভীষণ শব্দ করিতে লাগিল—ক্রকচ তাহাদিগকে পাঠাইয়া দিল, তাহারা অস্ত্র শস্ত্র লইয়া দলে দলে অগ্রসর হইতে লাগিল। ১৭।

অবনীভৃতি যোধয়ত্যরীংস্ত্বয়ৈকত্র ততোঽন্যতো নিযুক্তাঃ। ক্রকচেন বধায় ভূসুরাণাং দ্রুতমাসেদুরুদায়ুধাঃ সহস্রম্ ॥ ১৯ ॥

অবলোক্য কপালিসঙ্ঘমারাচ্ছমনানীকনিকাশমাপতন্তম্। ব্যথিতাঃ প্রতিপেদিরে শরণ্যং শরণং শঙ্করযোগিনং দ্বিজেন্দ্রাঃ ॥ ২০ ॥

অসিতোমরপট্টিশত্রিশূলৈঃ প্রজিঘাংসূন্ ভৃশমুদ্ধিতাট্টহাসান্। যতিরাট্ স চকার ভস্মসাত্তান্নিজহুঙ্কারভুবাঽগ্নিনা ক্ষণেন ॥ ২১ ॥

নৃপতিশ্চ শরৈঃ সুবর্ণপুঙ্খৈর্বিনিকৃত্তৈঃ প্রতিপক্ষবক্ত্রপদ্মৈঃ। রণরঙ্গভুবং সহস্রসঙ্খ্যৈঃ সমলঙ্কৃত্য মুদাঽগমন্ মুনীন্দ্রম্ ॥ ২২ ॥

তদনু ক্রকচো হতান্ স্বকীয়ানরুজাংশ্চ দ্বিজপুঙ্গবানুদীক্ষ্য। অতিমাত্রবিদূয়মানচেতা যতিরাজস্য সমীপমাপ ভূয়ঃ ॥ ২৩ ॥

ত্বরয়া তানরীনেকত্র ভূমিপে সুধন্বনি যোধয়তি সতি অন্যতো ব্রাহ্মণানাং বধায় ক্রকচেন নিযুক্তাঃ সহস্রসংখ্যা উদায়ুধা দ্রুতমাসেদুঃ আযযুঃ ॥ ১৯ ॥

যতিসৈন্যসমীপমাপতন্তং কপালিসঙ্ঘং দূরাদবলোক্য ব্যথিতা ভূসুরেন্দ্রাঃ শরণ্যং শরণযোগ্যং শ্রীশঙ্করং যোগিনং শরণং প্রপেদিরে ॥ ২০ ॥

নিজহুঙ্কারপ্রসূতেন বহ্নিনা ॥ ২১ ॥

নৃপতিশ্চ সুবর্ণপুঙ্খৈঃ শরৈর্বিচ্ছিন্নৈঃ প্রতিপক্ষাণাং মুখপদ্মৈঃ সহস্রসঙ্খ্যৈঃ রণভূমিং সমলঙ্কৃত্য মুদা মুনীন্দ্রমগমৎ ॥ ২২ ॥

অতিমাত্রমত্যন্তং বিদূয়মানং পীড্যমানং চিত্তং যস্য সঃ ॥ ২৩ ॥

অনন্তর রাজা সুধন্বা ব্রাহ্মণদিগকে ভয়কম্পিত দেখিয়া শীঘ্র কুপিত হইয়া উঠেন। রথারোহণে, কবচ ও ধনুর্ধারণ পূর্ব্বক শরক্ষেপ করিতে করিতে গমন করেন। ১৮।

রাজা সুধন্বা ত্বরাপূর্ব্বক একস্থানে শত্রুগণসমভিব্যাহারে যুদ্ধ করিতে লাগিলেন। অন্যদিকে ক্রকচ ব্রাহ্মণকুল বধ করিতে সহস্রসংখ্যক লোক পাঠাইয়া দিলেন, তাহারাও সশস্ত্রে শীঘ্র উপস্থিত হইল। ১৯।

দূর হইতে কাপালিকদিগকে যতি সৈন্যের সমীপে আগত দেখিয়া, ব্রাহ্মণগণ ব্যথিত হইয়া, শরণাগত বৎসল শঙ্করের শরণাপন্ন হইল। ২০।

খড়্গ, তোমর, পট্টিশ ও ত্রিশূল লইয়া যাহারা যতি সৈন্য বধ করিতে আসিয়াছিল—যাহারা বারংবার অট্টহাস্য বিস্তার করিতেছিল—যতিপতি শঙ্কর নিজহুঙ্কার সমুত্থিত অনলদ্বারা ক্ষণকালের মধ্যে তাহাদিগকে ভস্মসাৎ করিলেন। ২১।

রাজা সুধন্বা সুবর্ণপুঙ্খ শরজাল দ্বারা সহস্র সংখ্যক শত্রুগণের মুণ্ডচ্ছেদ করেন। ঐ ছিন্ন মুখপদ্মদ্বারা রণভূমি অলঙ্কৃত করিয়া, রাজা সহর্ষে শঙ্করের নিকটে গমন করেন। ২২।

তদনন্তর ক্রকচ দেখিলেন—আপনার পক্ষের

কুমতাশ্রয়! পশ্য মে প্রভাবং ফলমাপ্স্যস্য ধুনৈব কর্ম্মণোঽস্য। ইতি হস্ততলে দধৎ কপালং ক্ষণমধ্যায়দসৌ নিমীল্য নেত্রে॥২৪॥

সুরয়া পরিপূরিতং কপালং ঝটিতি ধ্যায়তি ভৈরবাগমজ্ঞে। স নিপীয় তদর্ধমর্ধমস্যা নিদধার স্মরতিস্ম ভৈরবঞ্চ॥২৫॥

অথ মর্ত্ত্যশিরঃকপালমালী জ্বলনজ্বালজটাছটস্ত্রিশূলী। বিকটপ্রকটাট্টহাসশালী পুরতঃ প্রাদুরভূন্ মহাকপালী॥২৬॥

তব ভক্তজনদ্রুহং দৃশা দেবেতি কপালিনা নিযুক্তঃ। কথমাত্মনি মেঽপরাধ্যসীতি ক্রকচস্যৈব শিরো জহার রুষ্টঃ॥২৭॥

অসৌ ক্রকচো নেত্রে নিমীল্য ক্ষণমাত্রং ধ্যানং কৃতবান্॥২৪॥

ভৈরবাগমজ্ঞে ক্রকচে ধ্যায়তি সতি সুরয়া মদ্যেন কপালং পরিপূর্ণমভূৎ। তস্যাঃ সুরায়া অর্ধং স ক্রকচঃ সম্যক্ পীত্বা তস্যাঃ সুরায়া অর্ধং নিদধার স্থাপয়ামাস চ পুন র্ভৈরবং স্মরতিস্ম॥২৫॥

অথ ভৈরবস্বরূপস্মরণানন্তরং বহ্নিজ্বালাসদৃশানাং জটানাং ছটা সমূহো যস্য স মহাকপালী ভৈরবঃ॥২৬॥

হে দেব! তব ভক্তজনদ্রুহং দৃষ্ট্বা সংহরেতি কপালিনা ক্রকচেন নিযুক্তো ভৈরবস্তত্ত্ববিদো মমাত্মস্বরূপমদবতারস্বরূপ্য কথং মমাত্মনি শ্রীশঙ্করে অপরাধ্যসীতি রুষ্টস্তস্যৈব শিরো জহার॥২৭॥

সকল লোক হত হইয়াছে। কিন্তু ব্রাহ্মণপক্ষের সকলেই নিরুদ্বেগে অবস্থান করিতেছে। তখন ক্রকচ অত্যন্ত উপতপ্ত মনে পুনরায় যতিরাজের কাছে উপস্থিত হইল। ২৩।

হে কুমতাবলম্বিন্! তুই আমার ক্ষমতা দর্শন কর? তুই যে কর্ম্ম করিয়াছিস্ এখনই তাহার ফল পাইবি। এই কথা বলিয়া করতলে নৃকপাল রাখিয়া নেত্রদ্বয় মুদিত করিয়া ক্ষণকাল ধ্যান করিতে লাগিল। ২৪।

ভৈরব শাস্ত্রজ্ঞ ক্রকচ ধ্যান করিলে পর মদ্যদ্বারা নৃকপাল পরিপূর্ণ হইল। পরে, আপনি ঐ সুরার অর্দ্ধপান করিয়া অবশিষ্ট অর্দ্ধভাগ রাখিয়া দিল। শেষে পুনর্ব্বার ভৈরবের স্মরণ করিল। ২৫।

ভৈরবের স্বরূপ স্মরণ করিবার পর মহাকপালী ভৈরব স্বয়ং তাহার সম্মুখে প্রাদুর্ভূত হন। তিনি নরকপালের মালা গলদেশে ধারণ করিয়াছেন—অনলশিখার মতন প্রদীপ্ত জটাভার লম্বমান-হস্তে ত্রিশূল—বিকট অট্টহাস্য বিস্তার করিতে২ দেখা দিলেন। ২৬।

'হে দেব! এইব্যক্তি আপনার ভক্তের উপর হিংসা করিতেছে, আপনি কৃপাকটাক্ষে ইহাকে বধ করুন।' কপালী ক্রকচ এই কথা বলিলে —এই ব্যক্তি আমার আত্মা, এই ব্যক্তি আমার অবতার স্বরূপ—অতএব শঙ্করের উপর তুমি কেন অপরাধ প্রকাশ করিলে? এই কথা বলিয়া সক্রোধে শেষে তাহারই মস্তকচ্ছেদন করেন। ২৭।

যতিনামৃষভেণ সংস্তুতঃ সময়মন্তর্ধিমবাপ দেববর্য্যঃ। অখিলেঽপি খিলে কুলে খলানামমুমানর্চুরলং দ্বিজাঃ প্রহৃষ্টাঃ ॥ ২৮॥

খলানামখিলেঽপি কুলে খিলে উচ্ছিন্নে সতি প্রহৃষ্টাঃ দ্বিজা অমুং শ্রীশঙ্করমানর্চুঃ। অত্রেদমবধেয়ঃ॥ ২৮॥

সংহারভৈরবং নত্বা সমাসীনঃ কিলাব্রবীৎ। স্বামিন্! বেদেষু শাস্ত্রেষু পুরাণেষু চ কর্ম্ম যৎ॥ ১॥

প্রতিপাদিতমস্তীহ তৎ কর্ত্তব্যং হি ধর্ম্মতঃ। বিপ্রাণাং কর্ম্মণা ধর্ম্মঃ সাধ্যঃ স্যাদিতি মে মতম্॥ ২॥

ধর্ম্মেণ সর্ব্বপাপৌঘো নাশং যাতি শুচিব্রতাৎ। পাপসজ্যে তথা নষ্টে মনঃশুদ্ধিঃ প্রজায়তে॥ ৩॥

শুদ্ধে মনসি সর্ব্বাত্মসাক্ষাৎকারো ভবত্যলম। এবং সদসি সর্ব্বেষাং ব্রাহ্মণানাং ময়েরিতং॥ ৪॥

* যতিবর শঙ্কর ভৈরবের স্তব করিলেন—তখন দেবপতি ভৈরব শীঘ্র অন্তর্দ্ধান হইলেন। অখিল খলগণ উৎসন্ন হইলে দ্বিজগণ হৃষ্ট হইয়া শঙ্করের অর্চনা করেন। ২৮।

* এই স্থানে এইরূপ মত আছে। যথা—শঙ্করাচার্য্য সংহারভৈরবকে প্রণাম করিয়া উপবেশন করিয়া বলিতে লাগিলেন—প্রভো! সমস্ত বেদে, সমস্ত পুরাণশাস্ত্রে যে কর্ম্ম করিতে হইবে, ধর্ম্মত সেই কর্ম্মই করা উচিত। ব্রাহ্মণগণ কর্ম্মদ্বারা ধর্ম্মসংগ্রহ করিবেক, ইহাই আমার মত। ধর্ম্মদ্বারা সকল পাপক্ষয় হয়—পবিত্র ব্রতদ্বারা পাপরাশি নষ্ট হইলে চিত্ত শুদ্ধি হয়। পরে নির্ম্মল অন্তঃকরণে সকলেরই আত্মসাক্ষাৎকার হয়। আমি সকল ব্রাহ্মণগণের সভাতে আপনার ভক্তকে এই কথা বলিয়াছি। আমার শিষ্যগণ তাহাকে বলেন যে,

মত্তক্তঃ সহ শাপাদিদুষ্টযুক্তিপরম্পরাম্। প্রত্যুক্তোচিতমিত্যুগ্রো মচ্ছিষ্যৈস্তাড়িতঃ সতু॥ ৫॥

অকরোদাগতং ত্বাং তু মন্ত্রবীজপরায়ণম্। ইতঃ পরং ত্বমেবৈতৎসত্যাসত্যং বিবেচয়॥ ৬॥

ইত্যুক্তো ভৈরবঃ প্রাহ বিপ্রদণ্ডার্থমাগতঃ। শঙ্করস্তু সদাপূজ্যঃ সর্ব্ববেদপদার্থভাক্॥ ৭॥

ভবৎকৃতং হি যৎকর্ম্ম ময়াপি চ কৃতং হি তৎ। তেষাং কাপালিকানাং তু ব্রাহ্মণ্যাচারতাং কুরু॥ ৮॥

বিকলে তু কলৌ প্রাপ্তে তেষাং বৃত্তির্যথেপ্সিতা। বভূব মন্ত্রবদ্ধোঽহং প্রত্যক্ষোঽস্মি ন ধর্ম্মতঃ॥ ৯॥

ইত্যুক্ত্বান্তর্দধে দেবঃ কাপালিকমতানুগাঃ। তদ্বাক্যশ্রবণাদ্ভীতাঃ পরিব্রাট্‌কুলশেখরম্॥ ১০॥

নত্বা দ্বাদশধা সর্ব্বে বটুকাদ্যাঃ সুবিস্মিতাঃ। স্বামিন্! মূঢ়া বয়ং যস্মাৎ পালয়াস্মাংশ্চ সাদরম্॥ ১১॥

এবমালাপিনো দৃষ্ট্বা করুণাপূর্ণবিগ্রহঃ। আজ্ঞাপয়ামাস যতিঃ শিষ্যাংস্তেষাং বিশোধনে॥ ১২॥

এইরূপ দুষ্ট যুক্তি অবলম্বন করিও না—ইহাতে শাপগ্রস্ত হইবে। এইকথা বলিয়া যখন আমার শিষ্যগণ তাহাকে তাড়না করে, তখন আপনাকে উপস্থিত দেখিয়া আপনাকে মন্ত্র দ্বারা তুষ্ট করে। অতঃপর এবিষয়ে আপনিই সত্য মিথ্যা বিচার করুন। ১—৬।

এইকথা শুনিয়া ভৈরব বলিলেন—ব্রাহ্মণদিগকে দণ্ডদিবার জন্য শঙ্কর আগমন করিয়াছেন। এই শঙ্কর সকলের পূজ্য ও সকল বেদের সার পদার্থ। তুমি যে কার্য্য করিয়াছ, আমিও সেই কার্য্য করিয়াছি। এই সকল কাপালিকদিগের যাহাতে ব্রাহ্মণ্য থাকে—যাহাতে ব্রাহ্মণাচার রক্ষা পায়, এক্ষণে তুমি তাহাই সম্পন্ন কর। কলিকালে ব্রাহ্মণগণের ইচ্ছানুরূপ চেষ্টা হইবে। এই কারণে আমি মন্ত্রবদ্ধ হইয়া প্রত্যক্ষ হইয়াছি, কিন্তু ধর্ম্মত নহে। এই কথা বলিয়া ভৈরব অন্তর্দ্ধান হইলেন। কাপালিকমতাবলম্বী ব্যক্তিগণ এই বাক্য শুনিয়া ভীত হয়। যতিপতি শঙ্করকে দ্বাদশ বার প্রণাম করিয়া সকল ব্রাহ্মণ বিস্মিত হইয়া বলিল—প্রভো! আমরা অত্যন্ত মূঢ়, আপনি আমাদিগকে রক্ষা করুন। তাহারা সমাদরে এই কথা বলিতে

পদ্মপাদমুখাঃ শিষ্যাশ্চক্রুস্তান্ ব্রাহ্মণাধ্বগান্। প্রাতঃস্নানরতান্নিত্যং সন্ধ্যাকর্ম্মদৃঢ়ব্রতান্॥ ১৩॥

পঞ্চপূজাপঞ্চযজ্ঞপরান্নিশ্চলমানসান্। পরং গুরুং সমাশ্রিত্য তেঽপি সচ্ছিষ্যতাং গতাঃ॥ ১৪॥

তত্রাগত্য ততঃ কশ্চিৎ কপালী দারুণাকৃতিঃ। প্রাহেদং ন্যূনতা চেৎ কাপালিকানাং মতে তদা॥ ১৫॥

ফলং কিমপি নান্যত্র বিদ্যতে বটুকাদয়ঃ। বভূবুঃ স্বমতভ্রষ্টা যত্তু তত্রাস্তি দূষণম্॥ ১৬॥

মহদ্‌ব্রাহ্মণজাতিত্বং ন মে জাত্যা প্রয়োজনম্। কিঞ্চ দেহস্য সর্ব্বস্য ভৌতিকত্বান্ন কস্যচিৎ॥ ১৭॥

বক্তুং হি শক্যতে জাতিস্তস্মাৎ সঙ্কল্পিতাত্বিয়ম্। জাতির্নাতঃ প্রমাণং তৎকিন্তু জাতিদ্বয়ং মতম্॥ ১৮

স্ত্রীজাতিরেকা নরজাতিরন্যা তত্রাপি শ্রেষ্ঠত্বমুপাগতাদ্যা। প্রাকট্যমানন্দ উপৈতি যস্যাঃ সংযোগতোঽতো ন বিচার ইষ্টঃ ১৯॥

গম্যা হীয়ং নৈব গম্যেয়মস্তি গচ্ছেন্নাসাবস্যভার্য্যামিতীদম্। বাক্যং নাঙ্গীকুর্ম্মহে দোষভাবাদ্যস্মাৎ সর্ব্বাঃ স্বীয়তামাব্রজন্তি॥ ২০॥

আনন্দার্থং চর্ম্মণশ্চর্ম্মযোগং কুর্ব্বন্ জীবঃ কাপ্নুয়াৎ কং হ্যনর্থম্। জীবস্যাসৌ মোক্ষ এবাস্তি তৃপ্তিঃ সর্ব্বোৎকৃষ্টানন্দতো দর্শিতাঽতঃ॥ ২১॥

আনন্দো যো ব্যক্তিমায়াতি সঙ্গাত্তদ্রূপোঽসৌ ভৈরবো দেহপাতে। তস্য প্রাপ্তি র্মোক্ষ ইত্যেবতত্ত্বমিত্যুক্তং শ্রীশঙ্করাচার্য্য আহ॥২২॥

উক্তং ভোঃ! কাপালিকেদং সুসম্যক্ সত্যং বাচ্যং কস্য পুত্রী ত্বদীয়া। মাতেত্যুক্তঃ প্রাহ কাপালিকোঽসৌ স্বামিন্! মাতা দীক্ষিতস্যাস্তি পুত্রী॥ ২৩॥

লাগিল। তখন শঙ্কর দয়ার্দ্রমনে তাহাদিগকে রক্ষা করিতে—তাহাদিগকে পবিত্র করিতে—আপনার প্রিয় শিষ্যদিগকে আজ্ঞা করেন। পদ্মপাদ প্রভৃতি শিষ্যগণ তাহাদিগকে ব্রাহ্মণ পথের পথিক—প্রাতঃস্নানরত—নিত্য সন্ধ্যা বন্দনা ও দৃঢ়ব্রত, পঞ্চদেবতার পূজা ও পঞ্চ যজ্ঞ পরায়ণ—ও নির্ম্মলচিত্ত করেন। তাহারাও পরমগুরুর আশ্রয় পাইয়া তাঁহার ভক্ত শিষ্য হয়। ৭—১৪।

অনন্তর এক ভীষণাকৃতি কপালী তথায় আসিয়া বলিল—যদি কাপালিকদের মতে কিছু ত্রুটী থাকে, তবে আর অন্য কোন স্থানেও কিছু ফল নাই। ব্রাহ্মণগণ স্বমতভ্রষ্ট হইয়াছে—ইহাতে ব্রাহ্মণ জাতি মহৎ বলিয়া যে অপরাধ করিয়াছে, তাহাও বৃথা। আমার জাতিতে কোন প্রয়োজন নাই। অপিচ সকলেরই দেহ যখন পাঞ্চভৌতিক, তখন জাতি কিরূপ? ইহা কেহই বলিতে পারে না। অতএব লোকের কল্পিত জাতি কিছুতেই প্রমাণ নহে। কিন্তু জগতে দুটি জাতি আছে,স্ত্রীজাতি আর পুরুষ জাতি। তন্মধ্যে স্ত্রীজাতি শ্রেষ্ঠ। কারণ স্ত্রীর সংযোগে আনন্দ অত্যন্ত বৃদ্ধি পায়। অতএব অমুকস্ত্রীর কাছে যাইতে আছে,অমুকের কাছে যাইতে নাই,এরূপ বিচারকরা বৃথা। যদি কেহ অন্য স্ত্রীর কাছে গমন করে, আমরা তাহাতে কোন দোষ স্বীকার করিব না। কারণ, সকল রমণী, সঙ্গ কালে আপনার মত হইয়া থাকে। জীব, আনন্দের নিমিত্ত চর্ম্মের চর্ম্মযোগ করিয়া থাকে, তাহাতে তাহার অমঙ্গল বা পাপ কি?। জীবের তাহাই মোক্ষ, কারণ সর্ব্বোৎকৃষ্ট আনন্দ হইতে তৃপ্তি দর্শিত হইয়াছে। স্ত্রীসঙ্গ হইতে যেরূপ আনন্দের প্রকাশ হয়,ঐ ভৈরব ঐরূপ আনন্দময়। দেহের বিনাশে তাহাকে পাইলেই মোক্ষ লাভ হইল। এই আমাদের শাস্ত্রের নিগূঢ় তত্ত্ব।

এই কথা শুনিয়া শঙ্করাচার্য্য বলিলেন—হে কাপালিক! তোমার বাক্য অত্যন্ত সত্য। কিন্তু তোমার মাতা কাহার কন্যা?। এই কথা শুনিয়া কাপালিক বলিল—প্রভো! আমার মাতা দীক্ষিতের কন্যা। শঙ্কর বলিলেন—তোমার পিতার কিরূপে দীক্ষিত নাম হইল?। কাপালিক বলিল—হে যতিবর! আমার পিতা এক প্রকাণ্ডতাল বৃক্ষের সুরা প্রত্যহ আহরণ করিতেন, তাহার রসাস্বাদনেও তিনি সবিশেষ জ্ঞানবান্ ছিলেন।

দীক্ষিতত্বমিহমাগতঃ কুতস্ত্বৎ পিতুঃ স তু জগাদ ভো যতে!।
হালমুখ্যতরুগাঃ সুরামসাবাহরন্ন রসে বিশেষতঃ ॥ ২৪ ॥

জ্ঞানবানপি ন চ স্বয়ং সতাং পাতুমিচ্ছতি পরন্ধ বিক্রয়ে।
শীলবানত ইমং সদা জনো দীক্ষিতং বদতি তস্য পুত্রিকা ॥ ২৫ ॥

মাতৃতামুপগতা মমাত্মনো দেহমর্প্য সুখসাগরে জনান্।
আগতান্ খলু নরান্ সাদকরোৎ সংপ্লুতান্ সুসুখলব্ধয়ে
যতে! ॥ ২৬! ॥

উন্মত্তভৈরবসমাখ্যমিমং বিবোধ তস্যাঃ সুতং মম পিতাপি
সুরাকরোঽভূৎ। তৎসন্নিধৌ স্থিতিমপীহ সুরা লভন্তে নো মদ্য-
গন্ধবিমুখা হি পলায়িতাস্তে ॥ ২৭ ॥

তস্মাদেবং সৎকুলেঽহং প্রসূতঃ সম্যক্ পূজ্যোঽহং হং
ভবদ্ভিঃ সুভক্ত্যা। ইত্যুক্তো হসৌ প্রাহ কাপালিক! ত্বং
গচ্ছেতস্মাৎ স্বেচ্ছয়া সঞ্চরাশু ॥ ২৮ ॥

ব্রাহ্মণান্ ননু সুদুষ্টমতস্তান্ দণ্ডিতুমহমাগত এব।
নেতরানত ইতোঽয়মভাষ্যো দূর আশু করণীয় ইতীত্থম্ ॥ ২৯ ॥

প্রোদিতা যতিবরেণ বিনেয়া গৃহ্য তস্য বচনং শিরসা তে।
প্রাত্যজন্ খলমমুং সুবিদূরং শঙ্করঃ তু তত দূরত ঈক্ষে ॥ ৩০ ॥

চার্ব্বাক ইত্থং হৃদবোবিচারং মূর্খৈর্জনৈর্ব্ব্যাপ্তমিদং সমস্তম্। দেহাদাতীদাত্মবিবোধিভিস্তৎসঙ্গাদগতা মূঢ়তমত্বমন্যে ॥ ৩১ ॥

দুষ্টা মতির্নো ভবিতাপি তস্মাত্তথাপি তেষামরমগ্রচারী।
সন্ন্যাসবানস্তি তু কশ্চিদেষ বিবেকযুক্তো যদি চেত্তদগ্রে
॥ ৩২ ॥

স্থাস্যামি নো চেদহমেমি শীঘ্রমেবং বিচার্য্যাস্য সভাং প্রবিশ্য। উবাচ তত্ত্বং বিদিতং ভবাস্তি তদা বিমুক্তের্ব্বদ
লক্ষণং ত্বম ॥ ৩৩ ॥

আদৌ বিবেকো মম বুদ্ধ্যতাময়ং কায়াত্মদেহস্য তদাদিরূপিণঃ। জীবস্য মোক্ষো বিলয়ো ন চেতরস্তস্যাগমং মূঢ়ধিয়ো
বদন্তি ভোঃ! ॥ ৩৪

স্বয়ং তাহা পান করিতে ইচ্ছা করিতেন না, কিন্তু বিক্রয় করিতে অভ্যাস ছিল—এই কারণে সর্ব্বদা তাঁহাকে দীক্ষিত বলিত। তাঁহার কন্যা আমার মাতা ছিলেন। তিনি আমার দেহ উৎপাদন করিয়া সমাগত মানবদিগকে সুখসাগরে নিমগ্ন করেন এবং সুখলাভ প্রত্যাশায় তাহাদিগকে আপ্লুত করেন। হে যতিরাজ! তাঁহার পুত্রের নাম উন্মত্ত ভৈরব, আমার পিতার নাম সুরাকর ছিল। দেবগণ আমার পিতার সন্নিধানে অবস্থান করিতেন, এবং দেবগণ মদ্যগন্ধে বিমুখ হইয়া পলায়ন করিতেন না। অতএব আমি এইরূপ সদ্বংশে জন্মিয়াছি, আমাকে ভক্তিপূর্ব্বক তোমাদের পূজা করা আবশ্যক।” এইকথা শুনিয়া আচার্য্য বলিলেন—তুমি এস্থান হইতে শীঘ্র গমন কর, ইচ্ছাক্রমে সঞ্চারণ কর।

‘যাহারা কুমতাবলম্বী ব্রাহ্মণ, তাহাদিগকে দণ্ডদান করিতেই আমি আসিয়াছি, অপরাপর ব্যক্তিদিগকে দণ্ডদিতে আসি নাই। অতএব এস্থান হইতে তোমরা ইহাকে শীঘ্র দূর করিয়া দিবে, এবং ইহার সহিত আলাপ করিও না।’

যতিবরের বিনীত শিষ্যগণ এই কথা শুনিয়া মস্তকদ্বারা ঐ বাক্য গ্রহণ করিয়া ঐ খলকে দূরে তাড়াইয়া দিল।

‘আমি শঙ্করকে দূর হইতে দেখিব’ এই বিবেচনা করিয়া একজন চার্ব্বাক বিচার করিল। দেহ হইতে আত্মাকে পৃথক্ বোধ করিয়া কতকগুলিন মূর্খ লোক এই জগৎ ব্যাপ্ত করিয়াছে। কতকগুলিন লোকে ইহাদের সঙ্গে থাকিয়া মূর্খতম হইয়াছে। এক্ষণে দেখিতেছি আমাদেরও দুষ্টবুদ্ধি ঘটিবার সম্ভাবনা। তাহাতেও ক্ষতি বোধ করি না। কিন্তু উহাদের অগ্রসর এই ব্যক্তিকে সংন্যাসী দেখিতেছি। যদি এই ব্যক্তি বিবেকী হয়, তবে ইহার সম্মুখে থাকিব, নচেৎ আমি শীঘ্র যাইব। এইরূপ বিচার করিয়া শঙ্করের সভাতে প্রবেশপূর্ব্বক বলিল। “যদি তোমার তত্ত্বজ্ঞান হইয়া থাকে, তবে মুক্তির লক্ষণ কি তাহা বল? অগ্রে আমার বিবেক শ্রবণ কর। জীবের আত্মদেহ শরীর, শরীরই জীবের রূপ। ঐ জীবের মোক্ষ হইয়া থাকে, অন্য কোন লয় হয় না। মূঢ়গণ অন্য প্রকার লয় বলিয়া থাকে। নদী সকল একবার সমুদ্রে লয় পাইলে যদি পুনরায় তাহাদের আগমন হয়, তবে একবার মরণ পাইলে

লয়ং গতানাং সরিতাং সমুদ্রে যদ্যাগমঃ স্থানমরণং গতানাম্। স স্যাদতো মোক্ষ ইয়ং মৃতির্হি শ্রাদ্ধাদিকং কর্ম্ম তৃ তে যে ॥ ৩৫ ॥

তৃপ্তিস্তুনেনেতি মৃতিং গতানাং তেষাং বিবেকঃ কিমু বাচনীয়ঃ। কিঞ্চ প্রজল্পন্তি পরোঽস্তি লোকঃ স্বর্গস্তথান্যো নরকোঽস্তি ঘোরঃ ॥ ৩৬ ॥

পুণ্যেন পাপেন চ যান্তি তত্র ক্ষয়াত্তয়োর্ম্মর্ত্ত্যমিমং বিশন্তি। তেষাং মতন্তৎ সুতরামমানং যতস্থিহৈবাস্ত্যভয়ানুভূতিঃ ॥ ৩৭ ॥

স্বর্গী ভোক্তা কথ্যতেঽসৌ সুখস্য যো বা ভুংক্তে ক্লেশমেষোঽদ্বিতীয়ঃ। তস্মাদ্যুক্তা কল্পনা নো পরোক্ষে প্রত্যক্ষেণৈবানুভূতিং গতেঽস্তি ॥ ৩৮ ॥

দেহেন্দ্রিয়েষু ভূতেষু নষ্টেষু পরলোকগঃ। কো বা জীবস্তু ভেদেঽপি ঘটাকাশবদস্তু তু। ৩৯ ॥

গমনং রূপহীনত্বান্নৈব সম্ভবতি কচিৎ। তস্মাদস্মন্মতং সম্যগিত্যুক্তঃ প্রাহ শঙ্করঃ। ৪০ ॥

শ্রুতিবহির্মিদং মতং যতোঽতো ন চ সম্যক্ শৃণু মে মতং তৎস্বম্। স তু দেহমুখাদ্বিভিন্ন আত্মা পরমাত্মা পরিপঠ্যতে বিমুক্তঃ। ৪১ ॥

বিবুদ্ধঃ পরাত্মাঽপ্রবোধাদ্বিমুক্তঃ পরিজ্ঞানতো দেহপাতাদ্বিমুক্তিঃ। ত্বদীয়েয়মুক্তি র্ভ্রমাদেব নূনং শ্রুতি র্জ্ঞানমাত্রাদ্ধি মুক্তিং জগাদ। ৪২ ॥

জ্ঞানাগ্নিদগ্ধকর্ম্মাণো যান্তি ব্রহ্ম সনাতনম্। ইত্যাদ্যাস্তিশ্রুতিঃ সাক্ষাত্তদ্বাক্যং ন প্রমেতি চেৎ। ৪৩ ॥

ভবদ্বাক্যং কথং মানং কুৎসিতং কিল বহ্নিনা। স্থূলে দগ্ধেঽপি দেহেঽস্মিল্লিঙ্গযুক্তো ব্রজত্যমুম্। ৪৪ ॥

জ্যোতিষ্টোমাদিকং বাক্যং মানমত্র দৃঢ়ং স্মৃতম্। জলৌকাজন্তু তুল্যোঽয়ং জীবঃ প্রোক্তস্তথা শ্রুতৌ। ৪৫ ॥

তাহাদের পুনর্ব্বার ঐ মোক্ষ হয়। মোক্ষে আর মরণে কোন প্রভেদ নাই। যাহারা শ্রাদ্ধাদি কর্ম্ম করে, ঐ কর্ম্ম দ্বারা তৃপ্তি হয়। এইরূপে তাহারা একবার মরণ পাইলে যে তাহাদের বিবেক হইবে, ইহা কি আর বলিয়া দিতে হইবে?। অপিচ কেহ ২ বলিয়া থাকেন—পরলোক আছে—স্বর্গ আছে—অত্যন্ত ঘোর নরক আছে। পুণ্য কার্য্য করিলে স্বর্গে গমন করা যায়—পাপ কার্য্য করিলে ঘোর নরকে গমন হইয়া থাকে—ঐ পাপ পুণ্যের ক্ষয় হইলে এই মর্ত্ত্য লোকে প্রবেশ করিতে হয়। কিন্তু যাহারা এই মত স্বীকার করে, তাহাদের কথা অপ্রমাণ। কারণ, ইহ লোকেই স্বর্গ অনুভব হইয়া থাকে। যিনি সুখের ভোক্তা, তিনিই স্বর্গ লাভ করেন, অথবা যিনি ক্লেশ ভোগ করেন, তিনিই স্বর্গপ্রাপ্ত?। যে স্থানে প্রত্যক্ষ প্রমাণ দ্বারা অনুভব হয়, সে স্থানে পরোক্ষ বিষয়ে এরূপ কল্পনা করা উচিত নহে। দেহ, ইন্দ্রিয় সকল, ও পঞ্চভূত নষ্ট হইলে কে পরলোকে গমন করে?। জীবের ভেদ স্বীকার করিলেও রূপবিহীন বলিয়া ঘটাকাশের মতন কোন স্থানে গমন সম্ভাবিত নহে। অতএব ইহাই আমাদের উত্তম মত জানিবে।” ৩৫—৪০।

এই কথা শুনিয়া শঙ্কর বলিলেন—তুমি যে মতের কথা বলিলে, এমত বেদ বহির্ভূত। অতএব এক্ষণে তুমি আমার মত সম্যক্ রূপে শ্রবণ কর। দেহ, ইন্দ্রিয়, প্রভৃতি স্থান হইতে আত্মা বিভিন্ন। পরমাত্মাকে চিরমুক্ত—পরমাত্মা চিরবদ্ধ—পরমাত্মাকে না জানিলে মুক্তি হয় না, জানিতে পারিলে দেহ ক্ষয় হইলেই মুক্তি হইবে। তুমি যে মুক্তির কথা বলিলে, ইহা অত্যন্ত ভ্রান্তিমূলক। জ্ঞান জন্মিলেই মুক্তি হয় ইহা বেদের মত। জ্ঞানাগ্নিদ্বারা যাহাদের কর্ম্ম সকল দগ্ধ হইয়াছে, তাহারাই সনাতন ব্রহ্ম লাভ করিয়া থাকে। এই সকল বেদই সাক্ষাৎ প্রমাণ। নচেৎ বেদ বাক্য অপ্রমাণ হইলে তোমার কুবাক্য কিরূপে সপ্রমাণ হইবে?। দেখ—বহ্নি দ্বারা এই স্থূল দেহ দগ্ধ হইলেও লিঙ্গ যুক্ত হইয়া আত্মলাক

দেহাদ্দেহান্তরং যাতি পরলোকং স গচ্ছতি। শ্রাদ্ধাদি কর্ম্ম কর্ত্তব্যং তস্য পুত্রাদিনা খলু। ৪৬।

তৎপ্রেতত্ববিমুক্ত্যর্থং পুণ্যলোকস্য চাপ্তয়ে। গয়াদৌ পিণ্ডদানং চ কর্ত্তব্যং তস্য মুক্তয়ে। ৪৭।

ইত্যর্থস্তু পুরাণাদৌ বহুধা সংপ্রদর্শিতঃ। তস্মাৎ সপ্তদশাংশং স লিঙ্গং স্বাত্মতয়া গতঃ। ৪৮।

পরত্র পক্ষিবদ্যাতি সিদ্ধান্তোঽয়মুদীরিতঃ। মূঢ! চার্বাক! তস্মাৎ ত্বমিতস্তূষ্ণীং ব্রজাধুনা। ৪৯।

ইত্যুক্তো বেষভাষাদি ত্যক্ত্বা গুরুপদদ্বয়ম্। নত্বা তৎপুস্তভারস্য ভরণোদ্যমযুতোঽভবৎ। ৫০।

ততঃ সৌগতঃ শঙ্করং পীনকায়ঃ প্রণম্যাহ লোকা ইমে মূঢভাবাৎ। সদা কর্ম্মশীলা যতো ভৌতিকস্য বিশুদ্ধির্নচ স্নানদানাদিনাস্তি। ৫১।

সদা নির্ম্মলো দেহপাতাদ্বিমুক্তস্তু জীবো পুনর্জ্জায়তেঽস্যাবৃণেন। প্রজল্পন্তি মূর্খা ধনন্ত্বদ্ধি দেহাদ্যদৃষ্টেন লভ্যং ততো নাস্তি ভীতিঃ। ৫২।

দেহান্তে বা ঋণাভাবাদৃণং কৃত্বা ঘৃতং পিবেৎ। ইতি বাক্যস্য মানত্বাদ্দেহপুষ্টিঃ সদৈবহি। ৫৩।

কর্ত্তব্যা বুদ্ধিযুক্তেন তৎ কৃত্বা তত্রতত্র চ। সর্ব্বভক্ষণশীলস্য সুখস্যাবাপ্তিরাশ্রিতঃ। ৫৪।

বিমোক্ষস্তেতি সংপ্রোক্তঃ শঙ্করঃ প্রাহ সৌগতম্। বৃথা তে জল্পনং যস্মাৎ পরলোকগমাদিকম্। ৫৫।

শ্রুতিস্মৃতীতিহাসাদৌ প্রোক্তং ভোগায় কর্ম্মণঃ। তস্মাদৃণাদিকং কর্ত্তুঃ পুনর্জন্ম সুনিশ্চিতম্। ৫৬।

তথাচাজ্ঞানবুদ্ধিং ত্বং পাপদিগ্ধাং বিহায় বৈ। সন্মার্গস্থো ভবেদানীমিত্যুক্তঃ পুনরাহ সঃ। ৫৭।

হয়। এ বিষয়ে জ্যোতিষ্টোমাদি বাক্যই দৃঢ় প্রমাণ জানিবে। বেদে এই জীবকে জলৌকা (জোঁক) জন্তুর তুল্য বলিয়া নির্দ্দেশ করা হইয়াছে। ঐ জীব দেহ হইতে দেহান্তরে গমন করে—ঐ জীব পরলোকে গমন করে। তাহার পুত্রাদি শ্রাদ্ধাদি কার্য্য করিবে, তাহার প্রেতত্ব পরিহার ও পুণ্যলোক প্রাপ্তির জন্য গয়াদি তীর্থে পিণ্ড দান করিবেক। এই সকল কার্য্য করিলে তাহার মুক্তি হয়। পুরাণাদি শাস্ত্রেও সবিস্তারে ইহার বিষয় বর্ণিত হইয়াছে। অতএব ঐ জীব, পঞ্চ জ্ঞানেন্দ্রিয়, পঞ্চ কর্ম্মেন্দ্রিয়, পঞ্চ প্রাণ, মন ও বুদ্ধি এই সপ্ত দশ প্রকার লিঙ্গ, আত্মরূপে প্রাপ্ত হয়। লিঙ্গশরীর প্রাপ্ত হইয়া পক্ষীর মতন পরলোকে গমন করে। ইহাই মুক্তির সিদ্ধান্ত কথিত হইয়াছে। হে মূঢ়! চার্ব্বাক! তুমি এক্ষণে মৌনধারী হইয়া গমন কর।

এই কথা শুনিয়া চার্ব্বাক বেশ ও ভাষা সকল ত্যাগ করিয়া শঙ্করের চরণযুগলে পতিত হইয়া নমস্কার করে, এবং আচার্য্যের পুস্তকের ভার লইতে সমুদ্যত হয়। ৪০—৫০।

অনন্তর একজন স্থূলকায় সৌগত (বৌদ্ধবিশেষ) শঙ্করকে প্রণাম করিয়া বলিল। এই সমস্ত লোক কেবল মূঢ়তাবশতঃ সর্ব্বদা কর্ম্মের অনুশীলন করে। কারণ, ভৌতিকশরীরের স্নানাদি দ্বারা কিছুতেই শুদ্ধি হইতে পারে না। মূর্খেরা বলিয়া থাকে—জীব সর্ব্বদা নির্ম্মল, দেহ পতন হইলেই জীবের মুক্তি হয়। পুনর্ব্বার ঋণ শোধের নিমিত্ত জীবের উৎপত্তি হয়। দেহাদির অদৃষ্টে ধন লাভ হয়। অতএব কোন ভয়ের কারণ নাই। দেহের অন্ত হইল—ধনাগমের সময় আসিল না। কাহার অদৃষ্টে জুটিল—কাহার ভাগ্যে ফলিল না। এই কারণে বলিতেছি, ঋণ করিয়াও যদি ঘৃত খাইতে হয়, তাহাও করিবে। এই বচনের প্রামাণ্যে সর্ব্বদাই দেহ পুষ্টি রাখা আবশ্যক। যে বুদ্ধিমান্ হইবে, সেই দেহ পুষ্টি করিবে। সকল বিষয়ে, সকল কার্য্যে, দেহ রক্ষার্থে ঋণাদি করিয়া সকল বস্তু ভক্ষণ করিতে পারিলেই সকল সুখ লাভ করা হইল। এইরূপে সুখলাভ হইলে তুমিও মুক্ত হইতে পারিবে।

এই কথা শুনিয়া শঙ্কর সৌগতকে বলিলেন—তোমার জল্পনা সমুদয় বৃথা। কারণ, স্বস্ব কর্ম্ম ফল ভোগ করিবার

সুগতাখ্যো মুনিঃ সর্ব্বাং ভুবং দৃষ্ট্বা সুবিস্মিতঃ। বিচার্য্য জগতঃ সত্ত্বং প্রাণ্যুপাসনতৎপরঃ। ৫৮ ॥

কালে মদুপদেশস্য করুণাবিষ্টমানসঃ। ইদমাহ স ধর্ম্মোঽস্তি পরঃ প্রাণ্যবিহিংসনম্। ৫৯ ॥

তথাবিধেন ধর্ম্মেণ কপালস্য বিবর্ত্তনাৎ। মুক্তো ভবিষ্যসীত্যুক্তস্তদারভ্যাহমপ্যয়ম্। ৬০ ॥

তৎপাদযুগলধ্যানী শিরসা গৃহ্য তদ্বচঃ। দয়াপরোঽস্মি সর্ব্বেষু প্রাণিজাতেষু সর্ব্বদা। ৬১ ॥

যস্মাৎ ধর্ম্মোঽতো নচান্যোঽস্তি সারস্তস্মাদ্ ধর্ম্মস্থানমেতন্মতং মে। সর্ব্বৈরঙ্গীকার্য্যমিত্যেবমুক্তো ভূয়ঃ প্রাহাচার্য্য ইত্থং মহাত্মা। ৬২ ॥

কিং ত্বং জল্পসি দুষ্ট! সৌগত! কথং ধর্ম্মোঽস্ত্যহিংসাপরো যাগীয়স্য হি হিংসনস্য নিগমে ধর্ম্মত্বমুক্তং স্ফুটম্। অগ্নিষ্টোমমুখে ক্রতৌ খলু পশোঃ স্বর্গপ্রদং হিংসনং শ্রুত্যাচাররতৈরুপেয়মপরে পাষণ্ডিনো বিস্ফুটম্। ৬৩ ॥

বেদনিন্দাপরা যে তু তদাচারবিবর্জ্জিতাঃ। তে সর্ব্বে নরকং যান্তি যদ্যপি ব্রহ্মবীর্য্যজাঃ। ৬৪ ॥

ইত্যেবং মনুনোক্তত্বাত্তদাচাররতাঃ কিল। পচ্যন্তে নরকে ঘোরে যাবদব্রহ্মলয়ো ভবেৎ। ৬৫ ॥

তস্মাদ্ বিপ্রাদিবর্ণানাং বেদাদিষু নিরূপিতঃ। আচারঃ পরমং মানং যস্য তন্নাস্তি সোঽধমঃ। ৬৬ ॥

ইত্যুক্তোঽসৌ সৌগতো মানশূন্যো নত্বাচার্য্যং পদ্মপাদাদিকানাম্। তচ্ছিষ্যাণাং পাদুকাবাহকোঽভূত্তেষামুচ্ছিষ্টাদনেনাতিপুষ্টঃ। ৬৭ ॥

কৌপীনমাত্রধারী তু কশ্চিৎ ক্ষপণকঃ স্মৃতঃ। স একস্মিন্ করে ধৃত্বা গোলযন্ত্রং দ্বিতীয়কে। ৬৮ ॥

তুরীযন্ত্রং সমাদায় সমাগত্যাহ শঙ্করম্। স্বামিন্! শৃণু বিচিত্রং মে মতং পরমশোভনম্। ৬৯ ॥

পূর্ণঃ সময়নামাহং সূর্য্যং কালপ্রবর্ত্তকম্। বদ্ধা যন্ত্রাভ্যাং স্বযন্ত্রাভ্যাং সময়জ্ঞানতঃ শুভম্। ৭০ ॥

অশুভং চ ত্রিলোক্যা যল্লভ্যং তদ্বচ্মি সংস্ফুটম্। কিঞ্চ কালঃ পরো দেবো মৎপক্ষস্য বিচালনে। ৭১ ॥

অন্য শ্রুতিতে, স্মৃতিতে, পুরাণাদি সকল শাস্ত্রেই পরলোকাদির কথা উক্ত হইয়াছে। অতএব যেব্যক্তি ঋণাদি কার্য্য করে,তাহার পুনর্জ্জন্ম সুনিশ্চিত। অপিচ তুমি পাপলিপ্ত অজ্ঞানবুদ্ধি পরিত্যাগ করিয়া সাধু সেবিত পদ্ধতি অবলম্বন কর। এই কথা শুনিয়া পুনরায় সৌগত বলিতে লাগিল। সুগত নামে কোন এক মুনি সমস্ত পৃথিবী দর্শন করিয়া বিস্মিত হন। জগতের প্রাণীগণ বিচার করিয়া তিনি প্রাণীর উপাসনা করিতে তৎপর হন। পরে আমাকে উপদেশ দিবার কালে করুণাপূর্ণ মনে ইহা বলিলেন—প্রাণীদিগকে হিংসা না করাই পরম ধর্ম্ম। তথাবিধ ধর্ম্ম দ্বারা কপালের ফল ফিরিয়া যায়, তাহাতে তুমিও মুক্ত হইবে। এই কথা যখন তিনি আমাকে বলিলেন, আমিও তদবধি তাঁহার চরণযুগল ধ্যান করিয়া থাকি। মস্তকদ্বারা তাঁহার বাক্য গ্রহণ করিয়া সর্ব্বদা সকল জীবে দয়াবান্ হইয়াছি। ইহার মতন আর সার ধর্ম্ম নাই, এই কারণে 'অহিংসা' যে পরম ধর্ম্মের আস্পদ, আমারও ইহা মত। সকল লোকে এরূপ ধর্ম্মের ভূয়সী প্রশংসা করিয়া এই ধর্ম্ম স্বীকার করিয়া লইয়াছে।

এই কথা শুনিয়া মহাত্মা শঙ্কর পুনয়ায় তাহাকে বলিলেন হে দুষ্ট! সৌগত! তুমি কি বলিতেছ? অহিংসা কিরূপে পরম ধর্ম্ম হইল?। বরং যাগাদি কার্য্যে হিংসা করিলে পরম ধর্ম্ম হইয়া থাকে। অগ্নিষ্টোম প্রভৃতি যাগাদি কার্য্যে পশুহিংসা করিলে স্বর্গলাভ হইয়া থাকে। যাহারা বেদোক্ত আচার অবলম্বন করেন, তাহারাই যজ্ঞীয় পশুবধ স্বীকার করেন। বেদোক্ত আচার বিহীন ব্যক্তি মাত্রেই পাষণ্ড। যাহারা বেদনিন্দা করে,

পরেশোঽপি সমর্থো নেত্যুক্তস্তং প্রাহ শঙ্করঃ। সম্যগুক্তং ত্বয়া ত্বং যৎকালচিত্তং চ বেদ্ম্যহম্। ৭২ ॥

তস্মান্ মদাশ্রয়স্তিষ্ঠ পরীক্ষাকাল আগতে। ত্বাং পৃচ্ছামীতি সংপ্রোক্তস্তথৈবাঙ্গীচকার সঃ। ৭৩ ॥

কৌপীনমাত্রসন্ধারী জৈনস্তু তত আগতঃ। মলেন দিগ্ধসর্ব্বাঙ্গঃ সদার্হন্নম ইত্যসৌ। ৭৪ ॥

উচ্চরন্নসকৃচ্চোচ্চৈঃ শূন্যাঙ্কঃ শূন্যপুণ্ড্রকঃ। বিন্দুপুণ্ড্রসমেতশ্চ শিষ্যৈঃ সর্ব্বভয়ঙ্করঃ। ৭৫ ॥

পিশাচবৎ সমাগত্য প্রাহ শ্রীশঙ্করং গুরুম্। জিনো দেবোঽস্তি সর্ব্বেষাং মুক্তিদঃ প্রাণিনাং হৃদি। ৭৬ ॥

জীবত্মনা স্থিতঃ সোঽহস্তিজ্ঞানমাত্রেণ সর্ব্বদা। মুক্তস্বাত্তস্য দেহস্য পাতাত্তু সমনন্তরম্। ৭৭ ॥

জীবঃ শুদ্ধঃ স দৈবাস্তি মলপিণ্ডস্তু দেহকঃ। স্নানাদিকর্ম্মণা নৈব শুদ্ধিং যাতি কদাচন। ৭৮ ॥

তস্মাৎ স্নানাদিকং নৈব প্রকর্ত্তব্যং বৃথা যতঃ। ইত্যুক্তোঽসৌ জগাদেদং মৈবং ভো জৈন! দুর্ম্মতে! । ৭৯ ॥

জীবস্য দেহত্রিতয়ং হি বিদ্যতে স্থূলশ্চ সূক্ষ্মশ্চ তথৈব কারণম্। তেষাং ক্রমাজ্জাতু লয়ো ভবেদ্যদা স্যাৎ সচ্চিদানন্দবপুস্তদা ত্বয়ম্। ৮০ ॥

ভিন্নোঽহমীশাদিতিনীরবিদ্যা বদ্ধস্ত্বয়া ভেদধিয়া বিমুক্তঃ। এবং বিমোক্ষস্য সুদুর্লভস্য দেহস্য পাতান্ন সমাপ্তিসম্ভবঃ। ৮১ ॥

যাহারা বেদোক্ত আচার বা অনুষ্ঠান বর্জ্জিত, তাহারা সকলে ব্রহ্মবীর্য্যে উৎপন্ন হইলেও নরকে যাইবে। মনু এই কথা স্পষ্ট বলাতে সকলেরই বেদোক্ত আচারে রত থাকিতে হইবে। নতুবা যতদিন না ব্রহ্মার লয় হয়, ততদিন পর্য্যন্ত ঘোর নরকে পচিতে হইবে। অতএব ব্রাহ্মণ, ক্ষত্রিয়াদি চাতুর্ব্বর্ণ্যের বেদাদি শাস্ত্রে যে আচার নিরূপিত হইয়াছে, তাহাই পরম প্রমাণ। যে ব্যক্তি ঐ বেদোক্ত আচার শূন্য, সে ব্যক্তি অধম।

আচার্য্যের এই কথা শুনিয়া ঐ সৌগত অহঙ্কার বিসর্জ্জন দিয়া আচার্য্যকে প্রণাম করিল। আচার্য্যের পদ্মপদাদি যে সকল সাধু শিষ্য ছিল, তাহাদের পাদুকা বহন করিতে লাগিল এবং তাঁহাদের উচ্ছিষ্ট প্রসাদ খাইয়া শরীর ধারণ করিতে লাগিল। ৫১—৬৭।

তৎকালে একজন ক্ষপণক কৌপীন মাত্র পরিধান করিয়া তথায় উপস্থিত হয়। তাহার এক হস্তে গোলাকার যন্ত্র এবং দ্বিতীয় হস্তে অন্য একটি তুরীযন্ত্র আছে। সে আসিয়া শঙ্করকে বলিল—প্রভো! আমার বিচিত্র এবং পরম রমণীয় মত শ্রবণ করুন। আমি পূর্ণ, আমরা নাম সময়। কাল প্রবর্ত্তক সূর্য্য দেবকে এই দুটি যন্ত্র দ্বারা বদ্ধ করিয়া সময় জ্ঞানে ত্রিভুবনের যাহা শুভাশুভ, আমি তাহা স্পষ্ট করিয়া বলিতেছি। কালই পরম দেবতা। আমার এই পক্ষ বা এই মত খণ্ডন করিতে পরমেশ্বরও সমর্থ নহেন।

ক্ষপণকের এই কথা শুনিয়া শঙ্কর বলিলেন—তুমি যথার্থ বলিয়াছ। তুমি যে কাল অবগত আছে, আমিও তাহাকে জানি। অতএব তুমি আমার আশ্রয়ে কিছুকাল অবস্থান কর। পরীক্ষার কাল আসিলে আমি তোমাকে জিজ্ঞাসা করিব। শঙ্করের এই কথায় ক্ষপণক অঙ্গীকৃত হইয়া বাস করিল।

অনন্তর একজন জৈন কৌপীন বসন পরিধান করিয়া তথায় উপস্থিত হয়। তাহার সর্ব্বাঙ্গ মলদ্বারা পরিলিপ্ত। 'হে অর্হন্! নমঃ' এইকথা বারম্বার মুখ দিয়া বলিতেছে। তাহার কোন চিহ্ন নাই—তাহার কোন পুণ্ড্রক নাই—কেবল বিন্দু পুণ্ড্র ধারণ করিয়া শিষ্যগণ সমভিব্যাহারে সর্ব্ব প্রাণীর ভয়াবহ দেহ দেখাইয়া পিশাচের মতন আসিয়া শঙ্করকে বলিল। জিন দেব সকলের মুক্তিদায়ক, তিনি সকলের হৃদয়ে জীবাত্মারূপে অবস্থান করেন। ঐ জীব জ্ঞানমাত্রে সর্ব্বদা মুক্ত। এই দেহের পতন হইবামাত্র জীব নির্ম্মল ভাবে সদা বিদ্যমান থাকে। মলপিণ্ড দেহ কদাচ স্নানাদি কর্ম্ম দ্বারা শুদ্ধ হয় না। এই কারণে বৃথা স্নানাদিকার্য্য কথনই কর্ত্তব্য নহে।

জৈনের এই কথা শুনিয়া শঙ্কর বলিলেন—হে মূঢ়! জৈন!

এবং শ্রুত্বা শিষ্যযুক্তঃ স জৈনো ভাষাবেষাদ্যৈর্ব্বিমুক্তো গুরূণাম্। নিত্যং ধান্যাকর্ষণে সংপ্রযুক্তঃ পদ্মাজ্‌ঘ্র্যাদ্যৈরেষ-জাতো বণিগ্‌বৈ। ৮২ ॥

বৌদ্ধস্ততস্তং শবলাখ্য এত্য প্রোবাচ বোধস্তব ভো! নিরর্থঃ। নরস্য শৃঙ্গেণ সমো হ্যভেদঃ সর্ব্বোত্তমঃ সন্ কিমতঃ প্রবৃত্তঃ। ৮৩ ॥

দৃষ্টং ফলং ত্বং পরিহায় দূরমদৃষ্টমাকাঙ্ক্ষসি দৃষ্টদ্রোহী। তত্রাপি তেনৈব ফলং পরোক্ষে শূন্যং পরোক্ষং ন ফলায় কল্প্যম্। ৮৪ ॥

তুমি একথা কখন বলিও না। জীবের স্থূল, সূক্ষ্ম ও কারণ এই তিন প্রকার শরীর আছে। ঐ তিন প্রকার শরীরের ক্রমানুয়ে,অর্থাৎ স্থূল শরীরসূক্ষ্ম শরীরে—সূক্ষ্ম শরীর কারণ শরীরে লীন হইবে, তখন ঐ জীব সচ্চিদানন্দ শরীর ধারণ করিবে। 'আমি ঈশ্বর হইতে ভিন্ন' এইবুদ্ধির নাম অবিদ্যা। জীব ঐঅবিদ্যাবুদ্ধিদ্বারা সদা আবদ্ধ হয়। কিন্তু ঈশ্বরের সহিত অভেদজ্ঞান হইলে জীবের মুক্তি হয়। মোক্ষ যখন এরূপ সুদুর্লভ ও কঠিন,তখন কেবলমাত্র দেহপাত হইলে মোক্ষলাভ হইবে, এরূপ আশা অকিঞ্চিৎকর। জৈন এই রূপ কথা শুনিয়া সমস্ত শিষ্যবর্গের সহিত পুরাতন বেশ ও ভাষা সকল পরিত্যাগ করিল। পদ্মপাদ প্রভৃতি শিষ্যগণ, গুরুদিগের ধান্য কর্ষণ করিবার নিমিত্ত ঐ জৈনকে নিযুক্ত করেন। তাহাতে জৈন ক্রমশঃ বণিক্ হইয়া উঠে।

অনন্তর শবল নামে একজন বৌদ্ধ, শঙ্করের নিকটে আসিয়া বলিল। হে যতিশ্রেষ্ঠ! তোমার যাবতীয় জ্ঞান বৃথা হইয়াছে। মনুষ্যের শৃঙ্গ যেমন অসম্ভব, তদ্রূপ জীবাত্মা আর পারমাত্মার অভেদ অসম্ভাবিত ব্যাপার। আপনি সর্ব্বপ্রধান হইয়া কি কারণে এই বিষয়ে প্রবৃত্ত হইয়াছেন? যে ফল দৃষ্ট (প্রত্যক্ষ) তাহা দূরে নিক্ষেপ করিয়া অদৃষ্ট (অপ্রত্যক্ষ) ফল কামনা করাতে আপনি দৃষ্ট ফলের বিরোধী হইয়াছেন। অপ্রত্যক্ষবিষয়ে ফল কল্পনা করা বৃথা। অপ্রত্যক্ষ বিষয় শূন্য জানিবেন,

নির্জীবত্বাচ্চাপ্যপার্থং মতন্তু একোঽপ্যাত্মা চেতনো মে মতে তু। ভূত্বাঽনেকঃ প্রেরকো হৃন্মুখানাং নিত্যংমুক্তো দ্বৈতশূন্যঃ সুখাত্মা। ৮৫ ॥

কর্ত্তা ভোক্তা হ্যহং পরানন্দরূপো মন্বানঃ স্বাভীষ্টমস্যাস্তি যাবৎ। তাবৎ ক্রীড়ন্নেষু দেহেষু পশ্চাদ্দেহং ত্যক্ত্বা মুক্ত ইত্যুক্ত আহ। ৮৬ ॥

সত্যশৌচপরো যস্ত দেবতাতিথিপূজনম্। স যাতি ব্রহ্মণো লোকং যাবদিন্দ্রাশ্চতুর্দ্দশ। ৮৭॥

অগ্নিষ্টোমং দেবতাপ্রীতিদক্ষেৎ কুর্য্যাদস্মাদিন্দ্রলোকং স যাতি। সত্যাখ্যং সৎপৌণ্ডরীকাৎ প্রয়াতি তত্তদ্দেবোপাসকাস্তৎ তমেব। ৮৮ ॥

ফলের নিমিত্ত তাঁহার কল্পনা করা অবিধি। অধিকন্তু আপনার এই মত নির্জীব ও নিস্তেজ বলিয়া পরিত্যাজ্য। কিন্তু আমার মতে আত্মা চেতন, এক হইয়াও অনেক—তিনিই হৃদয় প্রভৃতি স্থানের প্রেরক। আত্মা নিত্যমুক্ত, অদ্বৈত ও সুখ স্বরূপ। 'আমি কর্ত্তা, ভোক্তা, আমি পরম আনন্দ স্বরূপ' এইরূপ বিবেচনা করিয়া যে সময়ে ইহার আপনার অভীষ্ট বর্ত্তমান থাকে, তখনই এই সমস্ত দেহে ক্রীড়াকরে—পশ্চাৎ দেহ ত্যাগ করিয়া মুক্ত হয়। ৬৮—৮৬।

বৌদ্ধের এই সকল কথা শুনিয়া শঙ্কর বলিতে লাগিলেন। যে ব্যক্তি সত্য ও শৌচ পরায়ণ, যে ব্যক্তি দেবতা ও অতিথি পূজা করে, সেই ব্যক্তি চতুর্দ্দশ ইন্দ্র পর্য্যন্ত ব্রহ্মলোকে বসতি করে। যে জন দেবতাদিগের প্রীতিকারক অগ্নিষ্টোম যাগ করে, সেজন ইন্দ্রলোকে গমন করে। পরে বিষ্ণুলোক হইতে সত্যলোকে গমন করা যায়। যে যেদেবতার উপাসক, সে সেই দেবলোকে গমন করে। "যে যে ভক্ত শ্রদ্ধাপূর্ব্বক যে যে তনু অর্চ্চনা করিতে ইচ্ছা করে, সেই ভক্তের আমি সেইরূপ শ্রদ্ধা বিধান করিয়া থাকি।" ইত্যাদি বচন দ্বারা জীবের পরলোকে গমনাদি সিদ্ধ হইয়াছে। সুতরাং কেবলমাত্র দেহ ক্ষয় হইলেই মুক্তি হইতে পারে না। "যেজন সকল ভূতে আত্মদর্শন

যো যো যাং যং তনুং ভক্তঃ শ্রদ্ধয়ার্চিতুমিচ্ছতি। তস্য তস্যা-চলাং শ্রদ্ধাস্তামেব বিদধাম্যহম্।৮৯॥

ইত্যাদিবচনাদস্য পরলোকগমাদিকম্। সিদ্ধং তস্মান্ন-দেহস্য পাতমাত্রাদ্বিমুচ্যতে। ৯০॥

সর্ব্বভূতেষু চাত্মানং সর্ব্বভূতানি চাত্মনি। সংপশ্যন্ ব্রহ্ম পরমং যাতি নান্যেন হেতুনা। ৯১॥

ইত্যাদিশ্রুত্যা জ্ঞানেন বিনা মোক্ষো ন লভ্যতে। ইত্যুক্ত মত আত্মানং পরং জ্ঞাত্বা বিমুচ্যতে। ৯২॥

কল্পিতাং জীবতাং হিত্বা সর্ব্বানর্থপ্রদায়িনীম্। সচ্চিদা-নন্দরূপেণ মুক্তিরুক্তা সদাস্থিতিঃ। ৯৩॥

তস্মাত্ত্বং গূঢ়তাং ত্যক্ত্বা ভব স্বস্থ ইতীরিতঃ! পরংগুরুং নম-স্কৃত্য তদ্যশঃস্তবতৎপরঃ। ৯৪॥

বন্দিমাগধসূতানাং বেষধারী বভূব হ। তস্মাচ্ছিষ্য-যুতঃ প্রাহ প্রোদ্যদ্দিনকরপ্রভঃ। ৯৫॥

অনুমল্লপুরন্তত্র দিনানামেকবিংশতিম্। স্থিত্বা তত্র স্থিতান্ বীক্ষ্য তানুবাচ পরো গুরুঃ। ৯৬।

প্রভাতমুখকালে স্বং কৃত্যং বদত ভো দ্বিজাঃ!। এবমুক্তা নমস্কৃত্য প্রোচুস্তে পুরবাসিনঃ। ৯৭॥

মল্লাসুরহরঃ স্বামিন্! মল্লারীতি প্রসিদ্ধতাম্। লোকে প্রাপ্তঃ পরেশো যস্তস্য মূর্ত্তিরিমে বয়ম্। ৯৮॥

সংপূজ্যানুদিনং ভক্ত্যা শুনস্তদ্বাহনস্য চ। বেষভাষাদি-সংযুক্তা কণ্ঠে যুতবরাটিকাঃ।

নিঃশঙ্কাস্ত্রিষু কালেষু নাট্যবাদ্যাদিভিঃ প্রভুম্। মল্লারিং সুপ্রসন্নং তং কৃত্বা বাসং প্রকুর্ম্মহে। ১০০॥

করে, কিম্বা আত্মার উপর সকল ভূত দর্শন করে, সেই পরমব্রহ্ম পাইয়া থাকে। অন্য আর কোন কারণে পরমব্রহ্ম পাওয়া যায় না।" ইত্যাদি বেদ বচনে জ্ঞান ব্যতীত যে মোক্ষ হয় না, তাহাই নির্দ্দেশ করা হইয়াছে। অতএব পরমাত্মাকে জানিতে পারিলেই মুক্তি হয়। সমস্ত অশুভদায়ক কল্পিত জীবভাব ত্যাগ করিয়া সচ্চিদানন্দরূপেই অবিনশ্বর মুক্তি কথিত হইয়াছে। অতএব এক্ষণে তুমি মূঢ়তা ত্যাগ করিয়া সুস্থ হও। শঙ্করের গভীর বচনবিন্যাস শুনিয়া বৌদ্ধ পরমগুরু শঙ্করকে প্রণাম করিল—শঙ্করের অপূর্ব্ব কীর্ত্তির স্তব করিতে লাগিল। শিষ্যগণ সমভিব্যাহারে কেহ বন্দী, কেহ মাগধ, কেহ বা সূত অর্থাৎ সকলেই আচার্য্যের স্তুতিপাঠক হইল।

নবোদিত রবিসদৃশ তেজস্বী আচার্য্য শঙ্কর, শিষ্যগণ সঙ্গে লইয়া কর্ণাট দেশ হইতে মল্লপুরে গমন করেন। তথায় তিন সপ্তাহ কাল অবস্থিতি করেন। অনন্তর যে সকল লোক ঐ দেশে বাস করিত, তাহাদিগকে দেখিয়া পরমগুরু শঙ্কর বলিতে লাগিলেন। হে ব্রাহ্মণগণ! তোমাদিগের ত্রৈকালিক কার্য্য বল?।

এই কথা শুনিয়া ঐ পুরবাসী সকলেই তাঁহাকে নমস্কার করিয়া বলিতে লাগিল। প্রভো! পরমেশ্বর মল্লাসুরকে বধ করিয়া জগতে 'মল্লারি' নামে বিখ্যাত হন। আমরা সকলেই প্রতিদিন তাঁহার মূর্ত্তি পূজা করিয়া থাকি। ভক্তিপূর্ব্বক প্রভুর বাহন কুক্কুরের সেবা করিয়া থাকি। আমাদের সেইরূপ বেশ ও ভাষা, কণ্ঠে সেই মত কপর্দ্দক ধারণ করিয়াছি। আমরা তিনকালে নাট্য, বাদ্য ও গীত দ্বারা আমাদের প্রভু 'মল্লারি' কে সুপ্রসন্ন করিয়া নির্ভয়ে বাস করিয়া থাকি। 'সকল বস্তু তাঁহার কটাক্ষপ্রসূত' এই বোধ করিয়া আমরা সর্ব্বদা প্রবুদ্ধ সুখসাগরে অবগাহন করিয়া থাকি। এই প্রত্যক্ষ দৃশ্যমান বস্তু নিচয় তাঁহার গর্ভগত ভাবিয়া সর্ব্বদা ধ্যান করি, কিন্তু সুখবাসনা বোধে কখনই চিন্তা করি না। অপিচ বেদে তাঁহার এবং তাঁহার বাহনের সর্ব্বময় রূপ কথিত হইয়াছে। ইহারই নাম পরমতত্ত্ব। অন্য কোন বিষয়ে আর আমাদের ইচ্ছা হয়না। এই হেতু আপনিও শিষ্যগণ লইয়া এই বেদোক্ত আচার গ্রহণ করুন। বেদে আছে—"শ্বভ্যোনমঃ শ্বপতিভ্যশ্চ বো নমঃ" কুকুর এবং কুকুরপতিদিগকে নমস্কার। তোমাদিগকে আমরা উপযুক্ত বরাটক দান করিব।

তৎকটাক্ষজনিতে হি সর্ব্বদা বর্দ্ধমানসুখসাগরপ্লুতাঃ। তস্য গর্ভগমিদং নু নিত্যদা চিন্তয়াম ন সুখেচ্ছয়া যুতাঃ। ১০১ ॥

কিঞ্চ দেবস্য সার্বাত্ম্যং প্রোক্তং তদ্বাহনস্য চ। তদ্বিদ্ধি তত্ত্বমেবাতো তদ্বেষাদিকধারণম্। ১০২ ॥

ইচ্ছা ন জায়তেঽত্র ততএব ভবানপি। বেদোক্তমিমমাচারং সশিষ্যঃ স্বীকরোতু বৈ। ১০৩ ॥

শ্রুতিরাহ নমঃ শ্বভ্যঃ শ্বপতিভ্যশ্চ বো নমঃ। বরাটকানি দাস্যামো যোগ্যানীত্যুক্ত আহ তান্। ১০৪ ॥

একোঽদ্বিতীয়ঃ খলু সর্ব্বসাক্ষী স্বমায়য়া সর্ব্বজগদ্বিধাতা। সদাদিশ্রুত্যাভিহিতঃ পরেশো যদ্গর্ভজা রুদ্রবিরিঞ্চিমুখ্যাঃ। ১০৫ ॥

যথা বীরভদ্রাদিকৈরংশভূতৈ র্লয়ঃ সাধ্যতে কাপি রুদ্রস্য নৈব। যথাপ্যস্তি তেষাং বিবোধাদ্বিমুক্তিস্তথা ব্রহ্মণোঽংশস্য রুদ্রস্য বোধাৎ। ১০৬ ॥

কিঞ্চৈকাদশরুদ্রাণামিয়ং স্তুতিরুদাহৃতা। তদংশানাং কথং সা স্যাদেকস্য বহুতা তথা। ১০৭ ॥

যস্য স্পৃষ্ট্বা মৃদা স্নানং বিপ্রাণাং পরিকীর্ত্তিতম্। তস্য বেষাদিচিহ্নস্য ধারণং বহুদোষদম্। ১০৮ ॥

এবং বংশপ্রবৃত্ত্যাহি শ্ববেধাদিবিধারণম্। নিত্যাদিকর্ম্ম সংত্যাগস্ত্রিকালং নাট্যসক্ততা। ১০৯ ॥

চরিতং ভবতাং সর্ব্বং ব্রাহ্মণ্যস্য বিঘাতকম্। তস্মান্নিরীক্ষণেনাপি সুখস্য ভবতাং কিল। ১১০ ॥

সূর্য্যাবলোকনং শাস্ত্রে চোদিতং মৌনমেব তু। কর্ত্তব্যমিতি সংপ্রোক্তা ন্যপতন্ গুরুসন্নিধৌ। ১১১ ॥

কৃত্তমূলা যথা বৃক্ষা রাজ্ঞো মূলেঽপরাধিনঃ। তানবেক্ষ্য দয়াযুক্তস্তিষ্ঠধ্বমিতি সোঽব্রবীৎ। ১১২ ॥

অথাজ্ঞয়া গুরোঃ শিষ্যাঃ পদ্মপাদমুখাঃ খলু। তচ্ছিরোমুণ্ডনং নদ্যামযুতস্নানমেব চ। ১১৩ ॥

তাহাদের এইকথা শুনিয়া আচার্য্য তাহাদিগকে বলিলেন। "সদেব সোম্যেদমেক একাগ্র আসীৎ" ইত্যাদি বেদ বচনদ্বারা 'পরেশ' শব্দে যিনি এক অদ্বিতীয়, সর্ব্বসাক্ষী, এবং আপনার মায়া দ্বারা সর্ব জগতের বিধাতা, তাঁহাকেই বুঝাইতেছে। রুদ্র, বিরিঞ্চি প্রভৃতি দেবগণ তাঁহারই গর্ভজাত। যেরূপ রুদ্রের অংশ স্বরূপ বীরভদ্রাদি বীরগণের ক্ষমতায় লয় হইয়া থাকে, কিন্তু কখন রুদ্রের লয় হয় না। তদ্রূপ রুদ্রের অংশ স্বরূপ বীরভদ্রাদিকে জানিলে যেমন মুক্তি হয়, পরব্রহ্মের অংশ রুদ্রকে জানিলেও সেই মত মুক্তি হয়। আর একাদশ রুদ্রের এইরূপ স্তুতি কথিত হইয়াছে। তাঁহার অংশস্বরূপ বীরভদ্রাদির কিরূপে সেই স্তব সম্ভাবিত ? একের বহুত্বই বা কিরূপে ঘটিবে ?। যাহাকে স্পর্শ করিলে ব্রাহ্মণদের মৃত্তিকাদ্বারা স্নান করিতে হয়, তাহার বেশ কি চিহ্ন ধারণ করিলে যে বহুদোষ হইবে, তাহাতে আর সন্দেহ নাই। এইরূপে বংশ ক্রমাগত প্রবৃত্তি হইতে কুকুরের বেশ কিম্বা চিহ্নাদি ধারণ, নিত্য নৈমিত্তিক কর্ম্ম পরিত্যাগ, ত্রৈকালিক নাট্য, গীত, বাদ্য কার্য্যে আসক্তি, তোমাদের এই সমস্ত চরিত্র ব্রাহ্মণত্ব নষ্ট করিয়া থাকে। অতএব তোমাদের মুখাবলোকন মাত্র সূর্য্য দর্শন করিতে হয়, ইহা শাস্ত্রে বলিয়াছে। অথবা মৌন অবলম্বন করিবেক।

অনন্তর বৃক্ষদিগের মূলচ্ছেদ করিলে তাহারা যেমন ভূতলে পতিত হয়, অপরাধী সকল যেমন রাজার পাদতলে পতিত হয় ; তদ্রূপ আচার্য্যের কথা শুনিয়া তাহারাও গুরু সন্নিধানে নিপতিত হইল। তাহাদিগকে দেখিয়া শঙ্কর দয়াপূর্ণ হৃদয়ে বলিলেন— তোমরা অবস্থান কর। অনন্তর গুরুর আজ্ঞা পাইয়া পদ্মপাদাদি শিষ্যগণ প্রথমে তাহাদের মস্তক মুণ্ডন, নদীতে অযুত স্নান, পরে মৃত্তিকা দ্বারা মস্তক মুণ্ডন, এবং পুনরায় মৃত্তিকাদ্বারা শতস্নান, এবং উপযুক্ত অন্য প্রায়শ্চিত্ত করাইয়া তাহাদিগকে ব্রাহ্মণ্য পথের পথিক করেন। তদবধি তাহারাও পরমগুরুকে নমস্কার করিয়া সৎ শিষ্য হইল। শৌচ, স্নানাদি

মৃদাহথ মুণ্ডনং ভূয়ঃ শতস্নানং মৃদা তথা। যোগ্যং চ কারয়িত্বাস্যং প্রায়শ্চিত্তমতন্দ্রিতাঃ। ১১৪॥

ব্রাহ্মণ্যমার্গগাংশ্চক্রুস্তাংস্তেহপি তু পরং গুরুম্। নত্বা সচ্ছিষ্যতাং যাতাঃ শৌচস্নানাদিতৎপরাঃ। ১১৫॥

পঞ্চপূজারতা জাতাঃ শাস্ত্রাধ্যয়নসংরতাঃ। শ্রীশঙ্করপ্রসাদেন মুক্তিভাজনতাং গতাঃ। ১১৬॥

তস্মাৎ পুরাৎ পশ্চিমমার্গগামী মরুন্ধসংজ্ঞং পুরমাপ শিষ্যৈঃ। ঢক্কাদিবাদ্যানুচলৎকরৌঘৈ র্বিচিত্রবন্দ্যাদিবহুপ্রপদ্যৈঃ। ১১৭॥

তত্র পুর্য্যাং বিচিত্রং বৈ বিশ্বক্‌সেনস্য গোপুরম্। তৎপূর্ব্বতঃ প্রপাশালাং বিপুলাং তত্র কল্পনাম্। ১১৮॥

গৃহাদীনামসৌ কৃত্বা সম্যগদর্ভাসনস্থিতঃ। মনোন্মন্যভিধাঙ্গুষ্ঠমাত্রলক্ষ্যং পরং প্রভুম্। ১১৯॥

সম্পূর্ণমণ্ডলাকারমাত্মানং সংনিরীক্ষ্য সঃ। পীযূষবিন্দুসন্দোহপানতৃপ্তাঙ্গ এব হি। ১২০॥

কুণ্ডলিনীং পুনর্মূলাধারং নীত্বা তদীশ্বরম্। স্তুত্বা গণপতিং তত্র চিরমাস সুখং গুরুঃ। ১২১॥

তত্রত্যাঃ স্বামিনং নত্বা বিশ্বক্‌সেনপরায়ণাঃ। শঙ্খচক্রবিরাজদ্ভুজদণ্ডাঃ স্তোত্রপাণয়ঃ। ১২২॥

ঊচুরস্মন্মতং সুষ্ঠু বিশ্বক্‌সেনাধিদৈবতম্। পুণ্যদং স তু বৈকুণ্ঠে সেনাপতিরুদাহৃতঃ। ১২৩॥

তস্য ভক্ত্যা বয়ং নাস্তি ভয়ং নো যমরাজতঃ। দেহপাতাদুর্টেস্তস্য চোদিতেন যথা কিল। ১২৪॥

বৈকুণ্ঠ এব গন্তব্য ইত্যুক্তঃ প্রাহ সো গুরুঃ। মৈবং নারায়ণস্যৈষো বিশ্বক্‌সেনঃ প্রকীর্ত্তিতঃ॥ ১২৫॥

ভক্তস্তথৈবেশভক্তা বৈকুণ্ঠে সন্ত্যনেকশঃ। তদ্ভক্তা অপি সম্পূজ্যাস্তদ্ভক্তৈরিত্যনুজ্ঞয়া। ১২৬॥

কথং তেষামুপাস্যত্বং স্বাতন্ত্র্যেণ ভবেৎ কিল। প্রমাণাভাবতস্তস্মাৎ সগুণত্বাৎ স এব হি॥ ১২৭॥

কার্য্য, পঞ্চ দেবতার পূজা, ও শাস্ত্রের অধ্যয়নে সর্ব্বদা রত থাকিত। অধিক কি মহাত্মা শঙ্করের প্রসাদে তাহারা শেষে মুক্তিভাজন হইল।

আচার্য্য শঙ্কর শিষ্যগণ লইয়া ঐ পুরের পশ্চিম পথে গমন করিয়া 'মরুন্ধ' নগরে উপস্থিত হন। শিষ্যগণের হস্তে ঢক্কা বাদ্য বর্ত্তমান ছিল। তদ্দ্বারা শিষ্যগণের হস্ত সকল কাঁপিতেছিল। তাহাতেই শিষ্যগণ স্তুতিপাঠক প্রভৃতির মতন বিচিত্র বেশ ধারণ করিয়াছিলেন। ঐ নগরে 'বিশ্বক্‌সেনের' পুরদ্বার অতি রমণীয়। আচার্য্য তাহার পূর্ব্বদিকে এক প্রকাণ্ড পান্থশালা ও নানাবিধ গৃহাদি নির্ম্মাণ করাইয়া কুশাসনে উপবেশন করেন। অনন্তর 'মনোন্মনি' নামক, অঙ্গুষ্ঠমাত্র স্থানে লক্ষ্য, পরিপূর্ণ মণ্ডলাকৃতি, পরম প্রভু আত্মাকে দর্শন করিয়া সুধাবিন্দু প্রবাহপানে পরিতৃপ্ত হন। পরে কুণ্ডলিনীমে মূলাধারচক্রে লইয়া তাহার ঈশ্বরকে এবং গণপতিকে স্তব করিয়া শঙ্কর তথায় কিছুকাল বাস করেন। তথায় 'বিশ্বক্‌সেন' দেবতা ভক্ত তদ্দেশীয় লোকে শঙ্করকে নমস্কার করিয়া, বাহুতে শঙ্খ চক্রাদি চিহ্ন ধারণ পূর্ব্বক কৃতাঞ্জলিপুটে স্তব করিতে লাগিল। পরে আচার্য্যকে বলিল—আমাদের মত অতি সুন্দর। বিশ্বক্‌সেন আমাদের দেবতা। তিনি পুণ্য দান করেন, বৈকুণ্ঠে তিনি সেনাপতিরূপে কথিত হইয়াছেন। আমরা তাঁহার ভক্ত, আমাদের যমের নিকটেও ভয়ের সম্ভাবনা নাই। দেহের অপায় হইলে তাঁহার সৈন্যগণ আসিয়া সঙ্গে করিয়া বৈকুণ্ঠে লইয়া যায়।

তাহাদের এই কথা শুনিয়া আচার্য্য বলিলেন। তোমরা একথা বলিতে পার না। বিশ্বক্‌সেন নারায়ণের একজন ভক্ত। বৈকুণ্ঠে এইরূপ ঈশ্বরের ভক্ত অনেক আছে। তাহাদের ভক্তগণ তাহাদের অনুজ্ঞায় তাহাদের ভক্তদিগকে পূজা করিবেক। তবে কিরূপে স্বাধীন ভাবে তাহাদিগকে উপাসনা করা যাইতে

তল্লোকপ্রেপ্সুভিঃ সেব্যঃ পারম্পর্য্যেণ মুক্তিদঃ। নারায়ণস্ত-মেকং তু ধ্যাতুঃ প্রত্যগভেদতঃ ॥ ১২৮ ॥

মুক্তিঃ সাক্ষাদতো যূয়ং যদি চেন্ মুক্তিকাঙ্ক্ষিণঃ। তদাঽদ্বয়মখণ্ডং তং গুরুশাস্ত্রোপদেশতঃ। ১২৯ ॥

ধ্যাত্বা সম্যক্ প্রযত্নেন মুক্তা ভবথ মাচিরম্। ইত্যুক্তাস্ত্যক্ত-লিঙ্গাস্তে প্রণম্য শিরসা গুরুম্ ॥ ১৩০ ॥

তদুপদেশেন সংপ্রাপ্য বিদ্যাং স্মৃত্যাদিদর্শিতে। কর্ম্মাদৌ সু-রতাঃ সর্ব্বে বভূবুঃ সাধুবৃত্তয়ঃ। ১৩১।

ততঃ সমাগত্য তু মন্মথস্য ভক্তা নমস্কৃত্য গুরুং সমূচুঃ। শৃণ্বস্মদীয়ং মতমদ্ভুতং ত্বং যো মন্মথঃ সর্ব্বহৃদি স্থিতঃ সঃ। ১৩২ ॥

স্বর্গাদিকর্ত্তাঽত উপাসনীয়ঃ সর্ব্বার্থিভিঃ সর্ব্বনুতঃ পরাত্মা। সুবর্ত্তুলাকারবিভূষণাভ্যাং বশীকৃতং যেন হৃদিস্থিতাভ্যাম্। ১৩৩।

কান্তাকদম্বেন তদীয়দর্শনস্পর্শনাভ্যাং বহুসৌখ্যদাভ্যাম্। কামাত্মনঃ পূর্ণসুখস্য লব্ধি র্মোক্ষোঽস্ত্যতো যূয়মপীহতস্য ১৩৪।

সমুৎসবে পঞ্চশরস্য চিহ্নং ধৃত্বা হ্যনস্তেন সুখেন যুক্তাঃ। যত্নেন মুক্তা ভবথেতি সোক্তঃ প্রোবাচ মৈবং বদতাপ্র-মাণম্। ১৩৫।

কমলজপ্রমুখা জগতঃ স্মৃতা উদয়পালনসংযমনে রতাঃ। ন চ হরেঃ সুত এষ হি পালকো ন চ সুতে সবিতু র্হি তথা প্রভা। ১৩৬।

স্ত্রীণাং তৎসঙ্গিনাং সঙ্গং দূরতঃ পরিবর্জয়েৎ। ইত্যেবং প্রতিষেধস্য সত্ত্বাদ্দুষ্টং ভবন্মতম্। ১৩৭ ॥

পারে ?। বিশেষত এবিষয়ে কোন প্রমাণ নাই। যাহারা বৈকুণ্ঠে গমন করিতে বাসনা করে, তাহারা সেই সগুণ ঈশ্বরের উপাসনা করিবেক। পরম্পরা সম্বন্ধে সেই নারায়ণকে প্রত্যেক বস্তুগত ভাবিয়া অভেদ ধ্যান করে, তাহারই সাক্ষাৎ মুক্তি লাভ হইয়া থাকে। এতএব তোমরা যদি মুক্তি কামনা করিয়া থাক, তাহা হইলে গুরু এবং শাস্ত্রোপদেশে সেই অদ্বিতীয়, অখণ্ড পরমেশ্বরের সম্যক্রূপে যত্নসহকারে ধ্যান করিলে শীঘ্র মুক্ত হইতে পারিবে।

আচার্য্যের এই বাক্য শুনিয়া তাহারা চিহ্ন সকল ত্যাগ করিল। অনন্তর মস্তকদ্বারা গুরুকে প্রণাম করিয়া, গুরুর উপ-দেশে বিদ্যা লাভ করিয়া, স্মৃতি কিম্বা পুরাণাদি শাস্ত্রোক্ত বিহিত কার্য্যে অত্যন্ত আসক্ত হইল। এইরূপে তাহারা সকলেই ক্রমশঃ সাধু হইয়া উঠে। ৮৭—১৩১।

অনন্তর কতকগুলিন কামদেবের ভক্ত আসিয়া গুরুকে প্রণাম করিয়া বলিল। আমাদের অদ্ভুত মত শ্রবণ করুন। যে মন্মথ সকলের হৃদয়ে অবস্থিতি করেন, তিনিই স্বর্গাদি কর্ত্তা। অতএব যাহারা সকলবস্তু কামনা করে, তাহারা সর্ব্বজনের পূজ্য—পর-মাত্মা সেই কামদেবকে উপাসনা করিবেক। যে মন্মথ কামিনী-গণের হৃদয় স্থিত বর্ত্তুলাকার দুটি ভূষণদ্বারা এই জগৎ বশীভূত করিয়াছেন। সেই ইচ্ছাময়—পূর্ণসুখরূপী মন্মথের লাভ হই লেই মোক্ষ লাভ হয়। অতএব আপনারাও মন্মথের উৎসবে পঞ্চশরের চিহ্ন ধারণ করিয়া অনন্তসুখে লিপ্ত থাকিয়া যত্নপূর্ব্বক মুক্ত হইবেন।

তাহাদের এই কথা শুনিয়া আচার্য্য শঙ্কর বলিলেন। তো-মরা কদাচ এরূপ অপ্রামাণিক কথা মুখ দিয়া বলিও না। ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর, ইহাঁরাই জগতের সৃষ্টি, স্থিতি লয়ের কারণ। যেমন বিষ্ণুর পুত্র অনঙ্গ কদাচ পালক নয়, তদ্রূপ সূর্য্যের পুত্রে প্রভা কখনই সঙ্গত হয় না। স্ত্রীগণের এবং যাহারা স্ত্রীসঙ্গ করে, তাহাদের সঙ্গ দূরে ত্যাগ করিবেক। এইরূপ যখন নিষেধ দেখা যাইতেছে, তখন তোমাদের মত ভাল নহে। অপিচ মন্মথ যে মোক্ষদান করিবেন, তাহার শক্তি কোথায় ?। বরং অবিরুদ্ধ প্রত্যক্ষাদি প্রমাণ বর্ত্তমান থাকাতে প্রদ্যুম্নই সৃষ্টি প্রভৃতি কার্য্যের কর্ত্তা।

শঙ্করের এই বাক্য শুনিয়া ক্রৌঞ্চবিৎ সকলেই তাঁহাকে

কিঞ্চানঙ্গস্য মোক্ষাদিদাতৃত্বে শক্ততা কুতঃ। প্রদ্যুম্নস্য চ কর্তৃত্বং সৃষ্ট্যাদের্ন বিরোধতঃ। ১৩৮॥

প্রত্যক্ষাদেরিতি শ্রুত্বা নত্বা ক্রৌঞ্চবিদাদয়ঃ। ত্যক্তচিহ্না বভূবুস্তে পঞ্চপূজাদি তৎপরাঃ। ১৯॥

তস্মাদুদক্পথায়াস্তং পুরং মাগধমদ্ভুতম্। কুবেরোপাসকাস্তত্র কুবেরপ্রমুখাঃ স্থিতাঃ। ১৪০॥

নবনিধ্যাত্মসৌবর্ণপদকাবলিশোভিতাঃ। উচুর্নবনিধীশত্বাৎ সর্ব্বাধিকধনঃ কিল। ১৪১॥

কুবেরস্তস্য ভক্তানামস্মাকং ন দরিদ্রতা, ততো নঃ পূর্ণ আনন্দো ব্রহ্মরূপোঽস্তি ভো যতে!। ১৪২॥

কর্ম্মণোঽপ্যর্থমূলত্বাত্তৎপতেঃ সেবনং বরম্। মোক্ষাদ্যাকাঙ্ক্ষিভিঃ সর্ব্বৈঃ কর্ত্তব্যং সুপ্রযত্নতঃ। ১৪৩॥

কিঞ্চ ব্রহ্মাদিকানাং স ধনদানেন পালকঃ। তস্মাৎ সমগ্রলোকানাং স্বাম্যরং সেব্যতাং গতঃ। ১৪৪॥

তস্য সেবাকরী কাচিদ্যক্ষিণী সুরসুন্দরী। মহদৈশ্বর্য্যলাভস্তৎসেবনাদপি জায়তে। ১৪৫॥

তস্মাত্তদন্যসেবাং যে কুর্ব্বন্তি মনুজাদয়ঃ। মোক্ষাদ্যাকাঙ্ক্ষিণস্তে তু মন্দা ভাগ্যবিবর্জ্জিতাঃ। ১৪৬॥

তস্মাৎ ভবন্তোঽপি কুবেরসেবাং কুর্ব্বন্তু মোক্ষার্থমনন্যচিত্তাঃ। ইত্যুক্ত আচার্য্য উবাচ যুষ্মন্মতং প্রমাণেন বিহীনমেব। ১৪৭॥

স্বামী কুবেরোঽস্য পরোধনস্য তথাপি কশ্চিন্নহি তেন তৃপ্তঃ। লোভেন যুক্তস্য কুতোঽস্তি তৃপ্তিরতোঽস্য ধর্ম্মোঽপি ন বিদ্যতেঽণুঃ। ১৪৮॥

মোক্ষস্য বার্ত্তা স্মৃতিদূরগাস্তি তস্মাৎ পরিত্যাজ্যমনর্থরূপম্। দ্রব্যং প্রযত্নেন মুমুক্ষুভিঃ সংসেব্যং ন যস্যাস্তি পুনর্ব্বিয়োগঃ। ১৪৯॥

প্রণাম করিল—সমস্ত চিহ্ন ত্যাগ করিল—শেষে পঞ্চ দেবতার পূজা এবং নিত্য নৈমিত্তিক কার্য্যের অনুষ্ঠান করিতে লাগিল।

ঐ স্থান হইতে উত্তর পথে গিয়া আচার্য্য পরমরমণীয় মাগধ দেশে উপস্থিত হন। তথায় কুবের দেবতার উপাসক কুবেরাদি কতকগুলিন লোক বাস করিত। নব নিধিময় সুবর্ণপদক দ্বারা বিভূষিত হইয়া তাহারা আচার্য্যকে বলিল। কুবের নবনিধি সমূহের ঈশ্বর, এবং তিনি সর্ব্বাপেক্ষা অধিক ধনবান্ আমরা সেই কুবেরের ভক্ত, সুতরাং আমাদের দারিদ্র্য দুঃখ হইবার সম্ভাবনা নাই। হে যতিরাজ! সেই কারণে আমাদের ব্রহ্মরূপ পূর্ণ আনন্দ নিয়তই বিদ্যমান। সংসারে সকল কর্ম্ম অর্থমূলক, এই কারণে অর্থপতির সেবা আবশ্যক। মোক্ষপ্রার্থী সকলেই যত্নপূর্ব্বক অর্থপতি কুবেরের সেবা করিবেক। আমাদের প্রভু কুবের ধনদানে ব্রহ্মাদিদেবগণের পালন করেন। কুবের সকল লোকের স্বামী, সুতরাং তাঁহারই সেবা করা আবশ্যক। একজন সুরসুন্দরী যক্ষপত্নী কুবেরের সেবা করিত। তাহাতে সে অতুল ঐশ্বর্য্যের অধিকারিণী হয়। অতএব যে সকল মানব মোক্ষ আকাঙ্ক্ষা করিয়া কুবের ভিন্ন অন্যদেবতার উপাসনা করে, তাহারা মূঢ়মতি এবং সৌভাগ্যবর্জ্জিত জানিবেন। সুতরাং আপনারাও মোক্ষের নিমিত্ত একমনে ঐ কুবেরের উপাসনা করুন।

তাহাদের এই বচন শুনিয়া আচার্য্য শঙ্কর বলিলেন। তোমাদের বাক্য অপ্রমাণ। কুবের অর্থের প্রধান স্বামী হইলেইও তথাপি তাহাদ্বারা কেহই তৃপ্ত নহে। যে ব্যক্তি লোভী, তাহার কিছুতেই তৃপ্তি নাই। এবং তাহার অণুমাত্র ধর্ম্ম হইবার সম্ভাবনা নাই। সুতরাং কুবেরের উপাসনা করিলে যে মোক্ষ হইবে, সে কথা সুদূর পরাহত। অতএব অনর্থ বিষয় পরিত্যাগ করিবেক। যে বস্তু একবার পাইলে আর তাহার বিয়োগ হয় না, মোক্ষার্থী সাধুগণ যত্নসহকারে সেই দ্রব্যেরই সেবা করিবেক। মহাজনেরা বলেন—"অর্থকে অনর্থরূপে সর্ব্বদা ভাবনা করিবেক। সত্য ২ অর্থে অণুমাত্র সুখের আশঙ্কা নাই। অধিক কি যাহারা ধনাঢ্য, তাহাদের পুত্রের নিকটেও শঙ্কা ঘটিয়া থাকে। এই নীতি সকল স্থানে নিহিত আছে জানিবে।" এই বচনে যদি ধর্ম্ম সিদ্ধ হয় হউক, তথাপি

অর্থমনর্থং ভাবয় নিত্যং নাস্তি যতঃ সুখলেশঃ সত্যম্। পুত্রাদপি ধনভাজাং ভীতিঃ সর্ব্বত্র এষা বিহিতা নীতিঃ। ১৫০।

ইত্যুক্তে নমু ধর্ম্মোঽপি তৎসাধ্য ইতি চেত্তথা। অস্তু নাম কুবেরস্তু সেব্যো নৈব ধনার্থিনা। ১৫১ ॥

যতঃ প্রাক্ সুকৃতাদেব ধনভাজো জনা মতাঃ। ব্রহ্মা হিরণ্যগর্ভোঽস্তি বিষ্ণু র্লক্ষ্মীপতি র্হরঃ। ১৫২ ॥

হিরণ্যবীর্য্য ইন্দ্রস্তু সুবর্ণাচলসংস্থিতঃ। এবং বিধা ধনেনাস্য জীবন্তীত্যতিসাহসম্। ১৫৩ ॥

মহন্নিন্দার্থকং বাক্যং নৈববাচ্যমিতঃ পরং। চিহ্নানি সংপরিত্যজ্য স্নানসন্ধ্যাদিতৎপরাঃ। ১৫৪ ॥

অদ্বৈতবিদ্যয়া যুক্তাঃ পঞ্চপূজারতাঃ সদা। ভবতেত্যুদিতাঃ সর্ব্বে গুরুপাদাম্বুজে রতাঃ।১৫৫ ॥

ত্যক্তচিহ্না বভূবুস্তে পঞ্চপূজাদিতৎপরাঃ। ইন্দ্রভক্তাস্ততো নত্বা তমূচুঃ পরমং গুরুম্। ১৫৬ ॥

ইন্দ্রঃ স্বামিন্! দেবগন্ধর্ব্বযক্ষৈঃ সর্ব্বেশঃ সর্গাদি কর্ত্তা সুসেব্যঃ। ব্রহ্মা বিষ্ণু রুদ্র এবেতি বেদে তত্তচ্ছব্দৈ র্বাচ্য এবৈব নান্যঃ। ১৫৭ ॥

সর্ব্বেশত্বং সর্ব্বদাতৃত্বমস্য বেদে প্রোক্তং বামনশ্চানুজোঽস্য। রত্নং সর্ব্বং তদ্গৃহে চামৃতাদ্যং দেবাঃ সর্ব্বে যস্য কুর্ব্বন্তি সেবাম্। ১৫৮ ॥

সর্ব্বস্যাত্মা নির্ব্বিশেষঃ পরাত্মা সর্ব্বাতীতঃ শিক্ষকোঽসৌ যতীনাম্। প্রায়চ্ছত্তান্ স্বার্থহীনান্ বৃকেভ্যস্তস্মাদিন্দ্রঃ সেবনীয়ো ভবদ্ভিঃ। ১৫৯ ॥

শ্রেয়স্কামৈরিত্যসৌ প্রোক্ত আহ নৈবং বাচ্যং ব্রহ্মশব্দাদিবদ্ধি। পূর্ণৈশ্বর্য্যে সচ্চিদানন্দরূপ ইন্দ্রঃ শব্দো নৈব বজ্রাদিযুক্তঃ। ১৬০ ॥

সদেবেত্যাদিবাক্যেষু পরং ব্রহ্ম নিরূপিতম্। কারণং জগতো যস্মাদ্ ব্রহ্মবিষ্ণ্বাদিসম্ভবঃ। ১৬১ ॥

ধনার্থী হইয়া কথনই কুবেরের উপাসনা করিবে না। কারণ, পূর্ব্বজন্মের সুকৃতি থাকিলে সকলেই ধনাঢ্য হয়। তাহার দৃষ্টান্ত দেখ—পূর্ব্ব জন্মের সুকৃতিবলে ব্রহ্মা হিরণ্যগর্ভ, বিষ্ণু লক্ষ্মীপতি, শিব হিরণ্যবীর্য্য—এবং ইন্দ্র সুবর্ণাচল স্থিত। ব্রহ্মাদি দেবগণও যে, কুবেরের ধনে বাঁচিয়া থাকেন, এ অতিশয় সাহস বাক্য। অতঃপর তোমরা মহৎ লোকের নিন্দাকারক বাক্য আর বলিওনা। এক্ষণে তোমরা সকলে চিহ্ন সকল ত্যাগ কর, স্নান, সন্ধ্যা বন্দনা করিতে থাক, সর্ব্বদা অদ্বৈতবিদ্যার অনুশীলন কর, এবং পঞ্চ দেবতার পূজা কর। এইকথা শুনিয়া তাহারা সকলেই গুরুপাদপদ্মে রত হইল—চিহ্নাদি পরিত্যাগ করিয়া পঞ্চদেবতার পূজা প্রভৃতি সৎকার্য্যের অনুষ্ঠান করিতে লাগিল।

অনন্তর কতকগুলিন ইন্দ্রের উপাসক তথায় আসিয়া গুরুকে প্রণাম করিয়া বলিল। হে প্রভো! ইন্দ্র সকলের ঈশ্বর এবং সৃষ্টি স্থিতি লয় কর্ত্তা। দেব যক্ষ গন্ধর্ব্ব সকলেই তাঁহার উপাসনা করিয়া থাকে। ইন্দ্রই ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বর। বেদে তত্তৎ শব্দ দ্বারা ইন্দ্রকেই বুঝিতে হইবে, অন্য কাহাকে নহে। বেদে কথিত হইয়াছে, ইন্দ্র সকলের ঈশ্বর এবং সর্ব্বদাতা। অধিক কি, বামন ইন্দ্রের কনিষ্ঠ ভ্রাতা। ইন্দ্রের গৃহে সমস্ত রত্ন বর্ত্তমান, অমৃতও ইন্দ্রের ভবনে বিরাজমান। সকল দেবতা ইন্দ্রের সেবা করিয়া থাকেন। ইন্দ্র সকলের আত্মা, নির্বিশেষ, পরমাত্মা, সর্ব্বাতীত, এবং তিনি যতিদিগের শিক্ষক। ইন্দ্র বৃকদের (ক্ষুদ্রব্যাঘ্র) উদ্দেশে স্বার্থহীন ঐ সকল লোককে দান করেন। অতএব আপনারাও মোক্ষার্থী হইয়া ইন্দ্রের উপাসনা করিবেন। ১৩২—১৫৯।

এই কথা শুনিয়া আচার্য্য তাহাদিগকে বলিলেন। ব্রহ্মাদিশব্দের মতন ইন্দ্রশব্দ কথনই হইতে পারে না। ইন্দ্রশব্দ যথন পরিপূর্ণ ঐশ্বর্য্য বিষয়ে সচ্চিদানন্দস্বরূপ হয়, তথন বজ্রযুক্ত ইন্দ্রকে কথনই বুঝাইতে পারে না। "সদেব সৌম্যেদমেক একাগ্র আসীৎ" ইত্যাদি বেদ বাক্যে পরব্রহ্মকেই জগতের কারণ ব-

ব্রহ্মণস্ত্বিন্দ্রবহ্ন্যাদিদেবাদীনাং সমুদ্ভবঃ। ইন্দ্রঃ স্রষ্টেতি চেদন্যে লোকপালাঃ কুতো নহি। ১৬২ ॥

সর্ব্বদাতৃত্বমপ্যস্য সাপেক্ষং সর্ব্বজন্তুবৎ। সুধাপানেন ব্রহ্মত্বে তদানস্থ্যং প্রসজ্যতে। ১৬৩ ॥

একমেবেতি বেদোহি ব্যর্থঃ স্যাত্তু তথাসতি। সহস্র-কালযুগস্য ব্রহ্মণো দিবসস্য বৈ। ১৬৪ ॥

চতুর্দ্দশাংশসঞ্জীবী কথং স্যাৎ পরমেশ্বরঃ। তস্মাৎ সর্ব্বলয়ে শিষ্টং সদাদিপ্রতিপাদিতম্। ১৬৫ ॥

জগৎকারণমেষ্টব্যং শ্রুতিরূপাৎ প্রমাণতঃ। ভদ্রহর্য্যাদিভিঃ শুদ্ধাদ্বৈতবিদ্যামুপাশ্রিতৈঃ। ১৬৬ ॥

এবমুক্তা গুরুং নত্বা স্মার্ত্তকর্ম্মপরায়ণাঃ। বভূবুঃ পঞ্চপূজাদিতৎপরাঃ শিষ্যতাং গতাঃ। ১৬৭ ॥

তস্মাদ্যমপ্রস্থপুরং প্রয়াতস্তত্র স্থিতো মাসমথাগতা যে। যমস্য ভক্তা মহিষাস্যতপ্তলোহাঙ্কিতা বাহুষু নৃত্যমানাঃ। ১৬৮ ॥

নত্বোচিরে কিঙ্করসংজ্ঞকাদ্যা লয়স্য হেতুর্যম এব তস্মাৎ। সৃষ্ট্যাদিকর্ত্তাপি স এব নূনং তত্তস্তদীয়াঃ খলু মুক্তিভাজঃ। ১৬৯

যমায় সোমং সুনুত যমায় জুহুতা হবিঃ। যমং হ যজ্ঞো যচ্ছত্যগ্নিদূতো অলঙ্কৃতঃ। ১৭০ ॥

ইত্যেবং যজ্ঞভোক্তৃত্বং শ্রুতৌ প্রোক্তং যমস্য হি। তস্মাদয়ং পরং ব্রহ্ম সৃষ্ট্যুৎপত্ত্যাদিকারণম্। ১৭১ ॥

তস্য মূর্ত্তি র্দ্বিধা জ্ঞেয়া শুক্লকৃষ্ণবিভেদতঃ। যচ্ছুক্লং তৎ পরং ব্রহ্মেতি শ্রুতেঃ শুক্লরূপিণী। ১৭২ ॥

যা মূর্ত্তিঃ সা পরং ব্রহ্ম তস্মান্নির্গুণতো যমাৎ। মহত্তত্ত্বাদিসম্ভূতিদ্বারা রুদ্রো যমস্য হ। ১৭৩ ॥

জাতোঽবতার এতস্মাৎ কৃষ্ণবর্ণো যমঃ কিল। বিষ্ণুনামা সমুৎপন্নস্তস্য নাভিসরোজকে। ১৭৪ ॥

লিয়া নিরূপণ করা হইয়াছে। তাঁহা হইতেই ব্রহ্মা বিষ্ণু প্রভৃতি দেবগণের উৎপত্তি। ব্রহ্মা হইতেই আবার ইন্দ্র, বহ্নি প্রভৃতি দেবগণের জন্ম। আর এক কথা—ইন্দ্রই যদি জগতের স্রষ্টা হয়, তবে অন্যান্য দিক্‌পাল সকল কেন সৃজন কর্ত্তা হইবে না?। সর্ব্ব জন্তু শব্দ যেমন সাপেক্ষ, সর্ব্বদাতা শব্দও সেইরূপ আপেক্ষিক। সুধাপান করিয়া যদি ব্রহ্মপদ লাভ হয়, তবে অনবস্থা দোষ ঘটে। তাহা হইলে 'একমেবাদ্বিতীয়ম্' এই শ্রুতি বৃথা হয়। চতুর্ম্মুখ ব্রহ্মার একদিবসের পরিমাণ সহস্রযুগ। তবে পরমেশ্বর কিরূপে ব্রহ্মার একদিনের চতুর্দ্দশ ভাগ পর্য্যন্ত বাঁচিয়া থাকিবেন?। অতএব সকল বস্তু লয় পাইলে 'সৎ' 'চিৎ' ইত্যাদি দ্বারা প্রতিপাদিত ব্রহ্মকে বেদপ্রমাণে জগতের কারণ বলিয়া বুঝিতে হইবে। নির্ম্মল অদ্বৈত বিদ্যা যাহারা অবলম্বন করিয়াছেন, সেই ভদ্রহরি প্রভৃতি সকলেই বেদোক্ত সচ্চিদানন্দ ব্রহ্মের নিরূপণ করিয়া থাকেন।

শঙ্করের এই বচন শুনিয়া তাহারা গুরুকে নমস্কার করিয়া স্মৃতি শাস্ত্রোক্ত কার্য্যে আসক্ত হইল। পঞ্চদেবতার পূজা এবং পঞ্চযজ্ঞের অনুষ্ঠান করিয়া সকলেই আচার্য্যের শিষ্য হইল।

শঙ্কর ঐ স্থান হইতে যমপ্রস্থ পুরে গমন করেন। তথায় একমাস অবস্থান করেন। অনন্তর কতকগুলিন যমের ভক্ত আসিয়া উপস্থিত হয়। তাহাদের বাহুতে মহিষ এবং তপ্ত লৌহের চিহ্ন আছে। সর্ব্বদাই নৃত্য করিতে উদ্যত। কিঙ্কর প্রভৃতি ঐ সকল লোক আসিয়া আচার্য্যকে প্রণাম করিয়া বলিল। যমই লয়ের কারণ এবং যমই সৃষ্টি স্থিতির কর্ত্তা। অতএব যাহারা যমের উপাসনা করিবে, নিশ্চয় তাহারা মুক্তি লাভ করিবেক। "যমের উদ্দেশে সোম রস উৎপাদন কর, যমের উদ্দেশে হবি দান কর, (অগ্নি, যে যজ্ঞের দূত) সেই অগ্নিদূত যজ্ঞ অলঙ্কৃত হইয়া যমের উদ্দেশে নানাবিধ বস্তু দান করিয়া থাকে।" এই বেদবচনে যম যে যজ্ঞভোক্তা, তাহাই দর্শিত হইয়াছে। অতএব যমই পরমব্রহ্ম—যমই সৃষ্টি, স্থিতি, লয়ের কারণ। শুক্ল ও কৃষ্ণ এই দুই প্রকার যমের মূর্ত্তি। "যচ্ছুক্লং

রক্তবর্ণো বিধিস্তস্মাদষ্টৌ দিক্‌পতয়োঽভবন্। গ্রহাঃ সূর্য্যাদয়ঃ সর্ব্বং জগজ্জজ্ঞে চরাচরম্। ১৭৫ ॥

এবং কৃত্বা স শিক্ষার্থং দক্ষিণাশাধিপালকঃ। দণ্ডপাণির্ম্মহানীশো মহিষারূঢ় আভবৎ। ১৭৬ ॥

ইন্দ্রাদীনাং নিজাংশানাং মধ্যে তদ্বদ্বিলক্ষ্যতে। ভস্মনান্তর্গতাঙ্গারবৎ স সত্যাদিরূপকঃ। ১৭৭ ॥

তস্মাৎ বিশুদ্ধবুদ্ধাদিরূপঃ সর্ব্বস্য কারণম্। তস্যাংশঃ সগুণো নৈব নির্গুণোপাসনে প্রভুঃ। ১৭৮ ॥

কশ্চিত্তস্মাদ্বয়ং নীলবর্ণস্যোপাসনং সদা। কুর্ম্মস্তেন যতো নাশং মূলাজ্ঞানং প্রপদ্যতে। ১৭৯ ॥

তস্মিন্নষ্টে যমঃ সর্ব্বমিতি বোধো বিজায়তে। ততঃ শুক্লযমস্যাদিরূপো মোক্ষো ভবত্যতঃ। ১৮০ ॥

যূয়ং মোক্ষার্থিনঃ সর্ব্বে কুরুতানন্যচেতসঃ। তদীয়োপাসনং তস্য মুক্তিং প্রাপ্স্যথ বোধতঃ। ১৮১ ॥

ইত্যুক্ত আচার্য্য উবাচ নৈবং বাচ্যং বিরুদ্ধং শ্রুতিতো ভবদ্ভিঃ। পুরা পিতুঃ শাপবশাদ্ধি কশ্চিদ্দ্বিজঃ পুরং প্রাপ্য যমস্য গেহম্। ১৮২

স নাচিকেতা অবসৎ ত্রিরাত্রমন্নং বিনা তং হ্যতিথিং স্বকান্ত্যা। যুক্তং যমঃ প্রেক্ষ্য সুবেপমানঃ প্রোবাচ ভূদেবমতীব নম্রঃ। ১৮৩

তিস্রো রাত্রীর্যদবাৎসী গৃহে মেঽনশ্নন্ ব্রহ্মন্নতিথির্নমস্যঃ। নমস্তেঽস্তু ব্রহ্মন্! স্বস্তি মেঽস্তু তস্মাৎ প্রতি ত্রীন্ বরান্ বৃণীষ্ব। ১৮৪ ॥

ইত্যেবং তু যমেনাসৌ নমঃপূর্ব্বমুদীরিতঃ। নচিকেতা উবাচৈনং বচনং সুমনোহরম্। ১৮৫ ॥

শান্তসঙ্কল্পঃ সুমনা যথাস্যাদ্বীতমন্যুর্গৌতমো মাভি মৃত্যো॥ ত্বৎপ্রসৃষ্টং মাভিবদেৎ প্রতীত এতত্ত্রয়াণাং প্রথমং বরং বৃণে। ১৮৬ ॥

তৎপরং ব্রহ্ম” এইরূপ শ্রুতি থাকাতে যমের শুক্লবর্ণ মূর্ত্তি পরম ব্রহ্ম। ঐ নির্গুণ যম হইতে যমের মহত্তত্ত্ব প্রভৃতি ঐশ্বর্য্য দ্বারা রুদ্রাবতার উৎপন্ন হয়। এইজন্য যম কৃষ্ণবর্ণ। যমের নাভিসরোজে বিষ্ণু উৎপন্ন হন। রক্তবর্ণ ব্রহ্মা এবং অষ্টদিক্‌পাল যম হইতে উৎপন্ন হয়। চন্দ্র সূর্য্যাদি গ্রহ সকল, অধিক কি স্থাবর জঙ্গমাত্মক সমুদয় বিশ্ব যম হইতে সৃষ্ট হয়। তিনি শিক্ষাদিবার নিমিত্ত এই সকল সৃজন করিয়া দণ্ড হস্তে করিয়া এবং মহিষে আরোহণ করিয়া দক্ষিণ দিকের পালক হন। ভস্মের অন্তর্গত অঙ্গারকে যেমন জানিতে পারা যায়, তদ্রূপ মহেশ্বর যম আপনার অংশস্বরূপ ইন্দ্রাদি দেবতার মধ্যে লক্ষিত হন। তিনিই সত্যস্বরূপ। অতএব তিনি বিশুদ্ধ, বুদ্ধ, নিত্য, মুক্তস্বভাব, তিনি সকল পদার্থের কারণ। তাঁহার অংশ সগুণ, কেহ কখন নির্গুণের উপাসনা করিতে সক্ষম নহে। এই কারণে আমরাও কৃষ্ণবর্ণ যমের সর্ব্বদা উপাসনা করিয়া থাকি। এই সগুণ যমের উপাসনা করিলে মূল অজ্ঞান নষ্ট হয়। অজ্ঞান নাশ হইলে ‘যমই সর্ব্বময়’ এই জ্ঞান জন্মায়। অনন্তর শুক্লবর্ণ যমের রূপাতীত আকৃতির নাম মোক্ষ। আপনারা সকলেই মোক্ষার্থী, সুতরাং অনন্যমনে যমের উপাসনা করুন। পরে তাহার জ্ঞান হইলে মুক্তি লাভ করিবেন। ১৬০—১৮১।

যমোপাসকদিগের এই কথা শুনিয়া আচার্য্য তাহাদিগকে বলিলেন। তোমরা এরূপ শ্রুতিবিরুদ্ধ বাক্য কদাচ বলিও না। এ বিষয়ে আমি তোমাদিগকে কঠোপনিষদের প্রমাণ দেখাইতেছি, শ্রবণ কর। পুরাকালে নচিকেতা নামে কোন একজন ব্রাহ্মণ তনয় পিতার কাছে অভিশপ্ত হইয়া যমপুরে গমন করিয়া যমের গৃহে তিন রাত্রি বাস করেন। যম দেখিলেন—একজন ব্রাহ্মণ তিন রাত্রি আমার গৃহে অনাহারে বাস করিতেছেন, অথচ শরীরের লাবণ্য কিছুমাত্র লোপ পায় নাই। তখন যম কাঁপিতে ২ অত্যন্ত নম্রভাবে ভূদেবকে বলিলেন। “হে ব্রাহ্মণ! তুমি তিন রাত্রি আমার গৃহে বাস করিয়াছ। তুমি আমার অতিথি হইয়াছ, অথচ কোন খাদ্য

যম উবাচ। যথা পুরস্তাত্তবতা প্রতীত ঔদ্দালকিরারুণি র্মৎ-প্রসৃষ্টঃ। সুখং রাত্রীঃ শয়ীতা বীতমন্যুস্ত্বাং দর্শিবান্ মৃত্যু-মুখাৎ প্রমুক্তম্। ১৮৭ ॥

স্বর্গে লোকে ন ভয়ং কিঞ্চনাস্তি ন তত্র ত্বং জরয়া বিভেতি। উভে তীর্ত্বা অশনায়াপিপাসে শোকাতিগো মোদতে স্বর্গ-লোকে। ১৮৮ ॥

নচিকেতা উবাচ। স ত্বমগ্নিং স্বর্গ্যমধ্যেষি মৃত্যো! প্রব্রূহি ত্বং শ্রদ্দধানায় মহ্যম্। স্বর্গলোকাদমৃতত্বং ভজন্তে এতদ্দ্বিতীয়েন বৃণে বরেণ। ১৮৯ ॥

এবমুক্ত উবাচাগ্নেঃ স্বরূপং যম আদরাৎ। নচিকেতা-স্ততঃ প্রাহ মৃত্যুং বুদ্ধিমতাম্বরঃ। ১৯০ ॥

যেয়ং প্রেতে বিচিকিৎসা মনুষ্যে অস্তীত্যেকে নায়মস্তীতি চৈকে। এতদ্বিদ্যামনুশিষ্টস্ত্বয়াঽহং বরাণামেষ বরস্তৃতীয়কঃ। ১৯১ ॥

এবমুক্তো যমস্তস্য লোভমুৎপাদয়ন্ বহু। ধনাদিনা বরস্তাস্য গোপ্যতামভিলক্ষ্য সঃ। ১৯২ ॥

অথৈনং লোভনির্মুক্তং বিদ্যার্থিনমকল্মষম্। দৃষ্ট্বা প্রাহ যমস্তত্ত্বং সুগোপ্যমধিকারিণে। ১৯৩ ॥

সর্ব্বে বেদা যৎ পদমামনন্তি তপাংসি সর্ব্বাণি চ যদ্বদন্তি। যদিচ্ছন্তো ব্রহ্মচর্য্যং চরন্তি তত্তে পদং সংগ্রহেণ ব্রবীম্যো-মিত্যেতৎ ॥ ১৯৪ ॥

অশরীরং শরীরেষু অনবস্থেষবস্থিতম্। মহান্তং বিভুমা-ত্মানং মত্বা ধীরো ন শোচতি ॥ ১৯৫ ॥

যস্য ব্রহ্ম চ ক্ষত্রং চ উভে ভবত ওদনঃ। মৃত্যু র্যস্যোপ-সেচনং ক ইত্থা বেদ যত্র সঃ। ১৯৬ ॥

ইত্যাদিনোপদিষ্টঃ স কৃতার্থো গৃহমাগমৎ। ইতি শ্রুতৌ যমেনৈব মৃত্যু র্ব্রহ্মোপসেচনম্। ১৯৭ ॥

প্রোক্তং ন চ স্বয়ং স্বস্য ভক্ষ্যং ভবিতুমর্হতি। ততো যমাৎ পরং ব্রহ্ম কারণং সর্ব্ববস্তুনঃ। ১৯৮ ॥

ব্রহ্মবিষ্ণ্বাদিরূপেণ সেবনীয়ং প্রযত্নতঃ। উপসেচন- লি-ঙ্গানাং ধারণেন বিমুক্ততা। ১৯৯ ॥

পাও নাই। তুমি যখন অতিথি, তখন তোমাকে নমস্কার। হে ব্রাহ্মণ! তুমি অনশনে আমার গৃহে বাস করিয়া আমার যে অপরাধ হইয়াছে, সেই অপরাধের পরিবর্ত্তে আমার যেন মঙ্গল হয়। যদ্যপি তুমি অনুগ্রহ করিলে আমার সম্পূর্ণ মঙ্গল হইবার সম্ভাবনা, তথাপি অত্যন্ত প্রসন্নতার জন্য অনশনে তিনরাত্রি উপবাস করাতে আমিও তিনরাত্রির জন্য তিনটি বিশেষ অভিপ্রেত বর দিতে ইচ্ছা করিতেছি। যদি ইচ্ছা হয়, তবে আমার নিকট হইতে তিনটি বর প্রার্থনা করিতে পার।" যম প্রণাম পুরঃসর এই কথা বলিলে নচিকেতা তাঁহাকে সুমধুর বাক্য বলিতে লাগিলেন। "যদি আপনি আমাকে তিনটি বর দিতে ইচ্ছুক হইয়া থাকেন, তাহা হইলে (আমার পুত্র যমকে পাইয়া কি করিবে) এই রূপ সঙ্কল্প যেন পিতার উপ-শান্ত হয়। আমার পিতা গৌতমের আমার উপরে যে রোষ আছে, তাহা যেন নিবৃত্ত হয়। হে যম! যখন আপনি আ-মাকে গৃহে পাঠাইয়া দিবেন, তখন আমার পিতা যেন আ-মাকে জানিতে পারেন যে, আমার সেই পুত্র গৃহে আসিয়াছে। এবিষয়ে যেন তাঁহার পূর্ব্ব স্মৃতি লাভ হয়। এই আমার প্রয়োজন। তিনটি বরের মধ্যে আমি এই প্রথম বর প্রার্থনা করি। কারণ, ইহাতে পিতার পরিতোষ হইবে।"

যম বলিলেন—"পূর্ব্বে যেমন তোমার পিতা তোমার উপরে স্নেহযুক্ত ছিলেন, সেই রূপ এক্ষণেও তোমার পিতা স্নেহযুক্ত হই-বেন। অরুণের পুত্র উদ্দালক যেমন পূর্ব্বে আমার অনুজ্ঞা পাইয়া তিনরাত্রি প্রসন্নমনে সুখে শয়ন করিয়াছিল। সেইরূপ তুমি যখন মৃত্যুমুখ হইতে মুক্ত হইয়া সুখে বাস করিবে, তখন তোমার পিতা পূর্ব্বমত প্রতীতি লাভ করিয়া ক্রোধশূন্য হইয়া তোমাকেও দেখিতে পাইবেন।"

নচিকেতা বলিল—"স্বর্গে রোগ শোকাদি নিমিত্ত কোন ভয় নাই। হে মৃত্যো! ইহলোকে যেমন আপ-

ইত্যুক্তিরববোধাল্লো ভবতাং সাহসান্বিকা। মার্কণ্ডেয়ে শৃণু প্রোক্তং পুরাণে ভক্তবৎসলঃ। ২০০ ॥

মহাদেবো যমং পীড্য স্বভক্তপরিপালনম্। অকরোৎ কিঞ্চ পাপাত্মা সুন্দরাখ্যো বভূব হ। ২০১ ॥

জাগরণং তু কৃতং তে ন ধনলোভাৎ কদাচন। শিবরাত্রৌ ততো দূতৈ র্যমস্যাকৃষ্যতাং গতে। ২০২ ॥

জীবেহন্ত তত আগত্য শিবদূতৈঃ সুতাড়িতাঃ। পরিত্যজ্য গতা যাম্যাঃ শিবলোকং স সুন্দরঃ। ২০৩ ॥

নীতঃ শৈবৈ র্হি ভক্তানামগ্রগণ্যো বভূব হ। অজামিলোঽপি কর্ম্মাণি ব্রাহ্মণানাং বিহায় তু। ২০৪ ॥

নীচস্ত্রীসঙ্গতঃ পুত্রান্ পঞ্চ প্রাপ্য কনিষ্ঠকম্। নারায়ণং ব্রুবন্ প্রাণাং স্ত্যজন্ যাম্যৈঃ প্রপীড়িতঃ।২০৫ ॥

বিষ্ণুদূতৈস্তদাগত্য রক্ষিতস্তে তু কিঙ্করাঃ। যমস্ত ভগ্নসঙ্কল্পা-স্তন্মন্দিরমথো যযুঃ। ২০৬ ॥

তস্মাদ্যূয়ং পরিত্যজ্য চিহ্নান্তৈস্তত্তৎপরাঃ। বৈদিকং কর্ম্ম কুর্ব্বস্তঃ শুদ্ধাস্তেন ততঃ পরম্। ২০৭ ॥

নাকে দেখিলেই লোকে ভীত হয়, স্বর্গে সেরূপ জরাদি জনিত কোন ভয় নাই। যেব্যক্তি ক্ষুধা তৃষ্ণা এই উভয় উত্তীর্ণ হইয়া শোক অতিক্রম করিয়াছে, সুমানস, দুঃখবর্জ্জিত সেই ব্যক্তিই স্বর্গ লোকে আনন্দিত হইয়া থাকে।" আরো বলিলেন—এরূপ মহাগুণ বিশিষ্ট স্বর্গলোকের প্রাপ্তি সাধন স্বর্গীয় অগ্নি। হে যম! আপনি সেই স্বর্গীয় অগ্নিকে স্মরণ করিতেছেন? আমি স্বর্গপ্রার্থী, আমি শ্রদ্ধালু, আপনি আমাকে তাহার বিষয় বলুন। যে অগ্নি আহরণ করিলে স্বর্গ ফল হয়, সেই সকল যজমানেরা যে অগ্নিদ্বারা অমরত্ব (দেবত্ব) পাইয়া থাকে। আমি দ্বিতীয় বর দ্বারা এই অগ্নি বিজ্ঞান প্রার্থনা করি।"

বেদের মন্ত্র ও ব্রাহ্মণ ভাগ কেবল মাত্র বিধি ও নিষেধ দ্বারা নিবদ্ধ। যদি এই বিধি নিষেধের ব্যতিক্রম ঘটে, তবে তাহাতে বুঝিতে হইবে, পূর্ব্বে দুটি বর দ্বারা যে বস্তু সূচিত হইয়াছে, তাহাতে আত্মতত্ত্বের কোন বিষয় নাই—এবং তাহাতে যথার্থ আত্মজ্ঞানের কোন সম্ভাবনা নাই। অতএব যাবতীয় বিধি ওনিষেধাত্মক বিষয় আছে; আত্মাতে ক্রিয়া কি কোন কারকের ফল অর্পিত আছে; এই কারণে সংসারের বীজ অজ্ঞান স্বাভাবিক। ঐ অজ্ঞান নিবৃত্তি পাইলে এক মাত্র ব্রহ্ম জ্ঞান হয়। ব্রহ্মজ্ঞানে কোন ক্রিয়া কি কোন কারকের ফল আরোপ করিতে হয় না। জগতে ব্রহ্মজ্ঞান আত্যন্তিক মুক্তির কারণ। এই কারণে দুইটি বর পাইলেও কৃতকার্য্য হওয়া কঠিন। আত্ম-জ্ঞান না হইলে অভীষ্ট পূরণ হইবে না। তাহাতেই নচিকেতা পুনর্ব্বার তৃতীয় বর প্রার্থনা করিবার জন্য বলিলেন।

"কেহ কেহ বলেন—মনুষ্য প্রেত হইলে শরীর, ইন্দ্রিয়, মন ও বুদ্ধি ব্যতিরিক্ত একপ্রকার আত্মা থাকে। অপরে বলেন—আত্মা এরূপ নহে, অন্য একরূপ। আমরা প্রত্যক্ষ কি অনুমান দ্বারা কিছুতেই ইহার নির্ণয় করিতে পারি না। পরম পুরুষার্থ কেবল মাত্র বিজ্ঞানের অধীন। অতএব আপনি আমাকে এরূপে শিক্ষাদিন, যাহাতে আমি এই ব্রহ্ম বিদ্যা জানিতে পারি। এক্ষণে তিনটি বরের মধ্যে আমার এই তৃতীয় বর অবশিষ্ট আছে।"

যম নচিকেতার এই বাক্য শুনিয়া ধনাদি দ্বারা নচিকেতার লোভ উৎপাদন করিলেন। পরে যম বিবেচনা করিলেন—এব্যক্তি যে বর প্রার্থনা করিতেছে, তাহা অত্যন্ত গোপনীয়। অনন্তর দেখিলেন—এব্যক্তি নিষ্পাপ শরীর, কোন লোভ নাই, কেবল তত্ত্বজ্ঞান প্রার্থনা করিতেছে। তখন নচিকেতাকে যথার্থ অধিকারী দেখিয়া নিগূঢ় তত্ত্ব ব্যক্ত করিলেন।

"সমস্ত বেদ বিভাগ না করিয়া এক ভাবে যে বস্তু প্রতিপন্ন করিয়া থাকে। যে বস্তু পাইবার জন্য সমস্ত তপস্যার অনুষ্ঠান হইয়া থাকে। যে বস্তু পাইতে ইচ্ছা করিয়া গুরুকুলে বাস ইত্যাদি ব্রহ্মচর্য্যের প্রয়োজন। তুমি যাহা জানিতে ইচ্ছা করিয়াছ, সংক্ষেপতঃ আমি তাহাই তোমাকে বলিতেছি। সে বস্তু আর কিছুই নয়—কেবল [illegible] 'ওঙ্কার' জানিবে।

গুরূপদেশতো জ্ঞানং লব্ধ্বা শান্তিং গমিষ্যথ। ইত্যুক্তাস্তং প্রণম্যাশু বভূবুস্তে তথৈব হি। ২০৮॥

তস্মাৎ প্রাপ প্রয়াগাখ্যং স্থলং পুণ্যবিবর্ধনম্। গঙ্গায়া যমুনায়াশ্চ সরস্বত্যাশ্চ সঙ্গমম্। ২০৯॥

তত্র স্থিতে গুরৌ পাশচিহ্না বরুণসেবকাঃ। সমাগতাস্তথা বায়ুপাসকা ধ্বজচিহ্নিতাঃ। ২১০॥

ভূমিদেবস্ত সেবায়াং রতাঃ পূর্ণাঙ্কধারিণঃ। তীর্থস্তোপাসকা বিন্দুচিহ্নাশ্চৈব সমাগতাঃ।২১১॥

তত্রাদ্যানাং গুরুঃ প্রাহ গুরুং তীর্থপতিস্তদা। শ্রোতব্যং মন্মতং চিত্রং পুণ্যদং যতিশেখর!। ২১২॥

সর্ব্বোত্তমো জীবনহেতুরস্ত দেবাদিবন্দ্যো বরুণঃ সুসেব্যঃ। তং প্রাণাথস্তবদৎ সমীরঃ সর্ব্বস্ত হি প্রাণ উপাসনীয়ঃ। ২১৩॥

মুনিস্ততোঽনস্ত উবাচ চৈনং সর্ব্বোত্তমা ভূমিরুপাসনীয়া। নত্বা ততো জীবনদো জগাদ তীর্থং সুসেব্যং সকলৈঃ সুখাশৈঃ। ২১৪॥

ইহা জানিলে শোক ক্ষয় হয়। আত্মার শরীর নাই—আত্মা স্বীয়রূপে আকাশ তুল্য। তথাপি বিনশ্বর মনুষ্য কীটপতঙ্গাদি শরীরে আত্মা অবস্থিতি করে। আত্মা নিত্য ও অধিকারী, তিনি মহান্—তিনি সর্ব্বব্যাপী। 'অয়মহম্' সেই আত্মাই আমি, এইরূপ জানিয়া ধীমান্ ব্যক্তি শোকাকুল হন না। বস্তুতঃ এরূপ অবস্থায় এরূপ আত্মজ্ঞানীর শোকোৎপত্তি হইবার কোন সম্ভাবনা নাই। যে আত্মার ব্রহ্ম ও ক্ষত্র, এই দুটি সকল ধর্ম্ম ধারণ করিলেও কেবল ওদন (অন্ন) স্বরূপ হয়। সর্ব্ব বিনাশক মৃত্যু যে আত্মার উপসেচন অর্থাৎ সেককারী (প্রক্ষালনার্থ জল)। যে ব্যক্তি নীচ—যাহার কোন সাধনা নাই—সে কি করিয়া জানিতে পারিবে যে, আত্মা অমুকস্থানে বিদ্যমান আছে। সেই প্রাকৃত মনুষ্য মনে করিয়া থাকে, কে আর যথোক্ত সাধন বিহীন ব্যক্তির মতন সেই আত্মবস্তু জানিতে পারিবে?।"

এইরূপে যম কর্ত্তৃক উপদিষ্ট হইয়া নচিকেতা কৃতার্থ হন। পরে আপনার গৃহে গমন করেন। দেখ—কঠোপনিষদের প্রথম ও দ্বিতীয় বল্লীর এই প্রকরণে স্পষ্টই কথিত হইয়াছে যে, যম ব্রহ্মের উপসেচন। কেহ কখন স্বয়ং আপনার ভক্ষ্যের বিনাশক হইতে ইচ্ছা করে না। অতএব পরব্রহ্ম কেবল যমের নহে—অন্যান্য সকল পদার্থেরই কারণ। ব্রহ্মা বিষ্ণু প্রভৃতি দেবগণ যত্নপূর্ব্বক পরব্রহ্মের সেবা করিয়া থাকেন। উপসেচন (সেবক) স্বরূপ যমের চিহ্নাদি ধারণ করিলে যে মুক্তি হয়, ইহা তোমাদের অজ্ঞানের কথা। তাহাতেই সাহস ভরে এই কথা বলিয়াছ।

মার্কণ্ডের পুরাণে যেরূপ উক্ত হইয়াছে, তাহা শ্রবণ কর। "ভক্তবৎসল মহাদেব যমকে পীড়ন করিয়া আপনার ভক্তগণের রক্ষা করিয়াছিলেন। অপিচ সুন্দর নামে একজন পাপিষ্ঠ ধনলালসায় কোন সময় শিবরাত্রির দিনে জাগরণ করিয়াছিল। পরে যমদূতেরা আসিয়া তাহার জীবাত্মাকে বাঁধিয়া যখন গমন করে, তৎকালে শিবদূত সকল আসিয়া যমদূতদিগকে যথেষ্ট তাড়না করে। তাহাতে তাহারা সুন্দরের জীব ফেলিয়া পলায়ন করে। শিবদূতেরা সুন্দরকে শিবলোকে লইয়া যায়। তদবধি সুন্দর একজন ভক্তদিগের অগ্রগণ্য হয়।"

অজামিল নামে এক ব্যক্তি ব্রাহ্মণদের আচার, ধর্ম্ম, কার্য্য সকল একবারে পরিত্যাগ করে। নীচ স্ত্রীসংসর্গে তাহার পাঁচটি পুত্র উৎপন্ন হয়। মরিবার সময় কনিষ্ঠ পুত্র নারায়ণের নাম উচ্চারণ করিয়া প্রাণত্যাগ করে। তখন যমদূতগণ তথায় আসিয়া তাহাকে অত্যন্ত পীড়ন করে। ঐ সময় বিষ্ণুদূত সকল আসিয়া অজামিলকে রক্ষা করে। যম কিঙ্করেরা ভগ্নমনোরথ হইয়া শেষে স্ব স্ব স্থানে গমন করে। অতএব তোমরা চিহ্ন সকল ত্যাগকর—অদ্বৈত ব্রহ্মের অনুষ্ঠানে রত হও বৈদিক যত কার্য্য আছে, তাহার অনুষ্ঠান কর, তাহাতেই শুদ্ধ হইবে।

তচ্চ ত্রিবেণীতি প্রথামুপেতং পাপাপহং যস্য হি বিন্দুমাত্রম্। কেচিত্তু তদ্দর্শনতো বিমুক্তিং বদন্তি সর্ব্বোত্তমতা ততোঽস্য। ২১৫॥

অম্ব! ত্বদ্দর্শনান্মুক্তি র্ন জানে স্নানজং ফলম্। নারদেনোক্তমেতদ্ধি কিঞ্চ সর্ব্বাত্মকং জলম্। ১৬॥

আপো বৈ স্ত্যরিদং সর্ব্বমিত্যাদিশ্রুতিবাক্যতঃ। তস্মাৎ সর্ব্বাত্মকত্বেন ব্রহ্মত্বেঽস্ত্যেতদেব হি। ২১৭॥

মোক্ষার্থিভি র্ভবদ্ভিস্তু সেবনীয়ং প্রযত্নতঃ। ইত্যেব মুক্ত আহেদং শঙ্করঃ পরমো গুরুঃ। ২১৮॥

উপাসনা সুখজননী ন কার্য্যগা হ্যনিত্যতাঙ্গসকলকার্য্যগা মতা। জলস্য সর্ব্বপরমতা তু যোদিতা শ্রুতৌ তু সা ক্ষিতিমুখরাদ্যপেক্ষয়া। ২১৯॥

মুক্তিরতো যুষ্মাকমলভ্যা নাস্তি বিমোক্ষেঽনিত্যগুসেবা। সাধনমাত্মজ্ঞানমতঃ সংসাধ্যমলং মোহং পরিহায়। ২২০॥

বিশ্বসুখাতিক্রান্তমমেয়ং প্রাপ্য বিমুক্তা আভবথাদ্ধা। তে শ্রুতবন্তঃ শ্রীগুরুশিষ্যাস্ত্যক্তনিজাঙ্কাঃ সম্প্রতি জাতাঃ। ২২১॥

অনন্তর গুরুর উপদেশে জ্ঞান লাভ করিয়া শেষে শান্তি নিকেতনে গমন করিবে। তাহারা আচার্য্যের বাক্য শুনিয়া তাঁহাকে প্রণাম করিল এবং শীঘ্র উক্ত কার্য্যের অনুশীলনে প্রবৃত্ত হইল। ১৮২—২০৮।

অনন্তর গঙ্গা, যমুনা, ও সরস্বতীর যে স্থানে সঙ্গম হইয়াছে, আচার্য্য সেই পুণ্যক্ষেত্র প্রয়াগ তীর্থে গমন করেন। তথায় কিছু দিন অবস্থান করিলে পাশচিহ্নধারী বরুণের উপাসক—ধ্বজচিহ্নধারী বায়ুর উপাসক—পূর্ণ চিহ্নধারী ব্রাহ্মণের উপাসক এবং বিন্দুচিহ্নধারী তীর্থের উপাসক কতকগুলিন লোক আসিয়া উপস্থিত হয়। তন্মধ্যে বরুণের উপাসক তীর্থপতি, শঙ্করকে বলিল। হে যতিরাজ! আপনি আমার রমণীয় মত শ্রবণ করুন। বরুণ সকলের শ্রেষ্ঠ এবং জগতের সমস্তজীবের জীবন দাতা। দেবগণ ইঁহার বন্দনা করেন। অতএব সকলেরই বরুণের আরাধনা করা উচিত। প্রাণনাথ নামে একজন শঙ্করকে বলিল—সমীরণ সকলেরই প্রাণ, সুতরাং বায়ুর উপাসনা বিধেয়। অনন্ত নামে একজন বলিল—সকলের শ্রেষ্ঠ ভূমির উপাসনা করা আবশ্যক। জীবনদ বলিল, যাহারা সুখাভিলাষী, তাহারা যেন তীর্থ সেবা করে। তাহার মধ্যে বিখ্যাত এই 'ত্রিবেণী' তীর্থ, তাহার বিন্দুমাত্র। তথাপি এই ত্রিবেণীতীর্থ দেখিবামাত্র পাপক্ষয় হয় এবং মুক্তিলাভ ঘটে। অতএব ত্রিবেণী সকল তীর্থের শ্রেষ্ঠ। নারদ বলিয়াছেন—'হে মাতঃ! আপনার দর্শনে যখন মুক্তি ঘটে, তখন আপনার জলে স্নান করিলে যে কি হয়, তাহা জানি না। বিশেষতঃ বেদে আছে—'আপো বৈ স্ত্যরিদং সর্ব্বম্' এই সমস্ত জগৎ জলময়। যদি জল সর্ব্বময় হইল, তবে জলই ব্রহ্ম। এই কারণে আপনারা মোক্ষকামনা করিয়া যত্নপূর্ব্বক এই জলেরই উপাসনা করিবেন।

তাহাদের এই সকল বাক্য শুনিয়া পরমগুরু শঙ্কর বলিতে লাগিলেন। কার্য্যগত উপাসনা কখন সুখোৎপাদন করিতে পারে না। সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠতা বলিয়াছে, তাহা কেবল ক্ষিতি, তেজ ইত্যাদি হইতেই জলের শ্রেষ্ঠতা। অতএব তোমাদেরও মুক্তি নিতান্ত দুর্ল্লভ নহে। তবে মোক্ষের আরাধনা করিতে হইলে অনিত্য বস্তুর সেবা করা উচিত বটে। এক্ষণে একেবারে মোহত্যাগ করিয়া যাহাতে আত্মজ্ঞান হয়, তাহার সাধনা করিতে হইবে। পৃথিবীতে যত সুখ আছে, আত্মজ্ঞান সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ। আত্মজ্ঞানের পরিমাণ নাই—অমেয় আত্মজ্ঞান পাইয়া তোমরা শীঘ্র মুক্ত হইবে। তাহারা শঙ্করের বাক্য শুনিয়া গাত্রের চিহ্ন সকল ত্যাগ করিয়া সম্প্রতি গুরুদেবের শিষ্য হইল।

অনন্তর একজন শূন্যবাদী গুরুকে নমস্কার করিয়া বলিল। আমি পথে আসিতে এক অদ্ভুত বস্তু দর্শন করিয়াছি। আপনি তাহা সাবধানে শ্রবণ করুন। মৃগতৃষ্ণার জলে স্নান করিয়া, আকাশপুষ্পের মালা পরিয়া, এবং শশশৃঙ্গের ধনু ধারণ করিয়া একজন বন্ধ্যার পুত্র গমন করিতেছে। আমি তাহাকে দেখিবামাত্র দেব ভাবে মস্তকদ্বারা প্রণাম করিয়া হে যতিরাজ! আপনার কাছে দ্রুত আসিয়াছি।

শূন্যবাদী ততো নত্বা গুরুং প্রোবাচ শঙ্করম্। কিঞ্চ দৃষ্টং ময়া মার্গে সাবধানমনাঃ শৃণু। ২২২ ॥

মৃগতৃষ্ণাম্ভসি স্নাতঃ খপুষ্পকৃতশেখরঃ। সুখং বন্ধ্যাসুতো যাতি শশশৃঙ্গধনুর্ধরঃ। ২২৩ ॥

তং দৃষ্ট্বা দেবভাবেন প্রণম্য শিরসা ভৃশম্। আগতোঽস্মি যতিশ্রেষ্ঠ! তবাস্তিকমহং দ্রুতম্। ২২৪ ॥

তাহা শুনিয়া শঙ্কর বলিলেন—হে পণ্ডিতবর! তোমার নাম কি? সে বলিল, হে প্রভো! আমার নাম নিরালম্বন। আমার পিতার নাম ক্লৃপ্ত। তিনিই এই মতের বক্তা। তাহা শুনিয়া আচার্য্য বলিলেন। শূন্য বলিয়া তোমার মত নিন্দনীয়। শূন্য পদার্থের কখন ব্রহ্মভাব থাকিতে পারে না। 'তমেবভান্তম্' তাহার প্রকাশে সকল পদার্থের প্রকাশ হয়। এই রূপ শ্রুতি থাকিতে তোমার বচন অগ্রাহ্য। অতএব মূঢ়তা ত্যাগ করিয়া তুমি অদ্বৈতবিদ্যা আশ্রয় করিয়া সুখীহও। এই কথা শুনিয়া সে পুনর্ব্বার আচার্য্যকে বলিল। 'খং ব্রহ্ম' বেদে আছে আকাশই ব্রহ্ম। সকল ভূত অপেক্ষা আকাশ প্রধান। আকাশই সকলের আশ্রয়। সকল বস্তু তাহার পশ্চাৎ অন্তগত হয়। ইত্যাদি বেদ বচনে শূন্য বস্তুর শ্রেষ্ঠতা প্রতিপন্ন করা হইয়াছে। অপিচ বেদান্তে আছে—'আকাশস্তলিঙ্গাৎ' তাহার লিঙ্গ হইতে আকাশ উৎপন্ন হয়। বেদান্তদর্শনের এই বাক্যে আকাশের ব্রহ্মভাব নিশ্চিত হইয়াছে। অতএব আপনার এমত স্বীকার করা কর্ত্তব্য।

তাহাদের কথা শুনিয়া গুরুবর বলিলেন। হে মূঢ়তম! তুমি কদাচ আকাশকে সগুণ বলিতে পার না। এই কারণে কি আকাশের কি পবনের কোন মতে ব্রহ্মভাব থাকে না। যে পর কার্য্যকে হেতু বলিয়া উল্লেখ করা হইয়াছে, বেদে সেই পরকার্য্য রূপে বিদ্যমান। আকাশ উভয় বিরোধী। অতঃপর এই শব্দ দ্বারা কেবল আকাশকে বুঝিতে হইবে। বেদে উক্ত হইয়াছে, ব্রহ্ম আকাশাদি সকল পদার্থ অপেক্ষা শ্রেষ্ঠ। ব্রহ্ম আনন্দ ও বিজ্ঞান স্বরূপ। তিনি ভিন্ন জগতে আর কোন বস্তু নাই—তিনিই অদ্বৈত। পুরাকালে শৈবলী ভূপতি পরিণামে দোষ থাকা প্রযুক্ত শালাবত্য মত দূষিত করিয়া কিরূপে পরব্রহ্মকে দোযান্বিত করিলেন?।

ইত্যুক্ত আহ ভো বিদ্বত্তর! ত্বন্নাম কিং স্মৃতম্। স তু প্রোবাচ ভোঃ স্বামিন্! নিরালম্বনসংজ্ঞকঃ। ২২৫ ॥

অহং পিতা মদীয়স্তু ক্লৃপ্তনামেতি বিশ্রুতঃ। মন্মতস্য প্রবক্তেতি শ্রুত্বা প্রাহ পরো গুরুঃ। ২২৬ ॥

শূন্যমাত্তে মতং নিন্দ্যং শূন্যস্য ব্রহ্মতা ন চ। তমেব ভান্তমিত্যাদিশ্রুতেস্তস্মাদ্বিমূঢ়তাম্। ২২৭ ॥

বিহায়াদ্বৈতবিদ্যাং ত্বং সমাশ্রিত্য সুখী ভব। ইত্যুক্তস্তং পুনঃ প্রাহ খং ব্রহ্মেতি শ্রুতীরিতম্। ২২৮ ॥

আচার্য্যের এই বাক্য শ্রবণে শূন্যবাদী অত্যন্ত হৃষ্ট হইয়া শঙ্করকে পুনরায় বলিল। আমি আপনাদের দর্শনে পরম পবিত্র হইয়াছি। অতঃপর আপনি আমাকে ব্রহ্মতত্ত্বের উপদেশ দেন। আমি যাহাতে মুক্ত হইতে পারি, তাহার বিষয় উপদেশ করুন।

তখন আচার্য্য তাহার কথা শুনিয়া পুনর্ব্বার বলিতে লাগিলেন। আকাশ আত্ম স্বরূপ। তোমার হৃদয়ে যে আত্মা আছে, তুমি সম্যক্ রূপে তাহার উপাসনা কর। তাহাতেই তোমার মোক্ষ হইবে। তখন শূন্যবাদী আচার্য্যবরের শিষ্য হইল।

অনন্তর একজন বরাহ মন্ত্রের উপাসক আসিয়া ভক্তিভাবে আচার্য্যকে প্রণাম করিয়া বলিল। হে যতিবর! আপনি আমার সুন্দর মত শ্রবণ করুন। প্রথমে এই পৃথিবী যখন প্রলয়কালের জলে লীন ছিল, তখন আদি বরাহ (বিষ্ণু) দংষ্ট্রাদ্বারা এই পৃথিবীকে উদ্ধার করেন। আপনারা সেই আদি বরাহের দংষ্ট্রাচিহ্ন ধারণ পূর্ব্বক সংযুক্ত মনে তাঁহার ভজনা করুন।

আচার্য্য তাহার কথা শুনিয়া বলিলেন। একথা কখন বলিতে পার না। ব্রাহ্মণ যত্ন পূর্ব্বক কেবল একমাত্র তপস্যা করিবেক। যদি বেদোক্ত চিহ্ন ধারণ করিতে আগ্রহ না থাকে, তবে আপনার শরীরে মৎস্য কূর্ম্মাদি চিহ্ন ধারণ কর। বেদোক্ত কার্য্য ভিন্ন ব্রাহ্মণের আর কোন কার্য্য বিধেয় নহে। যদি সগুণ ব্রহ্মের উপাসনা করা সিদ্ধান্ত হইয়া থাকে, তবে সহর্ষে শিব, বিষ্ণু ইত্যাদি রূপ ভজনা কর। কোন চিহ্ন ধারণ করিতে

আকাশঃ সর্ব্বভূতেভ্যো জ্যায়ান্ সোঽস্তি পরায়ণম্। তং প্রত্যোবাস্তমায়ান্তীত্যেবং হি শ্রুতিরব্রবীৎ। ২২৯॥

কিঞ্চ বেদান্ত আকাশস্তল্লিঙ্গাদিতি তস্য সা। নিশ্চিতা ব্রহ্মতা তস্মাৎ স্বীকর্ত্তব্যমিদং মতম্। ২৩০॥

ইত্যুক্তোঽসৌ গুরুবর আহ নৈবং মূঢ়তমাঽঙ্গ কদাপি। বাচাং পং যৎ সগুণমতো নাস্য ব্রহ্মত্বং ন তু পবনস্য। ২৩১॥

হেতুঃ প্রোক্তং খলু পরকার্য্যং সন্দেহসাবুভয়বিবোধী। আকাশোঽতঃ পরমিহ বোধ্যঃ শব্দেনৈতেন নতু খমেতৎ। ২৩২॥

জ্যায়স্ত্বং যস্য খাদিভ্যঃ শ্রুত্যা সম্যগুদীরিতম্। তদ ব্রহ্মানন্দবিজ্ঞানং সন্মাত্রং দ্বৈতবর্জ্জিতম্। ২৩৩॥

অন্তবত্ত্বেন দোষেণ শালাবত্যমতং পুরা। নিন্দিত্বা শৈবলী-রাজ্ঞা দোষযুক্তং কথং বদেৎ। ২৩৪॥

এবমসৌ শ্রবণাদতিহৃষ্টঃ প্রাহ গুরুং পরমং পুনরিত্থম্। দর্শনতো ভবতামহমেষঃ পাবনতামুপযাত ইতস্থম্। ২৩৫॥

ব্রহ্মোপদেশং কুরু যেন মুক্তঃ স্যামিত্যসৌ প্রোক্ত উবাচ ভূয়ঃ। আকাশ আত্মানমুপাস্ব সম্যক্ হৃদিস্থিতং তেন তবাঽস্তু মোক্ষঃ। ২৩৬॥

ইত্যুক্ত আচার্য্যবরস্য শিষ্যো বভূব তং শঙ্করদেশিকে-ন্দ্রম্। প্রাহাগতো ভক্ত ইদং বরাহে নত্বা যতে! মে শৃণু সুন্দরং মতম্। ২৩৭॥

প্রলয়াম্ভসি লীনাদিবরাহেণোদ্ধৃতা মহী। যেন তং মুক্তি-সিদ্ধ্যর্থং ভজধ্বং যুক্তচেতসঃ। ২৩৮॥

দংষ্ট্রাঙ্কিতভুজাঃ সর্ব্ব ইত্যুক্তঃ প্রাহ তং গুরুঃ। নৈবং হি ব্রাহ্মণেনৈকং তপঃ কার্য্যং প্রযত্নতঃ। ২৩৯॥

বেদোক্তে যদি চিহ্নানাং ধারণেঽস্তি দুরাগ্রহঃ। তদাঙ্কৈঃ কূর্ম্মমৎস্যাদেরঙ্কনীয়ং শরীরকম্। ২৪০॥

পারিবে না। ব্রাহ্মণ যদি সন্ধ্যাবন্দনাদি কার্য্য পরিত্যাগ করে, তবে সে ব্রাহ্মণ দণ্ডনীয়। অতএব মূঢ়বুদ্ধি ত্যাগ করিয়া চিহ্ন সকল পরিত্যাগ কর। পরে কুলোচিত কার্য্য সকল সম্পন্ন করিবে। তাহাতে যখন তোমার অন্তঃকরণ নির্ম্মল হইবে, তখনই মুক্তিলাভ করিবে। জ্ঞানলাভ না হইলে মুক্তিলাভের কোন সম্ভাবনা নাই।

আদি বরাহের উপাসক গুরুর মুখ হইতে এইরূপ জ্ঞানলাভ করিয়া পূর্ব্বোক্ত কার্য্যের অনুষ্ঠান করিল। অবশেষে একজন পরম তপস্বী হইয়া শঙ্করের শিষ্য হইল।

অনন্তর কামকর্ম্মা নামে একজন মনুলোকের উপাসক তথায় আসিয়া উপস্থিত হয়। পরে শঙ্করকে নমস্কার করিয়া বলিল। এই জগতে যে লোক সমূহ আছে, তিনিই সকলের পরমেশ্বর। আপনারা মোক্ষার্থী, আপনারা একমনে সেই মনুর উপাসনা করিবেন। সত্যলোকের নাম মুক্তি, তাহারই সেবা করিতে হয়। নচেৎ আর কিছুতেই মুক্তি হয় না।

তাহার এই কথা শুনিয়া আচার্য্য বলিলেন। হে মূঢ়তম! যে বস্তু মিথ্যা, যে বস্তু অনিত্য, তাহার সেবা করিলে সত্য স্বরূপ মুক্তি লাভ হইতে পারে না। এই কথার অবসানে সে ব্যক্তি গুরুকে নমস্কার করিয়া অদ্বৈত পথ অবলম্বন করিল।

অনন্তর গুণাবলম্বী কতকগুলিন লোক আসিয়া পরমগুরু শঙ্করকে প্রণাম করিয়া বলিল। হে প্রভো! গুণসমষ্টি জগতের কারণরূপে উক্ত হইয়াছে। ঐ গুণরাশি ব্রহ্মাদি দেবগণেরও সৃষ্টিকর্ত্তা। আমরা সেই গুণসমষ্টির সেবা করিয়া থাকি। আমরা তাহাতেই কৃতার্থ, আমরা তাহাতেই সর্ব্বপূজ্য। গুণ সকল সর্ব্বময়, অতএব আপনারাও ঐ গুণরাশির সেবা করুন।

তাহাদের কথা শুনিয়া আচার্য্য বলিলেন। মোক্ষলাভের জন্য, অন্য পদার্থের উপাসনা অত্যন্ত অবিধি। তাহারাও আচার্য্যের এই কথা শুনিয়া দুষ্টবুদ্ধি ত্যাগ করিয়া বিশুদ্ধ অদ্বৈত মত অবলম্বন করিল। পরে শীঘ্র আচার্য্যের শিষ্য পদে অধিরূঢ় হইল।

অনন্তর একজন সাংখ্যমতাবলম্বী প্রকৃতিবাদী আচার্য্যকে প্রণাম করিয়া বলিল। প্রকৃতি জগতের উপাদান (মূল) কারণ বলিয়া উল্লিখিত আছে। হে যতিরাজ! মনু, পরাশর প্রভৃতি

বেদোক্তকর্ম্মণোঽন্যেন বিপ্রস্যার্থো ন কশ্চন। সগুণং ব্রহ্ম সংসেব্যমিতি চেৎ সেব্যতাং মুদা। ২৪১॥

শিববিষ্ণ্বাদিরূপং তৎ সন্ত্যক্ত্বা চিহ্নধারণম্। বিপ্রসন্ত্যক্তসন্ধ্যাদিকর্ম্মা দণ্ড্যং সমর্হতি। ২৪২॥

তস্মান্ মূঢ়মতিং ত্যক্ত্বা লিঙ্গশূন্যঃ কুলোচিতম্। কুরু কর্ম্মৈব তেন ত্বং শুদ্ধো মুক্তিং গমিষ্যসি। ২৪৩॥

জ্ঞানলাভেন সোঽপ্যুক্তো জ্ঞানং প্রাপ্য গুরোর্ম্মুখাৎ। বভূব লক্ষণাখ্যোঽস্য শিষ্যঃ পরমতাপনঃ। ২৪৪॥

ততোঽন্যঃ কামকর্ম্মাখ্যোঃ মনুলোকস্যসেবকঃ। আগত্যৈতং নমস্কৃত্য প্রোবাচ পরমং গুরুম্। ২৪৫॥

লোকানাং সঙ্ঘ এবাস্তি পরেশোঽস্তো মুমুক্ষুভিঃ। সেবনীয়ো ভবত্তি দৈর্ব্বে স এবানন্যবুদ্ধিভিঃ। ২৪৬॥

সত্যলোকাত্মিকা মুক্তিস্তৎসেবাতো ন চান্যথা। ইত্যুক্তঃ প্রাহ ভো মূঢ়তম! নানিত্যসেবয়া। ২৪৭॥

অনৃতভূতয়া মুক্তিঃ সত্যরূপা ন লভ্যতে। ইত্যুক্তোঽসৌ গুরুং নত্বাঽদ্বৈতবৃত্ত্যাশ্রিতোঽভবৎ। ২৪৮॥

ততস্তং গুণসেবায়াং তৎপরাঃ পরমং গুরুম্। নত্বোচুর্হি গুণাঃ স্বামিন্! কারণং জগতাং মতাঃ। ২৪৯॥

ব্রহ্মাদীনাং হি কর্ত্তারস্তেষাং সেবাপরা বয়ম্। কৃতার্থাঃ সর্ব্বসংপূজ্যাস্তেষাং সর্ব্বময়ত্বতঃ। ২৫০॥

ভবাস্তুরপি তে সেব্যা ইত্যুক্তঃ প্রাহসো গুরুঃ। জন্যোপাসনগতাত্ত্বময়ুক্তং মোক্ষসিদ্ধয়ে। ২৫১॥

ইত্যুক্তাঃ কুমতিং ত্যক্ত্বা শুদ্ধাদ্বৈতপরায়ণাঃ। তথৈব শিষ্যতাং যাতাস্ততঃ কশ্চিৎ সমাগতঃ। ২৫২॥

সাঙ্খ্যঃ প্রধানবাদী তং নত্বোবাচ পরং গুরুম্। উপাদানং প্রধানস্তু কারণং জগতঃ স্মৃতম্। ২৫৩॥

স্মৃতিঃ প্রমাণমস্মাকং মন্বাদিস্মৃতিবিদ্যতে! গুণসাম্যং প্রধানং স্যান্ মহত্তত্ত্বাদিকারণম্। ২৫ ॥

অব্যক্তং ব্যক্তভাবঞ্চ জগত্যেকং পরাৎপরম্। তদুপাসনমাত্রেণ মুক্তিঃ সন্নিহিতা নৃণাম্। ২৫৫॥

